

জন্ম শতবর্ষ স্মর্গে

ষ্রামী বিবেকানন্দের বাণী ও রচনা

জন্ম-শতবর্ষ-স্মরণে

ষামী বিবেকাননের বাণী ও রচনা

তৃতীয় খণ্ড



উদ্বোধন কার্যালয় কলিকাতা প্রকাশক স্বামী জ্ঞানাত্মানন্দ উদ্বোধন কার্যালয় কলিকাতা-৩

বেলুড় শ্রীরামক্বঞ্চ মঠের **অধ্যক্ষ কর্তৃক** সর্বস্বস্থ সংরক্ষিত

প্রথম সংস্করণ পৌষ-কৃষ্ণাসপ্রমী, ১৩৬৭

মূত্রক শ্রীগোপালচন্দ্র রায় নাভানা প্রিন্টিং ওমার্কস্ প্রাইভেট লিমিটেড ৪৭ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলিকাডা-১৩

্রপ্রকাশকের নিবেদন

সামীজীর বাণী ও রচনার ভৃতীয় খণ্ডে ধর্ম- ও দর্শন-বিষয়ক বক্তৃতা ও লেখা সন্নিবদ্ধ হইয়াছে। অধিকাংশই বক্তৃতা, কয়েকটি মাত্র পত্র ও প্রবন্ধাকারে লেখা।

প্রথমাংশ 'ধর্মবিজ্ঞান' পুস্তকাকারে উদ্বোধন-কার্যালয় হইতে প্রকাশিত, ইহা স্বামী সারদানন্দ-সম্পাদিত 'Science and Philosophy of Religion' গ্রন্থের অমুবাদ। প্রথমে ইহা 'জ্ঞানযোগ—২য় ভাগ' নামে আমেরিকা হইতে প্রকাশিত হয়।

'ধর্মসীকা' উদ্বোধন-প্রকাশিত 'Study of Religion' গ্রন্থের নৃতন বাংলা অমুবাদ। তৃতীয়াংশ 'ধর্ম, দর্শন ও সাধনা'—ইংরেজ্বী গ্রন্থাবলী (Complete Works) হইতে সংগৃহীত।

্বেদান্তের আলোকে' প্রধানতঃ উদ্বোধন-প্রকাশিত 'Thoughts on Vedanta' গ্রন্থেরই অম্বাদ; তবে প্রথমটি ও শেষ তিনটি বক্তৃতা নৃতন্দ্রেষ্টিন। হার্ভার্ড-বক্তৃতাটি দ্বিতীয় খণ্ডে গিয়াছে, তাই এখানে বাদ গেল।

'ষোগ ও মনোবিজ্ঞান'-বিষয়ক বক্তৃতা ও লেখাগুলি ইংরেজী গ্রন্থাবলী হইতে চয়ন করিয়া শেষে নিবন্ধ হইল।

ধর্ম ও দর্শন-বিষয়ক বহু তথ্য ও টীকা প্রথম ও দিতীয় খণ্ডে প্রদত্ত হইয়াছে, পুনক্ষজ্ঞ হইবে বলিয়া আর এই খণ্ডে দেওয়া হইল না।

এই গ্রন্থাবলী-প্রকাশে যে-সকল শিল্পী ও সাহিত্যিক আমাদের নানা ভাবে সাহায্য করিয়াছেন, তাঁহাদের সকলকে আমরা আন্তরিক ক্বতজ্ঞতা জানাইতেছি। শিল্পাচার্য নন্দলাল বহুর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য, বর্তমান গ্রন্থাবলীর প্রচ্ছদণ্ট তাঁহারই পরিকল্পনা।

কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবঙ্গ সরকার 'স্বামীজীর বাণী ও রচনা' প্রকাশে আংশিক অর্থসাহায্য করিয়া আমাদের প্রাথমিক প্রেরণা দিয়াছেন। সেজ্জ তাঁহাদিগকে আমরা ধন্তবাদ জানাইভেছি।

বিষয়	পত্ৰাক
বিস্তারের জন্ম সংগ্রাম	865
ঈশ্বর ও ব্রহ্ম	২৯৭
যোগের চারিটি পথ	२२৮
লক্ষ্য ও উহার উপলব্ধির উপায়	७• ১
ধর্মের মূলস্ত্ত	೨ ಀಀ
বেদান্তের আলোকে	(८८७—०८७)
বেদান্তদর্শন-প্রসঙ্গে	৩১৩
সভ্যতার অগ্যতম শক্তি বেদাস্ত	٠ ٥٧٥
বেদান্ত-দর্শনের তাৎপর্য ও প্রভাব	७२७
বেদান্ত ও অধিকার	৩২৯
অধিক†র	७ 88
হিন্দার্শনিক চিস্তার বিভিন্ন স্তর	۷۵ >
বৌদ্ধর্ম ও বেদাস্ত	৩৬৫
বেদান্তদর্শন এবং খ্রীষ্টধর্ম	৩৬৭
বেদান্তই কি ভবিয়তের ধর্ম ?	৩ ৭ ৽
যোগ ও ম নোবি,জ্ঞা ন	(৩৯৩—৪৮১)
মনোবিজ্ঞানের গুরুত্ব	9 6 0
মনের শক্তি	8
আত্মাহ্দন্ধান বা আধ্যাত্মিক গবেষণার ভিত্তি	859
রাজ্বোগের লক্ষ্য	822
একাগ্ৰতা	838
একাগ্ৰতা ও শাস-ক্ৰিয়া	8/99 -
প্রাণায়াম	৪৩৭
ধ্যান	889
সাধন সম্বন্ধে কয়েকটি কথা ·	8 € €
রাজ্বোগ-প্রসঙ্গে -	8 9 5
রাজ্যোগ-শিক্ষা	892
নিৰ্দেশিকা	84-9

ধর্মবিজ্ঞান

(সাংখ্য ও বেদাস্ত-মতের আলোচনা)

অনুবাদকের নিবেদন হইতে

এই গ্রন্থানি উন্নোধন আফিদ হইতে প্রকাশিত 'The Science and Philosophy of Religion' নামক সমগ্র পুশুকের বন্ধান্থবাদ। ইহার অন্তর্গত বক্তৃতাগুলি ১৮৯৬ গৃষ্টান্দের প্রারম্ভে নিউ ইয়র্কে একটি ক্ষুদ্র ক্লাদের সমক্ষে প্রদত্ত হয়। ঐগুলি তথনই সাক্ষেতিক লিপি দ্বারা গৃহীত হইয়া রক্ষিত হইয়াছিল বটে, কিন্তু অতি অল্পদিন মাত্র 'জ্ঞানযোগ—২য় ভাগ' নামে আমেরিকা হইতে প্রকাশিত হয়। তাহারই কিছু পরে উহা স্বামী সারদানন্দকর্তৃক সংশোধিত হইয়া উন্নোধন আফিদ হইতে বাহির হয়। এতদিন 'উদ্বোধনে' উহার বন্ধান্থবাদ ধারাবাহিকর্পে প্রকাশিত হইতেছিল।…

এই গ্রন্থে সাংখ্য ও বেদান্ত-মত বিশেষরূপে আলোচিত হইয়াছে, উভয়ের মধ্যে কোন্ কোন্ সানে ঐক্য ও কোন্ কোন্ বিষয়েই বা অনৈক্য, তাহা উদ্ভমরূপে প্রদর্শন করা হইয়াছে, আর বেদান্ত যে সাংখ্যেরই চরম পরিণতি, ইহা প্রতিপাদিত করা হইয়াছে। ধর্মের মূল তত্ত্বসমূহ— যেগুলি না ব্ঝিলে ধর্ম জিনিসটাকেই হৃদয়ন্তম করা যায় না—আধুনিক বিজ্ঞানের সহিত মিলাইয়া এই গ্রন্থে আলোচিত হওয়াতে গ্রন্থের 'ধর্মবিজ্ঞান' নামকরণ বোধ হয় অহচিত হয় নাই। অহাবাদ মূলাহযায়ী অথচ হ্রোধ্য করিবার চেন্তা করা গিয়াছে। যে-সকল স্থানে সংস্কৃত গ্রন্থ হইতে কিছু উদ্ধৃত হইয়াছে, তাহারই মূল পাদটীকায় দেওয়া হইয়াছে। তবে স্থানে স্থানে ঐ-সকল উদ্ধৃতাংশের অহাবাদ যথাযথ নয়—সেই-সকল স্থলে প্রায় কোন্ গ্রন্থের কোন্ স্থান-অবলম্বনে ঐ অংশ লিখিত হইয়াছে, পাদটীকায় তাহার উল্লেখমাত্র করা হইয়াছে। কয়েকটি হলে স্বামীজীর লেখায় আপাততঃ অসন্থতি বোধ হয়—অহাবাদে সেই স্বলগুলির কিছুমাত্র পরিবর্তন না করিয়া অহাবাদকের বৃদ্ধি-অহামায়ী পাদটীকায় উহাদের সামঞ্জল্ঞের চেন্তা করা হইয়াছে। অভাভ্য কয়েকটি আবশ্রকীয় পাদটীকাও প্রদত্ত হইয়াছে। অভাভ্য কয়েকটি আবশ্রকীয় পাদটীকাও প্রদত্ত হইয়াছে। অভাভ্য কয়েকটি আবশ্রকীয় পাদটীকাও প্রদত্ত হইয়াছে। তাহার

हेश्दरकी मश्यद्रश्वत

সম্পাদকীয় ভূমিকা হইতে

কোন বিজ্ঞান একতে উপনীত হইলে আর অধিক দূর অগ্রসর হইতে পারে না—ঐক্যই চূড়াস্ত। যে অথগু অন্বিতীয় সত্তা হইতে বিশ্বের সব কিছু উড়ত হইয়াছে, তাঁহার অতীত কোন বস্তু চিস্তা করা যায় না।… অবৈতভাবের শেষ কথা—'তত্তমিদ' অর্থাৎ তুমিই সেই। গ্রন্থের শেষে (লেখকের) এই কথাই ধ্বনিত হইয়াছে। অতি প্রাচীনকাল হইতেই ভারতের ঋষিগণ এই স্থুম্পষ্ট ও অসমসাহদিক দাবি করিয়াছেন যে, তাঁহারা ধর্মরাজ্যে এরপ একত্বে পৌছিয়া ধর্মকে একটি পূর্ণ ও সর্বাঙ্গসম্পন্ন বিজ্ঞানের পর্যায়ে উন্নীত করিতে সমর্থ হইয়াছেন। আধুনিক বিজ্ঞান ষে-সকল পদ্ধতি অহুসরণ করিয়াছে, ঋষিগণও দে-সব পদ্ধতি অবলম্বন করিয়া এই দিদ্ধান্তে উপনীত হইয়াছেন। পদ্ধতিগুলি এই: আমাদের অভিজ্ঞতা-লব্ধ তথ্যসমূহের পর্যবেক্ষণ ও বিশ্লেষণ, এবং সেই সত্যগুলি আবিক্ষার করিবার জন্ম প্রাপ্ত দিদ্ধান্তগুলির সমন্বয়। কপিল, ব্যাস, পভঞ্জলি এবং ভারতের সকল দার্শনিক ও অধিকাংশ বৈদিক ঋষিই যে তাঁহাদের আবিষ্কারে পৌছিতে এ-সকল পদ্ধতি প্রয়োগ করিয়াছেন, সেই বিষয়টি গ্রন্থকার তাঁহার বিভিন্ন যোগ-সম্বন্ধীয় গ্রন্থে সবিস্তার আলোচনা করিয়াছেন।

ভাসাভাসা ভাবে দেখিলে দাবিগুলি বিশায়কর ও অবিশাস্ত মনে হইলেও সেগুলি থণ্ডন করিবার শক্তি বা ইচ্ছা কাহারও হয় নাই। যে-সকল দার্শনিক পথ হারাইয়া এ-বিষয়ে একটু চেষ্টা করিয়াছেন, তাঁহাদিগকেও প্রাচীন অপ্রচলিত ভাষা, উহার প্রকাশভঙ্গী ও কল্পনা, স্ত্রগুলির অত্যন্ত সংক্ষিপ্তভাব এবং কাল-সঞ্চিত আবর্জনা দ্বারা সর্বদা বিত্রত ও উদ্ভ্রান্ত হইতে হইয়াছে; আর ভারতীয় মন মহৎ আবিদ্ধারের অমাত্র্যিক প্রচেষ্টায় সম্পূর্ণ প্রান্ত হইয়া যুগ্যুগান্ত-ব্যাপী নিজায় কাল কাটাইতেছিল। আশ্চর্যের বিষয় কিছুই নয়, এই কার্য সাধনের জন্ত এবং ভারতে ও বিদেশে মাত্র্যের দৈনন্দিন জীবনে মহান্ সত্য প্রয়োগ করিবার উপায় শিক্ষা দিবার জন্ত ধর্মভূমি ভারতের বর্তমান পুনর্জাগরণ এবং তংস্ক ভগবান্ শ্রীরামক্তক্ষের দিব্যদর্শন ও স্বামী বিবেকানন্দের ঈশ্বর্যন্ত প্রতিভার প্রয়োজন ছিল, কারণ একাস্ত ভারতীয় বিষয় ব্যাখ্যা করিবার জন্ম সর্বদাই ভারতীয় মন আবশ্যক।

স্বামীজীর মহন্ত সম্পূর্ণভাবে হাদয়দম করিতে হইলে আমাদের সর্বদাই অরণ রাখা উচিত যে, ১৮৯৬ খৃঃ প্রথমভাগে নিউ ইয়র্কে শিক্ষার্থীদের একটি ক্রু সমাবেশে কোন নোট ছাড়াই এই সাতটি ধারাবাহিক বক্তৃতা প্রদত্ত হইয়াছিল। সোভাগ্যক্রমে সেই সময় সাজেতিক লিপিতে বক্তৃতাগুলি লিথিয়া রাথা হইয়াছিল বলিয়াই এত দীর্ঘকাল পরে আমাদের পক্ষে এগুলি বর্তমান আকারে মৃদ্রিত করা সম্ভব হইয়াছে। ১৮৯৭ খৃঃ প্রথমভাগে যথন সম্পাদক আমেরিকায় ছিলেন, তথন তিনি সম্পাদনার কাজ করিতে অহক্ষে হন, এজন্ত তিনি ক্বতজ্ঞ।

আমাদের এই জগং—এই পঞ্চেক্রিয়গ্রাহ্ জগং—যাহার তত্ত্ব আমরা

যুক্তি- ও বৃদ্ধি-বলে বৃথিতে পারি, তাহার উভয় দিকেই অনস্ত, উভয়

দিকেই অজ্ঞেয়—'চির-অজ্ঞাত' বিরাজমান। যে জ্ঞানালোক জগতে 'ধর্ম' নামে
পরিচিত, তাহার তত্ত্ব এই জগতেই অমুসন্ধান করিতে হয়; যে-সকল বিষয়ের
আলোচনায় ধর্মলাভ হয়, সেগুলি এই জগতেরই ঘটনা। স্বন্ধপতঃ কিন্তু ধর্ম
অতীক্রিয় ভূমির অধিকারভুক্ত, ইক্রিয়-রাজ্যের নয়। উহা দর্বপ্রকার যুক্তিরও
অতীত, স্বতরাং উহা বৃদ্ধির রাজ্যেরও অধিকারভুক্ত নয়। উহা দিব্যদর্শন-স্বন্ধপ
—মানব মনে ঈশ্বরীয় অলোকিক প্রভাবস্বন্ধপ, উহা অজ্ঞাত ও অজ্ঞেয়ের সম্প্রে
ঝম্পপ্রদান, উহাতে অজ্ঞেয়কে জ্ঞাত অপেক্ষা আমাদের অধিক পরিচিত করিয়া
দেয়, কারণ জ্ঞান কখন 'জ্ঞাত' হইতে পারে না। আমার বিশ্বাস, মানবসমাজের প্রারম্ভ হইতেই মানব-মনে এই ধর্মতত্বের অমুসন্ধান চলিয়াছে।

জগতের ইতিহাসে এমন সময় কখনই হয় নাই, যখন মানব-যুক্তি ও মানব-বৃদ্ধি
এক জগদতীত বস্তব জন্ম এই অমুসন্ধান—এই প্রাণপণ চেটা না করিয়াছে।

আমাদের ক্ষু ব্রহ্মাণ্ডে—এই মানব-মনে—আমরা দেখিতে পাই, একটি চিন্তার উদয় হইল; কোথা হইতে উহার উদয় হইল, তাহা আমরা জানি না; আর যখন উহা তিরোহিত হইল, তখন উহা যে কোথায় গেল, তাহাও আমরা জানি না। বহির্জাণ ও অন্তর্জাণ যেন একই পথে চলিয়াছে, এক প্রকার অবস্থার ভিতর দিয়া যেন উভয়কেই চলিতে হইতেছে, উভয়েই যেন এক হুরে বাজিতেছে।

এই বক্তাসমূহে আমি আপনাদের নিকট হিন্দুদের এই মত ব্যাখ্যা করিবার চেষ্টা করিব যে, ধর্ম মাহুষের ভিতর হইতেই উৎপন্ন, উহা বাহিরের কিছু হইতে হয় নাই। আমার বিশ্বাস, ধর্ম চিস্তা মানবের প্রকৃতিগত; উহা মাহুষের স্থভাবের সহিত এমন অচ্ছেভভাবে জড়িত যে, যতদিন না সে নিজ দেহমনকে স্থীকার করিতে পারে, যতদিন না সে চিস্তা ও জীবন-ভাব ত্যাগ করিতে পারে, ততদিন তাহার পক্ষে ধর্ম ত্যাগ করা অসম্ভব। যতদিন মানবের চিম্তাশক্তি থাকিবে, ততদিন এই চেষ্টাও চলিবে এবং ততদিন কোন-না-কোন

আকারে তাহার ধর্ম থাকিবেই থাকিবে। এই জন্মই আমরা জগতে নানা প্রকারের ধর্ম দেখিতে পাই। অবশ্র এই আলোচনা আমাদের হতবৃদ্ধি করিতে পারে, কিন্তু আমাদের মধ্যে অনেকে যে এরপ চর্চাকে বৃথা কল্পনা মনে করেন, তাহা ঠিক নয়। নানা আপাতবিরোধী বিশৃত্ধলার ভিতর সামঞ্জশ্র আছে, এই-সব বেহুরা-বেতালার মধ্যেও একতান আছে; যিনি উহা ভনিতে প্রস্তুত, তিনিই সেই হুর ভনিতে পাইবেন।

বর্তমান কালে সকল প্রশ্নের মধ্যে প্রধান প্রশ্ন এই: মানিলাম, জ্ঞাত ও জ্ঞেরের উভয় দিকেই অজ্ঞেয় ও অনস্ত অজ্ঞাত রহিয়াছে, কিন্তু ঐ অনস্ত অজ্ঞাতকে জানিবার চেষ্টা কেন? কেন আমরা জ্ঞাতকে লইয়াই সম্ভষ্ট না হই? কেন আমরা ভোজন, পান ও সমাজের কিছু কল্যাণ করিয়াই সম্ভষ্ট না থাকি? এই ভাবের কথাই আজকাল চারিদিকে শুনিতে পাওয়া যায়। খ্ব বড় বড় বিঘান অধ্যাপক হইতে অনর্গল কথা-বলা শিশুর মুখেও আমরা আজকাল শুনিয়া থাকি—জগতের উপকার কর, ইহাই একমাত্র ধর্ম, জগদতীত সন্তার সমস্তা লইয়া নাড়াচাড়া করায় কোন ফল নাই। এই ভাবটি এখন এতদ্ব প্রবল হইয়াছে যে, ইহা একটা স্বভঃসিদ্ধ সত্য হইয়া দাড়াইয়াছে।

কিন্তু সৌভাগ্যক্রমে দেই জগদতীত সতার তত্ত্বাহুসন্ধান না করিয়া থাকিবার জো আমাদের নাই। এই বর্তমান ব্যক্ত জগৎ সেই অব্যক্তের এক অংশমাত্র। এই পঞ্চেক্রিয়-গ্রাহ্ম জগৎ যেন দেই অনন্ত আধ্যাত্মিক জগতের একটি ক্ষুদ্র অংশ—আমাদের ইক্রিয়াহুভূতির স্তরে আসিয়া পড়িয়াছে। স্বতরাং জগদতীতকে না জানিলে কিরুপে উহার এই ক্ষুদ্র প্রকাশের ব্যাখ্যা হইতে পারে, উহাকে বুঝা যাইতে পারে ? কথিত আছে, সক্রেটিস্ একদিন এথেন্সে বক্তৃতা দিতেছিলেন, এমন সময় তাঁহার সহিত এক রান্ধণের সাক্ষাৎ হয়—ইনি ভারত হইতে গ্রীসদেশে গিয়াছিলেন। সক্রেটিস্ সেই রান্ধণকে বলিলেন, 'মাহুষকে জানাই মানবজাতির সর্বোচ্চ কর্তব্য—মানবই মানবের সর্বোচ্চ আলোচনার বস্তু।' রান্ধণ তৎক্ষণাৎ প্রত্যুত্তর দিলেন, 'যতক্ষণ ঈশ্বরকে না জানিতেছেন, ততক্ষণ মাহুষকে কিরুপে জানিবেন ?' এই ঈশ্বর, এই চির অজ্জেয় বা নিরপেক্ষ সন্তা, বা অনন্ত, বা নামের অতীত বস্তু—তাঁহাকে যে নামে ইচ্ছা তাহাতেই ডাকা যায়—এই

বর্তমান জীবনের যাহা কিছু জ্ঞাত ও যাহা কিছু জ্ঞের, সকলেরই একমাত্র যুক্তিযুক্ত ব্যাখ্যাম্বরূপ। যে-কোন বস্তর কথা—নিছক জ্ঞাড়বস্তর কথা ধরুন। কেবল জড়-সম্বন্ধীয় বিজ্ঞানের মধ্যে যে-কোন একটি, যথা—রসায়ন, পদার্থবিভা, গণিত-জ্যোতিষ বা প্রাণিতত্ববিভার কথা ধরুন, উহা বিশেষ করিয়া অ'লোচনা করুন, ঐ তত্তাহুসন্ধান ক্রমশঃ অগ্রাসর হউক, দেখিবেন স্থুল ক্রমে স্ক্র হইতে স্ক্রভের পদার্থে লয় পাইতেছে, শেষে ঐগুলি এমন স্থানে আসিবে, যেখানে এই সমুদ্য় জড়বস্ত ছাড়িয়া একেবারে অজড়ে বা চৈতত্তে যাইতেই হইবে। জ্ঞানের সকল বিভাগেই স্থুল ক্রমশঃ স্ক্রে মিলাইয়া যায়, পদার্থবিভা দর্শনে পর্যবসিত হয়।

এইরপে মামুষকে বাধ্য হইয়া জগদতীত সত্তার আলোচনা করিতে হয়। ষদি আমরা ঐ ভত্ত জানিতে না পারি, তবে জীবন মরুভূমি হইবে, মানবজীবন বুথা হইবে। এ-কথা বলিতে ভাল যে, বর্তমানে যাহা দেখিতেছ, তাহা লইয়াই তৃপ্ত থাকো; গোরু, কুকুর ও অক্তান্ত পশুগণ এইরূপ বর্তমান লইয়াই সম্ভষ্ট, আর ঐ ভাবই ভাহাদিগকে পশু করিয়াছে। অতএব যদি মাহ্নয বর্তমান লইয়া সম্ভুষ্ট থাকে এবং জগদতীত সন্তার অমুসন্ধান একেবারে : পরিত্যাগ করে, তবে মানবজাতিকে পশুর স্তরে ফিরিয়া ষাইতে হইবে। ধর্মই—জগদতীত সত্তার অহুসন্ধানই মাহুষ ও পশুতে প্রভেদ করিয়া থাকে। এটি অতি হুন্দর কথা, সকল প্রাণীর মধ্যে মামুষই স্বভাবতঃ উপরের দিকে চাহিয়া দেখে; অত্যান্ত সকল জন্তই স্বভাবতঃ নীচের দিকে ঝুঁকিয়া থাকে। এই উর্ধ্বদৃষ্টি, উর্ধ্বদিকে গমন ও পূর্ণত্বের অমুসন্ধানকেই 'পরিত্রাণ' বা 'উদ্ধার' বলে; আর যথনই মাহ্য উচ্চতর দিকে গমন করিতে আরম্ভ করে, তথনই সে এই পরিত্রাণ-রূপ সত্যের ধারণার দিকে নিজেকে উন্নীত করে। পরিত্রাণ--অর্থ, বেশভূষা বা গৃহের উপর নির্ভর করে না, উহা মাহুষের মস্তিষ্ট আধ্যাত্মিক ভাব-সম্পদের তারতম্যের উপর নির্ভর করে। উহাতেই মানবন্ধাতির উন্নতি, উহাই ভৌতিক ও মানসিক সর্ববিধ উন্নতির মূল ; ঐ প্রেরণাশক্তিবলে--- ঐ উৎসাহ-বলেই মানবজাতি সম্মুখে অগ্রসর হইয়া থাকে।

ধর্ম — প্রচুর অন্ন ও পানে নাই, অথবা স্থরম্য হর্ম্যেও নাই। বারংবার ধর্মের বিরুদ্ধে আপনারা এই আপত্তি শুনিতে পাইবেন: ধর্মের দ্বারা কি উপকার হইতে পারে? উহা কি দরিদ্রের দারিদ্রা দূর করিতে পারে? মনে কক্ষন, উহা যেন পারে না, তাহা হইলেই কি ধর্ম অসত্য বলিয়া প্রমাণিত হইল ? মনে করুন, আপনি একটি জ্যোতিষের সিদ্ধান্ত প্রমাণ করিতে চেষ্টা করিতে:ছন—একটি শিশু দাঁড়াইয়া উঠিয়া জিজ্ঞাদা করিল, 'ইহাতে কি মনোমত খাবার পাওয়া যায় ?' আপনি উত্তর দিলেন—'না, পাওয়া যায় না।' তথন শিশুট বলিয়া উঠিল, 'তবে ইহা কোন কাজের নম্ন।' শিশুরা তাহাদের নিজেদের দৃষ্টি হইতে অর্থাৎ কোন্ জিনিদে কত ভাল খাবার পাওয়া যায়, এই হিসাবে সমগ্র জগতের বিচার করিয়া থাকে। যাহারা অজ্ঞানাচ্ছন্ন বলিয়া শিশুসদৃশ, সংসারের সেই শিশুদের বিচারও এরূপ। নিম্ভূমির দৃষ্টি হইতে উচ্চতর বস্তুর বিচার করা কথনই কর্তব্য নয়। প্রত্যেক বিষয়ই তাহার নিজম্ব মানের দারা বিচার করিতে হইবে। অনস্তের দারাই অনস্তকে বিচার করিতে হইবে। ধর্ম সমগ্র মানবজীবনে অহস্থাত, ওধু বর্তমানে নয়—ভূত, ভবিশ্রং, বর্তমান সর্বকালে। অতএব ইহা অনস্ত **আত্মা** ও অনস্ত ঈশবের মধ্যে অনস্ত সম্বন্ধ। অতএব ক্ষণিক মান্বজীবনের উপর ·উহার কার্য দেখিয়া উহার মূল্য বিচার করা কি **ন্তায়দক্ত** ?—কথনই নয়। এগুলি সব নেতিমূলক যুক্তি।

এখন প্রশ্ন উঠিতেছে, ধর্মের দারা কি প্রকৃতপক্ষে কোন ফল হয় ? হাঁ, হয়; উহাতে মাসুষ অনস্ত জীবন লাভ করে। মাসুষ বর্তমানে যাহা, তাহা এই ধর্মের শক্তিতেই হইয়াছে, আর উহাই এই মহন্ত-নামক প্রাণীকে দেবতা করিবে। ধর্মই ইহা করিতে সমর্থ। মানবসমাজ হইতে ধর্মকে বাদ দাও— কি অবণিষ্ট থাকিবে ? তাহা হইলে এই সংসার শাপদসমাকীর্ণ অরণ্য হইয়া যাইবে। ইদ্রিয়ন্ত্রখ মানবজীবনের লক্ষ্য নয়, জ্ঞানই সমৃদয় প্রাণীর লক্ষ্য। আমরা দেখিতে পাই, পশুগণ ইদ্রিয়ন্ত্রখে যতটা প্রীতি অমুভব করে, মানুষ বৃদ্ধিশক্তির পরিচালনা করিয়া তদপেক্ষা অধিক ত্রখ অমুভব করিয়া থাকে; আর ইহাও আমরা দেখিতে পাই, বৃদ্ধি ও বিচারশক্তির পরিচালনা অপেক্ষা আধ্যাত্মিক ত্রখে মানুষ অধিকতর ত্রখবোধ করিয়া থাকে। অতএব অধ্যাত্মজ্ঞানকে নিশ্চয়ই সর্বশ্রেষ্ঠ জ্ঞান বলিতে হইবে। এই জ্ঞানলাভ হইলে সঙ্গে আনন্দ আদিবে। জাগতিক সকল বস্তুই সেই প্রকৃত জ্ঞান ও আনন্দের ছায়ামাত্র—শুধু তিন-চারি ধাপ নিমের প্রকাশ।

আর একটি প্রশ্ন আছে: আমাদের চরম লক্ষ্য কি ? আজকাল প্রায়ই বলা হইয়া থাকে বে, মামুষ অনস্ক উন্নতির পথে চলিয়াছে—ক্রমাগত সম্মুখে অগ্রসর হইতেছে, কিন্তু তাহার লাভ করিবার কোন চরম লক্ষ্য নাই। এই 'ক্রমাগত নিকটবর্তী হওয়া অথচ কখনই লক্ষ্যমলে না পৌহানো'—ইহার অর্থ ষাহাই হউক, আর এ তত্ত্ব যতই অন্তুত হউক, ইহা যে অসম্ভব তাহা অতি সহজেই বোধগম্য হইতে পারে। সরল রেখায় কি কখন কোন প্রকার গতি হইতে পারে? একটি সরল রেখাকে অনস্ত প্রদারিত করিলে উহা একটি বৃত্তরূপে পরিণত হয়; উহা যেখান হইতে আরম্ভ হইয়াছিল, সেখানেই আবার ফিরিয়া যায়। যেখান হইতে আরম্ভ করিয়াছি, সেথানেই অবশ্য করিতে হইবে; আর যখন ঈশ্বর হইতে আপনাদের গতি আরম্ভ হইয়াছে, তথন অবশ্রই ঈশ্বরে প্রত্যাবর্তন করিতে হইবে। তবে ইতিমধ্যে আর করিবার কি থাকে? ঐ অবস্থায় পৌছিবার উপযোগী বিশেষ বিশেষ খুঁটিনাটি কার্যগুলি করিতে হয়—অনস্ত কাল ধরিয়া ইহা করিতে হয়।

আর একটি প্রশ্ন এই: আমরা উন্নতিপথে অগ্রসর হইতে হইতে কি ধর্মের নৃতন নৃতন সভ্য আবিষ্কার করিব না? ইাও বটে, নাও বটে। প্রথমতঃ এইটি বুঝিতে হইবে যে, ধর্ম-সম্বন্ধে অধিক আর কিছু জানিবার নাই, সবই জানা হইয়া গিয়াছে। আপনারা দেখিবেন, জগতের সকল ধর্মাবলম্বীই বলিয়া থাকেন, আমাদের ধর্মে একটি একত্ব আছে। স্থতরাং ঈশবের সহিত আত্মার একত্ব-জ্ঞান অপেক্ষা আর অধিক উন্নতি হইতে পারে না। জ্ঞান-অর্থে এই একস্ব-আবিষ্কার। আমি আপনাদিগকে নরনারীরূপে পৃথক্ দেখিভেছি—ইহাই বহুত্ব। যথন আমি ঐ তুইটি ভাবকে একত্র করিয়া দেখি এবং আপনাদিগকে কেবল 'মানবজাতি' বলিয়া অভিহিত করি, তখন উহা বৈজ্ঞানিক জ্ঞান হইল। উদাহরণস্বরূপ রসায়নশাত্মের কথা ধরুন। রাসায়নিকেরা সর্বপ্রকার জ্ঞাত বস্তুকে ঐগুলির মূল উপাদানে পরিণত করিবার চেষ্টা করিতেছেন, আর যদি সম্ভব হয়, তবে বে-এক ধাতু হইতে ঐগুলি সব উৎপন্ন হইয়াছে, তাহাও বাহির কর্বিবার চেষ্টা করিতেছেন। এমন সময় আসিতে পারে, যথন তাঁহারা সকল ধাতুর মূল এক মৌলিক পদার্থ আবিষ্কার করিবেন। যদি ঐ অবস্থায় তাঁহারা কখন উপস্থিত হন, তখন তাঁহারা আর অগ্রসর হইতে পারিবেন না; তখন রসায়নবিভা সম্পূর্ণ

হইবে। ধর্মবিজ্ঞান-সম্বন্ধেও ঐ কথা। যদি আমরা পূর্ণ একত্বকে আবিষ্কার করিতে পারি, তবে তাহার উপর আর কোন উন্নতি হইতে পারে না।

তার পরের প্রশ্ন এই: এইরূপ একত্বলাভ কি সম্ভব? ভারতে অভি প্রাচীন কাল হইতেই ধর্ম ও দর্শনের বিজ্ঞান আবিষ্কার করার চেষ্টা হইয়াছে; কারণ পাশ্চাত্যদেশে যেমন এইগুলিকে পৃথক্ভাবে দেখাই রীভি, হিন্দুরা ইহাদের মধ্যে সেরূপ প্রভেদ দেখেন না। আমরা ধর্ম ও দর্শনকে একই বস্তুর ত্ইটি বিভিন্ন দিক্ বলিয়া বিবেচনা করি, আর আমাদের ধারণা—উভয়েরই তুল্যভাবে যুক্তি ও বৈজ্ঞানিক সত্যে প্রতিষ্ঠিত হওয়া চাই। পরবর্তী বকৃতাসমূহে আমি প্রথমে ভারতের—শুধু ভারতের কেন, সমগ্র জগতের সর্বপ্রাচীন দর্শনসমূহের মধ্যে অক্তম 'সাংখ্যদর্শন' বুঝাইবার চেষ্টা করিব। ইহার শ্রেষ্ঠ ব্যাখ্যাতা কপিল সমৃদয় হিন্দু-মনোবিজ্ঞানের জ্ঞানক, আর ডিনি যে প্রাচীন দর্শনপ্রণালীর উপদেশ দিয়া গিয়াছেন, তাহা এখনও আজকালকার ভারতীয় সমৃদয় প্রচলিত দর্শন প্রণালীসমৃহের ভিত্তিম্বরূপ। এই-সকল দর্শনের অস্তান্ত বিষয়ে ষত মতভেদ থাকুক না কেন, সকলেই সাংখ্যের মনোবিজ্ঞান .গ্রহণ করিয়াছেন।

তারপর আমি দেখাইতে চেষ্টা করিব, সাংখ্যের স্বাভাবিক পরিণতিম্বরূপ কোন্ত কিভাবে উহারই সিদ্ধান্তগুলিকে লইয়া আরও অধিকদ্র অগ্রসর হইয়াছে। কপিল কর্তৃক উপদিষ্ট স্বাষ্ট- বা ব্রহ্মাণ্ড-তত্ত্বের সহিত একমত হইলেও বেদান্ত দৈতবাদকে চরম সিদ্ধান্ত বলিয়া গ্রহণ করিতে প্রস্তুত নয়, বিজ্ঞান ও ধর্ম উভয়েরই লক্ষ্যম্বরূপ চরম একত্বের অন্তুসন্ধান বেদান্ত আরও আগাইয়া লইয়া গিয়াছে। কি উপায়ে ইহা সাধিত হইয়াছে, তাহা এই বক্তৃতাবলীর শেষের বক্তৃতাগুলিতে দেখাইবার চেষ্টা করা যাইবে।

সাংখ্যীয় ব্ৰহ্মাণ্ডতত্ত্ব

ত্ইটি শব্দ রহিয়াছে—কুত্র বৃদাও ও বৃহৎ বৃদাও; অস্তঃ ও বহি:। আমরা অমুভূতি দ্বারা এই উভয় হইতেই সত্য লাভ করিয়া থাকি— <mark>আভ্যস্তর অমুভূতি ও বাহ্ অমুভূতি</mark>। আভ্যস্তর অমুভূতি দারা সংগৃহীত সভাসমূহ—মনোবিজ্ঞান, দর্শন ও ধর্ম নামে পরিচিত; আর বাহ্য অহুভূতি হইতে জড়বিজ্ঞানের উৎপত্তি। এখন কথা এই, যাহা পূর্ণ সত্য, তাহার সহিত এই উভয় জগতের অন্বভৃতিরই সামঞ্জ থাকিবে। ক্সুদ্র বন্ধাণ্ড বৃহৎ বন্ধাণ্ডের দভাদমূহে সাক্ষ্য প্রদান করিবে, সেরূপ রুহৎ ব্রহ্মাণ্ডও কুত্র ব্রহ্মাণ্ডর সভ্যে সাক্ষ্য দিবে। বহির্জগতের সত্যের অবিকল প্রতিকৃতি অন্তর্জগতে থাকা চাই, আবার অন্তর্জগতের সভ্যের প্রমাণও বহির্জগতে পাওয়া চাই। তথাপি আমরা কার্যতঃ দেখিতে পাই, এই-সকল সত্যের অধিকাংশই সর্বদা পরস্পর-বিরোধী। পৃথিবীর ইভিহাসের এক্যুগে দেখা যায়, 'অন্তর্বাদী'র প্রাধান্ত হইল ; অমনি তাঁহার। 'বহিবাদী'র সহিত বিবাদ আরম্ভ করিলেন। বর্তমান কালে 'বহিবাদী' অর্থাৎ বৈজ্ঞানিকেরা প্রাধান্ত লাভ করিয়াছেন, আর তাঁহারা মনস্তর্ববিৎ ও দার্শনিকগণের অনেক সিদ্ধান্ত উড়াইয়া দিয়াছেন। আমার কুদ্র জ্ঞানে আমি ষভটুকু বুঝিয়াছি, তাহাতে দেখিতে পাই, মনোণিজ্ঞানের প্রকৃত সারভাগের সহিত আধুনিক জড়বিজ্ঞানের সারভাগের সম্পূর্ণ সামঞ্চস্ত আছে।

প্রকৃতি প্রত্যেক ব্যক্তিকেই সকল বিষয়ে বড় হইবার শক্তি দেন নাই; এইজস্ত একই জাতি সর্বপ্রকার বিভার অমুসন্ধানে সমান শক্তিসম্পন্ন হইয়া উঠে নাই। আধুনিক ইওরোপীয় জাতি গুলি জড়বিজ্ঞানের অমুসন্ধানে স্বদক্ষ, কিছু প্রাচীন ইওরোপীয়গণ মাত্র্যের অন্তর্জগতের অমুসন্ধানে তত পটু ছিলেন না। অপর দিকে আবার প্রাচ্যেরা বাহু জগতের তত্ত্বামুসন্ধানে তত দক্ষ ছিলেন না, কিছু অন্তর্জগতের গবেষণায় তাহারা খুব দক্ষতা দেখাইয়াছেন। এইজন্তই আমরা দেখিতে পাই, জড়জ্ঞগৎ-সম্বনীয় কতকগুলি প্রাচ্য মতবাদের সহিত পাশ্চাত্য পদার্থ-বিজ্ঞানের মিলে না, আবার পাশ্চাত্য মনোবিজ্ঞান প্রাচ্য গাভির এ-বিষয়ক উপদেশের সহিত মিলে না। পাশ্চাত্য বৈজ্ঞানিকগণ

প্রাচ্য জড়বিজ্ঞানীদের সমালোচনা করিয়াছেন। তাহা হইলেও উভয়ই সত্যের ভিত্তিতে প্রতিষ্ঠিত, আর আমরা ধেমন পূর্বেই বলিয়াছি, ষে-কোন বিচ্চাতেই হউক না, প্রকৃত সত্যের মধ্যে কখন পরস্পর বিরোধ থাকিতে পারে না, আভ্যম্তর সত্যসমূহের সহিত বাহ্ সত্যের সমন্বয় আছে।

ব্ৰহ্মাণ্ড সম্বন্ধে আধুনিক জ্যোতিৰ্বিদ্ ও বৈজ্ঞানিকদের মতবাদ কি, তাহা আমরা জানি; আর ইহাও জানি যে, উহা প্রাচীন ধর্মতত্ত্বাদিগণের কিরূপ ভয়ানক ক্ষতি করিয়াছে; যেমন যেমন এক-একটি নৃতন নৃতন বৈজ্ঞানিক আবিন্ধার হইতেছে, অমনি ষেন তাঁহাদের গৃহে একটি করিয়া বোমা পড়িতেছে, আর সেইজগুই তাঁহারা সকল যুগেই এই-সকল বৈজ্ঞানিক অহুসন্ধান বন্ধ ক্রিয়া দিবার চেষ্টা ক্রিয়াছেন। প্রথমতঃ আমরা ব্রন্ধাণ্ডতত্ত ও তদাহুষঙ্গিক বিষয় সম্বন্ধে প্রাচ্যজাতির মনস্তত্ত্ব ও বিজ্ঞানদৃষ্টিতে কি ধার্ণা ছিল, তাংগ আলোচনা করিব; তাহা হইলে আপনারা দেখিবেন যে, কিরূপ আশ্চর্যভাবে আধুনিক বিজ্ঞানের সমৃদয় আধুনিকতম আবিচ্ছিয়ার সহিত উহাদের সামঞ্জু রহিয়াছে; আর যদি কোথাও কিছু অপূর্ণতা থাকে, তাহা আধুনিক বিজ্ঞানের দিকেই। ইংরেজীতে আমরা সকলে Nature (নেচার) শব্দ ব্যবহার করিয়া থাকি। প্রাচীন হিন্দুদার্শনিকগণ উহাকে তুইটি বিভিন্ন নামে অভিহিত করিতেন; প্রথমটি 'প্রকৃতি'—ইংরেজী Nature শব্দের সহিত ইহা প্রায় সমার্থক ; আর দ্বিতীয়টি অপেক্ষাকৃত বৈজ্ঞানিক নাম—'অব্যক্ত', যাহা ব্যক্ত বা প্রকাশিত বা ভেদাত্মক নয়, উহা হইতেই সকল পদার্থ উৎপন্ন হইয়াছে, উহা হইতে অণু-পরমাণু সমৃদয় আসিয়াছে, উহা হইতেই জড়বস্ত ও শক্তি, মন ও বুদ্ধি—সব আসিয়াছে। ইহা অতি বিশ্বয়কর যে, ভারতীয় দার্শনিকগণ অনেক যুগ পূর্বেই বলিয়া গিয়াছেন, মন সক্ষ জড়মাত্র। 'দেহ যেমন প্রকৃতি হইতে প্রস্থত, মনও দেরপ'—ইহা ব্যতীত আমাদের আধুনিক জড়বাদীরা— আর অধিক কি দেখাইবার চেষ্টা করিতেছেন? চিস্তা সম্বন্ধেও তাই; ক্রমশঃ আমরা দেখিব, বৃদ্ধিও সেই একই অব্যক্ত প্রকৃতি হইতে প্রস্ত।

প্রাচীন আচার্যগণ এই অব্যক্তের লক্ষণ নির্দেশ করিয়াছেন: তিনটি শক্তির সাম্যাবস্থা। তন্মধ্যে একটির নাম সন্থ, দ্বিতীয়টি রক্ষ: এবং তৃতীয়টি তম:। তম:—সর্বনিম্নতম শক্তি, আকর্ষণস্বরূপ; রক্ষ: তদপেক্ষা কিঞ্চিৎ উচ্চতর—উহা বিকর্ষণস্বরূপ; আর সর্বোচ্চ শক্তি এই উভয়ের সংযমস্বরূপ—উহাই সন্থ। অতএব বখনই এই আকর্ষণ ও বিকর্ষণ শক্তিষয় সন্তের ছারা সম্পূর্ণ সংযত হয় বা সম্পূর্ণ সাম্যাবস্থায় থাকে, তখন আর সৃষ্টি বা বিকার থাকে না; কিছা যখনই এই সাম্যাবস্থা নই হয়, তখনই উহাদের সামঞ্জন্ত নই হয়, এবং উহাদের মধ্যে একটি শক্তি অপরগুলি অপেক্ষা প্রবলতর হইয়া উঠে; তখনই পরিবর্তন ও গতি আরম্ভ হয় এবং এই সমৃদ্ধের পরিণাম চলিতে থাকে। এইরূপ ব্যাপার চক্রের গতিতে চলিতেছে। অর্থাৎ এক সময় আসে, যখন সাম্যাবস্থা ভক্ত হয়, তখন এই বিভিন্ন শক্তিসমৃদ্য় বিভিন্নরূপে সম্মিলিত হইতে থাকে, এবং তখনই এই ব্রহ্মাণ্ড বাহির হয়। আবার এক সময় আসে, যখন সকল বস্তুই সেই আদিম সাম্যাবস্থায় প্রত্যাবৃত্ত হইতে চায়, আবার এমন সময় আসে, যখন সকল অভিব্যক্তির সম্পূর্ণ অভাব ঘটে। আবার কিছুকাল পরে এই অবস্থা নই হইয়া যায় এবং শক্তিগুলি বহির্দিকে প্রস্তুত হইবার উপক্রম করে, আর ব্রহ্মাণ্ড ধীরে ধীরে তর্জাকারে বহির্গত হইতে থাকে। জগতের সকল গতিই তর্জাকারে হয়—একবার উথান, আবার পতন।

প্রাচীন দার্শনিকগণের মধ্যে কাহারও কাহারও মত এই যে, সমগ্র ব্রহ্মাণ্ডই কিছুদিনের জন্ম একেবারে লয়প্রাপ্ত হয়; আবার অপর কাহারও মত এই ষে, ব্রন্ধাণ্ডের অংশবিশেষেই এই প্রলয়ব্যাপার সংঘটিত হয়। অর্থাৎ মনে করুন, আমাদের এই দৌরজ্ঞাৎ লয়প্রাপ্ত হইয়া অব্যক্ত অবস্থায় ফিরিয়া গেল, কিছু দেই সময়েই অক্সান্ত সহস্ৰ জগতে তাহার ঠিক বিপরীত কাণ্ড চলিতেছে। আমি দ্বিতীয় মতটির অর্থাৎ প্রালয় যুগপৎ সমগ্র জগতে সংঘটিত হয় না, বিভিন্ন অংশে বিভিন্ন ব্যাপার চলিতে থাকে—এই মতটিরই অধিক পক্ষপাতী। ষাহাই হউক, মূল কথাটা উভয়ত্তই এক, অর্থাৎ যাহা কিছু আমরা দেখিতেছি, এই সমগ্র প্রকৃতিই ক্রমান্বয়ে উত্থান-পতনের নিয়মে অগ্রসর হইতেছে। এই সম্পূর্ণ সাম্যাবস্থায় গমনকে 'কল্লাস্ত' বলে। সমগ্র কল্লটিকে—এই ক্রমবিকাশ ও ক্রম-সঙ্কোচকে—ভারতের ঈশ্বরবাদিগণ ঈশবের নিঃশাস-প্রশাসের সহিত তুলনা করিয়াছেন। ঈশ্বর নিঃশাস ত্যাগ করিলে তাঁহা হইতে যেন জগৎ বাহির হয়, আবার উহা তাঁহাতেই প্রত্যাবর্তন করে। যথন প্রলয় হয়, তথন জগতের কি অবস্থা হয় ? তখনও উহা বর্তমান থাকে, তবে স্ক্ষেতররূপে বা কারণা-বস্থায় থাকে। দেশ-কাল-নিমিত্ত দেখানেও বর্তমান, তবে উহারা অব্যক্ত-ভাব প্রাপ্ত হইয়াছে মাত্র। এই অব্যক্তাবস্থায় প্রত্যাবর্তনকে ক্রমসঙ্কোচ বা

'প্রলয়' বলে। প্রলয় ও স্থষ্টি বা ক্রমসকোচ ও ক্রমাভিব্যক্তি অনস্কলাল ধরিয়া চলিয়াছে, অতএব আমরা যখন আদি বা আরম্ভের কথা বলি, তখন আমরা এক কল্পের আরম্ভকেই লক্ষ্য করিয়া থাকি।

ব্রহ্মাণ্ডের সম্পূর্ণ বহির্ভাগকে—আজকাল আমরা যাহাকে সুল জড় বলি, প্রাচীন হিন্দু মনস্তত্ত্বিদ্যাণ (পঞ্চ) 'ভৃত' বলিতেন। তাঁহাদের মতে এগুলিরই একটি অবশিষ্টগুলির কারণ, যেহেতু অক্যান্ত সকল ভৃত এই এক ভৃত হইতেই উৎপন্ন হইয়াছে। এই ভৃত 'আকাশ' নামে অভিহিত। আজকাল 'ইথার' বলিতে যাহা র্ঝায়, ইহা কতকটা তাহারই মতো, যদিও সম্পূর্ণ এক নয়। আকাশই আদিভৃত—উহা হইতেই সম্দন্ন স্থুল বস্তু উৎপন্ন হইয়াছে. আর উহার সঙ্গে 'প্রাণ' নামে আর একটি বস্তু থাকে—ক্রমশং আমরা দেখিব, উহা কি। যতদিন স্প্তি থাকে, ততদিন এই প্রাণ ও আকাশ থাকে। তাহারা নানারূপে মিলিত হইয়া এই-সম্দন্ন স্থুল প্রপঞ্চ গঠন করিয়াছে, অবশেষে কল্লাস্কে ঐগুলি লয়প্রাপ্ত হইয়া আকাশ ও প্রাণের অব্যক্তরূপে প্রত্যাবর্তন করে। জগতের প্রাচীনতম ধর্মগ্রন্থ ঋথেদে স্প্তিবর্ণনাত্মক একটি স্ক্তেণ আছে, সেটি অভিশন্ন করিস্বপূর্ণ: 'বখন সৎও ছিল না, অসৎও ছিল না, অন্ধ্ব তিলা, অন্ধ্বারের হারা অন্ধ্বার আর্ত ছিল, তখন কি ছিল ?'

আর ইহার উত্তর দেওয়া হ**ই**য়াছে: 'ইনি — সেই অনাদি অনস্ত পুরুষ— গতিশৃষ্য বা নিশ্চেষ্টভাবে ছিলেন।'

প্রাণ ও আকাশ তথন সেই অনম্ভ পুরুষে স্থেভাবে ছিল, কিন্তু কোনরূপ ব্যক্ত প্রপঞ্চ ছিল না। এই অবস্থাকে 'অব্যক্ত' বলে—উহার ঠিক শব্দার্থ স্পান্দন-রহিত বা অপ্রকাশিত। একটি নৃতন কল্পের আদিতে এই অব্যক্ত স্পান্দিত হইতে থাকে, আর প্রাণ আকাশের উপর ক্রমাগত আঘাতের পর আঘাত করে, আকাশ ঘনীভূত হইতে থাকে, আর ক্রমে আকর্ষণ-বিকর্ষণ-শক্তিদ্যের বলে পরমাণ্ গঠিত হয়। এইগুলি পরে আরও ঘনীভূত হইয়া দ্যুক্লাদিতে পরিণত হয় এবং সর্বশেষে প্রাকৃতিক প্রত্যেক পদার্থ যে ষে উপাদানে নির্মিত, সেই-সকল বিভিন্ন স্থল ভূতে পরিণত হয়।

আমরা সাধারণতঃ দেখিতে পাই, লোকে এইগুলির অতি অন্তুত ইংরেজী

১ ঋথেদ, ১০।১২৯ (নাসদীয় স্কু)।

অমুবাদ করিয়া থাকে। অমুবাদকগণ অমুবাদের জ্ব্য প্রাচীন দার্শনিকগণের ও তাঁহাদের টীকাকারগণের সহায়তা গ্রহণ করেন না, আর নিজেদেরও 🙅 বেশী বিভা নাই যে, নিজে-নিজেই ঐগুলি বুঝিতে পারেন। তাঁহার। <mark>'পঞ্চভূতে'র অন্থবাদ করিয়া থাকেন বায়ু, অগ্নি ইত্যাদি। যদি তাঁহারা</mark> ভাক্তকারগণের ভাষ্য আলোচনা করিতেন, তবে দেখিতে পাইতেন যে, ভাক্তবারগণ ঐগুলি লক্ষ্য করেন নাই। প্রাণের বারংবার আঘাতে আকাশ হইতে বায়ু বা আকাশের স্পন্দনশীল অবস্থা উপস্থিত হয়, উহা হইতেই বায়বীয় বা বাশ্দীয় পদার্থের উৎপত্তি হয়। স্পন্দন ক্রমশঃ দ্রুত হইতে ক্রুততর হইতে থাকিলে উত্তাপ বা তেজের উৎপত্তি হয়। উত্তাপ ক্রমশঃ কমিয়া শীতল হইতে থাকে, তথন ঐ বাষ্ণীয় পদার্থ তরল ভাব ধারণ করে, উহাকে 'অপ্' বলে; অবশেষে উহা কঠিনাকার প্রাপ্ত হয়, তাহার নাম 'ক্ষিভি' বা পৃথিবী। সর্ব-প্রথমে আকাশের স্পন্দনশীল অবস্থা, তারপর উত্তাপ, তারপর উহা তরল হইয়া যাইবে, আর যথন আরও ঘনীভূত হইবে, তখন উহা কঠিন জড়পদার্থের আকার ধারণ করিবে। ঠিক ইহার বিপরীতক্রমে সব কিছু অব্যক্ত অবস্থা প্রাপ্ত হয়। কঠিন বম্বদকল তরল পদার্থে পরিণত হইবে, তরল পদার্থ কেবল উত্তাপ বা তেজোরাশিতে পরিণত হইবে, তাহা আবার ধীরে ধীরে বাঙ্গীয় ভাব ধারণ করিবে, পরে পরমাণুসমূহ বিল্লিষ্ট হইতে আরম্ভ হয় এবং সর্বশেষে সমুদয় শক্তির সামঞ্জ্য-অবস্থা উপস্থিত হয়। তথন স্পন্দন বন্ধ হয়— এইরূপে কল্লান্ত হয়। আমরা আধুনিক জ্যোতিষ হইতে জানিতে পারি যে, আমাদের এই পৃথিবী ও স্থের সেই অবস্থা-পরিবর্তন চলিয়াছে, শেষে এই কঠিনাকার পৃথিবী গলিয়া গিয়া তরলাকার এবং অবশেষে বাষ্পাকার ধারণ করিবে।

আকাশের সাহায্য ব্যতীত প্রাণ একা কোন কার্য করিতে পারে না।
প্রাণ-সম্বন্ধে আমরা কেবল এইটুকু জানি যে, উহা গতি বা স্পানন। আমরা
যা-কিছু গতি দেখিতে পাই, তাহা এই প্রাণের বিকার, এবং জড় বা
ভূত-পদার্থ যা-কিছু আমরা জানি, যা-কিছু আরুতিযুক্ত বা বাধাদান করে,
তাহাই এই আকাশের বিকার। এই প্রাণ এককভাবে থাকিতে পারে না বা
কোন মাধ্যম ব্যতীত কার্য করিতে পারে না, আর উহার কোন অবস্থায়—উহা
কেবল প্রাণর্মণেই বর্তমান থাকুক অথবা মহাকর্য বা কেন্দ্রাতিগা শক্তিরূপ

প্রাকৃতিক অন্যান্ত শক্তিতেই পরিণত হউক—উহা কথন আকাশ হইতে পৃথক্
থাকিতে পারে না। আপনারা কথন জড় ব্যতীত শক্তি বা শক্তি ব্যতীত
জড় দেখেন নাই। আমরা যাহাদিগকে জড় ও শক্তি বলি, সেগুলি কেবল
এই হুইটির স্থুল প্রকাশমাত্র, এবং ইহাদের অতি স্ক্র অবস্থাকেই প্রাচীন
দার্শনিকগণ 'প্রাণ' ও 'আকাশ' নামে অভিহিত করিয়াছেন। প্রাণকে
আপনারা জীবনী কি বলিতে পারেন, কিন্তু উহাকে শুরু মাহ্মবের জীবনের
মধ্যে সীমাবদ্ধ করিলে অথবা আত্মার সহিত অভিন্ন ভাবে ব্ঝিলেও চলিবে
না। অতএব স্পষ্ট প্রাণ ও আকাশের সংযোগে উৎপন্ন, এবং উহার আদিও
নাই, অন্তও নাই; উহার আদি-অন্ত কিছুই থাকিতে পারে না, কারণ অনস্ত

তারপর আর একটি অতি ত্রহ ও জটিল প্রশ্ন আসিতেছে। কয়েকজন
ইওরোপীয় দার্শনিক বলিয়াছেন, 'আমি' আছি বলিয়াই এই জগৎ আছে,
এবং 'আমি' যদি না থাকি, তবে এই জগৎও থাকিবে না। কথন কখন
ঐ কথা এইভাবে প্রকাশ করা হইয়া থাকে—যদি জগতের সকল লোক
মরিয়া যায়, ময়য়জাতি যদি আর না থাকে, অয়ভূতি-ও বৃদ্ধিশক্তি-সম্পন্ন
কোন প্রাণী যদি না থাকে, তবে এই জগৎপ্রপঞ্চও আর থাকিবে না। এ-কথা
অসম্ভব বলিয়া বোধ হইতে পারে, কিন্তু ক্রমে আমরা স্পষ্টই দেখিব যে,
ইহা প্রমাণ করা যাইতে পারে। কিন্তু ঐ ইওরোপীয় দার্শনিকগণ এই
তত্ত্বটি জানিলেও মনোবিজ্ঞান অয়সারে ইহা ব্যাখ্যা করিতে পারেন না।
তাঁহারা এই তত্ত্বের আভাসমাত্র পাইয়াছেন।

প্রথমতঃ আমরা এই প্রাচীন মনন্তব্বিদ্গণের আর একটি গিদ্ধান্ত লইরা আলোচনা করিব—উহাও একটু অভূত রকমের—তাহা এই যে, সুল ভূতগুলি পুন্ম ভূত হইতে উৎপর। যাহা কিছু সুল, তাহাই কতকগুলি পুন্ম বন্ধর সমবায়। অতএব সুল ভূতগুলিও কতকগুলি পুন্মবন্ধগঠিত—ঐগুলিকে সংস্কৃতভাষায় 'তুমাত্রা' বলে। আমি একটি পুল্প আল্লাণ করিতেছি; উহার গদ্ধ পাইতে গেলে কিছু অবশ্য আমার নাসিকার সংস্পর্শে আসিডেছে। ঐ পুল্প রহিয়াছে—উহা যে আমার দিকে আসিতেছে, এমন তো দেখিতেছি না; কিন্ত কিছু যদি আমার নাসিকার সংস্পর্শে না আসিয়া থাকে, তবে আমি

দিক্ষ পাইতেছি কিরূপে? ঐ পুষ্প হইতে যাহা আদিয়া আমার নাদিকার সংস্পর্শে আসিতেছে, তাহাই ত্রাত্রা, ঐ পুষ্পেরই অতি স্কু প্রমাণু ; উহা এত স্ক্ষ যে, যদি আমরা সারাদিন সকলে মিলিয়া উহার গন্ধ আছাণ করি, তথাপি ঐ পুষ্পের পরিমাণের কিছুমাত্র হ্রাস হইবে না। তাপ, আলোক এবং অন্তান্ত সকল বস্তু সম্বন্ধেও ঐ একই কথা। এই তন্মাত্রাগুলি আবার পরমাণুরূপে পুনর্বিভক্ত হইতে পারে। এই পরমাণুর পরিমাণ লইয়া বিভিন্ন দার্শনিকগণের বিভিন্ন মত আছে ; কিন্তু আমরা জানি—ঐগুলি মতবাদ-মাত্র, স্থতরাং বিচারস্থলে আমরা ঐগুলিকে পরিত্যাগ করিলাম। এইটুকু জানিলেই আমাদের পক্ষে যথেষ্ট— যাহা কিছু স্থুল তাহা অতি সৃষ্ম পদার্থদারা নির্মিত। প্রথম আমরা পাইতেছি স্থুল ভূত—আমরা উহা বাহিরে অমুভব করিতেছি; তার পর স্ক্র ভূত—এই স্ক্র ভূতের দ্বারাই স্কুল ভূত গঠিত, উহারই সহিত আমাদের ইক্রিয়গণের অর্থাৎ নাদিকা, চক্ষু ও কর্ণাদির স্বায়ুর সংযোগ হইতেছে। যে ইথার-তরঙ্গ আমার চক্তে স্পর্শ করিতেছে, তাহা আমি দেখিতে পাইতেছি না, তথাপি জানি—আলোক দেখিতে পাইবার পূর্বে চাক্ষ স্বায়্র সহিত উহার সংযোগ প্রয়োজন। ধ্রবণ-সম্বন্ধও তদ্ধপ। আমাদের কর্ণের সংস্পর্শে যে তন্মাত্রাগুলি আদিতেছে, তাহা আমরা দেখিতে পাইতেছি না, কিন্তু আমরা জানি—দে গুলি অবশুই আছে। এই তন্মাত্রাগুলির আবার কারণ কি? আমাদের মনস্তব্বিদ্গণ ইহার এক অতি অভুত ও বিশায়জনক উত্তর দিয়াছেন। তাঁহারা বলেন, তন্মাত্রাগুলির কারণ 'অহংকার' —অহং-তত্ত্ব বা 'অহং-জ্ঞান'। ইহাই এই স্ক্ষ ভূতভালির এবং ইন্দ্রিয়গুলিরও কারণ। ইন্দ্রিয় কোন্গুলি? এই চক্ষু রহিয়াছে, কিন্তু চকু দেখে না। চক্ষ্ যদি দেখিত, তবে মাহুষের যথন মৃত্যু হয় তথন তো চক্ষ্ অবিকৃত থাকে, ভবে তথনও তাহারা দেখিতে পাইত। কোনখানে কিছুর পব্লিবর্তন হইয়াছে। কোন-কিছু মাহুষের ভিতর হইতে চলিয়া গিয়াছে, আর সেই-কিছু, যাহা প্রকৃতপক্ষে দেখে, চকু যাহার যন্ত্রস্বরূপ মাত্র, তাহাই যথার্থ ইন্দ্রিয়। এইরূপ এই নাসিকাও একটি যন্ত্রমাত্র, উহার সহিত সম্বন্ধযুক্ত একটি ইন্দ্রিয় আছে। আধুনিক শারীর-বিজ্ঞান আপনাদিগকে বলিয়া দিবে, উহা কি। উহা মন্তিক্ষস্থ একটি স্নায়ুকেন্দ্র মাত্র। চক্ষ্কর্ণাদি কেবল বাহ্যয়য়। অতএব এই সায়ুকেন্দ্র বা ইন্দ্রিয়গণই অহভূতির ঘথার্থ স্থান।

নাসিকার জন্য একটি, চক্ষুর জন্য একটি, এইরূপ প্রত্যেকের জন্য এক-একটি পৃথক সায়ুকেন্দ্ৰ বা ইন্দ্ৰিয় থাকিবার প্ৰয়োজন কি ? একটিভেই কাৰ্য সিদ্ধ হয় না কেন? এইটি স্পষ্ট করিয়া বুঝানো যাইতেছে। আমি কথা কহিতেছি, আপনারা আমার কথা শুনিতেছেন; আপনাদের চতুর্দিকে কি হইতেছে, তাহা আপনারা দেখিতে পাইতেছেন না, কারণ মন কেবল শ্রবণেন্দ্রিয়েই সংযুক্ত বহিয়াছে, চক্ষ্রিন্দ্রিয় হইতে নিষ্ণেকে পৃথক্ করিয়াছে। যদি একটিমাত্র স্নায়ুকেন্দ্র বা ইন্দ্রিয় থাকিত, তবে মনকে একই সময়ে দেখিতে, ভনিতে ও আদ্রাণ করিতে হইত। আর উহার পক্ষে একই সময়ে এই তিনটি কার্য না করা অদম্ভব হইত। অতএব প্রত্যেকটির জন্ম পৃথক্ পৃথক্ সায়ু-কেন্দ্রের প্রয়োজন। আধুনিক শারীর-বিজ্ঞানও এ বিষয়ে সাক্ষ্য দিয়া থাকে। অবশ্য আমাদের পক্ষে একই সময়ে দেখা ও শুনা সম্ভব, কিন্তু তাহার কারণ—মন উভয় কেন্দ্রেই আংশিকভাবে যুক্ত হয়। তবে যন্ত্র কোন্গুলি ? আমরা দেখিতেছি, উহারা বাহিরের বস্তু এবং সুলভূতে নির্মিত—এই আমাদের চক্ষু কর্ণ নাসা প্রভৃতি। আর এই সায়ুকেক্রগুলি কিলে নির্মিত ? উহারা স্ক্ষতর ভূতে নিমিত ; ষেহেতু উহারা অহভূতির কেন্দ্রস্বরূপ, সেই জন্ম উহারা ভিতরের জিনিস। ষেমন প্রাণকে বিভিন্ন স্থূল শক্তিতে পরিণত করিবার জন্ম এই দেহ স্থুলভূতে গঠিত হইয়াছে, তেমনি এই শরীরের পশ্চাতে যে স্নায়ুকেন্দ্রসমূহ রহিয়াছে, তাহারাও প্রাণকে সুদ্ধ অহভৃতির শক্তিতে পরিণত করিবার জন্ত স্ক্ষতর উপাদানে নির্মিত। এই সমৃদয় ইন্দ্রিয় এবং অন্ত:করণের সমষ্টিকে একত্তে লিঙ্গ (বা স্ক্র)-শরীর বলে।

এই স্ক্র-শরীরের প্রকৃতপক্ষে একটি আকার আছে, কারণ যাহা কিছু
জড় তাহারই একটি আকার অবশুই থাকিবে। ইন্দ্রিরগণের পশ্চাতে মন
অর্থাৎ বৃত্তিযুক্ত চিত্ত আছে, উহাকে চিত্তের স্পন্দনশীল বা অস্থির অবস্থা বলা
যাইতে পারে। যদি স্থির হ্রদে একটি প্রস্তর নিক্ষেপ করা যায়, তাহা
হইলে প্রথমে উহাতে স্পন্দন বা কম্পন উপস্থিত হইবে, তারপর উহা হইতে
বাধা বা প্রতিক্রিয়া উত্থিত হইবে। মূহুর্তের জন্ম ঐ জল স্পন্দিত হইবে,
তারপর উহা ঐ প্রস্তরের উপর প্রতিক্রিয়া করিবে। এইরূপ চিত্তের উপর
যথনই কোন বাহ্যবিষয়ের আঘাত আদে, তথনই উহা একটু স্পন্দিত হয়।
চিত্তের এই অবস্থাকে 'মন' বলে। তারপর উহা হইতে প্রতিক্রিয়া হয়, উহার

নাম 'বুদ্ধি'। এই বৃদ্ধির পশ্চাতে আব একটি জিনিস আছে, উহা মনের দকল ক্রিয়ার সহিতই বর্তমান, উহাকে 'অহন্ধার' বলে; এই অহন্ধার-অর্থে অহংজ্ঞান, যাহাতে সর্বদা 'আমি আছি' এই জ্ঞান হয়। তাহার পশ্চাতে মহৎ বা বৃদ্ধিতত্ত, উহা প্রাকৃতিক সকল বস্তুর মধ্যে শ্রেষ্ঠ। ইহার পশ্চাতে পুরুষ, ইনিই মানবের ষথার্থ স্বরূপ-- শুদ্ধ, পূর্ণ ; ইনিই একমাত্র দ্রষ্টা এবং ইহার জ্ঞাই এই সমৃদয় পরিণাম। পুরুষ এই-সকল পরিণাম-পরম্পরা দেখিতেছেন। তিনি স্বয়ং কথনই অভদ্ধ নন, কিন্তু অধ্যাস বা প্রতিবিম্বের দারা তাঁহাকে এরপ দেখাইতেছে, যেমন একখণ্ড ফটিকের সমক্ষে একটি লাল ফুল त्रांथित ऋषिकि वांव प्रथाहरित, आवांत्र नीव क्व त्रांथित नीव प्रथाहरित। প্রকৃতপক্ষে স্ফটকটির কোন বর্ণই নাই! পুরুষ বা আত্মা অনেক, প্রত্যেকেই শুদ্ধ ও পূর্ণ। আর এই সুল, সৃন্ধ নানাপ্রকারে বিভক্ত পঞ্ভূত তাঁহাদের উপর প্রতিবিদ্বিত হওয়ায় তাঁহাদিগকে নানাবর্ণে রঞ্জিত দেখাইতেছে। প্রকৃতি কেন এ-সকল করিতেছেন ? প্রকৃতির এই-সকল পরিণাম পুরুষ বা আত্মার ভোগ ও অপবর্গের জন্স—যাহাতে পুরুষ নিজের মৃক্ত স্বভাব জানিতে পারেন। মাহুষের সমক্ষে এই জগংপ্রপঞ্জপ স্থ্রহৎ গ্রন্থ বিস্তৃত রহিয়াছে, ষাহাতে মাহ্র ঐ গ্রন্থ পাঠ করিয়া পরিণামে সর্বজ্ঞ ও সর্বশক্তিমান্ পুরুষরূপে জগতের বাহিরে আসিতে পারেন। আমাকে এখানে অবশুই বলিতে হইবে ষে, আপনারা যে অর্থে সগুণ বা ব্যক্তিভাবাপন্ন ঈশ্বরে বিশ্বাদ করেন, আমাদের অনেক বড় বড় মনন্তত্ত্বিদ্ দেই অর্থে তাঁহাতে বিশ্বাস করেন না। মনস্তত্বিদ্গণের পিতাস্বরূপ কপিল স্প্টেকর্তা ঈশরের অন্তিত্ব অস্বীকার করেন। তাঁহার ধারণা এই যে, সগুণ ঈশ্বর স্বীকার করিবার কোন প্রয়োজন নাই; ষাহা কিছু ভাল, প্রকৃতিই তাহা করিতে সমর্থ। তিনি তথা-কথিত 'কৌশল-বাদ' (Design Theory) খণ্ডন করিয়াছেন। এই মভবাদের ত্রায় ছেলে-মাহুষী মত জগতে আর কিছুই প্রচারিত হয় নাই। তবে তিনি এক বিশেষ-প্রকার ঈশ্বর স্বীকার করেন। তিনি বলেন, আমরা সকলে মুক্ত হইবার জন্ম চেষ্টা করিতেছি, এইরূপ চেষ্টা করিতে করিতে যথন মানবাত্মা মুক্ত হন, তথন তিনি যেন কিছুদিনের জন্ম প্রকৃতিতে লীন হইয়া থাকিতে পারেন। আগামী কল্পের প্রারম্ভে তিনিই একজন সর্বজ্ঞ ও সর্বশক্তিমান্ পুরুষরূপে আবিভূতি চ্ইয়া সেই কল্পের শাসনকর্তা হইতে পারেন। এই অর্থে তাঁহাকে

'ঈশ্বর' বঙ্গা যাইতে পারে। এইরূপে আপনি, আমি এবং অতি সামান্ত ব্যক্তি পর্যন্ত বিভিন্ন কল্পে ঈশ্বর হইতে পারিব। কপিল বলেন, এইরূপ 'ৰুগু ঈশ্বর' হইতে পারা যায়, কিন্তু 'নিত্য ঈশ্বর' অর্থাৎ নিত্য সর্বশক্তিমান্—জগতের শাসনকর্তা কখনই হইতে পারা যায় না। এরপ ঈশ্ব-স্বীকারে এই আপত্তি উঠিবে: ঈথরকে হয় বন্ধ, না হয় মুক্ত-—এই তুই-এর একতর ভাব স্বীকার করিতে হইবে। ঈশ্বর যদি মুক্ত হন, তবে তিনি স্ঞা করিবেন না, কারণ তাঁহার স্ঠাই করিবার কোন প্রয়োজন নাই। আর যদি তিনি বদ্ধ হন, তাহা হইলে তাঁহাতে স্ঞাহীকর্ত্ত্ব অসম্ভব ; কারণ বন্ধ বলিয়া তাঁধার শক্তির অভাব, স্থতরাং তাঁধার স্ষ্টি করিবার ক্ষমতা থাকিবে না। স্থতরাং উভন্ন পক্ষেই দেখা গেল, নিত্য সর্বশক্তিমান্ ও সর্বজ্ঞ ঈশ্বর থাকিতে পারেন না। এই হেতু কপিল বলেন, আমাদের শাল্রে—বেদে যেথানেই ঈশ্বর-শব্দের প্রয়োগ আছে, তাহাতে যে-সকল আত্মা পূর্ণতা ও মৃক্তি লাভ করিয়াছেন, তাঁহাদিগকে ব্ঝাইতেছে। সাংখ্যদর্শন সকল আজার একত্বে বিশ্বাদী নন। বেদান্তের মতে সকল জীবাত্মা ও ব্রহ্ম-নামধেয় এক বিশ্বাত্মা অভিন্ন, কিন্তু সাংখ্যদর্শনের প্রতিষ্ঠাতা কপিল দৈতবাদী ছিলেন। তিনি অবশ জগতের বিশ্লেষণ যতদ্র করিয়াছেন, তাহা অতি অদ্বত। তিনি হিন্দু পরিণামবাদিগণের জনক-স্বরূপ, পরবর্তী দর্শন-শাস্ত্র গুলি তাঁহারই চিস্তাপ্রণালীর পরিণাম মাত্র।

সাংখ্যদর্শন-মতে সকল আত্মাই তাহাদের স্থাধীনতা বা মৃক্তি এবং সর্বশক্তিমন্তা ও সর্বজ্ঞতা-রূপ স্বাভাবিক অধিকার পুনঃপ্রাপ্ত হইবে। এখানে প্রশ্ন হইতে পারে, আত্মার এই বন্ধন কোথা হইতে আসিল ? সাংখ্য বলেন, ইহা অনাদি। কিন্তু তাহাতে এই আপত্তি উপস্থিত হয় যে, যদি এই বন্ধন অনাদি হয়, তবে উহা অনস্তও হইবে, আরে তাহা হইলে আমরা কথনই মৃক্তিলাভ করিতে পারিব না। কপিল ইহার উত্তরে বলেন, এখানে এই 'অনাদি' বলিতে নিত্য অনাদি বৃঝিতে হইবে না। প্রকৃতি অনাদি ও অনস্ত, কিন্তু আত্মা বা পুক্ষ যে অর্থ অনাদি অনস্ত, দে অর্থে নয়; কারণ প্রকৃতিতে ব্যক্তিত্ব নাই। যেমন আমাদের সন্মৃথ দিয়া একটি নদী প্রবাহিত হইয়া যাইতেছে, প্রতি মৃহুর্তেই উহাতে নৃতন নৃতন জলরাশি আসিতেছে, এই-সমৃদ্য জলরাশির নাম নদী, কিন্তু নদী কোন ধ্ব বন্তু নয়। এইরূপ প্রকৃতির অন্তর্গতি যাহা কিছু, সর্বদা তাহার পরিবর্তন হইতেছে, কিন্তু আত্মার কথনই

পরিবর্তন হয় না। অতএব প্রকৃতি যখন সর্বদাই পরিণাম প্রাপ্ত হইতেছে, তখন আত্মার পক্ষে প্রকৃতির বন্ধন হইতে মুক্ত হওয়া সম্ভব।

সাংখ্যদিগের একটি মত তাহাদের নিজস্ব, ষথা: একটি মহয় বা কোন প্রাণী যে নিয়মে গঠিত, সমগ্র জগদ্রক্ষাণ্ডও ঠিক সেই নিয়মে বিরচিত। স্থ্তরাং আমার ধেমন একটি মন আছে, দেরূপ একটি বিশ্ব-মনও আছে। যথন এই বৃহৎ ব্রহ্মাণ্ডের ক্রমবিকাশ হয়, তথন প্রথমে মহং বা বৃদ্ধিতভ্ব, পরে অহঙার, পরে তনাতা, ইন্দ্রিয় ও শেষে বুল ভূতের উৎপত্তি হয়। কপিলের মতে সমগ্র বন্ধাণ্ডই একটি শরীর। যাহ। কিছু দেখিতেছি, দেগুলি সব স্থুল শরীর, উহাদের পশ্চাতে আছে স্ক্র শরীর এবং তাহাদের পশ্চাতে সমষ্টি অহংতত্ত্ব, তাহারও পশ্চাতে সমষ্টি-বৃদ্ধি। কিন্তু এ-সকলই প্রকৃতির অন্তর্গত, প্রকৃতির বিকাশ, এগুলির কিছুই উহার বাহিরে নাই। আমাদের মধ্যে সকলেই সেই মহতত্ত্বের অংশ। সমষ্টি বৃদ্ধিতত্ত্ব রহিয়াছে, তাহা হইতে আমাদের যাহা প্রয়োজন, তাহা গ্রহণ করিতেছি; এইরূপ জগতের ভিতরে সমষ্টি মনস্তত্ত্ব রহিয়াছে, তাহা হইতেও আমরা চিরকালই প্রয়োজনমত লইভেছি। কিন্তু দেহের বীঞ্চ পিতামাতার নিকট হইতে প্রাপ্ত হওয়া চাই। ইহাতে বংশাস্ক্রমিকতা (Heredity) ও পুনর্জন্মবাদ উভয় তত্তই স্বীকৃত হইয়া থাকে। আত্মাকে দেহনির্মাণ করিবার জ্বল্য উপাদান দিতে হয়, কিস্কু দে উপাদান বংশাহুক্রমিক সঞ্চারের দ্বারা পিতামাতা হইতে প্রাপ্ত হওয়া ষায়।

আমরা একণে এই প্রস্তাব উপস্থিত করিতেছি যে, সাংখ্যমতাহ্বায়ী স্টেপ্রণালীতে স্টেরা ক্রমবিকাশ এবং প্রলয় বা ক্রমন্কোচ—এই উভরটিই স্বীকৃত হইরাছে। সম্দয় দেই অব্যক্ত প্রকৃতির ক্রমবিকাশে উৎপন্ন, আবার ঐ সম্দয়ই ক্রমনস্থাতিত হইরা অবাক্তভাব ধারণ করে। সাংখ্যমতে এমন কোন জড় বা ভৌতিক বন্ধ থাকিতে পারে না, মহতব্বের অংশবিশেষ যাহার উপাদান নয়। উহাই সেই উপাদান, যাহা ইইতে এই সম্দয় প্রপঞ্চ নির্মিত হইরাছে। আগামী বক্তৃতায় ইহার বিশদ ব্যাখ্যা করা যাইবে। তবে এখন আমি এইটুকু দেখাইব, ক্রিরণে ইহা প্রমাণ করা বাইতে পারে। এই টেবিলটির স্বরূপ কি, তাহা আমি জানি না, উহা কেবল আমার উপর একপ্রকার সংস্কার জন্মাইতেছে মাত্র। উহা প্রথমে

চক্ষ্তে আদে, ভারপর দর্শনেন্দ্রিয়ে গমন করে, ভারপর উহা মনের নিকটে যায়। তখন মন আবার উহার উপর প্রতিক্রিয়া করে, সেই প্রতিক্রিয়াকেই আমরা 'টেবিল' আখ্যা দিয়া থাকি। ইহা ঠিক একটি হ্রদে একখণ্ড প্রস্তর-নিক্ষেপের গ্রায়। ঐ হ্রদ প্রস্তরখণ্ডের অভিমুখে একটি তরক নিক্ষেপ করে; আর ঐ তরঙ্গটিকেই আমরা জানিয়া থাকি। মনের তরঙ্গসমূহ—ষেগুলি বহির্দিকে আদে, দেগুলিই আমরা জানি। এইরপেই এই দেয়ালের আক্বতি আমার মনে রহিয়াছে; বাহিরে যথার্থ কি আছে, তাহা কেহই জানে না; যথন আমি কোন বহির্বস্তকে জানিতে চেষ্টা করি, তথন উহাকে আমার প্রদন্ত উপাদানে পরিণত হইতে হয়। আমি আমার নিজমনের খারা আমার চক্ষ্কে প্রয়োজনীয় উপাদান দিয়াছি, আর বাহিরে য়াহা আছে, তাহা উদ্দীপক বা উত্তেজক কারণ মাত্র। সেই উত্তেজক কারণ আদিলে আমি আমার মনকে উহার দিকে প্রক্ষেপ করি এবং উহা আমার দ্রষ্টব্য বস্তুর আকার ধারণ করিয়া থাকে। এক্ষণে প্রশ্ন এই—আমরা সকলেই এক বস্তু কিরূপে দেখিয়া থাকি ? ইহার কারণ---আমাদের সকলের .ভিতর এই বিশ্ব-মনের এক এক অংশ আছে। যাহাদের মন আছে, তাহারাই ঐ বস্তু দেখিবে; যাহাদের নাই, তাহারা উহা দেখিবে না। ইহাতেই প্রমাণ হয়, যতদিন ধরিয়া জগৎ আছে, ততদিন মনের অভাব — সেই এক বিখ-মনের অভাব কখন হয় নাই। প্রত্যেক মাস্থ্র, প্রত্যেক প্রাণী সেই বিশ্ব-মন হইতেই নির্মিত হইতেছে, কারণ বিশ্বমন সর্বদাই বর্তমান থাকিয়া উহাদের নির্মাণের জন্ম উপাদান যোগাইতেছে।

প্রকৃতি ও পুরুষ

আমরা যে তত্ত্তলি লইয়া বিচার করিতেছিলাম, এখন সেইগুলির প্রত্যেকটিকে দইয়া বিশেষ আলোচনায় প্রবৃত্ত হইব। আমাদের শ্বরণ থাকিতে পারে, আমরা প্রকৃতি হইতে আরম্ভ করিয়াছিলাম। সাংখ্যমতাবলম্বিগণ উহাকে 'অব্যক্ত' বা অবিভক্ত বলিয়াছেন এবং উহার অন্তর্গত উপাদানসকলের সাম্যাবস্থারূপে উহার লক্ষণ করিয়াছেন। আর ইহা হইতে স্বভাবতই পাওয়া ষাইতেছে যে, সম্পূর্ণ সাম্যাবস্থা বা সামঞ্জন্তে কোনরূপ গতি থাকিতে পারে না। আমরা ধাহা কিছু দেখি, শুনি বা অহুভব করি, সবই জড় ও গতির সমবায় মাত্র। এই প্রপঞ্চ-বিকাশের পূর্বে আদিম অবস্থায় যথন কোনরূপ গতি ছিল না, ষধন সম্পূর্ণ সাম্যাবস্থা ছিল, তথন এই প্রকৃতি অবিনাশী ছিল, কারণ সীমাবদ্ধ হইলেই তাহার বিশ্লেষণ বা বিয়োজন হইতে পারে। আবার সাংখ্য-মতে পরমাণুই জগতের আদি অবস্থা নয়। এই জগৎ পরমাণুপুঞ্জ হইতে উৎপন্ন হয় নাই, উহারা দিতীয় বা তৃতীয় অবস্থা হইতে পারে। আদি ভূতই পরমাণুরূপে পরিণত হয়, তাহা আবার স্থুলতর পদার্থে পরিণত হয়, আর আধুনিক বৈজ্ঞানিক অহুসন্ধান যতদ্ব চলিয়াছে, তাহা ঐ মতের পোষকতা করিতেছে বলিয়াই বোধ হয়। উদাহরণস্বরূপ—ইথার-সম্বনীয় আধুনিক মতের কথা ধকন। যদি বলেন, ইথারও পরমাণুপুঞ্জের সমবায়ে উৎপন্ন, তাহা হইলে সমস্তার মীমাংসা মোটেই হইবে না। আরও স্পষ্ট করিয়া এই বিষয় বুঝানো ষাইতেছে: বায়ু অবশ্য পরমাণুপুঞ্জে গঠিত। আর আমরা জানি, ইথার দর্বত্র বিভ্যমান, উহা দকলের মধ্যে ওতপ্রোতভাবে বিভ্যমান ও সর্বব্যাপী। বায়ু এবং অভাত সকল বস্তুর পরমাণুও যেন ইথারেই ভাসিতেছে। আবার ইথার যদি পরমাণুসমূহের সংযোগে গঠিত হয়, তাহা হইলে ছইটি ইথার-পরমাণুর মধ্যেও কিঞ্চিৎ অবকাশ থাকিবে। ঐ অবকাশ কিসের দারা পূর্ণ? আর যাহা কিছু ঐ অবকাশ ব্যাপিয়া থাকিবে, তাহার পরমাণু গুলির মধ্যে এরপে অবকাশ থাকিবে। যদি বলেন, এ অবকাশের মধ্যে আরও স্ক্রতর ইথার বিভ্যমান, তাহা হইলে সেই ইথার-পরমাণুর মধ্যেও আবার অবকাশ স্বীকার করিতে হইবে। এইরূপে স্ক্রতর স্ক্রতম ইথার

কল্পনা করিতে করিতে শেষ সিদ্ধান্ত কিছুই পাওয়া যাইবে না—ইহাকে 'অনৰস্থা-দোষ' বলে। অতএব প্রমাণুবাদ চরম দিকান্ত হইতে পারে না। সাংখ্যমতে প্রকৃতি সর্বব্যাপী, উহা এক সর্বব্যাপী জড়রাশি, তাহাতে— এই জগতে ধাহা কিছু আছে—সমৃদয়ের কারণ রহিয়াছে। কারণ বলিতে কি বুঝায়? কারণ বলিতে ব্যক্ত অবস্থার স্ক্রতর অবস্থাকে ৰুঝায়—যাহা ব্যক্ত হয়, তাহারই অব্যক্ত অবস্থা। ধ্বংস বলিতে কি বুঝায় ? ইহার **অর্থ কারণে** লয়, কারণে প্রত্যাবর্তন—যে-সকল উপাদান হইতে কোন বস্ত নির্মিত হইয়াছিল, সেগুলি তাহাদের আদিম অবস্থায় চলিয়া যায়। ধ্বংস-শব্দের এই অর্থ ব্যতীত সম্পূর্ণ অভাব বা বিনাশ-অর্থ যে অসম্ভব, তাহা ম্পট্ট দেখা ষাইতেছে। কপিল অনেক যুগ পূর্বে ধ্বংসের অর্থ ৰে 'কারণে লয়' করিয়াছিলেন, বাস্তবিক উহা দ্বারা যে তাহাই ব্ঝায়, আধুনিক পদার্থবিজ্ঞান অহুদারে ভাহা প্রমাণ করা ষাইতে পারে। 'স্ক্ষতর অবস্থায় গমন' ব্যতীত ধ্বংদের আর কোন অর্থ নাই। আপনারা জানেন, বৈজ্ঞানিক পরীক্ষাগারে কিরূপে প্রমাণ করা ষাইতে পারে—জড়বস্তু ও অবিনশ্ব । আপনাদের মধ্যে ঘাঁহারা রদায়নবিভা অধ্যয়ন করিয়াছেন, তাঁহারা অবশুই জানেন, যদি একটি কাচনলের ভিতর একটি বাতি ও ক্টিক (Caustic Soda) পেন্সিল রাখা যায় এবং সমগ্র বাভিটি পুড়াইয়া ফেলা হয়, তবে এ কণ্টিক পেন্সিলটি ৰাহির করিয়া ওজন করিলে দেখা ৰাইবে ষে, ঐ পেন্সিলটির ওজন এখন উহার পূর্ব ওজনের সহিত বাভিটির ওজন যোগ করিলে যাহা হয়, ঠিক তত হইয়াছে। ঐ বাভিটিই স্কা হইতে স্কাতর হইয়া কষ্টিকে প্রবিষ্ট হইয়াছে। অতএব আমাদের আধুনিক জ্ঞানোন্নতির অবস্থায় যদি কেহ বলে যে, কোন জিনিস সম্পূর্ণ বিনাশ প্রাপ্ত হয়, তবে সে নিজেই কেবল উপহাসাম্পদ হইবে। কেবল অশিক্ষিত ব্যক্তিই এরূপ কথা বলিবে, আর আশ্চর্যের বিষয়—দেই প্রাচীন দার্শনিকগণের উপদেশ আধুনিক বিজ্ঞানের সহিত মিলিতেছে। প্রাচীনেরা মনকে ভিত্তিমন্ধপ লইয়া তাঁহাদের অহুসন্ধানে অগ্রসর হইয়াছিলেন, তাঁহারা এই ব্রহ্মাণ্ডের মান্সিক ভাগটির বিশ্লেষণ করিয়াছিলেন এবং উহাদারা কভকগুলি সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন আর আধুনিক বিজ্ঞান উহার ভৌতিক (physical) ভাগ বিশ্লেষণ করিয়া ঠিক দেই শিদ্ধান্তেই উপনীত হইয়াছেন। উভয় প্রকার বিশ্লেষণই একই সভ্যে উপনীত হইয়াছে।

আপনাদের অবশ্রুই শ্বরণ আছে যে, এই জগতে প্রকৃতির প্রথম বিকাশকে সাংখ্যবাদিগণ 'মহৎ' বলিয়া থাকেন। আমরা উহাকে 'সমষ্টি বৃদ্ধি' বলিতে পারি, উহার ঠিক শব্দার্থ—মহং তত্ত। প্রকৃতির প্রথম বিকাশ এই বৃদ্ধি; উহাকে অহংজ্ঞান বলা যায় না, বলিলে ভূল হইবে। অহংজ্ঞান এই ৰুদ্ধিতত্বের অংশ মাত্র, বুদ্ধিতত্ব কিন্তু সর্বজনীন তত্ব। অহংজ্ঞান, অব্যক্ত জ্ঞান ও জ্ঞানাতীত অৰস্থা—এগুলি সৰই উহার অন্তর্গত। উদাহরণস্বরূপ: প্রকৃতিতে কতকগুলি পরিবর্তন আপনাদের চক্ষের সমকে ঘটতেছে, আপনারা দেগুলি দেখিতেছেন ও বুঝিতেছেন, কিন্তু আবার কতকগুলি পরিবর্তন আছে, শেগুলি এত স্ক্র যে, কোন মানবীয় বোধশব্দিরই আয়ত্ত নয়। এই উভয়-প্রকার পরিবর্তন একই কারণ হইতে হইতেছে, সেই একই মহৎ ঐ উভয়-প্রকার পরিবর্তনই সাধন করিতেছে। আবার কতকগুলি পারবর্তন আছে, ষেগুলি আমাদের মন বা বিচারশক্তির অতীত। এই-সকল পরিবর্তনই সেই মহতের মধ্যে। ব্যষ্টি লইরা যখন আমি আলোচনা করিতে প্রবৃত্ত হইব, তখন এ কথা আপনারা আরও ভাল করিয়া ব্ঝিবেন। এই মহৎ হইতে সমষ্টি অহংতত্ত্বের উৎপত্তি হয়, এই চুইটিই अङ् বা ভৌতিক। জড় ও মনে পরিমাণগত ব্যতীত অন্ত কোনরূপ ভেদ নাই—একই বস্তুর স্থল্প ও স্থল অবস্থা, একটি আর একটিতে পরিণত হইতেছে। ইহার সহিত আধুনিক শারীর-বিজ্ঞানের সিদ্ধাস্তের ঐক্য আছে; মন্তিষ্ক হইতে পৃথক্ একটি মন আছে— এই বিখাদ এবং এরপ দম্দয় অদম্ভব বিষয়ে বিখাদ হইতে বিজ্ঞানের সহিত ষে বিরোধ ও ছন্দ উপস্থিত হয়, পূর্বোক্ত বিশ্বাদের ছারা বরং ঐ বিরোধ হইতে রক্ষা পাইবেন। মহৎ-নামক এই পদার্থ অহংতত্ত-নামক ব্দুড় পদার্থের স্ক্রাবস্থাবিশেষে পরিণত হয় এবং সেই অহংতত্ত্বের আবার ত্ই প্রকার পরিণাম হয়, ভন্মধ্যে এক প্রকার পরিণাম ইন্দ্রিয়। ইন্দ্রিয় ছুই প্রকার—কর্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয়। কিন্তু ইন্দ্রিয় বলিতে এই দৃশ্যমান চক্ষ্কর্ণাদি বুঝাইতেছে না, ইন্দ্রিয় এইগুলি হইতে স্ক্ষতর---ষাহাকে আপনারা মন্তিষকেন্দ্র ও স্নায়ুকেন্দ্র বলেন। এই অহংতত্ত পরিণামপ্রাপ্ত হয়, এবং এই অহংতত্তরূপ উপাদান হইতে এই কেন্দ্র ও স্নায়ুসকল উংপন্ন হয়। অহংতত্ত্বরূপ সেই একই উপাদান হইতে আর এক প্রকার স্কল্প পদার্থের উৎপত্তি হয়—তন্মাত্রা, অর্থাৎ স্কল্প জড় পর্মাণু।

যাহা আপনাদের নাদিকার সংস্পর্শে আদিয়া আপনাদিগকে দ্রাণ-গ্রহণে সমর্থ করে, তাহাই তন্মাত্রার একটি দৃষ্টাস্ক.। আপনারা এই স্ক্র তন্মাত্রাগুলি প্রত্যক্ষ করিতে পারেন না, আপনারা কেবল ঐগুলির অন্তিত্ব অবগত হইতে পারেন। অহংতত্ব হইতে এই তন্মাত্রাগুলির উৎপত্তি হয়, আর ঐ তন্মাত্রা বা স্ক্র জড় হইতে স্থুল জড় অর্থাং বায়ু, জল, পৃথিবী ও অন্যান্ত যাহা কিছু আমরা দেখিতে পাই বা অহুভব করি, তাহাদের উৎপত্তি হয়। আমি এই বিষয়টি আপনাদের মনে দৃঢ়ভাবে মৃদ্রিত করিয়া দিতে চাই। এটি ধারণা করা বড় কঠিন, কারণ পাশ্চাত্য দেশে মন ও জড় সম্বন্ধে অভুত অভুত ধারণা আছে। মন্তিক হইতে ঐ-সকল সংস্কার দ্র করা বড়ই কঠিন। বাল্যকালে পাশ্চাত্য দর্শনে শিক্ষিত হওয়ায় আমাকেও এই তত্ত্ব ব্বিত্তে প্রচণ্ড রাধা পাইতে হইয়াছিল।

এ সবই জগতের অন্তর্গত। ভাবিয়া দেখুন, প্রথমাবস্থায় এক সর্ব্যাপী অবও অবিভক্ত জড়রাশি রহিয়াছে। যেমন তথ্য পরিণাম প্রাপ্ত হইয়া দ্ধি হয়, সেরপ উহা মহৎ-নামক অন্ত এক পদার্থে পরিণত হয়—ঐ মহৎ এক অবস্থায়' বৃদ্ধিতত্ত্বপথে অবস্থান করে, অন্ত অবস্থায় উহা অহংতত্ত্বপথে পরিণত হয়। উহা সেই একই বস্ত, কেবল অপেক্ষাকৃত স্থূলতর আকারে পরিণত হয়। অহংতত্ব নাম ধারণ করিয়াছে। এইরপে সমগ্র ব্রহ্মাণ্ড যেন ভরে ভরে বিরচিত। প্রথমে অব্যক্ত প্রকৃতি, উহা সর্বব্যাপী বৃদ্ধিতত্বে বা মহতে পরিণত হয়, তাহা আবার সর্বব্যাপী অহংতত্ব বা অহংকারে এবং তাহা পরিণামপ্রাপ্ত হইয়া সর্বব্যাপী ইব্রিয়গ্রাহ্ম ভূতে পরিণত হয়। সেই ভূতসমন্তি ইব্রিয় বা স্নায়্-কেন্দ্রস্থ্রে এবং সমন্তি স্থা পর্মাণুসমূহে পরিণত হয়। পরে এইগুলি মিলিত হইয়া এই স্থল জ্বগৎ-প্রপঞ্চের উৎপত্তি। সাংখ্যমতে ইহাই স্ক্টের ক্রম, আর

> ভাষার ভঙ্গাতে পাঠকের মনে হইতে পারে, বৃদ্ধিতত্ত্ব মহতের অবস্থাবিশেষ। প্রকৃতপক্ষে কিন্তু তাহা নহে , যাহাকে 'মহং' বলা যায়, তাহাই বৃদ্ধিতত্ত্ব ।

২ পূর্বে সাংখামতামুযায়ী যে সৃষ্টির ক্রম বর্ণিত হইয়াছে, তাহার সহিত এই স্থানে স্বামীজীর কিঞ্চিং বিরোধ আপাততঃ বোধ হইতে পারে। পূর্বে বুঝানো হইয়াছে, অহংতত্ত্ব হইতে ইন্দ্রিয় ও তন্মাক্রার উংপত্তি হয়। এখানে আবার উহাদের মধ্যে ভূতের কথা বলিতেছেন। এটি কি কোন নৃতন তত্ত্ব ? বোধ হয়, অহংতত্ব একটি অতি সৃষ্ট্র পদার্থ বলিয়া তাহা হইতে ইন্দ্রিয় ও তন্মাক্রার উংপত্তি সহজে বুঝাইবার জন্ম স্বামীজী এইরূপ ইন্দ্রিয়গ্রাহ্ ভূতের কল্পনা করিয়াছেন।

সমষ্টি বা বৃহৎ ব্রহ্মাণ্ডের মধ্যে যাহা আছে, তাহা ব্যষ্টি বা ক্ষুদ্র ব্রহ্মাণ্ডেও অবস্থ থাকিবে।

ব্যষ্টি-রূপ একটি মাহুষের কথা ধঙ্গন। প্রথমতঃ তাঁহার ভিতর সেই সাম্যাবস্থাপন্ন প্রকৃতির অংশ রহিয়াছে। সেই জড়প্রকৃতি তাঁহার ভিতর মহৎ-রূপে পরিণত হইয়াছে, সেই মহৎ অর্থাৎ সর্বব্যাপী বুদ্ধিতত্ত্বর এক অংশ তাঁহার ভিতর রহিয়াছে। আর সেই সর্বব্যাপী বৃদ্ধিতত্ত্বের কৃত্র অংশটি তাঁহার ভিতর অহংতত্তে বা অহংকারে পরিণত হইয়াছে—উহা সেই সর্বব্যাপী অহংতত্ত্বেরই কুদ্র অংশমাত্র। এই অহংকার আবার ইন্দ্রিয় ও ভন্মাত্রায় পরিণত হইয়াছে। তন্মাত্রাগুলি আবার পরস্পর মিলিত করিয়া তিনি নিজ কুদ্রবন্ধাশু—দেহ স্ট করিয়াছেন। এই বিষয়টি আমি স্পষ্টভাবে আপনাদিগকে বুঝাইতে চাই, কারণ ইহা বেদাস্ত বুঝিবার পক্ষে প্রথম সোপান-ত্বরূপ; আর ইহা আপনাদের জানা একান্ত আবশ্রক, কারণ ইহাই সমগ্র জগতের বিভিন্নপ্রকার দর্শনশাস্ত্রের ভিত্তি। জগতে এমন কোন দর্শনশাস্ত্র নাই, যাহা এই সাংখ্যদর্শনের প্রতিষ্ঠাতা কপিলের নিকট ঋণী নয়। পিথাগোরাস ভারতে আসিয়া এই দর্শন অধ্যয়ন করিয়াছিলেন এবং গ্রীকদের নিকট ইহার কতকগুলি তত্ত্ব লইয়া গিয়াছিলেন। পরে উহা 'আলেকজান্দ্রিয়ার দার্শনিক-সম্প্রদায়ের' ভিত্তিম্বরূপ হয় এবং আরও পরবর্তী কালে উহা নষ্টিক দর্শনের (Gnostic Philosophy) ভিত্তি হয়। এইব্ধপে উহা হুই ভাগে বিভক্ত হয়। একভাগ ইওরোপ ও আলেকজান্দ্রিয়ায় গেল, অপর ভাগটি ভারতেই রহিয়া গেল এবং সর্বপ্রকার হিন্দুদর্শনের ভিত্তিষরূপ হইল। কারণ ব্যাসের বেদাস্তদর্শন ইহারই পরিণতি। এই কাপিন্স দর্শনই পৃথিবীতে যুক্তি-বিচার দারা জগতত্ত-ব্যাখ্যার সর্বপ্রথম চেষ্টা। কপিলের প্রতি উপযুক্ত সম্মান প্রদর্শন করা জগতের সকল দার্শনিকেরই উচিত। আমি আপনাদের মনে এইটি বিশেষ করিয়া মৃদ্রিত করিয়া দিতে চাই যে, দর্শনশাস্ত্রের জনক বলিয়া আমরা তাঁহার উপদেশ ভনিতে বাধ্য এবং তিনি যাহা বলিয়া গিয়াছেন, তাহা শ্রদ্ধা করা আমাদের কর্তব্য। এমন কি, বেদেও এই অভুত ব্যক্তির—এই সর্বপ্রাচীন দার্শনিকের উল্লেখ পাওয়া যায়। তাঁহার অহুভূতিদম্দয় কি অপ্র। যদি যোগিগণের অতীন্দ্রিয় প্রত্যক্ষশক্তির কোন প্রমাণপ্রয়োগ আবশ্যক হয়, ভবে বলিতে হয়, এইরূপ ব্যক্তিগণই তাহার প্রমাণ। তাঁহারা কিরূপে এই-সকল তত্ত্ব

উপলব্ধি করিলেন ? তাঁহাদের তো আর অণুবীক্ষণ বা দ্রবীক্ষণ ছিল না। তাঁহাদের অন্তবশক্তি কি স্ক্ষ ছিল, তাঁহাদের বিশ্লেষণ কেমন নির্দোষ ও কি অডুত!

যাহা হউক, এখন পূর্বপ্রদঙ্গের অহুবৃত্তি করা যাক। আমরা ক্ষুত্র ব্রহ্মাণ্ড —মানবের তত্ত্ব আলোচনা করিতেছিলাম। আমরা দেখিয়াছি, বৃহৎ ব্রহ্ষাণ্ড যে নিয়মে নির্মিত, ক্ষুত্র ব্রহ্মাণ্ডও তদ্ধপ। প্রথমে অবিভক্ত বা সম্পূর্ণ সাম্যাৰত্বাপন প্রকৃতি। তারপর উহা বৈষম্যপ্রাপ্ত হইলে কার্য আরম্ভ হয়, আর এই কার্যের ফলে যে প্রথম পরিণাম হয়, তাহা মহৎ অর্থাৎ বুদ্ধি। এখন আপনারা দেখিতেছেন, মাহুষের মধ্যে যে এই বুদ্ধি রহিয়াছে, তাহা সর্বব্যাপী বৃদ্ধিতত্ব বা মহতের ক্ষুদ্র অংশস্বরূপ। উঁহা হইতে অহংক্রানের উদ্ভব, তাহা হইতে অহুভবাত্মক ও গত্যাত্মক স্নায়ুদকল এবং স্ক্ষ প্রমাণু বা তন্মাত্রা। ঐ তন্মাত্রা হইতেই স্থুল দেহ বিরচিত হয়। আমি এথানে বলিতে চাই, শোপেনহাওয়ারের দর্শন ও বেদান্তে একটি প্রভেদ আছে। শোপেনহাওয়ার বলেন, বাদনা ব। ইচ্ছা সমুদয়ের কারণ। আমাদের এই ব্যক্তভাবাপর হইবার কারণ প্রাণধারণের ইচ্ছা, কিন্তু অদ্বৈতবাদীরা ইছা অম্বীকার করেন। তাঁহারা বলেন, মহত্তত্তই ইহার কারণ। এমন একটিও ইচ্ছা হইতে পারে না, যাহা প্রতিক্রিয়াপরপ নয়। ইচ্ছার অতীত অনেক বস্তু রহিয়াছে। উহা অহং হইতে গঠিত, অহং আবার তাহা অপেক্ষা উচ্চতর বস্তু অর্থাৎ মহন্তব হইতে উৎপন্ন এবং তাহা আবার অব্যক্ত প্রকৃতির বিকার।

মান্থবের মধ্যে এই যে মহৎ বা বৃদ্ধিতত্ত্ব রহিয়াছে, তাহার শ্বরূপ উত্তমরূপে বৃধা বিশেষ প্রয়োজন। এই মহত্তত্ব—আমরা ষাহাকে 'অহং' বলি,
তাহাতে পরিণত হয়, আর এই মহত্তত্বই সেই-সকল পরিবর্জনের কারণ,
যেগুলির ফলে এই শরীর নির্মিত হইয়াছে। জ্ঞানের নিয়ভূমি, সাধারণ
জ্ঞানের অবস্থা ও জ্ঞানাতীত অবস্থা—এই সব মহত্তত্বের অন্তর্গত্ত। এই
তিনটি অবস্থা কি ? জ্ঞানের নিয়ভূমি আমরা পশুদের মধ্যে দেখিয়া
থাকি এবং উহাকে সহজাত জ্ঞান (Instinct) বলি। ইহা প্রায় অল্রান্ত,
তবে উহা বারা জ্ঞাতব্য বিষয়ের সীমা বড় অল্প। সহজাত জ্ঞানে প্রায়
কথনই ভূল হয় না। একটি পশু ঐ সহজাতজ্ঞান-প্রভাবে কোন্ শশুটি আহার্য,
কোন্টি বা বিষাক্ত, তাহা অনায়াসে বৃধিতে পারে, কিন্তু ঐ সহজাত জ্ঞান

ত্-একটি সামাত্য বিষয়ে সীমাবদ্ধ, উহা যন্ত্ৰৰৎ কাৰ্য করিয়া থাকে। তারপর আমাদের সাধারণ জ্ঞান—উহা অপেক্ষাকৃত উচ্চতর অবস্থা। আমাদের এই সাধারণ জ্ঞান ল্রান্তপূর্ণ, উহা পদে পদে ল্রমে পতিত হয়, কিছু উহার গতি এরপ মৃত্ হইলেও উহার বিস্তৃতি অনেকদ্র। ইহাকেই আপনারা মৃক্তি বা বিচারশক্তি বলিয়া থাকেন। সহজাত জ্ঞান অপেক্ষা উহার প্রসার অধিকদ্র বটে, কিছু সহজাত জ্ঞান অপেক্ষা যুক্তিবিচারে অধিক ল্রমের আশকা। ইহা অপেক্ষা মনের আর এক উচ্চতর অবস্থা আহে, জ্ঞানাতীত অবস্থা—এ অবস্থায় কেবল যোগীদের অর্থাৎ হাহারা চেষ্টা করিয়া ঐ অবস্থা লাভ করিয়াকেন, তাহাদেরই অধিকার। উহা সহজাত জ্ঞানের তায় অল্রান্ত, আবার যুক্তিবিচার অপেক্ষাও উহার অধিক প্রসার। উহা সর্বোচ্চ অবস্থা। আমাদের শ্বরণ রাখা বিশেষ আবশ্রক যে, যেমন মাহুষের ভিতর মহুংই—জ্ঞানের শ্বরণ রাখা বিশেষ আবশ্রক যে, যেমন মাহুষের ভিতর মহুংই—জ্ঞানের নিমভূমি, সাধারণ জ্ঞানভূমি ও জ্ঞানাতীত ভূমি—জ্ঞানের এই তিন অবস্থায় সমগ্রভাবে প্রকাশিত হইতেছে, সেইরূপ এই বৃহৎ ব্রহ্মাণ্ডেও এই সর্ব্যাপী বৃদ্ধিতম্ব বা মহুৎ—সহজাত জ্ঞান, যুক্তিবিচারজনিত জ্ঞান ও বিচারাতীত জ্ঞান—এই ত্রিবিধ ভাবে অবস্থিত।

এখন একটি স্ত্ম প্রশ্ন আদিতেছে, আর এই প্রশ্ন সর্বদাই জিজ্ঞাসিত হইয়া থাকে। যদি পূর্ণ ঈশর এই জগদ্রকাণ্ড স্বাষ্ট করিয়া থাকেন, তবে এখানে অপূর্ণতা কেন? আমরা যতটুকু দেখিতেছি, ততটুকুকেই ব্রহ্মাণ্ড বা জগৎ বলি এবং উহা আমাদের সাধারণ জ্ঞান বা যুক্তিবিচার-জনিত জ্ঞানের ক্ষুত্র ভূমি ব্যতীত আর কিছুই নয়। উহার বাহিরে আমরা আর কিছুই দেখিতে পাই না। এই প্রশ্নটিই একটি অসম্ভব প্রশ্ন। যদি আমি এক বৃহৎ বম্বরাশি হইতে ক্ষুত্র অংশবিশেষ গ্রহণ করিয়া উহার দিকে দৃষ্টিপাত করি, স্বভাবতই উহা অসম্পূর্ণ বোধ হইবে। এই জগৎ অসম্পূর্ণ বোধ হয়, কারণ আমরাই উহাকে অসম্পূর্ণ করিয়াছি। কিন্ধপে করিলাম ? প্রথমে ব্রিয়া দেখা যাক—
যুক্তিবিচার কাহাকে বলে, জ্ঞান কাহাকে বলে ? জ্ঞান অর্থে সাদৃশ্র অম্বন্ধান। রান্ধার গিয়া একটি মাম্বকে দেখিলেন, দেখিয়া জানিলেন—সে-টি মাহ্ব। আপনারা অনেক মাহ্ব দেখিয়াছেন, প্রত্যেকেই আপনাদের মনে একটি সংস্কার উৎপন্ন করিয়াছে। একটি নৃতন মাহ্বকে দেখিবামাত্র আপনারা তাহাকে নিজ সংস্কারের ভাণ্ডারে লইয়া গিয়া দেখিলেন, সেথানে

মাফুষের অনেক ছবি রহিয়াছে। তথন এই নৃতন ছবিটি অবশিষ্টগুলির সহিত উহাদের জন্ম নির্দিষ্ট খোপে রাখিলেন—তথন আপনারা তৃপ্ত হইলেন। কোন নৃতন সংস্থার আসিলে যদি আপনাদের মনে উহার সদৃশ সংস্থার-সকল পূর্ব হুইতেই বর্তমান থাকে, তবেই আপনারা তৃপ্ত হন, আর এই সংযোগ বা সহযোগকেই জ্ঞান বলে। অতএব জ্ঞান অর্থে পূর্ব হইতে আমাদের যে অমুভূতি-সমষ্টি রহিয়াছে, ঐগুলির সহিত আর একটি অমুভূতিকে এক খোপে পোরা। আর আপনাদের পূর্ব হইতেই একটি জ্ঞানভাণ্ডার না থাকিলে যে নৃতন কোন জ্ঞানই হইতে পারে না, ইহাই তাহার অগ্রতম প্রবল প্রমাণ। ষদি আপনাদের পূর্ব অভিজ্ঞতা কিছু না থাকে, অথবা কতকগুলি ইওরোপীয় দার্শনিকের যেমন মত-মন যদি 'অহুৎকীর্ণ ফলক' (Tabula Rasa)-স্বব্ধপ হয়, তবে উহার পক্ষে কোন প্রকার জ্ঞানলাভ করা অসম্ভব; কারণ জ্ঞান-অর্থে পূর্ব হইতেই যে সংস্কার-সমষ্টি অবস্থিত, তাহার সহিত তুলনা করিয়া নৃতনের গ্রহণ-মাত্র। একটি জ্ঞানের ভাণ্ডার পূর্ব হইতেই থাকা চাই, যাহার সহিত নৃতন সংস্থারটি মিলাইয়া লইতে হইবে। মনে করুন, এই প্রকার জানভাণ্ডার ছাড়াই একটি শিশু এই জগতে জন্মগ্রহণ করিল, ভাহার পক্ষে কোন প্রকার জ্ঞানলাভ করা একেবারে অসম্ভব। অতএব স্বীকার করিতেই হইবে যে, ঐ শিশুর অবশ্রই এক্লপ একটি জ্ঞানভাণ্ডার ছিল, আর এইক্লপে অনম্ভকাল ধরিয়া জ্ঞানলাভ হইতেছে। এই সিদ্ধান্ত এড়াইবার কোনপথ দেখাইয়া দিন। ইহা গণিতের অভিজ্ঞতার মতো। ইহা অনেকটা স্পেন্সার ও অক্সান্ত কতকগুলি ইওরোপীয় দার্শনিকের সিদ্ধাস্তের মতো। তাঁহারা এই পর্যস্ত দেখিয়াছেন যে, অতীত জ্ঞানের ভাণ্ডার না থাকিলে কোনপ্রকার জ্ঞানলাভ অসম্ভব ; অতএব শিশু পূর্বজ্ঞান লইয়া জন্মগ্রহণ করে। তাঁহারা এই সত্য বুঝিয়াছেন যে, কারণ কার্যে অস্তুনিহিত থাকে, উহা স্ক্লাকারে আসিয়া পরে বিকাশপ্রাপ্ত হয়। তবে এই দার্শনিকেরা বলেন যে, শিশু যে-সংস্থার লইয়া জন্মগ্রহণ করে, তাহা তাহার নিজের অতীত অবস্থার জ্ঞান হইতে লব্ধ নয়, উহা তাহার পূর্বপুরুষদিগের সঞ্চিত সংস্কার; বংশাহুক্রমিক সঞ্চারণের বারা উহা সেই শিশুর ভিতর আসিয়াছে। অতি শীব্রই ইহারা ৰ্ঝিবেন যে, এই মতবাদ প্ৰমাণদহ নয়, আর ইতিমধ্যেই অনেকে এই 'বংশামুক্রমিক সঞ্চারণ' মতের বিরুদ্ধে তীত্র আক্রমণ আরম্ভ করিয়াছেন।

এই মত অসত্য নয়, কিন্তু অসম্পূর্ণ। উহা কেবল মান্নবের অড়ের ভাগটাকে ব্যাখ্যা করে মাত্র। বদি বলেন—এই মতান্থবায়ী পারিপার্থিক অবস্থার প্রভাব কিরূপে ব্যাখ্যা করা যায়? তাহাতে ইহারা বলিয়া থাকেন, অনেক কারণ মিলিয়া একটি কার্য হয়, পারিপার্থিক অবস্থা তাহাদের মধ্যে একটি। অপরদিকে হিন্দু দার্শনিকগণ বলেন, আমরা নিজেরাই আমাদের পারিপার্থিক অবস্থা গড়িয়া তৃসি; কারণ আমরা অতীত জীবনে থেরূপ ছিলাম, বর্তমানেও সেরূপ হইব। অন্য ভাবে বলা যায়, আমরা অতীতে যেরূপ ছিলাম, তাহার ফলেই বর্তমানে থেরূপ হইবার সেরূপ হইয়াছি।

এখন আপনারা বুঝিলেন, জ্ঞান বলিতে কি বুঝায়। জ্ঞান আর কিছুই নয়, পুরাতন সংস্কারগুলির সহিত একটি নৃতন সংস্কারকে এক খোপে পোরা—নৃতন সংস্থারটিকে চিনিয়া লওয়া। চিনিয়া লওয়া বা 'প্রত্যভিজ্ঞা'র অর্থ কি ? পূর্ব হইতেই আমানের যে সদৃশ সংস্কার-সকল আছে, দেগুলির দহিত উহার মিলন আবিষ্কার করা। জ্ঞান বলিতে ইহা ছাড়া আর কিছু বুঝায় না। তাই ধদি হইল, তবে অবশ্য স্বীকার করিতে হইবে, এই প্রণালীতে সদৃশ বস্তুশ্রেণীর স্বটুকু আমাদের দেখিতে হইবে। তাই নয় কি? মনে করুন, আপনাকে একটি প্রস্তর্থও জানিতে হইবে, তাহা হইলে উহার সহিত মিল থাওয়াইবার জভ্য আপনাকে উহার সদৃশ প্রস্তরথগুগুলি দেখিতে হইবে। কিন্তু জগৎসম্বন্ধে আমরা তাহা করিতে পারি না, কারণ আমাদের সাধারণ জ্ঞানের ঘারা আমরা উহার একপ্রকার অমুভব-মাত্র পাইয়া থাকি—উহার এদিক-ওদিকে আমরা কিছুই দেখিতে পাই না, যাহাতে উহার সদৃশ বস্তুর সহিত উহাকে মিলাইয়া লইতে পারি। সেইজন্য জ্বগৎ আমাদের নিকট অবোধ্য মনে হয়, কারণ জ্ঞান ও বিচার সর্বদাই সদৃণ বস্তুর সহিত সংযোগ-সাধনেই নিযুক্ত। ত্রন্ধাণ্ডের এই অংশটি—যাহা আমাদের জ্ঞানাবচ্ছিন্ন, তাহা আমাদের নিকট একটি বিস্ময়কর নৃতন পদার্থ বলিয়া বোধ হয়, উহার সহিত মিল খাইবে এমন কোন দদৃশ বস্ত আমরা পাই না। এইজন্য উহাকে লইয়া এত মুশকিল, —আমরা ভাবি, জগৎ অতি ভয়ানক ও মন্দ; কখন কখন আমরা উহাকে ভাল বলিয়া মনে করি বটে, কিন্তু সাধারণতঃ উহাকে অসম্পূর্ণ ভাবিয়া থাকি। জগংকে তথনই জানা যাইবে, যথন আমরা ইহার অহরেপ কোন

ভাব বা সন্তার সন্ধান পাইব। আমরা তথনই ঐগুলি ধরিতে পারিব, যথন আমরা এই জগতের—আমাদের এই ক্ষুদ্র অহংজ্ঞানের বাহিরে যাইব, তথনই কেবল জগৎ আমাদের নিকট জ্ঞাত হইবে। যতদিন না আমর। তাহা করিতেছি, ততদিন আমাদের সমৃদ্য় নিক্ষল চেষ্টার দ্বারা কথনই উহার ব্যাখ্যা হইবে না, কারণ জ্ঞান-অর্থে সদৃশ বিষয়ের আবিদ্ধার, আর আমাদের এই সাধারণ জ্ঞানভূমি আমাদিগকে কেবল জগতের একটি আংশিক ভাব দিতেছে মাত্র। এই সমষ্টি মহৎ অথবা আমরা আমাদের সাধারণ প্রাত্যহিক ব্যবহার্য ভাষায় বাহাকে 'ঈশ্বর' বলি, তাঁহার ধারণা সম্বন্ধেও সেইরূপ। আমাদের ঈশ্বরসম্বন্ধীয় ধারণা যতটুকু আছে, তাহা তাঁহার সম্বন্ধে এক বিশেষপ্রকার জ্ঞানমাত্র, তাঁহার আংশিক ধারণামাত্র—তাঁহার অক্যান্থ সমৃদ্য় ভাব আমাদের মানবীয় অসম্পূর্ণতার দ্বারা আবৃত।

'দর্বব্যাপী আমি এত বৃহৎ যে, এই জগৎ পর্যন্ত আমার অংশমাত্র।'^১

এই কারণেই আমরা ঈশ্বকে অসম্পূর্ণ দেখিয়া থাকি, আর আমরা তাঁহার ভাব কথনই বুঝিতে পারি না, কারণ উহা অসম্ভব। তাঁহাকে বুঝিবার একমাত্র উপায় যুক্তিবিচারের অতীত প্রদেশে যাওয়া—অহং-জ্ঞানের বাহিরে যাওয়া।

'ষথন শ্রুত ও শ্রবণ, চিস্তিত ও চিস্তা--এই সম্দয়ের বাহিরে ঘাইবে, তথনই কেবল সত্য লাভ করিবে।'

'শাল্রের পারে চলিয়া যাও, কারণ শাল্র প্রকৃতির তত্ত্ব পর্যন্ত, প্রকৃতি যে তিনটি গুণে নির্মিত—সেই পর্যন্ত (যাহা হইতে জগৎ উৎপন্ন হইয়াছে) শিক্ষা দিয়া থাকে।'

ইহাদের বাহিরে যাইলেই আমরা সামঞ্জস্ত ও মিলন দেখিতে পাই, তাহার পূর্বে নয়।

এ পর্যস্ত এটি স্পষ্ট ব্ঝা গেল যে, এই বৃহৎ ও কৃদ্র ব্রহ্মাণ্ড ঠিক একই নিয়মে নির্মিত, আর এই কৃদ্র ব্রহ্মাণ্ডের একটি খুব সামাস্ত অংশই আমরা জানি।

১ বিষ্টভাাহমিদং কুংম্মেকাংশেন স্থিতো জগং।—গীতা, ১০।৪২

২ তদা গস্তাসি নির্বেদং শোতবাস্ত শ্রুতস্ত চ।—ঐ, ২।৫২

৩ ত্ৰৈগুণ্যবিষয়া বেদা নিক্ৰৈগুণ্যো ভবাৰ্জুন ৷—ঐ, ২৷৪৫

আমরা জ্ঞানের নিয়ভূমিও জানি না, জ্ঞানাতীত ভূমিও জ্ঞানি না; আমরা কেবল সাধারণ জ্ঞানভূমিই জানি। যদি কোন ব্যক্তি বলে, আমি পাপী—দে নির্বোধমাত্র, কারণ দে নিজেকে জ্ঞানে না। সে নিজের সম্বন্ধে অত্যস্ত জ্ঞান গে নিজের একটি অংশ মাত্র জ্ঞানে, কারণ জ্ঞান তাহার মানসভূমির মাত্র একাংশব্যাপী। সমগ্র ব্রহ্মাণ্ড সম্বন্ধেও এরপ; যুক্তিবিচার দারা উহার একাংশমাত্র জ্ঞানাই সম্ভব; কিন্তু প্রকৃতি বা জ্ঞাৎপ্রাণক্ত বলতে জ্ঞানের নিমভূমি, সাধারণ জ্ঞানভূমি, জ্ঞানাতীত ভূমি, ব্যষ্টিমহৎ, সমষ্টিমহৎ এবং তাহাদের পরবর্তী সমৃদ্য বিকার—এই সবগুলি ব্র্ঝাইয়া থাকে, আর এইগুলি সাধারণ জ্ঞানের বা যুক্তির অতীত।

কিসের দারা প্রকৃতি পরিণামপ্রাপ্ত হয় ? এ পর্যন্ত আমরা দেখিয়াছি, প্রাকৃতিক সকল বস্তু, এমন কি প্রকৃতি নিব্রেও জড় বা অচেতন। উহারা নিয়মাধীন হইয়া কার্য করিতেছে—সমুদয়ই বিভিন্ন বস্তুর মিশ্রণ এবং অচেতন। মন, মহতত্ত্ব, নিশ্চয়াত্মিকা বৃত্তি-এ-সবই অচেতন। কিন্তু এগুলি এমন এক পুরুষের চিৎ বা চৈতন্তে প্রতিবিম্বিত হইতেছে, যিনি এই-সবের জতীত, আর সাংখ্যমতাবলম্বিগণ ইহাকেই 'পুরুষ'-নামে অভিহিত করিয়াছেন। এই পুরুষ জগতের মধ্যে—প্রকৃতির মধ্যে বে-সকল পরিণাম হইতেছে, দেগুলির সাকিস্বরূপ কারণ, অর্থাৎ এই পুরুষকে যদি বিশ্বজনীন অর্থে ধরা যায়, তবে ইনিই ব্রহ্মাণ্ডের ঈশ্বর।' ইহা কথিত হইয়া থাকে যে, ঈশবের ইচ্ছায় এই ব্রহ্মাণ্ড স্ট হইয়াছে। সাধারণ দৈনিক ব্যবহার্য বাক্য হিসাবে ইহা অতি স্থন্দর হইতে পারে, কিন্তু ইহার আর অধিক মূল্য নাই। ইচ্ছা কিরূপে স্ষ্টির কারণ হইতে পারে? ইচ্ছা— প্রকৃতির তৃতীয় বা চতুর্থ বিকার। অনেক বস্তু উহার পূর্বেই স্টু হইয়াছে। সেগুলি কে সৃষ্টি করিল? ইচ্ছা একটি যৌগিক পদার্থমাত্র, আর যাহা-কিছু যৌগিক, দে-দকলই প্রকৃতি হইতে উৎপন্ন। ইচ্ছাও নিজে কথন প্রকৃতিকে স্ষ্টি করিতে পারে না। উহা একটি অমিশ্র বস্তু নয়। অতএব ঈশবের ইচ্ছায় এই ব্রহ্মাণ্ড স্ট হইয়াছে--এরপ বলা যুক্তিবিরুদ্ধ। মাহুষের ভিতর ইচ্ছা

১ ইতিপূর্বে মহন্তত্মকে 'ঈখর' বলা হইয়াছে, এখানে আবার পুরুষের সর্বজনীন ভাবকে ঈখর বলা হইল। এই দুইটি কথা আপাতবিরোধী বলিয়া বোধ হয়। এখানে এইটুকু বুঝিতে হইবে থে, পুরুষ মহন্তবন্ধণ উপাধি পরিশ্রহ করিলেই ভাঁহাকে 'ঈখর' বলা বায়।

অহংজ্ঞানের অল্লাংশমাত্র ব্যাপিয়া বহিয়াছে। কেহ কেহ বলেন, উহা আমাদের মন্তিষ্ককে সঞ্চালিত করে। তাই যদি করিত, তবে আপনার। ইচ্ছা করিলেই মন্তিকের কার্য বন্ধ করিতে পারিতেন, কিন্তু তাহা তো পারেন না। স্থতরাং ইচ্ছা মন্তিম্বকে সঞ্চালিত করিতেছে না। স্থান্তর গতিশীল করিতেছে কে ? ইচ্ছা কথনই নয়; কারণ যদি তাই হইত, তবে আপনারা ইচ্ছা করিলেই হৃদয়ের গতিরোধ করিতে পারিতেন। ইচ্ছা আপনাদের দেহকেও পরিচালিত করিতেছে না, ব্রহ্মাণ্ডকেও নিয়মিত করিতেছে না। অপর কোন বস্তু উহাদের নিয়ামক—ইচ্ছা যাহার একটি বিকাশমাত্র। এই দেহকে এমন একটি শক্তি পরিচালিত করিতেছে, ইচ্ছা যাহার বিকাশমাত্র। সমগ্র জগৎ ইচ্ছা দারা পরিচালিত হইতেছে না, দেজভুই 'ইচ্ছা' বলিলে ইহার ঠিক ব্যাখ্যা হয় না। মনে করুন, আমি মানিয়া লইলাম, ইচ্ছাই আমাদের দেহকে চালাইতেছে, তারপর ইচ্ছামুসারে আমি এই দেহ পরিচালিত করিতে পারিতেছি না বলিয়া বিরক্তি প্রকাশ করিতে আরম্ভ করিলাম। ইহা তো আমারই দোষ, কারণ ইচ্ছাই আমাদের দেহ-পরিচালক—ইহা মানিয়া লইবার আমার কোন অধিকার ছিল না। এরপই যদি আমরা মানিয়া লই যে, ইচ্ছাই জগৎ পরিচালন করিতেছে, ভারপর দেখি প্রকৃত ঘটনার সহিত ইহা মিলিতেছে না, তবে ইহা আমারই দোষ। এই পুরুষ ইচ্ছা নন বা বৃদ্ধি নন, কারণ বৃদ্ধি একটি যৌগিক পদার্থমাত্ত। কোনরূপ জড়পদার্থ না থাকিলে কোনরূপ বৃদ্ধিও থাকিতে পারে না। এই জড় মাহুষে মন্তিক্ষের আকার ধারণ করিয়াছে। যেখানেই বুদ্ধি আছে, দেখানেই কোন-না-কোন আকারে জড় পদার্থ থাকিবেই থাকিবে। অতএব বৃদ্ধি যথন যৌগিক পদার্থ হইল, তথন পুরুষ কি ? উহা মহত্তবন্ত নয়, নিশ্চয়াত্মিকা বৃত্তিও নয়, কিন্তু উভয়েরই কারণ। তাঁহার সান্নিধ্যই উহাদের সবগুলিকে ক্রিয়াশীল করে ও পরম্পরকে মিলিড করায়। পুরুষকে দেই-সকল বস্তুর কয়েকটির সহিত তুলনা করা ষাইতে পারে, যেগুলির ভুধু সালিধ্যই রাসায়নিক কার্য ত্বরান্বিত করে, যেমন সোনা গলাইতে গেলে ভাহাতে পটাসিয়াম সায়ানাইড (Cyanide of Potassium) মিশাইতে হয়। পটাসিয়াম সায়ানাইড পৃথক্ থাকিয়া যায়, (শেষ পর্যস্ত) উহার উপর কোন রাদায়নিক কার্য হয় না, কিন্তু সোনা গলানো-

রূপ কার্য সফল করিবার জ্বল্য উহার সান্নিধ্য প্রয়োজন। পুরুষ সম্বজ্বেও এই কথা। উহা প্রকৃতির সহিত মিশ্রিত হয় না, উহা বৃদ্ধি বা মহৎ বা উহার কোনরূপ বিকার নয়, উহা শুদ্ধ পূর্ণ আত্মা।

'আমি সাক্ষিম্বরূপ অবস্থিত থাকায় প্রাকৃতি চেতন ও অচেতন সব কিছু স্কুন করিতেছে।' '

তাহা হইলে প্রকৃতিতে এই চেতনা কোথা হইতে আসিল ? পুরুষেই এই চেতনার ভিত্তি, আর ঐ চেতনাই পুরুষের স্বরূপ। উহা এমন এক বস্তু, যাহা বাক্যে ব্যক্ত করা যায় না, বৃদ্ধি দারা বৃধা যায় না, কিন্তু আমরা যাহাকে জান' বলি, উহা তাহার উপাদান-স্বরূপ। এই পুরুষ আমাদের সাধারণ জ্ঞান নয়, কারণ জ্ঞান একটি যৌগিক পদার্থ, তবে এই জ্ঞানে যাহা কিছু উজ্জ্ঞল ও উত্তম, তাহা ঐ পুরুষেরই। পুরুষে চৈতন্ত আহে, কিন্তু পুরুষকে বৃদ্ধিমান্ বা জ্ঞানবান্ বলা যাইতে পারে না, কিন্তু উহা এমন বস্তু, যিনি থাকাতেই জ্ঞান সম্ভব হয়। পুরুষের মধ্যে যে চিৎ, তাহা প্রকৃতির সহিত যুক্ত হইয়া আমাদের নিকট 'বৃদ্ধি' বা 'জ্ঞান' নামে পরিচিত হয়। জগতে যে কিছু স্বুধ আনন্দ শান্তি আছে, সমৃদ্যুই পুরুষের, কিন্তু ঐগুলি মিশ্র, কেন না উহাতে পুরুষ-ও প্রকৃতি সংযুক্ত আছে।

'ধেখানে কোনপ্রকার স্থপ, যেখানে কোনরূপ আনন্দ, দেখানে দেই অমৃতস্বরূপ পুরুষের এক কণা আছে, বুঝিতে হইবে।''

এই পুরুষই সমগ্র জগতের মহা আকর্ষণস্বরূপ, তিনি যদিও উহা দারা অস্পৃষ্ট ও উহার সহিত অসংস্ট, তথাপি তিনি সমগ্র জগৎকে আকর্ষণ করিতেছেন। মাহ্মকে যে কাঞ্চনের অন্বেষণে ধাবমান দেখিতে পান, তাহার কারণ সে না জানিলেও প্রকৃতপক্ষে সেই কাঞ্চনের মধ্যে পুরুষের এক ফুলিঙ্গ বিভ্যমান। যথন মাহ্ম সন্তান প্রার্থনা করে, অথবা নারী যথন সামীকে চায়, তথন কোন্ শক্তি তাহাদিগকে আকর্ষণ করে? সেই সন্তান ও সেই স্বামীর ভিতর যে সেই পুরুষের অংশ আছে, তাহাই সেই আকর্ষণী শক্তি। তিনি সকলেরই পশ্চাতে রহিয়াছেন, কেবল উহাতে জড়ের আবরণ

ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ স্থয়তে সচরাচরম্ ।—গীতা, ৯।১٠

২ এতস্তৈবানন্দস্তান্তানি ভূতানি মাত্রাম্পজীবন্তি।—বৃহ. উপ., ৪।৩।৩২

পড়িয়াছে। অন্ত কিছুই কাহাকেও আকর্ষণ করিতে পারে না। এই অচেতনাত্মক জগতের মধ্যে দেই পুরুষই একমাত্র চেতন। ইনিই সাংখ্যের পুক্ষ। অতএব ইহা হইতে নিশ্চয়ই বুঝা ষাইতেছে ষে, এই পুক্ষ অবশ্ৰই সর্বব্যাপী, কারণ যাহা সর্বব্যাপী নয়, ভা**হা অবশুই সদীম। সমৃদয় সীমাবদ্ধ** ভাবই কোন কারণের কার্যস্বরূপ, আর যাহা কার্যস্বরূপ, তাহার অবশু আদি-অস্ত থাকিবে। যদি পুরুষ সীমাবদ্ধ হন, তবে তিনি অবশ্য বিনাশপ্রাপ্ত হইৰেন, তিনি তাহা হইলে আর চরম তত্ত্ব হইলেন না, তিনি মৃক্তস্বরূপ হইলেন না, তিনি কোন কারণের কার্যস্ক্রপ—উৎপন্ন পদার্থ হইলেন। অতএব যদি তিনি দীমাবদ্ধ না হন, তবে তিনি সর্বব্যাপী। কপিলের মতে পুরুষের সংখ্যা এক নয়, বহু। অনস্তসংখ্যক পুরুষ রহিয়াছেন, আপনিও একজন পুরুষ, আমিও একজন পুরুষ, প্রত্যেকেই এক একজন পুরুষ—উহারা ষেন অনস্তদংখ্যক বৃত্তস্বরূপ। তাহার প্রত্যেকটি আবার অনস্ত বিস্তৃত। পুরুষ জ্মানও না, মরেনও না। তিনি মনও নন, জড়ও নন। আর আমরা ধাহা কিছু জানি, সকলই তাঁহার প্রতিবিদ্ধ-স্বরূপ। আমরা নিশ্চয়ই জানি যে, যদি তিনি সর্বব্যাপী হন, তবে তাঁহার জন্মমৃত্যু কখনই হইতে পারে না। প্রকৃতি তাহার উপর নিজ ছায়া—জন্ম ও মৃত্যুর ছায়া প্রক্ষেপ করিতেছে, কিন্তু তিনি স্বরূপতঃ নিত্য। এতদূর পর্যস্ত আমরা দেখিলাম, কপিলের মত অতি অপূর্ব।

এইবার আমরা এই সাংখ্যমতের বিরুদ্ধে যাহা বাহা বাহার আছে, সেই বিষয়ে আলোচনা করিব। যতদূর পর্যন্ত দেখিলাম, তাহাতে বুঝিলাম যে, এই বিশ্লেষণ নির্দোষ, ইহার মনোবিজ্ঞান অথওনীয়, ইহার বিরুদ্ধে কোন আপত্তি হইতে পারে না। আমরা কপিলকে প্রশ্ন করিয়াছিলাম, প্রকৃতি কে স্বষ্টি করিল? আর তাহার উত্তর পাইলাম—উহা স্বষ্ট নয়। তিনি ইহাও বলিয়াছেন যে, পুরুষ অস্বষ্ট ও সর্বব্যাপী, আর এই পুরুষের সংখ্যা অনস্ত। আমাদিগকে সাংখ্যের এই শেষ সিদ্ধান্তটির প্রতিবাদ করিয়া উৎকৃষ্টতর সিদ্ধান্তে উপনীত হইতে হইবে এবং তাহা করিলেই আমরা বেদান্তের অধিকারে আসিয়া উপস্থিত হইব। আমরা প্রথমেই এই আশকা উত্থাপন করিব: প্রকৃতি ও পুরুষ এই ঘুইটি অনস্ত কি করিয়া থাকিতে পারে? তার পর আমরা এই যুক্তি উত্থাপন করিব—উহা সম্পূর্ণ সামান্তীকরণ

(generalisation)' নয়, অতএব আমরা সম্পূর্ণ সিদ্ধান্তে উপনীত হই নাই। তার পর আমরা দেখিব, বেদান্তবাদীরা কিরপে এই-সকল আপত্তি ও আশকা কাটাইয়া নিখুঁত সিদ্ধান্তে উপনীত হন। কিন্তু প্রকৃতপক্ষে সব গৌরব কপিলেরই প্রাপ্য। প্রায়-সম্পূর্ণ অট্টালিকাকে সমাপ্ত করা অতি সহজ্ব কাজ।

১ কতকগুলি বিশেষ বিশেষ ঘটনা পর্যবেক্ষণ করিয়া ঐগুলির মধ্যে সাধারণ তত্ত্ব আবিক্ষার করাকে generalisation বা সামাস্টীকরণ বলে।

সাংখ্য ও অদ্বৈত

প্রথমে আপনাদের নিকট যে সাংখ্যদর্শনের আলোচনা করিতেছিলাম, এখন তাহার মোট কথাগুলি সংক্ষেপে বলিব। কারণ এই বক্তৃতায় আমরা ইহার ত্রুটি কোন্গুলি, তাহা বাহির করিতে এবং বেদাস্ত আদিয়া কিরপে ঐ অপূর্ণতা পূর্ণ করিয়া দেন, তাহা বৃঝিতে চাই। আপনাদের অবশ্রাই স্মরণ আছে যে, সাংখ্যদর্শনের মতে প্রকৃতি হইতেই চিস্তা, বৃদ্ধি, বিচার, রাগ, দ্বেষ, স্পর্শ, রস—এক কথায় সব-কিছুরই বিকাশ হইতেছে। এই প্রকৃতি সন্ধ, রদ্ধ: ও তম: নামক তিন প্রকার উপাদানে গঠিত। এগুলি গুণ নয়,—জগতের উপাদান-কারণ; এইগুলি হইতেই জ্বগৎ উৎপন্ন হইতেছে, আর যুগ-প্রারম্ভে এগু*লি সামঞ্জ*ভাবে বা সাম্যাবস্থায় থাকে। স্থ**ষ্টি আরম্ভ** হইলেই এই সাম্যাবস্থা ভঙ্ক হয়। তথন এই দ্রব্যগুলি পরস্পর নানারূপে মিলিত হইয়া এই ব্রহ্মাণ্ড সৃষ্টি করে। ইহাদের প্রথম বিকাশকে সাংখ্যের। মহৎ (অর্থাৎ সর্বব্যাপী বৃদ্ধি) বলেন। আর তাহা হইতে অহংজ্ঞানের উৎপত্তি হয়। অহংজ্ঞান হইতে মন অর্থাৎ সর্বব্যাপী মনন্তত্ত্বের উদ্ভব। ঐ অহংজ্ঞান বা অহস্কার হইতেই জ্ঞান ও কর্মেক্সিয় এবং তন্মাত্রা অর্থাৎ শব্দ, স্পর্শ, রস প্রভৃতির স্কা স্কা পরমাণুর উৎপত্তি হয়। এই অহস্কার হইতেই সমৃদয় স্কল পরমাণুর উদ্ভব, আর ঐ স্কল পরমাণুসমৃহ হইতেই স্থুল পরমাণুসমৃহের উৎপত্তি হয়, যাহাকে আমরা জড় বলি। তন্মাত্রার (অর্থাৎ যে-সকল পরমাণু দেখা যায় না বা যাহাদের পরিমাণ করা যায় না) পর স্থুল পরমাণুসকলের উৎপত্তি—এগুলি আমরা অহভব ও ইন্দ্রিয়গোচর করিতে পারি। বুদ্ধি, অহকার ও মন—এই ত্রিবিধ কার্য-সমন্থিত চিত্ত প্রাণনামক শক্তিদমূহকে সৃষ্টি করিয়া উহাদিগকে পরিচালিত করিতেছে। এই প্রাণের সহিত খাদপ্রখাদের কোন সম্বন্ধ নাই, আপনাদের ঐ ধারণা এখনই ছাড়িয়া দেওয়া উচিত। শাসপ্রশাস এই প্রাণ বা সর্বব্যাপী শক্তির একটি কার্য মাত্র। কিন্তু এথানে 'প্রাণসমূহ' অর্থে সেই স্নায়বীয় শক্তিসমূহ বুঝায়, বেগুলি সমূদয় দেহটিকে চালাইতেছে এবং চিস্তা ও দেহের নানাবিধ ক্রিয়ারূপে প্রকাশ পাইতেছে। শাদপ্রশাদের গতি এই প্রাণসমূহের প্রধান ও প্রত্যক্ষতম

প্রকাশ। যদি বায়ু ধারাই এই খাসপ্রখাস-কার্য হইড, তবে মৃত ব্যক্তিও খাসপ্রখাস-ক্রিয়া করিত। প্রাণই বায়ুর, উপর কার্য করিতেছে, বায়ু প্রাণের উপর করিতেছে, বায়ু প্রাণের উপর করিতেছে, না। এই প্রাণসমূহ জীবনশক্তিরূপে সমৃদয় শরীরের উপর কার্য করিতেছে, উহারা আবার মন এবং ইক্রিয়গণ (অর্থাৎ তুই প্রকার স্নায়ুকেক্র) ধারা পরিচালিত হইতেছে। এ পর্যন্ত বেশ কথা। মনস্তত্ত্বের বিশ্লেষণ খুব স্পষ্ট ও পরিষ্কার, আর ভাবিয়া দেখুন, কত যুগ পূর্বে এই তত্ত্ব আবিষ্কৃত হইয়াছে—ইহা জগতের মধ্যে প্রাচীনতম যুক্তিসিদ্ধ চিষ্কাপ্রণালী। যেখানেই কোনরূপ দর্শন বা যুক্তিসিদ্ধ চিষ্কাপ্রণালী দেখিতে পাওয়া যায়, তাহা কপিলের নিকট কিছু না কিছু খণী। যেখানেই মনস্তত্ত্ব-বিজ্ঞানের কিছু না কিছু চেটা হইয়াছে, দেখানেই দেখিতে পাওয়া যায়, ঐ চেটা এই চিন্তা-প্রণালীর জনক কপিল-নামক ব্যক্তির নিকট ঋণী।

এতদ্র পর্যন্ত আমরা দেখিলাম যে, এই মনোবিজ্ঞান বড়াই অপূর্ব; কিছু আমরা যত অগ্রসর হইব, ততই দেখিব, কোন কোন বিষয়ে ইহার সহিত আমাদিগকে ভিন্ন মত অবলম্বন করিতে হইবে। কপিলের প্রধান মত—পরিণাম। তিনি বলেন, এক বস্তু অপর বস্তুর পরিণাম বা বিকার; কারণ তাঁহার মতে কার্যকারণভাবের লক্ষণ এই যে, কার্য অন্তর্মণে পরিণত কারণমাত্র' আর বেহেতু আমরা যতদ্র দেখিতে পাইতেছি, তাহাতে সমগ্র জগৎই ক্রমাগত পরিণাম-প্রাপ্ত হইতেছে। এই সমগ্র ব্রহ্মান্ত নিশ্রুই কোন উপাদান হইতে অর্থাৎ প্রকৃতির পরিণামে উৎপন্ন হইয়াছে, স্বতরাং প্রকৃতি উহার কারণ হইতে শ্রুপতঃ কথন বিভিন্ন হইতে পারে না, কেবল যথন প্রকৃতি বিশিষ্ট আকার ধারণ করে, তথন সীমাবদ্ধ হয়। ঐ উপাদানটি শ্রুং নিরাকার। কিন্তু কণিলের মতে অব্যক্ত প্রকৃতি হইতে বৈষম্যপ্রাপ্তির শেষ পোপান পর্যন্ত কোনটিই 'পুরুষ' অর্থাৎ ভোক্তা বা প্রকাশকের সহিত সমপর্যায়ে নয়। একটা কাদার তাল যেমন, সমষ্টিমনও তেমনি, সমগ্র জগৎও তেমনি। স্বন্ধপতঃ উহাদের হৈতন্ত নাই, কিন্তু উহাদের মধ্যে আমরা বিচারবৃদ্ধি ও জ্ঞান দেখিতে পাই, অতএব উহাদের পশ্চাতে—সমগ্র প্রকৃতির

১ কারণভাবাচ্চ। — সাংখ্যস্ত্র, ১।১১৮

পশ্চাতে—নিশ্চয়ই এমন কোন সত্তা আছে, ষাহার আলোক উহার উপর পড়িয়া মহং, অহংজ্ঞান ও এই-সব নানা বম্বরূপে প্রতীত হইতেছে। আর এই সভাকেই কপিল 'পুরুষ' বা আত্মা বলেন, বেদান্তীরাও উহাকে 'আত্মা' বলিয়া থাকেন। কপিলের মতে পুরুষ অমিশ্র পদার্থ—উহা যৌগিক পদার্থ নয়। উহাই একমাত্র অজড় পদার্থ, আর সমৃদয় প্রপঞ্চবিকারই জড়। পুরুষই একমাত্র জ্ঞাতা। মনে করুন, স্থামি একটা বোর্ড দেখিতেছি। প্রথমে বাহিরের যন্ত্রগুলি মন্তিক্ষকেন্দ্রে (কপিলের মতে ইন্দ্রিয়ে) ঐ বিষয়টিকে লইয়া আদিবে; উহা আবার ঐ কেন্দ্র হইতে মনে যাইয়া তাহার উপর আঘাত করিবে, মন আবার উহাকে অহংজ্ঞানরূপ অপর একটি পদার্থে আবৃত করিয়া 'মহৎ' বা বুদ্ধির নিকট সমর্পণ করিবে। কিন্তু মহতের স্বয়ং কার্যের শক্তি নাই—উহার পশ্চাতে যে পুরুষ রহিয়াছেন, তিনিই প্রকৃতপক্ষে কর্তা। এইগুলি সবই ভূত্যরূপে বিষয়ের আঘাত তাঁহার নিকট আনিয়া দেয়, তথন তিনি আদেশ দিলে 'মহং' প্রতিঘাত বা প্রতিক্রিয়া করে। পুরুষই ভোক্তা, বোদ্ধা, যথার্থ সন্তা, সিংহাসনোপবিষ্ট রাজা, মানবের আত্মা; তিনি কোন জড়বস্তু নন। যেহেতু তিনি জড় নন, সেহেতু তিনি অবশুই অনস্ত, তাঁহার কোনরূপ দীমা থাকিতে পারে না। স্থতরাং ঐ পুরুষগণের প্রত্যেকেই সর্বব্যাপী, তবে কেবল সৃক্ষ ও স্থূল জড়পদার্থের মধ্য দিয়া কার্য করিতে পারেন। মন, অহংজ্ঞান, মস্তিষ্ককেন্দ্র বা ইন্দ্রিয়গণ এবং প্রাণ—এই কয়েকটি লইয়া সৃক্ষ-শরীর অথবা খ্রীষ্টীয় দর্শনে যাহাকে মানবের 'আধ্যাত্মিক দেহ' বলে, তাহা গঠিত। এই দেহেরই পুরস্কার বা দণ্ড হয়, ইহাই বিভিন্ন স্বর্গে যাইয়া থাকে, ইহারই বারবার জন্ম হয়। কারণ আমরা প্রথম হইতেই দেখিয়া আদিতেছি, পুরুষ বা আত্মার পক্ষে আদা-যাওয়া অসম্ভব। 'গতি'-অর্থে যাওয়া-আদা, আর যাহা একস্থান হইতে অপর স্থানে গমন করে, তাহা কখনও সর্বব্যাপী হইতে পারে না। এই লিঙ্গরীর বা সৃত্মণরীরই আসে যায়। এই পর্যন্ত আমরা কপিলের দর্শন হইতে দেখিলাম, আত্মা অনস্ত এবং একমাত্র উহাই প্রকৃতির পরিণাম নয়। একমাত্র আত্মাই প্রকৃতির বাহিরে, কিন্তু উহা প্রকৃতিতে বন্ধ হইয়া আছে বলিয়া প্রতীতি হইতেছে। প্রকৃতি পুরুষকে বেড়িয়া আছে, দেইজ্ঞ পুরুষ নিজেকে প্রকৃতির দঙ্গে মিশাইয়া ফেলিয়াছেন। পুরুষ ভাবিতেছেন, 'আমি লিঙ্গণরীর, আমি সুলশরীর', আর সেই জ্ঞাই তিনি ক্থত্থে ভোগ করিতেছেন। কিন্তু প্রকৃতপক্ষে ক্থত্থে আত্মার নয়, উহারা লিকশরীরের এবং সুলশরীরের। যথনই কতকগুলি স্নায় আ্ঘাতপ্রাপ্ত হয়, আমরা কট অহুভব করি, তথনই তৎক্ষণাৎ আমরা উহা উপলব্ধি করিয়া থাকি। যদি আমার অঙ্গুলির সায়্গুলি নট হয়, তবে আমার অঙ্গুলি কাটিয়া ফেলিলেও কিছু বোধ করিব না। অতএব ক্থত্থে স্নায়কেন্দ্রসমূহের। মনেককন, আমার দর্শনেন্দ্রিয় নট হইয়া গেল, তাহা হইলে আমার চক্ষ্যন্ত্র থাকিলেও আমি রূপ হইতে কোন ক্থ-ত্থে অহুভব করিব না। অতএব ইহা স্পট্ট দেখা যাইতেছে যে, ক্থ-ত্থে আত্মার নয়; উহারা মনের ও দেহের।

আত্মার হখ তৃঃখ কিছুই নাই; আত্মা সকল বিষয়ের সাক্ষিম্বরূপ, যাহা কিছু হইতেছে, ভাহারই নিভ্য সাক্ষিম্বরূপ, কিন্তু আত্মা কোন কর্মের ফল গ্রহণ করে না।

'স্থ থেমন সকল লোকের চক্ষ্র দৃষ্টির কারণ হইলেও স্বয়ং কোন চক্ষ্র দোষে লিপ্ত হয় না, পুরুষও তেমনি।''

থেমন একখণ্ড ফটিকের সমুখে লাল ফুল রাখিলে উহা লাল দেখায়, এইব্ধপ পুরুষকেও প্রকৃতির প্রতিবিশ্ব-ঘারা স্থ্যত্বংখে লিপ্ত বোধ হয়, কিন্তু উহা সদাই অপরিণামী।'

উহার অবস্থা ষতটা সম্ভব কাছাকাছি বর্ণনা করিতে গেলে বলিতে হয়, ধ্যানকালে আমরা যে-ভাব অহুভব করি, উহা প্রায় সেইরূপ। এই ধ্যানাবস্থাতেই আপনারা পুরুষের খুব সন্নিহিত হইয়া থাকেন। অতএব আমরা দেখিতেছি, যোগীরা এই ধ্যানাবস্থাকে কেন সর্বোচ্চ অবস্থা বলিয়া থাকেন; কারণ পুরুষের সহিত আপনার এই একস্ববোধ—জড়াবস্থা বা ক্রিয়াশীল অবস্থানয়, উহা ধ্যানাবস্থা। ইহাই সাংখ্যদর্শন।

তার পর সাংখ্যের। আরও বলেন যে, প্রক্কতির এই-সকল বিকার আত্মার জন্ম, উহার বিভিন্ন উপাদানের সন্মিলনাদি সমস্তই উহা হইতে স্বভন্ত অপর কাহারও জন্ম। স্থভরাং এই যে নানাবিধ মিশ্রণকে আমরা প্রকৃতি বা

১ कछात्रनिषम्, रारारर

২ কুহুমবচ্চ মণিঃ।—সাংখ্যস্ত্ত্র, ২।৩৫

জগৎপ্রণঞ্চ বলি—এই যে আমাদের ভিতরে এবং চতুর্দিকে ক্রমাগত পরিবর্তন-পরম্পরা হইতেছে, তাহা আত্মার ভোগ ও অপবর্গ বা মৃক্তির জন্ত । আত্মা সর্বনিম অবস্থা হইতে সর্বোচ্চ অবস্থা পর্যন্ত স্বয়ং ভোগ করিয়া তাহা হইতে অভিজ্ঞতা সঞ্চয় করিতে পারেন, আর ষথন আত্মা এই অভিজ্ঞতা লাভ করেন, তথন তিনি বৃথিতে পারেন ষে, তিনি কোন কালেই প্রকৃতিতে বন্ধ ছিলেন না, তিনি সর্বদাই উহা হইতে সম্পূর্ণ স্বতম্ব ছিলেন; তথন তিনি আরও দেখিতে পান যে, তিনি অবিনাশী, তাঁহার আসা-যাওমা কিছুই নাই; স্বর্গে যাওমা, আবার এখানে আসিয়া জন্মানো—সবই প্রকৃতির, তাঁহার নিজের নম্ম; তথনই আত্মা মৃক্ত হইয়া যান। এইরূপে সমৃদ্য় প্রকৃতি আত্মার ভোগ বা অভিজ্ঞতা-সঞ্চয়ের জন্ম কার্য করিয়া যাইতেছে, আর আত্মা সেই চরম লক্ষ্য। সাংখ্যদর্শনের মতে এরূপ আত্মার সংখ্যা বহু। অনম্বন্ধংখ্যক আত্মা রহিয়াছেন। সাংখ্যের আর একটি সিদ্ধান্ত এই যে, ঈশ্বর নাই—জ্বগতের স্পষ্টকর্তা কেহু নাই। সাংখ্যেরা বলেন, প্রকৃতিই যথন এই-সকল বিভিন্ন রূপ স্পষ্ট করিতে সমর্থ, তথন আর ঈশ্বর খীকার করিবার প্রয়োজন নাই।

এখন আমাদিগকে সাংখ্যদের এই তিনটি মত খণ্ডন করিতে হইবে। প্রথমটি এই যে, জ্ঞান বা এরূপ যাহা কিছু তাহা আত্মার নয়, উহা সম্পূর্ণরূপে প্রকৃতির অধিকারে, আত্মা নিগুণ ও অরূপ। সাংখ্যের যে দিতীয় মত আমরা খণ্ডন করিব, তাহা এই যে, ঈশ্বর নাই; বেদান্ত দেখাইবেন, ঈশ্বর শীকার না করিলে জগতের কোনপ্রকার ব্যাখ্যাই হইতে পারে না। তৃতীয়তঃ আমাদিগকে দেখাইতে হইবে যে, বহু আত্মা থাকিতে পারে না, আত্মা অনস্তসংখ্যক হইতে পারে না, জগদ্রন্ধাণ্ডে মাত্র এক আত্মা আছেন, এবং দেই একই বহুরূপে প্রতীত হইতেছেন।

প্রথমে আমরা সাংখ্যের প্রথম সিদ্ধান্তটি লইয়া আলোচনা করিব বে,
বৃদ্ধি ও যুক্তি সম্পূর্ণরূপে প্রকৃতির অধিকারে, আত্মাতে ওগুলি নাই। বেদান্ত
বলেন, আত্মার স্বরূপ অসীম অর্থাৎ তিনি পূর্ণ সত্তা, জ্ঞান ও আনন্দম্বরূপ।
তবে আমাদের সাংখ্যের সহিত এই বিষয়ে একমত যে, তাঁহারা ষাহাকে বৃদ্ধিদ্ধাত
জ্ঞান বলেন, তাহা একটি যৌগিক পদার্থমাত্র। দৃষ্টান্তস্বরূপ আমাদের বিষয়াত্বভূতি

কিরূপে হয়, সেই ব্যাপারটি আলোচনা করা যাক। আমাদের স্মরণ আছে যে, চিত্তই বাহিরের বিভিন্ন বস্তুকে লইতেছে, উহারই উপর বহিবিষয়ের আঘাত আসিয়াছে এবং উহা হইতেই প্রতিক্রিয়া হইতেছে। মনে করুন, বাহিরে কোন বস্তু রহিয়াছে; আমি একটি বোর্ড দেখিতেছি। উহার জ্ঞান কিরপে হইতেছে? বোর্ডটির স্বরূপ অজ্ঞাত, আমরা কখনই উহা জানিতে পারি না। জার্মান দার্শনিকেরা উহাকে 'বস্তুর স্বরূপ' (Thing in itself) বলিয়া থাকেন। সেই বোর্ড স্বরূপত: যাহা, সেই অজ্ঞেয় সতা 'ক' আমার চিত্তের উপর কার্য করিভেছে, আর চিত্ত প্রতিক্রিয়া করিতেছে। চিত্ত একটি হ্রদের মতো। ষদি হ্রদের উপর আপনি একটি প্রস্তর নিক্ষেপ করেন, যখনই প্রস্তর ঐ হ্রদের উপর আঘাত করে, তখনই প্রস্তরের দিকে হ্রদের প্রতি-ক্রিয়া-রূপ একটি তরক আসিবে। আপনারা বিষয়ামুভূতি-কালে বাস্তবিক এই ভরন্টাকৈই দেখিয়া থাকেন। আর ঐ তরন্ধটি মোটেই সেই প্রস্তর্টির মতো নয়---উহা একটি তরঙ্গ। অতএব সেই যথার্থ বোর্ড 'ক'-ই প্রস্তররূপে মনের উপর আঘাত করিতেছে, আর মন দেই আঘাতকারী পদার্থের দিকে একটি তরন্থ নিক্ষেপ কমিতেছে। উহার দিকে এই যে তরন্থ নিক্ষিপ্ত হইতেছে. তাহাকেই আমরা বোর্ড-নামে অভিহিত করিয়া থাকি। আমি আপনাকে দেখিতেছি। আপনি স্বরূপত: যাহা, তাহা অজ্ঞাত ও অজ্ঞেয়। আপনি সেই অজ্ঞাত সন্তা 'ক'-স্বব্ধপ: আপনি আমার মনের উপর কার্য করিতেছেন, এবং যেদিক হইতে ঐ কার্য হইয়াছিল, তাহার দিকে মন একটি ভরত্ব নিক্ষেপ করে, আগর সেই তরন্বকেই আমরা 'অমুক নর' বা 'অমুক নারী' বলিয়া থাকি।

এই জ্ঞানক্রিয়ার ত্ইটি উপাদান—একটি ভিতর হইতে ও অপরটি বাহির হইতে আদিতেছে, আর এই ত্ইটির মিশ্রণ (ক+মন) আমাদের বাহ্
জ্বং। সমৃদয় জ্ঞান প্রতিক্রিয়ার ফল। তিমি মংশ্র সম্বন্ধে গণনা দ্বারা স্থির
করা হইয়াছে যে, উহার লেজে আঘাত করিবার কতকক্ষণ পরে উহার মন ঐ
লেজের উপর প্রতিক্রিয়া করে এবং ঐ লেজে কট্ট অহুভব হয়। শুক্তির কথা
ধক্ষন, একটি বালুকাকণা ' ঐ শুক্তির খোলার ভিতর প্রবেশ করিয়া উহাকে

> বৈজ্ঞানিক পশুতগণের মতে বালুকাকণা হইতে ম্ক্রার উৎপত্তি—এই লোক-প্রচলিত বিখাসটির কোন ভিত্তি নাই। সম্ভবতঃ কুফ্রকীটাণুবিশেষ (Parasite) হইতে মুক্রার উৎপত্তি।

উত্তেজিত করিতে থাকে—তথন ঐ শুক্তি বালুকাকণার চতুর্দিকে নিজ রস প্রকেপ করে—তাহাতেই মৃক্তা উৎপন্ন হয়। তুইটি বিনিদে মৃক্তা প্রস্তুত হইতেছে। প্রথমতঃ শুক্তির শরীর-নি:স্থত রস, আর দ্বিতীয়তঃ বহির্দেশ হইতে প্রদত্ত আঘাত। আমার এই টেবিলটির জ্ঞানও সেরপ—'ক'+মন। ঐ বস্তকে জানিবার চেট্টাটা তো মনই করিবে; স্বতরাং মন উহাকে ব্ঝিবার জ্ঞা নিজের সত্তা কতকটা উহাতে প্রদান করিবে, আর ষ্থনই আমরা উহা জানিলাম, তথনই উহা হইয়া দাড়াইল একটি যৌগিক পদার্থ—'ক + মন'। আভ্যন্তরিক অনুভৃতি সম্বন্ধে অর্থাৎ যুখন আমরা নিজেকে জানিতে ইচ্ছা করি. তথনও এরপ ব্যাপার ঘটিয়া থাকে। যথার্থ আছ্মা বা আমি, যাহা আমাদের ভিতরে রহিয়াছে, তাহাও অজ্ঞাত ও অজ্ঞেয়। উহাকে 'খ' বলা যাক। যখন আমি আমাকে শ্রীঅমুক বলিয়া জানিতে চাই, তথন ঐ 'খ' 'খ+মন' এইরূপে প্রতীত হয়। যখন আমি আমাকে জানিতে চাই, তখন ঐ 'থ' মনের উপর একটি আঘাত করে, মনও আবার ঐ 'ব'-এর উপর আঘাত করিয়া থাকে। অতএব আমাদের সমগ্র জগতে জ্ঞানকে 'ক 🕂 মন' (বাহুজগৎ) এবং 'খ 🕂 মন' (অন্তর্জগৎ) রূপে নির্দেশ করা যাইতে পারে। আমরা পরে দেখিব, অবৈতবাদীদের সিদ্ধান্ত কিরূপে গণিতের স্থায় প্রমাণ করা যাইতে পারে।

'ক' ও 'থ' কেবল বীজগণিতের অজ্ঞাত সংখ্যামাত্র। আমরা দেখিয়াছি, সকল জ্ঞানই যৌগিক—বাহুজগৎ বা ত্রহ্মাণ্ডের জ্ঞানও যৌগিক, এবং বৃদ্ধি বা আহংজ্ঞানও সেরপ একটি যৌগিক ব্যাপার। যদি উহা ভিতরের জ্ঞান বা মানদিক অস্তৃতি হয়, তবে উহা 'থ + মন', আর যদি উহা বাহিরের জ্ঞান বা বিষয়ায়ভৃতি হয়, তবে উহা 'ক + মন'। সম্দয় ভিতরের জ্ঞান 'থ'-এর সহিত মনের সংযোগলর এবং বাহিরের জড় পদার্থের সম্দয় জ্ঞান 'ক'-এর সহিত মনের সংযোগলর এবং বাহিরের জড় পদার্থের সম্দয় জ্ঞান 'ক'-এর সহিত মনের সংযোগলর কল। প্রথমে ভিতরের ব্যাপারটি গ্রহণ করিলাম। আমরা প্রকৃতিতে যে জ্ঞান দেখিতে পাই, তাহা সম্পূর্ণরূপে প্রাকৃতিক হইতে পারে না, কারণ জ্ঞান 'থ' ও মনের সংযোগলর, আর ঐ 'থ' আত্মা হইতে আদিতেছে। অভএব আমরা বে জ্ঞানের সহিত পরিচিত, তাহা আত্মহৈতল্পের শক্তির সহিত প্রকৃতির সংযোগের ফল। এইরূপে আমরা বাহিরের সন্তা যাহা জানিতেছি, তাহাও অবশু মনের সহিত 'ক'-এর সংযোগে উৎপন্ন। অভএব আমরা দেখিতেছি যে, আমি আছি, আমি জানিতেছি ও আমি স্থবী অর্থাৎ সময়ে সময়ে আমাদের ভাব

আদে যে, আমার কোন অভাব নাই—এই তিনটি তত্ত্বে আমাদের জীবনের কেন্দ্রগত ভাব, আমাদের জীবনের মহান্ ভিত্তি প্রতিষ্ঠিত, আর ঐ কেন্দ্র বা ভিত্তি সীমাবিশিষ্ট হইয়া অপর বস্তুসংযোগে যৌগিক ভাব ধারণ করিলে আমরা উহাকে স্থুপ বা হু:খ নামে অভিহিত করিয়া থাকি। এই তিনটি তত্ত্বই ব্যাবহারিক সত্তা, ব্যাবহারিক জ্ঞান ও ব্যাবহারিক আনন্দ বা প্রেমরূপে প্রকাশিত হইতেছে। প্রত্যেক ব্যক্তিরই অন্তিত্ব আছে, প্রত্যেককেই জানিতে হইবে এবং প্রত্যেক ব্যক্তিই আনন্দের জন্ম হইয়াছে। ইহা অতিক্রম করিবার সাধ্য তাহার নাই। সমগ্র জগতেই এইরূপ। পশুগণ, উদ্ভিদ্গণ ও নিম্নতম হইতে উচ্চতম সত্তা পর্যন্ত সকলেই ভালবাসিয়া থাকে। আপনারা উহাকে ভালবাসা না বলিতে পারেন, কিন্তু অবশুই তাহারা দকলেই জগতে থাকিবে, তাহারা সকলেই জানিবে এবং সকলেই ভালবাসিবে। অতএব এই যে সত্তা আমরা জানিতেছি, তাহা পূর্বোক্ত 'ক' ও মনের সংযোগফল, আর আমাদের জ্ঞানও দেই ভিতরের 'খ' ও মনের সংযোগফল, আর প্রেমও ঐ 'খ' ও মনের সংযোগ-অতএৰ এই যে তিনটি বস্ত বা তত্ত ভিতর হইতে আসিয়া বাহিরের বম্বর সহিত মিশ্রিত হইয়া ব্যাবহারিক সন্তা, ব্যাবহারিক জ্ঞান ও ব্যাবহারিক প্রেমের সৃষ্টি করিতেছে, ভাহাদিগকেই বৈদান্তিকেরা নিরপেক বা পারমার্থিক সন্তা (সৎ), পারমাথিক জ্ঞান (চিৎ) ও পারমার্থিক 'আনন্দ' বলিয়া থাকেন।

দেই পারমার্থিক সন্তা, যাহা অসীম অমিল্ল অযৌগিক, যাহার কোন পরিণাম নাই, তাহাই সেই মৃক্ত আত্মা, আর যথন সেই প্রকৃত সন্তা প্রাকৃতিক বস্তুর সহিত মিল্লিত হইয়া যেন মলিন হইয়া যায়, তাহাকেই আমরা মানবনামে অভিহিত করি। উহা সীমাবদ্ধ হইয়া উদ্ভিদ্জীবন, পশুজীবন বা মানব-জীবনত্রপে প্রকাশিত হয়। যেমন অনস্ত দেশ এই গৃহের দেয়াল বা অক্ত কোনত্রপ বেইনের হারা আপাততঃ সীমাবদ্ধ বোধ হয়। সেই পারমার্থিক জ্ঞান বলিতে যে জ্ঞানের বিষয় আমরা জানি, তাহাকে বুঝায় না—বৃদ্ধি বা বিচারশক্তি বা সহজাত জ্ঞান কিছুই বুঝায় না, উহা সেই বস্তুকে বুঝায়, যাহা বিভিন্ন আকারে প্রকাশিত হইলে আমরা এই-সকল বিভিন্ন নামে অভিহিত করিয়া থাকি। যথন সেই নিরপেক্ষ বা পূর্ণজ্ঞান সীমাবদ্ধ হয়, তথন আমরা উহাকে দ্ব্য বা প্রাতিভ জ্ঞান বলি, যথন আরও অধিক সীমাবদ্ধ হয়, তথন উহাকে যুক্তিবিচার, সহজাত জ্ঞান ইত্যাদি নাম দিয়া থাকি। সেই নিরপেক্ষ উহাকে যুক্তিবিচার, সহজাত জ্ঞান ইত্যাদি নাম দিয়া থাকি। সেই নিরপেক্ষ

জ্ঞানকে 'বিজ্ঞান' বলে। উহাকে 'সর্বজ্ঞতা' বলিলে উহার ভাব অনেকটা প্রকাশ হইতে পারে। উহা কোন প্রকার যৌগিক পদার্থ নয়। উহা আত্মার খভাব। যখন সেই নিরপেক আনন্দ সীমাবদ্ধ ভাব ধারণ করে, তখনই উহাকে আমরা 'প্রেম' বলি—'যাহা স্থূলশরীর, স্ক্রেশরীর বা ভাবসমূহের প্রতি আকর্ষণ-খন্ধপ। এইগুলি সেই আনন্দের বিক্বত প্রকাশমাত্র আর ঐ আনন্দ আত্মার গুণবিশেষ নয়, উহা আত্মার স্বন্ধপ—উহার আভ্যন্তরিক প্রকৃতি। নিরপেক্ষ সন্তা, নিরপেক্ষ জ্ঞান ও নিরপেক্ষ আনন্দ আত্মার গুণ নয়, উহারা আত্মার স্বন্ধপ, উহাদের সহিত আত্মার কোন প্রভেদ নাই। আর ঐ তিনটি একই জিনিস, আমরা এক বস্তুকে তিন বিভিন্ন ভাবে দেখিয়া থাকি মাত্র। উহারা সমৃদয় সাধারণ জ্ঞানের অত্যত, আর তাহাদের প্রতিবিধ্বে প্রকৃতিকে কৈত্যময় বলিয়া বোধ হয়।

আত্মার সেই নিত্য নিরপেক্ষ জ্ঞানই মানব-মনের মধ্য দিয়া আদিয়া আমাদের বিচার-যুক্তি ও বৃদ্ধি হইয়াছে। যে উপাধি বা মাধ্যমের ভিতর দিয়া উহা প্রকাশ পায়, ভাহার বিভিন্নতা অহুসারে উহার বিভিন্নতা হয়। আত্মা হিদাবে আমাতে এবং অতি কৃত্ততম প্রাণীতে কোন প্রভেদ নাই, কেবল তাহার মন্তিম জ্ঞানপ্রকাশের অপেক্ষাকৃত অমুপ্রোগী যন্ত্র, এইজন্ত তাহার জ্ঞানকে আমরা সহজাত জ্ঞান বলিয়া থাকি। মানবের মন্তিম্ব আতি স্ক্রতর ও জ্ঞানপ্রকাশের উপযোগী, সেইজ্ঞা তাহার নিকট জ্ঞানের প্রকাশ স্পাষ্টতর, আর উচ্চতম মানবে উহা একথণ্ড কাচের স্থায় সম্পূর্ণ স্বচ্ছ হইয়া অস্তিত্ব বা সত্তা সম্বন্ধেও এইরূপ ; আমরা ষে অস্তিত্বকে জানি, এই শীমাবদ্ধ ক্ষুদ্র অন্তিত্ব সেই নিরপেক্ষ সন্তার প্রতিবিদ্নমাত্র, এই নিরপেক্ষ সত্তাই আয়ার স্বরূপ। আনন্দ সম্বন্ধেও এইরূপ; যাহাকে আমরা প্রেম বা আকর্ষণ বলি, তাহা সেই আত্মার নিত্য আনন্দের প্রতিবিশ্বস্করপ, কারণ যেমন ব্যক্তভাব বা প্রকাণ হইতে থাকে, অমনি সদীমতা আদিয়া থাকে, কিন্তু আত্মার দেই অব্যক্ত স্বাভাবিক স্বরূপগত সত্তা অদীম ও অনন্ত, দেই আনন্দের দীমা নাই। কিন্তু মানবীয় প্রেমে সীমা আছে। আমি আজ আপনাকে ভালবাদিলাম, তার পরদিনই আনি আপনাকে আর ভালবাসিতে নাও পারি। একদিন আমার ভালবাসা বাড়িয়া উঠিল, ভার পরদিন আবার কমিয়া এগল, কারণ উহা একটি সীমাবদ্ধ প্রকাশমাত্র। অতএব কপিলের মতের বিরুদ্ধে এই

প্রথম কথা পাইলাম, তিনি আত্মাকে নিগুণ, অরূপ, নিজ্ঞিয় পদার্থ বিলয়। কর্মনা করিয়াছেন; কিন্তু বেদান্ত উপদেশ দিতেছেন—উহা সমৃদ্য সন্তা, জ্ঞান ও আনন্দের সারস্বরূপ, আমরা যতপ্রকার জ্ঞানের বিষয় জ্ঞানি, তিনি তাহা হইতে অনন্তগুণে মহত্তর, আমরা মানবীয় প্রেম বা আনন্দের যতদ্র পর্যন্ত কর্মনা করিতে পারি, তিনি তাহা হইতে অনন্তগুণে অধিক আনন্দময়, আরু তিনি অনন্ত সন্তাবান্। আত্মার কথনও মৃত্যু হয় না। আত্মার সহক্ষে জ্মন-মরণের কথা ভাবিতেই পারা যায় না, কারণ তিনি অনন্ত সন্তাশ্বরূপ।

কপিলের সহিত আমাদের দ্বিতীয় বিষয়ে মতভেদ—তাঁহার ঈশ্বর-বিষয়ক ধারণা লইয়া। যেমন ব্যষ্টিবৃদ্ধি হইতে আরম্ভ করিয়া ব্যষ্টিশরীর পর্যস্ত এই প্রাকৃতিক সাস্ত প্রকাশ-শ্রেণীর পশ্চাতে উহাদের নিয়ন্তা ও স্বরূপ আত্মাকে স্বীকার করা প্রয়োজন, সমষ্টিতেও—বৃহৎ ব্রহ্গাণ্ডেও সমষ্টি বৃদ্ধি, সমষ্টি মন, সমষ্টি স্ক্ষা ও স্থূল জড়ের পশ্চাতে তাহাদের নিয়স্তা ও শাস্তারূপে কে আছেন, আমরা তাঁহাকে এই কথা জিজ্ঞাদা করিব। এই সমষ্টিবুদ্ধ্যাদি শ্রেণীর পশ্চাতে উহাদের নিয়স্তা ও শাস্তাম্বরূপ এক দর্বব্যাপী আত্মা স্বীকার না করিলে ঐ শ্রেণী সম্পূর্ণ হইবে কিরূপে ? যদি আমরা অস্বীকার করি, সমুদয় ব্রহ্মাণ্ডের একজন শান্তা আছেন—তাহা হইলে ঐ ক্ষুদ্রতর শ্রেণীর পশ্চাতেও যে একজন আত্মা আছেন, ইহাও অস্বীকার করিতে হইবে; কারণ সমগ্র ব্রহ্মাণ্ড একই নির্মাণপ্রণালীর পৌন:পুনিকতা মাত্র। আমরা একতাল মাটিকে জানিতে পারিলে দকল মৃত্তিকার স্বরূপ জানিতে পারিব। যদি আমরা একটি মানবকে বিশ্লেষণ করিতে পারি, তবে সমগ্র জগৎকে বিশ্লেষণ করা হইল; কারণ সবই এক নিয়মে নির্মিত। অতএব যদি ইহা সভ্য হয় যে, এই ব্যষ্টিশ্রেণীর পশ্চাতে এমন একজন আছেন, যিনি সম্দয় প্রকৃতির অতীত, ষিনি পুরুষ, যিনি কোন উপাদানে নির্মিত নন, তাহা হইলে ঐ একই যুক্তি সমষ্টি-ব্রহ্মাণ্ডের উপরও খাটিবে এবং উহার পশ্চাতেও একটি চৈতগুকে স্বীকার করার প্রয়েক্ষন হইবে। যে সর্বব্যাপী চৈতন্ত প্রকৃতির সমৃদয় বিকারের পশ্চাতে রহিয়াছে, বেদাস্ত তাহাকে সকলের নিয়স্তা 'ঈশ্বর' বলেন।

এখন পূর্বোক্ত তৃইটি বিষয় অপেক্ষা গুরুতর বিষয় লইয়া সাংখ্যের সহিত আমাদিগকে বিবাদ করিতে হইবে। বেদাস্তের মত এই যে, আত্মা একটিমাত্রই থাকিতে পারেন। যেহেতু আত্মা কোন প্রকার বস্তু দারা গঠিত নয়, সেই হেতু প্রত্যেক আত্মা অবশ্রই সর্বব্যাপী হইবে—সাংখ্যের এই মত প্রমাণ করিয়া বিবাদের প্রারম্ভেই আমরা উহাদিগকে বেণ ধাকা দিতে পারি। ষে-কোন বস্তু সীমাবদ্ধ, ভাহা অপর কিছুর দারা সীমিত। এই টেবিলটি রহিয়াছে—ইহার অন্তিত্ব অনেক বস্তুর দারা দীমাবদ্ধ, আর দীমাবদ্ধ বস্তু বলিলেই পূর্ব হইতে এমন একটি বস্তুর কল্পনা করিতে হয় যাহা উহাকে সীমাবদ্ধ করিয়াছে। যদি আমরা 'দেশ' দম্বন্ধে চিস্তা করিতে ষাই, তবে উহাকে একটি কুদ্র বৃত্তের মতো চিস্তা করিতে হয়, কিন্তু তাহারও বাহিরে আরও 'দেশ' রহিয়াছে। আমরা অন্ত কোন উপায়ে সীমাবদ্ধ দেশের বিষয় কল্পনা করিতে পারি না। উহাকে কেবল অনস্তের মধ্য দিয়াই বুঝা ও অহভব করা যাইতে পারে। সসীমকে অন্বভব করিতে হইলে সর্বস্থলেই আমাদিগকে অসীমের উপলব্ধি করিতে হয়। হয় হুইটিই স্বীকার করিতে হয় নতুবা কোনটিকেই স্বীকার করা চলে না। ষ্থন আপনারা 'কাল' সম্বন্ধে চিস্তা করেন, তথন আপনাদিগকে নির্দিষ্ট একটা 'কালের অভীত কাল' সম্বন্ধেও চিন্তা করিতে হয়। উহাদের একটি সীমাবদ্ধ কাল, আর বৃহত্তরটি অসীম কাল। যথনই আপনারা সসীমকে অমুভব করিবার চেষ্টা করি:বন, তথনই দেখিবেন—উহাকে অসীম হইতে পৃথক করা অসম্ভব। যদি তাই হয়, তবে আমরা তাহা হইতেই প্রমাণ করিব বে, এই আত্মা অসীম ও দর্বব্যাপী। এখন একটি গভীর সমস্থা আদিতেছে। সর্বব্যাপী ও অনস্ত পদার্থ কি তুইটি হইতে পারে ? মনে করুন, অসীম বস্তু তুইটি হইল—ভাহা হইলে উহাদের মধ্যে একটি অপরটিকে সীমাবদ্ধ করিবে। মনে করুন, 'ক' ও 'থ' হুইটি অনস্ত বস্ত রহিয়াছে। তাহা হুইলে অনস্ত 'ক' অনস্ত 'খ'কে সীমাবদ্ধ করিবে। কারণ আপনি ইহা বলিতে পারেন যে, অনস্ত 'ক' অনস্ত 'ঝ' নয়, আবার অনস্ত 'ঝ'-এর সম্বন্ধেও বলা যাইতে পারে যে, উহা অনস্ত 'ক' নয়। অতএব অনস্ত একটিই থাকিতে পারে। দ্বিতীয়তঃ অনস্তের ভাগ হইতে পারে না। অনস্তকে ষত ভাগ করা যাক না কেন, তথাপি উহা অনস্তই হইবে, কারণ উহাকে স্বরুপ হইতে পৃথক্ করা যাইতে পারে না। মনে কৰুন, এক অনস্ত সমুদ্ৰ রহিয়াছে, উহা হইতে কি আপনি এক ফোঁটা জ্বও লইতে পারেন ? যদি পারিতেন, তাহা হইলে সমুদ্র আর অনস্ত থাকিত না, ঐ এক ফোটা জলই উহাকে সীমাবদ্ধ করিত। অনস্তকে কোন উপায়ে ভাগ করা ষাইতে পারে না।

কিন্তু আত্মা যে এক, ইহা অপেকাও তাহার প্রবলতর প্রমাণ আছে। অধু তাই নয়, সমগ্র ব্রহ্মাও যে এক অখণ্ড সত্তা—ইহাও প্রমাণ করা যাইতে পারে। আর একবার আমরা পূর্বকথিত 'ক' ও 'খ' নামক অজ্ঞাতবস্তুস্চক চিহ্নের সাহায্য গ্রহণ করিব। আমরা পূর্বেই দেখিয়াছি, যাহাকে আমরা বহির্জাণ বলি, তাহা 'ক 🕂 মন', এবং অন্তর্জাণ 'খ 🕂 মন'। 'ক' ও 'খ' এই তৃইটিই অজ্ঞাত-পরিমাণ বস্ত — তৃইই অজ্ঞাত ও অজ্ঞেয়। এখন দেখা বাক্, মন কি ? দেশ-কাল-নিমিত্ত ছাড়া মন আর কিছুই নয়—উহারাই মনের স্বরূপ। আপনারা কাল ব্যতীত কথন চিস্তা করিতে পারেন না, দেশ ব্যতীত কোন বস্তুর ধারণা করিতে পারেন না এবং নিমিত্ত বা কার্য-কারণ-সম্বন্ধ ছাড়িয়া কোন বম্বর কল্পনা করিতে পারেন না। পূর্বোক্ত 'ক' ও 'খ' এই তিনটি ছাচে পড়িয়া মন ছারা সীমাবদ্ধ হইতেছে। ঐগুলি ব্যতীত মনের শ্বরূপ আর কিছুই নয়। এখন ঐ তিনটি ছাঁচ, যাহাদের নিজস্ব কোন অন্তিত্ব নাই, সেগুলি তুলিয়া লউন। কি অবশিষ্ট থাকে ? তথন সবই এক হইয়া যায়। 'ক' ও 'খ' এক বলিয়া বোধ হয়। কেবল এই মন—এই ছাঁচই উহাদিগকে আপাতদৃষ্টিতে সীমাবদ্ধ করিয়াছিল এবং উহাদিগকে অন্তর্জগৎ ও বাহুজ্ঞগৎ— এই হুই রূপে িন্ন করিয়াছিল। 'ক' ও 'ধ' উভয়ই অঞাত ও অজ্ঞেয়। ব্দামরা উহাদিগের উপর কোন গুণের আরোপ করিতে পারি না। স্থতরাং গুণ- বা বিশেষণ-রহিত বলিয়া উভয়েই এক। যাহা গুণরহিত ও নিরপেক্ষ পূর্ণ, তাহা অবশ্রই এক হইবে। নিরপেক্ষ পূর্ণ বস্তু ঘুইটি হইতে পারে না। যেখানে কোন গুণ নাই, দেখানে কেবল এক বম্বই থাকিতে পারে। 'ক' ও 'ব' উভয়ই নিগুণ, কারণ উহারা মন হইতেই গুণ পাইতেছে। অতএব এই 'ক' ও 'খ' এক।

সমগ্র ব্রহ্মাণ্ড এক অথণ্ড সন্তামাত্র। জগতে কেবল এক আত্মা, এক সন্তা আছে; আর সেই এক সন্তা যথন দেশ-কাল-নিমিত্তের ছাঁচের মধ্যে পড়ে, তথনই তাহাকে বৃদ্ধি, অহংজ্ঞান, স্ক্-ভূত, স্থূল-ভূত প্রভৃতি আখ্যা দেওয়া হয়। সমৃদয় ভৌতিক ও মানসিক আকার বা রূপ, ষাহা কিছু এই জগদ্বক্ষাণ্ডে আছে, তাহা সেই এক বস্ত-কেবল বিভিন্নরূপে প্রতিভাত হইতেছে মাত্র। যথন উহার একটু অংশ এই দেশ-কাল-নিমিত্তের জালে পড়ে, তথন উহ। আকার গ্রহণ করে বলিয়া বোধ হয়; এ জাল সরাইয়া দেখুন—স্বই এক। এই সমগ্র

জ্গৎ এক অথণ্ডস্বরূপ, আর উহাকেই অত্তৈত-বেদাস্তদর্শনে 'ব্রহ্ম' বলে। ব্রহ্ম যখন ব্রহ্মাণ্ডের পশ্চাতে আছেন বলিয়া প্রতীত হন, তখন তাঁহাকে 'ঈশ্বর' বলে, আর যথন তিনি এই কুদ্র ব্রহ্মাণ্ডের পশ্চাতে বিজমান বলিয়া প্রতীত হন, তথন তাঁহাকে 'আত্মা' বলে। অতএব এই আত্মাই মানুষের অভ্যন্তরস্থ ঈশ্বর। একটিমাত্র পুরুষ আছেন—তাঁহাকে ঈশ্বর বলে, আর যথন ঈশ্বর ও মানবের স্বরূপ বিশ্লেষণ করা হয়, তখন বুঝা যায়—উভয়ই এক। এই ব্হ্বাণ্ড আপনি স্বয়ং, অবিভক্ত আপনি। আপনি এই সমগ্র জগতের মধ্যে রহিয়াছেন। 'দকল হন্তে আপনি কাজ করিতেছেন, দকল মুখে আপনি খাইতেছেন, সকল নাসিকায় আপনি খাস-প্রখাস ফেলিতেছেন, সকল মনে আপনি চিন্তা করিতেছেন।'' সমগ্র জগৎই আপনি। এই ব্রহ্মাণ্ড আপনার শরীর। আপনি বাক্ত ও অব্যক্ত উভয় জগৎ; আপনিই জগতের আত্মা, আবার আপনিই উহার শরীরও বটে। আপনিই ঈশ্বর, আপনিই দেবতা, আপনিই মাহষ, আপনিই পশু, আপনিই উদ্ভিদ্, আপনিই খনিজ, আপনিই সব--- সমৃদয় ব্যক্ত জগৎ আপনিই। যাহা কিছু আছে সবই 'আপনি'; যথার্থ 'আপনি' যাহা—দেই এক অবিভক্ত আত্মা ; যে ক্ষুদ্র সীমাবদ্ধ ব্যক্তি-বিশেষকে আপনি 'আমি' বলিয়া মনে করেন, তাহা নয়।

এখন এই প্রশ্ন উঠিতেছে, আপনি অনন্ত পুরুষ হইয়া কিভাবে এইরূপ খণ্ড থণ্ড হইলেন ?—কিভাবে এ অমুক, পশুপক্ষী বা অক্সান্ত বস্তু হইলেন ? ইহার উত্তর: এই-সম্দয় বিভাগই আপাতপ্রতীয়মান। আমরা জানি, অনস্তের কখন বিভাগ হইতে পারে না। অতএব আপনি একটা অংশমাত্ত—এ-কথা মিখ্যা, উহা কখনই সত্য হইতে পারে না। আর আপনি যে এ অমুক—এ-কথাও কোনকালে সত্য নয়, উহা কেবল স্বপ্নমাত্ত। এটি জানিয়া মুক্ত হউন। ইহাই অবৈতবাদীর সিদ্ধান্ত।

'আমি মনও নই, দেহও নই, ইন্দ্রিয়ও নই—আমি অথও সচিদানন্দ্ররূপ। আমি সেই, আমিই সেই।'

১ গাঁতা, ১৩।১৩

২ মনোবুদ্ধাংকার চিস্তানি নাহং ন চ শ্রোত্রজিহের ন চ প্রাণনেত্রে। ন চ ব্যোমভূমি ন ভেজো ন বায়ু শ্চিদানন্দরূপঃ শিবোহহং শিবোহহম্॥

⁻⁻ নির্বাণষ্ট্কন্, শংকরাচার্য

ইহাই জ্ঞান এবং ইহা ব্যতীত আর যাহা কিছু সবই অজ্ঞান। যাহা কিছু আছে, সবই অজ্ঞান—অজ্ঞানের ফলস্বরূপ। আমি আবার কি জ্ঞান লাভ করিব কি ? আমি ক্ষয়ং প্রাণস্বরূপ। জীবন আমার স্বরূপের গৌণ বিকাশমাত্র। আমি নিশ্চয়ই জ্ঞানি যে, আমি জীবিত, তাহার কারণ আমিই জীবনস্বরূপ সেই এক পুরুষ। এমন কোন বস্তু নাই, যাহা আমার মধ্য দিয়া প্রকাশিত নয়, যাহা আমাতে নাই এবং যাহা আমার স্বরূপে অবস্থিত নয়। আমিই পঞ্চভূত-রূপে প্রকাশিত; কিন্তু আমি এক ও মৃক্তস্বরূপ। কে মৃক্তি চায় ? কেহই মৃক্তি চায় না। যদি আপনি নিজেকে বন্ধ বলিয়া ভাবেন তো বন্ধই থাকিবেন, আপনি নিজেই নিজের বন্ধনের কারণ হইবেন। আর যদি আপনি উপলব্ধি করেন যে আপনি মৃক্ত, তবে এই মৃহুর্তেই আপনি মৃক্ত। ইহাই জ্ঞান—মৃক্তির জ্ঞান, এবং মৃক্তিই সমৃদয় প্রকৃতির চরম লক্ষ্য।

মুক্ত আত্মা

আমরা দেখিয়াছি, সাংখ্যের বিশ্লেষণ দৈতবাদে পর্যবসিত—উহার সিদ্ধান্ত এই বে, চরমতত্ব—প্রকৃতি ও আত্মাদমূহ। আত্মার সংখ্যা অনস্ত, আর ষেহেতু আত্মা অমিশ্র পদার্থ, সেইজ্ঞ উহার বিনাশ নাই, স্থতরাং উহা প্রকৃতি হইতে অবশ্রুই স্বতন্ত্র। প্রকৃতির পরিণাম হয় এবং তিনি এই সমৃদয় প্রপঞ্চ প্রকাশ করেন। সাংখ্যের মতে আত্মা নিক্রিয়। উহা অমিশ্র, আর প্রকৃতি আত্মার অপবর্গ বা মৃক্তি-সাধনের জন্মই এই সমৃদয় প্রপঞ্জাল বিস্তার করেন, আর আত্মা যথন ব্ঝিতে পারেন, তিনি প্রকৃতি নন, তখনই তাঁহার মুক্তি। অপর দিকে আমরা ইহাও দেখিয়াছি যে, সাংখ্যদিগকে বাধ্য হইয়া স্বীকার করিতে হয়, প্রত্যেক আত্মাই সর্বব্যাপী। আত্মা যথন অমিশ্র পদার্থ, তথন তিনি সদীম হইতে পারেন না; কারণ সমৃদয় সীমাবদ্ধ ভাব দেশ কাল বা নিমিত্তের মধ্য দিয়া আসিয়া থাকে। আত্মা যখন সম্পূর্ণরূপে ইহাদের অতীত, তথন তাঁহাতে সদীম ভাব কিছু থাকিতে পারে না। দদীম হইতে গেলে তাঁহাকে দেশের মধ্যে থাকিতে হইবে, আর তাহার অর্থ—উহার একটি দেহ অবশ্রই থাকিবে; আবার যাঁহার দেহ আছে, তিনি অবশ্র প্রস্কৃতির অন্তর্গত। যদি আত্মার আকার থাকিত, তবে তো আত্মা প্রাকৃতির সহিত অভিন্ন হইতেন। অতএব আত্মা নিরাকার; আর যাহা নিরাকার তাহা এখানে, সেখানে বা অন্ত কোন স্থানে আছে—এ কথা বলা যায় না। উহা অবশুই সর্বব্যাপী হইবে। সাংখ্যদর্শন ইহার উপরে আর যায় নাই।

সাংখ্যদের এই মতের বিরুদ্ধে বেদান্তীদের প্রথম আপত্তি এই ষে, সাংখ্যের এই বিশ্লেষণ সম্পূর্ণ নয়। যদি প্রস্তুতি একটি অমিশ্র বন্ধ হয় এবং আত্মাও যদি অমিশ্র বন্ধ হয়, তবে ত্ইটি অমিশ্র বন্ধ হইল, আর ষে-সকল যুক্তিতে আত্মার সর্বব্যাপিত প্রমাণিত হয়, তাহা প্রস্তুতির পক্ষেও থাটিবে, স্ত্রাং উহাও সমৃদয় দেশ-কাল-নিমিত্তের অতীত হইবে। প্রস্তুতি যদি এইরূপই হয়, তবে উহার কোনরূপ পরিবর্তন বা বিকাশ হইবে না। ইহাতে মৃশকিল হয় এই ষে, ত্ইটি অমিশ্র বা পূর্ণ বন্ধ ত্বীকার করিতে হয়, আর তাহা অসম্ভব ।

এ বিষয়ে বেদাস্তীদের সিদ্ধান্ত কি? তাঁহাদের সিদ্ধান্ত এই যে, সুল জড় হইতে মহৎ বা বুদ্ধিতত্ত পর্যন্ত প্রকৃতির সমৃদয় বিকার যথন অচেতন, তথন ষাহাতে মন চিম্ভা করিতে পারে এবং প্রক্ততি কার্য করিতে পারে, তাহার জন্ম উহাদের পশ্চাতে উহাদের পরিচালক শক্তিম্বরূপ একজন চৈতন্তবান্ পুরুষের অন্তিত স্বীকার করা আবশ্রক। বেদান্তী বলেন, সমগ্র ব্রহ্মাণ্ডের পশ্চাতে এই চৈতম্বান্ পুরুষ রহিয়াছেন, তাঁহাকেই আমরা 'ঈশ্বর' বলি, স্তরাং এই জগৎ তাঁহা হইতে পৃথক্ নয়। তিনি জগতের শুধু নিমিত্তকারণ নন, উপাদানকারণও বটে। কারণ কখনও কার্য হইতে পৃথক্ নয়। কার্য কারণেরই রূপাস্তর মাত্র। ইহা তো আমরা প্রতিদিনই দেখিতেছি। অতএব ইনিই প্রকৃতির কারণস্করপ। দৈত, বিশিষ্টাদৈত বা অদৈত – বেদাস্তের যত বিভিন্ন মত বা বিভাগ আছে, সকলেরই এই প্রথম দিদ্ধান্ত যে, ঈশর এই জগতের শুধু নিমিত্ত-কারণ নন, তিনি ইহার উপাদান-কারণও বটে; যাহা কিছু ব্দগতে আছে, সবই তিনি। বেদাস্তের দ্বিতীয় সোপান—এই আত্মাগণও ঈশবের অংশ, দেই অনস্ত বহ্নির এক-একটি ফুলিন্নমাত্র। অর্থাৎ যেমন এক বৃহৎ অগ্নিরাশি হইতে সহস্র সহস্র ক্লিক বহির্গত হয়, তেমনি সেই পুরাতন পুরুষ হইতে এই সমৃদয় আত্মা বাহির হইয়াছে।

এ পর্যন্ত তো বেশ হইল, কিন্ত এই সিদ্ধান্তেও তৃপ্তি হইতেছে না।
অনন্তের অংশ—এ কথার অর্থ কি ? অনন্ত বাহা, তাহা তো অবিভাজ্য।
অনন্তের কথনও অংশ হইতে পারে না। পূর্ণ বস্তু কথনও বিভক্ত হইতে
পারে না। তবে বে বলা হইল, আত্মাসমূহ তাঁহা হইতে ফুলিন্দের মতো
বাহির হইয়াছে—এ কথার তাৎপর্য কি ? অবৈতবেদান্তী এই সমস্তার
এইরূপ মীমাংসা করেন বে, প্রকৃতপক্ষে পূর্ণের অংশ নাই। তিনি বলেন,
প্রকৃতপক্ষে প্রভ্যেক আত্মা তাহার অংশ নন, প্রত্যেকে প্রকৃতপক্ষে সেই অনন্ত
বন্ধবরূপ। তবে এত আত্মা কিরূপে আসিল ? লক্ষ্ক কলকণার উপর
স্থাকারে প্রতিবিদ্ব পড়িয়া লক্ষ্ক লক্ষ্ক স্থ দেখাইতেছে, আর প্রত্যেক কলকণাতেই
ক্ষুলাকারে প্র্যের মূর্তি রহিয়াছে। এইরূপে এই-সকল্ আত্মা প্রতিবিদ্ধ মাত্র,

যথা সুদীপ্তাৎ পাবকাদ্ বিক্ষৃ লিকাঃ সহস্রশঃ প্রভবস্তে স্বরূপাঃ।
 তথাক্ষরাদ্ বিবিধাঃ সৌমাভাবাঃ প্রকারত্তে তত্র চৈবাপি বস্তি।

— মৃশুকোপনিবৎ, ২।১।১

সত্য নয়। তাহারা প্রকৃতপক্ষে সেই 'আমি' নয়, যিনি এই জগতের ঈশ্বর, ব্রহ্মাণ্ডের এই অবিভক্ত সভাষরূপ। অতএব এই-সকল বিভিন্ন প্রাণী, মাহুষ, পশু ইত্যাদি প্রতিবিম্ব মাত্র, সত্য নয়। উহারা প্রকৃতির উপর পতিত মায়াময় প্রতিবিম্ব মাত্র। জগতে একমাত্র অনস্ত পুরুষ আছেন, আর দেই পুরুষ 'আপনি', 'আমি' ইত্যাদি রূপে প্রতীয়মান হইতেছেন, কিন্তু এই ভেদপ্রতীতি মিথ্যা বই আর কিছুই নয়। তিনি বিভক্ত হন নাই, বিভক্ত হইয়াছেন বলিয়া বোধ হইতেছে মাত্র। আর তাঁহাকে দেশ-কাল-নিমিত্তের জালের মধ্য দিয়া দেখাতেই এই আপাতপ্রতীয়মান বিভাগ বা ভেদ হইয়াছে। আমি যখন ঈশ্বকে দেশ-কাল-নিমিত্তের জালের মধ্য দিয়া দেখি, তথন আমি তাঁহাকে জড়জগৎ বলিয়া দেখি; যথন আর একটু উচ্চতর ভূমি হইতে অথচ দেই জালের মধ্যে দিয়াই তাঁহাকে দেখি, তথন তাঁহাকে পশুপক্ষী-রূপে দেখি; আর একটু উচ্চতর ভূমি হইতে মানবরূপে, আরও উচ্চে যাইলে দেবরূপে দেখিয়া থাকি। তথাপি ঈশ্বর জগদ্রহ্মাণ্ডের এক অনস্ত সত্তা এবং আমরাই নেই সত্তাম্বরূপ। আমিও সেই, আপনিও সেই—তাঁহার অংশ নয়, পূণই। 'তিনি অনস্ত জ্ঞাতারূপে সমৃদয় প্রপঞ্চের পশ্চাতে দণ্ডায়মান আছেন, আবার তিনি স্বয়ং সমৃদয় প্রপঞ্সরপ।' তিনি বিষয় ও বিষয়ী—উভয়ই। তিনিই 'আমি', তিনিই 'তুমি'। ইহা কিরূপে হইল ?

এই বিষয়টি নিম্নলিখিতভাবে ব্ঝানো যাইতে পারে। জ্ঞাতাকে কিরপে জানা যাইবে ? জাতা কখনও নিজেকে জানিতে পারে না। আমি সবই দেখিতে পাই, কিন্তু নিজেকে দেখিতে পাই না। সেই আ্আা—িযিনি জ্ঞাতা ও সকলের প্রভু, যিনি প্রকৃত বস্তু—ভিনিই জগতের সমৃদ্য় দৃষ্টির কারণ, কিন্তু তাই র পক্ষে প্রতিবিদ্ব ব্যতীত নিজেকে দেখা বা নিজেকে জানা অসম্ভব। আপনি আ্বানি ব্যতীত আপনার মুখ দেখিতে পান না, সেরপ আ্বানি প্রতিবিদ্বিত না হইলে নিজের স্বরূপ দেখিতে পান না। স্ক্তরাং এই সমগ্র ব্যক্ষাওই আ্বার নিজেকে উপলব্ধির চেটাস্বরূপ। আদি প্রাণকোষ (Protoplasm) তাঁহার প্রথম প্রতিবিদ্ধ, তারপর উদ্ভিদ, পশু প্রভৃতি উৎকৃষ্ট ও উংকৃষ্টতর প্রতিবিদ্ধ-গ্রাহক হইতে সর্বোত্তম প্রতিবিদ্ধ-গ্রাহক—পূর্ণ মানবের

১ বিজ্ঞাভারমরে কেন বিজ্ঞানীয়াও।— বৃহদারণাক উপনিষদ্, ৪।৫।১৫

প্রকাশ হয়। ধেমন কোন মাহ্র নিজম্থ দেখিতে ইচ্ছা করিয়া একটি ক্ষুত্র কর্দমাবিল জলপন্তলে দেখিতে চেষ্টা করিয়া মুখের একটা বাহ্ন দীমারেখা দেখিতে পাইল। তারপর সে অপেকাক্বত নির্মল জলে অপেকাক্বত উত্তম প্রতিবিম্ব দেখিল, তারপর উজ্জ্বল ধাতুতে ইহা অপেক্ষাও স্পষ্ট প্রতিবিম্ব দেখিল। শেষে একথানি আরশি লইয়া তাহাতে মৃথ দেখিল—তথন সে নিজেকে যথাযথভাবে প্রতিবিশ্বিত দেখিল। অতএব বিষয় ও বিষয়ী উভয়-স্বরূপ দেই পুরুষের সর্বশ্রেষ্ঠ প্রতিবিম্ব—'পূর্ণ মানব'। আপনারা এখন দেখিতে পাইলেন, মানব সহজ প্রেরণায় কেন সকল বস্তুর উপাদনা করিয়া থাকে, আর সকল দেশেই পুর্ণমানবগণ কেন স্বভাবতই ঈশ্ব-রূপে পৃজিত হইয়া থাকেন। আপনারা মুথে যাই বলুন না কেন, ইহাদের উপাসনা অবশ্রই করিতে হইবে। এইজগ্রই লোকে এটি-নুদ্ধাদি অবতারগণের উপাসনা করিয়া থাকে। তাঁহারা অনস্ত আত্মার সর্বশ্রেষ্ঠ প্রকাশ-স্বরূপ। আপনি বা আমি ঈশ্বর-সম্বন্ধে যে-কোন ধারণা করি না কেন, ইহারা তাহা অপেকা উচ্চতর। একজন পূর্ণমানব এই-সকল ধারণা হইতে অনেক উচ্চে। তাঁহাতেই জগৎরূপ বৃত্ত সম্পূর্ণ হয়—বিষয় ও বিষয়ী এক হইয়া যায়। তাঁহার সকল ভ্রম ও মোহ চলিয়া ষায়; পরিবর্তে তাঁহার এই অহুভূতি হয় যে, তিনি চিরকাল সেই পূর্ণ পুরুষই রহিয়াছেন। তবে এই বন্ধন কিরূপে আসিল? এই পূর্ণপুরুষের পক্ষে অবনত হইয়া অপূর্ণ-স্বভাব হওয়া কিরুপে সম্ভব হইল ? মৃক্তের পক্ষে বন্ধ হওয়া কিরুপে সম্ভব হইল ? অবৈতবাদী বলেন, তিনি কোনকালেই বন্ধ হন নাই, তিনি নিভ্যমুক্ত। আকাশে নানাবর্ণের নানা মেঘ আদিতেছে। উহারা মুহুর্তকাল দেখানে থাকিয়া চলিয়া যায়। কিস্ত সেই এক নীল আকাশ বরাবর সমভাবে রহিয়াছে। আকাশের কখন পরিবর্তন হয় নাই, মেদেরই কেবল পরিবর্তন হইতেছে। এইরপ আপনারাও পূর্ব হইতেই পূর্ণস্বভাব, অনস্তকাল ধরিয়া পূর্ণই আছেন। কিছুই আপনাদের প্রকৃতিকে কখন পরিবর্তিভ করিতে পারে না, কখন করিবেও না। আমি অপূর্ণ, আমি নর, আমি নারী, আমি পাপী, আমি মন, আমি চিস্তা করিয়াছি, আমি চিন্তা করিব---এই-সব ধারণা ভ্রমমাত্র। আপনি কথনই চিন্তা করেন না, আপনার কোনকালে দেহ ছিল না, আপনি কোনকালে অপূর্ণ ছিলেন না। আপনি এই ব্রহ্মাণ্ডের আনন্দময় প্রভু। যাহা কিছু আছে বা হইবে,

আগনি তৎসমৃদয়ের সর্বশক্তিমান্ নিয়ন্তা—এই স্থা চন্দ্র তারা পৃথিবী উদ্ভিদ্, আমাদের এই জগতের প্রত্যেক অংশের মহান্ শান্তা। আপনার শক্তিতেই স্থা কিরণ দিতেছে, তারাগণ তাহাদের প্রভা বিকিরণ করিতেছে, পৃথিবী স্থার হইয়াছে। আপনার আনন্দের শক্তিতেই সকলে পরস্পরকে ভালবাসিতেছে এবং পরস্পরের প্রতি আরুষ্ট হইতেছে। আপনিই সকলের মধ্যে রহিয়াছেন, আপনিই সর্বস্বরূপ। কাহাকে ত্যাগ করিবেন, কাহাকেই বা গ্রহণ করিবেন? আপনিই সর্বের্গা। এই জ্ঞানের উদয় হইলে মায়ামোহ তৎক্ষণাৎ চলিয়া যায়।

আমি একবার ভারতের মরুভূমিতে ভ্রমণ করিতেছিলাম; এক মাদের উপর ভ্রমণ করিয়াছিলাম, আর প্রত্যহুই আমার সম্মুখে অতিশয় মনোরম দৃশ্যসমূহ—অতি স্থন্দর স্থন্দর বৃক্ষ-হ্রদাদি দেখিতে পাইতাম। একদিন অতিশয় পিপাদার্ভ হইয়া একটি হ্রদে জলপান করিব, ইচ্ছা করিলাম। কিন্তু যেমন হ্রদের দিকে অগ্রদর হইয়াছি অমনি উহা অন্তর্হিত হইল। তৎক্ষণাৎ আমার মন্তিক্ষে যেন প্রবল আঘাতের সহিত এই জ্ঞান আদিল— শারা জীবন ধরিয়া যে মরীচিকার কথা পড়িয়া আদিয়াছি, এ সেই মরীচিকা। তথন আমি আমার নিজের নিবুদ্ধিতা শ্বরণ করিয়া হাসিতে লাগিলাম, গত এক মাদ ধরিয়া এই ষে-সব স্থন্দর দৃশ্য ও হ্রদাদি দেখিতে পাইতেছিলাম, এগুলি মরীচিকা ব্যতীত আর কিছুই নয়, অথচ আমি তথন উহা বুঝিতে পারি নাই। পরদিন প্রভাতে আমি আবার চলিতে লাগিলাম— সেই হ্রদ ও সেই-সব দৃশ্য আবার দেখা গেল, কিন্তু সঙ্গে সঙ্গে আমার এই জ্ঞানও আদিল যে, উহা মরীচিকা মাত্র। একবার জানিতে পারায় উठ'त्र ज्ञां पारिका मिकि नष्टे श्हेशा शियां छिन । धहेन्ना भि धहे अभूजा छि একদিন ঘূচিয়া ষাইবে। এই-সকল ব্রহ্মাণ্ড একদিন আমাদের সমুখ হইতে অন্তর্হিত হইবে। ইহারই নাম প্রত্যক্ষামুভূতি। 'দর্শন' কেবল কথার কথা বা তামাদা নয়; ইহা প্রত্যক্ষ অহভূত হইবে। এই শরীর ষাইবে, এই পৃথিবী এবং আর ষাহা কিছু, সবই ষাইবে---আমি দেহ বা আমি মন, এই বোধ কিছুক্ষণের জন্ম চলিয়া যাইবে, অথবা যদি কর্ম সম্পূর্ণ করা হইয়া থাকে, তবে একেবারে চলিয়া যাইবে, আর ফিরিয়া আদিবে না; আর যদি কর্মের কিয়দংশ অবশিষ্ট থাকে, তবে ষেমন কুম্ভকারের চক্র-

মৃৎপাত্র প্রস্তুত হইয়া গেলেও পূর্ববেগে কিয়ৎক্ষণ ঘুরিতে থাকে, সেরূপ মায়ামোহ সম্পূর্ণরূপে দূর হইয়া গেলেও এই দেহ কিছুদিন থাকিবে। এই জগৎ, নরনারী, প্রাণী—সবই আবার আদিবে, ষেমন পরদিনেও মরীচিকা দেখা গিয়াছিল। কিন্তু পূর্বের ন্যায় উহারা শক্তি বিস্তার করিতে পারিবে না, কারণ দক্ষে এই জ্ঞানও আসিবে যে, আমি ঐগুলির স্বরূপ জানিয়াছি। তথন ঐগুলি আর আমাকে বন্ধ করিতে পারিবে না, কোনরূপ তুংথ কষ্ট শোক আর জাসিতে পারিবে না। ষথন কোন তুংথকর বিষয় আসিবে, মন তাহাকে বলিতে পারিবে—আমি জানি, তুমি ভ্রমমাত্র। যথন মাহ্ব এই অবহা লাভ করে, তথন তাহাকে 'জীবনুক্ত' বলে। জীবনুক্ত-অর্থে জীবিত অবস্থাতেই মৃক্ত। জ্ঞানষোগীর জীবনের উদ্দেশ্য—এই জীবন্মুক্ত হওয়া। তিনিই জীবন্মুক্ত, যিনি এই জগতে অনাসক্ত হইয়া বাস করিতে পারেন। তিনি জলস্থ পদাপত্রের স্থায় থাকেন—উহা যেমন জলের মধ্যে থাকিলেও জল উহাকে কথনই ভিন্ধাইতে পারে না, সেরপ তিনি ন্ধগতে নির্লিপ্তভাবে থাকেন। তিনি মহয়জাতির মধ্যে শ্রেষ্ঠ, ওধু তাই কেন, দকল প্রাণীর মধ্যে শ্রেষ্ঠ। কারণ তিনি সেই পূর্ণস্বরূপের সহিত অভেদভাব উপলব্ধি করিয়াছেন ; তিনি উপলব্ধি করিয়াছেন যে, তিনি ভগবানের সহিত অভিন্ন। যতদিন আপনার জ্ঞান থাকে যে, ভগবানের সহিত আপনার অতি সামান্ত ভেদও আছে, ততদিন আপনার ভয় থাকিবে। কিন্তু যথন আপনি জানিবেন যে, আপনিই তিনি, তাঁহাতে আপনাতে কোন ভেদ নাই, বিনুমাত্র ভেদ নাই, তাঁহার সবটুকুই আপনি, তথন সকল ভয় দ্র হইয়া যায়। 'সেথানে কে কাহাকে দেখে? কে কাহার উপাদনা করে ? কে কাহার সহিত কথা বলে ? কে কাহার কথা শুনে ? বেখানে একজন অপরকে দেখে, একজন অপরকে কথা বলে, একজন অপরের কথা শুনে, উহা নিয়মের রাজ্য। ধেখানে কেহ কাহাকেও দেখে না, কেহ কাহাকেও বলে না, ভাহাই শ্রেষ্ঠ, তাহাই ভূমা, তাহাই বন্ধ।'' আপনিই ভাহা এবং সর্বদাই ভাহা আছেন। তথন জগভের কি হইবে ? আমরা কি জগতের উপকার করিতে পারিব ? এরূপ প্রশ্নই সেধানে উদিত হয় না। এ দেই শিশুর কথার মতো—বড় হইয়া গেলে আমার

১ বৃহ. উপ., ৫।১৫ এপ্টব্য।

মিঠাইয়ের কি হইবে? বালকও বলিয়া থাকে, আমি বড় হইলে আমার মার্বেল গুলির কি দশা হইবে? তবে আমি বড় হইব না। ছোট শিশু বলে, আমি বড় হইলে আমার পুতুলগুলির কি দশা হইবে? এই জগৎ সম্বন্ধে পূর্বোক্ত প্রশ্নগুলিও সেরপ। ভূত ভবিষ্যৎ বর্তমান—এ তিন কালেই জগতের অন্তিত্ব নাই। যদি আমরা আত্মার ষথার্থ স্বরূপ জানিতে পারি, যদি জানিতে পারি—এই আত্মা ব্যতীত আর কিছুই নাই, আর যাহা কিছু স্ব স্বপ্নমাত্র, উহাদের প্রকৃতপক্ষে অন্তিত্ব নাই, তবে এই জগতের হুঃখ-দারিদ্র্য, পাপ-পুণ্য কিছুই আমাদিগকে চঞ্চল করিতে পারিবে না। যদি উহাদের অন্তিত্বই না থাকে, তবে কাহার জন্ম এবং কিদের জন্ম আমি কষ্ট করিব? জ্ঞানধোগীরা ইহাই শিক্ষা দেন। অতএব সাহস অবলম্বন করিয়া মুক্ত হউন, আপনাদের চিন্তাশক্তি আপনাদিগকে যতদূর পর্যন্ত লইয়া যাইতে পারে, সাহসপূর্বক ততদূর অগ্রসর হউন এবং সাহসপূর্বক উহা জীবনে পরিণত করুন। এই জ্ঞানলাভ করা বড় কঠিন। ইহা মহা সাহসীর কার্য। যে সব পুতুল ভাঙিয়া ফেলিতে সাহদ করে—শুধু মানসিক বা কুসংস্কাররূপ পুতুল নয়, ইন্দ্রিয়ভোগ্য বিষয়সমূহরূপ পু্তুলগুলিকেও যে ভাঙিয়া ফেলিতে পারে—ইহা তাহারই কার্য।

এই শরীর আমি নই, ইহার নাশ অবগ্রন্থানী—ইহা তো উপদেশ।
কিন্তু এই উপদেশের দোহাই দিয়া লোকে অনেক অভুত ব্যাপার করিতে
পারে। একজন লোক উঠিয়া বলিল, 'আমি দেহ নই, অতএব আমার
মাথাধরা আরাম হইয়া যাক্।' কিন্তু তাহার শিরঃপীড়া যদি তাহার দেহে না
থাকে, তবে আর কোথায় আছে ? সহস্র শিরঃপীড়া ও সহস্র দেহ আহ্বক,
যাক্ –তাহাতে আমার কি ?

'আমার জন্মও নাই, মৃত্যুও নাই; আমার পিতাও নাই, মাতাও নাই; আমার শক্রও নাই, মিত্রও নাই; কারণ তাহারা সকলেই আমি। (আমিই আমার বন্নু, আমিই আমার শক্র), আমিই অথও সচ্চিদানন্দ, আমি সেই, আমিই সেই।''

ন মে মৃত্যুশকা ন মে জাতিভেদঃ পিতা নৈব মে নৈব মাতা ন জন্ম।
 ন বন্ধুন মিত্রং গুরুনৈব শিশুঃ চিদানন্দরপঃ শিবোহহং শিবোহহম্।

[—] নির্বাণষ্ট্রুক্ম, c, শঙ্করাচার্য

যদি আমি সহস্র দেহে জর ও অক্তান্ত রোগ ভোগ করিতে থাকি, আবার লক্ষ লক্ষ দেহে আমি স্বান্থ্য সন্তোগ করিতেছি। যদি সহস্র দেহে আমি উপবাস করি, আবার অক্ত সহস্র দেহে প্রচুর পরিমাণে আহার করিতেছি। যদি সহস্র দেহে আমি তৃংথ ভোগ করিতে থাকি, আবার সহস্র দেহে আমি স্থথ ভোগ করিতেছি। কে কাহার নিন্দা করিবে? কে কাহার স্তুতি করিবে? কাহাকে চাহিবে, কাহাকে ছাড়িবে? আমি কাহাকেও চাই না, কাহাকেও ভাগে করি না; কারণ আমি সমৃদয় ব্রহ্মাও-স্বরূপ। আমিই আমার স্তুতি করিতেছি, আমিই আমার নিন্দা করিতেছি, আমি নিজের দোষে নিজে কই পাইতেছি; আর আমি যে স্থেগী, ভাহাও আমার নিজের ইচ্ছায়। আমি স্বাধীন। ইহাই জ্ঞানীর ভাব—ভিনি মহা সাহসী, অকুভোভয়, নির্ভীক। সমগ্র ব্রহ্মাও নই হইয়া যাক্ না কেন, ভিনি হাস্থ করিয়া বলেন, উহার কথনও অন্তিওই ছিল না, উহা কেবল মায়া ও ভ্রমমাত্র। এইরূপে ভিনি ভাহার চক্ষের সমক্ষে জগদ্বন্ধাওকে যথার্থই অন্তর্হিত হইতে দেখেন, ও বিশ্বয়ের সহিত প্রশ্ন করেন, 'এ জগং কোথায় ছিল? কোথায়ই বা নিলাইয়া গেল?''

এই জ্ঞানের সাধন-সম্বন্ধে আলোচনা করিতে প্রবৃত্ত হইবার পূর্বে আর একটি আশহার আলোচনা ও তৎ-সমাধানের চেটা করিব। এ পর্যন্ত হাহা বিচার করা হইল, তাহা স্থায়শাল্পের দীমা বিন্দুমাত্র উল্লন্থন করে নাই। যদি কোনও ব্যক্তি বিচারে প্রবৃত্ত হয়, তবে যতক্ষণ পর্যন্ত না সে দিলান্ত করে যে, একমাত্র সর্ত্তাই বর্তমান, আর সমৃদয় কিছুই নয়, ততক্ষণ তাহার থামিবার উপায় নাই। যুক্তিপরায়ণ মানবন্ধাতির পক্ষে এই দিন্ধান্ত-অবলম্বন ব্যতীত গত্যন্তর নাই। কিন্তু একণে প্রশ্ন এই: যিনি অসীম, দদা পূর্ণ, দদানন্দময়, অথও সচ্চিদানন্দস্বরূপ, তিনি এই-সব ল্রমের অধীন হইলেন কিরণে? এই প্রশ্নই জগতের সর্বত্র সকল সময়ে জিজ্ঞাদিত হইয়া আদিতেছে। সাধারণ চলিত কথায় প্রশ্নটি এইরূপে করা হয়: এই জগতে পাপ কিরূপে আদিল? ইহাই প্রশ্নটির চলিত ও ব্যাবহারিক রূপ, আর অপরটি অপেক্ষাকৃত দার্শনিক রূপ। কিন্তু উত্তর একই। নানা শুর হইতে নানাভাবে ঐ একই প্রশ্ন জিজ্ঞাদিত হইয়াছে, কিন্তু নিয়ত্রভাবে উপস্থাপিত হইলে প্রশ্নটির কোন মীমাংসা হয় না;

১ ক গতং কেন বা নীতং কুত্র লীনমিদং জগং। —বিবেকচ্ড়ামণি, ৪৮৫

কারণ আপেল, সাপ ও নারীর গল্পে এই তত্তের কিছুই ব্যাখ্যা হয় না। ঐ অবস্থায় প্রশ্নটিও বেমন বালকোচিত, উহার উত্তরও তেমনি। কিছ বেদাভে এই প্রশ্নটি অতি গুরুতর আকার ধারণ করিয়াছে—এই ভ্রম কিরূপে আদিল ? আর উত্তরও সেইরূপ গভীর। উত্তরটি এই: অসম্ভব প্রশ্নের উত্তর আশা করিও না। ঐ প্রশ্নটির অন্তর্গত বাক্যগুলি পরস্পর-বিরোধী বলিয়া প্রশ্নটিই অসম্ভব। কেন? পূর্ণতা বলিতে কি বুঝায়? যাহা দেশ-কাল-নিমিত্তের অতীত, ভাহাই পূর্ণ। তারপর আপনি জিজ্ঞাসা করিতেছেন, পূর্ণ কিরূপে অপূর্ণ হইল ? তায়শাস্ত্রসঙ্গত ভাষায় নিবদ্ধ করিলে প্রশ্নটি এই আকারে দাঁড়ায়—'যে-বস্তু কার্য-কারণ-সম্বন্ধের অতীত, তাহা কিরূপে কার্যরূপে পরিণত হয় ?' এখানে তো আপনিই আপনাকে খণ্ডন করিতেছেন। আপনি প্রথমেই মানিয়া লইয়াছেন, উহা কার্য-কার্থ-সম্বন্ধের অতীত, তারপর জিজ্ঞাসা করিতেছেন, কিরূপে উহা কার্যে পরিণত হয় ? কার্য-কারণ-সম্বন্ধের সীমার ভিতরেই কেবল প্রশ্ন জিজ্ঞাসিত হইতে পারে। যতদূর পর্যস্ত দেশ-কাল-নিমিত্তের অধিকার, ততদ্র পর্যন্ত এই প্রশ্ন জিজ্ঞাসা করা ষাইতে পারে। কিছু তাহার অতীত বস্তুসম্বন্ধে প্রশ্ন করাই নির্থক; কারণ প্রশ্নটি যুক্তি-বিক্লন্ধ হইয়া পড়ে। দেশ-কাল-নিমিত্তের গণ্ডির ভিতরে কোনকালে উহার উত্তর দেওয়া ষাইতে পারে না, আর উহাদের অতীত প্রদেশে কি উত্তর পাওয়া যাইবে, তাহা সেথানে গেলেই জানা যাইতে পারে। এই জন্ম বিজ্ঞ ব্যক্তিরা এই প্রশ্নটির উত্তরের জন্ম বিশেষ ব্যস্ত হন না। ষথন লোকে পীড়িত হয়, তথন 'কিরূপে ঐ রোগের উৎপত্তি হইল, তাহা প্রথমে জানিতে হইবে'— এই বিষয়ে বিশেষ জেদ না করিয়া রোগ যাহাতে সারিয়া যায়, ভাহারই জ্ঞা প্রাণপণ যত্র করে।

এই প্রশ্ন আর এক আকারে জিজ্ঞাসিত হইয়া থাকে। ইহা একটু নিয়তর স্তরের কথা বটে, কিন্তু ইহাতে আমাদের কর্মজীবনের সঙ্গে অনেকটা সম্বন্ধ

বাইবেলের 'ওল্ড টেস্টামেণ্টে' আছে—ঈশ্বর আদি নর আদম ও আদি নারী ইভকে স্ঞান করিয়া তাহাদিগকে ইডেন নামক স্থরম্য উচ্চানে স্থাপন করেন এবং তাহাদিগকে ঐ উচ্চানস্থ জ্ঞানবৃক্ষের ফলভক্ষণ করিতে নিষেধ করেন। কিন্তু শয়তান সর্পর্নাধারী হুইয়া প্রথমে ইভকে প্রলোভিত
করিয়া তৎপর তাহার দ্বারা আদমকে ঐ বৃক্ষের ফলভক্ষণে প্রলোভিত করে। উহাতেই তাহাদের
ভালমন্দ-জ্ঞান উপস্থিত হুইয়া পাপ প্রথম পৃথিবীতে প্রবেশ করিল।

আছে এবং ইহাতে তত্ত্ব অনেকটা স্পষ্টতর হইয়া আসে। প্রশ্নটি এই : এই ভ্ৰম কে উৎপন্ন করিল ? কোন সত্য কি কখন ভ্ৰম জন্মাইতে পারে ? কখনই নয়। আমবা দেখিতে পাই, একটা ভ্ৰমই আর একটা ভ্ৰম জন্মাইয়া থাকে, সেটি আবার একটি ভ্রম জন্মায়, এইরূপ চলিতে থাকে। ভ্রমই চিরকাল ভ্রম উৎপন্ন করিয়া থাকে। রোগ হইতেই রোগ জন্মায়, স্বাস্থ্য হইতে কথন রোগ জনায় না। জল ও জলের তরকে কোন ভেদ নাই – কার্য কারণেরই আর এক রূপমাত্র। কার্য যখন ভ্রম, তখন তাহার কারণও অবশ্য ভ্রম হইবে। এই ভ্রম কে উৎপন্ন করিল? অবশ্র আর একটি ভ্রম। এইরূপে তর্ক করিলে তর্কের আর শেষ হইবে না-ভ্রমের আর আদি পাওয়া যাইবে না। এখন আপনাদের একটি মাত্র প্রশ্ন অবশিষ্ট থাকিবে: ভ্রমের অনাদিও স্বীকার করিলে কি আপনার অবৈতবাদ খণ্ডিত হইল না? কারণ আপনি জগতে হুইটি সত্তা স্বীকার করিতেছেন—একটি আপনি, আর একটি ঐ ভ্রম। ইহার উত্তর এই যে, ভ্রমকে সত্তা বলা ষাইতে পারে না। আপনারা সহস্র সহস্র স্বপ্ন দেখিতেছেন, কিন্তু দেগুলি আপনাদের জীবনের অংশস্বরূপ নয়। স্বপ্ন আদে, আবার চলিয়া যায়। উহাদের কোন অন্তিত্ব নাই। ভ্ৰমকে একটা সন্তা বা অন্তিত্ব বলিলে উহা আপাততঃ যুক্তিসঙ্গত মনে হয় বটে, বাস্তবিক কিন্তু উহা অবৌক্তিক কথামাত। অতএব জগতে নিত্যমূক্ত ও নিত্যানন্দম্বরূপ একমাত্র শতা আছে, আর তাহাই আপনি। অবৈতবাদীদের ইহাই চরম সিশ্বাস্ত। এখন জিজ্ঞাসা করা যাইতে পারে, এই ষে-দকল বিভিন্ন উপাসনাপ্রণালী রহিয়াছে, এগুলির কি হইবে ?— এগুলি সবই থাকিবে। এ-সৰ কেবল আলোর জন্ম আন্ধকারে হাতড়ানো, আর এরপ হাতড়াইতে হাতড়াইতে আলোক আদিবে। আমরা এইমাত্র দেখিয়া আসিয়াছি যে, আত্মা নিজেকে দেখিতে পায় না। আমাদের সমৃদয় জ্ঞান মায়ার (মিথ্যার) জালের মধ্যে অবস্থিত, মুক্তি উহার বাহিরে; এই ব্যালের মধ্যে দাসত্ব, ইহার পব কিছুই নিয়মাধীন। উহার বাহিরে আর কোন নিয়ম নাই। এই ব্ৰহ্মাণ্ড ষ্ভদ্র, ডভদ্র পর্যন্ত সন্তা নিয়মাধীন, মৃক্তি তাহার বাহিরে। বে পর্যন্ত আপনি দেশ-কাল-নিমিত্তের জালের মধ্যে রহিয়াছেন, সে পর্যন্ত আপনি মুক্ত এ কথা বলা নির্থক। কারণ ঐ জালের মধ্যে সবই কঠোর নিরমে—কার্য-কারণ-শৃত্থলে বন্ধ। আপনি যে-কোন চিন্তা করেন, তাহা পূর্ব কারণের কার্যস্বরূপ, প্রত্যেক ভাবই কারণের কার্য-রূপ।
ইচ্ছাকে স্বাধীন বলা একেবারে নির্থক। ষ্থনই সেই অনস্ত সত্তা যেন এই
মায়াজালের মধ্যে পড়ে, তথনই উহা ইচ্ছার আকার ধারণ করে। ইচ্ছা
মায়াজালে আবদ্ধ সেই পুরুষের কিঞ্চিদংশমাত্র, স্কৃতরাং 'স্বাধীন ইচ্ছা'
বাক্যাটির কোন অর্থ নাই, উহা সম্পূর্ণ নির্থক। স্বাধীনতা বা মৃক্তি-সম্বদ্ধে
এই-সকল বাগাড়ম্বরও রূথা। মায়ায় ভিতর স্বাধীনতা নাই।

প্রত্যেক ব্যক্তিই চিস্তায় মনে কার্যে একখণ্ড প্রস্তর বা এই টেবিলটার মতো বদ্ধ। আমি আপনাদের নিকট বক্তৃতা দিতেছি, আর আপনারা আমার কথা শুনিতেছেন-এই উভয়ই কঠোর কার্য-কারণ-নিয়মের অধীন। মায়া হইতে যতদিন না বাহিরে যাইতেছেন, ততদিন স্বাধীনতা বা মৃক্তি নাই। ঐ মায়াতীত অবস্থাই আত্মার যথার্থ সাধীনতা। কিন্তু মাহুষ ষতই তীক্ষবৃদ্ধি হউক না কেন, এথানকার কোন বস্তুই যে স্বাধীন বা মুক্ত হইতে পারে না—এই যুক্তির বল মাত্র যতই স্পইরূপে দেখুক না কেন, সকলকেই বাধ্য হইয়া নিজেদের স্বাধীন বলিয়া চিন্তা করিতে হয়, তাহা না করিয়া কেহ থাকিতে পারে না। যতক্ষণ না আমরা বলি যে আমরা স্বাধীন, ততক্ষণ কোন কাজ করাই সম্ভব নয়। ইহার তাৎপর্য এই যে, আমরা যে স্বাধীনতার কথা বলিয়া থাকি, তাহা অজ্ঞানরূপ মেঘরাশির মধ্য দিয়া নির্মল নীলাকাশরূপ সেই শুদ্ধ-বৃদ্ধ-মৃক্ত আত্মার চকিতদর্শন-মাত্র, আর নীলাকাশরপ প্রকৃত স্বাধীনতা অর্থাৎ মুক্তমভাব আত্মা উহার বাহিরে রহিয়াছেন। ষথার্থ স্বাধীনতা এই ভ্রমের মধ্যে, এই মিথ্যার মধ্যে, এই অর্থহীন সংসারে, ইদ্রিয়-মন-দেহ-সমধিত এই বিশ্বজগতে থাকিতে পারে না। এই-সকল অনাদি অনস্ত স্বপ্ন-খেগুলি আমাদের বশে নাই, ষেগুলিকে বশে আনাও যায় না, ষেগুলি অষ্থা-সন্নিবেশিত, ভগ্ন ও অসামঞ্জসময়—দেই-সব স্বপ্নকে লইয়া আমাদের এই জগৎ। আপনি যথন স্বপ্নে দেখেন যে, বিশ-মুগু একটা দৈত্য আপনাকে ধরিবার জন্ম আদিতেছে, আর আপনি তাহার নিকট হইতে পলাইতেছেন, আপনি উহাকে অসংলগ্ন মনে করেন না। আপনি মনে করেন, এ তো ঠিকই হইতেছে। আমরা যাহাকে নিয়ম বলি, তাহাও এইরূপ। যাহা কিছু আপনি নিয়ম বলিয়া নির্দিষ্ট করেন, তাহা আকস্মিক ঘটনামাত্র, উহার কোন অর্থ নাই। এই স্বপ্নাবস্থায় আপনি উহাকে নিয়ম বলিয়া অভিহিত ক্রিভেছেন। মায়ার

ভিতর ষতদূর পর্যস্ত এই দেশ-কাল-নিমিত্তের নিয়ম বিভাষান, ততদূর পর্যস্ত স্বাধীনতা বা মুক্তি নাই, স্বার এই বিভিন্ন উপাদনা-প্রণালী এই মায়ার অন্তর্গত। ঈশবের ধারণা এবং পশু ও মানবের ধারণা—সবই এই মায়ার মধ্যে, স্তরাং সবই সমভাবে ভ্রমাত্মক, সবই স্বপ্নমাত্র। তবে আজকাল আমরা কভকগুলি অভিবৃদ্ধি দিগ্গজ দেখিতে পাই। আপনারা যেন তাঁহাদের মতো তর্ক বা দিন্ধান্ত না করিয়া বদেন, দেই বিষয়ে সাবধান হইবেন। তাঁহারা বলেন, ঈশ্বর-ধারণা ভ্রমাত্মক, কিন্তু এই জগতের ধারণা সত্য। প্রকৃতপক্ষে কিন্ধ এই উভয় ধারণা একই ভিত্তির উপর প্রতিষ্ঠিত। তাঁহারই কেবল যথার্থ নান্তিক হইবার অধিকার আছে, যিনি ইহজগৎ পরজগৎ উভয়ই অস্বীকার করেন। উভয়টিই একই যুক্তির উপর প্রতিষ্ঠিত। ঈশ্বর হইতে কুদ্রতম জীব পর্যন্ত, আব্রহ্মন্তম পর্যন্ত সেই এক মায়ার রাজত। একই প্রকার যুক্তিতে ইহাদের অন্তিত্ব প্রতিষ্ঠিত হয় বা নান্তিত্ব সিদ্ধ হয়। যে ব্যক্তি ঈশ্বর-ধারণা ভ্রমাত্মক জ্ঞান করে, তাহার নিজ দেহ এবং মনের ধারণাও ভ্রমাত্মক জ্ঞান করা উচিত। যথন ঈশ্বর উড়িয়া যান, তখন দেহ ও মন উড়িয়া যায়, আর যথন উভয়ই লোপ পায়, তথনই যাহা যথার্থ সন্তা, তাহা চিরকালের জন্ম থাকিয়া যায়।

'সেখানে চকু যাইতে পারে না, বাক্যও যাইতে পারে না, মনও নয়। আমরা তাঁহাকে দেখিতে পাই না বা জানিতেও পারি না।' '

ইহার তাৎপর্য আমরা এখন বুঝিতে পারিতেছি ষে, ষতদূর বাক্য, চিস্তা বা বৃদ্ধি যাইতে পারে, ততদূর পর্যন্ত মায়ার অধিকার, ততদূর পর্যন্ত বন্ধনের ভিতর। সত্য উহাদের বাহিরে। সেধানে চিস্তা মন বা বাক্য কিছুই পৌছিতে পারে না।

এতক্ষণ পর্যন্ত বিচারের দারা তো বেশ বুঝা গেল, কিন্তু এইবার সাধনের কথা আদিতেছে। এই-সব ক্লাসে আসল শিক্ষার বিষয় সাধন। এই একত্ব-উপলব্ধির জন্ত কোনপ্রকার সাধনের প্রয়োজন আছে কি ?—নিশ্চয়ই আছে। সাধনার দারা যে আপনাদিগকে এই ব্রহ্ম হইতে হইবে তাহা নয়, আপনারা

ন তত্র চকুর্গচ্ছতি ন বাগ্গচ্ছতি নো মন:।—কেন উপ, ১।৩

তো পূর্ব হইতেই 'ব্রহ্ম' আছেন। আপনাদিগকে ঈশর হইতে হইবে বা পূর্ণ হইতে হইবে, এ কথা সত্য নয়। আপনারা সর্বদা পূর্ণস্বর্নপই আছেন, আর যথনই মনে করেন—আপনারা পূর্ণ নন, সে তো একটা ভ্রম। এই ভ্রম—যাহাতে আপনাদের বোধ হইতেছে, অমৃক পূরুষ, অমৃক নারী, তাহা আর একটি ভ্রমের দারা দূর হইতে পারে, আর সাধন বা অভ্যাসই সেই অপর ভ্রম। আগুন আগুনকে খাইয়া ফেলিবে—আপনারা একটি ভ্রম নাশ করিবার জ্ব্য অপর একটি ভ্রমের সাহায্য লইতে পারেন। একখণ্ড মেঘ আসিয়া এই মেঘকে সরাইয়া দিবে, শেষে উভয়েই চলিয়া যাইবে। তবে এই সাধনাগুলি কি? আমাদের সর্বদাই মনে রাখিতে হইবে ষে, আময়া ষে মৃক্ত হইব, তাহা নয়; আমরা সদাই মৃক্ত। আমরা বন্ধ—এরপ ভাবনামাত্রই ভ্রম; আমরা স্থপী বা আমরা অহ্থী—এরপ ভাবনামাত্রই গুরুতর ভ্রম। আর এক ভ্রম আসিবে যে, আমাদিগকে মৃক্ত হইবার জ্ব্যু সাধনা, উপাদনা ও চেটা করিতে হইবে; এই ভ্রম আসিয়া প্রথম ভ্রমটিকে সরাইয়া দিবে; তথন উভয় ভ্রমই দূর হইয়া যাইবে।

ম্দলমানেরা শিয়ালকে অতিশয় অপবিত্র মনে করিয়া থাকে, হিন্দুরাও তেমনি কুকুরকে অগুচি ভাবিয়া থাকে। অতএব শিয়াল বা কুকুর খাবার ছুঁইলে উহা ফেলিয়া দিতে হয়, উহা আর কাহারও খাইবার উপায় নাই। কোন ম্দলমানের বাটিতে একটি শিয়াল প্রবেশ করিয়া টেবিল হইতে কিছু খাল্য খাইয়া পলাইল। লোকটি বড়ই দরিদ্র ছিল। সে নিজের জন্তু সেদিন অতি উত্তম ভোজের আয়োজন করিয়াছিল, আর সেই ভোজাদ্রবাগুলি শিয়ালের স্পর্শে অপবিত্র হইয়া গেল! আর তাহার খাইবার উপায় নাই। কাজেকাজেই সে একজন মোলার কাছে গিয়া নিবেদন করিল, 'দাহেব, গরিবের এক নিবেদন শুহুন। একটা শিয়াল আদিয়া আমার খাছ হইতে খানিকটা খাইয়া গিয়াছে, এখন ইহার একটা উপায় করুন। আমি অতি স্থাছ দব প্রস্তুত করিয়াছিলাম। আমার বড়ই বাসনা ছিল বে, পরম তৃপ্তির সহিত উহা ভোজন করিব। এখন শিয়ালটা আসিয়া সব নাই করিয়া দিয়া গেল। আপনি ইহার যাহা হয় একটা ব্যবস্থা দিন।' মোলা মুহুর্তের জন্ত একট্ ভাবিলেন, তারপর উহার একমাত্র শিছান্ত করিয়া বলিলেন, 'ইহার একমাত্র উপায়—একটা কুকুর লইয়া আদিয়া বে থালা ইইতে শিয়ালটা খাইয়া

গিয়াছে, সেই থালা হইতে তাহাকে একটু খাওয়ানো। এখন কুকুর-শিয়ালে নিত্য বিবাদ। তা শিয়ালের উচ্ছিষ্টটাও তোমার পেটে বাইবে, কুকুরের উচ্ছিষ্টটাও বাইবে, ঐ ছই উচ্ছিষ্টে পরস্পর সেখানে ঝগড়া লাগিবে, তখন দব শুদ্ধ হইয়া বাইবে।' আমরাও অনেকটা এইরপ সমস্থায় পড়িয়াছি। আমরা যে অপূর্ণ, ইহা একটি ভ্রম; আমরা উহা দ্র করিবার জক্ত আর একটি ভ্রমের সাহায্য লইলাম—পূর্ণতা-লাভের জক্ত আমাদিগকে সাধনা করিতে হইবে। তখন একটি ভ্রম আর একটি ভ্রমকে দ্র করিয়া দিবে, বেমন আমরা একটি কাঁটা তুলিবার জক্ত আর একটি কাঁটার সাহায্য লইতে পারি এবং শেষে উভয় কাঁটাই ফেলিয়া দিতে পারি। এমন লোক আছেন, যাহাদের পক্ষে একবার 'তল্বমিন' শুনিলে তংক্ষণাৎ জ্ঞানের উদয় হয়। চকিতের মধ্যে এই জগৎ উড়িয়া বায়, আর আত্মার যথার্থ স্বরূপ প্রকাশ পাইতে থাকে, কিন্তু আর সকলকে এই বন্ধনের ধারণা দ্ব করিবার জক্ত কঠোর চেষ্টা করিতে হয়।

প্রথম প্রশ্ন এই: জ্ঞানবোগী হইবার অধিকারী কাহারা? বাহাদের নিমলিথিত সাধন-সম্পত্তিগুলি আছে। প্রথমতঃ 'ইহামুজফলভোগবিরাগ'—এই জীবনে বা পরজীবনে সর্বপ্রকার কর্মফল ও সর্বপ্রকার জ্ঞোগবাসনা ত্যাগ। বদি আপনিই এই জগতের স্রষ্টা হন, তবে আপনি বাহা বাসনা করিবেন, তাহাই পাইবেন; কারণ আপনি উহা স্বীয় ভোগের জন্ত স্বষ্টি করিবেন। কেবল কাহারও লীল্র, কাহারও বা বিলম্বে ঐ ফললাভ হইয়া থাকে। কেহ কেহ তৎক্ষণাৎ উহা প্রাপ্ত হয়; অপরের পক্ষে অতীত সংস্কারসমন্তি তাহাদের বাসনাপৃতির ব্যাঘাত করিতে থাকে। আমরা ইহজয় বা পরজয়ের ভোগবাসনাকে সর্বপ্রেষ্ঠ স্থান দিয়া থাকি। ইহজয়, পরজয় বা আপনার কোনরপ জয় আছে—ইহা একেবারে অস্বীকার কয়ন; কারণ জীবন মৃত্যুরই নামান্তরমাত্ত। আপনি বে জীবনসম্পার প্রাণী, ইহাও অস্বীকার কয়ন। জীবনের জন্ত কে ব্যন্ত? জীবন একটা ভ্রমমাত্ত, মৃত্যু উহার আর এক দিক মাত্ত। স্থ এই ভ্রমের এক দিক, তৃংখ আর একটা দিক। সকল বিবরেই এইরূপ। আপনার জীবন বা মৃত্যু লইয়া কি হইবে? এ-সকলই তো মনের স্বিটিয়াত্ত। ইহাকেই 'ইহামুজফলভোগবিরাগ'বলে।

তারপর 'শম' বা মন:সংযমের প্রয়োজন। মনকে এমন শাস্ত করিভে ছইবে যে, উহা আর তরজাকারে ভয় ছইয়া সর্ববিধ বাসনার লীলাক্ষেত্র ছইবে না। মনকে স্থির রাখিতে হইবে, বাহিরের বা ভিতরের কোন কারণ হইতে উহাতে যেন তরঙ্গ না উঠে—কেবল ইচ্ছাশক্তি দারা মনকে সম্পূর্ণরূপে সংযত করিতে হইবে। জ্ঞানযোগী শারীরিক বা মানসিক কোনরূপ সাহায্য লন না। তিনি কেবল দার্শনিক বিচার, জ্ঞান ও নিজ ইচ্ছাশক্তি—এই-সকল সাধনেই বিশাসী।

তারপর 'তিতিক্ষা'—কোনরূপ বিলাপ না করিয়া সর্বহৃঃথসহন। যথন আপনার কোনরূপ অনিষ্ট ঘটিবে, সেদিকে থেয়াল করিবেন না। यদি সমুথে একটি ব্যাদ্র আদে, স্থির হইয়া দাঁড়াইয়া থাকুন। পলাইবে কে ? অনেক লোক আছেন, যাহারা তিতিক্ষা অভ্যাস করেন এবং তাহাতে কৃতকার্য হন। এমন লোক অনেক আছেন, যাঁহারা ভারতে গ্রীম্মকালে প্রথর মধ্যাহ্নসূর্যের তাপে গঙ্গাতীরে শুইয়া থাকেন, আবার শীতকালে গঙ্গাব্ধলে সারাদিন ধরিয়া ভাসেন। তাঁহারা এ-সকল গ্রাহ্ই করেন না। অনেকে হিমাল্যের তুষাররাশির মধ্যে বসিয়া থাকে, কোন প্রকার বন্তাদির জন্ত খেয়ালও করে না। গ্রীমই বা কি ? শীতই বা কি ? এ-সকল আহ্বক, যাক—আমার তাহাতে কি ? 'আমি' তো শরীর নই। এই পাশ্চাত্য দেশসমূহে ইহা বিশ্বাস করা কঠিন, কিছ লোকে যে এইরূপ করিয়া থাকে, তাহা জানিয়া রাথা ভাল। যেমন আপনাদের দেশের লোকে কামানের মুথে বা যুদ্ধক্ষেত্রের মাঝথানে লাফাইয়া পড়িতে সাহসিকতা দেখাইয়া থাকেন, আমাদের দেশের লোকও সেরূপ তাঁহাদের দর্শন-অভুসারে চিন্তাপ্রণালী নিয়মিত করিতে এবং তদমুদারে কার্য করিতে সাহসিকতা দেখাইয়া থাকেন। তাঁহারা ইহার জন্ম প্রাণ দিয়া থাকেন। 'আমি সচ্চিদানন্দ-স্বরূপ—দোহহং, সোহহুম্।' দৈনন্দিন কর্মজীবনের বিলাসিভাকে বজায় রাথা যেমন পাশ্চাত্য আদর্শ, তেমনি আমাদের আদর্শ—কর্মজীবনে সর্বোচ্চ আধ্যাত্মিক ভাব রক্ষা করা। আমরা ইহাই প্রমাণ করিতে চাই যে, ধর্ম কেবল ভুয়া কথামাত্র নয়, কিন্তু এই জীবনেই ধর্মের সর্বাঞ্চ সম্পূর্ণক্রপে কার্যে পরিণত কর। যাইতে পারে। ইহাই তিতিক্ষা-সমৃদয় সহু করা-কোন বিষয়ে অসম্ভোষ প্রকাশ না করা। আমি নিচ্ছে এমন লোক দেখিয়াছি, যাহারা বলেন, 'আমি আত্মা—আমার নিকট ব্রহ্মাণ্ডের আবার গৌরব কি ? স্থ-তঃথ, পাপ-পুণ্য, শীত-উঞ্চ-এ-সকল আমার পক্ষে কিছুই নয়।' ইহাই তিতিক্ষা—দেহের ভোগহথের জন্ম ধাবমান হওয়া নয়। ধর্ম কি ?—ধর্ম মানে কি এইক্নপ প্রার্থনা 'আমাকে ইহা দাও, উহা দাও'? ধর্ম সম্বন্ধ

এ-সকল আহামকি ধারণা ! যাহারা ধর্মকে এরপ মনে করে, তাহাদের দিয়র ও আয়ার যথার্থ ধারণা নাই। আমার গুরুদেব বলিতেন, 'চিল-শকুনি থব উচুতে ওড়ে, কিন্তু তার নজর থাকে গো-ভাগাড়ে।' যাহা হউক, আপনাদের ধর্মসম্বনীয় যে-সকল ধারণা আছে, তাহার ফলটা কি বলুন দেথি ?—রান্তা সাফ করা, আর ভাল অয়বস্তের যোগাড় করা? অয়বস্তের জ্বত্য কে ভাবে? প্রতি মৃহুর্তে লক্ষ লোক আদিতেছে, লক্ষ লোক যাইতেছে—কে গ্রাহ্থ করে? এই ক্ষুত্র জগতের স্থ্ধ-তৃঃথ গ্রাহ্বের মধ্যে আনেন কেন? যদি সাহস থাকে, ঐ-সকলের বাইরে চলিয়া যান। সমূদ্য় নিয়মের বাইরে চলিয়া যান, সমগ্র জগৎ উড়িয়া বাক—আপনি একলা আদিয়া দাড়ান। 'আমি নিরপেক্ষ সন্তা, নিরপেক্ষ জ্ঞান ও নিরপেক্ষ আনক্ষরণ—সং-চিং-আনক্ষ—গোহহং, সোহহম্।'

বহুরূপে প্রকাশিত এক সত্তা

আমরা দেখিয়াছি, বৈরাগ্য বা ত্যাগই এই-সকল বিভিন্ন যোগপথের সন্ধিস্থল। কর্মী কর্মফল ত্যাগ করেন। ভক্ত সেই সর্বশক্তিমান্ সর্বব্যাপী প্রেম্বরপের জন্ম সমুদ্র ক্ষুদ্র প্রেম ত্যাগ করেন; যোগী যাহা কিছু অহুভব করেন, তাঁহার যাহা কিছু অভিজ্ঞতা—সব পরিত্যাগ করেন, কারণ তাহার যোগশান্তের শিক্ষা এই যে, সমগ্র প্রকৃতি যদিও আত্মার ভোগ ও অভিজ্ঞতার জন্ম, তথাপি উহা শেষে তাঁহাকে জানাইয়া দেয়, তিনি প্রকৃতিতে অবিহিত নন, প্রক্বতি হইতে তিনি নিত্য-স্বতম্ব। জ্ঞানী সব ত্যাগ করেন, কারণ জ্ঞানশান্ত্রের দিল্ধান্ত এই যে, ভূত ভবিশ্বৎ বর্তমান কোনকালেই প্রকৃতির অন্তিত্ব নাই। আমরা ইহাও দেখিয়াছি, এই-সকল উচ্চতর বিষয়ে এ প্রশ্নই করা যাইতে পারে না: ইহাতে কি লাভ ? লাভালাভের প্রশ্ন-জিজ্ঞাসা করাই এখানে অসম্ভব, আর যদিই এই প্রশ্ন জিজ্ঞাসিত হয়, তাহা হইলেও আমরা উহা উত্তমরূপে বিশ্লেষণ করিয়া কি পাই ?—ষাহা মাহুষের সাংসারিক অবস্থার উন্নতিসাধন করে না, তাহার স্থ্যবৃদ্ধি করে না, তাহা অপেক্ষা যাহাতে তাহার বেশী স্থুখ, তাহার বেশী লাভ—বেশী হিড তাহাই স্থথের আদর্শ। সমুদয় বিজ্ঞান ঐ এক লক্ষ্যসাধনে অর্থাৎ মহয়জাতিকে স্থী করিবার জন্ম চেষ্টা করিতেছে, আর যাহা বেশী পরিমাণ স্থ আনে, মামুষ তাহাই গ্রহণ করে; যাহাতে অল্ল মুখ, তাহা ত্যাগ করে। আমরা দেখিরাছি, স্থ হয় দেহে না হয় মনে বা আত্মায় অবস্থিত। পশুদের এবং পশুপ্রায় অহন্নত মহয়গণের সকল হথ দেহে। একটা কুধার্ত কুকুর বা ব্যাঘ্র ধেরূপ তৃপ্তির সহিত আহার করে, কোন মানুষ তাহা পারে না। স্থতরাং কুকুর ও ব্যাদ্রের স্থাধের **আ**দর্শ সম্পূর্ণরূপে দেহগত। মা**হুষের** ভিতর আমরা একটা উচ্চন্তরের চিন্তাগত হুথ দেখিয়া থাকি—মাহুষ জ্ঞানালোচনায় স্থী হয়। সর্বোচ্চ স্তরের স্থু জ্ঞানীর—তিনি আত্মানন্দে বিভোর থাকেন। আত্মাই তাঁহার স্থথের একমাত্র **উপকরণ। অত**এব দার্শনিকের পক্ষে এই আত্ম-জ্ঞানই পরম লাভ বা হিত, কারণ ইহাতেই তিনি পরম স্থুথ পাইয়া থাকেন। জড়বিষয়সমূহ বা ইন্দ্রিয়-চরিতার্থতা তাঁহার নিকট সর্বোচ্চ লাভের বিষয় হইতে

পারে না, কারণ তিনি জ্ঞানে যেরূপ স্থুপ পাইয়া থাকেন, উহাতে সেরূপ পান না। প্রকৃতপক্ষে জ্ঞানই সকলের একমাত্র লক্ষ্য, আরু আমরা হত প্রকার স্থাবর বিষয় অবগত আছি, তর্মাধ্যে জ্ঞানই সর্বোচ্চ স্থা। 'বাহারা অক্ঞানে কাজ করিয়া থাকে, তাহারা যেন দেবগণের ভারবাহী পশু'—এথানে দেব-অর্থে বিজ্ঞ ব্যক্তিকে ব্রিতে হইবে। যে-সকল ব্যক্তি হল্লবং কার্য ও পরিশ্রম করিয়া থাকে, তাহারা প্রকৃতপক্ষে জীবনটাকে উপভোগ করে না, বিজ্ঞ ব্যক্তিই জীবনটাকে উপভোগ করেন। একজন বড় লোক হয়তো এক লক্ষ্য টাকা থরচ করিয়া একখানা ছবি কিনিল, কিন্তু বে শিল্ল ব্রিতে পারে, দেই উহা উপভোগ করিবে। ক্রেতা যদি শিল্পজ্ঞানশূত্য হয়, তবে তাহার পক্ষে উহা উপভোগ করিবে। ক্রেতা যদি শিল্পজ্ঞানশূত্য হয়, তবে তাহার পক্ষে উহা নির্থক, সে কেবল উহার অধিকারী মাত্র। সমগ্র জগতে বিজ্ঞ বিচক্ষণ ব্যক্তিই কেবল সংসারের স্থ্য উপভোগ করেন। অজ্ঞান ব্যক্তি কথনও স্থাভোগ করিতে পারে না, তাহাকে অজ্ঞাতসারে অপরের জন্মই পরিশ্রম করিতে হয়।

এ পর্যস্ত আমরা অবৈভবাদীদের দিকান্তসমূহ দেখিলাম, দেখিলাম তাঁহাদের মতে একমাত্র আত্মা আছে, ছই আত্মা থাকিতে পারে না। আমরা দেখিলাম—সমগ্র জগতে একটি মাত্র সন্তা বিভয়ান, আর সেই এক **দত্তা ইন্দ্রিয়গণের ভিতর দিয়া দৃষ্ট হইলে উহাকেই এই জড়জ্ঞগৎ বলিয়া** বোধ হয়। যথন কেবল মনের ভিতর দিয়া উহা দৃষ্ট হয়, তথন উহাকে চিন্তা ও ভাবৰণৎ বলে, আর ষখন উহার ষথার্থ জ্ঞান হয়, তথন উহা এক অনস্ত পুরুষ বলিয়া প্রতীত হয়। এই বিষয়টি আপনারা বিশেষরূপে স্মরণ রাখিবেন—ইহা বলা ঠিক নয় যে, মাহুষের ভিতর একটি আত্মা আছে, ষদিও বুঝাইবার জন্ম প্রথমে আমাকে এক্লপ ধরিয়া লইতে হইয়াছিল। বান্তবিকপক্ষে কেবল এক সতা রহিয়াছে এবং সেই সভা আত্মা—আর ভাহাই ৰখন ইন্দ্রিয়গণের ভিতর দিয়া অহভূত হয়, তখন তাহাকেই দেহ বলে ; যখন উহা চিস্তা ব। ভাবের মধ্য দিয়া অহুভূত হয়, তখন উহাকেই মন বলে; আর যধন উহা স্ব-স্বরূপে উপলব্ধ হয়, তথন উহা আত্মারূপে—দেই এক অধিতীয় সন্তারণে প্রতীয়মান হয়। অতএব ইহা ঠিক নয় বে, দেহ, মন ও আত্মা—একত এই তিনটি জিনিদ রহিয়াছে, যদিও ব্ঝাইবার সময় এরপে ব্যাখ্যা করায় বুঝাইবার পক্ষে বেশ সহজ হইয়াছিল; কিছ

সবই সেই আত্মা, আর সেই এক পুরুষই বিভিন্ন দৃষ্টি কোণ হইতে কখন দেহ, কখন মন, কখন বা আত্মারূপে কথিত হয়। একমাত্র পুরুষই আছেন, অজ্ঞানীরা তাঁহাকেই জগৎ বলিয়া থাকে। যখন সেই ব্যক্তিই জ্ঞানে অপেক্ষাকৃত উন্নত হয়, তখন দে সেই পুক্ষকেই ভাবজ্ঞগৎ বলিয়া থাকে। আর যথন পূর্ণ জ্ঞানোদয়ে সকল ভ্রম দূর হয়, তথন মাহুষ দেখিতে পায়, এ-সবই আত্মা ব্যতীত আর কিছু নয়। চরম সিদ্ধান্ত এই ষে, 'আমি সেই এক সত্তা'। জগতে তুইটি অথবা তিনটি সত্তা নাই, সবই এক। সেই এক সত্তাই মায়ার প্রভাবে বহুরূপে দৃষ্ট হইতেছে, ষেমন অজ্ঞানবশতঃ রজ্জ্তে সর্পভ্রম হইয়া থাকে। সেই দড়িটাই সাপ বলিয়া দৃষ্ট হয়। এথানে দড়ি আলাদা ও সাপ আলাদা--এরপ হুইটি পৃথক্ বস্তু নাই। কেহুই সেথানে হুইটি বস্তু দেখে না। বৈতবাদ ও অবৈতবাদ বেশ স্থনর দার্শনিক পারিভাষিক শব্দ হ্ইতে পারে, কিন্তু পূর্ণ অহুভূতির সময় আমরা একইসময়ে সত্য ও মিথ্যা কথনই দেখিতে পাই না। আমরা সকলেই জন্ম হইতে এক ববাদী, উহা হইতে পলাইবার উপায় নাই। আমরা সকল সময়েই 'এক' দেখিয়া থাকি। যথন আমরা রজ্জু দেখি, তথন মোটেই সর্প দেখি না; আবার যথন সর্প দেখি, তথন মোটেই রজ্জু দেখি না—উহা তথন উড়িয়া যায়। যথন আপনাদের ভ্রম হয়, তথন আপনারা ষথার্থ বস্তু দেখেন না। মনে করুন, দূর হইতে রাস্তায় আপনার একজন বন্ধু আসিতেছেন। আপনি তাঁহাকে অতি ভালভাবেই জানেন, কিন্তু আপনার সমুথে কুল্লাটিকা থাকায় আপনি তাঁহাকে অগ্য লোক বলিয়া মনে করিতেছেন। যথন আপনি আপনার বন্ধুকে অপর লোক বলিয়া মনে করিতেছেন, তথন আপনি আর আপনার বন্ধকে দেখিতেত্বে না, তিনি অস্তর্হিত হইয়াছেন। আপনি একটি মাত্র লোককে দেখিতেছেন। মনে করুন, আপনার বন্ধুকে 'ক' বলিয়া অভিহিত করা গেল। তাহা হইলে আপনি যথন 'ক'কে 'খ' বলিয়া দেখিতেছেন, তখন আপনি 'ক'কে মোটেই দেখিতেছেন না। এইরপ সকল স্থলে আপনাদের একেরই উপলব্ধি হইয়া থাকে। যথন আপনি নিজেকে দেহরূপে দর্শন করেন, তথন আপনি দেহমাত্র, আর কিছুই নন, আর জগতের অধিকাংশ মাছুষেরই এইরপ উপলব্ধি। ভাহারা মুখে আত্মা মন ইত্যাদি কথা বলিতে পারে, কিন্তু তাহার! অহভব করে, এই স্থুল দেহ—স্পর্শ, দর্শন, আস্থাদ ইত্যাদি।

আবার কেহ কেহ কোন চেতন অবস্থায় নিজদিগকে চিস্তা বা ভাবরূপে অহুভব করিয়া থাকেন। আপনারা অবশ্য শুর হান্দ্রি ডেভি সম্বন্ধে প্রচলিত গল্পটি জানেন। তিনি তাঁহার ক্লাসে 'হাস্তন্ধনক বাষ্প' (Laughing gas) লইয়া পরীক্ষা করিতেছিলেন। হঠাৎ একটা নল ভাঙিয়া ঐ বাষ্প বাহির হইয়া যায় এবং তিনি নিঃশাস্যোগে উহা গ্রহণ করেন। কয়েক মুহুর্তের জন্ম তিনি প্রস্তরমৃতির স্থায় নিশ্চলভাবে দণ্ডায়মান রহিলেন। অবশেষে তিনি ক্লাসের ছেলেদের বলিলেন, ষ্থন আমি ঐ অবস্থায় ছিলাম, আমি ৰাম্ববিক অহুভব করিতেছিলাম ষে, সমগ্র জগৎ চিস্তা বা ভাবে গঠিত। ঐ বাম্পের শক্তিতে কিছুক্ষণের জন্ম তাঁহার দেহবোধ চলিয়া গিয়াছিল, আর যাহা পূর্বে তিনি শরীর বলিয়া দেখিতেছিলেন, তাহাই একণে চিস্তা বা ভাবরূপে দেখিতে পাইলেন। যথন অহভূতি আরও উচ্চতর অবস্থায় যায়, যথন এই কৃদ্র অহংজ্ঞানকে চিরদিনের জন্ম অভিক্রম করা যায়, তথন সকলের পশ্চাতে যে সভ্য বস্তু রহিয়াছে, তাহা প্রকাশ পাইতে থাকে। উহাকে তথন আমরা অথও সচ্চিদানন্দরণে—দেই এক আত্মারূপে—বিরাট পুরুষরূপে দর্শন করি। 'জ্ঞানী ব্যক্তি সমাধিকালে অনির্বচনীয়, নিত্যবোধ, কেবলানন্দ, নিরুপম, অপার, নিভামুক্ত, নিজ্ঞিয়, অসীম, গগনসম, নিঙ্কল, নির্বিকল্প পূর্ণব্রহ্মমাত্র হৃদয়ে সাক্ষাৎ করেন।''

অবৈতমত এই বিভিন্ন প্রকার স্বর্গ ও নরকের এবং আমরা বিভিন্ন ধর্মে যে নানাবিধ ভাব দেখিতে পাই, সেই-সকলের কিরুপ ব্যাখ্যা করে? মাহুষের মৃত্যু হইলে বলা হয় যে, সে স্বর্গে বা নরকে যায়, এখানে ওখানে নানাস্থানে যায়, অথবা স্বর্গে বা অন্ত কোন লোকে দেহধারণ করিয়া জন্মপরিগ্রহ করে। এ-সমৃদয়ই ভ্রম। প্রকৃতপক্ষে কেইই জন্মায় না বা মরে না; স্বর্গও নাই, নরকও নাই অথবা ইহলোকও নাই; এই তিনটির কোন কালেই অন্তিম্ব নাই। একটি ছেলেকে অনেক ভূতের গল্প বলিয়া সন্ধ্যাবেলা বাহিরে যাইতে বলো। একটা 'স্থাণু' রহিয়াছে। বালক কি দেখে ? সে দেখে—একটা ভূত হাত বাড়াইয়া তাহাকে ধরিতে আসিতেছে। মনে করুন,

কিমপি সততবোধং কেবলানন্দরূপং নিরূপমমতিবেলং নিতামৃক্তং নিরীহন্।
 নিরবধি গগনাভং নিক্ষলং নিবিকয়ং হৃদি কলয়তি বিশ্বান্ ব্রহ্মপূর্ণং সমাধে।

[—]বিবেকচুড় মণি, ৪১•

একজন প্রণয়ী রান্তার এক কোণ হইতে ভাহার প্রণয়িনীর সহিত সাক্ষাৎ করিতে আসিতেছে—সে ঐ শুক বৃক্ষকাণ্ডটিকে তাহার প্রণিয়নী মনে করে। একজন পাহারাওয়ালা উহাকে চোর বলিয়া মনে করিবে, আবার চোর উহাকে পাহারাওয়ালা মনে করিবে। সেই একই স্থাপু বিভিন্নরূপে দৃষ্ট হইতেছে। স্বাণ্টিই সত্য, আর এই ধে বিভিন্নভাবে উহাকে দর্শন করা—তাহা নানাপ্রকার মনের বিকারমাত্র। একমাত্র পুরুষ—এই আত্মাই আছেন। তিনি কোথাও যানও না, আদেনও না। অজ্ঞান মাহ্য স্বৰ্গ বা সেরুপ কোন স্থানে যাইবার বাসনা করে, সারাজ্ঞীবন সে কেবল ক্রমাগত উ**হারই চিস্তা করি**য়াছে। এই পৃথিবীর অপ্র—ষ্থন তাহার চলিয়া ষায়, তথন দে এই জগৎকেই স্বর্গরূপে দেখিতে পায়; দেখে—এখানে দেব ও দেবদ্তেরা বিচরণ করিতেছেন। যদি কোন ব্যক্তি সারাজীবন তাহার পূর্বপুরুষদিগকে দেখিতে চায়, দে আদম হইতে আরম্ভ করিয়া সকলকেই দেখিতে পায়, কারণ সে নিজেই উহাদিগকে সৃষ্টি করিয়া থাকে। যদি কেহ আরও অধিক অজ্ঞান হয় এবং ধর্মান্ধেরা চিরকাল ভাহাকে নরকের ভয় দেখায় ভবে সে মৃত্যুর পর এই জগৎকেই নরকরপে দর্শন করে, আর ইহাও দেখে যে, সেখানে লোকে নানাবিধ শান্তিভোগ করিতেছে। মৃত্যু বা জন্মের আবা কিছুই অর্থ নাই, কেবল দৃষ্টির পরিবর্তন। আপনি কোথাও যান না, বা যাহা কিছুর উপর দৃষ্টিনিক্ষেপ করেন, দেগুলিও কোথাও যায় না। আপনি ভো নিত্য, অপরিণামী। আপনার আবার যাওয়া-আদা কি ? ইহা অসম্ভব, আপনি তো সর্বব্যাপী। আকাশ কথন গতিশীল নয়, কিন্তু উহার উপরে মেঘ এদিক ওদিক ষাইয়া থাকে—আমরা মনে করি, আকাশই গতিশীল হইয়াছে। রেলগাড়ি চড়িয়া যাইবার সময় ষেমন পৃথিবীকে গতিশীল বোধ হয়, এও ঠিক দেরপ। বাস্তবিক পৃথিবী তো নড়িতেছে না, রেলগাড়িই চলিতেছে। এইরূপে আপনি যেথানে ছিলেন দেখানেই আছেন, কেবল এই-সকল বিভিন্ন স্বপ্ন মেঘগুলির মতো এদিক ওদিক যাইতেছে। একটা স্বপ্নের পর আর একটা স্বপ্ন আদিতেছে—এগুলির মধ্যে কোন সমন্ধ নাই। এই জগতে নিয়ম বা সম্বন্ধ বলিয়া কিছুই নাই, কিন্তু আমরা ভাবিতেছি, পরস্পর যথেষ্ট সম্বন্ধ আছে। আপনারা সকলেই সম্ভবতঃ 'এলিসের অদ্ভুত দেশদর্শন' (Alice in Wonderland) নামক গ্রন্থ পড়িয়াছেন। এই শতাকীতে শিশুদের জন্ম

লেখা এ একখানি আশ্চর্য পুত্তক। আমি ঐ বইখানি পড়িয়া বড়ই আনন্দলাভ করিয়াছিলাম—আমার মাধার বরাবর ছোটদের অস্ত ঐক্লপ বই লেখার ইচ্ছা ছিল। এই পুতকে আমার সর্বাপেকা ভাল লাগিয়াছিল এই ভাবটি ষে, আপনারা যাহা সর্বাণেক্ষা অসমত জান করেন, তাহাই উহার মধ্যে আছে— কোনটির সহিত কোনটির কোন সমন্ধ নাই। একটা ভাব আদিয়া বেন আর একটার ঘাড়ে লাফাইয়া পড়িতেছে—পরস্পর কোন সমন্ধ নাই। যথন আপনারা শিশু ছিলেন, আপনারা ভাবিভেন—ঐশুলির মধ্যে অভুত সম্বন্ধ আছে। এই গ্রহকার তাঁহার শৈশবাবস্থার চিস্কাগুলি—শৈশবাবস্থার যাহা তাঁহার পক্ষে সম্পূর্ণ সম্বন্ধুক্ত বলিয়া বোধ হইড, সেইগুলি লইয়া শিশুদের জক্ত এই পুস্তকথানি রচনা করিয়াছেন। আর অনেকে ছোটদের অভ্য যে-সব গ্রন্থ রচনা করেন, দেগুলিতে বড় হইলে তাঁহাদের যে-সকল চিন্তা ও ভাব আশিয়াছে, সেই সব ভাব ছোটদের গিলাইবার চেষ্টা করেন, কিছ ঐ বইগুলি ভাহাদের কিছুমাত্র উপযোগী নয়—বাজে অনর্থক লেখামাত্র। যাহা হউক, আমরাও সকলেই বয়:প্রাপ্ত শিশুমাত্র। আমাদের জগৎও ঐরপ অসম্বদ্ধ—যেন ঐ এলিসের অভূত রাজ্য—কোনটির সহিত কোনটির কোন-প্রকার সম্বন্ধ নাই। আমরা ধ্বন কয়েকবার ধরিয়া কতকশুলি ঘটনাকে একটি নির্দিষ্ট ক্রমামুসারে ঘটিভে দেখি, আমরা ভাহাকেই কার্য-কারণ নামে অভিহিত করি, আর বলি, উহা আবার ঘটিবে। খধন এই স্বপ্ন চলিয়া গিয়া তাহার খলে অন্ত খপ্র আদিবে, তাহাকেও ইহারই মতো সম্মযুক্ত বোধ হইবে। স্থপদর্শনের সময় আমরা বাহা কিছু দেখি, সবই সংক্ষৃত বলিয়া বোধ হয়, স্পাবস্থায় আমরা দেগুলিকে কখনই অসম্বন্ধ বা অসক্ত মনে করি না—কেবল যথন জাগিয়া উঠি, তখনই সম্বন্ধের অভাব দেখিতে পাই। এইরূপ যখন আমরা এই জগদ্রূপ স্বপ্নদর্শন হইতে জাগিয়া উঠিয়া ঐ স্বপ্লকে সভ্যের সহিত তুলনা করিয়া দেখিব, তথন ঐ সমৃদয়ই অসম্বন্ধ ও নির্বক বলিয়া প্রতিভাত হইবে—কতকগুলি অসম্ম জিনিস খেন আমাদের সন্মুধ দিয়া চলিয়া গেল—কোণা হইতে আদিল, কোণায় যাইতেছে, কিছুই জানি না। কিছু আমরা জানি যে, উহা শেষ হইবে। আর ইহাকেই 'মায়া' বলে। এই সম্দয় পরিমাণনীল বস্ত-রাশি রাশি সঞ্চরমাণ মেষলোমতুল্য মেঘের স্থায় এবং তাহার পশ্চাতে অপরিণামী স্**র্য** আপনি ষয়ং। যথন দেই অপরিণামী সন্তাকে বাহির হইতে দেখেন, তথন তাহাকে 'ঈখর' বলেন, আর ভিতর হইতে দেখিলে উহাকে আপনার নিজ আত্মা বা স্বরূপ বলিয়া দেখেন। উভয়ই এক। আপনা হইতে পৃথক্ দেবতা বা ঈখর নাই, আপনা অপেক্ষা—যথার্থ যে আপনি তাহা অপেক্ষা—মহত্তর দেবতা নাই; সকল দেবতাই আপনার তুলনায় ক্ষুত্রতর; ঈখর, স্বর্গন্থ পিতা প্রভৃতি সমৃদয় ধারণা আপনারই প্রতিবিশ্বমাত্র। ঈখর স্বয়ং আপনার প্রতিবিশ্ব বা প্রতিমান্বরূপ। 'ঈখর মাহ্যকে নিজ প্রতিবিশ্বরূপে স্পষ্ট করিলেন'—এ কথা ভূল। মাহ্য নিজ প্রতিবিশ্ব অহ্যায়ী ঈখরকে স্পষ্ট করে—এই কথাই সত্য। সমগ্র জগতে আমরা আমাদের প্রতিবিশ্ব অহ্যায়ী ঈখর বা দেবতা স্পষ্ট করিতেছি। আমরাই দেবতা স্পষ্ট করি, তাঁহার পদতলে পতিত হইয়া তাঁহার উপাসনা করি, আর যথনই ঐ স্বপ্ন আমাদের নিকট আদে, তথন আমরা তাঁহাকে ভালবাসিয়া থাকি।

এই বিষয়টি ব্ঝিয়া রাখা বিশেষ প্রয়োজন ষে, আজ সকালের বক্তার সার কথাটি এই ষে, একটি সন্তামাত্র আছে, আর সেই এক সন্তাই বিভিন্ন মধ্যবর্তী বস্তুর ভিতর দিয়া দৃষ্ট হইলে তাহাকেই পৃথিবী স্বর্গ বা নরক, ঈশ্বর ভূতপ্রেত মানব বা দৈত্য, জগৎ বা এই সব যত কিছু বোধ হয়। কিছু এই বিভিন্ন পরিণামী বস্তুর মধ্যে বাঁহার কখন পরিণাম হয় না—িষ্বিনি এই চঞ্চল মর্ত্য জগতের একমাত্র জীবনস্বরূপ, যে পুক্ষ বহু ব্যক্তির কাম্যবস্তু বিধান করিতেছেন, তাঁহাকে যে-সকল ধীর ব্যক্তি নিজ আত্মার মধ্যে স্বর্গিত বলিয়া দর্শন করেন, তাঁহাদেরই নিত্য শান্তিলাভ হয়—আর কাহারও নয়।

সেই 'এক সন্তা'র সাক্ষাৎ লাভ করিতে হইবে। কিরূপে তাঁহার অপরোক্ষায়ভূতি হইবে—কিরূপে তাঁহার সাক্ষাৎ লাভ হইবে, ইহাই এখন জিজ্ঞাস্ত। কিরূপে এই স্বপ্নভঙ্গ হইবে, আমরা ক্ষ্প্র ক্ষ্প্র নরনারী—আমাদের ইহা চাই, ইহা করিতে হইবে, এই যে স্বপ্র—ইহা হইতে কিরূপে আমরা জাগিব? আমরাই জগতের সেই অনস্ত পুরুষ আর আমরা জড়ভাবাপর হইয়া এই ক্ষ্প্র ক্ষ্প্র নরনারীরূপ ধারণ করিয়াছি—একজনের মিষ্ট কথায়

১ কঠোপনিষদ্, ৫।১৩

গলিয়া যাইতেছি, আবার আর একজনের কড়া কথায় গরম হইয়া পড়িতেছি—
ভালমন্দ স্থত্থে আমাদিগকে নাচাইতেছে! কি ভয়ানক পরনির্ভরতা, কি
ভয়ানক দাসত্ব! আমি, যে সকল স্থত্থের অতীত, সমগ্র জগৎই যাহার
প্রতিবিশ্বরূপ, স্র্ব চন্দ্র তারা যাহার মহাপ্রাণের ক্স্ত্র উৎসমাত্র—সেই আমি
এইরূপ ভয়ানক দাসভাবাপয় হইয়া রহিয়াছি! আপনি আমার গায়ে একটা
চিম্টি কাটিলে আমার ব্যথা লাগে। কেহ যদি একটি মিট কথা বলে,
অমনি আমার আনন্দ হইতে থাকে। আমার কি ছর্দশা দেখুন—দেহের দাস,
মনের দাস, জগতের দাস, একটা ভাল কথার দাস, একটা মন্দ কথার দাস,
বাসনার দাস, স্থের দাস, জীবনের দাস, মৃত্যুর দাস—সব জিনিষের দাস!
এই দাসত্ব ঘুচাইতে হইবে কিরূপে?

এই আত্মার সম্বন্ধে প্রথমে শুনিতে হইবে, উহা লইয়া মনন অর্থাৎ বিচার করিতে হইবে, অতঃপর উহার নিদিধ্যাসন অর্থাৎ ধ্যান করিতে হইবে।

অবৈভজ্ঞানীর ইহাই সাধনপ্রণালী। সভ্যের সম্বন্ধে প্রথমে শুনিতে হইবে, পরে উহার বিষয় চিস্তা করিতে হইবে, তৎপরে জ্বমাগত সেইটি মনে মনে দৃঢ়ভাবে বলিতে হইবে। সর্বদাই ভাব্ন—'জামি ব্রহ্ম', অন্ত চিস্তা ত্র্বলভাজনক বলিয়া দূর করিয়া দিতে হইবে। যে-কোন চিস্তায় আপনাদিগকে নর-নারী বলিয়া জ্ঞান হয়, তাহা দূর করিয়া দিন। দেহ যাক, মন যাক, দেবভারাও যাক, ভূত-প্রেভাদিও যাক, সেই এক সন্তা ব্যতীত আর সবই যাক।

ষেখানে একজন অপর কিছু দেখে, একজন অপর কিছু শুনে, একজন অন্ত কিছু জানে, তাহা ক্তু বা সদীম; আর ষেখানে একজন অপর কিছু দেখে না, একজন অপর কিছু শুনে না, একজন অপর কিছু জানে না, তাহাই ভূমা অর্থাৎ মহান্ বা অনস্ত।

তাহাই সর্বোত্তম বস্তু, ষেথানে বিষয়ী ও বিষয় এক হইয়া যায়। যথন আমিই শ্রোতা ও আমিই বক্তা, যথন আমিই আচার্য ও আমিই শিশু, যথন আমিই শ্রষ্টা ও আমিই স্টা, তথনই কেবল ভয় চলিয়া যায়। কারণ আমাকে

১ বৃহ উপ., এ৬

২ বত্ৰ নাশ্ৰং পশ্ৰতি নাশ্ৰন্ধগৈতি নাশ্ৰন্থ বিজ্ঞানাতি স ভূমা। অথ বত্ৰান্তং পশ্ৰতাক্ষজ্পোভাক্তদ্ বিজ্ঞানাতি তদক্ষম্।—ছান্দোগ্য উপ্., ৭।২৪

ভীত করিবার অপর কেহ বা কিছু নাই। আমি ব্যতীত ষধন আর কিছুই নাই, তথন আমাকে ভর দেখাইবে কে? দিনের পর দিন এই তব শুনিতে হইবে। অন্ত সকল চিস্তা দ্র করিয়া দিন। আর সব কিছু দ্রে ছুঁড়িয়া ফেলিয়া দিন, নিরস্তর ইহাই আর্ত্তি কলন। যতক্ষণ না উহা হদয়ে পৌছায়, যতক্ষণ পর্যন্ত না প্রত্যেক সায়ু, প্রত্যেক মাংসপেশী, এমন কি প্রত্যেক শোণিত-বিন্দু পর্যন্ত আমি সেই, আমিই সেই'—এইভাবে পূর্ণ হইয়া যায়, ততক্ষণ কর্ণের ভিতর দিয়া ঐ তত্ত্ব ক্রমাগত ভিতরে প্রবেশ করাইতে হইবে। এমন কি মৃত্যুর সম্মুখীন হইয়াও বলুন—'আমিই সেই।' ভারতে এক সয়্যাসী ছিলেন, তিনি 'শিবোহহং, শিবোহহং' আর্ত্তি করিভেন। একদিন একটা ব্যাদ্র আসিয়া তাঁহার উপর লাফাইয়া পড়িল এবং তাঁহাকে টানিয়া লইয়া গিয়া মারিয়া ফেলিল। যতক্ষণ তিনি জীবিত ছিলেন, ততক্ষণ 'শিবোহহং, শিবোহহং' ধ্বনি শুনা গিয়াছিল! য়ৃত্যুর ছারে, ঘোরতর বিপদে, রণক্ষেত্রে, সম্প্রতনে, উচ্চতম পর্বতিশিধরে, গভীরতম অরণ্যে—বেধানেই ধাকুন না কেন, সর্বলা মনে মনে বলিতে থাকুন—'আমি সেই, আমিই সেই'।' দিনরাত্রি বলিতে থাকুন—'আমিই সেই,' ইহা শ্রেষ্ঠ তেজের পরিচয়, ইহাই ধর্ম।

তুর্বল ব্যক্তি কথন আত্মাকে লাভ করিতে পারে না। 'কথনই বলিবেন
না, 'হে প্রভা, আমি অতি অধম পাপী।' কে আপনাকে দাহায্য করিবে?
আপনি জগতের সাহায্যকর্তা—আপনাকে আবার এ জগতে কে দাহায্য
করিতে পারে? আপনাকে সাহায্য করিতে কোন্ মান্ন্র্য, কোন্ দেবতা বা
কোন্ দৈত্য সমর্থ? আপনার উপর আবার কাহার শক্তি থাটিবে?
আপনিই জগতের ঈশর—আপনি আবার কোথায় সাহায্য অবেবণ করিবেন?
যাহা কিছু সাহায্য পাইয়াছেন, আপনার নিজের নিকট হইতে ব্যতীত জার
কাহারও নিকট পান নাই। আপনি প্রার্থনা করিয়া যাহার উত্তর
পাইয়াছেন, অজ্ঞতাবশতঃ আপনি মনে করিয়াছেন, অপর কোন পুরুষ তাহার
উত্তর দিয়াছে, কিন্তু অজ্ঞাতসারে আপনি অ্বাং সেই প্রার্থনার উত্তর
দিয়াছেন। আপনার নিকট হইতেই সাহায্য আদিয়াছিল, আর আপনি
সাগ্রহে কল্পনা করিয়া লইয়াছিলেন যে, অপর কেহ আপনাকে সাহায্য প্রেরণ

नाग्रमास्त्रा वलशीत्नन लखाः ।—मूख्यकार्णनियम्, ७।२।८

করিতেছে। আপনার বাহিরে আপনার সাহায্যকর্তা আর কেহ নাই—
আপনিই অগতের শ্রষ্টা। গুটিপোকার মতো আপনিই আপনার চারিদিকে
গুটি নির্মাণ, করিয়াছেন। কে আপনাকে উদ্ধার করিবে? আপনার ঐ
গুটি কাটিয়া ফেলিয়া স্থলর প্রজাপতিরূপে—মৃক্ত আ্মারূপে বাহির হইয়া
আহন। তথনই—কেবল তথনই আপনি সভ্যদর্শন করিবেন। সর্বদা
নিজের মনকে বলিতে থাকুন, 'আমিই সেই'। এই বাক্যগুলি আপনার মনের
অপবিত্রভারপ আবর্জনারাশি পুড়াইয়া ফেলিবে, আপনার ভিতরে পূর্ব
হইতেই যে মহাশক্তি আছে, তাহা প্রকাশ করিয়া দিবে, আপনার হৃদয়ে বে
অনম্ভ শক্তি স্প্রভাবে রহিয়াছে, তাহা আগাইয়া ত্লিবে। সর্বদাই সভ্য—
কেবল সভ্য প্রবণ করিয়াই এই মহাশক্তির উবোধন করিতে হইবে। বেখানে
হ্র্বলভার চিন্তা আছে, সেদিকে ঘেঁবিবেন না। বদি জ্ঞানী হইতে চান,
সর্বপ্রকার হ্র্বলভা পরিহার কক্ষন।

সাধন আরম্ভ করিবার পূর্বে মনে যত প্রকার সন্দেহ আসিতে পারে, সব দ্র করুন। ষভদ্র পারেন, যুক্তি-ভর্ক-বিচার করুন। ভারপর যথন মনের মধ্যে হির সিদ্ধান্ত করিবেন বে, ইহাই—কেবল ইহাই সত্য, আর কিছু নয়, তখন আর ভর্ক করিবেন না, তখন মুখ একেবারে বন্ধ করুন। তখন আর তর্কযুক্তি শুনিবেন না, নিজেও তর্ক করিবেন না। আর তর্কযুক্তির প্রয়োজন কি ? আপনি তো বিচার করিয়া তৃপ্তিলাভ করিয়াছেন, আপনি তো সমস্তার সিদ্ধান্ত করিয়াছেন, ভবে আর এখন বাকি কি ? এখন সভ্যের শাক্ষাংকার করিতে হইবে। অতএব রুধা তর্কে এবং অমূল্যকাল-হরণে কি ফল ? এখন ঐ সভ্যকে ধ্যান করিতে হইবে, আর যে-কোন চিস্তা মাপনাকে ভেদ্দবী করে, ভাহাই গ্রহণ করিতে হইবে; এবং ধাহা তুর্বল করে, তাহাই পরিত্যাগ করিতে হইবে। ভক্ত মৃতি-প্রতিমাদি এবং ঈশরের ধ্যান করেন। ইহাই স্বাভাবিক দাধনপ্রণালী, কিন্তু ইহাতে স্বতি মৃহ গতিতে স্থাসর হইতে হয়। বোগীরা তাঁহাদের দেহের স্কান্তরে বিভিন্ন কেন্দ্র বা চক্রের উপর ধ্যান করেন এবং মনোমধ্যন্থ শক্তিসমূহ পরিচালনা করেন। জানী বলেন, মনের অভিছ নাই, দেহেরও নাই। এই দেহ ও মনের চিন্তা দ্র করিয়া দিভে হইবে, অভএব উহাদের চিম্বা করা অক্রানোচিত কার্ব। ঐরপ করা বেন একটা রোগ আনিয়া আর একটা রোগ আরোগ্য করার

মতো। জ্ঞানীর ধ্যানই সর্বাপেকা কঠিন—নেতি নেতি; তিনি সব কিছুই অস্বীকার করেন, আর যাহা অবশিষ্ট থাকে, তাহাই আত্মা। ইহাই সর্বাপেকা অধিক বিশ্লেষণাত্মক (বিলোম) সাধন। জ্ঞানী কেবুল বিশ্লেষণ-বলে জগৎটা আত্মা হইতে বিচ্ছিন্ন করিতে চান। 'আমি জ্ঞানী'— এ কথা বলা খুব সহজ, কিন্তু যথাৰ্থ জ্ঞানী হওয়া বড়ই কঠিন। বেদ বলিতেছেন:

পথ অতি দীর্ঘ, এ যেন শাণিত ক্রধারের উপর দিয়া ভ্রমণ; কিন্তু নিরাণ হইও না। উঠ, জাগো, ষতদিন না সেই চরম লক্ষ্যে পৌছিতেছ, ততদিন কান্ত হইও না।

অতএব জ্ঞানীর ধ্যান কি প্রকার ? জ্ঞানী দেহমন-বিষয়ক সর্বপ্রকার চিস্তা অতিক্রম করিতে চান। তিনি ষে দেহ, এই ধারণা দূর করিয়া দিতে চান। দৃষ্টাস্তস্বরূপ দেখুন, যথনই আমি বলি, 'আমি স্বামী অমুক' তৎক্ষণাৎ দেহের ভাব আসিয়া থাকে। তবে কি করিতে হইবে ? মনের উপর সবলে আঘাত করিয়া বলিতে হইবে, 'আমি দেহ নই, আমি আত্মা।' রোগই আহক, অথবা অতি ভয়াবহ আকারে মৃত্যুই আসিয়া উপস্থিত হউক, কে তাহা গ্রাহ করে ? আমি দেহ নই। দেহ স্থলর রাখিবার চেটা কেন ? এই মায়া এই ভ্রান্তি—আর একবার উপভোগের জন্ম । এই দাসত্ব বজায় রাখিবার জন্ম ? দেহ যাক, আমি দেহ নই। ইহাই জানীর সাধনপ্রণালী। ভক্ত বলেন, 'প্রভু আমাকে এই জীবনসমূদ্র সহজে উত্তীর্ণ হইবার জ্বন্ত এই দেহ দিয়াছেন, অতএব যতদিন না সেই যাত্রা শেষ হয়, ততদিন ইহাকে যত্রপুর্বক রকা করিলে হইবে।' যোগী বলেন, 'আমাকে অবশুই দেহের ষত্ন করিতে হইবে, যাহাতে আমি ধীরে ধীরে সাধনপথে অগ্রসর হইয়া পরিণামে মুক্তিলাভ করিতে পারি।' জানী মনে করেন, তিনি আর বিলম্ব করিতে পারেন না। তিনি এই মৃহুর্তেই চরম লক্ষ্যে পৌছিবেন। তিনি বলেন, 'আমি নিত্যমুক্ত, কোন কালেই বদ্ধ নই; অনস্তকাল ধরিয়া আমি এই জগতের ঈশব। আমাকে আবার পূর্ণ করিবে কে ? আমি নিভা পূর্ণস্বরূপ।' যথন কোন মাত্রয় স্বয়ং

> তুলনীয়: উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত। ক্ষুরস্ত ধারা নিশিতা ছুরতায়া ছুর্গং প্রথমং কর্মো বদস্কি।—কঠ উপ , ১।৩।১৪

পূর্বতা লাভ করে, দে অপরের মধ্যেও পূর্বতা দেখিয়া থাকে। বখন অপরের মধ্যে অপূর্বতা দেখে, তখন তাহার নিজ-মনেরই ভাব বাহিরে প্রক্ষিপ্ত হইতেছে, বৃষিতে হইবে। তাহার নিজের ভিতর বদি অপূর্বতা না থাকে, তবে দে কিরুপে অপূর্বতা দেখিবে? অতএব জ্ঞানী পূর্বতা বা অপূর্বতা কিরুই গ্রাহ্ম করেন না। তাঁহার পক্ষে উহাদের কোনটিরই অন্তিম নাই। বখন তিনি মৃক্ত হন, তখন হইতেই তিনি আর ভাল-মন্দ দেখেন না। ভালমন্দ কে দেখে?—বাহার নিজের ভিতর ভাল-মন্দ আছে। দেহ কে দেখে?—বে নিজেকে দেহ মনে করে। বে মৃহূর্তে আপনি দেহভাব-রহিত হইবেন, সেই মৃহূর্তেই আপনি আর অগৎ দেখিতে পাইবেন না। উহা চিরদিনের জন্ম অন্তহিত হইরা বাইবে। জ্ঞানী কেবল বিচার-জনিত দিদ্ধান্তবলে এই জ্ঞাবন্ধন হইতে নিজেকে বিচ্ছির করিতে চেটা করেন। ইহাই 'নেতি, নেতি' মার্বা।

আত্মার একত্ব

পূর্ব বক্তৃতায় যে দিয়ান্তে উপনীত হওয়া গিয়াছে, তাহা দৃটান্ত বারা দৃত্তর করিবার জন্ম আমি একথানি উপনিষদ্' হইতে কিছু পাঠ করিয়া শুনাইব। তাহাতে দেখিবেন, অতি প্রাচীনকাল হইতে ভারতে কিরুপে এই-সকল তত্ত্ব শিক্ষা দেওয়া হইত।

যাজ্ঞবন্ধ্য নামে একজন মহর্ষি ছিলেন। আপনারা অবশ্য জানেন, ভারতে এইরূপ নিয়ম ছিল যে, বয়স হইলে সকলকেই সংসার ত্যাগ করিতে হইবে। স্তরাং সন্মাস-গ্রহণের সময় উপস্থিত হইলে যাজ্ঞবন্ধ্য তাঁহার স্ত্রীকে বলিলেন, 'প্রিয়ে মৈত্রেয়ী, আমি সংসার ত্যাগ করিয়া চলিলাম, এই আমার যাহা-কিছু অর্থ, বিষয়সম্পত্তি বুঝিয়া লও।'

মৈত্রেয়ী বলিলেন, 'ভগবান্, ধনরত্নে পূর্ণা সমৃদয় পৃথিবী যদি আমার হয়, তাহা হইলে কি তাহার ঘারা আমি অমৃতত্ব লাভ করিব ?'

ষাজ্ঞবন্ধ্য বলিলেন, 'না, তাহা হইতে পারে না। ধনী লোকেরা বেরূপে জীবনধারণ করে, তোমার জীবনও সেইরূপ হইবে; কারণ ধনের দারা ক্থনও অমৃতত্ব লাভ করা যায় না।'

মৈত্রেয়ী কহিলেন, 'ধাহা দারা আমি অমৃত লাভ করিতে পারি, ভাহা লাভ করিবার জন্ম আমাকে কি করিতে হইবে? যদি সে-উপায় আপনার জানা থাকে, আমাকে তাহাই বলুন।'

শাজবদ্ধ্য বলিলেন, 'তৃমি বরাবরই আমার প্রিয়া ছিলে, এখন এই প্রায় করাতে তৃমি প্রিয়তরা হইলে। এস, আসন গ্রহণ কর, আমি তোমাকে তোমার জিজ্ঞাদিত তত্ত্ব ব্যাখ্যা করিব। তৃমি উহা শুনিয়া ধ্যান করিতে থাকো।' বাজবদ্ধ্য বলিতে লাগিলেন:

হৈ মৈত্রেয়ি, স্ত্রী যে স্বামীকে ভালবাসে, তাহা স্বামীর জন্ত নয়, কিন্তু আত্মার জন্তই স্ত্রী স্বামীকে ভালবাসে; কারণ সে আত্মাকে ভালবাসিয়। থাকে। স্ত্রীর জন্তই কেহ স্ত্রীকে ভালবাসে না, কিন্তু যেহেতু সে আত্মাকে

১ বৃহদারণ্যক উপনিষদের দ্বিতীয় অধ্যায়, ৪**র্থ ব্রাহ্মণ ও ৪র্থ অধ্যায়, ৫ম ব্রাহ্মণ দ্রন্ত** এই অধ্যায়ের প্রায় সমৃদয়ই ঐ ছই অংশের ভাবানুবাদ ও ব্যাখ্যামাত্র।

ভালবাদে, সেইছেতু ত্রীকে ভালবাসিয়া থাকে। সম্ভানগণকে কেহ তাহাদের জ্ঞাই ভালবাদে না, কিন্তু ষেহেতু দে আত্মাকে ভালবাদে, সেই হেতৃই সস্থানগণকে ভালবাদিয়া থাকে। অর্থকে কেহ অর্থের জন্তুই ভালবাদে না, কিন্তু বেহেতু সে আত্মাকে ভালবাদে, সেইহেতু অর্থ ভালবাদিয়া থাকে। ব্ৰাহ্মণকে যে লোকে ভালবাদে, তাহা সেই ব্ৰাহ্মণের জন্ত নয়, কিন্তু আত্মাকে ভালবাদে বলিয়াই লোকে ত্রাহ্মণকে ভালবাদিয়া থাকে। ক্ষত্রিয়কেও লোকে ক্ষত্রিয়ের জন্ম ভালবাসে না, আত্মাকে ভালবাসে বলিয়াই লোকে ক্ষত্রিয়কে ভালবাসিয়া থাকে। এই জগংকেও লোকে যে ভালবাদে, ভাহা জগভের জন্ম নয়, কিন্তু যেহেতু দে আত্মাকে ভালবাদে, সেইহেতু জগৎ তাহার প্রিয়। দেৰগণকে যে লোকে ভালবাদে, ভাহা দেই দেৰগণের জন্ম নয়, কিন্তু ষেহেতু দে আত্মাকে ভালবাসে, সেইহেতু দেবগণ তাহার প্রিয়। অধিক কি, কোন বস্তুকে যে লোকে ভালবাদে, ভাহা সেই বস্তুর জন্ম, কিন্তু ভাহার যে আত্মা বিভয়ান, তাহার জন্মই দে ঐ বস্তুকে ভালবাদে। স্বতএব এই আত্মার সম্বন্ধে শ্রবণ করিতে হইবে, ভারপর মনন অর্থাৎ বিচার করিতে হইবে, তারপর নিদিধ্যাসন অর্থাৎ উহার ধ্যান করিতে হইবে। হে মৈত্রেয়ি, আত্মার শ্রবণ, আত্মার দর্শন, আত্মার সাক্ষাৎকার হারা এই সবই জ্ঞাত रुग्न।'

এই উপদেশের তাংপর্য কি ? এ এক অদ্ভূত রকমের দর্শন। আমরা জগং বলিতে ষাহা কিছু বৃঝি, সকলের ভিতর দিয়াই আত্মা প্রকাশ পাইতেছেন। লোকে বলিয়া থাকে, সর্বপ্রকার প্রেমই স্বার্থপরতা— স্বার্থপরতার যতদ্র নিয়তম অর্থ হইতে পারে, সেই অর্থে সকল প্রেমই স্বার্থপরতাপ্রস্ত ; যেহেতু আমি আমাকে ভালবাসি, সেইহেতু অপরকে ভালবাসিয়া থাকি। বর্তমানকালেও অনেক দার্শনিক আছেন, যাহাদের মত এই যে, 'স্বার্থ ই জগতে সকল কার্যের একমাত্র প্রেরণাদায়িনী শক্তি।' এ-কথা এক হিসাবে সত্য, আবার অন্ত হিসাবে ভূল। আমাদের এই 'আমি' সেই প্রকৃত 'আমি' বা আ্বার ছায়ামাত্র, যিনি আমাদের পশ্চাতে রহিয়াছেন। আর সসীম বলিয়াই এই কৃত্র 'আমি'র উপর ভালবাসা অন্তায় ও মন্দ বলিয়া বোধ হয়। বিশ্ব-আ্বার প্রতি বে ভালবাসা, তাহাই সসীমভাবে দৃষ্ট হইলে যদ্দ বলিয়া বোধ হয়, স্বার্থপরতা বলিয়া বোধ হয়। এমনকি স্তীও বধন

স্বামীকে ভালবাদে, সে জাত্মক বা নাই জাত্মক, সে সেই আত্মার জ্ঞাই স্বামীকে ভালবাদিতেছে। জগতে উহা স্বার্থপরতা-রূপে ব্যক্ত হইতেছে বটে, কিন্তু প্রকৃতপক্ষে উহা আত্মপরতা বা আত্মভাবেরই ক্ষুদ্র অংশ। যথনই কেহ কিছু ভালবাদে, তাহাকে দেই আত্মার মধ্য দিয়াই ভালবাদিতে হয়।

এই আত্মাকে জানিতে হইবে। যাহারা আত্মার স্বরূপ না জানিয়া উহাকে ভালবাসে, তাহাদের ভালবাসাই স্বার্থপরতা। যাহারা আত্মাকে জানিয়া উহাকে ভালবাসেন, তাঁহাদের ভালবাসায় কোনরূপ বন্ধন নাই, তাঁহারা পরম জ্ঞানী। কেহই ব্রাহ্মণকে ব্রাহ্মণের জন্ম ভালবাসে না, কিন্তু ব্রাহ্মণের মধ্য দিয়া যে আত্মা প্রকাশ পাইতেছেন, সেই আত্মাকে ভালবাসে বলিয়াই সে ব্রাহ্মণকে ভালবাসে।

'বান্ধণ তাঁহাকে পরিত্যাগ করেন, ষিনি ব্রান্ধণকে আত্মা হইতে পৃথক্ দেখেন; ক্ষত্রিয় তাঁহাকে পরিত্যাগ করেন, যিনি ক্ষত্রিয়কে আত্মা হইতে পৃথক্ দেখেন; লোকসমূহ বা জ্বগৎ তাঁহাকে ত্যাগ করে, ষিনি জ্বগৎক আত্মা হইতে পৃথক্ দেখেন; দেবগণ তাঁহাকে পরিত্যাগ করেন, ষিনি দেবগণকে আত্মা হইতে পৃথক্ বলিয়া বিশ্বাস করেন। …সকল বস্তুই তাঁহাকে পরিত্যাগ করে, যিনি তাহাদিগকে আত্মা হইতে পৃথক্রপে দর্শন করেন। এই ব্রান্ধণ, এই ক্ষত্রিয়, এই লোকসমূহ, এই দেবগণ…এমন কি যাহা কিছু জগতে আছে, সবই আত্মা।'

এইরপে যাজ্ঞবন্ধ্য ভালবাসা বলিতে তিনি কি লক্ষ্য করিতেছেন, তাহা বৃঝাইলেন। যথনই আমরা এই প্রেমকে কোন বিশেষ বস্তুতে সীমাযদ্ধ করি, তথনই তে গোলমাল। মনে করুন, আমি কোন নারীকে ভালবাসি, যদি আমি সেই নারীকে আত্মা হইতে পৃথক্তাবে, বিশেষ তাবে দেখি, তবে উহা আর শাখত প্রেম হইল না। উহা স্বার্থপর ভালবাসা হইয়া পড়িল, আর তৃঃখই উহার পরিণাম; কিন্তু যখনই আমি সেই নারীকে আত্মারূপে দেখি, তথনই দেই ভালবাসা যথার্থ প্রেম হইল, তাহার কখন বিনাশ নাই। এইরপ যখনই আপনারা সমগ্র জগং হইতে বা আত্মা হইতে পৃথক্ করিয়া জগতের কোন এক বস্তুতে আসক্ত হন, তথনই তাহাতে প্রতিক্রিয়া আসিয়া থাকে। আত্মা ব্যতীত যাহা কিছু আমরা ভালবাসি, তাহারই ফল শোক ও তৃঃখ। কিছু যদি আমরা সমৃদয় বন্তুকে আত্মার অন্তর্গত ভাবিয়া ও আত্ম-রূপে

সম্ভোগ করি, তাহা হইতে কোন হঃখ কট বা প্রতিক্রিয়া আসিবে না। ইহাই পূর্ণ আনন্দ।

এই আদর্শে উপনীত হইবার উপায় কি ? যাক্সবন্ধ্য ঐ অবস্থা লাভ করিবার প্রণালী বলিতেছেন। এই ব্রহ্মাণ্ড অনস্ত; আত্মাকে না জানিয়া জগতের প্রত্যেক বিশেষ বিশেষ বস্তু লইয়া উহাতে আত্মদৃষ্টি করিব কিরূপে ?

'যদি হৃন্ভি বাজিতে থাকে, আমরা উহা হইতে উৎপন্ন শন্ধ-লহরীগুলি পৃথক্ভাবে গ্রহণ করিতে পারি না, কিছু হৃন্ভির সাধারণ ধ্বনি বা আঘাত হইতে ধ্বনিসমূহ গৃহীত হইলে ঐ বিভিন্ন শন্দলহরীও গৃহীত হইয়া থাকে।

'শন্ধ নিনাদিত হইলে উহার স্বরলহরী পৃথক্ পৃথক্ ভাবে গ্রহণ করিতে পারি না, কিন্তু শন্ধের সাধারণ ধ্বনি অথবা বিভিন্নভাবে নিনাদিত শন্ধরাশি গৃহীত হইলে ঐ শন্দলহরীগুলিও গৃহীত হয়।

'বীণা বাজিতে থাকিলে উহার বিভিন্ন স্বরগ্রাম পৃথক্ভাবে গৃহীত হয় না, কিন্তু বীণার সাধারণ স্থর অথবা বিভিন্নরূপে উথিত স্বসমূহ গৃহীত হইলে ঐ স্বর্গ্রামগুলিও গৃহীত হয়।

'ষেমন কেহ ভিজা কাঠ জালাইতে থাকিলে ভাহা হইতে নানা প্রকার ধ্ম ও ফুলিল নির্গত হয়, সেরপ সেই মহান্ পুরুষ হইতে ঋষেদ, ষজুর্বদ, সামবেদ, অথবালিরস, ইতিহাস, পুরাণ, বিভা, উপনিষৎ, শ্লোক, স্ত্র, অহব্যাখ্যা ও ব্যাখ্যা—এই-সমন্ত নিঃখাসের ভায় বহির্গত হয়। সমন্তই তাঁহার নিঃখাস-স্বরূপ।

'যেমন সমৃদয় জলের একমাত্র আশ্রয় সমৃদয়, যেমন সমৃদয় স্পর্শের একমাত্র আশ্রয় ত্বক্, যেমন সমৃদয় গল্পের একমাত্র আশ্রয় নাসিকা, যেমন সমৃদয় রসের একমাত্র আশ্রয় জিহ্বা, যেমন সমৃদয় রপের একমাত্র আশ্রয় চক্ষ্, যেমন সমৃদয় শব্দের একমাত্র আশ্রয় কর্ণ, যেমন সমৃদয় চিন্তার একমাত্র আশ্রয় মন, যেমন সমৃদয় জ্ঞানের একমাত্র আশ্রয় হদয়, যেমন সমৃদয় কর্মের একমাত্র আশ্রয় হন্ত, যেমন সমৃদয় বাক্যের একমাত্র আশ্রয় বাগিন্রিয়, য়েমন সমৃত্র-জলের সর্বাংশে লবণ ঘনীভূত রহিয়াছে অপচ উহা চক্ষারা দেখা যায় না, সেইরপ হে মৈত্রেয়ি, এই আন্থাকে চক্ষারা দেখা যায় না, কিন্তু তিনি এই জগং ব্যাপ্ত করিয়া আছেন। তিনি সব কিছু। তিনি বিজ্ঞান্থন। সমৃদয়

জ্ঞগৎ তাঁহা হইতে উত্থিত হয় এবং পুনরায় তাঁহাতেই ডুবিয়া যায়। কারণ তাঁহার নিকট পৌছিলে আমরা জ্ঞানাতীত অবস্থায় চলিয়া যাই।'

এখানে আমরা এই ভাব পাইলাম যে, আমরা সকলেই ফুলিকাকারে তাহা হইতে বহির্গত হইয়াছি, আর তাঁহাকে জানিতে পারিলে তাঁহার নিকট ফিরিয়া গিয়া পুনরায় তাঁহার সহিত এক হইয়া যাই।

এই উপদেশে মৈত্রেয়ী ভীত হইলেন, সর্বত্রই লোকে ষেমন হইয়া থাকে। মৈত্রেয়ী বলিলেন, 'ভগবন্, আপনি এইথানে আমাকে বিভ্রান্ত করিয়া দিলেন। দেবতা প্রভৃতি সে অবস্থায় থাকিবে না, 'আমি'-জ্ঞানও নই হইয়া ষাইবে—এ-কথা বলিয়া আপনি আমার ভীতি উৎপাদন করিতেছেন। যখন আমি ঐ অবস্থায় পৌছিব, তথন কি আমি আত্মাকে জানিতে পারিব? অহং-জ্ঞান হারাইয়া তখন অজ্ঞান-অবস্থা প্রাপ্ত হইব, অথবা আমি তাঁহাকে জানিতেছি, এই জ্ঞান থাকিবে? তখন কি কাহাকেও জানিবার, কিছু অহুভব করিবার, কাহাকেও ভালবাসিবার, কাহাকেও ঘ্যুণা করিবার থাকিবে না ?'

যাজ্ঞবদ্ধ্য বলিলেন, 'মৈত্রেয়ি, মনে করিও না যে আমি মোহজনক কথা বলিতেছি, তুমি ভয় পাইও না। এই আত্মা অবিনাশী, তিনি স্বরূপত: নিত্য। বে অবস্থায় 'তুই' থাকে অর্থাৎ যাহা দৈতাবস্থা, তাহা নিম্নতর অবস্থা। বেখানে হৈতভাব থাকে, দেখানে একজন অপরকে ঘ্রাণ করে, একজন অপরকে দর্শন করে, একজন অপরকে শ্রবণ করে, একজন অপরকে অভ্যর্থনা করে, একজন অপরের সম্বন্ধে চিন্তা করে, একজন অপরকে জানে। কিন্তু যথন সবই আত্মা হইয়া যায়, তখন কে কাহার ভ্রাণ লইবে, কে কাহাকে দেখিবে, কে কাহাকে শুনিবে, কে কাহাকে অভ্যৰ্থনা করিবে, কে কাহাকে জানিবে ? যাঁহা দারা জানা যায়, তাঁহাকে কে জানিতে পারে ? এই আত্মাকে কেবল 'নেতি নেতি' (ইহা নয়, ইহা নয়) এইরূপে বর্ণনা করা যাইতে পারে। তিনি অচিস্ত্য, তাঁহাকে বুদ্ধি ছারা ধারণা করিতে পারা যায় না। তিনি অপরিণামী, তাঁহার কখন ক্ষয় হয় না। তিনি অনাসক্ত, কথনই তিনি প্রকৃতির সহিত মিশ্রিত হন না। তিনি পূর্ণ, সমুদয় স্থথছু:থের অতীত। বিজ্ঞাতাকে কে জানিতে পারে ? কি উপায়ে তাঁহাকে আমরা জানিতে পারি? কোন উপায়েই নয়। হে মৈত্রেয়ি, ইহাই ঋষিদিগের চরম সিদ্ধান্ত। সমুদয় জ্ঞানের অভীত অবস্থায় ষাইলেই তাঁহাকে লাভ করা হয়। তথনই অমৃতত্ব লাভ হয়।'

এতদ্র পর্যন্ত এই ভাব পাওয়া গেল বে, এই-সমূলয়ই এক অনস্থ পুরুষ আর তাঁহাতেই আমাদের যথার্থ আমিছ—সেধানে কোন ভাগ বা অংশ নাই, ল্রমাত্মক নিম্নভাবগুলির কিছুই নাই। কিন্তু তথাপি এই ক্ষুত্র আমিত্বের ভিতর আগাগোড়া দেই অনস্ত বথার্থ আমিত্ব প্রভিভাত হইভেছে: সমুদ্রই আত্মার অভিব্যক্তিমাত্র। কি করিয়া আমরা এই আত্মাকে লাভ করিব ? যাক্তবন্ধ্য প্রথমেই আমাদিগকে বলিয়াছেন, 'প্রথমে এই আত্মার সম্বন্ধে শুনিতে হইবে, তারপর বিচার করিতে হইবে, ভারপর উহার ধ্যান করিতে হইবে।' ঐ পর্যন্ত তিনি আত্মাকে এই জগতের সর্ববন্ধর সারব্ধণে বর্ণনা করিয়াছেন। তারপর সেই আত্মার অনন্ত ত্বরূপ আর মানবমনের শান্তভাব সম্বন্ধে বিচার করিয়া তিনি এই সিদ্ধান্তে উপনীত হইলেন যে, সকলের জ্ঞাতা আত্মাকে শীমাবদ্ধ মনের দারা জানা অসম্ভব। যদি আত্মাকে জানিতে না পারা যায়. তবে কি করিতে হইবে ? ৰাজবন্ধ্য মৈত্রেয়ীকে বলিলেন, ৰদিও আত্মাকে জানা যায় না, তথাপি তাঁহাকে উপলব্ধি করা যাইতে পারে। স্থতরাং তাঁহাকে কিরূপে ধ্যান করিতে হইবে, সেই বিষয়ে উপদেশ দিতে আরম্ভ করিলেন। এই ব্দাৎ সকল প্রাণীরই কল্যাণকারী এবং প্রভ্যেক প্রাণীই ব্দগভের কল্যাণকারী; কারণ উভয়েই পরস্পরের অংশী—একের উন্নতি অপরের উন্নতির সাহায্য করে। কিন্তু স্বপ্রকাশ আত্মার কল্যাণকারী বা সাহায্যকারী কেহ হইতে পারে না, কারণ তিনি পূর্ণ ও অনস্তত্বরূপ। জগতে বত কিছু আনন্দ আছে, এমন কি খুব নিমন্তরের আনন্দ পর্যন্ত, ইহারই প্রতিবিশ্বমাত্র। বাহা কিছু ভাল, সবই সেই আত্মার প্রতিবিদমাত্র, আর ঐ প্রতিবিদ বখন অপেকাক্বত অস্পষ্ট হয়, ভাহাকেই মন্দ বলা ৰায়। ষধন এই আত্মা কম অভিব্যক্ত, তখন ভাহাকে তম: বা মন্দ বলে; বধন অধিকতর অভিব্যক্ত, তখন উহাকে প্রকাশ বা ভাল বলে। এই মাত্র প্রভেদ। ভালমন্দ কেবল মাত্রার ভারতম্য, আত্মার কম বেশী অভিব্যক্তি লইয়া। আমাদের নিজেদের জীবনের দৃষ্টান্ত গ্রহণ কলন। ছেলেবেলা কত জিনিসকে আমরা ভাল বলিয়া মনে করি, বান্তবিক সেশুলি মৃশ্ব। আবার কত জিনিসকে মৃশ্ব বলিয়া দেখি, বান্তবিক সেওলি ভাল। আমাদের ধারণার কেমন পরিবর্তন হয়। একটা ভাব কেমন উচ্চ হইতে উচ্চতর হইতে থাকে! আমরা এক সময়ে যাহা খুব াল বলিয়া ভাবিভাষ, এখন আর ভাহা সেরপ ভাল ভাবি না। এইরপে

ভালমন আমাদের মনের বিকাশের উপর নির্ভন্ন করে, বাহিরে উহাদের অন্তিত্ব নাই। প্রভেদ কেবল মাত্রার তারতম্যে। সবই সেই আত্মার প্রকাশমাত্র। আত্মা সব কিছুতে প্রকাশ পাইতেছেন; কেবল তাঁহার প্রকাশ অল্ল হইলে আমরা মন্দ বলি এবং স্পষ্টতর হইলে ভাল বলি। কিন্তু আত্মা স্বয়ং শুভাশুভের অতীত। অতএব জগতে বাহা কিছু আছে, সবকেই প্রথমে ভাল বলিয়া ধ্যান করিতে হইবে, কারণ সবই সেই পূর্ণস্বরূপের অভিব্যক্তি। তিনি ভালও নন, মন্দও নন; তিনি পূর্ণ, আর পূর্ণ বস্থ কেবল একটিই হইতে পারে। ভাল জিনিস অনেক প্রকার হইতে পারে, মন্দও অনেক থাকিতে পারে, ভাল-মন্দের মধ্যে প্রভেদের নানাবিধ মাত্রা থাকিতে পারে, কিন্তু পূর্ণ বস্তু কেবল একটিই; ঐ পূর্ণ বস্তু বিশেষ বিশেষ প্রকার আবরণের মধ্য দিয়া দৃষ্ট হইলে বিভিন্ন মাত্রায় ভাল বলিয়া আমরা অভিহিত করি, অন্য প্রকার আবরণের মধ্য দিয়া প্রকাশিত হইলে উহাকেই আমরা মন্দ বলিয়া অভিহিত করি। এই বস্তু সম্পূর্ণ ভাল, ঐ বস্তু সম্পূর্ণ মন্দ— এরপ ধারণা কুসংস্কার মাত্র। প্রকৃতপক্ষে এই পর্যস্ত বলা যায় যে, এই জিনিস বেশী ভাল, ঐ জিনিদ কম ভাল, আর কম-ভালকেই আমরা মন্দ বলি। ভাল-মন্দ সম্বন্ধে ভাস্ত ধারণা হইতেই সর্বপ্রকার বৈত ভ্রম প্রস্তুত হইয়াছে। উহারা সকল যুগের নরনারীর বিভীষিকাপ্রদ ভাবরূপে মানবজাভির হৃদয়ে দূঢ়-নিবদ্ধ হইয়া গিয়াছে। আমরা যে অপরকে ঘুণা করি, তাহার কারণ শৈশবকাল হইতে অভ্যন্ত এই-সৰ মূর্যজনোচিত ধারণা। মানবজাতি সম্বন্ধে আমাদের বিচার একেবারে ভ্রান্তিপূর্ণ হইয়াছে, আমরা এই হুলর পৃথিবীকে নরকে পরিণত করিয়াছি, কিন্ত যখনই আমরা ভাল-মন্দের এই ভ্রাস্ত ধারণাগুলি ছাড়িয়া দিব, তথনই ইহা স্বর্গে পরিণত হইবে।

এখন ষাজ্ঞবন্ধ্য তাঁহার স্ত্রীকে কি উপদেশ দিতেছেন, শোনা ষাক:

'এই পৃথিবী সকল প্রাণীর পক্ষে মধু অর্থাৎ মিষ্ট বা আনন্দজনক, সকল প্রাণীই আবার এই পৃথিবীর পক্ষে মধু—উভয়েই পরস্পরকে সাহাষ্য করিয়া থাকে। আর ইহাদের এই মধুরত্ব সেই তেকোময় অমৃতময় আত্মা হইতে আসিতেছে।'

সেই এক মধু বা মধুরত্ব বিভিন্নভাবে অভিব্যক্ত হইভেছে। ষেখানেই মানবজাতির ভিতর কোনরূপ প্রেম বা মধুরত্ব দেখা যার, সাধুতেই হউক,

পাণীতেই হউক, মহাপুৰুষেই হউক বা হত্যাকারীতেই হউক, দেহেই হউক, মনেই হউক বা ইন্দ্রিয়েই হউক, দেখানেই ভিনি আছেন। সেই এক পুরুষ বাতীত উহা আর কি হইতে পারে ? অতি নিয়তম ইন্দ্রিয়স্থও তিনি, আবার উচ্চতম আধ্যান্মিক আনন্দও তিনি। তিনি ব্যতীত মধুরত্ব থাকিতে পারে না। যাজ্ঞবন্ধ্য ইহাই বলিতেছেন। যখন আপনি ঐ অবস্থায় উপনীত হইবেন, যথন সকল বস্তু সমদৃষ্টিতে দেখিবেন; যথন মাতালের পানাদক্তি ও সাধুর ধ্যানে সেই এক মধুরত্ব—এক আনন্দের প্রকাশ দেখিবেন, তথনই বুঝিতে হইবে, আপনি সভ্য লাভ করিয়াছেন। তখনই কেবল আপনি ৰুঝিবেন-স্থ কাহাকে বলে, শান্তি কাহাকে বলে, প্ৰেম কাহাকে বলে। কিন্তু যতদিন পর্যন্ত আপনি এই বুণা ভেদজান রাখিবেন, মূর্থের মতো ছেলেমাহুষী কুদংস্কারগুলি রাখিবেন, ততদিন আপনার দর্বপ্রকার তৃংধ আদিবে। দেই তেজোময় অমৃতময় পুরুষই সমগ্র জগতের ভিত্তিস্বরূপ উহার পশ্চাতে রহিয়াছেন—দবই তাঁহার মধুরত্বের অভিব্যক্তিমাত্র। এই দেহটিও ষেন কৃত্র ব্রহ্মাণ্ডম্বরূপ—আর সেই দেহের সমৃদ্য শক্তির ভিতর দিয়া, মনের সর্বপ্রকার উপভোগের মধ্য দিয়া সেই তেকোময় পুরুষ প্রকাশ পাইতেছেন। দেহের মধ্যে সেই তেক্কোময় স্বপ্রকাশ পুরুষ রহিয়াছেন, তিনিই আত্মা। 'এই জগং সকল প্রাণীর পক্ষে এমন মধুময় এবং সকল প্রাণীই উহার নিকট মধুময়', কারণ সেই তেকোময় অমৃতময় পুরুষ এই সমগ্র জগতের আনন্দস্তরপ। আমাদের মধ্যেও তিনি আনন্দস্তরপ। তিনিই ব্ৰশ্ব।

'এই বায়ু সকল প্রাণীর পক্ষে মধুষরপ, আর এই বায়্র নিকটও সকল প্রাণী মধুষরপ, কারণ সেই তেজোময় অমৃতময় পুরুষ বায়্তেও রহিয়াছেন এব' দেছেও রহিয়াছেন। তিনি সকল প্রাণীর প্রাণরূপে প্রকাশ পাইতেছেন।'

'এই সূর্য সকল প্রাণীর পক্ষে মধুষত্রপ এবং এই সূর্যের পক্ষেও সকল প্রাণী মধুষত্রপ, কারণ সেই তেজোময় পুরুষ সূর্যে রহিয়াছেন এবং তাঁহারই প্রতিবিদ্ধ ক্ষুদ্র ক্ষুদ্র জ্যোতিরপে প্রকাশ পাইতেছে। সমৃদয়ই তাঁহার প্রতিবিদ্ধ ব্যতীত আর কি হইতে পারে? তিনি আমাদের দেহেও হিয়াছেন এবং তাঁহারই ঐ প্রতিবিদ্ধ-বলে আমরা আলোক-দর্শনে সমর্থ ইতৈছি।'

'এই চন্দ্র সকল প্রাণীর পক্ষে মধুস্বরূপ, এই চন্দ্রের পক্ষে আবার সকল প্রাণী মধুস্বরূপ, কারণ সেই তেজোময় অমৃতময় পুরুষ, যিনি চন্দ্রের অন্তরাত্মা-স্বরূপ, তিনিই আমাদের ভিতর মন-রূপে প্রকাশ পাইতেছেন।'

'এই বিহ্যং সকল প্রাণীর পক্ষে মধুস্বরূপ, সকল প্রাণীই বিহ্যাভের পক্ষে মধুস্বরূপ, কারণ সেই ভেজোময় অমৃত্যয় পুরুষ বিহ্যাভের আত্মাস্বরূপ আর তিনি আমাদের মধ্যেও রহিয়াছেন, কারণ সবই সেই ব্রহ্ম।'

'সেই ব্রহ্ম, সেই আত্মা সকল প্রাণীর রাজা।'

এই ভাবগুলি মানবের পক্ষে বড়ই উপকারী; এগুলি ধ্যানের জক্ষ উপদিষ্ট। দৃষ্টাস্তম্বরূপ: পৃথিবীকে ধ্যান করিতে থাকুন। পৃথিবীকে চিষ্টা করুন, সঙ্গে সঙ্গে ভাব্ন যে, পৃথিবীতে যাহা আছে, আমাদের দেহেও তাহাই আছে। চিষ্টাবলে পৃথিবী ও দেহ এক করিয়া ফেলুন, আর দেহত্থ আত্মার সহিত পৃথিবীর অন্তর্বর্তী আত্মার অভিন্নভাব সাধন করুন। বায়ুকে বায়ুর ও আপনার অভ্যন্তরবর্তী আত্মার সহিত অভিন্নভাবে চিষ্টা করুন। এইরূপে এই সকল ধ্যান করিতে হয়। এ-সবই এক, শুধু বিভিন্ন আকারে প্রকাশ পাইতেছে। সকল ধ্যানেরই চরম লক্ষ্য—এই একদ্ব উপলব্ধি করা, আর যাজ্ঞবন্ধ্য মৈত্রেয়ীকে ইহাই বুঝাইতে চেষ্টা করিতেছিলেন।

জ্ঞানযোগের চরমাদর্শ

অগুকার বকৃতাতেই সাংখ্য ও বেদাস্থবিষয়ক এই বকৃতাবলী সমাপ্ত হইবে; অতএব আমি এই কয়দিন ধরিয়া বাহা বুঝাইবার চেটা করিতেছিলাম, অল্ত সংক্ষেপে তাহার পুনরাবৃত্তি করিব। বেদ ও উপনিষদে আমরা হিন্দের অতি প্রাচীন ধর্মভাবের কয়েকটির বিবরণ পাইয়া থাকি। মহর্ষি কপিল খুব প্রাচীন বটে, কিন্তু এই-সকল ভাব তাঁহা অপেকা প্রাচীনতর। সাংখ্যদর্শন কপিলের উদ্বাবিত নৃতন কোন মতবাদ নয়। তাঁহার সময়ে ধর্মসম্বন্ধ বে-সকল বিভিন্ন মতবাদ প্রচলিত ছিল, তিনি নিচ্ছের অপূর্ব প্রতিভাবলে তাহা হইতে একটি যুক্তিসঙ্গত ও সামঞ্জপূর্ণ প্রণালী গঠন করিতে চেষ্টা করিয়াছেন মাত্র। তিনি ভারতবর্ষে এমন এক 'মনোবিজ্ঞান' প্রতিষ্ঠা করিতে সমর্থ হইয়াছিলেন, যাহা হিন্দের বিভিন্ন আপাতবিরোধী দার্শনিকসম্প্রদায়সমূহ এখনও মানিয়া থাকে। পরবর্তী কোন দার্শনিকই এ পর্যন্ত মানবমনের ঐ অপূর্ব বিল্লেষণ এবং জ্ঞানলাভ-প্রক্রিয়া সম্বন্ধে বিস্তারিত সিদ্ধান্তের উপরে যাইতে পারেন নাই; কপিলই নি:দলেহে অদ্বৈতবাদের ভিত্তি স্থাপন করিয়া যান ; তিনি যতদূর পর্যস্ত সিদ্ধাস্তে অগ্রসর হইয়াছিলেন, তাহা গ্রহণ করিয়া অধৈতবাদ আর এক পদ অগ্রসর হইল। এইরূপে সাংখ্যদর্শনের শেষ সিদ্ধান্ত দৈতবাদ ছাড়াইয়া চরম একত্বে পৌছিল।

কপিলের সময়ের পূর্বে ভারতে বে-দকল ধর্মভাব প্রচলিত ছিল—
আমি অবশ্য পরিচিত ও প্রসিদ্ধ ধর্মভাবগুলির কথাই বলিতেছি, খুব নিয়গুলি
তো ধর্ম-নামের অযোগ্য—দেগুলির মধ্যে আমরা দেখিতে পাই, প্রথমগুলির
ভিতরও প্রত্যাদেশ, ঈশরাদিই শাস্ত্র প্রভৃতির ধারণা ছিল। অতি প্রাচীন
অবশ্বায় স্পষ্টের ধারণা বড়ই বিচিত্র ছিল: সমগ্র জগৎ ঈশরেচ্ছায় শৃষ্ত হইতে
স্পুই হইয়াছে, আদিতে এই জগৎ এফেবারে ছিল না, আর সেই অভাব বা শৃষ্ত
হইতেই এই সমৃদয় আদিয়াছে। পরবর্তী সোপানে আমরা দেখিতে পাই, এই
সিদ্ধান্তে সন্দেহ প্রকাশ করা হইতেছে। বেদান্তের প্রথম সোপানেই এই
প্রাম্ব দেখিতে পাওয়া শায়: অসৎ (অনন্তিছ) হইতে সতের (অত্তিছের)
উৎপত্তি কিরূপে হইতে পারে? যদি এই জগৎ সং অর্থাৎ অত্তিহেয়ক হয়,

তবে ইহা অবশ্য কিছু হইতে আদিয়াছে। প্রাচীনেরা সহক্ষেই দেখিতে পাইলেন, কোথাও এমন কিছুই নাই, যাহা শৃত্য হইতে উৎপন্ন হইতেছে। মহত্য-হন্তের দারা যাহা কিছু কত হয়, তাহারই তো উপাদান-কারণ প্রয়োজন। অতএব প্রাচীন হিন্দুরা হভাবতই এই জগৎ দে শৃত্য হইতে হুট হইয়াছে, এই প্রাথমিক ধারণা ত্যাগ করিলেন, আর এই জগৎস্প্তির কারণীভূত উপাদান কি, তাহার অন্নেষণে প্রবৃত্ত হইলেন। বাস্তবিকপক্ষে সমগ্র জগতের ধর্মেতিহাস—'কোন্ পদার্থ হইতে এই সম্দ্রের উৎপত্তি হইল ?'—এই প্রশ্নের উত্তর দিবার চেষ্টায় উপাদান-কারণের অন্নেষণমাত্র। নিমিজ্কারণ বা ঈশরের বিষয় ব্যতীত, ঈশর এই জগৎ স্প্তি করিয়াছেন কিনা—এই প্রশ্ন ব্যতীত, চিরকালই এই মহাপ্রশ্ন জিজ্ঞানিত হইয়াছে, 'ঈশর কী উপাদান লইয়া এই জগং স্প্তি করিলেন ?' এই প্রশ্নের উত্তরের উপরেই বিভিন্ন দর্শন নির্ভর করিতেছে।

একটি সিদ্ধান্ত এই যে, এই উপাদান এবং ঈশ্বর ও আত্মা—ভিনই নিত্য বস্তু, উহারা যেন তিনটি সমাস্তরাল রেখার মতো অনস্তকাল পাশাপাশি চলিয়াছে; উহাদের মধ্যে প্রকৃতি ও আত্মাকে তাঁহারা অ-স্বতম্ব তব এবং ঈশবকে স্বতন্ত্র তত্ত্ব বা পুরুষ বলেন। প্রত্যেক জড়পরমাণুর ক্যায় প্রত্যেক আত্মাই ঈশবেচ্ছার সম্পূর্ণ অধীন। যথন কপিল সাংখ্য মনোবিজ্ঞান প্রচার করিলেন, তখন পূর্ব হইতেই এই-সকল ও অক্যাক্ত অনেক প্রকার ধর্মসম্বনীয় ধারণা বিভ্যমান ছিল। ঐ মনোবিজ্ঞানের মতে বিষয়ামুভূতির প্রণালী এইরূপ: প্রথমতঃ বাহিরের বস্তু হইতে ঘাত বা ইক্সিত প্রদত্ত হয়, তাহা ইক্সিয়-সমূহের শারীরি ১ দারগুলি উত্তেজিত করে। যেমন প্রথমে চক্ষুরাদি ইক্রিয়দারে বাহ্ বিষয়ের আঘাত লাগিল, চকুরাদি দার বা ষয় হইতে দেই সেই ইন্দ্রিয়ে (স্বায়্কেন্দ্রে), ইন্দ্রিয়-সমূহ হইতে মনে, মন হইতে বুদ্ধিতে এবং বুদ্ধি হইতে এমন এক পদার্থে গিয়া লাগিল, যাহা এক তত্ত্বরূপ—উহাকে তাঁহারা 'আআ' বলেন। আধুনিক শারীরবিজ্ঞান আলোচনা করিলেও আমরা দেখিতে পাই, সর্বপ্রকার বিষয়াহভূতির জন্ম বিভিন্ন কেন্দ্র আছে, ইহা তাঁহারা আবিষ্কার করিয়াছেন। প্রথমত: নিয়শ্রেণীর কেন্দ্রসমূহ, দ্বিতীয়ত: উচ্চশ্রেণীর কেন্দ্রসমূহ, আর এই ছ্ইটির সঙ্গে মন ও বুদ্ধির কার্থের সহিত ঠিক মিলে, কিন্তু তাঁছারা এমন কোন কেন্দ্র পান নাই, যাহা অপর সব কেন্দ্রকে নিয়মিত করিতেছে,

হতরাং কে এই কেন্দ্রগুলির একত্ব বিধান করিতেছে, শারীরবিজ্ঞান তাহার উত্তর দিতে অক্ষম। কোথার এবং কিরুপে এই কেন্দ্রগুলি মিলিত হয়? মন্তিককেন্দ্রন্যুহ পৃথক্ পৃথক্, আর এমন কোন একটি কেন্দ্র নাই, বাহা অপর কেন্দ্রগুলিকে নিয়মিত করিতেছে। অতএব এ পর্যন্ত এ-বিষয়ে সাংখ্য-মনোবিজ্ঞানের প্রতিবাদী কেহ নাই। একটি সম্পূর্ণ ধারণা লাভের জন্ম এই একীভাব, যাহার উপর বিষয়াহভ্তিগুলি প্রতিবিদ্বিত হইবে, এমন কিছু প্রয়োজন। সেই 'কিছু' না থাকিলে আমি আপনার বা ঐ ছবিধানার বা অন্থ কোন বস্তুরই কোন জ্ঞানলাভ করিতে পারি না। যদি আমাদের ভিতরে এই একত্ব-বিধায়ক কিছু না থাকিত, তবে আমরা হয়তো কেবল দেখিতেই লাগিলাম, থানিক পরে শুনিতে লাগিলাম, থানিক পরে স্পর্শ অহ্বভব করিতে লাগিলাম, আর এমন হইত যে, একজন কথা কহিতেছে শুনিভেছি, কিন্তু তাহাকে মোটেই দেখিতে পাইতেছি না, কারণ কেন্দ্রসমূহ ভিন্ন ভিন্ন।

এই দেহ জড়পরমাণ্-গঠিত, আর ইহা জড় ও অচেতন। বাহাকে স্ক্র শরীর বলা হয়, তাহাও ঐরপ। সাংখ্যের মতে স্ক্র শরীর অতি স্ক্র পরমাণ্গঠিত একটি ক্রুল শরীর—উহার পরমাণ্গুলি এত স্ক্র বে, কোনপ্রকার অণ্বীক্ষণযন্ত্র ঘারাও ঐগুলি দেখিতে পাওয়া যায় না। এই স্ক্রদেহের প্রয়োজন কি ? আমরা যাহাকে 'মন' বলি, উহা তাহার আধারস্বরূপ। যেমন এই স্থল শরীর স্থলতর শক্তিসমূহের আধার, সেরপ স্ক্র শরীর চিষ্টা ও উহার নানাবিধ বিকারস্বরূপ স্ক্রতর শক্তিসমূহের আধার। প্রথমতঃ এই স্থল শরীর—ইহা স্থল জড় ও স্থল শক্তিময়। জড় ব্যতীত শক্তি থাকিতে পারে না, কারণ কেবল জড়ের মধ্য দিয়াই শক্তি নিজেকে প্রকাশ করিতে পারে এবং অবশেষে ঐগুলি স্ক্রতর রূপ ধারণ করে। বে-শক্তি স্থলতার করি করিতে পারে এবং অবশেষে ঐগুলি স্ক্রতররূপে কার্য করিতে থাকে এবং চিষ্টারূপে পরিণত হয়। উহাদের মধ্যে কোনরূপ বান্তব ভেদ নাই, একই বস্তর একটি স্ক্র ও অপরটি স্ক্র প্রকাশ মাত্র। স্ক্র শরীরও জড়, তবে উহা খ্ব স্ক্র জড়। উপাদানগত কোন ভেদ নাই। স্ক্র শরীরও জড়, তবে উহা খ্ব স্ক্র জড়।

এই-সকল শক্তি কোথা হইতে আসে ? বেদাস্কদর্শনের মতে—প্রকৃতি চুইটি বস্তুতে গঠিত। একটিকে তাঁহারা 'আকাশ' বলেন, উহা অভি সুক্ষ জড়, আর অপরটিকে তাঁহারা 'প্রাণ' বলেন। আপনারা পৃথিবী, বায়ু বা অন্থ যাহা কিছু দেখেন, শুনেন বা স্পর্শ দারা অমুভব করেন, তাহাই জড়; এবং সবগুলিই এই আকাশেরই ভিন্ন ভিন্ন রূপমাত্র। উহা প্রাণ বা সর্বব্যাপী শক্তির প্রেরণায় কখন সুন্দ্র হইতে সুন্দ্রতর হয়, কখন সুল হইতে সুলতর হয়। আকাশের ন্থায় প্রাণও সর্বব্যাপী—সর্বস্থাতে অমুস্যাত। আকাশ যেন জলের মতো এবং জগতে আরু যাহা কিছু আছে, সবই বরফগণ্ডের মতো, ঐগুলি জল হইতে উৎপন্ন হইয়া জলেই ভাসিতেছে; আর প্রাণই সেই শক্তি, যাহা আকাশকে এই বিভিন্নরূপে পরিণত করিতেছে।

পৈশিকগতি অর্থাং চলা-ফেরা, ওঠা-বদা, কথা বলা প্রভৃতি প্রাণের স্থুলরূপ প্রকাশের জন্ম এই দেহযন্ত্র আকাশ হইতে নির্মিত হইয়াছে। স্ক্রম শরীরও সেই প্রাণের চিন্তারূপ স্ক্রম আকারে অভিব্যক্তির জন্ম আকাশ হইতে—আকাশের স্ক্রতের রূপ হইতে নির্মিত হইয়াছে। অতএব প্রথমে এই স্থুল শরীর, তারপর স্ক্রম শরীর, তারপর জীব বা আত্মা—উহাই যথার্থ মানব। যেমন আমাদের নথ বৎসরে শতবার কাটিয়া ফেলা ঘাইতে পারে, কিন্তু উহা আমাদের শরীরেরই অংশ, উহা হইতে পৃথক্ নয়, তেমনি আমাদের শরীর তুইটি নয়। মান্ত্রের একটি স্ক্রম শরীর আার একটি স্থুল শরীর আছে, তাহা নয়; শরীর একই, তবে স্ক্রাকারে উহা অপেক্রাকৃত দীর্ঘকাল থাকে, আর স্থুলটি শান্তই নই হইয়া যায়। যেমন আমি বংসরে শতবার এই নথ কাটিয়া ফেলিতে পারি, সেরূপ এক যুগে আমি লক্ষ লক্ষ স্থুল শরীর ত্যাগ করিতে পারি, কিন্তু স্ক্রম শরীর থাকিয়া যাইবে। বৈতবাদীদের মতে এই জীব অর্থাৎ গার্থ 'মানুষ' স্ক্রম—অতি স্ক্রম।

এতদ্র পর্যন্ত আমরা দেখিলাম, মাহ্যের আছে প্রথমতঃ এই ফুল শরীর, বাহা অতি শীঘ্রই ধ্বংসপ্রাপ্ত হয়, তারপর স্থা শরীর—উহা যুগ্যুগ ধরিয়। বর্তমান থাকে, তারপর জীবাত্মা। বেদাস্তদর্শনের মতে ঈশ্বর যেমন নিত্য, এই জীবও দেইরূপ নিত্য, আর প্রকৃতিও নিত্য, তবে উহা প্রবাহরূপে নিত্য। প্রকৃতির উপাদান আকাশ ও প্রাণ নিত্য, কিন্তু অনস্ত কাল ধরিয়া উহার। বিভিন্ন আকারে পরিবর্তিত হইতেছে। জড় ও শক্তি নিত্য, কিন্তু উহাদের সমবায়সমূহ সর্বদা পরিবর্তনশীল। জীব—আকাশ বা প্রাণ কিছু হইতেট নির্মিত নয়, উহা অ-জড়, অতএব চিরকাল ধরিয়া উহা থাকিবে। উহা প্রাণ

ও আকাশের কোনক্রপ সংযোগের ফল নয়, আর যাহা সংযোগের ফল নয়, তাহা কখন নই হইবে না; কারণ বিনাশের অর্থ সংযোগের বিশ্লেষণ। যে-কোন বন্ধ থোগিক নয়, তাহা কখনও নই হইতে পারে না। স্থুল শরীর আকাশ ওপ্রাণের নানাক্রপ সংযোগের ফল, স্বতরাং উহা বিল্লিট হইয়া যাইবে। স্ক্র শরীরও দার্ঘকাল পরে বিল্লিট হইয়া যাইবে, কিন্তু জীব অযোগিক পদার্থ, স্বতরাং উহা কখনও ধাংসপ্রাপ্ত হইবে না। ঐ একই কারণে আমরা বলিতে পারি না, জীবের কোনকালে জন্ম হইয়াছে। কোন অযোগিক পদার্থের জন্ম হইতে পারে না; কেবল যাহা যৌগিক, তাহারই জন্ম হইতে পারে।

লক্ষ কোটি প্রকারে মিশ্রিত এই সমগ্র প্রকৃতি ঈশরের ইচ্ছার অধীন।
ঈশর সর্বব্যাপী, সর্বজ্ঞ ও নিরাকার এবং তিনি দিবারাত্র এই প্রকৃতিকে
পরিচালিত করিতেছেন। সমগ্র প্রকৃতিই তাঁহার শাসনাধীনে রহিয়াছে।
কোন প্রাণীর স্বাধীনতা নাই—থাকিতেই পারে না। তিনিই শাস্তা। ইহাই
বৈত বেদান্তের উপদেশ।

ভারপর এই প্রশ্ন আদিভেছে: ঈশ্বর যদি এই জগভের শান্তা হন, তবে তিনি কেন এমন কুৎসিত জগৎ সৃষ্টি করিলেন ? কেন আমরা এত কট্ট পাইব ? ইহার উত্তর এইরূপ দেওয়া হইয়া থাকে: ইহাতে ঈশবের কোন দোষ নাই। আমাদের নিজেদের দোষেই আমরা কট পাইয়া থাকি। আমর। যেরূপ বীঞ্চ বপন করি, সেরূপ শস্তই পাইয়া থাকি। ঈশর আমাদিগকে শান্তি দিবার জক্ত কিছু করেন না। যদি কোন ব্যক্তি দরিদ্র, অদ্ধ বা থঞ্জ হইয়া জন্মগ্রহণ করে, বুঝিতে হইবে সে ঐভাবে জন্মিবার পূর্বে এমন কিছু করিয়াছিল, যাহা এইরূপ ফল প্রদব করিয়াছে। জীব চিরকাল বর্তমান আছে, কখন স্ট হয় নাই; চিরকাল ধরিয়া নানারপ কার্য করিতেছে। আমরা যাহা কিছু করি, তাহারই ফলভোগ করিতে হয়। যদি শুভকর্ম করি, তবে আমরা হুখলাভ করিব, অশুভ কর্ম করিলে ত্র:খভোগ করিতে হইবে। জীব স্বরূপত: ওদস্বভাব, তবে দৈতবাদী বলেন, অজ্ঞান উহার স্বরূপকে **আ**ারুত করিয়াছে। যেমন অদৎ কর্মের ছারা উহা নিজেকে অঞ্চানে আবৃত করিয়াছে, তেমনি শুভকর্মের ধারা উহ নিজম্বরূপ ুনরায় জানিতে পারে। জীব যেমন নিত্য, তেমনই ব্রদ্ধ। প্রত্যেক জীব ্বরপত: শুদ্ধ। যথন শুভকর্মের দারা উহার পাপ ও অশুভ কর্ম ধৌত হইয়া যায়, তখন জীব আবার শুদ্ধ হয়, আর যখন সে শুদ্ধ হয়, তখন সে মৃত্যুর পর দেবযান-পথে স্বর্গে বা দেবলোকে গমন করে। যদি সে সাধারণভাবে ভাল লোক হয়, সে পিতৃলোকে গমন করে।

স্থুলদেহের পতন হইলে বাগিন্দ্রিয় মনে প্রবেশ করে। বাক্য ব্যতীত চিন্তা করিতে পারা যায় না; যেখানেই বাক্য, সেখানেই চিন্তা বিভযান। মন আবার প্রাণে লীন হয়, প্রাণ জীবে লয়প্রাপ্ত হয়; তথন দেহত্যাগ করিয়া জীব তাহার অতীত জীবনের কর্ম দারা অজিত পুরস্কার বা শান্তির যোগ্য এক অবস্থায় গমন করে। দেবলোক-অর্থে দেবগণের বাসস্থান। 'দেব' শব্দের অর্থ উজ্জ্বল বা প্রকাশস্বভাব—খ্রীষ্টান ও মুসলমানেরা যাহাকে এঞ্চেল (Angel) বলেন, 'দেব' বলিতে তাহাই বুঝায়। ইহাদের মতে—দাস্তে তাঁহার 'ডিভাইন কমেডি' (Divine Comedy) কাব্যগ্রন্থে বেরূপ নানাবিধ স্বৰ্গলোকের বৰ্ণনা করিয়াছেন, কতকটা ভাহারই মতো নানা প্রকার স্বর্গলোক আছে। যথা—পিতৃলোক, দেবলোক, চক্রলোক, বিহ্যুলোক, সর্বশ্রেষ্ঠ ব্ৰন্ধলোক—ব্ৰন্ধার স্থান। ব্ৰন্ধলোক ব্যতীত অক্তাগ্ত স্থান হইতে জীব ইহলোকে ফিরিয়া আসিয়া আবার নর-জন্ম গ্রহণ করে, কিন্তু যিনি ব্রহ্মলোক প্রাপ্ত হন, তিনি দেখানে অনস্তকাল ধরিয়া বাস করেন। বে-সকল শ্রেষ্ঠ মানব সম্পূর্ণ নিঃস্বার্থ ও সম্পূর্ণ পবিত্র হইয়াছেন, যাঁহারা সমুদয় বাসনা ত্যাগ করিয়াছেন, যাঁহারা ঈশবের উপাসনা ও তদীয় প্রেমে নিমগ্ন হওয়া ব্যতীত আর কিছু করিতে চান না, তাঁহাদেরই এইরূপ শ্রেষ্ঠ গতি হয়। ইহাদের অপেকা কিঞ্চিং নিম্নন্তরের দিতীয় আর এক শ্রেণীর লোক আছেন, তাঁহারা ভভকর্ম করেন াটে, কিন্তু দেক্তম পুরস্কারের আকাজ্ঞা করেন, তাঁহারা ঐ ভভকর্মের বিনিময়ে স্বর্গে ধাইতে চান। মৃত্যুর পর তাঁহাদের জীবাত্মা চন্দ্রলোকে গিয়া স্বৰ্গস্থ ভোগ করিতে থাকেন। জীবাত্মা দেবতা হন। দেবগণ অমর নন, তাঁহাদিগকেও মরিতে হয়। স্বর্গেও সকলেই মরিবে। মৃত্যুশৃন্ত স্থান কেবল ব্রহ্মলোক, সেখানেই কেবল জন্মও নাই, মৃত্যুও নাই। **স্থানাদে**র পুরাণে দৈত্যগণেরও উল্লেখ দেখিতে পাওয়া যায়, তাঁহারা সময়ে সময়ে দেবগণকে আক্রমণ করেন। সর্বদেশের পুরাণেই এই দেব-দৈভ্যের সংগ্রাম দেখিতে পাওয়া যায়। সময়ে সময়ে দৈত্যেরা দেবগণের উপর জয়লাভ করিয়া থাকে। সকল দেশের পুরাণে ইহাও পাওয়া **বার যে, দে**বগণ ফুল্রী মানব-ছহিতাদের ভালবাসে। দেবরূপে জীব কেবল তাঁহার অতীত কর্মের ফলভোগ করেন, কিছু কোন নৃতন কর্ম করেন না। কর্ম-অর্থে যে-সকল কার্য ফলপ্রলব করিবে, সেইগুলি ব্যাইয়া থাকে, আবার ফলগুলিকেও ব্যাইয়া থাকে। মানুষের বখন মৃত্যু হয় এবং সে একটি দেব-দেহ লাভ করে, তখন সে কেবল স্থভোগ করে, নৃতন কোন কর্ম করে না। সে ভাহার অতীত শুভকর্মের প্রস্কার ভোগ করে মাত্র। কিন্তু যখন ঐ শুভকর্মের ফল শেব হইয়া যায়, ভখন ভাহার অত্য কর্ম ফলোনুথ হয়।

েবেদে নরকের কোন প্রদদ্ধ নাই। কিন্তু পরবর্তী কালে পুরাণকারগণ-আমাদের পরবর্তী কালের শাস্ত্রকারগণ—ভাবিয়াছিলেন, নরক না থাকিলে কোন ধর্মই সম্পূর্ণ হইতে পারে না, স্থতরাং তাঁহারা নানাবিধ নরক কল্পনা করিলেন। দান্তে তাঁহার 'নরকে' (Inferno) যত প্রকার শান্তি কল্লনা করিয়াছেন, ইহারা ভতপ্রকার, এমন কি, তাহা অপেকা অধিক প্রকার নরক-ষত্রণার কল্পনা করিলেন। তবে আমাদের শান্ত দয়া করিয়া বলেন, এই শান্তি কিছুকালের জন্ত মাত্র। ঐ অবস্থায় অন্তভ কর্মের ফলভোগ হইয়া উহা ক্ষয় হইয়া যায়, তথন জীবাত্মাগণ পুনরায় পৃথিবীতে আসিয়া আর একবার উন্নতি করিবার স্থযোগ পায়। এই মানবদেহেই উন্নতিসাধনের বিশেষ স্থযোগ পাওয়া বায়। এই মানবদেহকে 'কর্মদেহ' বলে, এই মানবদেহেই আমরা আমাদের ভবিশ্বং অদৃষ্ট স্থির করিয়া থাকি। আমরা একটি বৃহৎ বৃত্তপথে ভ্রমণ করিভেছি, আর মানবদেহই সেই বৃত্তের মধ্যে একটি বিন্দু, যেখানে আমাদের ভবিশ্বৎ নির্ধারিত হয়। এই কারণেই অক্তান্ত সর্বপ্রকার দেহ অপেকা মানবদেহই শ্রেষ্ঠ বলিয়া বিবেচিত হইয়া থাকে। দেবগণ অপেকাও মাহ্য মহত্তর। দেবগণও মহয়জন্ম গ্রহণ করিয়া থাকেন। এই পর্যস্ত বৈত-বেদান্তের আলোচনা।

তারপর বেদান্ত-দর্শনের আর এক উচ্চতর ধারণা আছে—দেদিক হইতে দেখিলে এগুলি অপরিণত ভাব। যদি বলেন ঈশর অনন্ত, জীবাত্মাও অনন্ত এবং প্রাকৃতিও অনন্ত, তবে এইরূপ অনন্তের সংখ্যা আপনি ষত ইচ্ছা বাড়াইতে পারেন, কিন্তু এইরূপ করা অবৌদ্ধিক; কারণ এই 'অনন্ত'গুলি পরস্পরকে দ্দীম করিয়া ফেলিবে এবং প্রাকৃত অনন্ত বলিয়া কিছু থাকিবে না। দ্বারই জগতের নিমিত্ত- ও উপাদান-কারণ; ভিনি নিজের ভিতর হইতে এই জগৎ

বাহিরে প্রক্ষেপ করিয়াছেন। এ-কথার অর্থ কি এই ষে, ঈশরই এই দেওয়াল, এই টেবিল, এই পশু, এই হত্যাকারী এবং জগতের যা কিছু মন্দ সব হইয়াছেন ? ঈশ্বর শুদ্ধরূপ; তিনি কিরূপে এ-সকল মন্দ জিনিস হইতে পারেন ?— না. তিনি এ-সব হন নাই। ঈশর অপরিণামী, এ-সকল পরিণাম প্রকৃতিতে; —বেমন আমি অপরিণামী আত্মা, অথচ আমার দেহ আছে। এক অর্থে—এই দেহ আমা হইতে পৃথক নয়, কিন্তু আমি—যথাৰ্থ আমি কখনই দেহ নই। আমি কথন বালক, কখন যুবা, কখন বা বৃদ্ধ হইতেছি, কিন্তু উহাতে আমার আত্মার কিছুমাত্র পরিবর্তন হয় নাই। উহা যে আত্মা, সেই আত্মাই থাকে। এইরূপে প্রকৃতি এবং অনস্ত-আত্মা-সমন্বিত এই জগৎ যেন ঈশবের অনন্ত শরীর। তিনি ইহার সর্বত্ত ওতপ্রোত রহিয়াছেন। তিনি একমাত্র অপরিণামী। কিন্তু প্রকৃতি পরিণামী এবং আত্মাগুলিও পরিণামী। প্রকৃতির কিরূপ পরিণাম হয় ? প্রকৃতির রূপ বা আকার ক্রমাগত পরিবর্ডিত হইতেছে, উহা নৃতন নৃতন আকার ধারণ করিতেছে। কিন্তু আত্মাতো এইরূপে পরিণাম-প্রাপ্ত হইতে পারে না। উহাদের কেবল জ্ঞানের সঙ্কোচ ও বিকাশ হয়। প্রত্যেক আত্মাই অন্তভ কর্ম দারা সংকাচ-প্রাপ্ত হয়। ষে-সকল কার্যের দারা আত্মার স্বাভাবিক জ্ঞান ও পবিত্রতা সঙ্কৃচিত হয়, দেগুলিকেই 'অন্তভ কর্ম' বলে। যে-সকল কর্ম আবার আত্মার স্বাভাবিক মহিমা প্রকাশ করে, সেগুলিকে 'শুভ কর্ম' বলে। সকল আত্মাই শুদ্ধস্থভাব ছিল, কিন্তু নিজ কর্মধারা সঙ্কোচ-প্রাপ্ত হুইয়াছে। তথাপি ঈখরের কুপায় ও শুভকর্মের অন্নষ্ঠান দারা তাহারা আবার বিকাশপ্রাপ্ত হইবে ও পুনরায় শুদ্ধস্বশ্নপ হইবে। প্রত্যেক জীবাত্মার মুক্তিলাভের সমান স্বযোগ ও সম্ভাবনা আছে এবং কালে সকলেই শুদ্ধস্বরূপ হইয়া প্রকৃতির বন্ধন হইতে মুক্ত হইবে কিন্তু তাহা হইলেও এই জগৎ শেষ হইয়া যাইবে না, কারণ উহা অনন্তঃ ইহাই বেদান্তের দ্বিতীয় প্রকার সিদ্ধান্ত। প্রথমোক্তটিকে 'দ্বৈত বেদান্ত' বলে : আর দিতীয়টি—যাহার মতে ঈশর, আত্মা ও প্রকৃতি আছেন, আত্মা ও প্রকৃতি ঈশ্বরের দেহস্বরূপ আর ঐ তিনে মিলিয়া এক—ইহাকে 'বিশিষ্টাধৈত বেদান্ত' বলে। আর এই মতাবলম্বিগণকে বিশিষ্টাদৈতবাদী বলে।

সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ মত অবৈতবাদ। এই মতেও টবর এই জগতের নিমিত্ত- ও উপাদান-কারণ হুই-ই। স্বতরাং ঈশর এই সমগ্র জগং হইরাছেন। 'ঈশর আত্মা-সরুপ আর জগৎ যেন তাঁহার দেহস্বরূপ, আর সেই দেহের পরিণাম হইতেছে'--বিশিষ্টাবৈতবাদীর এই দিদ্ধান্ত অবৈতবাদী স্বীকার করেন না। তাঁহারা বলেন, তবে আর ঈশরকে এই জগতের উপাদান-কারণ ৰলিবার কি প্রয়োজন? উপাদানকারণ অর্থে ষে-কারণটি কার্যক্রপ ধারণ করিয়াছে। কার্য কারণের রূপান্তর বই আর কিছুই নয়। যেখানেই কার্য দেখা যায়, দেখানেই বুঝিতে হইবে, কারণই রূপান্তরিত হইয়া অবস্থান করিতেছে। যদি জগৎ কার্য হয়, আর ঈখর কারণ হন, তবে এই জগৎ অবশ্রাই ঈশবের রূপান্তরমাত্র। যদি বলা হয়, জগং ঈশবের শরীর, আর ঐ দেহ সংক্ষাতপ্রাপ্ত হইয়া স্ক্রাকার ধারণ করিয়া কারণ হয় এবং পরে আবার দেই কারণ হইতে জগতের বিকাশ হয়, ভাহাতে অবৈতবাদী বলেন, ঈশর শ্বয়ংই এই জগৎ হইয়াছেন। এখন একটি শ্বতি সুন্দ্র প্রশ্ন আসিতেছে। যদি ঈশ্বর এই জগৎ হইয়া থাকেন, ভবে সবই ঈশর। অবশ্য সবই ঈশর। আমার দেহও ঈশর, আমার মনও ঈশর, আমার আত্মাও ঈশর। তবে এত জীব কোথা হইতে আসিল? ঈশর কি লক্ষ লক্ষ জীবৰূপে বিভক্ত হইয়াছেন ? সেই অনস্ত শক্তি, সেই অনস্ত পদার্থ, জগতের দেই এক সভা কিরূপে বিভক্ত হইতে পারেন ? অনম্বকে বিভাগ করা অসম্ভব। তবে কিভাবে সেই ওম্বসভা (সংশ্বরূপ) এই জ্বগৎ হইলেন ? যদি তিনি জগৎ হইয়া থাকেন, তবে তিনি পরিণামী, পরিণামী ংইলেই তিনি প্রকৃতির অন্তর্গত, যাহা কিছু প্রকৃতির অন্তর্গত তাহারই জ্রামৃত্যু আছে। যদি ঈশ্বর পরিণামী হন, তবে তাঁহারও একদিন মৃত্যু হইবে। এইটি মনে রাখিবেন। আর একটি প্রশ্ন: ঈশরেব কতথানি এই জগৎ হইয়াছে ? যদি বলেন, ঈশবের 'ক' অংশ জগৎ হইয়াছে, তবে ঈশব = 'ঈশব' – ক; অতএব স্ষ্টির পূর্বে তিনি যে ঈশর ছিলেন, এখন আর দে ঈশর নাই; কারণ তাঁহার িকছুটা **অংশ জগৎ হই**য়া**ছে। ইহাতে অবৈতবাদীর উত্তর এই** যে, এই জগতের বান্তবিক সন্তা নাই, ইহার অন্তিত্ব প্রতীয়মান হইতেছে মাত্র। এই দেবতা, ধর্গ, জন্মমৃত্যু, অনস্ক্রসংখ্যক আত্মা আদিতেছে, যাইতেছে—এই-সবই কেবল স্প্রমাত্র। সমুদ্য়ই সেই এক অনস্কস্বরূপ। একই স্থ বিবিধ জলবিন্ত ্ৰতিবিশ্বিত হইয়া নানাৰূপ দেখাইতেছে। লক লক জনকণাতে লক লক স্থ্যে প্রতিবিদ পড়িয়াছে, আর প্রত্যেক জলকণাতেই স্থ্যে সম্পূর্ণ প্রতিমৃতি রহিয়াছে; কিন্তু সূর্য প্রাক্তণকে একটি। এই-সকল জীব সম্বন্ধেও সেই কথা—ভাহারা সেই এক অনস্ত পুর্বের প্রতিবিদ্ধমাত্র। স্বপ্ন কথন সভ্য ব্যতীত থাকিতে পারে না, আর সেই সভ্য—সেই এক অনস্ত সন্তা। শরীর, মন বা জীবাত্মাভাবে ধরিলে আপনি স্বপ্রমাত্র, কিন্তু আপনার যথার্থ স্বরূপ অথগু সচ্চিদানল। অবৈতবাদী ইহাই বলেন। এই-সব জান্ম, পুনর্জন্ম, এই আসা-যাওয়া—এ-সব সেই স্বপ্নের অংশমাত্র। আপনি অনস্তস্বরূপ। আপনি আবার কোথায় যাইবেন? সূর্য, চক্র ও সমগ্র ব্রহ্মাণ্ড আপনার যথার্থ স্বরূপের নিকট একটি বিন্দুমাত্র। আপনার আবার জন্মরণ কিরূপে হইবে? আত্মা কথন জন্মান নাই, কথন মরিবেনও না; আত্মান্ব কোন কালে পিতামাতা, শক্র-মিত্র কিছুই নাই; কারণ আত্মা অথগু সচ্চিদানল্ম্বরূপ।

অবৈত বেদান্তের মতে মাহুষের চরম লক্ষ্য কি ?—এই জ্ঞানলাভ করা ও জগতের সহিত এক হইয়া যাওয়া। যাহারা এই অবস্থা লাভ করেন, তাঁহাদের পক্ষে সমুদয় স্বর্গ, এমন কি ব্রহ্মলোক পর্যন্ত নাই হইয়া যায়, এই-সমুদয় স্বপ্ন ভাঙিয়া যায়, আর তাঁহারা নিজদিগকে জগতের নিত্য ঈশর বিলয়া দেখিতে পান। তাঁহারা তাঁহাদের যথার্থ 'আমিছ' লাভ করেন—আমরা এখন যে ক্ষু অহংকে এত বড় একটা জিনিস বিলয়া মনে করিতেছি, উহা তাহা হইতে জনেক দ্রে। আমিছ নাই হইবে না—অনস্ত ও সনাতন আমিছ লাভ হইবে। ক্ষুদ্র ক্ষুত্রত স্থাবোধ আর থাকিবে না। আমরা এখন এই ক্ষুদ্র দেহে এই ক্ষুদ্র আমিকে লইয়া স্থ্য পাইতেছি। যখন সম্দয় ব্রহ্মাণ্ড আমাদের নিজেদের দেহ বলিয়া বোধ হইবে, তখন আমরা কত অধিক স্থ্য পাইব ? এই পৃথক্ গৃথক্ দেহে যদি, এত স্থ্য থাকে, তবে যখন সকল দেহ এক হইয়া যাইবে, তখন আরপ্ত কত অধিক স্থা! যে ব্যক্তি ইহা অহুভব করিয়াছে, দে-ই মৃক্তিলাভ করিয়াছে, দে এই স্বপ্ন কাটাইয়া তাহার পারে চলিয়া গিয়াছে, নিজের যথার্থ স্বরূপ জানিয়াছে। ইহাই অবৈত-বেদান্তের উপদেশ।

বেদাস্কদর্শন একটির পর একটি এই সোপানত্তম অবলম্বন করিয়া অগ্রসর হইয়াছে, আর আমরা ঐ ভৃতীয় সোপান অতিক্রম করিয়া আর অগ্রসর হইতে পারি না, কারণ আমরা একত্বের পর আর ষাইতে পারি না

7.0

যাহা হইতে জগতের সব কিছু উৎপন্ন হইয়াছে, দেই পূর্ণ এক ষ বেশী আমরা আর যাইতে পারি না। এই অবৈতবাদ সকলে পারে না; সকলের বারা গৃহাত হইবার পক্ষে ইহা বিশেষ কঠিন বৃদ্ধিবিচারের বারা এই তত্ত্ব বুঝা অতিশন্ন কঠিন। ইহা বৃথিতে বৃদ্ধির প্রয়োজন, নিভাঁক বোধশক্তির প্রয়োজন। দ্বিতীয়তঃ উহা অধিকাংশ ব্যক্তিরই উপযোগী নয়।

এই তিনটি দোপানের মধ্যে প্রথমটি হইতে আরম্ভ করা ভাল। ঐ প্রথম সোপানটির সম্বন্ধে চিস্তাপূর্বক ভাল করিয়া বৃঝিলে দ্বিতীয়টি আপনিই খুলিয়া যাইবে। যেমন একটি জাতি ধীরে ধীরে উন্নতি-সোপানে অগ্রসর হয়, ব্যক্তিকেও সেইরূপ করিতে হয়। ধর্মজ্ঞানের উচ্চতম চূড়ায় আরোহণ করিতে মানবন্ধাতিকে যে-সকল সোপান অবলম্বন করিতে হইয়াছে, প্রত্যেক ব্যক্তিকেও তাহাই অবলম্বন করিতে হইবে। কেবল প্রভেদ এই মে, সমগ্র মানবজাতির এক সোপান হইতে সোপানাস্তরে আরোহণ করিতে লক্ষ লক্ষ বর্গ লাগিয়াছে, কিন্তু ব্যক্তি মানব কয়েক বর্ষের মধ্যেই মানবজাতির সমগ্র জীবন ধাপন করিয়া ফেলিতে পারেন, অথবা আরও শীঘ্র—হয়তো ছয় মালের মধ্যেই পারেন। কিন্তু আমাদের প্রত্যেককেই এই দোপানগুলির মধ্য দিয়া ষাইতে হইবে। আপনাদের মধ্যে যাহারা অত্বৈত্বাদী, তাঁহারা ষ্থন ঘোর হৈত্বাদী ছিলেন, নিজেদের জীবনের সেই সময়ের কথা অবশুই মনে করিতে পারেন। ষ্থনই আপনারা নিজ্ঞদিগকে দেহ ও মন বলিয়া ভাবেন, তথন আপনাদিগকে এই স্থপ্নের সমগ্রটাই লইতে হইবে। একটি ভাব লইলেই সমৃদয়টি লইতে হইবে। /বে ব্যক্তি বলে, জগৎ রহিয়াছে, কিন্তু ঈশ্বর নাই, সে নির্বোধ; কারণ যদি জ্ব্যথ থাকে, তবে জ্ব্যতের একটা কারণও থাকিবে, আর সেই কারণের নামই ঈবর। কার্য থাকিলেই ভাহার কারণ আছে, অবশ্র জানিতে হইবে। ষথন জগৎ অন্তহিত হইবে, তখনই ঈশ্বরও অন্তহিত হইবেন। যখন আপনি ঈশবের সহিত নিজ একত্ব অনুভব করিবেন, তখন আপনার পক্ষে আর এই জগৎ থাকিবে না। কিন্তু যতদিন এই স্বপ্ন আছে, ততদিন আমরা আমাদিগকে জন্মস্ত্যুশীল বলিয়া মনে করিতে বাধ্য, কিন্তু যথনই 'আমরা দেহ'—এই স্বপ্ন অন্তর্হিত হয়, অমনি সঙ্গে সঙ্গে 'আমরা জন্মাইতেছি ও মরিতেছি'—এ স্বপ্নও অন্তর্হিত হইবে, এবং 'একটা জগৎ আছে'—এই স্বপ্নও চলিয়া ষাইবে।

যাহাকে আমরা এখন এই জগৎ বলিয়া দেখিতেছি, তাহাই আমাদের নিকট ঈশব বলিয়া প্রতিভাত হইবে এবং যে-ঈশবকে এতদিন আমরা বাহিরে অবস্থিত বলিয়া জানিতেছিলাম, তিনিই আমাদের আত্মার অন্তরাত্মারূপে প্রতীত হইবেন। অবৈতবাদের শেষ কথা 'তত্মিদি'—তাহাই তুমি।

ধূৰ্ম-সমীক্ষা



4.5% **2**[4] 5], 20%

ধৰ্ম কি ?

রেল লাইনের উপর দিয়া একখানা প্রকাণ্ড ইঞ্জিন সশব্দে চলিয়াছে; একটি কুন্ত কীট লাইনের উপর দিয়া চলিভেছিল, গাড়ি আসিতেছে জানিতে পারিয়া দে আন্তে আন্তে রেল লাইন হইতে সরিয়া গিয়া নিজের প্রাণ বাঁচাইল। যদিও ঐ কৃদ্ৰ কীটটি এতই নগণ্য যে, গাড়ির চাপে যে-কোন মূহুর্তে নিম্পেষিত হইতে পারে, তথাপি সে একটা জীব—প্রাণবান্ বস্তু; আর এত বৃহৎ, এত প্রকাণ্ড ইঞ্জিনটি একটা যন্ত্র মাত্র। আপনারা বলিবেন, একটির জীবন আছে, আর একটি জীবনহীন জড়মাত্র—উহার শক্তি, গতি ও বেগ যতই প্রবল হউক না কেন, উহা প্রাণহীন জড় যন্ত্র ছাড়া আর কিছুই নয়। আর ঐ কৃত্র কীটটি ষে রেলের উপর দিয়া চলিতেছিল এবং ইঞ্জিনের স্পর্শমাত্তেই ষাহার নিশ্চিত মৃত্যু হইত, দে ঐ প্রকাণ্ড রেলগাড়িটির তুলনায় মহিমাদম্পন। উহা যে সেই অনস্ত ঈশবেরই একটি কৃদ্র অংশ মাত্র এবং সেইজক্ত এই শক্তিশালী ইঞ্জিন অপেক্ষাও মহৎ। কেন উহার এই মহত্ব হইল? অড় ও প্রাণীর পার্থক্য আমরা কিরুপে বুঝিতে পারি ? যন্ত্রকর্তা যন্ত্রটি যেরূপে পরিচালিত করিতে ইচ্ছা করিয়া নির্মাণ করিয়াছিল, যন্ত্র দেইটুকু কার্যই সম্পাদন করে, যন্ত্রের কার্যগুলি জীবস্ত প্রাণীর কার্যের মতো নয়। তবে জীবস্ত ও প্রাণহীনের মধ্যে প্রভেদ কিরূপে করা ষাইবে ? জীবিত প্রাণীর স্বাধীনতা আছে, জ্ঞান আছে, আর মৃত জড়বম্ব কতকগুলি নিয়মের গণ্ডিতে বন্ধ এবং তাহার মুক্তির সম্ভাবনা নাই, কারণ ভাহার জ্ঞান নাই। ষে-স্বাধীনতা থাকায় ষম্ভ হইতে আমাদের বিশেষত—ে গই মৃক্তিলাভের জ্ঞাই আমরা সকলে চেষ্টা করিতেছি। অধিকতর মৃক্ত হওয়াই আমাদের সকল চেটার উদ্দেশ, কারণ শুধু পূর্ণ মৃক্তিতেই পূর্ণত্ব লাভ হইতে পারে। আমরা জানি বা না জানি, ম্ক্তিলাভ করিবার এই চেষ্টাই সর্বপ্রকার উপাসনা-প্রণালীর ভিত্তি।

জগতে যত প্রকার উপাসনা-প্রণালী প্রচলিত আছে, সেইগুলি বিশ্লেষণ করিলে দেখা যার, অতি অসভ্যজাতিরা ভূত, প্রেত ও পূর্বপুরুষদের আত্মার উপাসনা করিয়া থাকে। সর্পপূজা, পূর্বপুরুষদিগের আত্মার উপাসনা, ওপজাতীয় দেবগণের উপাসনা—এগুলি লোকে কেন করিয়া থাকে? কারণ

লোকে অমুভব করে যে, কোন অজ্ঞাত উপায়ে এই দেবগণ ও পূর্বপুরুষেরা তাহাদের নিজেদের অপেক্ষা অনেক বড়, বেশী শক্তিশালী এবং তাহাদের স্বাধীনতা সীমিত করিতেছেন। স্থতরাং অসভ্যন্ধাতিরা এই-সকল দেবতা ও পূর্বপুরুষকে প্রদন্ধ করিতে চেষ্টা করে, যাহাতে তাঁহারা তাহাদের কোন উৎপীড়ন না করিতে পারেন অর্থাৎ যাহাতে তাহারা অধিকতর স্বাধীনতালাভ করিতে পারে। তাহারা ঐ-দকল দেবতা ও পূর্বপুরুষের পূজা করিয়া তাঁহাদের ক্রপা লাভ করিতে প্রয়াদী এবং ষে-দকল বস্তু মাহুষের নিজের পুরুষকারের দারা উপার্জন করা উচিত, সেগুলি ঈশবের বরশ্বরূপ পাইতে আকাজ্ঞা করে। মোটের উপর এই-সকল উপাসনা-প্রণালী আলোচনা করিয়া ইহাই উপলব্ধি হয় যে, সমগ্ৰ জগৎ একটা কিছু অঙুত ব্যাপার আশা করিতেছে। এই আশা আমাদিগকে কথনই একেবারে পরিত্যাগ করে না, আর আমরা ষতই চেষ্টা করি না কেন, আমরা দকলেই অডুভ ও অসাধারণ ব্যাপারগুলির দিকেই ছুটিয়া চলিয়াছি। জীবনের অর্থ ও রহস্তের অবিরাম অহুসন্ধান ছাড়া মন বলিতে আর কি বুঝায়? আমরা বলিতে পারি, অনিক্ষিত লোকেরাই এই আজগুবির অমুসন্ধানে ব্যন্ত, কিন্তু তাহারাই বা কেন উহার অনুসন্ধান ক্রিবে—এ প্রশ্ন তো আমরা সহচ্চে এড়াইতে পারিব না। ইছদীরা অলৌকিক ঘটনা দেখিবার আকাজ্ঞা প্রকাশ করিত। ইহুদীদের মতো সমগ্র জগৎই হাজার হাজার বর্ষ ধরিয়া এইরূপ অলৌকিক বস্তু দেখিবার আকাজ্ঞা করিয়া আসিতেছে। আবার দেখুন, ব্দগতে সকলের ভিতরেই একটা অসস্তোষের ভাব দেখিতে পাওয়া যায়। আমরা একটা আদর্শ গ্রহণ করি, কিন্তু উহার দিকে তাড়াইড়া করিয়া অগ্রসর হইয়া অর্ধপথ পৌছিতে না পৌছিতেই নৃতন আর একটা আদর্শ ধরিয়া বসিলাম। নির্দিষ্ট একটা লক্ষ্যের দিকে যাইবার জন্ত কঠোর চেষ্টা করি, কিন্ত তারপর ব্ঝিলাম, উহাতে আমাদের কোন প্রয়োজন নাই। বারবার আমাদের এইরূপ অদস্তোষের ভাব আসিতেছে, কিন্তু যদি শুধু অসস্তোষই আসিতে থাকে, তাহা হইলে আমাদের মনের কি অবস্থা হয় ? এই সর্বন্ধনীন অসস্ভোষের অর্থ কি ? ইহার অর্থ এই—মুক্তিই মাহুদের চিরস্তন লক্ষ্য। বতদিন না মাহুষ এই মৃক্তিলাভ করিতেছে, ততদিন সে মৃক্তি খুঁজিবেই। তিহার সমগ্র জীবনই এই মৃক্তিলাভের চেষ্টা মাত্র। শিশু জ্বিয়াই নিয়মের^ট বিক্**ছে বি**দ্রোহ করে '

শিশুর প্রথম শব্দুরণ হইতেছে ক্রম্ন—বে-বন্ধনের মধ্যে সে নিজেকে আবদ্ধ দেখে, তাহার বিক্রমেই প্রতিবাদ। মৃক্তির এই আকাজ্রা হইতেই এই ধারণা জন্মে বে, এমন একজন পুরুষ অবশ্রই আছেন, বিনি সম্পূর্ণ মৃক্তম্বভাব। ঈশ্বর-ধারণাই মাহ্মবের প্রকৃতির মৃল উপাদান। বেদাস্থে সচ্চিদানম্পই মানবমনের ঈশ্বরসম্বন্ধীয় সর্বোচ্চ ধারণা। ঈশ্বর চিদ্বন ও মভাবতই আনন্দ্বন। আমরা অনেক দিন ধরিয়া ঐ অন্তরের বাণীকে চাপিয়া রাখিবার চেটা করিয়া আসিতেছি, নিয়ম বা বিধি অহুসরণ করিয়া মহুগ্যপ্রকৃতির ফ্রতিতে বাধা দিবার প্রয়াস পাইতেছি, কিন্তু প্রকৃতির নিয়মের বিক্রমে বিজোহ করিবার সহজাত প্রবৃত্তি আমাদের মধ্যে আছে। আমরা ইহার অর্থ না বৃথিতে পারি, কিন্তু অক্তাতসারে আমাদের মানবীয় ভাবের সহিত আধ্যাত্মিক ভাবের, নিমন্তরের মনের সহিত উচ্চতর মনের সংগ্রাম চলিয়াছে এবং এই সংগ্রাম নিজের পৃথক্ অন্তিত্য—যাহাকে আমরা আমাদের আমিত্ব বা ব্যক্তিত্ব' বলি—রক্ষা করিবার একটা চেটা।

এমনকি নরকও এই অন্ত সত্য প্রকাশ করে যে, আমরা জন্ম হইতেই বিদ্রোহী এবং প্রকৃতির বিক্লমে জীবনের প্রথম সত্য—জীবনীশক্তির চিহ্ন এই যে, আমরা বিল্রোহ করি এবং বলিয়া উঠি—'কোনরূপ নিয়ম মানিয়া আমরা চলিব না'। যতদিন আমরা প্রকৃতির নিয়মাবলী মানিয়া চলি, ততদিন আমরা যন্ত্রের মতো—ততদিন জ্বাং প্রবাহ নিজ গতিতে চলিতে থাকে, উহার শুখল আমরা ভাত্তিতে পারি না। নিয়মই মাহুষের প্রকৃতিগত হইয়া যায়। যথনই আমরা প্রকৃতির এই বন্ধন ভাত্তিয়া মৃক্ত হইবার চেটা করি, তথনই উচ্চন্তরের জীবনের প্রথম ইলিত বা চিহ্ন দেখিতে পাওয়া যায়। 'মৃক্তি, অহো মৃক্তি! নৃক্তি, অহো মৃক্তি! নৃক্তি, অহো মৃক্তি! নৃক্তি, অহো মৃক্তি!—আআর অক্তন্তল হইতে এই সন্ধীত উথিত হইতেছে। বন্ধন—হায়, প্রকৃতির শৃখলে বন্ধ হওয়াই জীবনের অদৃষ্ট বাং পরিণাম বলিয়া মনে হয়।

অতিপ্রাক্বত শক্তিলাভের জন্ম সর্প ও ভ্তপ্রেতের উপাসনা এবং বিভিন্ন ধর্মত ও সাধন-প্রণালী থাকিবে কেন ? বস্তুর সত্তা আছে, জীবন আছে—এ-কথা আমরা কেন বলি ? এই-সব অমুসন্ধানের জীবন ব্ঝিবার এবং সত্তা ব্যাখ্যা করিবার চেষ্টার নিশ্চয়ই একটা অর্থ আছে। ইহা অর্থহীন ও বৃথা ইইতে পারে না। ইহা মামুবের মুক্তিলাভের নিরম্ভর চেষ্টা। বে বিভাকে

আমরা এখন 'বিজ্ঞান' নামে অভিহিত করি, তাহা সহস্র সহস্র বর্ষ যাবৎ মুক্তিলাভের চেষ্টা করিয়া আসিতেছে, এবং মাহুষ এই মুক্তিই চায়। তথাপি প্রকৃতির ভিতর তো মৃক্তি নাই। ইহা নিয়ম—কেবল নিয়ম। তথাপি মৃক্তির চেটা চলিয়াছে। শুধু তাই নয়, স্থ হইতে আরম্ভ করিয়া পরমাণ্টি পর্যস্ত সমৃদয় প্রকৃতিই নিয়মাধীন—এমনকি মাহুষেরও স্বাধীনতা নাই। কিন্ত আমরা এ-কথা বিশ্বাস করিতে পারি না। আমরা প্রথম হইতেই প্রকৃতির নিয়মাবলী আলোচনা করিয়া আদিতেছি, তথাপি আমরা উহা বিশ্বাস করিতে পারি না; শুধু তাই নয়, বিখাদ করিব না যে, মাহুষ নিয়মের অধীন। আমাদের আত্মার অন্তন্তল হইতে প্রতিনিয়ত 'মৃক্তি! মৃক্তি!'—এই ধানি উত্থিত হইতেছে। নিত্যমুক্ত সন্তারূপে ঈশবের ধারণা করিলে মাহুষ অনস্তকালের জন্ম এই বন্ধনের মধ্যে শান্তি পাইতে পারে না। মাহ্ন্যকে উচ্চ হইতে উচ্চতর পথে অগ্রসর হইতেই হইবে, আর এ চেষ্টা যদি তাহার নিষ্কের জন্ম না হইত, তবে দে এই চেষ্টাকে এক অতি কঠোর ব্যাপার বলিয়া মনে করিত। মাহ্য নিজের দিকে তাকাইয়া বলিয়া থাকে, 'আমি জন্মাবধি ক্রীতদাস, আমি বন্ধ; তাহা হইলেও এমন একজন পুরুষ আছেন, যিনি প্রকৃতির নিয়মে বন্ধ নন—তিনি নিত্যমৃক্ত ও প্রকৃতির প্রভূ।

স্তরাং বন্ধনের ধারণা যেমন মনের অচ্ছেছ ও মূল অংশ, ঈশ্বধারণাও তদ্রপ প্রকৃতিগত ও অচ্ছেছ। এই মৃক্তির ভাব হইতেই উভয়ের উদ্ভব। এই মৃক্তির ভাব না থাকিলে উদ্ভিদের ভিতরও জীবনীশক্তি থাকিতে পারে না। উদিদে অথবা কীটের ভিতর ঐ জীবনীশক্তিকে ব্যষ্টিগত ধারণার শুরে উন্নীত হইবার চেষ্টা করিতে হইবে। অজ্ঞাতসারে ঐ মৃক্তির চেষ্টা উহাদের ভিতর কার্য করিতেছে, উদ্ভিদ্ জীবনধারণ করিতেছে—ইহার বৈচিত্রা, নীতি ও রূপ রক্ষা করিবার জন্ম, প্রকৃতিকে রক্ষা করিবার জন্ম। প্রকৃতি উন্নতির প্রত্যেকটি সোপান নিয়মিত করিতেছে—এইরূপ ধারণা করিলে মৃক্তি বা স্বাধীনতার ভাবটি একেবারে উড়াইয়া দিতে হয়। জড়জগতের ভাব আগাইয়া চলিয়াছে। তথাপি ক্রমাগত সংগ্রাম চলিতেছে। আমরা বিভিন্ন মতবাদ ও সম্প্রদারের বিবাদের কথা ওনিতেছি, কিন্তু মত ও সম্প্রদায়গুলি ত্যায়সক্ষত ও স্বাভাবিক, উহারা থাকিবেই। শৃদ্ধল ষতই দীর্য হইতেছে, দ্বত্বও স্বাভাবিকভাবে ততই

বাড়িতেছে, কিন্তু যদি আমরা শুধু জানি যে, আমরা সকলে সেই একই লক্ষ্যে পৌছিবার চেটা করিতেছি, তাহা হইলে বিবাদের আর প্রয়োজন থাকে না।

মৃক্তি বা খাধীনতার মূর্ত বিগ্রহ—প্রকৃতির প্রভূকে আমরা 'ঈখর' বলিয়া থাকি। আপনারা তাঁহাকে অখীকার করিতে পারেন না। তাহার কারণ মৃক্তির ভাব ব্যতীত আপনারা এক মূহুর্তও চলাফেরা বা জীবনধারণ করিতে পারেন না। যদি আপনারা নিজেদের খাধীন বলিয়া বিখাস না করিতেন, তবে কি কখনও এখানে আসিতেন? খুব সন্তব, প্রাণিতত্ববিৎ এই মৃক্ত হইবার অবিরাম চেটার কোন ব্যাখ্যা দিতে পারেন এবং দিবেন। এ-সবই মানিয়া লইতে পারেন, তথাপি ঐ মৃক্তির ভাবটি আমাদের ভিতর থাকিয়া যাইতেছে। 'আপনারা প্রকৃতির অধীন'—এই ভাবটি যেমন আপনারা অতিক্রম করিতে পারেন না, তেমনি এই মৃক্তির ভাবটিও সত্য।

বন্ধন ও মৃক্তি, আলো ও ছায়া, ভাল ও মন্দ—এ হন্দ থাকিবেই। বুঝিতে হইবে, যেখানেই কোন প্রকার বন্ধন, তাহার পশ্চাতে মৃক্তিও গুপ্তভাবে রহিয়াছে। একটি ষদি সভ্য হয়, ভবে অপরটিও তেমনি সভ্য হইবে। এই মুক্তির ধারণা অবশ্রই থাকিবে। আমরা অশিক্ষিত ব্যক্তির ভিতর বন্ধনের ধারণা দেখিতে পাই, এবং ঐ ধারণাকে মৃক্তির চেটা বলিয়া এখন বৃঝিতে পারি না, তথাপি ঐ মুক্তির ভাব তাহার ভিতর বহিয়াছে। অশিকিত বর্বর মামুষের মনে পাপ ও অপবিত্রতার বন্ধনের চেতনা অতি অল্প, কারণ তাহার প্রকৃতি পশুভাব অপেক্ষা বড় বেশী উন্নত নয়। সে দৈহিক বন্ধন, দেহ-সম্ভোগের অভাবের বিরুদ্ধে সংগ্রাম করে, কিন্তু এই নিয়তর চেতনা হইতে ক্রমে মানসিক বা নৈতিক বন্ধনের উচ্চতর ধারণা ও আধ্যাত্মিক মৃক্তির আকাজ্ঞা জাগে এবং বৃদ্ধি পায়। এখানে আমরা দেখিতে পাই, সেই ঈশরীয় ভাব অজ্ঞানাবরণের মধ্য দিয়া ক্ষীণভাবে প্রকাশ পাইতেছে। প্রথমতঃ ঐ আবরণ অভিশয় ঘন থাকে এবং সেই দিব্যজ্যোতি প্রায় আচ্ছাদিত থাকিতে পারে, কিন্তু দেই জ্যোতি—দেই মৃক্তি ও পূর্ণতার উচ্ছল অগ্নি সদা পবিত্র ও অনির্বাণ রহিয়াছে। মাহুষ এই দিব্যজ্যোভিকে বিশের নিয়ন্তা, একমাত্র মুক্ত পুরুষের প্রতীক বালয়া ধারণা করে। সে তথনও জানে না ষে, সমগ্র বিশ্ব এক অথণ্ড বন্ধ-প্রভেদ কেবল পরিমাণের ভারতম্যে, ধারণার তারতম্যে।

সমগ্র প্রকৃতিই ঈশবের উপাদনা-শ্বরূপ। বেখানেই জীবন আছে, দেখানেই এই মৃক্তির অনুসন্ধান এবং সেই মৃক্তিই ঈশর-শ্বরূপ। এই মৃক্তি দারা অবশুই সমগ্র প্রকৃতির উপর আধিপত্য লাভ হয় এবং জ্ঞান ব্যতীত মৃক্তি অসম্ভব। আমরা ষতই জ্ঞানী হই, ততই প্রকৃতির উপর আধিপত্য লাভ করিতে পারি। প্রকৃতিকে বশ করিতে পারিলেই আমরা শক্তিসম্পন্ন হই; এবং যদি এমন কোন পুরুষ থাকেন, ষিনি সম্পূর্ণ মৃক্ত ও প্রকৃতির প্রভু, তাঁহার অবশু প্রকৃতির পূর্ণজ্ঞান থাকিবে, তিনি সর্বব্যাপী ও সর্বজ্ঞ হইবেন। মৃক্তির সংক্ষ এগুলি অবশু থাকিবে এবং যে ব্যক্তি এইগুলি লাভ করিয়াছেন, কেবল তিনিই প্রকৃতির পারে যাইতে পারিবেন।

বেদান্তে ঈশ্ববিষয়ক যে-সকল তত্ত্ব আছে, সেগুলির মূলে পূর্ণ মৃক্তি।
এই মৃক্তি হইতে প্রাপ্ত আনন্দ ও নিত্য শান্তি ধর্মের উচ্চতম ধারণা। ইহা
সম্পূর্ণ মৃক্ত অবস্থা—যেখানে কোন কিছুর বন্ধন থাকিতে পারে না, যেখানে
প্রকৃতি নাই, পরিবর্তন নাই, এমন কিছু নাই, যাহা তাঁহাতে কোন পরিণাম
উৎপন্ন করিতে পারে। এই একই মৃক্তি আপনার ভিতর, আমার ভিতর
রহিয়াছে এবং ইহাই একমাত্র যথার্থ মৃক্তি।

ঈশর সর্বদাই নিজ মহিমময় অপরিণামী শ্বরূপের উপর প্রতিষ্ঠিত রহিয়াছেন। আপনি ও আমি তাঁহার সহিত এক হইবার চেষ্টা করিতেছি, কিন্তু আবার এদিকে বন্ধনের কারণীভূত প্রকৃতি প্রাত্যহিক জীবনের ক্ষুদ্র ক্ষুদ্র ব্যাপার, ধন, নাময়শ, মানবীয় প্রেম এবং এ-সব পরিণামী প্রাকৃতিক বিষয়গুলি: উপর নির্ভর করিয়া রহিয়াছে। কিন্তু যথন প্রকৃতি প্রকাশ পাইতেছে, উহার প্রকাশ কিন্সের উপর নির্ভর করিতেছে? ঈশরের প্রকাশেই প্রকৃতি প্রকাশ পাইতেছে, ফ্র্য্ চক্র তারার প্রকাশে নয়। যেখানেই কোন বন্ধ প্রকাশ পায়, স্বর্থের আলোকেই হউক অথবা আমাদের চেতনাতেই হউক, উহা তিনিই। তিনি প্রকাশ পাইতেছেন বলিয়াই সব কিছু প্রকাশ পাইতেছে।

আমরা দেখিলাম, এই ঈশর শতঃসিদ্ধ; ইনি ব্যক্তি নন, অথচ সর্বজ্ঞ, প্রকৃতির জ্ঞাতা ও কর্তা, সকলের প্রভূ। সকল উপাসনার মৃলেই তিনি রহিয়াছেন; আমরা ব্ঝিতে পারি বা না পারি, তাঁহারই উপাসনা হইতেছে। শুধু তাহাই নয়, আমি আর একটু অগ্রসর হইয়া বলিতে চাই—বাহা দেখিয় সকলে আশ্চর্য হয়, যাহাকে আমরা মন্দ বলি, ভাহাও ঈশবেরই উপাসনা। তাহাও মৃক্তিরই একটা দিকমাত্র। ওধু তাহাই নয়—আপনারা হয়তো আমার কথা শুনিয়া ভয় পাইবেন, কিন্তু আমি বলি, যখন আপনি কোন মন্দ কাব্দ করিতেছেন, ঐ প্রবৃত্তির পিছনেও রহিয়াছে সেই মুক্তি। ঐ প্রেরণা হয়তো ভুল পথে চলিয়াছে, কিন্তু প্রেরণা দেখানে রহিয়াছে। পিছনে মৃক্তির প্রেরণা না থাকিলে কোনৰূপ জীবন বা কোনৰূপ প্ৰেরণাই থাকিতে পারে না। বিশের স্পন্দনের মধ্যে এই মৃক্তি প্রাণবস্ত হইয়া আছে। সকলের হাদয়ে বদি একত্ব না থাকিত, তবে আমরা বহুত্বের ধারণাই করিতে পারিতাম না, উপনিষদে ঈশবের ধারণা এইরূপ। সময়ে সময়ে এই ধারণা আরও উচ্চতর ন্তরে উঠিয়াছে—উহা আমাদের সমক্ষে এমন এক আদর্শ স্থাপন করে, যাহা দেখিয়া আমরা প্রথমে একেবারে স্তম্ভিত হই। দেই আদর্শ এই—স্বরূপতঃ আমরা ভগবানের সহিত অভিন্ন। যিনি প্রকাপতির পক্ষের বিচিত্রবর্ণ এবং ফুটস্ত গোলাপকলি, ভিনিই শক্তিরূপে চারাগাছ ও প্রজাপতিতে বিরাজ্মান। যিনি আমাদিগকে জীবন দিয়াছেন, তিনিই আমাদের মধ্যে শক্তিরূপে বিরাজ করিতেছেন। তাঁহার তেজ হইতেই জীবনের আবির্ভাব, আবার ভীষণ মৃত্যুও তাঁহারই শক্তি। তাঁহার ছায়াই মৃত্যু, আবার তাঁহার ছায়াই অমৃতত। আরও এক উচ্চতর ধারণার কথা বলি। যাহা কিছু ভয়াবহ, তাহা হইতেই আমরা সকলে ব্যাধ-কর্তৃক অনুস্ত শশকের মতো পলায়ন করিতেছি এবং তাহাদের মতোই মাথা লুকাইয়া নিজেদের নিরাপদ ভাবিতেছি। সমগ্র জগৎই যাহা কিছু ভয়াবহ, তাহা হইতেই পলাইবার চেষ্টা করিতেছে। এক-সময়ে আমি কাশীতে একটা পথ দিয়া ষাইতেছিলাম, উহার এক পাশে ছিল একটা প্রকাণ্ড জলাশয় ও অপর পাশে একটা উচু দেয়াল। মাটিভে অনেকগুলি বানর ছিল; কাশীর বানরগুলি দীর্ঘকায় জানোয়ার ্ববং অনেক সময় অশিষ্ট। এখন ঐ বানরগুলির মাধায় খেয়াল উঠিল যে, তাহার। আমাকে দেই রান্তা দিয়া যাইতে দিবে না। তাহারা ভয়ানক টীংকার করিতে লাগিল এবং আমার নিকট আসিয়া আমার পা জড়াইয়া ্রিল। তাহারা আমার আরও কাছে আদিতে থাকায় আমি দৌড়াইতে াগিলাম; কিন্তু ষতই দৌড়াই, তত্তই তাহারা আরও নিকটে আদিয়া খামাকে কামড়াইভে লাগিল। বানরদের হাত এড়ানো অসম্ভব বোধ হইল—এমন সময় হঠাং একজন অপরিচিত লোক আমাকে ডাক দিয়া বিলল, 'বানরগুলির সম্থীন হও।' আমি ফিরিয়া বেমন ভাহাদের দিকে ম্থ করিয়া দাঁড়াইলাম, অমনি ভাহারা পিছু হটিয়া পলাইল। সমগ্র জীবন আমাদের এই শিক্ষা পাইতে হইবে—যাহা কিছু ভয়ানক, তাহার সম্থীন হইতে হইবে, সাহসের সহিত উহা ক্ষিতে হইবে। জীবনের তৃংথকটের ভয়ে না পলাইয়া সম্থীন হইলেই বানরদলের মতো সেগুলি হটিয়া যায়। যদি আমাদিগকে কথন মৃক্তি বা স্বাধীনতা অর্জন করিছে হয়, তবে প্রকৃতিকে জয় করিয়াই উহা লাভ করিব, প্রকৃতি হইতে পলায়ন করিয়া নয়। কাপুক্ষেরা কথনও জয়লাভ করিতে পারে না। যদি আমরা চাই—ভয় কট ও অজ্ঞান আমাদের সম্থ হইতে দ্র হইয়া যাক, তাহা হইলে আমাদিগকে ঐগুলির সহিত সংগ্রাম করিতে হইবে।

মৃত্যু কি ? ভয় কাহাকে বলে ? এই-সকলের ভিতর কি ভগবানের মৃথ দেখিতেছ না ? তু:খ ভয় ও কষ্ট হইতে দূরে পলায়ন কর, দেখিবে সেগুলি তোমাকে অমুসরণ করিবে। এগুলির সমুখীন হও, তবেই তাহারা পলাইবে। সমগ্র জগৎ স্থপ ও আরামের উপাসক; যাহা তুঃপকর, তাহার উপাসনা করিতে খুব অল্প লোকেই সাহস করে। স্থপ ও তু:খ উভয়কে অতিক্রম করাই মৃক্তির ভাব। মাহুষ এই ধার অতিক্রম না করিলে মৃক্ত হইতে পারে না। আমাদের সকলকেই এগুলির সমৃ্থীন হইতে হইবে। আমরা ঈশবের উপাসনা করিতে চেষ্টা করি, কিন্তু আমাদের দেহ—প্রকৃতি, ভগবান্ ও আমাদের মধ্যে আসিয়া আমাদের দৃষ্টিকে অন্ধ করিয়াছে। আমাদিগকে বজের মধ্যে, লজা হৃঃথ হবিপাক ও পাপতাপের মধ্যে তাঁহাকে উপাসনা করিতে ও ভালবাসিতে শিথিতে হইবে। সমগ্র জগং পুণ্যের ঈশবকে চিরকাল প্রচার করিয়া আসিতেছে। আমি একাধারে পুণ্য ও পাপের ঈশরকে প্রচার করি। যদি দাহদ থাকে, এই ঈশরকে গ্রহণ কর—এই ঈশরই মৃক্তির একমাত্র পথ; তবেই দেই একত্বরূপ চরম সত্যে উপনীত হইতে পারিবে। তবেই একজন অপর অপেক্ষা বড়—এই ধারণা নষ্ট ছইবে। যতই আমরা এই মৃক্তির নিয়মের সন্নিহিত হই, ততই আমরা ঈশ্বরে শ্রণাগত হই, ততই আমাদের তু:খকষ্ট চলিয়া যায়। তথন আমরা আর নরকের দার হইতে স্বৰ্গৰাৰকে পৃথক্ভাবে দেখিব না, মাহুষে মাহুষে ভেদবুদ্ধি ক্ৰিয়া বলিব না 'আমি অগতের ষে-কোন প্রাণী ছইতে শ্রেষ্ঠ।' ষতদিন আমরা সেই প্রস্থ্ ব্যতীত জগতে আর কাহাকেও না দেখি, ততদিন এই সব চঃধকষ্ট আমাদিগকে বিরিয়া থাকিবে, এবং আমরা এই-সকল ভেদ দেখিব; কারণ সেই ভগবানেই—সেই আত্মাতেই আমরা সকলে অভিন্ন, আর ষতদিন না আমরা ঈশরকে সর্বত্ত দেখিতেছি, ততদিন এই একত্বাহুভূতি হইবে না।

একই বৃক্ষে স্থলরপক্ষযুক্ত নিভাসধাস্বরূপ হুইটি পক্ষী বহিয়াছে—ভাহাদের মধ্যে একটি বুকের অগ্রভাগে, অপরটি নিমে। নীচের স্থলর পক্ষীটি বুকের স্বাত্ ও কটু ফলগুলি ভক্ষণ করিতেছে—একবার একটি স্বাহ, পরমৃষ্টুর্ভে আবার কটু ফল ভক্ষণ করিতেছে। যে মৃহুর্তে পক্ষীট কটু ফল খাইল, ভাহার তৃ:ধ হইল, কিয়ৎক্ষণ পরে আর একটি ফল খাইল এবং ভাহাও যথন কটু লাগিল, তথন সে উপরের দিকে চাহিয়া দেখিল—অপর পক্ষীট স্বাত্ বা কটু কোন ফলই থাইতেছে না, নিজ মহিমায় মগ্ন হইয়া হির ধীর ভাবে বসিয়া আছে। তারপর বেচারা নীচের পাখিটি সব ভূলিয়া আবার স্বাহ্ন ও কটু ফলগুলি ধাইতে লাগিল; অবশেষে অভিশয় কটু একটি ফল ধাইল, কিছুক্ষণ থামিয়া আবার দেই উপরের মহিমময় পকীটির দিকে চাহিয়া দেখিল। অবশেষে ঐ উপরের পক্ষীটির দিকে অগ্রসর হইয়া সে ষধন তাহার খুব সন্নিহিত হইল, তথন সেই উপরের পক্ষীর অক্লোডি: আসিয়া তাহার অকে লাগিল ও ভাহাকে আচ্ছন্ন করিয়া ফেলিল। সে তথন দেখিল, সে নিচ্ছেই উপরের পক্ষীতে রূপায়িত হইয়া গিয়াছে; দে শাস্ত, মহিমময় ও মুক্ত হইয়া গিয়াছে এবং দেখিল—বুক্ষে বরাবর একটি পক্ষীই রহিয়াছে। নীচের পক্ষীটি উপরের পকীটির ছায়ামাত্র। অতএব আমরা প্রকৃতপক্ষে ঈশর হইতে অভিন্ন, কিস্ক যেমন এক সূর্য লক্ষ শিশিরবিন্দুভে প্রতিবিম্বিত হইয়া লক্ষ লক কুদ্র সূর্যক্রপে প্রতীত হয়, ভেমনি ঈশ্বরও বহু জীবাত্মারূপে প্রতিভাত হন। যদি আমর। আমাদের প্রকৃত ব্রহ্মস্বরূপের দহিত অভিন্ন হইতে চাই, তবে প্রতিবিদ্ধ দূর হওয়া আবশ্যক। এই বিশ্বপ্রপঞ্চ কখনও আমাদের তৃপ্তির দীমা হইতে পারে না। সেম্বর্ট রূপণ অর্থের উপর অর্থ সঞ্চয় করিতে থাকে, দহ্য অপহরণ করে, পাপী পাপাচরণ করে, তোমরা দর্শনশান্ত শিক্ষা কর। সকলেরই এক উদ্দেশ ।

১ মুপ্তক উপ , ৩।১।১ ; বেতাৰ উপ , ৪।৬

এই মৃক্তি লাভ করা ছাড়া জীবনের আর কোন উদ্দেশ নাই। জাতুসারে বা অজ্ঞাতদারে আমরা সকলেই পূর্ণতালাভের চেটা করিতেছি। প্রত্যেকেই এই পূর্ণতা লাভ করিবে।

ষে-ব্যক্তি পাপতাপের মধ্যে অন্ধকারে হাতড়াইতেছে, ষে-ব্যক্তি নরকের পথ বাছিয়া লইয়াছে, সেও এই পূর্ণতালাভ করিবে, তবে তাহার কিছু বিলম্ব হইবে। আমরা তাহাকে উদ্ধার করিতে পারি না। ঐ পথে চলিতে চলিতে সে যথন কভকগুলি শক্ত আঘাত খাইবে, তথন ভগবানের দিকে ফিরিবে; অবণেষে ধর্ম, পবিত্রতা, নি:স্বার্থপরতা ও আধ্যাত্মিকতার পথ খুঁজিয়া পাইবে। সকলে অজ্ঞাতসারে যাহা করিতেছে, তাহাই আমরা জ্ঞাতসারে করিবার চেষ্টা করিতেছি। সেন্ট পল এই ভাবটি প্রকাশ করিয়াছেন, 'তোমরা যে-ঈশ্বকে অজ্ঞাতদারে উপাদনা করিতেছ, তাঁহাকেই আমি তোমাদের নিকট ঘোষণা করিভেছি।' সমগ্র জগংকে এই শিক্ষা শিখিতে হইবে। দর্শনশাস্ত্র ও প্রকৃতি সম্বন্ধে এই-সব মতবাদ লইয়া কি হইবে, যদি এগুলি জীবনের এই একমাত্র লক্ষ্যে পৌছিতে সাহায্য না করে? আমরা ষেন বিভিন্ন বস্তুতে ভেদ জ্ঞান দূর করিয়া সর্বত্র সমদর্শী হই—মাহুষ নিজেকে সকল বস্তুতে দেখিতে শিথুক। আমরা ধেন ঈশ্বর সম্বন্ধে ক্ষুদ্র সমীর্ণ ধারণা লইয়া ধর্মত বা সম্প্রদায়দমূহের উপাদক আর না হই, এবং জগতের সকলের ভিতর তাঁহাকে দর্শন করি। আপনারা যদি ব্রহ্মজ্ঞ হন, তবে নিজেদের হৃদয়ে যাঁহাকে উপাসনা করিতেছেন, তাঁহাকেই সর্বত্র উপাসনা করিবেন।

প্রথম ৩: এ-সকল দঙ্কীর্ণ ধারণা ত্যাগ কর এবং প্রত্যেকের মধ্যে দেই ঈশ্বরকে দর্শন কর, যিনি সকল হাত দিয়া কার্য করিতেছেন, সকল পা দিয়া চলিতেছেন, সকল মৃথ দিয়া থাইতেছেন। প্রত্যেক জীবে তিনি বাদ করেন, সকল মন দিয়া তিনি মনন করেন। তিনি স্বতঃপ্রমাণ—আমাদের নিকট হইতেও নিকটতর। ইহা জানাই ধর্ম—ইহা জানাই বিশ্বাস। প্রভূ রূপ। করিয়া আমাদিগকে এই বিশ্বাস প্রদান করুন! আমরা ধর্মন সমগ্র জগতের এই অরথম্ব উপলব্ধি করিব, তথন অমৃতত্ব লাভ করিব। প্রাকৃতিক দৃষ্টিতে দেখিলেও আমরা অমর, সমগ্র জগতের সহিত এক। যতদিন এ জগতে একজনও বাঁচিয়া থাকে, আমি তাহার মধ্যে জীবিত আছি। আমি এই দ্বীর্ণ ক্রে বাষ্টি জীব নই, আমি সমষ্টিস্বরূপ। অতাতে যত প্রাণী জমিয়াছিল,

আমি তাহাদের সকলের জীবনম্বরণ; আমিই বুদ্ধের, যীওর ও মহমদের আত্ম। আমি সকল আচার্যের আত্মা, বে-সকল দহ্য অপহরণ করিয়াছে, বে-সকল হত্যাকারীর ফাঁসি হইয়াছে, আমি তাহাদের স্বন্ধপ, আমি সর্বময়। অতএব উঠ--ইহাই শ্রেষ্ঠ পূকা। তুমি সমগ্র জগতের সহিত অভিন। ইহাই ষথাৰ্থ বিনয়—হাঁটু গাড়িয়া করজোড়ে কেবল 'আমি পাপী, আমি পাপী' বলার নাম বিনয় নয়। যথন এই ভেদের আবরণ ছিল্ল হয়, ভখনই দর্বোচ্চ ক্রমবিকাশ হইয়াছে, বৃঝিতে হইবে। সমগ্র জগতের অধণ্ডত্বই— একস্বই শ্ৰেষ্ঠ ধৰ্মমত। আমি অমুক ব্যক্তি-বিশেষ—ইহা তো অতি সঙ্কীৰ্ণভাব— পাকা 'আমি'র পক্ষে ইহা সত্য নয়। আমি সর্বময়—এইভাবের উপর দণ্ডায়মান হও এবং দেই পুরুষোত্তমকে সর্বোচ্চভাবে সভত উপাদনা কর, কারণ ঈশর চৈতগ্রন্থরূপ এবং তাঁহাকে সত্য ও চৈতগ্রন্ধণে উপাসনা করিতে হইবে। উপাসনার নিয়তর প্রণালী অবলম্বনে মামুষের জড়বিষয়ক চিস্তাগুলি আধ্যাত্মিক উপাদনায় উন্নীত হয়, এবং অবশেষে সেই অখণ্ড অনস্ত ঈশ্বর ৈচতন্তের মধ্য দিয়া উপাদিত হন। যাহা কিছু সাস্ত, তাহা জড় ; চৈতগ্রই কেবল অনস্ত। ঈশর চৈতগ্রস্তরণ বলিয়া অনস্ত মাহুষ চৈতগ্রস্তরণ, স্তরাং অনস্ত এবং কেবল অনস্তই অনস্তের উপাদনায় সমর্থ। আমরা ্দেই অনস্তের উপাদনা করিব; উহাই সর্বোচ্চ আধ্যাত্মিক উপাদনা। এ-সকল ভাবের মহত্ত উপলব্ধি করা কত কঠিন! আমি যথন কেবল কল্পনার সাহায্যে মত গঠন করি, কথা বলি, দার্শনিক বিচার করি এবং পর মুখুর্তে কোন কিছু আমার প্রতিকৃল হইলে অজ্ঞাতদারে ক্রুদ্ধ হই, তখন ভূলিয়া যাই যে, এই বিশ্ব-ব্রহ্মাণ্ডে এই ক্ষুদ্র সদীম আমি ছাড়া আর কিছু আছে; তথন বলিতে ভূলিয়া বাই যে, আমি চৈতগ্ৰস্কপ, এ স্কিঞ্চিৎকর জগৎ আমার নিকট কি ? আমি চৈতক্তস্বরপ। আমি তথন ্রলিয়া যাই যে, এ-সব আমারই থেলা—ভূলিয়া যাই ঈশ্বকে, ভূলিয়া যাই ্ক্তির কথা।

এই মুক্তির পথ ক্রের ধারের স্তায় তীক্ষ, ত্রধিগম্য ও কঠিন—ইহা ভতিক্রম করা কঠিন। খিষিরা এ-কথা বারবার বলিয়াছেন। তাহা হইলেও

> কুরন্ত ধারা নিশিতা ছরতায়া তুর্গম্ পথকং কর্য়ো বদস্তি।—কঠ. উপ., ১।৩।১৪

এ-সকল ত্বলতা ও বিফলতা বেন তোমাকে বন্ধ না করে। উপনিষদের বাণীঃ 'উন্তিষ্ঠত জাগ্রত প্রাণ্য বরান্ নিবাধত।' উঠ—জাগো, ষতদিন না সেই লক্ষ্যে পৌছাইতেছ, ততদিন নিশ্চেষ্ট থাকিও না। যদিও ঐ পথ ক্ষুরধারের স্থায় হুর্গম—হ্রতিক্রমা, দীর্ঘ ও কঠিন; আমরা ইহা অতিক্রম করিবই করিব। মাহ্য সাধনাবলে দেবাহ্রের প্রন্তু হয়। আমরা ব্যতীত আমাদের হৃংধের জন্ম আর কেহই দায়ী নয়। তৃমি কি মনে কর, মাহ্য যদি অমৃতের অহুসন্ধান করে, তৎপরিবর্তে সে বিষলাভ করিবে? অমৃত আছেই এবং যে উহা পাইবার চেটা করে, সে পাইবেই। স্বয়ং ভগবান্ বলিয়াছেন: সকল ধর্মাধর্ম পরিত্যাগ করিয়া তৃমি একমাত্র আমারই শরণাপন্ন হও, আমি তোমাকে ভবসাগরের পরণারে লইয়া যাইব, ভীত ইইও না।'

এই বাণী জগতের সকল ধর্মশাজ্বেই আমরা শুনিতে পাই। সেই একই বাণী আমাদিগকে শিক্ষা দেয়, 'স্বর্গে ষেমন, মর্ত্যেও তেমনি—ভোমার ইচ্ছা পূর্ণ হউক, কারণ সবই ভোমার রাজ্ব, ভোমার শক্তি, ভোমার মহিমা।' কঠিন—বড় কঠিন কথা। আমি নিজে নিজে বলি, 'হে প্রভু, আমি এখনই তোমার শরণ লইব—প্রেমময় তোমার চরণে সম্দয় সমর্পণ করিব, তোমার বেদীতে যাহা কিছু সং, যাহা কিছু পুণ্য-সবই স্থাপন করিব। আমার পাপতাপ, আমার ভালমন্দ-সবই তোমার চরণে সমর্পণ করিব। তুমি সব গ্রহণ কর, আমি তোমাকে কখনও ভুলিব না।' এক মুহুর্তে বলি, কোমার ইচ্ছা পূর্ণ হউক ; পর মুহুর্তেই একটা কিছু আসিয়া উপস্থিত ্য় আমাকে পরীক্ষা করিবার জন্ত, তথন আমি ক্রোধে লাফাইয়া উঠি। সকল ধর্মেরই লক্ষ্য এক, কিন্তু আচার্য বিভিন্ন ভাষা ব্যবহার করেন। এই মিথ্যা 'আমি'-কে মারিয়া ফেলো, তাহা হইলেই পাকা 'আমি' বিরাজ করিবে। হিব্রু শাস্ত্র বলেন, 'তোমাদের প্রভূ আমি ঈর্বাপরায়ণ ঈশ্বন— আমার সমুখে তোমার অক্স দেবভাদের উপাসনা করিলে চলিবে না।'° সেধানে একমাত্র ঈশরই রাজত্ব করিবেন। আমাদের বলিতে হুইবে—'নাহং নাহং, তুঁহ তুঁহ।'—আমি নই, তুমি। তখন সেই প্রভুকে ব্যতীত

১ সর্ববর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রন্থ। গীতা ১৮।৫৬

Lord's Prayer, N. T. Matt. VI, 10.

O. T. Exodus, XX, 5.

আমাদিগকে দর্বস্ব ত্যাগ করিতে হইবে; তিনি, শুধু তিনিই রাজত্ব করিবেন। হয়তো আমরা খুব কঠোর সাধনা করি, তথাপি পরমুহুর্তেই আমাদের পদস্থান হয় এবং তথন আমরা জগজ্জননীর নিকট হাত বাড়াইতে চেষ্টা করি; বুঝিতে পারি, জগজ্জননীর সহায়তা ব্যতীত আমরা দাঁড়াইতে পারি না। জীবন অনস্ত, উহার একটি অধ্যায় এই: 'ভোমার ইচ্ছা পূর্ণ হউক।' এবং জীবনগ্রন্থের সকল অধ্যায়ের মর্মগ্রহণ করিতে না পারিলে সমগ্র জীবন উপলব্ধি করিতে পারি না। 'ভোমার ইচ্ছা পূর্ণ হউক'—প্রতি মুহুর্তে বিখাসঘাতক মন এই ভাবের বিরুদ্ধাচরণ করে, তথাপি কাঁচা 'আমি'-কে জয় করিতে হইলে বারবার ঐ কথা অবশ্য বলিতে হইবে। আমরা বিশ্বাস-ঘাতকের সেবা করিব অথচ পরিত্রাণ পাইব—ইহা কথনও হইতে পারে না। বিশাসঘাতক ব্যতীত সকলেই পরিত্রাণ পাইবে এবং ষ্থন আমরা আমাদের 'পাকা আমি'র বাণী অমাত্ত করি, তথনই বিখাদঘাতক—নিজেদের বিক্লজে এবং জগজ্জননীর মহিমার বিরুদ্ধে বিশাস্থাতক বলিয়া নিন্দিত হই। যাহাই ঘটুক না কেন, আমাদের দেহ ও মন দেই মহান্ ইচ্ছাময়ের নিকট সমর্পণ করিব। হিন্দু দার্শনিক ঠিক কথাই বলিয়াছেন: যদি মাছ্য হ্বার উচ্চারণ করে, 'ভোমার ইচ্ছা পূর্ণ হউক', সে পাপাচরণ করে। 'ভোমার ইচ্ছা পূর্ণ হউক'--ইহার বেশি আর কি প্রয়োজন ? উহা হ্বার বলিবার আবশুক কি ? যাহা ভাল, তাহা তো ভালই। একবার যথন বলিয়াছি, তথন ঐ কথা ফিরাইয়া লওয়া চলিবে ন।। 'বর্গের আয় মর্ত্যেও তোমার ইচ্ছা পূর্ণ হউক, কারণ তোমারই সব রাজত্ব, সব শক্তি, সব মহিমা চিরদিনের জন্ম তোমারই ।'

ধর্মের প্রয়োজন

লণ্ডনে প্রদত্ত বস্কৃতা

মানবজাতির ভাগ্যগঠনের জন্ত যতগুলি শক্তি কার্য করিয়াছে এবং এখনও করিতেছে, ঐ সকলের মধ্যে ধর্মরূপে অভিব্যক্ত শক্তি অপেকা কোন শক্তি নিশ্চয়ই অধিকতর প্রভাবশালী নয়। সর্বপ্রকার সামাজিক প্রতিষ্ঠানের পশ্চাতে কোথাও না কোথাও সেই অপূর্ব শক্তির কার্যকারিতা বিভামান এবং সকল ব্যষ্টিমানবের মধ্যে সংহতির মহত্তম প্রেরণা এই শক্তি হইতেই উভূত। ইহা আমরা সকলেই প্পষ্টভাবে জানি যে, অগণিত ক্ষেত্রে ধর্মের বন্ধন—জাতি, জলবায়ু, এমন কি বংশের বন্ধন অপেকাও দৃঢ়তর। ইহা স্থবিদিত সত্য যে, যাহারা একই ঈশ্বরের উপাসক, একই ধর্মে বিশ্বাসী, তাহারা একই বংশজাত লোকদের, এমন কি লাতাদের অপেকাও অধিকতর দৃঢ়তা ও নিষ্ঠার সহিত পরস্পরের সাহায্য করিয়াছে। ধর্মের উৎস আবিষ্কার করিবার জন্ত বহু প্রকার চেটা হইয়াছে। যে-সকল প্রাচীন ধর্ম বর্তমান কালাবিধি টিকিয়া আছে, ঐগুলির এই একটি দাবি যে, তাহারা সকলেই অতিপ্রাকৃত; তাহাদের উৎপত্তি যেন মাহুষের মন্তিষ্ক হইতে হয় নাই; বাহিরের কোন স্থান হইতে ধর্মগুলি আদিয়াছে।

আধুনিক পণ্ডিত-সমাজে এ সম্বন্ধে তৃইটি মতবাদ কিঞ্চিং স্বীকৃতি লাভ করিয়াছে— একটি ধর্মের আধ্যাত্মিক তত্ত্ব, অপরটি অনস্ত ঈশ্বের ক্রমবিকাশ। এক পক্ষ বলেন, পিতৃপুরুষদের উপাসনা হইতেই ধর্মীয় ধারণার আরম্ভ; অপর পক্ষ বলেন, প্রাকৃতিক শক্তিসমূহে মানবধর্মের আরোপ হইতেই ধর্মের স্টনা। মাহ্য তাহার মৃত আত্মীয়-স্বজনের শ্বতিরক্ষা করিতে চায় এবং ভাবে যে, মৃত ব্যক্তিদের দেহনাশ হইলেও তাহারা জীবিত থাকে, এবং সেইজ্ঞাই সে তাহাদের উদ্দেশে থাতাদি উৎসর্গ করিতে এবং কতকটা তাহাদের পূজাকরিতে ইচ্ছা করে। এই ধারণার পরিণতিই আমাদের নিকট ধর্ম নামে অভিহিত হইয়াছে।

মিশর, ব্যাবিলন ও চীনবাদীদের এবং আমেরিকা ও অক্তান্ত দেশের বহু জাতির প্রাচীন ধর্মসমূহ আলোচনা করিলে পিতৃপুরুষের পূজা হইতেই যে

ধর্মের আরম্ভ, তাহার স্পষ্ট নিদর্শন আমরা দেখিতে পাই। প্রাচীন মিশরীয়-দের আত্মা সম্বন্ধে সর্বপ্রথম ধারণা ছিল—প্রত্যেক দেহে তদমূরণ আর একটি 'দ্বিতীয়' চেতন-সত্তা থাকে। প্রত্যেক মান্থ্যের দেহে প্রায় তাহারই অহরণ আর একটি সতা থাকে; মাহুষের মৃত্যু হইলে এই দিভীয় সভা দেহ ছাড়িয়া যায়, অথচ তথনও সে বাঁচিয়া থাকে। যতদিন মৃত দেহ অটুট থাকে, শুধু ততদিনই এই দিতীয় সত্তা বিছ্যমান থাকিতে পারে। সেইজ্লুই এই দেহটাকে অক্ষত রাখিবার জন্ম মিশরীদের এত আগ্রহ দেখিতে পাই। এইব্যাই ভাহার৷ ঐ-দব স্থবৃহৎ পিরামিড নির্মাণ করিয়া ঐগুলির মধ্যে মৃতদেহ রক্ষা করিত। কারণ তাহাদের ধারণা ছিল যে, মৃতদেহের কোন অংশ নষ্ট হইলে দিতীয় সত্তারও অহুরূপ অংশটি নষ্ট হইয়া যাইবে। ইহা স্পষ্টতই পিতৃপুরুষের উপাদনা। প্রাচীন ব্যাবিলোন-বাদীদের মধ্যেও কিঞ্চিৎ পরিবর্তিত আকারে এই দ্বিতীয় জীবসত্তার ধারণা প্রচলিত ছিল। তাহাদের মতে—মৃত্যুর পর দিতীয় জীবসভায় ক্ষেহবোধ নট হইয়া যায়। দে খাছ, পানীয় এবং নানারপ সাহায্যের জন্ম জীবিত মহুশুদিগকে ভয় দেখায়। কি, সে নিজ সম্ভান-সম্ভতি এবং স্ত্রীর প্রতিও সমস্ত স্নেহ-মমতা হারাইয়া ফেলে। প্রাচীন হিন্দুদের ভিতরেও এই প্রকার পূর্বপুরুষদের পূজার নিদর্শন দেখিতে পাওয়া যায়। চীনজাতির মধ্যেও এই পিতৃগণের পূজাই তাহাদের ধর্মের মৃলভিত্তি বলা ধাইতে পারে এবং এখনও এই বিশ্বাস ঐ বিরাট দেশের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত প্রচলিত। বলিতে গেলে প্রকৃতপক্ষে একমাত্র পিতৃ-উপাসনাই সমগ্র চীনদেশে ধর্মাকারে বিস্তৃতি লাভ করিয়াছে। স্তরাং এক দিক দিয়া দেখিতে গেলে যাঁহারা এই মতবাদে বিশাস করেন যে, পিতৃপুরুষের উপাদনা হইতেই ধর্মের উংপত্তি হইয়াছে, তাঁহাদের ধারণা স্পূড়াবে সমর্থিত হইয়াছে বলিয়া মনে হয়।

পক্ষান্তরে এমন অনেক মনীধী আছেন, ঘাহারা প্রাচীন আর্থ সাহিত্য (শাস্ত্র) হইতে দেখান যে, প্রকৃতির উপাসনা হইতেই ধর্মের স্চনা। যদিও ভারতবর্ধের সর্বত্র পূর্বপ্রক্ষের পূজার প্রমাণ পাওয়া যায়, তথাপি প্রাচীনতম শাস্ত্রে ভাহার কোন চিহ্নও খুঁজিয়া পাওয়া যায় না। আর্থদের প্রাচীনতম শাস্ত্রগ্রহ ঋথেদ-সংহিভাতে আমরা ইহার কোন নিদর্শন পাই না। আধুনিক শিগুতগণের মতে ঋথেদে প্রকৃতির উপাসনাই দেখিতে পাওয়া যায়; সেধানে মানবমন যেন বহির্জগতের অস্তরালে অবহিত বন্ধর আভাস পাওয়ার জন্ত চেষ্টিত বলিয়া বোধ হয়। উষা, সন্ধাা, ঝঞা—প্রকৃতির অভুত ও বিশাল শক্তি-সমূহ ও সৌন্দর্য মানবমনকে আকর্ষণ করে। সেই মানবমন প্রকৃতির পরপারে যাইয়া সেধানে যাহা আছে, তাহার কিঞ্চিৎ পরিচয় পাইতে আকাজ্রাকরে। এই প্রচেটায় তাহারা প্রাকৃতিক শক্তিগুলিকে আত্মা ও শরীরাদি দিয়া মানবীয় গুণরাশিতে ভৃষিত করে। এগুলি তাহার ধারণায় কখন সৌন্দর্যমণ্ডিত, কখন বা ইন্দ্রিয়ের অতীত। এই-সব চেটার অস্তে এই প্রাকৃতিক অভিব্যক্তিগুলি তাহার নিকট নিছক ভাবময় বস্তু, মানবধ্যী হউক বা না হউক। প্রাচীন গ্রীকদের মধ্যেও এই প্রকার ধারণা দেখিতে পাওয়া যায়; তাহাদের পুরাণসমূহ কেবল এই ভাবময় প্রকৃতির উপাসনায় পূর্ণ। প্রাচীন জার্মান, স্কাণ্ডিনেভীয় এবং অন্তান্ত আর্যজিতিদের মধ্যেও অফুরূপ ধারণা দেখিতে পাওয়া যায়। স্ক্তরাং এই পক্ষেও হুল্চ প্রমাণ উপস্থাপিত করা হইয়াছে যে, প্রাকৃতিক শক্তিগুলিকে চেতন ব্যক্তিরণে কল্পনা করা হইতেই ধর্মের উৎপত্তি হইয়াছে।

এই মতদম পরস্পর-বিরোধী মনে হইলেও তৃতীয় এক ভিত্তি অবলম্বনে উহাদের সামঞ্জল-বিধান করা যাইতে পারে; আমার মনে হয়, উহাই ধর্মের প্রকৃত উৎস এবং ইহাকে আমি 'ইন্দ্রিয়ের সীমা আতক্রমণের চেষ্টা' বলিতে ইচ্ছা করি। মাহ্য একদিকে তাহার পিতৃপুক্ষগণের আত্মার অথবা প্রেতাত্মার অহ্মদন্ধানে ব্যাপৃত হয়, অর্থাৎ শরীর-নাশের পর কি অবশিষ্ট থাকে, তাহার হিঞ্চিৎ আভাদ পাইতে চায়; কিংবা অপর দিকে এই বিশাল জগৎ-প্রপঞ্চের অন্তরালে যে-শক্তির ক্রিয়া চলিতেছে, তাহার স্বন্ধপ জানিতে সচেষ্ট হয়। এই উভয়ের মধ্যে মাহ্য যে উপায়ই অবলম্বন কর্কক না কেন, ইহা স্থনিন্দিত যে, দে ভাহার ইন্দ্রিয়দমূহের সীমা অতিক্রম করিতে চায়। ইন্দ্রিয়ের গণ্ডির মধ্যেই দে সম্ভন্ত থাকিতে পারে না, অতীন্দ্রিয় অবহায় যাইতে চায়।

এই ব্যাপারের ব্যাখ্যাও রহস্থপূর্ণ হওয়ার প্রয়োজন নাই। আমার নিকট ইহা খুব স্বাভাবিক বলিয়া বোধ হয় ষে, ধর্মের প্রথম আভাস স্থপ্নের ভিতর দিয়াই আসে। অমরত্বের প্রথম ধারণা মাহ্য স্বপ্নের ভিতর দিয়া অনায়াসে পাইতে পারে। এই স্বপ্ন কি একটা অত্যাশ্চর্য অবস্থা নয়? আমরা জানি বে, শিশুগণ এবং অশিক্ষিত ব্যক্তিরা ভাহাদের জাগ্রং ও অপ্লাবস্থার মধ্যে অভি অল্ল পার্থক্য অভ্নতন করে। অপ্লাবস্থায় দেহ মৃতবং পড়িয়া থাকিলেও মন বখন ঐ অবস্থায়ও তাহার সমৃদ্য় জটিল কার্য চালাইয়া বাইতে থাকে, তথন অমরত্ব-বিষয়ে ঐ-সব ব্যক্তি যে সহজ্জভ্য প্রমাণ পাইয়া থাকে, উহা অপেকা অধিকতর স্বাভাবিক যুক্তি আর কি থাকিতে পারে? অতএব মাহ্য যদি তৎক্ষণাৎ এই শিক্ষান্ত করিয়া বসে বে, এই দেহ চিরকালের মতো নই হইয়া গেলেও পূর্ববং ক্রিয়া চলিতে থাকিবে, তাহাতে আর আশ্রুর্য কি? আমার মতে অলোকিক তত্ব-বিষয়ে এই ব্যাখ্যাটি অধিকতর স্বাভাবিক এবং এই অপ্লাবস্থার ধারণা অবলম্বনেই মানব-মন ক্রমশঃ উচ্চত্তর তত্ত্বে উপনীত হয়। অবশ্র ইহাও সত্য যে, কালে অধিকাংশ মাহ্যুই ব্রিতে পারিয়াছিল, জাগ্রদবস্থায় তাহাদের এই স্বপ্ল সত্য বলিয়া প্রতীত হয় না, এবং স্বপ্লাবস্থায় বে মাহ্যুবের কোন অভিলব অভিজ্ঞতা লাভ হয়, তাহাও নয়; পরস্তু সে তখন জাগ্রং-কালীন অভিজ্ঞতাগুলিরই পুন্রাবৃত্তি করে মাত্র।

কিন্তু ইতিমধ্যে মানব-মনে সত্যাহ্মসন্ধিৎসা অছ্বিত হইয়া গিয়াছে এবং উহার গতি অন্তর্ম থৈ চলিয়াছে। মাহ্য এখন তাহার মনের বিভিন্ন অবস্থাতারও গভীরভাবে নিরীক্ষণ করিতে লাগিল এবং জাগরণ ও অপ্রের অবস্থা অপেক্ষাও উচ্চতর একটি অবস্থা আবিদ্ধার করিল। ভাবাবেশ বা ভগবংপ্রেরণা নামে পরিচিত এই অবস্থাটির কথা আমরা পৃথিবীর সকল স্প্রতিষ্ঠিত ধর্মের মধ্যেই পাই। সকল স্প্রতিষ্ঠিত ধর্মেই ঘোষিত হয় যে, তাহাদের প্রতিষ্ঠাতা— অবতারকল্প মহাপুরুষ বা ঈশদ্তগণ মনের এমন সব উচ্চতর অবস্থায় উপনীত হইয়াছিলেন, ষাহা নিত্রা ও জাগরণ ইইতে ভিন্ন এবং দেখানে তাহারা অধ্যাত্ম-জগৎ নামে পরিচিত এক অবস্থাবিশেষের সহিত সম্বন্ধ্রক অভিনব সত্যসমূহ সাক্ষাৎ করিয়াছিলেন। আমরা জাগ্রদবন্থায় পারিপার্শিক অবস্থা-সমূহ বেভাবে অহ্নত্ব করি, তাঁহারা পূর্বোক্ত অবস্থায় পৌছিয়া সেওলি আরও স্পিইতররূপে উপলব্ধি করেন।

দৃষ্টান্তস্বরূপ ব্রাহ্মণদের ধর্মকে লওয়া যাক। বেদসমূহ ঋষিদের হারা লিপিবদ্ধ বলিয়া উলিখিত হয়। এই-সকল ঋষি কতিপয় সত্যের দ্রষ্টা মহাপুরুষ ছিলেন। সংস্কৃত 'ঋষি' শব্দের প্রকৃত অর্থ মন্ত্রদ্রটা অর্থাৎ বৈদিক স্বভিসমূহের া চিস্তারাশির প্রভাক্ষ দ্রষ্টা। ঋষিগণ বলেন, তাঁহারা কতকগুলি সভা অন্ত্রুষ করিয়াছেন বা প্রত্যক্ষ করিয়াছেন, যদি 'অতীক্রিয়' বিষয় সম্পর্কে 'প্রত্যক্ষ' কথাটি ব্যবহার করা চলে। এই সভ্যসমূহ তাঁহারা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। এই একই সভ্য ইহুদী এবং খ্রীষ্টানদের মধ্যেও বিঘোষিত হইতে দেখা যায়।

বৌদ্ধ-মতাবলধী 'হীন্যান' সম্প্রদায় সহদ্ধে কথা উঠিতে পারে। জিজ্ঞাম্থ এই যে, বৌদ্ধেরা যথন কোন আ্থা বা ঈশ্বরে বিশাস করে না, তথন ভাহাদের ধর্ম কিরুপে এই অতীন্দ্রিয় অবস্থা হইতে উদ্ভূত হইবে ? ইহার উত্তর এই যে, বৌদ্ধেরাও এক শাশ্বত নৈতিক বিধানে বিশাসী এবং সেই নীতি-বিধান আমরা যে অর্থে 'যুক্তি' বুঝি, তাহা হইতে উৎপন্ন হয় নাই। কিন্তু অতীন্দ্রিয় অবস্থায় পৌছিয়া বুদ্ধদেবে উহা প্রত্যক্ষ উপলব্ধি ও আবিদ্ধার করিয়াছিলেন। আপনাদের মধ্যে যাহারা বৃদ্ধদেবের জীবনী পাঠ করিয়াছেন, এমন কি 'এশিয়ার আলো' (The Light of Asia) নামক অপূর্ব কাব্যগ্রন্থে নিবদ্ধ অতি সংক্ষিপ্ত বিবরণও পাঠ করিয়াছেন, তাহাদের শ্বরণ থাকিতে পারে, বৃদ্ধদেব বোধিরক্ষন্থে ধ্যানস্থ হইয়া অতীন্দ্রিয় অবস্থায় পৌছিয়াছিলেন। তাঁহার উপদেশসমূহ এই অবস্থা হইতেই আসিয়াছে, বৃদ্ধির গবেষণা হইতে নয়।

অতএব সকল ধর্মেই এই এক আশ্চর্য বাণী ঘোষিত হয় যে, মানব-মন কোন কোন সময় শুধু ইন্দ্রিয়ের সীমাই অতিক্রম করে না, বিচারশক্তিও অতিক্রম করে। তথন এই মন এমন সব তথ্য প্রত্যক্ষ করে, যেগুলির ধারণা সে কোন কালে করিতে পারিত না এবং যুক্তির ঘারাও পাইত না। এই তথ্যসমূহই জগতের সকল ধর্মের মূল ভিত্তি। অবশ্য এই তথ্যগুলি সম্বন্ধে আপতি উত্থাপন করিবার এবং যুক্তির কঙ্কিপাথরে পরীক্ষা করিবার অধিকার আমাদের আছে; তথাপি জগতের সকল প্রচলিত ধর্মমতেই দাবি করা হয় যে, মানব-মনের এমন এক অভূত শক্তি আছে, যাহার বলে সে ইন্দ্রিয় ও বিচার-শক্তির সীমা অতিক্রম করিতে পারে; অধিকস্ক তাহারা এই শক্তিকে একটি বাস্তব সত্য বলিয়াই দাবি করে।

সকল ধর্মে স্বীক্বত এই সকল তথ্য কতদূর সত্য; ভাহা বিচার না করিয়াও আমরা ভাহাদের একটি সাধারণ বিশেষত্ব দেখিতে পাই। উদাহরণস্বরূপ পদার্থ বিজ্ঞান দারা আবিদ্ধৃত স্থূল তথ্যগুলির তুলনায় ধর্মের আবিদ্ধারগুলি অতি স্থান, এবং ষে-সকল ধর্ম অতি উন্নত প্রণালীতে স্প্রতিষ্ঠিত হইয়াছে, সেগুলি সবই এক স্ক্ষাত্ম তত্ব স্বীকার করে; কাহারও মতে উহা হয়তো এক

নিরপেক স্কু সভা, অথবা সর্ব্যাপী পুরুষ, অথবা ঈশ্বর-নামধেয় স্বভন্ত ব্যক্তি-বিশেষ, অথবা নৈতিক বিধি ; আবার কাহারও মতে উহা হয়তো সকল সন্তার অম্বর্নিহিত সার সভ্য। এমন কি আধুনিক কালে মনের অভীন্রিয় অবস্থার উপর নির্ভর না করিয়া ধর্মমত প্রচারের যত প্রকার চেষ্টা করা হইয়াছে. তাহাতেও প্রাচীনদের স্বীকৃত পুরাতন স্ক্ষভাবগুলিই গ্রহণ করা হইয়াছে এবং ঐশুলিকে নীতি-বিধান (Moral Law), আদর্শগত ঐক্য (Ideal Unity) প্রভৃতি নৃতন নামে অভিহিত করা হইতেছে এবং ইহা ঘারা দেখানো হইয়াছে যে, এই-সকল স্ক্র তত্ব ইন্দ্রিয়গ্রাহ্ নয়। স্বামাদের মধ্যে কেহই এ পর্যন্ত কোন আদর্শ মাহুষ দেখে নাই, তথাপি আমাদিগকে এরূপ এক ব্যক্তিতে বিশ্বাসী হইতে বলা হয়। আমাদের মধ্যে কেহই এ-পর্যন্ত পূর্ব আদর্শ মাহ্রষ দেখে নাই, তথাপি দেই আদর্শ ব্যতীত আমরা উন্নতি লাভ করিতে পারি না। বিভিন্ন ধর্ম হইতে এই একটি সত্যই স্পষ্ট হইয়া উঠে যে, এক সুন্দ্র অথণ্ড সত্তা আছে, যাহাকে কথনও আমাদের নিকট ব্যক্তিবিশেষ রূপে, অথবা নীতিবাদরণে, অথবা নিরাকার সত্তারণে, অথবা সর্বাহ্নস্থাত সারবম্বরূপে উ**পস্থাপিত করা হয়। আমরা সর্বদাই সেই আদর্শে উন্নীত হইবার চেষ্টা** করিভেছি। প্রত্যেক মাহ্রুষ ষেমনই হউক বা যেখানেই থাকুক, তাহার অনস্ত শক্তি সম্বন্ধে একটা নিজম্ব আদর্শ আছে, প্রত্যেকেরই এক অসীম আনন্দের আদর্শ আছে। আমাদের চতুর্দিকে যে-সকল কর্ম সম্পাদিত হয়, দৰ্বত্ৰ যে কৰ্মচাঞ্চল্য প্ৰকটিত হয়, এগুলি অধিকাংশই এই অনস্ত শক্তি অর্জনের, এই অদীম আনন্দ লাভের প্রচেষ্টা হইতে উড়ত হয়। কিছু অল্ল-মংখ্যক লোক অচিরেই বুঝিজে পারে যে, যদিও তাহারা অনস্ত শক্তিলাভের প্রচেষ্টায় নিরত রহিয়াছে, তথাপি সেই শক্তি ইন্দ্রিয়ের দারা লভ্য নয়। তাহারা অবিলয়ে ব্ঝিতে পারে যে, ইক্রিয় ছারা সেই অনস্ত হংখ লাভ করা যায় না। অক্সভাবে এরপ বলা চলে ষে, ইক্সিয়গুলি ও দেহ এত সীমাবদ্ধ ষে, শেগুলি অসীমকে প্রকাশ করিতে পারে না। অসীমকে সীমার মধ্য দিয়া প্রকাশ করা অসম্ভব ; কালে মাহ্য অসীমকে সদীমের ভিতর দিয়া প্রকাশ ক্রিবার চেষ্টা ভ্যাগ ক্রিভে শেখে। এই ভ্যাগ, এই চেষ্টা ক্রাই নীভি-শাস্ত্রের মূল ভিন্তি। ত্যাগের ভিন্তির উপরই নীতিশান্ত প্রতিষ্ঠিত। এমন কোন নীতি কোন কালে প্রচারিত হয় নাই, যাহার মূলে ত্যাগ নাই।

'নাহং নাহং, তুঁত তুঁত'—ইহাই নীতিশান্তের চিরন্তন বাণী। নীতিশান্তের উপদেশ—'ষার্থ নয়, পরার্থ।' নীতিশান্ত বলে, সেই অনস্ত শক্তি বা
অনন্ত অ্থকে ইন্দ্রিয়ের মধ্য দিয়া লাভ করিতে সচেট্ট মাহ্য নিজের স্থাতন্ত্রা
সম্বন্ধে একটা যে মিথ্যা ধারণা আঁকড়াইয়া থাকে, তাহা ত্যাগ করিতেই হইবে।
নিজেকে সর্বপশ্চাতে রাথিয়া অন্তকে প্রাধান্ত দিতে হইবে। ইন্দ্রিয়সমূহ বলে,
'আমারই হইবে প্রথম স্থান।' নীতিশান্ত বলে, 'না, আমি থাকিব সর্বশেষে।'
স্থাতরাং সকল নীতিশান্তই এই ত্যাগের—জড়জগতে স্থার্থবিলোপের উপর প্রতিষ্ঠিত, স্বার্থরক্ষার উপর নয়। এই জড়জগতে কথনও সেই অনন্তের পূর্ণ অভিব্যক্তি হইবে না, ইহা অসম্ভব অথবা কল্পনারও অযোগ্য।

হতরাং মাহ্যকে জড়জগৎ ত্যাগ করিয়া সেই অনস্থের গভীরতর প্রকাশের অর্থেশে আরও উচ্চতর ভাব-ভূমিতে উঠিতে হইবে। এই ভাবেই বিভিন্ন নৈতিক বিধি রচিত হইতেছে; কিন্তু সকলেরই সেই এক মূল আদর্শ—চিরস্তন আত্মত্যাগ। অহঙ্কারের পূর্ণ বিনাশই নীতিশাত্মের আদর্শ। যদি মাহ্যকে তাহার ব্যক্তিত্বের চিন্তা করিতে নিষেধ করা হয়, তবে সে শিহরিয়া উঠে। তাহারা নিজেদের ব্যক্তিত্ব হারাইতে অত্যন্ত ভীত বলিয়া মনে হয়। অথচ সেই-সব লোকই আবার প্রচার করে যে, নীতিশাত্মের উচ্চতম আদর্শগুলিই যথার্থ; তাহারা একবারও ভাবিয়া দেখে না যে, সকল নীতিশাত্মের গঙ্গি, লক্ষ্য এবং অন্তর্নিহিত ভাবই হইল এই 'অহং'-এর নাশ, উহার বৃদ্ধি নয়।

হিতবাদের আদর্শ মাস্থ্যের নৈতিক সম্বন্ধ ব্যাখ্যা করিতে পারে না, কারণ প্রথমতঃ প্রয়োজনের বিবেচনায় কোন নৈতিক নিয়ম আবিদ্ধার করঃ যায় না। অলোকিক অন্থমোদন অথবা আমি যাহাকে অতিচেতন অন্থতুতি বলিতে পছন্দ করি, তাহা ব্যতীত কোন নীতিশাস্ত্র গড়িয়া উঠিতে, পারে না। অনস্তের অভিমুখে অভিযান ব্যতীত কোন আদর্শই দাঁড়াইতে পারে না। ফেকোন নীতিশাস্ত্র মান্থ্যকে তাহার নিজ সমাজের গণ্ডির মধ্যেই আবন্ধ রাখিতে ইচ্ছা করে, তাহা সমগ্র মানবজাতির পক্ষে প্রযোজ্য নৈতিক বিধি ব্যাখ্যা করিতে অক্ষম। হিতবাদীরা অনস্তকে পাইবার সাধনা এবং অতীক্রিয় বন্ধ লাভের আশা ত্যাগ করিতে বলেন; তাঁহাদের মতে ইহা অসাধ্য ও অযোজিক। আবার তাঁহারাই সঙ্গে সঙ্গে আমাদিগকে নীতি অবলম্বন এবং সমাজের কল্যাণ সাধন করিতে বলেন। কেন আম্রা কল্যাণ করিব ? হিত

করা তো গৌণ ব্যাপার। আমাদের একটি আদর্শ থাকা আবশ্রক। নীতিশান্ত ্তা লক্ষ্য নয়, উহা উদ্দেশ্য সাধনের উপায় মাত্র। লক্ষ্যই যদি না থাকে, তবে আমরা নীতিপরায়ণ হইব কেন ? কেন আমি অন্তের অনিষ্ট না করিয়া উপকার করিব ? স্থই যদি জীবনের উদ্দেশ্য হয়, তবে কেন আমি নিজেকে হুখী এবং অপরকে হুংখী করিব না ? আমাকে বাধা দেয় কিলে ? দিভীয়ত: হিতবাদের ভিত্তি অতীব সমীর্ণ। ষে-সকল সামাঞ্জিক রীতিনীতি ও কার্বধারা প্রচলিত আছে, দেগুলি সমাজের বর্তমান অবস্থা হইতেই গৃহীত হইয়াছে। কিন্তু হিতবাদীদের এমন কি অধিকার আছে বে, তাঁহারা সমাজকে চিরস্তন বলিয়া কল্পনা করিবেন ? বহুষুগ পূর্বে সমাজের অভিত ছিল না, খুব সম্ভব বছযুগ পরেও থাকিবে না। খুব সম্ভব উচ্চতর ক্রমবিকাশের দিকে অগ্রদর হইবার পথে এই সমাজ-ব্যবস্থা আমাদের অন্ততম সোপান। ওধু সমাজ-ব্যবস্থা হইতে গৃহীত কোন বিধিই চিরস্তন হইতে পারে না এবং সমগ্র মানব-প্রকৃতির পক্ষে পর্বাপ্ত হইতে পারে না। অতএব হিতবাদ-সম্ভূত মতগুলি বড়জোর বর্তমান সামাজিক অবস্থায় কার্থকর হইতে পারে। ভাহার বাহিন্নে উহাদের কোন মূল্য নাই। কিন্তু ধর্ম ও আধ্যাত্মিকতা হইতে উছুত চরিত্রনীতি ও নৈতিক বিধির কার্যক্ষেত্র বা পরিধি সমষ্টি মানবের সমগ্র দিক। ইহা ব্যষ্টির সম্পর্কে প্রযুক্ত হইলেও ইহার সম্পর্ক সমষ্টির সহিত। সমাঞ্চও ইহার অন্তভু ক্ত, কারণ সমাজ তো ব্যষ্টিনিচয়ের সমষ্টি ছাড়া আর কিছুই নয়। যেহেতু এই নৈতিক বিধি ব্যষ্টি ও ভাহার অনস্ত সম্পর্কগুলির ক্ষেত্রে প্রযোজ্য, দেহেতু সমাজ যে-কোন সময়ে যে-কোন অবস্থায় থাকুক না কেন, ইহা সমুদয় দামাজিক ক্ষেত্রেই প্রধোজ্য। এইরূপে দেখা যায় যে, মানব জাভির পক্ষে আধ্যান্মিকতার প্রয়োজন সর্বদাই আছে। জড় ষতই হুথকর হউক না কেন, শাহৰ সৰ্বদা অড়ের চিস্তা করিতে পারে না।

লোকে বলে, আধ্যাত্মিক বিষয়ে বেশী মনোযোগ দিলে আমাদের
ব্যাবহারিক জগতে প্রমাদ ঘটে। স্থদ্র অতীতে চৈনিক ঋষি কন্ত্যুসিয়াসের
সময়ে বলা হইত—'আগে ইহলোকের স্থাবস্থা করিতে হইবে; ইহলোকের
ব্যবহা হইনা গেলে পরলোকের কথা ভাবিব।' ইহা বেশ স্থলর কথা যে,
আমরা ইহ-জগতের কার্যে ভংপর হইব, কিন্তু ইহাও প্রস্তুব্য যে, যদি
শাধ্যাত্মিক বিষয়ে অত্যধিক মনোখোগের ফলে ব্যাবহারিক জীবনে কিঞ্চিৎ

ক্ষতি হয়, তাহা হইলে তথাকথিত বাস্তব-জীবনের প্রতি অত্যধিক মনোনিবেশের ফলে আমাদের ইহলোক ও পরলোক উভয় লোকেরই ক্ষতি হইয়া
থাকে। এইভাবে চলিলে মাহ্য জড়বাদী হইয়া পড়ে, কারণ প্রকৃতিই
মাহ্যের লক্ষ্য নয়—মাহ্যের লক্ষ্য তদপেক্ষা উচ্চতর বস্তু।

যতক্ষণ মাহুষ প্রকৃতিকে অতিক্রম করিবার জন্ম সংগ্রাম করে, ততক্ষণ তাহাকে যথার্থ মাহুষ বলা চলে। এই প্রকৃতির হুইটি রূপ—অস্ত:প্রকৃতি ও বহি:প্রকৃতি। যে নিয়মগুলি আমাদের বাহিরের ও শরীরের ভিতরের জড় কণিকাসমূহকে নিয়ন্ত্রিত করে, কেবল সেগুলিই প্রকৃতির অস্তর্ভু ভ নয়, পরস্ক স্কাতর অন্তঃপ্রকৃতিও উহার অন্তভূকি; বস্তুতঃ এই স্কাতর প্রকৃতিই বহি-র্জগতের নিয়ামক শক্তি। বহিঃপ্রকৃতিকে জয় করা খুবই ভাল ও বড় কথা; কিন্তু অন্তঃপ্রকৃতিকে জ্বয় করা আরও মহত্তর। যে-সকল নিয়মামুসারে গ্রহ-নক্ষত্রগুলি পরিচালিত হয়, সেগুলি জানা উত্তম, কিন্তু যে-সকল নিয়মামুসারে মাহুষের কামনা, মনোবৃত্তি ও ইচ্ছা নিয়ন্ত্রিত হয়, সেগুলি জানা অনস্তগুণে মহত্তর ও উৎকৃষ্ট। অন্তর্মানবের এই জয়, মানব-মনের ধে-সকল তক্ষ ক্রিয়া-শক্তি কাজ করিতেছে, দেগুলির রহস্ত জানা—সবই সম্পূর্ণরূপে ধর্মের অস্তর্গত। মানব-প্রকৃতি—আমি সাধারণ মানব-প্রকৃতির কথা বলিতেছি—বড় বড় প্রাকৃতিক ঘটনা দেখিতে চায়। সাধারণ মাতুষ স্কল্ম বিষয় ধারণা করিতে পারে না। ইহা বেশ বলা হয় যে, সাধারণ লোকে সহস্র মেষশাবক-হত্যাকারী শিংহেরই প্রশংসা করিয়া থাকে, তাহারা একবারও ভাবে না যে, ইহাতে এক হাজার মেষের মৃত্যু ঘটিল, যদিও সিংহটার ক্ষণস্থায়ী জয় হইয়াছে; তাহারা কেবল শারীরিক শক্তির প্রকাশেই আনন্দ অহভব করে। সাধারণ মানবের মনের ধারাই এইরূপ। তাহারা বাহিরের বিষয় বোঝে এবং তাহাতেই হুথ অমুভব করে; কিন্তু প্রত্যেক সমাজে একশ্রেণীর লোক আছেন, যাহাদের আনন্দ—ইন্দ্রিয়গ্রাহ্ বস্তর মধ্যে নাই, অতীব্রিয় রাজ্যে; তাঁহারা মাঝে মাঝে জড়বম্ব অপেক্ষা উচ্চতর কিছুর আভাদ পাইয়া থাকেন এবং উহা পাইবার জন্ম সচেষ্ট হন। বিভিন্ন জাতির ইতিহাদ পুঞামপুঞ্ছাবে পাঠ করিলে আমরা সর্বদা দেখিতে পাইব যে, এরপ স্বাদশী লোকের সংখ্যা বৃদ্ধি পাওয়ার দক্ষে সঙ্গে জাতির উন্নতি হয় এবং অনস্ভের অহুসন্ধান বন্ধ হইলে তাহার পতন আরম্ভ হয়, হিডবাদীরা এই অফুসদ্ধানকে ষভই বৃধা বলুক

না কেন। অর্থাৎ প্রত্যেক জাতির শক্তির মৃল উৎস হইভেছে তাহার আধ্যাত্মিকতা, এবং যথনই ঐ জাতির ধর্ম কীণ হয় এবং অড়বাদ আদিয়া তাহার স্থান অধিকার করে, তথনই সেই জাতির ধ্বংস আরম্ভ হয়।

এইরূপে ধর্ম হইতে আমরা যে-দকল তথ্য ও তত্ত্ব শিক্ষা করিতে পারি, ষে-সান্থনা পাইতে পারি, তাহা ছাড়িয়া দিলেও ধর্ম অক্সতম বিজ্ঞান অথবা গবেষণার বস্তু হিসাবে মানব-মনের শ্রেষ্ঠ ও সর্বাধিক কল্যাণকর অহুশীলনের বিষয়। অনস্তের এই অহুসন্ধান, অনস্তকে ধারণা করিবার এই সাধনা, ইক্রিয়ের সীমা অতিক্রম করিয়া যেন জড়ের বাহিরে যাইবার এবং আধ্যাত্মিক মানবের ক্রমবিকাশ-দাধনের এই প্রচেষ্টা---অনস্তকে আমাদের সন্তার সঙ্গে একীভূত করিবার এই নিরস্কর প্রয়াদ—এই সংগ্রামই মান্থবের সর্বেচ্চ গৌরব ও মহত্বের বিকাশ। কেহ কেহ ভোজনে সর্বাধিক আনন্দ পায়, আমাদের বলিবার কোন অধিকার নাই যে, তাহাদের উহাতে আনন্দ পাওয়া উচিত নয়। আবার কেহ কেহ দামান্ত কিছু লাভ করিলেই অত্যম্ভ হুথ বোধ করে; তাহাদের পক্ষে উহা অহচিত—এরপ বলিবার অধিকার আমাদের নাই। তেমনি আবার যে-মান্তুষ ধর্মচিস্তায় সর্বোচ্চ আনন্দ পাইতেছে, তাহাকে বাধা দিবারও উহাদের কোন অধিকার নাই। যে-প্রাণী যত নিম্নন্তরের হই**বে**, ইন্দ্রিয়-স্থথে দে তত অধিক স্থথ পাইবে। শৃগাল-কুকুর যতথানি আগ্রহের সহিত ভোদন করে, কম লোকই সেভাবে আহার করিতে পারে। কিন্তু শৃগাল-কুকুরের স্থামুভূতির স্বটাই যেন তাহাদের ইন্দ্রিয়গুলির মধ্যে কেন্দ্রীভূত হইয়া রহিয়াছে। সকল জাতির মধ্যেই দেখা যায়, নিরুষ্ট শ্রেণীর লোকেরা ইন্দ্রিয়ের সাহায্যে স্থুখভোগ করে এবং শিক্ষিত ও সংস্কৃতিসম্পন্ন লোকেরা চিস্তায়, দর্শনে, বিজ্ঞানে ও শিল্পকলায় সেই স্থুপ পাইয়া থাকে। আধ্যাত্মিকভার রাজ্য আরও উচ্চতর। উহার বিষয়টি অনস্ত হওয়ায় ঐ রাজ্যও সর্বোচ্চ এবং যাহারা উহা সম্যকরূপে ধারণা করিতে পারে, তাহাদের পক্ষে ঐ স্তরের স্থাও সর্বোৎকৃষ্ট। স্থতরাং 'মামুষকে স্থামুসদ্ধান করিতে হইবে'—হিভবাদীর এই মত মানিয়া লইলেও মাহুষের পক্ষে ধর্মচিস্তার অহুশীলন করা উচিত; কারণ ধর্মামুশীলনেই উচ্চতম স্থুখ আছে। স্থুভরাং আমার মতে ধর্মামুশীলন একাস্ত প্রয়োজন। ইহার ফল হইতেও আমরা তাহা বুঝিতে পারি। শান্ব-মনকে গতিশীল করিবার জন্ত, ধর্ম একটি শ্রেষ্ঠ নিয়ামক শক্তি। ধর্ম

আমাদের ভিতর যে পরিমাণ শক্তি সঞ্চার করিতে পারে, অন্ত কোন আদর্শ তাহা পারে না। মানব-জাভির ইতিহাস হইতে স্পট্ট প্রতীত হয় বে অতীতে এইরপই হইয়াছে, এবং ধর্মের শক্তি এখনও নিংশেষিত হয় নাই। কেবল হিতবাদ অবলম্বন করিলেই মাতুষ খুব সৎ ও নীভিপরায়ণ হইতে পারে, ইহা আমি অস্বীকার করি না। এ জগতে এমন বহু মহাপুরুষ জন্ম-গ্রহণ করিয়াছেন, যাঁহারা হিতবাদ অহুসরণ করিয়াও সম্পূর্ণ নির্দোষ, নীতিপরায়ণ এবং সরল ছিলেন। কিন্তু বে সকল মহামানব বিশ্বব্যাপী আন্দোলনের প্রষ্টা, যাহারা জগতে যেন চৌম্বশক্তিরাশি সঞ্চারিত করেন, যাঁহাদের শক্তি শত সহস্র ব্যক্তির উপর কাজ করে, যাঁহাদের জীবন অপরের জীবনে আধ্যাত্মিক অগ্নি প্রজলিত করে, এরূপ মহাপুরুষদের মধ্যে আমরা সর্বদা অধ্যাত্মশক্তির প্রেরণা দেখিতে পাই। তাঁহাদের প্রেরণা-শক্তি ধর্ম হইতে আসিয়াছে। যে অনস্ত শক্তিতে মাহুষের জন্মগত অধিকার, ষাহা ভাহার প্রকৃতিগত, তাহা উপলব্ধি করিবার জন্ম ধর্মই সর্বাপেকা বেশী প্রেরণা দেয়। চরিত্র-গঠনে, সৎ ও মহৎ কার্য-সম্পাদনে, নিজের ও অপরের জীবনে শাস্তিহাপনে ধর্মই সর্বোচ্চ প্রেরণাশক্তি; অতএব সেই দৃষ্টিকোণ হইতে ইহার অহুশীলন করা উচিত। পূর্বাপেক্ষা উদার ভিত্তিতে ধর্মের অনুশীলন আবশ্রক। সর্বপ্রকার সন্ধীর্ণ, অনুদার ও বিবদমান ধর্মভাব দূর করিতে হইবে। সকল সাম্প্রদায়িক, স্বন্ধাতীয় বা স্বগোত্রীয় ভাব পরিত্যাগ কারতে হইবে। প্রত্যেক জাতি ও গে।গ্রীর নিজম্ব ঈশ্বর থাকিবেন এবং অপর সকলের ঈশ্বর মিথ্যা—এই-জাতীয় ধারণা কুসংম্বার, এগুলি অতীতের গর্ভেই বিলীন হওয়া উচিত। এই ধরনের ধারণাগুলি অবশ্য বর্জনীয়।

মানবমনের যতই বিস্তার হয়, তাহার আধ্যাত্মিক সোপানগুলিও ততই প্রদার লাভ করে। এমন এক সময় আদিয়াছে, যখন মাহুষের চিস্তাগুলি লিপিবদ্ধ হইতে না হইতে পৃথিবীর সর্বত্র ছড়াইয়া পড়ে। বর্তমানে আমরা শুধু যান্ত্রিক উপায়ে সমগ্র জগতের সংস্পর্শে আদিয়াছি, স্মৃতরাং জগতের ভাবী ধর্মসূহকে একদিকে যেমন সর্বজনীন, অপরদিকে তেমনি উদার হইতে হইবে।

জগতে যাহা কিছু সং ও মহং, তাহার সবই ভাবী ধর্মাদর্শের অস্তর্ভুক্ত হওয়া আবশুক এবং সেই সঙ্গে উহাতে ভাবী উন্নতির অনস্ত স্থবোগ নিহিত থাকিবে। অতীতের যাহা কিছু ভাল, তাহার সবই স্থাকিত হইবে, এবং পূর্বে সঞ্চিত ধর্মভাণ্ডারে নৃতন ভাবদংযোগের জন্ম বার উমুক্ত রাথিতে হইবে। অধিকন্ধ প্রত্যেক ধর্মেরই অপর ধর্মগুলিকে স্বীকার করিয়া লওয়া আবশুক; পরন্ধ ঈশ্বর-সম্বনীয় অপরের কোন বিশেষ ধারণাকে ভিন্ন মনে করিয়া নিলা করা উচিত নয়। আমার জীবনে আমি এমন অনেক ধার্মিক ও ব্রিমান্ ব্যক্তি দেখিয়াছি, যাঁহাদের ঈশ্বর—অর্থাৎ আমরা বে-অর্থে ঈশ্বর মানি, সেই ঈশ্বরে আদৌ বিহাদ নাই, হয়তো আমাদের অপেক্ষা তাঁহারাই ঈশ্বরকে ভালরূপে ব্রিয়াছেন। ভগবানের সাকার বা নিরাকার রূপ, অসীম সন্তা, নীতিবাদ অথবা আদর্শ মহন্ত প্রভৃতি যত কিছু মত্বাদ আছে, সবই ধর্মের অন্তর্ভুক্ত হওয়া চাই। সকল ধর্ম যথন এইভাবে উদারতা লাভ করিবে, তথন ভাহাদের হিতকারিণী শক্তিও শতগুণে বৃদ্ধি পাইবে। ধর্মসমূহের মধ্যে অতি প্রচণ্ড শক্তি নিহিত থাকিলেও ঐওলি ওধু সন্ধীর্ণতাও অন্থলারতার জন্মই মন্থল অপেক্ষা অমন্ধল অধিক করিয়াছে।

বর্তমান সময়েও আমরা দেখিতে পাই, বহু সম্প্রদায় ও সমাজ প্রায় একই আদর্শ অমুসরণ করিয়াও পরস্পরের সহিত বিবাদ করিতেছে, কারণ এক সম্প্রদার অন্ত সম্প্রদারের মতো নিজের আদর্শগুলি ঠিক ঠিক উপহাপিত করিতে চায় না। এই জন্ম ধর্মগুলিকে উদার ২ইতে হইবে। ধর্মভাবগুলি:ক দৰ্বজনীন, বিশাল ও অনস্ত হইতে হইবে, তবেই ধার্মর সম্পূর্ণ বিকাশ হইবে, কারণ ধর্মের শক্তি সণেমাত্র পৃথিবীতে আত্মপ্রকাশ করিতে আরম্ভ করিয়াছে। কখন কখন এইরূপ বলিতে শোনা যায় যে, ধর্মভাব পৃথিবী হইতে ভিরোহিত হইতেছে। আমার মনে হয়, ধর্মভাবগুলি স্বেমাত্র বিক্লিভ হইতে আরম্ভ ক্রিয়াছে। স্কীৰ্ণভামুক্ত ও আবিলভাশৃষ্ঠ হইয়া ধর্মের প্রভাব মানবঞীবনের প্রতিন্তরে প্রবেশ করিতে আরম্ভ করিয়াছে। ষতদিন ধর্ম মৃষ্টিমেয় 'ঈশর-নির্দিষ্ট' ব্যক্তিদের বা পুরোহিতকুলের হাতে ছিল, তভদিন উহা মন্দিরে, গির্জায়, গ্রা:ম, মতবাদে, আচার-অচ্ঠানে নিবন্ধ ছিল। কিন্তু যথনই আমরা ধর্মের ষথার্থ আধ্যাত্মিক ও সর্বছনীন ধারণায় উপনীত হইব, তথন এবং েবল তথনই উহা প্রকৃত ও জীবস্ত হইবে—ইহা আম'দের স্বভাবে পরিণত ইইবে, আমাদের প্রতি গতিবিধিতে প্রাণবস্ত হইয়া থাকিবে, সমাজের শিরায় ^{বিরায়} প্রবেশ করিবে এবং পূর্বাপেক্ষা অনম্ভণ্ডণ কল্যাণকারিণী শক্তি **২ই**বে।

পৃথিবীর বিভিন্ন ধর্মের উত্থান বা পতনের প্রশ্ন ষধন একসঙ্গে গ্রাথিত, তথন প্রয়োজন পারস্পরিক শ্রন্ধা ও মর্বাদা হইতে উভূত সৌলাত্র, কিছ ত্র্লাগ্যবশতঃ বর্তমানে প্রচলিত অনেক ধর্মের প্রতি বিনীত, সাহগ্রহ ও রুপণাচিত সদিছা প্রকাশ নয়। সর্বোপরি হই প্রকার বিশেষ মতবাদের মধ্যে এই লাভভাব স্থাপন করা অভ্যন্ত আবশ্যক হইয়া পড়িয়াছে; ইহার মধ্যে প্রথম দলের ধর্মের বিবিধ বিকাশ মনভবের আলোচনা হইতে উভূত হয়—হরদৃষ্টবশতঃ তাঁহারা এখনও দাবি করেন যে, তাঁহাদের ধর্মই একমাত্র ধর্মে নামের যোগ্য। ছিতীয় আর একদল আছেন, যাহাদের মন্তিক স্থর্গের আরও রহস্থ উদ্যাটন করিতে ব্যন্ত, কিছু তাঁহাদের পদতল মাটি আকড়াইয়া থাকে—এখানে আমি ভথাকথিত জড়বাদী বৈজ্ঞানিকদের কথাই বলিতেছি।

এই সমগন্ত আনিতে হইলে উভয়কে কিছু ত্যাগ স্বীকার করিতে হইবে; কখন এই ত্যাগ একটু বেশী রকমের দরকার, এমন কি কখন যন্ত্রণাদায়কও হইতে পারে, কিন্তু এই ত্যাগের ফলে প্রত্যেক দল নিজেকে এক উচ্চতর ভরে উন্নীত ও সত্যে অধিকতর প্রতিষ্ঠিত দেখিতে পাইবেন। এবং পরিণামে যে-জ্ঞানকে দেশ ও কালের মধ্যে পরিচ্ছিন্ন রাখা হইয়াছে, ভাহা পরস্পর মিলিত হইয়া দেশকালাতীত এমন এক সন্তার সহিত একীভূত হইবে, ষেধানে মন ও ইক্রিয়সমূহ যাইতে অক্ষম, যাহা স্বাতীত, অনস্ত ও একমেবাছিতীয়ম্'।

यूक्टि ७ धर्म

ইংলণ্ডে প্ৰদন্ত বক্তৃতা

নারদ নামে এক ঋষি সত্যগাভের জগু সনংকুমার নামক আর একজন ঝবির কাছে গিয়াছিলেন। সনংকুমার তাঁহাকে জিজাদা করিলেন, 'কোন্ কোন্ বিষয় ইতিমধ্যে অধায়ন করিয়াছ?' নারদ বলিলেন, 'বেদ, জ্যোতিষ এবং আরও বহু বিষয় অধ্যয়ন করিয়াছি বটে, কিন্তু তাহা সত্ত্বেও তৃপ্ত হুইতে পারি নাই।' আলাপ চলিতে লাগিল। প্রসঙ্গক্রে সনংকুমার বলিলেন: বেদ জ্যোতিষ ও দর্শন-বিষয়ক ষে জ্ঞান, তাহা গৌণ; বিজ্ঞানগুলিও গৌণ। যাহা দারা আমাদের এক্ষোপলনি হয়, ভাহাই চরম জান—সর্বোচ্চ জ্ঞান। এই ধারণাটি প্রত্যেক ধর্মের মধ্যেই দেখা যায়, এবং এই অক্সই সর্বোচ্চ জ্ঞান বলিয়া ধর্মের দাবি চিরস্তন। বিজ্ঞানগুলির জ্ঞান বেন আমাদের জীবনের একটু অংশ জুড়িয়া আছে। কিন্তু ধর্ম আমাদের কাছে যে জ্ঞান লইয়া আদে, তাহা চিরস্কন; ধর্ম যে সভ্যের কথা প্রচার করে, সেই সত্যের মতো এ আনও সীমাহীন। হুর্ভাগ্যের বিষয়, এই শ্রেষ্ঠত্বের দাবি লইয়া ধর্ম বারবার সর্ববিধ জাগতিক জ্ঞানকে উপেক্ষা করিয়াছে, ভুধু তাই নয়, জাগতিক জ্ঞানের খারা স্থায়দক্ত বলিয়া সমর্থিত হইতেও বহুবার অধীকার করিয়াছে। ফলে জগভের সর্বত্ত ধর্মজ্ঞান ও জাগভিক জ্ঞানের মধ্যে একটা বিরোধ লাগিয়াই আছে। একপক আচার্য, শাস্ত্র প্রভৃতির অভ্ৰাস্ত প্ৰমাণকে পথ-নিৰ্দেশক বলিয়া দাবি করিয়াছে এবং এ-বিষয়ে জাগতিক জ্ঞানের যাহা বলিবার আছে, তাহার কিছুতেই কান দিতে চায় নাই। অপর পক্ষ যুক্তিরূপ শাণিত অন্ত দারা ধর্ম যাহা কিছু বলিতে চায়, ভাহাই থণ্ড থণ্ড করিয়া কাটিয়া ফেলিভে চাহিয়াছে। প্রভ্যেক দেশেই এই সংগ্রাম চলিয়াছে, এবং এখনও চলিভেছে। ধর্ম বারবার প্রাজিত ও প্রায় বিনষ্ট হইয়াছে। সাহবের ইতিহাসে 'যুক্তি-দেবতার উপাসনা' ফরাদী-বিপ্লবের সময়েই প্রথম আত্মপ্রকাশ করে নাই; এইজাতীয় ঘটনা পূর্বেও ঘটয়াছিল, ফরাসী-বিগবের সময় উহার পুনরভিন্ম মাত্র ^{হটিয়াছে।} কিন্তু বর্তমান যুগে উহা অতিমাত্রায় বাড়িয়া উঠিয়াছে। : জড়- বিজ্ঞানগুলি এখন পূর্বাপেক্ষা আরও ভালভাবে প্রস্তুত হইয়াছে; আর ধর্মের প্রস্তুতি সে-তুলনার কমিয়া গিয়াছে, ভিত্তিগুলি শিথিল হইয়া গিয়াছে। আর আধুনিক মান্ত্র্য প্রকাশ্যে যাহাই বলুক না কেন, তাহার অস্তবের গোপন প্রদেশে এ-বোধ জাগ্রত যে, সে আর 'বিশাদ' করিতে পারে না। আধুনিক যুগের মান্ত্র্য জানে যে, পুরোহিত-সম্প্রদায় তাহাকে বিশ্বাদ করিতে বলিতেছে বলিয়াই, কোন শাস্ত্রে লেখা আছে বলিয়াই, কিংবা তাহার স্কলনেরা চাহিতেছে বলিয়াই কিছু বিশ্বাদ করা তাহার পক্ষে অসম্ভব। অবশ্য এমন কিছু লোক আছে, যাহাদিগকে তথাকথিত জনপ্রিয় বিশ্বাদে সম্মত বলিয়া মনে হয়। কিন্তু এ-কথাও আমরা নিশ্চয় জানি যে, তাহারা বিষয়টি সম্বন্ধে চিন্তা করে না। তাহাদের বিশ্বাদের ভাবটিকে 'চিন্তাহীন অনবধানতা' আখ্যা দেওয়া চলে। এই সংগ্রাম এভাবে আর বেশীদিন চলিতে পারে না; চলিলে ধর্মের সব গৌধই ভাঙিয়া চুরমার হইয়া যাইবে।

প্রশ্ন হইন—ইহা হইতে অব্যাহতিলাভের উপায় আছে কি? আরও স্পষ্টভাবে বলিলে বলিতে হয়: অগুগন্ত বিজ্ঞান গুলির প্রত্যেকটিই যুক্তির খে-সকল আবিষ্ণারের সহায়তায় নিজেদের সমর্থন করিতেছে, ধর্মকেও কি আত্ম-সমর্থনের জন্ম দেওলির সাহায্য লইতে হইবে ? বহির্জগতে বিজ্ঞান ও জ্ঞানের ক্ষেত্রে তত্বামুসন্ধানের যে পদ্ধতিগুলি অবলম্বিত হয়, ধর্মবিজ্ঞানের ক্ষেত্রেও কি সেই একই পদ্ধতি অবলম্বিত হইবে ? আমার মতে তাহাই হওয়া উচিত। আমি ইহাও মনে করি, যত শীঘ্র তাহা হয়, ততই মঙ্গল। এরপে অহসন্ধানের ফলে কোন ধর্ম যদি বিনষ্ট হইয়া যায়, তাহা হইলে বুঝিতে হইবে—সেই ধর্ম বরাবরই অনাবশুক কুসংস্কার-মাত্র ছিল; ষতশীঘ্র উহা লোপ পায়, ততই মক্ল। আমার দৃঢ় বিখাদ, উহার বিনাশেই সর্বাধিক কল্যাণ। এই অহসদ্ধানের ফলে ধর্মের ভিতর যা-কিছু খাদ আছে, দে-সবই দ্রীভূত হইবে নি:সন্দেহ, কিছ ধর্মের বাহা সারভাগ, তাহা এই অহসন্ধানের ফলে বিজয়-গৌরবে মাথা তুলিয়া দাঁড়াইবে। পদার্থবিভা বা রসায়নের সিদ্ধান্তগুলি যতথানি বিজ্ঞানসমত. ধর্ম যে অস্ততঃ ততথানি বিজ্ঞানসমত হইবে ওধু তাই নয়, বরং আরও বেশা জোরালো হইবে; কারণ জড়বিজ্ঞানের সত্যগুলির পক্ষে সাক্ষ্য দিবার মতো আভ্যন্তরীণ আদেশ বা নির্দেশ কিছু নাই, কিছ ধর্মের ভাহা আছে।

ষে-সব ব্যক্তি ধর্মের মধ্যে কোন যুক্তিসক্ত তত্ত্বাস্থ্যকানের উপযোগিতা অস্বীকার করেন, আমার মনে হয়, তাঁহারা যেন কভকটা স্ববিরোধী কান্ধ করিয়া থাকেন। যেমন এটানরা দাবি করেন যে, তাঁহাদের ধর্মই একমাত্র সত্য ধর্ম; কারণ অম্ক-অম্ক ব্যক্তির কাছে তাহা প্রকাশিত रुरेग्नाहिल। भूमलभानदां अनिष्कालद धर्म मश्राह्म এकरे पांवि कानान त्य, একমাত্র তাঁহাদের ধর্মই সত্য, কারণ এই এই ব্যক্তির কাছে ভাহা প্রত্যাদিট হইয়াছিল। কিন্তু খ্রীষ্টানরা মুসলমানদের বলেন, 'তোমাদের নীতি-শাস্ত্রের ক্রেক্টি বিষয় ঠিক বলিয়া মনে হয় না। একটা উদাহরণ দিই। দেখ, ভাই ম্পলমান, তোষার শাস্ত বলে যে, কাফেরকে জোর করিয়া মুদলমান করা চলে; আর সে যদি মুসলমান-ধর্মে দীক্ষিত হইতে না চায়, ভবে তাহাকে হত্যা করাও চলে। আর এরপ কাফেরকে বে-মুদলমান হত্যা করে, দে যত পাপ, যত গহিত কর্মই কক্ত্র না কেন, তাহার প্র্যলাভ হইবেই।' ম্সলমানরা এ-কথার উভরে বিজ্ঞা করিয়া বলিবে, 'ইহা যথন শাস্ত্রের আদেশ, তথন আমার পক্ষে এরপ করাই সঙ্গত। এরপ না করাটাই আমার পক্ষে অগ্রায়।' ঞ্রীষ্টানরা বলিবে, 'কিন্তু আমাদের শান্ত এ-কথা বলে না।' মুদলমানরা তাহার উত্তরে বলিবে, 'তা আমি জানি না। তোমার শাস্ত্র-প্রমাণ মানিতে আমি বাধ্য নই। আমার শাস্ত্র বলে, সব কাফেরকে হত্যা কর। কোন্টা ঠিক, কোন্টা ভুল, তাহা ভুমি জানিলে কিরূপে? আমার শান্তে যাহা লিখিত আছে, নিশ্চয়ই তাহা সত্য। আর তোমার শাল্পে যে আছে, হত্যা করিও না, তাহা ভূল। ভাই এীষ্টান, তুমিও তো এই কথাই ৰলো; তুমি वला त्य, क्षिष्टांवा देखमीि पित्र यादा वित्राहिलन, जाहारे यथार्थ कर्जवा ; আর তিনি তাহাদিগকে যাহা করিতে নিষেধ করিয়াছিলেন, তাহা করা অগ্রায়। আমিও তাহাই বলি; কতকগুলি বিষয়কে কর্তব্য বলিয়া এবং কতকগুলি বিষয়কে অকর্তব্য বলিয়া আলা আমার শাল্পে অফুজা দিয়াছেন; আয়-অক্সায় নির্ণয়ের তাহাই চূড়াম্ভ প্রমাণ।' এটানরা কিছ ইহাভেও খুণী नेश। তাহারা 'শৈলোপদেশের' (Sermon on the Mount) নীভির ^{স্}হিত কোরানের নীতি তুগনা করিয়া দেখাইবার **জন্ত জিদ করি**তে থাকে। ইহার মীমাংসা হইবে কিরুপে ? গ্রন্থের ছারা নিশ্চয়ই নয়, কারণ পরস্পর-বিবদমান গ্র**মগুলি বিচারক হইতে পারে না। কাজেই এ-কথা আ**মাদের

খীকার করিতেই হইবে ধে, এই-সব গ্রন্থ অপেক্ষা অধিকতর বিশ্বজ্ঞনীন কিছু একটা আছে; একটা কিছু আছে, ষাহা জগতে যত নীতিশান্ত আছে, সেগুলি অপেক্ষা উচ্চতর; একটা কিছু আছে, যাহা বিভিন্ন জাতির অমুপ্রেরণা-শক্তিগুলিকে পরস্পর তুলনা করিয়া বিচার করিয়া দেখিতে পারে। আমরা দূঢ়কণ্ঠে স্পষ্টভাবে প্রকাশ করি আর নাই করি, পরিকার বোঝা যাইতেছে যে, বিচারের জন্ম আবেদন লইয়া আমরা যুক্তির দ্বারন্থ হই।

এখন প্রশ্ন উঠিতেছে: এই যুক্তির আলোক অহপ্রেরণাগুলিকে পরস্পরের সহিত তুলনা করিয়া বিচার করিতে সমর্থ কিনা; যেখানে আচার্যের সহিত আচার্যের বিরোধ, দেখানেও যুক্তি নিজের প্রভাব অক্ষুণ্ণ রাধিতে পারিবে কি না এবং ধর্ম-সংক্রাপ্ত সব বিষয়ই বুঝিবার সামর্থ্য তাহার আছে কি না ? যদি না থাকে, তবে আচার্যে আচার্যে, শাল্পে শাল্পে যে জঘক্ত বিরোধ যুগযুগ ধরিয়া চলিয়া আসিতেছে, কোন কিছু দারাই তাহার মীমাংসা হওয়া সম্ভব নয়; কারণ তাহার অর্থ এই দাঁড়ায় ষে, সব ধর্মই শুধু মিখ্যা ও অভিমাত্রায় পরস্পর-বিরোধী এবং সেগুলির মধ্যে নীতির কোন স্থায়ী মান নাই। ধর্মের প্রমাণ মাহুষের প্রকৃতিগত সত্যের <mark>উপর নি</mark>র্ভর করে, কোন গ্রন্থের উপর নয় : গ্রন্থলি তো মাহুষের প্রকৃতির বহি:প্রকাশ, তাহার পরিণাম। মাহুষ্ট এই গ্রন্থ লির স্রাটা। মান্ত্রকে গড়িয়াছে, এমন কোন গ্রন্থ এখনও আমাদের নন্ধরে পড়ে নাই। যুক্তিও সমভাবে সেই সাধারণ কারণ—মুখ্য-প্রকৃতির একপ্রসার বিকাশ। এই মহয়-প্রকৃতির কাছেই আমাদের আবেদন জানাইতে হইবে। তবু একমাত্র যুক্তিই এই মানব-প্রকৃতির সহিত সরাসরি সংযুক্ত; দেজতা যতকণ তাহা মানব-প্রকৃতির অহুগামী হয়, ততক্কণ যুক্তিরই আ**শ্র**য় লওয়া উচিত। যুক্তি বলিতে আমি কি বুঝাইতে চাহিতেছি? আধুনিক কালের প্রত্যেক নরনারী যাহা করিতে চায়, আমি ভাহাই বলি:ত চাহিতেছি—জাগতিক জ্ঞানের আবিষারগুলিকে ধর্মের উপর প্রয়োগ করিতে বলিতেছি। যুক্তির প্রথম নিয়ম এই বে, বিশেষ জ্ঞান সাধারণ জ্ঞানের ছারা ব্যাখ্যাত হয়, সাধারণ জ্ঞান ব্যাখ্যাত হয় আরও ব্যাপক সাধারণ জ্ঞানের ৰারা; ষতক্ষণ না আমরা বিশ্বজনীনভায় গিয়া পৌছাই, ভভক্ষণ এইভাবেই চলিতে হয়। উদাহরণস্বরূপ নিয়ম বলিতে কি বুঝায়, সে ধারণা আমাদের আছে। একটা কিছু ঘটিলে আমাদের যদি বিশাস হয় বে, কোন এক^{টি}

নিয়মের ফলেই তাহা ঘটিরাছে, তাহা হইলে আমরা তৃপ্ত হই; আমাদের কাছে উহাই কার্যটির ব্যাখ্যা। এই ব্যাখ্যা-অর্থে আমরা ইহাই বুঝাইতে চাই: বে কার্বটি দেবিয়া আমরা অতৃপ্ত হিলাম, এখন প্রমাণ পাইলাম যে, এই ধরনের হাজার হাজার কার্ব ঘটিয়া থাকে; এটি দেই সাধারণ কার্বের অন্তর্গত একটি বিশেষ কার্য মাত্র। ইহাকেই আমরা 'নিয়ম' বলি। একটি আপেল পড়িতে দেবিয়া নিউটনের চিন্ত চঞ্চল হইয়া উঠিয়াছিল; কিন্ত বখন তিনি দেবিলেন যে, সব আপেলই পড়ে, মাধ্যাকর্বণের জন্ত ইহা ঘটে, তখন তিনি তৃপ্ত হইলেন। মাছ্যের জ্ঞানের ইহা একটি নিয়ম। আমি কোন বিশেষ কিনিসকে—একটি মাছ্যুবকে রাম্ভায় দেবিলাম; মাছ্যুব স্থারণের সহিত তুলনা করিলাম এবং তৃপ্ত হইলাম; বৃহত্তর সাধারণের সহিত তুলনা করিয়া আমি তাহাকে মাছ্যুব বলিয়া জানিলাম। কাজেই বিশেষকে বৃত্তিতে হইলে সাধারণের সঙ্গে মিলাইয়া দেবিতে হইবে, সাধারণকে বৃহত্তর সাধারণের সঙ্গে এবং স্বংশতে বৃত্তিতে হইবে। অন্তিত্বের ধারণাই আমাদের সর্বশেষ ধারণা, স্বাধিক বিশ্বনীন ধারণা। অন্তর্ভই হইল বিশ্বকনীন বোধের চূড়াস্ক।

্ আমরা সবাই মাহেষ; ইহার অর্থ— মহয়জাতি-রূপ বে সাধারণ ধারণা, আমরা বেন তাহার অংশ-বিশেষ। মাহেষ, বিড়াল, কুকুর—এ-সবই প্রাণী। মাহেষ, কুকুর, বিড়াল—এই-সব বিশেষ উদাহরণগুলি প্রাণিরূপ বৃহত্তর ও ব্যাপকতর সাধারণ জ্ঞানের অংশ। মাহেষ, বিড়াল, কুকুর, লতা, বৃক্ষ—এ-সবই আবার জীবন-রূপ আরও ব্যাপক ধারণার অন্তর্ভুক্ত। এগুলিকে এবং সব জীব, সব পদার্থকেই আবার অন্তিছ রূপ একটি ধারণার অন্তর্ভুক্ত করা যার; কারণ আমরা সবাই সেই ধারণার মধ্যে পড়ি। এই ব্যাখ্যা বলিতে গুধু বিশেষজ্ঞানকে সাধারণজ্ঞানের অন্তর্ভুক্ত করা এবং আরও কিছু সমধর্মী বিষয়ের সন্ধান করা বোঝার। মন বেন তাহার ভাণারে এই ধরনের অসংখ্য সাধারণজ্ঞান সঞ্চর করিয়া রাধিয়াছে। মনের মধ্যে যেন অনেকগুলি প্রকোষ্ঠ থাছে, সেগুলির মধ্যে এই-সব ধারণা ভাগে—ভাগে সাজানো থাকে; আর ধ্যনই আমরা কোন নৃতন জিনিস দেখি, মন তৎক্ষণাৎ এই প্রকোষ্ঠগুলির কোন একটি হইতে ভাহার অহ্বরণ জিনিস বাহির করিবার জন্ম সচেট হয়। যদি কোন ধোণে আমার অহ্বরণ জিনিস গুঁজিরা পাই, তবে নৃতন জিনিসটিকে

দেই খোপে রাখিয়া দিই। আমরা তথন তুপ্ত হই ও ভাবি, জিনিসটি সম্বন্ধে জ্ঞানলাভ করিলাম। জ্ঞান বলিতে ইহাই ৰুঝায়, ইহার বেশী কিছু নয়। মনের কোন খোপে অহুরূপ জিনিদ দেখিতে না পাইলে আমরা অতৃগু হই। ইহার জন্ম মনের মধ্যে পূর্ব হইতেই বর্তমান এমন একটি শ্রেণীবিভাগ খুঁ জিয়া বাহির না করা পর্যন্ত আমাদের অপেক্ষা করিতে হয়। কাজেই জ্ঞান বলিতে শ্রেণীবিভাগ বুঝায়; এ-কথা পূর্বেই বলিয়াছি। ভাছাড়া আরও আছে। জ্ঞানের দ্বিতীয় ব্যাখ্যা এই ষে, কোন বস্তুর ব্যাখ্যা অবশ্রুই উহার ভিতর হইতে আসা চাই, বাহির হই:ত নয়। একখণ্ড পাথর উপরে ছুঁড়িয়া দিলে উহা আবার নীচে পড়িয়া যায় কেন ? লোকে এরপ বিখাদ করিত যে. কোন দৈত্য দেটিকে টানিয়া নামাইয়া আনে। বহু ঘটনা সম্বন্ধে মাহুযের ধারণা ছিল বে, সেওলি কেহ অলৌকিক শক্তি-প্রভাবে ঘটায়; আসলে কিন্তু সেওলি প্রাকৃতিক ঘটনা ছাড়া আর কিছুই নয়। শূন্তে উৎক্ষিপ্ত পাথরকে একজন দৈত্য টানিয়া নামায়, এই ব্যাখ্যাটি পাথর-বস্তুটির ভিতর হইতে আদিত না, আদিত বাহির হইতে। মাধ্যাকর্ষণের জন্ম পাথরটি পড়িয়া যায়, এই ব্যাখ্যাটি কিন্তু পাথরের স্বভাবগত গুণবিশেষ; এই ব্যাখ্যাটি বস্তুর অভ্যন্তর হইতে প্রাদিতেছে। দেখা যায়, এভাবে ব্যাখ্যা করার বেঁাক আধুনিক চিন্তার সর্বত্র পরিব্যাপ্ত। এক কথায় বলা যায়, বিজ্ঞান বলিতে বোঝায় যে, বস্তুর ব্যাখ্যা তাহার প্রকৃতির মধ্যেই রহিয়াছে; বিশ্বের ঘটনাবলীর ব্যাখ্যার জন্ম বাহিরের কোন ব্যক্তি বা অভিতৰকে টানিয়া আনার প্রয়োজন হয় না। রাদায়নিক পরিবর্তনের ব্যাখ্যা করিবার জ্ঞা রদায়নবিদের কোন দানৰ বা ভূত-প্রেত বা এই ধরনের কোন কিছুর প্রয়োজন হয় না। কোন পদার্থবিদের বা অন্য কোন বৈজ্ঞানিকের কাছেও তাঁংাদের বিষয়বস্তুর ব্যাখ্যার জন্ম এই-সব দৈত্য-দানবাদির কোন প্রয়োজন নাই। বিজ্ঞানের এটি একটি ধারা; এই ধারাটি আমি ধর্মের উপর প্রয়োগ করিতে চাই। দেখা যায়, ধর্মগুলির মধ্যে ইহার অভাব রহিয়াছে এবং সেইজন্ম ধর্মগুলি ভাঙিয়া শতধা হইতেছে। প্রত্যেক বিজ্ঞান অভ্যন্তর হইতেই—বস্তুর প্রকৃতি হইতেই ব্যাখ্যা চায়; ধর্মগুলি কিন্তু ভাহা দিতে পারিতেছে না। একটি মত আছে যে, ঈশ্বর ব্যক্তি-বিশেষ এবং তিনি বিশ্ব হইতে সম্পূর্ণ পৃথক্ এক সত্তা; এই ধারণা অতি প্রাচীন-কাল হইতে বিভামান। ইহার সপক্ষে বারবার এই যুক্তি প্রযুক্ত হইয়াছে যে,

বিশ হইতে সম্পূর্ণ পৃথক, অতিপ্রাকৃতিক একজন ঈশবের প্রয়োজন বহিয়াছে; এই ঈশব ইচ্ছামাত্র বিশ স্টে করিয়াছেন, এবং ধর্ম বিশাস করে, তিনিই বিশের নিয়ছা। এ-সব যুক্তি তো আছেই, তাছাড়া দেখা বায়—সর্বশক্তিমান্ ঈশব সকলের প্রতি করুণাময় বলিয়াও বর্ণিত হইয়াছেন; এদিকে আবার সেইসঙ্গে জগতে বৈষমাও রহিয়াছে। দার্শনিক এ-সব লইয়া মোটেই মাথা ঘামান না; তিনি বলেন, ইহার গোড়ায় গলদ রহিয়াছে—এই ব্যাখ্যা বাহির হইতে আদিছেছে, ভিতর হইতে নয়। বিশের কারণ কি ? বাহিরের কোন কিছু—কোন ব্যক্তি এই বিশ পরিচালনা করিছেছেন! শৃত্যে উৎক্ষিপ্ত প্রত্যরথতের নিয়ে পতনরূপ ঘটনার ক্ষেত্রে বেমন এরূপ ব্যাখ্যা পর্যাপ্ত বিদ্যা বিবেচিত হয় নাই, ধর্মের ব্যাখ্যাতেও ঠিক তাই। ধর্মগুলি ভাঙিয়া থওথও হইয়া যাইতেছে, কারণ ইহা অপেক্ষা ভাল ব্যাখ্যা তাহারা দিতে পারে না।

প্রত্যেক বন্ধর ব্যাখ্যা উহার ভিতর হইতেই আবে, এই ধারণার সহিত সংশ্লিষ্ট আর একটি ধারণা হইল আধুনিক বিবর্তনবাদ; তৃটি ধারণাই একই মূল তবের অভিব্যক্তি। সমগ্র বিবর্তনবাদের সরল অর্থ—বন্ধর অভাব প্রঃপ্রকাশিত হয়; কারণের অবস্থান্তর ছাড়া কার্য আর কিছুই নয়, কার্যের সন্থাবনা কাংণের মধ্যেই নিহিত থাকে; সমগ্র বিশ্বই তাহার মূল সন্তার অভিব্যক্তি মাত্র, শৃক্ত হইতে স্ট নয়। অর্থাৎ প্রত্যেক কার্যই তাহার পূর্বতী কোন কারণের পুনরভিব্যক্তি, বিভিন্ন পরিস্থিতিতে ভর্গ তাহার অবস্থান্তর ঘটে। সমগ্র বিশ্ব ছুড়িয়া ইহাই ঘটতেছে, কান্তেই এই-সব পরিবর্তনের কারণ খুঁজিতে আমাদের বিশ্বের বাহিরে হাতড়াইবার প্রয়োজন নাই; বিশ্বের ভিতরেই দেই কারণ বর্তমান। বাহিরে কারণ থোঁজা নিশ্রম্যাজন। এই ধারণাটিও ধর্মকে ভূমিদাৎ করিতেছে। শে-সব ধর্ম বিশ্বাতিরিক্ত একজন ঈশ্বরকে আঁকড়াইয়া ছিল, তিনি খুব বড় একজন মাহ্ম্য ছাড়া আর কিছুই নন; এই ধারণা এখন আর দাড়াইতে পারিতেছে না, বেন জ্বোর করিয়া টানিয়া দে ধারণাকে ভূপাতিত করা হইতেছে; ধর্মকে ভূমিদাৎ করা হইতেছে বলিয়া আমি ইহাই বলিতেছি।

এই ঘুইটি মূলতবকে তৃপ্ত করিতে পারে, এমন কোন ধর্ম থাকিতে পারে কি ? আমার মনে হয়, পারে। আমরা দেখিয়াছি, সর্বপ্রথমে সামান্তীকরণের মূলতত্ত্বগুলিকে তৃপ্ত করিতে হইবে। সামান্তীকরণের তত্ত্বলির সঙ্গে সঞ্চে -- বিবর্তনবাদের তত্তগুলিকেও তৃপ্ত করিতে হুইবে। স্থামাদিগকে এমন একটি চরম সামান্তীকরণে আসিতে হইবে, যাহা ওধু সামান্তীকরণগুলির ম:ধ্য সবচেয়ে বেশী বিশ্বব্যাপকই হইবে না, বিশ্বের সব কিছুর উদ্ভবও তাহা হইতে হওয়া চাই। উহাকে নিয়তম কার্ষের সহিত সমপ্রকৃতির হইতে হইবে; যাহা কারণ, যাহা সর্বোচ্চ, যাহা চরম—যাহা আদি কারণ, তাহাকে পরম্পরাগত কতকগুলি অভিব্যক্তির ফলে সঞ্জাত দূরতম, নিম্নতম কার্বের সহিতও অভেদ হইতে হইবে। বেদাস্তের ব্রহ্মই এই শর্ত পুর্ব করেন; কারণ সামাগ্রীকরণ করিতে করিতে সর্বশেষে আমরা গিয়া যেখানে পৌছিতে পারি, এই ব্রন্ধ তাহাই। এই ব্রন্ধ নিশুণ,—অন্তিত, জ্ঞান ও আনন্দের চরম অবস্থা (সচ্চিদানন্দ-স্বরূপ)। আমরা দেখিয়াছি, মহস্তা-মন ধে চরম সামাগ্রীকরণে পৌছিতে পারে, তাহাই 'অন্তিত্ব' (সং)। জ্ঞান (চিৎ) বলিতে আমাদের যে জ্ঞান আছে, তাহা বুঝায় না; ইহা দেই জ্ঞানের নির্যাস বা স্ক্রতম অবস্থা; ইহাই ক্রম-অভিব্যক্ত হইয়া মানুষ বা অপর প্রাণীর মধ্যে জ্ঞানরূপে ফুটিয়া উঠে। বিশের পিছনে যে চরম সতা রহিয়াছে—কাহারও আপত্তি না থাকিলে বলিতে পারি—এমন কি চেতনারও পিছনে যাহা রহিয়াছে, জ্ঞানের স্ক্রসভা বলিভে ভাহাই বুঝায়। 'চিং' বলিভে এবং বিখের বস্তুদমূহের সত্তাগত একজ বলিতে যাহা বুঝায়, উহা ভাহ।ই। আমার মনে হয়, আধুনিক বিজ্ঞান বারবার যাহা প্রমাণ করিয়া চলিগাছে, তাহা এই: আমরা এক : মানদিক, শারীরিক, আধ্যাত্মিক—সব দিক দিয়াই আমরা এক। শরীরের দিক হইতে আমরা পৃথক্, এ-কথাও বলা ভূল। ভর্কের থাতিরে ধরিয়া লইতেছি, আমরা জড়বাদী; দে ক্ষেত্রেও আমাদের এই দিদ্ধান্তে উপনাত হইতে হইবে ধে, সমগ্র বিশ্ব একটা জড়-সমূদ্র ছাড়া আর কিছুই নয়, আর সেই জড়-সমুদ্রে তুমি আমি খেন ছোট ছোট ঘূর্ণি। খানিকটা জড়পদার্থ প্রত্যেক ঘূর্ণির স্থানে আসিয়া ঘূর্ণির আকার লইভেছে, আবার জড়পদার্থরূপে বাহির হইয়া ষাইতেছে, আমার শরীরে যে জড়পদার্থ আছে, কয়েক বছর পূর্বে তাহা হয়তো তোমার শরীরে ছিল বা সূর্বে ছিল বা হয়তো অস্ত কোন গ্রহে বা অস্ত কোথাও ছিল—অবিরাম গতিশীল অবস্থায় ছিল। তোমার দেহ, আমার দেহ—এ-কথার অর্থ কি ? দেহ স্বই এক। চিন্তার বেলাও তাই। চিন্তার একটি অদীম-প্রদারী সমূদ্র রহিয়াছে;

ভোমার মন, আমার মন সেই সম্জেরই ভিতর ছটি ঘূর্ণিবিশেষ। উহার ফল কি এখনই প্রভাক করিভেছ না ? ভোমার চিস্তা আমার মনে এবং আমার চিন্তা তোমার মনে প্রবেশ করিতেছে কি করিয়া? আমাদের সমস্ত জীবনই এক; আমরা এক, এমন কি চিস্তার দিক দিয়াও এক। সামান্তীকরণের দিকে আরও অগ্রনর হইলে পাওয়া যায় জড়বস্ত ও চিস্তার স্ক্রনতা আত্মাকে, যাহা হইতে উহারা অভিব্যক্ত হইতেছে; এই একম্ব হইতেই সব কিছু আসিয়াছে; সন্তার দিক হইতে সেগুলিকে এক হইতেই হইবে। আমরা সর্বতোভাবে এক; শরীর ও মনের দিক দিয়া এক; আর আত্মায় যদি আমাদের আদৌ বিশাদ থাকে, তাহা হইলে আত্মার দিক হইতেও যে আমরা এক, এ-কথা বলাই বাহল্য। আধুনিক বিজ্ঞানে প্রতিদিনই এই একত্বের কথা প্রমাণিত হইরা চলিয়াছে। গর্বিত লোককে বলা হয়: তুমিও যা, ঐ স্কুজ পোকাটিও তাই; তোমার ও উহার মধ্যে বিপুল পার্থক্য আছে, এ-কথা ভাবিও না। উহার সঙ্গে তুমি এক। পূর্বজ্ঞরে তুমিও একদিন ঐরকম পোকা ছিলে; পোকাই ক্ৰমোন্নত হইতে হইতে কালে এই মাহুষ হইয়াছে, ষে-মহয়াষের গর্বে তুমি এত গবিত! বস্তুর একত্বরূপ এই অপূর্ব তথ্যটি---যাহা কিছুর অন্তিত আছে, ভাহারই সহিত আমাদের এক করিয়া দেয়। এ তথ্যটি একটি মহান্ শিক্ষার বিষয়; কারণ আমাদের ভিতর অধিকাংশ লোকই উচ্চতর জীবনের সঙ্গে নিজেকে এক করিতে পারিলে খুনী হয়। কিছ কেহই নিয়তর জীবনের সঙ্গে নিজেকে এক বলিয়া ভাবিতে চায় না। কাহারও প্ৰপুক্ষ পশুতুৰ্যা, দস্থা বা দস্থা-জমিদার ছওয়া সত্ত্বেও যদি সমাজকর্তৃক পূজিত হইয়া থাকেন, তবে আমরা প্রত্যেকেই নিজেকে তাঁহার বংশধর বলিয়া পরিচয় দিবার জন্ম তাঁহার সহিত একটা সম্পর্ক খুঁজিতে তৎপর হই; মাহুষের এমনই নিবৃদ্ধিতা। কিন্তু আমাদের পূর্বপুরুষদের মধ্যে কোন দরিত ব্যক্তি সং এবং ভদ্র হইলেও আমরা কেহই তাঁহার বংশধর বলিয়া পরিচয় দিতে চাই না। কিন্তু আমাদের দৃষ্টি থুলিয়া ঘাইতেছে, সত্য ক্রমেই অধিকতর প্রকাশিত হইয়া পড়িতেছে। আর ভাহাতে ধর্মের লাভ বথেষ্ট। আমি যে বিষয়ে বক্তৃতা দিতেছি, সেই অবৈভতত্ব ঠিক এই কথাই বলে। বিষের মূল সন্তা ব্রহ্মই সব জীৰাত্মার স্বরূপ। তিনিই তোমার জীবনের পরম ধন; তাই বা বলি কেন, তৃমিই ভিনি--'ভত্তমসি'। বিধের সঙ্গে তুমি এক। যে বলে অপরের সহিত

তাহার এতটুকু পার্থক্য রহিয়াছে, সে তথনই ছংখী হয়। এই একছের বোধ সম্বন্ধে যে সচেতন, যে নিজেকে বিখের সঙ্গে এক বলিয়া জানে, সে-ই স্থাধের অধিকারী।

কাজেই দেখা যাইতেছে, উচ্চতম সামাগ্রীকরণ এবং বিবর্তনবাদের কথা বেদান্তে আছে বলিয়া বেদান্তের ধর্ম বৈজ্ঞানিক জগতের দাবি মিটাইতে পারে। কোন বম্বর ব্যাখ্যা যে তাহার ভিতর হইতেই আদে, বেদাস্ত সে-কথা আরও সম্পূর্ণরূপে বুঝাইয়া দেয়। বেদাস্তের ভগবান্—ত্রন্ধের বাহিরে তদভিরিক্ত কোন সত্তা নাই, একেবারেই নাই। আদলে সবই তিনি, বিশের মধ্যে তিনিই রহিয়াছেন; তিনিই বিশ। 'তুমিই নর, তুমিই নারী; যৌবন-মদ-দৃগু হইয়া বিচরণকারী যুবক তুমিই, ঋলিভ-পদ বুজও তুমি।'' এই এখানেই তিনি আছেন। আমরা তাঁহাকেই দেখি, তাঁহাকেই অহতের করি। তাঁহাতেই আমরা বাঁচিয়া থাকি ও বিচরণ করি; তাঁহার অভিত্বেই আমাদের অন্তিত্ব। 'নিউ টেন্টামেন্ট''-এর ভিতর আমূরা এই ভাব দেখিতে পাই। সেই একই ভাব—ভগবান্ বিখে ওতপ্রোত। তিনিই বস্তুর মৃল সত্তা, বম্বর হৃদয়-স্বরূপ, প্রাণ-স্বরূপ। বিশ্বে ভিনি যেন নিজেকেই অভিব্যক্ত করেন। সেই অসীম সচ্চিদানন্দ-সাগরের মধ্যে আমরা বাস করিতেছি; তুমি আমি যেন সেই সাগরেরই কৃদ্র অংশ, কৃদ্র বিন্দু, কৃদ্র প্রণালী, কুদ্র অভিব্যক্তি। বস্তুর দিক দিয়া মাহুষে-মাহুষে, দেবতায়-মান্তবে, মান্তবে-প্রাণীতে, প্রাণীতে-উদ্ভিদে, উদ্ভিদে-পাথরে কোন পার্থক্য নাই। কারণ দর্বোচ্চ দেবদূত হইতে আরম্ভ করিয়া সর্বনিমু ধূলিকণা পর্যস্ত— সবই সেই এক সীমাহীন সাগরের অভিব্যক্তি। তফাত শুধু প্রকাশের তারভযো। থামার মধ্যে প্রকাশ খুব কম, ভোমার মধ্যে হয়তো ভার চেয়ে বেশী; কিন্তু উভয়ের মধ্যে বস্তু সেই একই। তুমি আমি দেই একই খনস্ত সাগর — ঈশবের ছটি নির্গম-পথ; কাজেই ঈশবই তোমার শ্বরূপ, আমারও স্বরূপ। জন্ম হইতেই তুমি স্বরূপত: ঈশ্বর, আমিও তাহাই। তুমি হয়তো পবিত্রতার-মূর্তি দেবদূত, আর আমি হয়তো মহাত্ত্বতিকারী দানব। তা

১ ত্বং স্ত্রী ত্বং পুমানসি---বে. উপ., ৪।৩

२ वाहरवरलत्र त्यवाःम, नृञन निग्रम, वीश्वीरष्टेत्र स्रीवन ও वानी।

সত্তেও সেই সচিদানন্দ-সাগরে আমার জন্মগত অধিকার আছে, তোমারও আছে। তুমি আৰু নিজেকে অনেক বেশী মাত্ৰায় অভিব্যক্ত করিয়াছ। অপেকা কর, আমি নিজেকে আরও বেশী অভিব্যক্ত করিব; কারণ সবই তো আমার ভিতরে বহিয়াছে। কোন স্বতন্ত্র ব্যাখ্যার প্রয়োজন নাই; কাহারও কাছে কিছু চাহিতেও হইবে না। সমগ্র বিশের সমষ্টি হইলেন ঈশর স্বয়ং। ঈশব কি ভাহা হইলে জড়পদার্থ ? না, নিশ্চয়ই নয়। কারণ পঞ্চেত্রের মাধ্যমে আমরা ভগবান্কে ষেভাবে অহভব করি, তাহাই তো জড়পদার্থ। বৃদ্ধির মাধ্যমে ঈশরকে ধেভাবে অফুভব করি, তাহাই মন। আবার আত্মার মধ্য দিয়া ঈশ্বর আত্মারূপেই দৃষ্ট হন। তিনি জড়পদার্থ নন, ব্ৰড়পদাৰ্থের মধ্যে সতাবস্তু বলিতে যাহা আছে, তাহাই তিনি। চেম্বারের মধ্যে যাহা সভ্যবস্ত, ভাহা ভগবান্ই। কারণ চেয়ারটি:ক চেয়াররূপে क्टोरेग्रा जूनिवात अग्र पृष्टि विनित्तरत श्रायान। वाहित्त किছু এकটা हिन, যাহাকে আমার ইন্দ্রিয়ঞ্জি আমার নিকট আনিয়াছে; আমার মন তাহার দক্তে আরও কিছু ধোপ করিয়াছে; আর দেই হয়ের সমবায়ে বাহা হইয়াছে. তাহাই হইল চেয়ার। ইন্দ্রিয় এবং বৃদ্ধি-নিরপেক্ষ যে সত্তা চিরবিস্তমান, তাহাই ভগবান্ স্বয়ং। তাঁহারই উপর ইন্সিয়গুলি চেয়ার, টেবিল, ঘর, বাড়ি, চক্র, সূর্ব, নশত্র প্রভৃতি সব কিছুই চিত্রিভ করিতেছে। তাই যদি হয়, তবে আমরা সকলে একই প্রকার চেয়ার দেখিতেছি কেন? ভগবানের উপর— সচ্চিদানন্দের উপর একইভাবে এই-সব বিভিন্ন বস্তু আঁকিয়া চলিতেছি কেন ? দকলেই যে একইভাবে অহিত করে, এমন কথা নয়; ভবে যাহারা একই ভাবে আঁ।কিতেছে, ভাহারা সকলেই সত্তার একই ভবে বহিয়াছে বলিয়া পরস্পারের চিত্রণগুলিকে এবং পরস্পরকে দেখিতে পায়। তোমার আমার মাঝখানে এমন : লক্ষ লক্ষ প্রাণী থাকিতে পারে, যাহারা এইভাবে ভগবান্কে চিত্রিভ করে না। সেই-দব প্রাণী এবং ভাহাদের চিত্রিভ ব্দগৎ আমরা দেখিতে পাই না। এদিকে আবার আধুনিক পদার্থবিভার গবেষণাগুলি হইতে এ-কথার প্রমাণ ক্রমশ: বেশী করিয়া পাওয়া ষাইতেছে। বস্তব স্বভর দত্তাই সত্য; বাহা সুল, ভাহা দৃশ্যমাত্র। সে যাহাই হউক, আমরা দেখিয়াছি, আধুনিক যুক্তির সমুখে যদি কোন ধর্মীয় মতবাদ দাঁড়াইতে পারে, তবে তাহা হইল একমাত্র অবৈতবাদ; কারণ এখানে আধুনিক যুক্তির ছটি দাবি পূর্ণ হয়,

ইহাই সর্বোচ্চ সামাগ্রীকরণ; এই সামাগ্রীকরণ ব্যক্তিত্বের উর্ধে, ইহা প্রত্যেক জীবের পক্ষেই সাধারণ। যে সামাগ্রীকরণ সাকার ঈশবে শেষ হয়, ভাহা বিশ্বজনীন হইতে পারে না; কারণ সাকার ঈশবের ধারণা করিতে গেলে প্রথমেই তাঁহাকে সর্বতোভাবে দয়াময়—মন্দ্রময় বলিতে হইবে। কিন্তু এই জগৎ ভাল মন্দ উভয়েরই মিপ্রণে গঠিত—ইহার কিছুটা ভাল, কিছুটা মন্দ। আমরা ইহা হইতে কিছুটা বাদ দিয়া বাকী অংশকে সাকার ঈশ্বরুপে সামাগ্রীকরণ করি। সাকার ঈশর এই-এই রূপ বলিলে এ-কথাও বলিতে হইবে যে, তিনি এই-এই রূপ নন। আর দেখিবে, সাকার ঈশবের সঙ্গে সর্বদা একটি সাকার শয়তানও আসিয়া পড়িবে। ইহা হইতে পরিষ্কার বোঝা যায় যে, সাকার ঈশবের ধারণায় ষ্থার্থ সামান্তীকরণ হয় না; আমাদের আরও আগাইয়া যাইতে হইবে—নিরাকার ব্রহ্মে পৌছাইতে হইবে। নিরাকার ত্রন্ধের মধ্যে স্থ-তৃঃথ সব লইয়াই বিশ্ব রহিয়াছে, কারণ বিশ্বে যাহা কিছু বর্তমান, দে-সবই ঈখরের দেই নিরাকার স্বরূপ হইতে আদিয়াছে। অনঙ্গল প্রভৃতি সব কিছুই গাঁহার উপর আরোপ করিতেছি, তিনি আবার কি ধরনের ঈশব ? কথা হইল, ভাল-মন্দ-ছই-ই একই জিনিসের বিভিন্ন দিক, বিভিন্ন প্রকাশ। ভাল ও মন্দ যে ঘটি পৃথক্ সন্তা—এই ভুল ধারণা আদিকাল হইতে রহিয়াছে। আয় ও অন্তায় ছটি সম্পূর্ণ পৃথক্ জিনিদ, উহারা পরস্পরের সহিত সম্পর্করহিত—এই ধারণা, এবং ভাল ও মন্দ হটি চির-বিচ্ছেন্ত, চির-বিচ্ছিন্ন পদার্থ—এই ধারণা আমাদের এই জগতে বহু তুর্ভোগের কারণ হইয়াছে। সর্বদাই ভাল বা সর্বদাই খারাণ, এমন কোন জিনিদ দেখাইয়া দিতে পারে, এরপ লোকের সাক্ষাৎ পাইলে আমি খুশী হইতাম: যেন কোন ব্যক্তি উঠিয়া দাড়াইয়া খুব ভালভাবে বুঝাইয়া দিতে পারিবে ষে, আমাদের জীবনের কতকগুলি ঘটনা শুধু মঙ্গল আনে, আর কতকগুলি আনে কেবল অমঙ্গল। আজ যাহা মঙ্গলকর, কাল ভাহা অমদলজনক হইতে পারে। আজ যাহা মন্দ, কাল ভাহা ভাল হইতে পারে। আমার পক্ষে বাহা কল্যাণকর, ভোমার পক্ষে তাহা অকল্যাণকর হইতে পারে। সিদ্ধান্ত হইল এই যে, অন্তান্ত প্রত্যেক জিনিসের মতোই ভালমন্দের মধ্যেও বিবর্তন আছে। একটা কিছু আছে, ষাহাকে ক্রমবিবর্তনের পথে এক অবহায় আমরা ভাল বলি, আবার অন্ত অবহায় মন বলি। ঝড়ে আমার

এক বন্ধু মারা গেল, ঝড়কে আমি অকল্যাণকর বলিলাম; কিছ দেই ঝড়ই হয়তো বায়ুর দ্বিভ বীলাণু নষ্ট করিয়া হাজার হাজার লাকের প্রাণ বাঁচাইল। লোকে ঝড়কে ভাল বলিল, আমি ধারাপ বলিলাম। কাজেই ভালমন্দ আপেক্ষিক জগতের অন্তর্গত—ঘটনার অন্তর্গত। বে নিরাকার ব্রক্ষের কথা বলা হইতেছে, তিনি আপেক্ষিক ঈশ্বর নন। কাজেই তাঁহাকে ভাল বা মন্দ কোন আখ্যাই দেওয়া যায় না; ভাল বা মন্দ কোনটিই নন বলিয়া তিনি এ-সবের অতীত। অবশ্য তাঁহার অভিব্যক্তি হিসাবে 'মন্দ' অপেকা 'ভাল' তাঁহার শ্বরূপের অধিকতর নিকটবর্তী।

এরপ নিরাকার সন্তা-নিগুণ ঈশব মানিলে ফল কি হইবে ? আমাদের কি লাভ হইবে তাহাতে ? আমাদের সাম্বনার ম্বরূপে, আমাদের সহায়ক-রূপে ধর্ম কি আর মানবজীবনের অক্সরূপে থাকিতে পারিবে? মামুষের কাহারও সাকার ঈশবের কাছে সাহাষ্য প্রার্থনা করিবার যে আকৃতি রহিয়াছে, ভাহার কি হইবে ? এ-সবই থাকিবে। সাকার ঈশর থাকিবেন, দৃঢ়তর ভিত্তির উপর প্রতিষ্ঠিত হইয়া থাকিবেন। নিরাকার ব্রহ্মের দ্বারা ডিনি আরও দৃঢ়প্রতিষ্ঠ হইবেন। আমরা দেখিয়াছি, নিরাকার ঈশরকে বাদ দিয়া সাকার ঈশর থাকিতে পারেন না। আমরা যদি বলিতে চাই যে, সৃষ্টি হইতে সম্পূৰ্ণ স্বভন্ন একজন ঈশ্বর আছেন, যিনি ইচ্ছামাত্র শৃক্ত হইতে এই বিশ্ব স্থান্ট করিয়াছেন, ভাহা হইলে সে-কথা প্রমাণ করিভে পারা যায় না। ইহা অচল। কিন্তু নিরাকারের ভাব ধারণা করিতে পারিলে সেথানে দাকারের ভাবও থাকিতে পাবে। দেই একই নিরাকার সন্তাকে বিভিন্নভাবে দেখিলে যাহা মনে হয়, বহু বিচিত্র এই বিশ্ব ভাহাই। পঞ্চেন্দ্রিয় ঘারা যখন তাঁংকে দেখি, তথন তাঁহাকে জড়জগৎ বলি। এমন কোন প্রাণী যদি থাকিত, যাহার ইন্দ্রিয় পাঁচটিরও বেশী, তবে এই জগৎকেই সে অন্তর্মপ দেখিত। আমাদের মধ্যে কাহারও যদি এমন একটি ইন্দ্রিয় হয়, বাহা ছারা দে বিহ্যুৎ-শক্তি প্রত্যক্ষ করিতে পারে, তবে এই বিশ্বকেই দে আবার অন্তব্ধপে দেখিবে। দেই একই অষয় ব্ৰন্ধের বহু রূপ, তাঁহাকে বিভিন্নভাবে দেখার ফলেই বিভিন্ন জগতের ধারণাগুলি উড়ুত হয়; মহন্ত-বুদ্ধিতে সেই নিরাকার পতা সম্বেদ্ধ সর্বোচ্চ যে ধারণা আসা সম্ভব, তাহাই হইল সাকার ঈশ্বর। কাৰেই এই চেয়ারটি—এই জগৎ ৰতথানি সভ্য, সাকার ঈশরও ভত্তথানি

সত্য; কিন্তু তাহার বেশী নয়। ইহা চরম সত্য নয়। নিরাকার ব্রহ্মই সাকার ঈশর; এইজন্ম সাকার ঈশর সত্য। যেমন মাত্রষ হিসাবে আমি একসঙ্গে সত্য এবং অদত্য হুই-ই। তুমি আমাকে ষেভাবে দেখিতেছ, আমি ষে তাহাই, এ-কথা সত্য নয়-এ-কথা তুমি নিচ্ছেই যাচাই করিয়া দেখিয়া লইডে পারো। তুমি আমাকে যাহা বলিয়া মনে কর, আমি ভাহা নই; বিচার করিয়া দেখিলে এ-বিষয়ে তুমি তৃপ্ত হইতে পারিবে, কারণ আলো, বিভিন্ন স্পন্দন, বায়মণ্ডলের অবস্থা, আমার ভিতরে যাবতীয় গতি—এই সব-গুলির একত্র মিলনের ফলে আমাকে যেরূপ দেখা যাইভেছে, তুমি আমাকে সেইরূপই দেখিতেছ। এই অবস্থাগুলির ভিতর যে-কোন একটির পরিবর্তন ঘটলেই আমি আবার অন্তরূপ দেখাইব। আলোকের বিভিন্ন অবস্থায় একই মাহুষের আলোকচিত্র লইয়া তুমি এ-কথার যাথার্থ্য নিরূপণ করিতে পারো। কাজেই ভোমার ইন্দ্রিয়ের মাধ্যমে আমাকে ধেমন দেখাইভেছে, 'আমি' বলিতে তাহাই বৃক্ষাইতেছে। এ-সৰ সত্তেও আমার মধ্যে এমন একটা কিছু আছে, ষাহার পরিবর্তন নাই, যাহাকে অবলম্বন করিয়া আমার অভিত্তের বিভিন্ন অবহাগুলি প্রকাশ পাইতেছে। সেইটিই নৈর্ব্যক্তিক 'আমি', তাহাকে অবলম্বন করিয়াই হাজার হাজার বিভিন্ন ব্যক্তিত্বসপ্সন্ন 'আমি' ফুটিয়া উঠিতেছে; আমি শিশু ছিলাম, আমি যুবা হইয়াছিলাম, আমি আরও বয়স্ক হইয়া চলিয়াছি। আমার জীবনের প্রতিটি দিনেই আমার দেহের ও চিন্তার পরিবর্তন ঘটতেছে। এ সব পরিবর্তন স:ত্বও সেগুলির সমষ্টির পরিমাণ কিন্তু চিরন্থির। সেইটিই নৈর্ব্যক্তিক 'আমি'; এই-সব অভিব্যক্তি ষেন তাহারই অংশস্বরূপ।

একই ভাবে এই বিশের সমষ্টিফল অপরিবর্তনীয়, ইহা আমরা জানি।
কিন্তু এই বিশ-সংশ্লিষ্ট সব কিছুরই গতি আছে, সব কিছুই অবিরাম স্পন্দনশীল
অবস্থায় রহিয়াছে; সব কিছুই পরিবর্তনশীল ও গতিশীল। আবার সেই সঙ্গেই
দেখি যে, এই বিশ্ব অনড়; কারণ গতিশক্তি আপেক্ষিক। চেয়ারতি স্থির,
আমি নড়িভেছি; আমার এই গতি ঐ শ্বির চেয়ারতির সঙ্গে আপেক্ষিক। গতিস্পষ্টির জন্ম অন্তঃ তৃতি জিনিসের প্রয়োজন। সমগ্র বিশ্বকে যদি এক বলিয়া
ধরা যায়, তাহা হইলে দেখানে গতির স্থান নাই। সে যে গতিশীল হইবে,
তাহার গতি নির্ধারিত হইবে কিসের সহিত তুলনা করিয়া? কাজেই চরম
সত্য অপরিবর্তনীয়, অবিচল। যা কিছু গতি ও পরিবর্তন, ভাহা সবই ঘটে

শুধু এই আপেক্ষিক ও দীমাবদ্ধ জগতে। সমষ্টি-সভা নৈৰ্ব্যক্তিক। হাহার নিকট আমরা নভজাম হই, প্রার্থনা করি, সেই ভগবান্—সাকার ঈশব, প্রষ্টা বা বিশ্ব-নিয়ন্তা হইতে আরম্ভ করিয়া নিয়তম অণু পর্যন্ত বিভিন্ন ৰ্যক্তিত্বের বিকাশ এই নৈর্ব্যক্তিক সন্তার মধ্যে। ষথেষ্ট যুক্তি দেখাইয়া এরূপ সাকার ঈশরকে প্রতিপন্ন করা যায়। এরূপ সাকার ঈশরকে নিরাকার ব্রন্ধেরই সর্বোচ্চ অভিব্যক্তি বলিয়া ব্যাখ্যা করা যায়। তুমি আমি অতি নিমন্তরের প্রকাশ; আমরা যতদূর ধারণা করিতে পারি, তাহার সর্বোচ্চ প্রকাশ এই সাকার ঈশর। আবার তুমি বা আমি সেই সাকার ঈশ্বর হইতে পারি না। বেদাস্ত যথন বলেন, 'তুমি আমি ব্রহ্ম', তখন দেই ব্রহ্ম বলিতে সাকার ঈশ্বর ব্রায় না। একটি উদাহরণ দিতেছি। একতাল কাদা লইয়া একটি প্রকাণ্ড মাটির হাতি গড়া হইল; আবার সেই কাদার সামাত্ত অংশ লইয়া ছোট একটি মাটির ইত্রও গড়া হইল। ঐ মাটির ইত্রটি কি কখনও মাটির হাতি হইতে পারিবে ? কিন্তু তৃটিকে জলের মধ্যে রাখিয়া দিলে তৃইটিই কাদা হুইয়া যায়। কাদা বা মাটি হিসাবে ছইটিই এক; কিন্তু ইছর ও হাতি হিসাবে ভাহাদের মধ্যে চিরদিন পার্থক্য থাকিবে। অসীম নিরাকার ত্রন্ধ যেন পূর্বোক্ত উদাহরণের মাটির মতো। স্বরূপের দিক দিয়া আমরা ও বিশ্বনিয়ন্তা এক, কিন্তু তাঁহার অভিব্যক্তিরূপে, মাহ্র্যরূপে আমরা তাঁহার চির্দাস, তাঁহার পূজক। কাজেই দেখা ষাইতেছে, সাকার ঈশর থাকিয়া যাইতেছেন। এই আপেক্ষিক জগতের আর সব কিছুও রহিয়া গেল; ধর্মকে দৃঢ়তর ভিত্তির উপর প্রতিষ্ঠিত করা হইল। কাজেই সাকার ঈশবকে জানিতে গেলে আগে নিরাকার সন্তাকে জানা প্রয়োজন।

আমরা দেখিয়াছি, তর্কযুক্তির নিয়মান্থসারে 'সামান্তে'র মধ্য দিয়াই তথু 'বিশেষ'কে জানা যায়। কাজেই যিনি সামাতীকরণের চরম, সেই নৈর্ব্যক্তিক সন্তার, নিরাকার ব্রন্ধের মাধ্যমেই তথু মান্থয় হইতে ঈশ্বর পর্যন্ত সব বিশেষকেই জানা যায়। প্রার্থনা থাকিয়া যাইবে, তাহার অর্থ আরও পরিষ্কার হইয়া উঠিবে মাত্র। প্রার্থনার নিয়ন্তরে আমাদের মনের কামনা প্রণের জন্ত তথু 'দাও দাও' ভাব, প্রার্থনা সম্বন্ধ অর্থহীন ধারণাগুলিকে বোধ হয় সরিয়া পড়িতে হইবে। যুক্তিমূলক ধর্মে ঈশবের নিকট কিছু প্রার্থনা করিতে বলা হয় না; প্রার্থনা করিতে বলা হয় দেবতাদের কাছে। এরপ হওয়াই শ্ব

ষাভাবিক। রোমান ক্যাথলিকরা সাধু-সন্তদের কাছে প্রার্থনা করেন; এটি থ্ব ভাল। কিন্তু ভগবানের নিকট প্রার্থনা করার কোন অর্থ হয় না। খাসপ্রায় লইবার জন্ত, একপশলা বৃষ্টি হওয়ার জন্ত বা বাগানে সবজি ফলাইবার জন্ত ভগবানের নিকট প্রার্থনা করা থ্বই অস্বাভাবিক। ঈশরের তুলনায় যাহারা আমাদেরই মতো ক্ষুদ্র জীব, সেই সাধু-সন্তেরা অবশ্রই আমাদের সাহায়্য করিতে পারেন। কিন্তু বিশ্বনিয়ন্তার নিকট আমাদের ছোটখাট সমন্ত প্রয়োজন মিটাইবার কথা বলা—শিশুকাল হইতেই বলা, হে ঈশর, আমার মাথা-ব্যথা সারাইয়া দাও'—এগুলি নিতান্তই হাস্তকর। জগতে এমন লক্ষ লক্ষ ব্যক্তি দেহত্যাগ করিয়াছেন, যাহাদের আত্মা এখনও রহিয়াছে; তাঁহারা দেবতা ও দেবদ্ত হইয়াছেন, তাঁহারা আমাদের সাহায্য কক্ষন না! কিন্তু অন্ত ভগবান্কে বলা? নিশ্চয়ই নয়। তাঁহার নিকট চাহিতে হইলে নিশ্চয়ই আরও উচ্চতর জিনিস চাহিতে হইবে। গলাতীরে বাস করিয়া জলের জন্ত যে কুপ খনন করে, সে তো মূর্য, হীরকের খনির কাছে বাস করিয়া যে কাচথণ্ডের জন্ত মাটি খোঁড়ে, সে মূর্য ছাড়া আর কি ?

করণাময়, প্রেময়য় ঈশবের নিকট আমরা যদি জাগতিক বস্তু চাহিতে যাই, তবে আমরা নির্বোধ ছাড়া আর কি ? কাজেই তাঁহার নিকট জ্ঞান, ভক্তি, প্রেম ইত্যাদি প্রার্থনা করিব। কিন্তু যতদিন আমাদের তুর্বলতা আছে, যতদিন 'তুমি প্রভু, আমি দাদ' এই ভাব লইয়া তাঁহার উপর নির্ভর করিয়া থাকিবার আকাজ্রা আমাদের আছে, ততদিন এ-দব নিমন্তরের প্রার্থনাও থাকিবে এবং দাকার ঈশবের উপাদনার ভাবও থাকিবে। কিন্তু বাঁহারা আধ্যাত্মিকতায় অনেক উন্নত হইয়াছেন, তাঁহারা এ-দব ছোট-খাট প্রার্থনার ধার ধারেন না; তাঁহারা নিজেদের জন্ত কিছু চাওয়ার কথা, নিজেদের কোন প্রমোজনের কথা প্রায় ভূলিয়া গিয়াছেন। 'আমি নই, দখা, তুমি!'— তাঁহাদের মধ্যে এই ভাবেরই প্রাধান্ত। ইহারাই নিরাকার উপাদনার বোগ্য ব্যক্তি। নিরাকার ঈশবোপাদনার অর্থ কি ? তাহার অর্থ এরপ দাদভাব নম —'হে প্রভু, আমি অতি অকিঞ্বন, আমায় কুণা কর!' ইংরেজী ভাবায় অন্দিত দেই প্রাচীন পারদী কবিতাটি ভো আপনারা জানেন: আমি আমার প্রিয়তমকে দেখিতে আদিয়াছিলাম। আদিয়া দেখি হার কক্ষ। হারে করাঘাত করিভেই ভিতর হইতে কেহ বলিল, 'তুমি কে ?' বলিলাম, 'আমি

অমৃক।' বার খুলিল না। বিতীয়বার আদিয়া করাঘাত করিলাম, একই প্রশ্ন হইল, একই উত্তর দিলাম। দেবারেও বার খুলিল না। তৃতীয়বার আদিলাম, একই প্রশ্ন হইল। আমি বলিলাম, 'প্রিয়তম, আমি তৃমিই!' তথন বার খুলিয়া গেল। সত্যের মাধ্যমে নিরাকার রন্ধের উপাদনা করিতে হয়। সত্য কি? আমিই তিনি। আমি 'তৃমি' নই—এ-কথা বলিলে অসত্য বলা হয়। তোমা হইতে আমি পৃথক, এ-কথার মতো মিখ্যা, ভয়ন্ধর মিধ্যা আর নাই। এই বিশ্বের সঙ্গে আমি এক, জন্ম হইতেই এক। বিশ্বের সঙ্গে আমি বে এক, তাহা আমার ইন্দ্রিয়ের কাছে শ্বতঃ সিদ্ধ। আমার চারিদিকে যে বায়ু রহিয়াছে, তাহার সহিত আমি এক, তাপের সঙ্গে এক, আলোর সঙ্গে এক; যাহাকে বিশ্ব বলা হয়, যাহাকে অজ্ঞানবশতঃ বিশ্ব বলিয়া মনে হয়, সেই সর্বব্যাপী বিশ্বদেবতার সঙ্গে আমি অনস্কলাল এক, কারণ হদয়ে যিনি চিরস্কন কর্তা, প্রত্যেকের হদয়াভ্যস্তরে বিনি বলেন, 'আমি আছি', যিনি মৃত্যুহীন চিরজাগ্রত অমর, বাহার মহিমার নাশ নাই, যাহার শক্তি চির-অব্যর্থ, তিনিই এই বিশ্বদেবতা, অপর কেহই নন। ভাঁহার সহিত আমি এক।

ইহাই নিরাকার উপাসনার সার। এই উপাসনায় কি ফল হয় ? ইহাতে মাহ্নবের গোটা জীবনটাই পরিবর্তিত হইয়া ঘাইবে। আমাদের জীবনে যে শক্তির একান্ত প্রয়োজন, ইহাই সেই শক্তি। কারণ যাহাকে আমরা পাপ বলি, ছংখ বলি, তাহার একটিমাত্র কারণ আছে—আমাদের ছ্র্বলতাই সেই কারণ। ছ্র্বলতার সঙ্গে অজ্ঞান আসে, অজ্ঞানের সঙ্গে আসে ছংখ। নিরাকারের উপাসনা আমাদিগকে শক্তিমান্ করিয়া তুলিবে। আমরা তখন ছংখকে, হীনতার উপ্রতাকে হাসিয়া উড়াইয়া দিব; হিংল্র ব্যাদ্র তখন তাহার ব্যাদ্র-ম্বরুপের পিছনে আমার নিক্ষেরই আত্মাকে উদ্যোটিত করিয়া দেখাইবে। নিরাকার উপাসনার ফল এই হইবে। ভগবানের সহিত বাহার আত্মা এক হইয়া গিয়াছে, তিনিই শক্তিমান্; তাহাড়া আর কেহই শক্তিমান্ নয়। নাজারাথের যীত্রর যে-শক্তির কথা তোমাদের বাইবেলে আছে, যে প্রচণ্ড শক্তিবলে বিখাস্ঘাতককে তিনি উপেক্ষা করিয়াছেন, তাঁহাকে যাহারা হত্যা করিতে চাহিয়াছিল, তাহাদেরও তিনি আশীর্বাদ করিয়াছেন, সেই শক্তি কোথা হইতে আসিল—তোমরা মনে কর? এই শক্তির কারণ এই প্রার্থনা—'পিতা,

আমি যেমন তোমার সঙ্গে এক, সেইরূপ ইহাদের সকলকেই আমার সহিত এক করিয়া দাও।' ইহাই নিরাকার ত্রন্ধের উপাদনা। বিশ্বের সহিত এক হইয়া যাও, তাঁহার সহিত এক হইয়া যাও। আর এই নিরাকার ত্রন্ধের কোন বাহ্ প্রকাশের—কোন প্রমাণের প্রয়োজন হয় না। ইন্দ্রিয় অপেকা, নিজ নিজ চিন্তা অপেকা তিনি আমাদের আরও নিকটে। তিনি আছেন বলিয়াই তাঁহার মাধ্যমে আমরা দেখি ও চিন্তা করি। কোন কিছু দেখিবার পূর্বে তাঁহাকেই দেখিতে হইবে। এই দেয়ালটি দেখিতে হইলে পূর্বে তাঁহাকে দেখি, তারপর দেখি দেয়ালটিকে; কারণ চিরকাল সব ক্রিয়ারই কর্তা তিনি। কে কাহাকে দেখিতেছে? তিনি আমাদের অন্তরের অন্তরতম প্রদেশে রহিয়াছেন। দেহ ও মনের পরিবর্তন হয়; স্থ্ধ-তু:থ, ভাল-মন্দ আদে আবার চলিয়া যায়; দিন ও বৎসর আবর্তন করিয়া চলিয়াছে; জীবন আদে, আবার চলিয়া যায়, কিন্তু তাঁহার মৃত্যু নাই। 'আমি আছি, আমি আছি'—এই একই স্থর চিরস্তন ও অপরিবর্তনীয়। তাঁহারই মধ্যে, তাঁহারই মাধ্যমে আমরা সৰ জানি। তাঁহারই মধ্যে, তাঁহারই মাধ্যমে আমরা সব কিছু দেখি। তাঁহারই মধ্যে, তাঁহারই মাধ্যমে আমরা সব কিছু অহভব করি, চিস্তা করি, বাঁচিয়া থাকি; তাঁহারই মধ্যে ও তাঁহারই মাধ্যমে আমাদের অন্তিত্ব। আর ষে-'আমি'কে ভূল করিয়া আমরা ছোট 'আমি', দীমায়িত 'আমি' বলিয়া ভাবি, তাহা শুধু আমার 'আমি' নয়, তাহা তোমাদেরও 'আমি', প্রাণিগণের— দেবদৃতগণেরও 'আমি', হীনতম জীবেরও 'আমি'। সেই 'আমি আছি'-বোধ ঘাতকের মধ্যেও যেমন, সাধুর মধ্যেও ঠিক তেমনি; ধনীর মধ্যেও ষা, দরিদ্রের মধ্যেও তাই; নর ও নারী, মামুষ ও অন্তান্ত প্রাণী—সকলেরই মধ্যে এই বোধ এক। সর্বনিম্ন জীবকোষ হইতে সর্বোচ্চ দেবদৃত পর্যস্ত প্রভ্যেকের অস্তরেই তিনি বাস করিতেছেন এবং চিরদিন ঘোষণা করিতেছেন, 'আমিই তিনি—সোহহুম্, সোহহুম্।' অন্তরে চিরবিভ্যান এই বাণী ষ্থন আমাদের বোধগম্য হইবে, উহার শিক্ষা গ্রহণ করিব, তখন দেখিব—সমগ্র বিশ্বের রহস্ত প্রকট হইয়া পড়িয়াছে, দেখিব—প্রকৃতি আমাদের নিকট রহস্তের দার থুলিয়া দিয়াছে। জানিবার আর কিছুই বাকী থাকে না। আমরা দেথিব, সমন্ত ধর্ম যে-সভ্যের সন্ধানে রত, ষে-সভ্যের তুলনায় জড়বিজ্ঞানের সব জ্ঞানই গৌণ মাত্র, আমরা সেই সত্যের সন্ধান পাইয়াছি; ইহাই একমাত্র সভ্যজ্ঞান, যাহা আমাদিগকে বিশের এই বিশক্তনীন ঈশরের সঙ্গে এক করিয়া দেয়।

বিশ্বজনীন ধর্মের আদর্শ

(কিভাবে ইহা বিভিন্ন প্রকার মাহ্রষকে আকর্ষণ করিবে)

ইংলণ্ডে প্রদন্ত বক্ততা

আমাদের ইন্দ্রিসমূহ যে-কোন বস্তকেই গ্রহণ করুক না কেন, অথবা আমাদের মন যে-কোন বিষয় কল্পনা করুক না কেন, সর্বত্রই আমরা হুইটি শক্তির ক্রিয়া-প্রতিক্রিয়া দেখিতে পাই ; একটি অপরটির বিরুদ্ধে কার্য করিতেছে এবং আমাদের চতুর্দিকে জটিল ঘটনারাজি ও আমাদের অহুভূত ভাবপরস্পরার অবিশ্রাম্ভ লীলাবিলাস সংঘটন করিতেছে। ্বিহির্জগতে এই বিপরীত শক্তিষয় আকর্ষণ ও বিকর্ষণ-রূপে অথবা কেন্দ্রামূগ ও কেন্দ্রাতিগ শক্তি-রূপে, এবং অন্তর্জগতে রাগদ্বেষ ও শুভাশুভ-রূপে প্রকাশিত হইতেছে। কতকগুলি জিনিদের প্রতি আমাদের বিঘেষ এবং কতকগুলির প্রতি আকর্ষণ আছে। আমরা কোনটির প্রতি আরুষ্ট হই, আবার কোনটি হইতে দূরে থাকিতে চাই। আমাদের জীবনে অনেকবার এমন হইয়া থাকে যে, কোনই কারণ খুঁজিয়া পাওয়া যায় না অথচ কোন কোন লোকের প্রতি যেন আমাদের মন আরুষ্ট হয়, আবার অন্ত অনেক সময় যেন কোন কোন লোক দেখিলেই বিনা কারণে মন বিদেষে পূর্ণ হয়। এই বিষয়টি সকলেরই কাছে প্রত্যক্ষদিদ্ধ। আর এই শক্তির কার্যক্ষেত্র যতই উচ্চতর হইবে, এই বিরুদ্ধ শক্তিদ্বয়ের প্রভাব ততই তীব্র ও স্পষ্ট হইতে থাকিবে। ধর্মই মানবের চিন্তা ও জীবনের সর্বোচ্চ ন্তর; এবং আমরা দেখিতে পাই, ধর্মজগতেই এই শক্তিম্বয়ের ক্রিয়া সর্বাপেক্ষা পরিক্ষৃট হইয়াছে। মাহুষ যত প্রকার প্রেমের আম্বাদ পাইয়াছে, তন্মধ্যে তীব্ৰতম প্ৰেমলাভ হইয়াছে ধৰ্ম হইতে, এবং মাত্র যত প্রকার পৈশাচিক ঘ্ণার পরিচয় পাইয়াছে, তাহারও উদ্ভব হইয়াছে ধর্ম হইতে। জগৎ কোন কালে যে মহন্তম শান্তিবাণী শ্রবণ করিয়াছে, তাহা ধর্মরাজ্যের লোকদেরই মুখনি:স্ত, এবং জ্বগৎ কোনকালে যে তীব্রতম নিন্দা ও অভিশাপ শ্রবণ করিয়াছে, তাহাও ধর্মরাজ্যের লোকদের মুথেই উচ্চারিত <mark>হইয়াছে। কোন ধর্মের উদ্দেশ্ত য</mark>ত উচ্চতর এবং <mark>উ</mark>হার কার্য- প্রণালী যত স্থবিস্থন্ত, তাহার ক্রিয়াশীলতা ততই আশ্রুণ। ধর্মপ্রেরণায় নাহ্য জগতে যে রক্তবতা প্রবাহিত করিয়াছে, মহয়হদয়ের অপর কোন প্রেরণায় তাহা ঘটে নাই; আবার ধর্মপ্রেরণায় যত চিকিৎসালয় ও আতৃরাশ্রম প্রতিষ্ঠিত হইয়াছে, অত্য কিছুতেই তত হয় নাই। ধর্মপ্রেরণার তায় মহয়হদয়ের অপর কোন বৃত্তি তাহাকে শুধু মানবজাতির জত্য নয়, নিম্নতম প্রাণিগণের জত্য পর্যন্ত এতটা যত্র লইতে প্রবৃত্ত করে নাই। ধর্মপ্রভাবে মাহয় যত নিষ্ঠুর হয়, এমন আর কিছুতেই হয় না, আবার ধর্মপ্রভাবে মাহয় যত কোমল হয়, এমন আর কিছুতেই হয় না। অতীতে এইরূপই হইয়াছে এবং ভবিয়তেও খুব সম্ভবতঃ এইরূপই হইবে। তথাপি বিভিন্ন ধর্ম ও জাতির সংঘর্ষ হইতে উথিত এই দল্ব-কোলাহল, এই বিবাদ-বিসন্থাদ, এই হিংসাছেষের মধ্য হইতেই সময়ে সময়ে এমন সব শক্তিশালী গন্ধীর কণ্ঠ উথিত হইয়াছে, যাহা এই সম্দয় কোলাহলকে ছাপাইয়া, যেন স্থমেরু হইতে কুমেরু পর্যন্ত সকলকে আপন বার্তা শুনিতে বাধ্য করিয়া সমগ্র বিশ্বে শাস্তি ও মিলনের বাণী ঘোষণা করিয়াছে। জগতে কি কখনও এই শাস্তি ও সমন্বয় প্রতিষ্ঠিত হইবে?

ধর্মকাজ্যের এই প্রবল বিবাদ-বিদংবাদের স্তরে একটি অবিচ্ছিন্ন সমন্বন্ন বিরাজিত থাকা কি কখনও সন্তব ? বর্তমান শতানীর শেষভাগে এই মিলনের প্রশ্ন লইয়া জগতে একটা সাড়া পড়িয়া গিয়াছে। সমাজে এই সমস্তাপ্রণের নানারূপ প্রস্তাব উঠিতেছে এবং দেগুলি কার্ধে পরিণত করিবার নানাবিধ চেষ্টা চলিতেছে; কিন্তু ইহা যে কতদূর কঠিন, তাহা আমরা সকলেই জানি। জীবন-দংগ্রামের ভীষণতা লাঘ্য করা—মাহ্যুয়ের মধ্যে যে প্রবল সাম্ববিক উত্তেজনা রহিয়াছে, তাহা মন্দীভূত করা—মাহ্যুয় এক প্রকার অসম্ভব বলিয়া মনে করে। জীবনের যাহা বাহ্যু সূল এবং বহিরংশমাত্র, সেই বহির্জগতে সাম্য ও শাস্তি বিধান করাই যদি এত কঠিন হয়, তবে মাহ্যুয়ের অন্তর্জগতে সাম্য ও শাস্তি বিধান করা তদপেক্ষা সহস্রগুণ কঠিন। আমি আপনাদিগকে বাক্যজালের ভিতর হইতে কিছুক্ষণের জন্তু বাহিরে আদিতে অহুরোধ করি। আমরা সকলেই বাল্যকাল হইতে প্রেম, শাস্তি, মৈত্রী, সাম্য, সর্বজনীন ভ্রাত্ভাব প্রভৃতি অনেক কথাই শুনিয়া আদিতেছি। কিন্তু সেগুলি আমাদের কাছে কতকগুলি নির্থিক শন্তমাত্রে পরিণত হইয়াছে। আমরা

দেশুলি ভোতাপাখির মতো আওড়াইয়া থাকি এবং উহাই আমাদের অভাব হইয়া দাঁড়াইয়াছে। আমরা এরপ না করিয়া পারি না। যে-সকল মহাপুরুষ প্রথমে তাঁহাদের হৃদয়ে এই মহান্ তত্ত্তুলি উপলব্ধি করিয়াছিলেন, তাঁহারাই এই শব্দগুলি স্পষ্ট করেন। তথন অনেকেই এগুলির অর্থ বুঝিত। পরে অজ্ঞ লোকেরা এই শব্দগুলি লইয়া ছেলেখেলা করিতে থাকে, অবশেষে ধর্ম জিনিসটাকে কেবলমাত্র কথার মারপাঁয়াচে দাঁড় করানো হইয়াছে—উহা যে জীবনে পরিণত করিবার জিনিস, তাহা তাহারা ভূলিয়া গিয়াছে। ইহা এখন 'পৈত্রিক ধর্ম', 'জাতীয় ধর্ম', 'দেশীয় ধর্ম' ইত্যাদিতে পরিণত হইয়াছে। শেষে কোন ধর্মাবলম্বী হওয়াটা স্থদেশহিতৈষিতার একটা অক হইয়া দাঁড়াইয়াছে, আর স্থদেশহিতিষিতা সর্বদাই একদেশী। বিভিন্ন ধর্মের মধ্যে সামঞ্জস্থ বিধান করা বাস্তবিক কঠিন ব্যাপার। তথাপি আমরা এই ধর্মন্সমন্ত্রার আলোচনা করিব।

আমরা দেখিতে পাই, প্রত্যেক ধর্মের তিনটি বিভাগ আছে—-আমি অবশ্ব প্রাদিদ্ধ ও সর্বজনপরিচিত ধর্মগুলির কথাই বলিতেছি। প্রথমতঃ দার্শনিক ভাগ—যাহাতে সেই ধর্মের সমগ্র বিষয়বস্থ অর্থাৎ উহার মূলতত্ব, উদ্দেশ্য ও তাহা লাভের উপায় নিহিত। বিতীয়তঃ পৌরাণিক ভাগ অর্থাৎ দর্শনকে স্থল রূপপ্রদান। উহাতে সাধারণ বা অপ্রাক্ত পুরুষদের জীবনের উপাধ্যানাদি লিপিবদ্ধ হইয়াছে। উহাতে স্ক্র দার্শনিক তত্বগুলি সাধারণ বা অপ্রাক্ত পুরুষদের অল্প-বিত্তর কাল্লনিক জীবনের দৃষ্টাস্ত ঘারা স্থলভাবে বিবৃত হইয়াছে। তৃতীয়তঃ আফ্রচানিক ভাগ—উহা ধর্মের আরও স্থলভাগ—উহাতে পূজাপদ্ধতি, আচারাফ্রচান, বিবিধ অক্লাস, পুল্প, ধ্পধুনা প্রভৃতি নানাপ্রকার ইন্দ্রিয়গ্রাহ্ বস্তুর প্রয়োগ আছে। আফ্রচানিক ধর্ম এই সকল লইয়া গঠিত। আপনারা দেখিতে পাইবেন, সমূদ্র বিধ্যাত ধর্মের এই তিনটি ভাগ আছে। কোন ধর্ম হয়তো দার্শনিক ভাগের উপর বেশী জোর দেয়, কোন ধর্ম অপর কোনটির উপর। এক্ষণে প্রথম অর্থাৎ দার্শনিক ভাগের কথা ধরা যাক।

সর্বজনীন দর্শন বলিয়া কিছু আছে কি ? এখন পর্যস্ত তো কিছু হয় নাই। প্রত্যেক ধর্মই তাহার নিজ নিজ মতবাদ উপস্থিত করিয়া সেইগুলিকে একমাত্র সত্য বলিয়া বিশ্বাস করিতে জেদ করে। কেবলমাত্র ইহা করিয়াই ক্ষাস্ত হয় না। পরস্ত সেই-ধর্মাবলম্বী মনে করে, যে ঐ মতে বিশ্বাস না করে, পরলোকে তাহার গতি ভয়াবহ হইবে। কেহ কেহ আবার অপরকে সমতে আনিতে বাধ্য করিবার জন্ম তরবারি পর্যন্ত গ্রহণ করে। ইহা ষে তাহারা হুর্যতিবশতঃ করিয়া থাকে, তাহা নয়—গোঁড়ামি নামক মানব-মন্তিয়-প্রস্ত ব্যাধিবিশেষের তাড়নায় করিয়া থাকে। এই গোঁড়ারা থুব অকপট—মানবজাতির মধ্যে সর্বাপেকা বেশী অকপট, কিন্তু তাহারা জগতের অন্যান্ম পাগলদেরই মতো সম্পূর্ণ কাণ্ডজ্ঞানবজিত। অন্যান্ম মারাত্মক ব্যাধিরই মতো এই গোঁড়ামিও একটি ভয়ানক ব্যাধি। মাহ্যেরে যত রকম কুপ্রবৃত্তি আছে, এই গোঁড়ামি তাহাদের সবগুলিকে উদ্বুদ্ধ করে। ইহা দ্বারা ক্রোধ প্রজ্ঞানত হয়, স্বায়ুমগুলী অতিশয় চঞ্চল হয় এবং মাহ্য ব্যাহ্রের ন্যায় হিংপ্র হইয়া উঠে।

বিভিন্ন ধর্মের পুরাণগুলির ভিতরে কি কোন সাদৃশ্য আছে ?—পৌরাণিক দৃষ্টিতে এমন কোন ঐক্য, এমন কোন ঐতিহাগত সাৰ্বভৌমিকতা আছে কি, যাহা সকল ধর্মই গ্রহণ করিতে পারে ? নিশ্চয়ই নয়। সকল ধর্মেরই নিজ নিজ পুরাণ আছে—যদিও প্রত্যেকেই বলে, 'আমার পুরাণোক্ত গরগুলি কেবল উপকথা মাত্র নয়।' এই বিষয়টি উদাহরণ-সহায়ে বুঝিবার চেষ্টা করা যাক। আমি শুধু দৃষ্টাস্তদ্বারা বিষয়টি বুঝাইতে চাহিতেছি। কোন ধর্মকে সমালোচনা করা আমার উদ্দেশ্য নয়। এটোন বিশাস করেন যে, ঈশর ঘুঘুর আকার ধারণ করিয়া পৃথিবীতে অবতীর্ণ হইয়াছিলেন। তাঁহার নিকট ইহা ঐতিহাসিক সভ্য—পৌরাণিক গল্পমাত্র নয়। হিন্দু আবার গাভীর মধ্যে ভগবতীর আবির্ভাব বিশ্বাদ করেন। খ্রীষ্টান বলেন, এরূপ বিশ্বাদের কোন ঐতিহাসিক ভিত্তি নাই—উহা পৌরীণিক গল্পমাত্র, কুসংস্কার মাত্র। ইহুদীগণ মনে করেন, যদি একটি বাক্সে বা সিন্দুকের ত্ই পার্শ্বে ত্ইটি দেবদ্তের মৃতি স্থাপন করা যায়, তবে উহাকে মন্দিরের অভ্যস্তরে পবিত্রতম স্থানে স্থাপন করা যাইতে পারে—উহা জিহোবার দৃষ্টিতে পরম পবিত্র। কিন্তু মূর্ভিটি যদি কোন স্থন্দর নর বা নারীর আকারে গঠিত হয়, তাহা হইলে তাহারা বলে, 'উহা একটা বীভৎস পুতুল মাত্র, উহা ভাঙিয়া ফেলো!' পৌরাণিক দিক হইতে এই তো আমাদের মিল! যদি একজন লোক দাঁড়াইয়া বলে, 'আমাদের ঈশবপ্রেরিত মহাপুরুষেরা এই এই অত্যাশ্চর্য কাজ করিয়াছিলেন!' অপর সকলে বলিবে, 'ইহা কেবল কুদংস্কার মাত্র', আবার সঙ্গে সঙ্গে তাহারা ইহাও বলিবে, তাহাদের নিজেদের ঈশদ্তগণ ইহা অপেকাও অধিক

আশ্রুষ্ণনক কাজ করিয়াছিলেন এবং তাহারা সেগুলিকে ঐতিহাদিক সভ্য বলিয়া দাবি করে। আমি যতদ্র দেখিয়াছি, এই পৃথিবীতে এমন কেছই নাই, যিনি এই-সকল লোকের মাথার ভিতরে ইভিহাস ও প্রাণের মধ্যে এই বে স্ক্র পার্থক্যটি রহিয়াছে, তাহার যাথার্থ্য উপলব্ধি করিতে পারিয়াছেন। এই প্রকার গল্পুলি যে-ধর্মেরই হউক না কেন, তাহা প্রকৃতপক্ষে প্রাণ-পর্যায়ভূক্ত, যদিও কথন কথন হয়তো ঐশুলির মধ্যে একটু আধটু ঐতিহাদিক সভ্য থাকিতে পারে।

তারপর অহঠানগুলির কথা। সম্প্রদায়বিশেষের হয়তো কোন বিশেষ প্রকার অহ্ঠান-পদ্ধতি আছে এবং তাঁহারা উহাকেই পৰিত্র এবং অপর সম্প্রদায়ের অহুষ্ঠানগুলিকে ঘোর কুসংস্কার বলিয়া মনে করেন। যদি এক সম্প্রদায় কোন বিশেষ প্রকার প্রতীকের উপাদনা করেন, তবে অপর সম্প্রদায় বলিয়া বদেন, 'ও:, কি জঘক্য!' একটি সাধারণ প্রতীকের কথা ধরা যাক। লিকোপাসনায় ব্যবহৃত প্রতীক নিশ্চয়ই পুংচিহ্ন বটে, কিন্তু ক্রমশঃ উহার ঐ দিকটা লোকে ভূলিয়া গিয়াছে এবং এখন উহা ঈশবের স্রষ্ট্রের প্রতীকরূপে গৃহীত হইতেছে। যে-সকল জাতি উহাকে প্রতীকরণে গ্রহণ করিয়াছে, তাহারা কখনও উহাকে পুংচিহ্নরপে চিন্তা করে না, উহাও অন্তান্ত প্রতীকের গ্রা**ট** একটি প্রতীক—এই পর্যস্ত। কি**ন্ত অ**পর জাতি বা সম্প্রদায়ের একজন লোক উহাতে পুংচিহ্ন ব্যতীত আর কিছু দেখিতে পায় না, স্থতরাং সে উহার নিশাবাদ আরম্ভ করে। আবার সে হয়তো তখন এমন কিছু করিতেছে, যাহা তথাকথিত লিক্ষোপাদকদের চক্ষে অতি বীভৎদ ঠেকে। দৃষ্টাস্তম্বরূপ এই ঘূটিকে ধরা যাক—লিকোপাসনা ও স্থাক্রামেন্ট (Sacrament) নামক এখির অহঠান। এটানগণের নিকট লিকোপাদনায় ব্যবহৃত প্রতীক অতি কুৎসিত এবং হিন্দুগণের নিকট খ্রীষ্টানদের স্থাক্রামেণ্ট বীভৎস বলিয়া মনে হয়। তাঁহারা বলেন যে, কোন মাহুষের সদ্গুণাবলী পাইবার আশায় তাহাকে হত্যা করিয়া তাহার মাংস ভক্ষণ করা ও রক্তপান করা তো নরধাদকের বৃত্তি মাত্র। কোন কোন বর্বর জাতি এইরূপই করিয়া থাকে। যদি কোন লোক খুব বীর হয়, ভাহারা ভাহাকে হত্যা করিয়া ভাহার হৎপিও ভক্ষণ করে; কারণ তাহারা মনে করে, ইহা ধারা তাহারা দেই ব্যক্তির সাহস ও বীরত্ব প্রভৃতি গুণাবলী লাভ করিবে। স্থার জন লাবকের ফ্রায় ভক্তিমান্ গ্রীষ্টানও এ-কথা স্বীকার করেন এবং বলেন ধে, বর্বরজাতিদের এই ধারণা হইতেই গ্রীষ্টান অনুষ্ঠানটির উদ্ভব । গ্রীষ্টানেরা অবশ্য উহার উদ্ভব দম্বন্ধে এই মত স্বীকার করেন না এবং ঐকপ অনুষ্ঠান হইতে কিদের আভাদ পাওয়া যাইতে পারে, তাহাও তাঁহাদের মাথায় আদে না । উহা একটি পবিত্র ঘটনার প্রতীক—এইটুকু মাত্র জানিয়াই তাঁহারা সম্ভষ্ট । স্বতরাং আনুষ্ঠানিক ভাগেও এমন কোন সাধারণ প্রতীক নাই, যাহা সকল ধর্মতেই সকলের পক্ষেশীকার্য ও গ্রহণীয় হইতে পারে । তাহা হইলে কিঞ্চিন্মাত্র সার্বভৌমিকত্ব আছে কোথায় ?—তাহা হইলে ধর্মের কোন প্রকার সার্বভৌম কপ গড়িয়া ভোলা কিরূপে সম্ভব হইবে ? বাস্তবিক কিন্তু তাহা পূর্ব হইতেই রহিয়াছে । এখন দেখা যাক—তাহা কি ।

আমরা সকলেই সর্বজনীন ভ্রাভূভাবের কথা শুনিতে পাই এবং বিভিন্ন সম্প্রদায় উহার বিশেষ প্রচারে কিরুপ উৎসাহী, তাহাও দেখিয়া থাকি। আমার একটি পুরাতন গল্প মনে পড়িতেছে। ভারতবর্ষে মছাপান অতি মন্দকার্থ বলিয়া বিবেচিত হইয়া থাকে। তুই ভাই ছিল, তাহারা এক রাজে লুকাইয়া মদ খাইবার ইচ্ছা করিল। পাশের ঘরেই তাহাদের খুল্লতাত নিদ্রা ষাইতেছিলেন—তিনি একজন খুব নিষ্ঠাবান্ লোক ছিলেন। এই কারণে মভপানের পূর্বে তাহারা পরস্পর বলাবলি করিতে লাগিল—'আমাদের খুব চুপিচুপি কাজ সারিতে হইবে, নতুবা খুল্লভাত জাগিয়া উঠিবেন।' তাহারা মদ ধাইতে থাইতে পরস্পরকে চুপ করাইবার জ্ব্য একের উপর স্বর চড়াইয়া অপরে চীৎকার করিতে লাগিল, 'চুপ চুপ, খুড়ো জাগবে।' গোলমাল বাড়ার ফলে খুল্লতাতের ঘুম ভাঙিয়া গেল—তিনি ঘরে ঢুকিয়া সমস্তই দেখিতে পাইলেন। আমরা ঠিক এই মাতালদের মতো চাংকার করি—'সর্বজনীন ভ্রাতৃভাব! আমরা সকলেই সমান; অতএব এস, আমরা একটা দল করি। কিন্তু যথনই তুমি দল গঠন করিলে, তথনই তুমি ফলতঃ সাম্যের বিক্লছে দাঁড়াইলে এবং তথনই আর সাম্য বলিয়া কোন কিছু রহিল না। মুদলমানগণ 'সর্বজনীন ভাতৃভাব ভাতৃভাব' করে, কিন্তু বান্তবিক কাজে কতদূর দাঁড়ায় ? দাঁড়ায় এই, যে মুদলমান নয়, তাহাকে আর এই ভাতৃসভ্যের ভিতর লওয়া হইবে না—তাহার গলা কাটা ষাইবার সম্ভাবনাই অধিক। এটানগণ সর্বজনীন ভাতৃভাবের কথা বলে, কিন্তু যে এটান নয়, তাহাকে

এমন জায়গায় ষাইতে হইবে, ধেখানে তাহার ভাগ্যে চির নরক-ষন্ত্রণার ব্যবস্থা আছে।

এইরপে আমরা 'সর্বজনীন ভাতৃভাব' ও সাম্যের অন্থলনানে সারা পৃথিবী ঘ্রিয়া বেড়াইতেছি। যথন তুমি কোথাও এই-ভাবের কথা ভনিবে, তথনই আমার অন্থরোধ, তুমি একটু ধীর ও সতর্ক হইবে, কারণ এই-সকল কথা-বার্তার অন্তরাদে প্রায়ই ঘোর স্বার্থপরতা লুঁকাইয়া থাকে। কথায় বলে, শরৎকালে কথন কথন আকাশে বজ্জনির্ঘোষকারী মেঘ দেখা ঘাইলেও গর্জন মাত্র শোনা যায়, কিন্তু একবিন্দৃও বারিপাত হয় না, অপরপক্ষে বর্গাকালে মেঘগুলি নীরব থাকিয়াই পৃথিবীকে প্লাবিত করে। সেইরপ বাহারা প্রকৃত কর্মী এবং অন্তরে বাস্তবিক সকলের প্রতি প্রেম অন্থতন করে, তাহারা মুথে লম্বা-চওড়া কথা বলে না, ভ্রাতৃভাব-প্রচারের জন্ত দলগঠন করে না, কিন্তু তাহাদের ক্রিয়াকলাপ, তাহাদের গতিবিধি তাহাদের সারাটা জীবনলক্ষ্য করিলে ইহা স্পট্ট প্রতীয়মান হয় যে, তাহাদের অন্তর সভ্যসত্যই মানবজাতির প্রতি প্রেমে পূর্ণ, তাহারা সকলকে ভালবাদে এবং সকলের ব্যথার ব্যথী, তাহারা কথা না কহিয়া কার্যে দেখায়—আদর্শাহ্যায়ী জীবনহাপন করে। সারা ঘ্নিয়ায় লম্বা-চওড়া কথার মাত্রা বড়ই বেনী। আমরা চাই কথা কম এবং যথার্থ কাচ্ছ কিছু বেনী হউক।

এতক্ষণ আমরা দেখিলাম যে, ধর্মের সার্বভৌমিকভার বান্তব রূপ বলিয়া কিছু থ্ঁজিয়া বাহির করা খ্ব কঠিন; তথাপি আমরা জানি, উহা আছে ঠিক। আমরা সকলেই মাহুষ, কিছু আমরা সকলে কি সমান? কখনই নয়। কে বলে আমরা সমান? কেবল বাতৃলেই এ-কথা বলিতে পারে। আমাদের বৃদ্ধির্ত্তি, আমাদের শক্তি, আমাদের শরীর কি সব সমান? এক ব্যক্তি অপর ব্যক্তি অপেকা বলশালী, একজনের বৃদ্ধির্ত্তি অপরের চেয়ে বেশী। ষদি আমরা সকলেই সমান হই, তবে এই অসামঞ্জল্প কেন? কে ইহা করিল? আমরা নিজেরা। আমাদের পরস্পারের মধ্যে ক্মতার তারতম্য, বিছাবৃদ্ধির তারতম্য এবং শারীরিক বলের তারতম্য আছে বলিয়া আমাদের পরস্পরের মধ্যে নিশ্চয়ই পার্থক্য হইতে বাধ্য। তথাপি আমরা জানি, এই সাম্যবাদ আমাদের সকলেরই হৃদয় স্পর্শ করিয়া থাকে। আমরা সকলেই মাহুষ বটে—কিছু আমাদের মধ্যে ক্তকগুলি প্রুষ, কতকগুলি নারী; কেহু কৃষ্ণকায়, কেহু শেতকায়; কিছু মক্লেই

মামুষ---সকলেই এক মহয়জাতির অস্তর্ভি। আমাদের ম্থের চেহারা নানা রকমের। আমি হুইটি ঠিক এক রকমের মুখ দেখি নাই; তথাপি আমরা সকলে এক মানবজাতীয়। এই সাধারণ মহয়ত্বের স্বরূপটি কি ? আমি কোন গোরাক বা কৃষ্ণাক নর বা নারীকে দেখিলাম; সঙ্গে সঙ্গে ইহাও জানিলাম যে, তাহাদের সকলের মুখে একটা ভাবময় সাধারণ মহয়ত্বের ছাপ আছে। যথন আমি উহাকে ধরিবার চেষ্টা করি, উহাকে ইন্দ্রিয়গোচর করিতে ষাই, যখন বাহিরে প্রত্যক্ষ করিতে যাই, তখন ইহা দেখিতে না পাইতে পারি, কিন্তু যদি কোন বস্তুর অন্তিত্ব সম্বন্ধে আমার নিশ্চিত জ্ঞান থাকে, তবে আমাদের মধ্যে মহয়ত্বরূপ এই সাধারণভাবই সেই বস্থ। নিজ মনোমধ্যে এই মানবত্বরূপ সাধারণ ভাবটি আছে বলিয়াই তদবলম্বনে আমি তোমাকে নর বা নারীরূপে জানিতে পারি। সর্বজনীন ধর্ম সম্বন্ধেও এই কথা। ইছা ঈশবের ধারণা অবলম্বনে পৃথিবীর যাবতীয় ধর্মসমূহে অহুস্যুত রহিয়াছে। ইহা অনস্তকাল ধরিয়া বর্তমান আছে এবং নিশ্চিতই থাকিবে। শ্রীভগবান্ বলিয়াছেন—'ময়ি সর্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব।' আমি মণিগণের ভিতর স্ত্তব্ধপে বর্তমান রহিয়াছি--এই এক-একটি মণিকে এক-একটি ধর্মসভ বা তদস্কর্গত সম্প্রদায় বিশেষ বলা যাইতে পারে। পৃথক্ পৃথক্ মণিগুলি এইরূপ এক-একটি ধর্মমত এবং প্রভুই স্তারূপে সেই-সকলের মধ্যে বর্তমান। তবে অধিকাংশ লোকই এ-সম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞ।

বছবের মধ্যে একছই স্প্রের নিয়ম। আমরা সকলেই মানুষ অথচ আমরা সকলেই পরম্পর পৃথক। মনুয়জাতির অংশ হিদাবে আমি ও তুমি এক, কিন্তু যথন আমি অমুক, তথন আমি তোমা হইতে পৃথক। পুরুষ হিদাবে তুমি নারী হইতে ভিন্ন, কিন্তু মানুষ হিদাবে নর ও নারী এক। মানুষ হিদাবে তুমি জীবজন্ত হইতে পৃথক, কিন্তু প্রাণী হিদাবে জী, পুরুষ, জীবজন্ত ও উদ্ভিদ্দ সকলেই সমান; এবং সন্তা হিদাবে তুমি বিরাট বিশের সহিত এক। সেই বিরাট সন্তাই ভগবান্—তিনিই এই বৈচিত্র্যমন্ন জগৎপ্রপঞ্চের চরম একত্ব। তাঁহাতে আমরা সকলেই এক হইলেও ব্যক্তপ্রপঞ্চের মধ্যে এই ভেদগুলি অব্যা চিরকাল বিস্থমান থাকিবে। বহির্দেশে আমাদের কার্যকলাপ ও বলবীর্ব বেমন ধেমন প্রকাশ পাইবে, সেই সকে এই ভেদ স্বলাই বিস্থমান থাকিবে। স্তরাং দেখা যাইতেছে বে, স্বজনীন ধর্মের অর্থ বিদ এই হয় বে, কতকগুলি বিশেষ

মত জগতের সমস্ত লোকে বিখাস করিবে, তাহা হইলে ভাহা সম্পূর্ণ অসম্ভব। ইহা কথনও হইতে পারে না—এমন সময় কথন হইবে না, ৰখন সমস্ত লোকের মৃথ এক রকম হইবে। আবার যদি আমরা আশা করি যে, সমস্ত জগৎ একই পৌরাণিক ভত্তে বিশাসী হইবে, তাহা অসম্ভব; তাহাও কথন হইতে পারে না। সমস্ত জগতে কখনও এক প্রকার অস্থ্রান-পদ্ধতি প্রচলিত হইতে পারে না। এরপ ব্যাপার কোন কালে কথনও হুইতে পারে না; যদি কখনও হয়, তবে স্ষষ্ট লোপ পাইবে, কারণ বৈচিত্র্যই জীবনের মূলভিত্তি। আরুতিবিশিষ্ট জীবরূপে আমরা স্ট হইলাম কিরূপে? বৈচিত্তা হইতে। সম্পূর্ণ সাম্যভাব হইলে আমাদের বিনাশ অবশ্রম্ভাবী। সমভাবে ও সম্পূর্ণরূপে তাপ বিকিরণ করাই উত্তাপের ধর্ম; এখন মনে করুন, এই ঘরের উত্তাপ-রাশি সেইভাবে বিকীর্ণ হইয়া গেল; তাহা হইলে কাৰ্যতঃ সেখানে উত্তাপ বলিয়া পরে কিছু থাকিবে না। এই জগতে গতি সম্ভব হইতেছে কিসের জন্ত ? সমতাচ্যুতি ইহার কারণ। যথন এই জগৎ ধ্বংস হইবে, তথনই কেবল সাম্যরূপ ঐক্য আসিতে পারে; অক্তথা এরূপ হওয়া অসম্ভব। কেবল ভাহাই নয়, এরূপ হওয়া বিপজ্জনক। আমরা সকলেই এক প্রকার চিস্তা করিব, এরূপ ইচ্ছা করা উচিত নয়। তাহা হইলে চিস্তা করিবার কিছুই থাকিবে না। তথন যাত্বহে অবস্থিত মিশরীয় মামিগুলির (mummies) মতো আমরা সকলেই এক রকমের হইয়া যাইব, এবং পরস্পারের দিকে নীরবে চাহিয়া থাকিব--আমাদের মনে ভাবিবার মতো কথাই উঠিবে না। এই পার্থক্য, এই বৈষম্য, আমাদের পরস্পারের মধ্যে এই সাম্যের অভাবই আমাদের উন্নতির প্রকৃত উৎস, উহাই আমাদের যাবতীয় চিস্তার প্রস্তি। চিরকাল এইরূপই চলিবে।

সার্বভৌম ধর্মের আদর্শ বলিতে তবে আমি কি বৃঝি? আমি এমন কোন সার্বভৌম দার্শনিক তত্ত্ব, কোন সার্বভৌম পোরাণিক তত্ত্ব, অথবা কোন সার্বভৌম আচার-পদ্ধতির কথা বলিতেছি না, যাহা সকলেই মানিয়া চলে। কারণ আমি জানি যে, নানা পাকে-চক্রে গঠিত, অভি জটিল ও অতি বিশ্বয়াবহ এই জগৎ-রূপ তুর্বোধ্য ও বিশাল যন্ত্রটি বরাবর এইভাবেই চলিতে থাকিবে। আমরা তবে কি করিতে পারি?—আমরা ইহাকে স্চারুরূপে চলিতে সাহায্য করিতে পারি, ইহার ঘর্ষণ কমাইতে পারি, ইহার চক্রগুলি তৈলস্ক্তি ও মন্থণ রাখিতে পারি। কিরূপে?—বৈষ্ম্যের

স্বাভাবিক প্রয়োজনীয়তা স্বীকার করিয়া। আমাদিগকে আমাদের স্বভাব বশতই যেমন একত্ব স্বীকার করিতে হয়, সেইরূপ বৈষম্যও অবশ্যস্বীকার করিতে হইবে। আমাদিগকে শিক্ষা করিতে হইবে যে, একই সত্য লক্ষ ভাবে প্রকাশিত হইতে পারে, এবং প্রত্যেক ভাবটিই তাহাদের নির্দিষ্ট সীমার মধ্যে ষথার্থ। আমাদিগকে শিক্ষা করিতে হইবে, কোন বিষয়কে শত প্রকার বিভিন্ন দিক হইতে দেখা চলে, অথচ বস্তুটি একই থাকে। সুর্যের কথা ধরা যাক। মনে করুন, এক ব্যক্তি ভূপৃষ্ঠ হইতে স্র্বোদয় দেখিতেছে; সে প্রথমে একটি বৃহৎ গোলাকৃতি বস্ত দেখিতে পাইবে। তারপর মনে করুন, লে একটি ক্যামেরা লইয়া সূর্যের অভিমূখে যাত্রা করিয়া যে পর্যস্ত না সূযে পৌছায়, সেই পর্যন্ত পুনঃ পুনঃ সুর্যের প্রতিচ্ছবি লইতে লাগিল। এক স্থল হইতে গৃহীত প্রতিক্বতি স্থানাম্বর হইতে গৃহীত প্রতিক্বতি হইতে ভিন্ন হইবে। যথন সে ফিরিয়া আসিবে, তথন মনে হইবে, বাস্তবিক দে যেন কতকগুলি ভিন্ন ভিন্ন সূর্যের প্রতিকৃতি লইয়া আদিয়াছে। আমরা কিন্তু জানি যে, সেই ব্যক্তি তাহার গন্তব্য পথের বিভিন্ন স্থল হইতে একই স্বর্ষের বহু প্রতিকৃতি লইয়া আদিয়াছে। ভগবান্ সম্বন্ধেও ঠিক এইরূপ হইয়া থাকে। উৎক্কৃষ্ট অথবা নিকৃষ্ট দর্শনের মধ্য দিয়াই হউক, স্ক্লুভম অথবা স্থুলতম পৌরাণিক আখ্যায়িকার ভিতর দিয়াই হউক, স্থুনংস্কৃত ক্রিয়া-কাণ্ড অথবা ব্দ্বহাত ভূতোপাসনাদির মধ্য দিয়াই হউক, প্রত্যেক সম্প্রদায়— প্রত্যেক ব্যক্তি—প্রত্যেক জাতি—প্রত্যেক ধর্ম জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে উর্ধ্বগামী হইয়া ভগবানের দিকে অগ্রদর হইবারই চেষ্টা করিতেছে। মান্ত্র্য সভ্যের যত প্রকার অহুভূতি লাভ করুক না কেন, তাহার প্রত্যেকটি ভগবানেরই দর্শন ছাড়া অপর কিছুই নয়। মনে করুন, আমরা সকলেই পাত্র লইয়া একটি জলাশয় হইতে জল আনিতে গেলাম। কাহারও হাতে বাটি, কাহারও কলদী, কাহারও বা বালতি ইত্যাদি, এবং আমরা নিজ নিজ পাত্রগুলি ভরিয়া লইলাম। তখন বিভিন্ন পাত্রের জল স্বভাবতই আমাদের নিজ নিজ পাত্রের আকার ধারণ করিবে। যে বাটি আনিয়াছে, ভাহার জল বাটির মতো; যে কলদী আনিয়াছে তাহার জল কলদীর মতো আকার ধারণ করিয়াছে; এমনি সকলের পক্ষে। কিন্তু প্রত্যেক পাত্রেই জল ব্যতীত অগ্য কিছু নাই। ধর্ম সহজেও ঠিক এই কথা। আমাদের মনগুলি এই পাত্রের মতো। আমরা প্রত্যেকেই ভগবান্ লাভ করিবার চেটা করিতেছি। বে জলবারা পাত্রগুলি পূর্ণ রহিয়াছে, ভগবান সেই জলবন্ধপ এবং প্রত্যেক পাত্রের পক্ষে ভগবদর্শন দেই সেই আকারে হইয়া থাকে। তথাপি তিনি সর্বত্রই এক। একই ভগবান্ ঘটে ঘটে বিরাজ করিতেছেন। আমরা সার্বভৌম ভাবের এই একমাত্র বান্তব পরিচয় পাইতে পারি।

এই পর্যস্ত যাহা বলা হইল, মতবাদ হিসাবে তাহা বেশ। কিছ কার্যক্ষেত্রে বিভিন্ন ধর্মের মধ্যে বাস্তব সামঞ্চন্ত স্থাপনের কি কোন উপান্ন আছে ? আমরা দেখিতে পাই, 'সকল ধর্মতই সত্য'—এ-কথা বহু প্রাচীনকাল হইতেই মাহুষ স্বীকার করিয়া আসিতেছে। ভারতবর্ষে, আলেকজান্দ্রিয়ায় ইওরোপে, চীনে, জাপানে, ভিব্নতে এবং সর্বশেষে আমেরিকায় একটি সর্ববাদি-সম্মত ধর্মমত গঠন করিয়া সকল ধর্মকে এক প্রেমস্থত্তে গ্রথিত করিবার **শভ** শভ চেষ্টা হইয়া গিয়াছে। তাহাদের দবগুলিই ব্যর্থ হ্ইন্নাছে, কারণ তাহারা কোন কার্যকর প্রণালী অবলম্বন করে নাই। পৃথিবীর সকল ধর্মই সভ্য, এ-কথা অনেকেই স্বীকার করিয়াছেন, কিন্তু ভাহাদের একীকরণের এমন কোন কাৰ্যকর উপায় তাঁহারা দেখাইয়া দেন নাই, বাহা দারা এই সমন্বরের মধ্যেও সকল ধর্ম নিজেদের স্থাতন্ত্র্য বজায় রাখিতে পারে। সেই উপান্নই যথার্থ কার্যকর, যাহা ব্যক্তিগত ধর্মতের স্থাডন্ত্র্য নষ্ট না করিয়া প্রত্যেক ব্যক্তিকে অপর সকলের সহিত মিলিত হইবার পথ দেখাইয়া দেয়। কিন্তু এ যাবং যে-সকল উপায়ে ধর্মজগতে সামঞ্জ-বিধানের চেষ্টা করা হইয়াছে, তাহাতে বিভিন্ন ধর্মত সত্য বলিয়া গ্রহণ করা দিদ্ধান্ত হইলেও কার্যক্ষেত্রে কয়েকটি মভবিশেষের মধ্যে উহাকে আবদ্ধ করিয়া রাখিবার চেষ্টা করা হইয়াছে এবং সেইহেতু অপর কতকগুলি পরস্পর-বিবদমান ঈর্বাপরায়ণ ও আত্মপ্রতিষ্ঠায় রত নৃতন দলেরই স্কটি হইয়াছে।

আমারও নিজের একটি কুদ্র কার্য-প্রণালী আছে। জানি না—ইছা কার্যকর হইবে কিনা, কিন্তু আমি উহা বিচার করিয়া দেখিবার জন্ত আপনাদের নিকট উপস্থাপিত করিতেছি। আমার কার্য-প্রণালী কি? মানবজাতিকে আমি প্রথমেই এই নীতিটি মানিয়া লইতে অনুরোধ করি—'কিছু নষ্ট করিও না', ধ্বংসবাদী সংস্থারকগণ জগতের কোন উপকারই করিতে পারে না। কোন কিছু একেবারে ভাঙিও না, একেবারে ধূলিসাং করিও না,

বরং গঠন কর। যদি পারো সাহায্য কর; যদি না পারো, হাত গুটাইয়া চুপ করিয়া দাঁড়াইয়া থাকো, এবং ষেমন চলিতেছে চলিতে দাও। যদি সাহায্য করিতে না পারো, অনিষ্ট করিও না। ষতক্ষণ মাহুষ অকপট থাকে, ততক্ষণ তাহার বিশাসের বিক্লমে একটি কথাও বলিও না। দ্বিতীয়তঃ যে ষেধানে রহিয়াছে, তাহাকে সেধান হইতে উপরে তুলিবার চেটা কর। ষদি ইহাই সত্য হয় যে, ভগবানই সকল ধর্মের কেন্দ্রন্ধন্নপ, এবং আমরা প্রত্যেকেই ষেন একটি বৃত্তের বিভিন্ন ব্যাসার্ধ দিয়া সেই কেন্দ্রেরই দিকে অগ্রসর হইতেছি, তাহা হইলে আমরা সকলে নিশ্চয়ই কেন্দ্রে পৌছিব এবং যে-কেন্দ্রে সকল ব্যাসার্ধ মিলিত হয়, সেই কেন্দ্রে পৌছিয়া আমাদের সকল বৈষম্য ভিরোহিত হইবে। কিন্তু যে পর্যন্ত না দেখানে পৌছাই, দে পর্যন্ত বৈষম্য অবশ্রই থাকিবে। এই-সকল ব্যাসার্ধই কেন্দ্রে সন্মিলিত হয়। একজন ভাহার সভাব অহুযায়ী একটি ব্যাসার্ধ দিয়া যাইতেছে, আর একজন অপর একটি ব্যাসার্ধ দিয়া যাইতেছে এবং আমরা সকলেই যদি নিজ নিজ ব্যাসার্ধ ধরিয়া অগ্রদর হই, তাহা হইলে অবশ্য একই কেন্দ্রে পৌছিব; এইরূপ প্রবাদ আছে ষে, 'দকল রাম্ভাই রোমে পৌছায়।' প্রত্যেকেই তাহার নিজ নিজ প্রকৃতি অমুষায়ী বৰ্ধিত ও পরিপুষ্ট হইতেছে। প্রত্যেকেই কালে চরম সভ্য উপলব্ধি করিবে; কারণ শেষে দেখা যায়, মাহুষ নিজেই নিজের শিক্ষা বিধান করে। তুমি আমি কি করিতে পারি? তুমি কি মনে কর, তুমি একটি শিশুকেও কিছু শিখাইতে পারো ?--পার না। শিশু নিজেই শিক্ষালাভ করে। তোমার কর্তব্য, স্থােগ বিধান করা—বাধা দ্র করা। একটি গাছ বাড়িতেছে। তুমি কি গাছটিকে বাড়াও? তোমার কর্তব্য গাছটির চারিদিকে বেড়া দেওয়া, ষেন গৰু-ছাগলে উহাকে না ধাইয়া ফেলে; ব্যস্, এথানেই ভোমার কর্তব্য শেষ। গাছ নিজেই বাড়ে। মাহুষের আধ্যাত্মিক উন্নতি সম্বন্ধেও ঠিক এইরপ। কেহই তোমাকে শিক্ষা দিতে পারে না—কেহই তোমাকে আধ্যাত্মিক মাহুষ করিয়া দিতে পারে না; তোমাকে নিজে নিজেই শিক্ষা-লাভ করিতে হইবে ; তোমার উন্নতি তোমার নিজের ভিতর হইতেই হইবে।

বাহিরের শিক্ষাদাতা কি করিতে পারেন? তিনি অস্তরায়গুলি কিঞ্চিৎ অপদারিত করিতে পারেন মাত্র। এথানেই তাঁহার কর্তব্য শেষ। অতএব যদি পারো সহায়তা কর, কিন্তু বিনষ্ট করিও না। তুমি কাহাকেও

আধ্যাত্মিক-শক্তিসম্পন্ন করিতে পারো—এ ধারণা একেবারে পরিত্যাগ কর। ইহা অসম্ভব। ভোমার নিজের আত্মা ব্যতীত ভোমার অপর কোন শিক্ষাদাতা নাই, ইহা স্বীকার কর। তাহাতে কি ফল হয় ? সমাজে স্বামরা নানাবিধ স্বভাবের লোক দেখি। সংসারে সহস্র সহস্র প্রকার মন-ও সংস্থারবিশিষ্ট লোক রহিয়াছে, তাহাদিগের সম্পূর্ণ সামান্তীকরণ অসম্ভব; কিন্তু আপাততঃ আমাদের স্থবিধামত তাহাদিগকে চারি শ্রেণীতে বিভক্ত করা ষাইতে পারে। প্রথমভঃ উত্তমশীল কর্মঠ ব্যক্তি; তিনি কর্ম করিতে চান; তাঁহার পেশী ও স্নায়ুমগুলীতে বিপুল শক্তি রহিয়াছে। তাঁহার উদ্দেশ্য কাজ করা—হাসপাতাল নির্মাণ করা, সংকার্য করা, রান্তা প্রস্তুত করা, কার্যপ্রণালী হির করা ও প্রতিষ্ঠান গঠন করা। বিতীয়ত: ভাবুক লোক—বিনি শিব ও স্থনরকে অত্যধিক ভালবাদেন। তিনি সৌন্দর্যের চিম্বা করিতে, প্রকৃতির মনোরম দিকটি উপভোগ করিতে এবং প্রেম ও প্রেমময় ভগবান্কে পূজা করিতে ভালবাদেন। তিনি পৃথিবীর সকল সময়ের যাবতীয় মহাপুরুষ, ধর্মাচার্য ও ভগবানের অবতারগণকে সর্বাস্তঃকরণে ভালবাসেন; গ্রীষ্ট অথবা বুদ্ধ বাস্তবিকই ছিলেন, এ-কথা যুক্তিশারা প্রমাণিত হয় কি হয় না, ভাহা তিনি গ্রাহ্ম করেন না; এটিয়ে প্রান্তর 'শৈলোপদেশ' (Sermon on the Mount) কবে প্রচারিত হইয়াছিল অথবা শ্রীকৃষ্ণ ঠিক কোন্ মুহুর্তে জন্মগ্রহণ করিয়াছিলেন, তাহা জানা তিনি বিশেষ আবশ্রক মনে করেন না; তাঁহার নিকট তাঁহাদের ব্যক্তিত, তাঁহাদের মনোহর মৃতিগুলি সমধিক আদরণীয়। ইহাই তাঁহার আদর্শ প্রেমিকের প্রকৃতি, ভাবুকের স্বভাবই এই প্রকার। তৃতীয়তঃ অতীন্দ্রিয়বাদী যোগী—তিনি নিজেকে বিশ্লেষণ করিতে, মানবমনের ক্রিয়াসমূহ জানিতে. অস্তরে কি কি শক্তি কার্য করিতেছে এবং কিরূপে তাহাদিগকে জানা যায়, পরিচালিত করা যায় ও বশীভূত করা ায়—এই-সকল বিষয় তিনি জানিতে চান। ইহাই ঐ যোগীর (mystic) ননের স্বভাব। চতুর্থতঃ দার্শনিক—ধিনি প্রত্যেকটি বিষয় মাপিয়া দেখিতে চান াবং মানবীয় দর্শনের পক্ষে যতদূর যাওয়া সম্ভব, তাহারও উর্ধে তিনি সীয় িদ্ধকে লইয়া যাইতে চান।

একণে কথা হইভেছে যে, যদি কোন ধর্মকে সর্বাপেকা বেণী লোকের উ যোগী হইভে হয়, ভাহা হইলে ভাহার বিভিন্ন লোকের মনের উপযোগী

থাত যোগানোর ক্ষমতা থাকা চাই; এবং যে-ধর্মে এই ক্ষমতার অভাব, সেই ধর্মের অন্তর্গত সম্প্রদায়গুলি সবই একদেশী হইয়া পড়ে। মনে করুন, আপনি এমন কোন সম্প্রদায়ের নিকট গেলেন, যাহারা ভক্তি ও ভাবুকতা প্রচার করে, গান করে, কাঁদে এবং প্রেম প্রচার করে; কিন্তু যখনই আপনি বলিলেন, 'বন্ধু, আপনি যাহা বলিভেছেন, সবই ঠিক, কিন্তু আমি চাই ইহা অপেকাও শক্তিপ্রদ কিছু—আমি চাই একটু বৃদ্ধিপ্রয়োগ, একটু দার্শনিকতা। আমি আরও বিচারপূর্বক বিষয়গুলি ধাপে ধাপে বুঝিতে চাই।' তাহারা তৎক্ষণাৎ বলিবে, 'দূর হও' এবং শুধু ষে সেখান হইতে চলিয়া যাইতে বলিবে তাহা নয়, পারে তো আপনাকে একেবারে ভবপারে পাঠাইয়া দিবে। ফলে এই হয় ধে, সেই সম্প্রদায় কেবল ভাবপ্রবণ লোকদিগকেই সাহায্য করিতে পারে। ভাহারা অপরকে সাহায্য তো করেই না, পরস্ক ভাহাদিগকে বিনষ্ট করিভে চেষ্টা করে; এবং এই ব্যাপারের সর্বাপেকা নীতিবিগর্হিত দিকটা এই ষে, সাহায্যের কথা দূরে থাকুক, অপরে ষে অকপট হইতে পারে, ইহাও তাহারা বিশাদ করে না। এদিকে আবার দার্শনিকদের সম্প্রদায় আছে। তাঁহারা ভারত ও প্রাচ্যের জ্ঞানের বড়াই করেন এবং মনস্তত্ববিষয়ক খুব লম্বা-চওড়া গালভরা শব্দ ব্যবহার করেন। কিন্তু যদি আমার মতো একজন সাধারণ লোক তাঁহাদের নিকট গিয়া বলে, 'আমাকে ধার্মিক হওয়ার মতো কিছু কিছু উপদেশ দিতে পারেন কি ?' তাহা হইলে তাঁহারা প্রথমেই একটু মুচকি হাসিয়া বলিবেন, 'ওছে, তুমি বৃদ্ধিবৃত্তিতে এখনও আমাদের বহু নীচে। তুমি আধ্যাত্মিকতার কি বুঝিবে ?' ইহারা বড় উচুদরের দার্শনিক। তাঁহার। তোমাকে শুধু বাহিরে যাইবার দরজা দেখাইয়া দিতে পারেন। আর এক দল আছেন, তাঁহারা যোগমার্গী (mystic)। তাঁহারা জীবের বিভিন্ন অবস্থা, মনের বিভিন্ন শুর, মানসিক সিদ্ধির ক্ষমতঃ ইত্যাদি সম্বন্ধে নানা কথা তোমাকে বলিবেন এবং তুমি যদি সাধারণ লোকে: তান্ন তাঁহাকে বলো, 'আমাকে এমন কোন সহুপদেশ দিন, যাহা কার্যে পরিণড করিতে পারি। আমি অত কল্পনাপ্রিয় নই। আমার উপধোগী কিছু দিতে পারেন কি ?' তাঁহারা হাদিয়া বলিবেন, 'নির্বোধটা কি বলে শোন ; কিছুই জানে না—জাহামকের জীবনই বুথা।' পৃথিবীর সর্বত্তই এইরূপ চলিতেছে। আমি এই-সকল বিভিন্ন সম্প্রদায়ের সর্বাপেক্ষা গোড়া ধর্মধ্বজীদের এক

ঘরে একতা পুরিয়া ভাহাদের স্থন্দর বিজেপব্যঞ্জক হাস্তের আলোকচিত্র তুলিতে চাই।

ইহাই ধর্মের সমদাময়িক অবহা, ইহাই বর্তমান পরিস্থিতি। জামি এমন একটি ধর্ম প্রচার করিতে চাই, যাহা সকল প্রকার মনের উপবোগী হইবে—ইহা সমভাবে দর্শনমূলক, তুল্যরূপে ভক্তিপ্রবণ, সমভাবে 'মরমী' এবং কর্মপ্রেরণাময় হইবে। যদি কলেজ হইতে পদার্থবিজ্ঞানের অধ্যাপকগণ আদেন, ভাঁহারা যুক্তিবিচার পছন্দ করিবেন। তাঁহারা যত পারেন বিচার কক্ষন। শেষে তাঁহারা এমন এক স্থানে পৌছিবেন, যেখানে তাঁহাদের মনে হইবে যে, যুক্তিবিচারের ধারা অক্ল রাখিয়া, তাঁহারা আর অগ্রসর হইতে পারেন না। তাঁহারা বলিয়া বদিবেন, 'ঈশর, মৃক্তি প্রভৃতি ভাবগুলি কুদংস্কার মাত্র—উহাদিগকে ছাড়িয়া দাও।' আমি বলি, 'ছে দার্শনিকপ্রবর, তোমার এই পাঞ্ভৌতিক দেহ যে আরও বড় কুসংস্কার, এটকে পরিত্যাগ কর। আহার করিবার জন্ম আর গৃহে বা অধ্যাপনার জন্ম তোমার দর্শনবিজ্ঞানের ক্লাদে যাইও না। শরীর ছাড়িয়া দাও এবং যদি না পারো, জীবনভিক্ষা চাহিয়া চুপ করিয়া ব'স।' কারণ যে দর্শন আমাদিগকে জগতের একত্ব ও বিশ্বময় একই সভার অভিত শিক্ষা দেয়, সেই ভত্ত উপল্জি করিবার উপার দেখাইবার সামর্থ্য ধর্মের থাকা আবশুক। দেইরূপ যদি 'মরমী' যোগী কেহ আদেন, আমরা তাঁহাকে সাদরে অভ্যর্থনা করিয়া বৈজ্ঞানিক ভাবে মনন্তত্ত্ব বিশ্লেষণ কবিয়া দিতে ও হাতে-কলমে ভাহা করিয়া দেখাইতে সর্বদা প্রস্তুত থাকিব। যদি ভক্ত লোক আসেন, আমরা তাঁহাদের সহিত একত্র বসিয়া ভগবানের নামে হাসিব ও কাঁদিব; আমরা 'প্রেমের পেয়ালা পান করিয়া মন্ত হইয়া হাইব।' বদি একজন উভামনীল কর্মী আসেন, আমরা তাঁহার সহিত বধাসাধ্য কর্ম করিব। এই প্রকার সমন্বয়ই সার্বভৌষ ধর্মের নিকটভম আদর্শ হইবে। ভগবানের ইচ্ছার যদি সকল লোকের মনেই এই জ্ঞান, ভক্তি, ৰোগ ও কর্মের প্রত্যেকটি ভাবই পূর্ণমাজায় অথচ ম্মভাবে বিজ্ঞান থাকিড, ভবে কি স্থলরই না হইত ! ইহাই আদর্শ, ^টাই আমার পূর্ণ মানবের আদর্শ। যাহাদের চরিত্রে এ**ই** ভাবগুলির একটি ৰ তৃইটি শ্ৰেফুটিভ হুইয়াছে, আমি ভাহাদিগকে একদেশী বলি এবং সমস্ত জাংই সেইরূপ একদেশদর্শী মাহুবে পরিপূর্ণ এবং ভাহারা কেবল সেই রাষ্ঠাটিই

জানে, যাহাতে নিজেরা চলাফেরা করে; এতহাতীত অপর যাহা কিছু
সমন্তই তাহাদের নিকট বিপজ্জনক ও জঘন্ত। এই চারিট দিকে সামঞ্জন্তের
সহিত বিকাশলাভ করাই আমার প্রস্তাবিত ধর্মের আদর্শ এবং ভারতবর্ষে
আমরা যাহাকে 'যোগ' বলি, তাহা ছারাই এই আদর্শ ধর্ম লাভ করা যায়।
কর্মীর দৃষ্টিতে ইহার অর্থ ব্যক্তির সহিত সমগ্র মানবজাতির অভেদ ভাব;
'মরমী'র দৃষ্টিতে ইহার অর্থ জীবাত্মা ও পরমাত্মার একত্ব সাধন; ভক্তের নিকট
ইহার অর্থ নিজের সহিত প্রেমময় ভগবানের মিলন এবং জ্ঞানীর নিকট ইহার
অর্থ নিবিল সন্তার ঐক্য বোধ। 'যোগ' শব্দে ইহাই ব্যায়। ইহা একটি
সংস্কৃত শব্দ এবং সংস্কৃতে এই চারিপ্রকার যোগের ভিন্ন ভিন্ন নাম আছে।
বিনি এই প্রকার যোগদাধন করিতে চান, তিনিই 'যোগী'। বিনি কর্মের মধ্য
দিয়া এই যোগদাধন করেন, তাঁহাকে 'কর্মযোগী' বলে। ধ্যানধারণার মধ্য
দিয়া এই যোগদাধন করেন, তাঁহাকে 'ভক্তিযোগী' বলে। ধ্যানধারণার মধ্য
দিয়া গাধন করেন, তাঁহাকে 'রাজ্যোগী' বলে। ঘিনি জ্ঞানবিচারের মধ্য
দিয়া এই যোগদাধন করেন, তাঁহাকে 'জানযোগী' বলে। ঘতএব 'যোগী'
বলিতে ইহাদের সকলকেই ব্যায়।

এখন প্রথমে 'রাজ্যোগের' কথা ধরি। এই রাজ্যোগ—এই মন:সংযোগের ব্যাপারটা কি ? ইংলণ্ডে আপনারা 'যোগ' কথাটির সহিত ভূত প্রেত প্রভৃতি নানারকমের কিভূতকিমাকার ধারণা জড়াইয়া রাখিয়াছেন। অতএব প্রথমেই আপনাদিগকে ইহা বলিয়া রাখা আমার কর্তব্য বোধ হইতেছে যে, যোগের সহিত ইহাদের কোনই সংশ্রব নাই। এইগুলির মধ্যে কোন যোগেই তোমাকে যুক্তিবিচার পরিত্যাগ করিতে, অপরের ঘারা প্রভাবিত হইতে অথবা প্রোহিতকুল যে-কোন পর্যায়েরই হউন না কেন, তাঁহাদের হাতে তোমারে বিচারশক্তি সমর্পণ করিতে বলে না। কোন যোগই বলে না যে, তোমাকে কোন অতিমাহ্য ঈশদ্তের নিকট সম্পূর্ণ আহগত্য স্বীকার করিতে হইবে। প্রত্যেকেই বলে, তুমি তোমার বিচারশক্তিকে দৃঢ়ভাবে ধর, তাহাতেই লাগিয়া থাকো। আমরা সকল প্রাণীর মধ্যেই জ্ঞানলান্তের তিন প্রকার উপায় দেখিতে পাই। প্রথম সহজাত জ্ঞান, যাহা জীবজন্তর মধ্যেই বিশেষ পরিফুট দেখিতে পাওয়া যায়; ইহা জ্ঞানলান্তের সর্বনিম্ন উপায়। ছিতয় উপায় কি ? বিচারশক্তি। মাহ্যবের মধ্যেই ইহার সমধিক বিকাশ দেখিতে

পাওয়া যায়। প্রথমত: সহজাত জ্ঞান একটি অসম্পূর্ণ উপায়। জীবজন্ত সকলের কার্যক্ষেত্র অতি সহীর্ণ এবং এই সহীর্ণ ক্ষেত্রেই সংস্থাত জ্ঞান কার্য করে। মাছুষের বেলায় দেখা যায়, এই সহজাত জ্ঞান বহুলভাবে বিচার-শক্তিতে পরিণত হইয়াছে। সঙ্গে সঙ্গে কার্যক্ষেত্রও বাড়িয়া গিয়াছে। তথাপি এই বিচারশক্তিরও ষথেষ্ট অপ্রাচুর্য রহিয়াছে। বিচারশক্তি কিছুদূর পর্যস্তই মাত্র অগ্রসর হইতে পারে, তারপর সে থামিয়া যায়, আর অগ্রসর হইতে পারে না; এবং ষদি তুমি ইহাকে বেশী দূর চালাইতে চেষ্টা কর, তবে তাহার ফলে এক ত্রপনেয় বিশৃঙ্খলা উপস্থিত হয়, যুক্তি নিজেই অযুক্তিতে পরিণত হয়। যুক্তি তথন চক্রাকারে চলিতে থাকে। দৃষ্টাম্বন্ধপ আমাদের প্রত্যক্ষের মূলীভূত কারণ জড় ও শক্তির কথাই ধরুন। জড় কি ? ঘাহার উপর শক্তি ক্রিয়া করে। শক্তি কি ? যাহা জড়ের উপর ক্রিয়া করে। এই-সব কথায় গোলমালটা কোথায়, তাহা আপনারা নিশ্চয়ই ব্ঝিভে পারিতেছেন। স্থায়শান্তবিদ্গণ ইহাকে অস্তোম্ভালয় দোষ বলেন-একটির (অর্থাৎ জড়ের) ধারণার জন্ত অপরটির (অর্থাৎ শক্তির) উপর নির্ভর করিতে হইতেছে; আবার অপরটির (শক্তির) ধারণার জন্য প্রথমটির (জড়ের) উপর নির্ভর করিতে হইতেছে। স্থতরাং আপনার। যুক্তির সমূধে এক প্রবল বাধ। দেখিতে পাইতেছেন, যাহাকে অতিক্রম করিয়া যুক্তি আর অগ্রসর হইতে পারে না। তথাপি এই বাধার অপর প্রান্তে যে অনন্তের রাজ্য রহিয়াছে, সেখানে পৌছাইতে যুক্তি সর্বদা ব্যস্ত। আমাদের পঞ্চেন্দ্রগ্রাহ্ ও মনের বিষয়ীভূত এই জগৎ, এই নিখিল বিশ আমাদের বৃদ্ধিভূমির উপর প্রতিফলিত, সেই অনস্তের এক কণিকামাত্র এবং বৃদ্ধিরূপ জাল দারা বেষ্টিত এই কৃত্র গণ্ডির ভিতরে আমাদের বিচারশক্তি কার্য করে—তাহার বাহিরে ষাইতে পারে না। স্তরাং ইহার বাহিরে ষাইবার জন্ম আমাদের অপর কোন উপায়ের প্রয়োজন —প্রজ্ঞা বা অতীন্দ্রিয় বোধ। অওএব সহজাত জ্ঞান, বিচারশক্তি ও অতীন্দ্রিয় বোধ—এই ভিন্টিই জানলাভের উপায়। পশুভে সহজাত জান, মাছুষে বিচার-শক্তি ও দেৰমানৰে অতীক্ৰিয় বোধ দেখিতে পাওয়া যায়। কিন্তু সকল মাহবের ভিতরেই এই তিনটি শক্তির বীজ অল্পবিশুর পরিফুট দেখিতে পাওয়া যায়। এই-সকল মান্দিক শক্তির বিকাশ হইতে হইলে উহাদের বীজগুলিও অবশুই মানবমনে থাকা চাই, এবং ইহাও শ্বরণ রাথা কর্তব্য ষে, একটি শক্তি

অপরটির বিকশিত অবস্থা মাত্র; স্বভরাং তাহারা পরস্পর-বিরোধী নয়। বিচারশক্তিই পরিক্ট ইয়া অতীক্রিয় বোধে পরিণত হয়; স্বভরাং অতীক্রিয় বোধ বিচারশক্তির পরিপন্থী নয়, পরস্ক তাহার পরিপ্রক। বে-সকল হলে বিচারশক্তি পৌছিতে পারে না, অতীক্রিয় বোধ তাহাদিগকেও উদ্ভাসিত করে, এবং তাহারা বৃদ্ধির বিরোধী হয় না। বার্ধক্য বালক্ষের বিরোধী নয়, পরস্ক তাহার পরিণতি। অভএব তোমাদের সর্বদা মনে রাখিতে ইইবে যে, নিম্নশ্রেণীর জ্ঞানোপায়কে উচ্চশ্রেণীর উপায় বলিয়া ভূলকরা-রূপ ভয়ানক বিপদের সন্থাবনা রহিয়াছে। অনেক সময়ে সহজাত জ্ঞানকে অতীক্রিয় বোধ বলিয়া জগতে চালাইয়া দেওয়া হয়, এবং সঙ্গে বিরোধ অথবা অর্ধোন্মাদ ব্যক্তি মনে করে বে, তাহার মন্তিক্ষে বে-সকল পাগলামি চলিতেছে, সেগুলিও অতীক্রিয় জ্ঞান এবং সে চায় লোকে তাহার অন্সরণ করুক। জগতে স্বাপেক্ষা পরস্পর-বিরোধী যত প্রকার অসমন্ধ প্রলাপবাক্য প্রচারিত ইইয়াছে, তাহা বিকৃতমন্তিক কতগুলি উন্মাদের সহজাত জ্ঞানাম্বায়ী প্রলাপবাক্যকে অতীক্রিয়-বোধের ভাষা বলিয়া চালাইয়া দিবার চেটা ছাড়া আর কিছুই নয়।

প্রকৃত শিক্ষার প্রথম লক্ষণ এই হওয়া চাই যে, ইহা কথনও যুক্তিবিরোধী হইবে না; এবং আপনারা দেখিতে পাইবেন, উল্লিখিত সকল যোগ এই ভিত্তির উপরেই প্রতিষ্ঠিত। প্রথমে রাজযোগের কথা ধরা যাক। রাজযোগ মনগুরবিষয়ক যোগ, মনোর্ত্তির সহায় অবলম্বনে পরমাত্মযোগে পৌছিবার উপায়। বিষয়টি খ্ব বড়; তাই আমি এক্ষণে এই 'যোগের মূল ভাবটিই আপনাদের নিকট ব্যক্ত করিতেছি। জ্ঞানলাভ করিবার আমাদের একটি মাত্র উপায় আছে। নিয়তম মহুয়্ম হইতে সর্বোচ্চ 'যোগী' পর্যন্ত সকলকেই সেই এক উপায় অবলম্বন করিতে হয়়—একাগ্রতাই এই উপায়। রসায়নবিদ্ যথন তাঁহার পরীক্ষাগারে (Laboratory) কাজ করেন, এবং সেই শক্তিকে পদার্থবিশেষের উপর প্রয়োগ করেন। তথন ঐ পদার্থের সংগঠক ভূতবর্গ পরস্পর-বিচ্ছিন্ন হইয়া যায় এবং এইরূপে তিনি তাহাদের জ্ঞানলাভ করেন। জ্যোতিবিদ্ও তাঁহার সমূদ্য মনঃশক্তিকে সংহত করিয়া তাহাকে এককেন্দ্রিক করেন; তারপর তাঁহার দ্রবীক্ষণ যন্তের মধ্য দিয়া ঐ শক্তিকে বস্তর উপর

প্রয়োগ করেন; তখন নক্জনিচয় ও জ্যোতিষম্ওল ঘুরিয়া তাঁহার দিকে আসে এবং নিজ নিজ রহস্ত তাঁহার নিকট উদ্বাটিত করে। অধ্যাপনারভ আচার্যই বলো, অথবা পাঠনিরত ছাত্রই বলো, ষেখানে কোন ব্যক্তি কোন বিষয় জানিবার জন্ম চেটা করিভেছে, সকলের পক্ষে এইরূপই ঘটিয়া থাকে। আপনারা আমার কথা শুনিতেছেন, উহা যদি আপনাদের ভাল লাগে, তবে আপনাদের মন উহার প্রতি একাগ্র হইবে; ভখন যদি একটা যড়ি বাজে, আপনারা ভাহা শুনিতে পাইবেন না, কারণ আপনাদের মন তথন অন্ত বিষয়ে একাগ্র হইয়াছে। আপনাদের মনকে যতই একাগ্র করিতে সক্ষম হইবেন, ততই আপনারা আমার কথাগুলি ভাল করিয়া বুঝিতে পারিবেন, এবং আমিও আমার প্রেম ও শক্তিসমূহকে ষভই একাগ্র করিব, ততই আমার বক্তব্য বিষয়ট আপনাদিগকে ভাল করিয়া বুঝাইতে সক্ষম হইব। এই একাগ্রভা ষভ অধিক হইবে, মাহ্য তত অধিক জ্ঞানলাভ করিবে, কারণ ইহাই জ্ঞানলাভের একমাত্র উপায়। এয়ন কি, অভি নীচ মুচিও যদি একটু বেশী মন:সংযোগ করে, তাহা হইলে সে তাহার জুডাগুলি আরও ভাল করিয়া বুরুশ করিবে; পাচক একাগ্র হইলে ভাহার খাগ্ত আরও ভাল করিয়া রন্ধন করিবে। অর্থোপার্জনই হউক অথবা ভগবদারাধনাই হউক—বে কাজে মনের একাগ্রতা যত অধিক হইবে, কাজটি ভতই স্থচাক্ষরণে সম্পন্ন হইবে। কেবল এইভাবে ডাকিলে বা এইভাবে করাঘাত করিলেই প্রস্কৃতির ভাগুারের ঘার উদ্বাটিভ হইয়া যায় এবং ব্দাৎ আলোক-বন্তায় প্লাবিভ হয়। ইহাই—এই একাগ্ৰতা-শক্তিই জ্ঞানভাণ্ডারে প্রবেশের একমাত্র উপায়। রাজ্যোগে প্রায় এই বিষয়ই আলোচিত হইয়াছে। আমাদের বর্তমান শারীরিক অবস্থায় আমরা এতই বিশ্বুর রহিয়াছি যে, আমাদের মন শত বিষয়ে ভাহার শক্তি র্থা কয় করিতেছে। যথনই আমি বাজে চিন্তা বন্ধ করিয়া জ্ঞানলাভের জন্ম কোন বিষয়ে মনঃশ্বির করিতে চেষ্টা করি, তথনই শতসহস্র অবাস্থিত আলোড়ন ম্থিকে ক্রন্ত উত্থিত হইয়া, শতদহস্র চিস্তা যুগপৎ মনে উদিত হইয়া উহাকে চ্ঞল করিয়া ভোলে। কিন্নপে ঐ-গুলি নিবারণ করিয়া মন ৰশে আনিতে পারা যায়, **তাহাই রাজযোগের একমাত্র আলো**চ্য বিষয়।

এক্ষণে কর্মযোগের অর্থাৎ কর্মের মধ্য দিয়া ভগবান্-লাভের কথা ধরা যাক। সংসারে এমন অনেক লোক দেখিতে পাওয়া যায়, যাহারা কোন না কোন প্রকার কাজ করিতেই যেন জন্মগ্রহণ করিয়াছে; তাহাদের মন শুধু চিস্তার রাজ্যেই একাগ্র হইয়া থাকিতে পারে না—তাহারা বোঝে কেবল কাজ-যা চোখে দেখা যায় এবং হাতে করা যায়। এই প্রকার লোকের জগ্ৰও একটি হুশুঙ্খল ব্যবস্থা থাকা দরকার। আমরা প্রত্যেকেই কোন না কোন কর্ম করিভেছি, কিন্তু আমাদের মধ্যে বেশীর ভাগ লোকই অধিকাংশ শক্তির অপব্যবহার করিয়া থাকে; কারণ আমরা কর্মের রহস্ত জানি না। কর্মধোগ এই রহস্তটি বুঝাইয়া দেয় এবং কোথায় কিভাবে কার্য করিতে হইবে, উপস্থিত কর্মে কিভাবে আমাদের সমস্ত শক্তিকে নিয়োগ করিলে সর্বাপেক্ষা অধিক ফললাভ হইবে, তাহা শিক্ষা দেয়। কিন্তু এই রহস্থাশিক্ষার সঙ্গে সঙ্গে কর্মের বিরুদ্ধে—'উহা তু:ধজনক' এই বলিয়া যে প্রবল **আপ**ন্তি উত্থাপন করা হয়, আমাদিগকে তাহারও বিচার করিতে হইবে। সমুদয় ত্রংধ-কষ্ট আসক্তি হইতে আসে। আমি কাজ করিতে চাই—আমি কোন লোকের উপকার করিতে চাই; এবং শতকরা নক্তটি ছলেই দেখা যায় যে, আমি ষাহাকে সাহায্য কারয়াছি, সেই ব্যক্তি সমস্ত উপকার ভূলিয়া আমার শক্রতা করে; ফলে আমাকে কষ্ট পাইতে হয়। এবংবিধ ঘটনার ফলেই মাহৰ কর্ম হইতে বিরত হয় এবং এই ত্র:খকটের ভয়ই মানবের কর্ম ও উছ্নমের অনেকটা নষ্ট করিয়া দেয়। কাহাকে সাহায্য করা হইতেছে, এবং কোন্ প্রয়োজনে শাহাষ্য করা হইতেছে ইত্যাদি বিষয়ে লক্ষ্য না করিয়া **অনাসক্তভাবে শু**ধু কর্তব্যবোধে কর্ম করিতে হয়, কর্মষোগ তাহাই শিক্ষা দেয়। কর্মষোগী কর্ম করেন, কারণ উহা তাঁহার স্বভাব, তিনি প্রাণে প্রাণে কোধ করেন, এরপ করা ওঁহোর পক্ষে কল্যাণজনক—ইহা ছাড়া তাঁহার অক্স কোন উদ্দেশ্য থাকে না। তিনি জগতে সর্বদাই দাতার আসন গ্রহণ করেন, কখনও কিছু প্রত্যাশা করেন না। তিনি জ্ঞাতসারে দান করিয়াই যান, কিন্তু প্রতিদান-স্বরূপ কিছুই চান না। স্থতরাং ডিনি হৃঃখের হাত হইতে রক্ষা পান। যথনই তৃ:খ আমাদিগকে গ্রাস করে, তথনই বুঝিতে হইবে, উহা 'আসজির' প্রতিকিয়া মাত্র।

অতঃপর ভাবপ্রবণ বা প্রেমিক লোকদিগের জন্য ভক্তিযোগ। ভক্ত ভগবান্কে ভালবাসিতে চান, তিনি ধর্মের অঙ্গরূপে ক্রিয়া-কলাপের এবং পুষ্পা, গন্ধ, স্থরম্য মন্দির, মূর্তি প্রভৃতি নানাবিধ দ্রব্যের উপর নির্ভর করেন

এবং সাধনায় তাহাদের প্রয়োগ করেন। আপনারা কি বলিতে চান, তাঁহারা ভূল করেন ? আমি আপনাদিগকে একটি সত্য কথা বলিতে চাই, ভাহা আপনাদের—বিশেষতঃ এই দেশে—মনে রাখা ভাল। বে-সকল ধর্ম-সম্প্রদায় অহুষ্ঠান ও পৌরাণিক তত্বসম্পদে সমৃদ্ধ, তাহাদের মধ্য হইতেই জগতের শ্রেষ্ঠ আধ্যাত্মিক শক্তিদম্পন্ন মহাপুরুষগণ জন্মগ্রহণ করিয়াছেন। আর ধে সকল সম্প্রদায় কোন প্রতীক বা অমুষ্ঠানবিশেষের সহায়তা ব্যতীত ভগবান-লাভের চেষ্টা করিয়াছে, ভাহারা ধর্মের যাহা কিছু স্থন্দর ও মহানু সমস্ত নির্মম-ভাবে পদদলিত করিয়াছে। খুব ভাল চক্ষে দেখিলেও তাহাদের ধর্ম গোঁড়ামি মাত্র, এবং ওম। জগতের ইতিহাদ ইহার জলস্ত সাক্ষ্য প্রদান করিতেছে। স্তরাং এই-সকল অহুষ্ঠান ও পুরাণাদিকে গালি দিও না। যে-সকল লোক -ঐগুলি লইয়া থাকিতে চায়, তাহারা ঐগুলি লইয়া থাকুক। তোমরা অযথা বিজপের হাদি হাদিয়া বলিও না, 'তাহারা মুর্থ, উহা লইয়াই থাকুক।' তাহা কখনই নয়; আমি জীবনে ষে-সকল আধ্যাত্মিক-শক্তিসম্পন্ন শ্রেষ্ঠ মহাপুরুষ দর্শন করিয়াছি, তাঁহারা সকলেই এই-সকল অমুষ্ঠান পালনের মধ্য দিয়াই অগ্রসর হইয়াছেন। আমি নিজেকে তাঁহাদের পদতলে বসিবার যোগ্য মনে করি না, আবার আমি কিনা তাঁহাদের সমালোচনা করিতে ষাইব! এই সমৃদয় ভাব মানবমনে কিরূপ কার্য করে, এবং তাহাদের মধ্যে কোন্টি আমার গ্রাহ্ন, কোন্টি ত্যাজ্য, তাহা আমি কিরূপে জানিব ? আমরা উচিত অহুচিত বিচার না করিয়াই পৃথিবীর সমস্ত জিনিসের সমালোচনা করিয়া থাকি। লোকে এই-সকল স্থন্দর স্থন্দর উদ্দীপনাপূর্ণ পুরাণাদি যত ইচ্ছা গ্রহণ করুক; কারণ আপনাদের সর্বদা মনে রাখা উচিত যে, ভাবপ্রবণ লোকেরা সত্যের কভকগুলি নীরস সংজ্ঞা মাত্র লইয়া থাকিতে মোটেই পছন্দ করেন না। ভগবান্ তাঁহাদের নিকট 'ধরা-ছোঁয়ার' বস্তু, তিনিই একমাত্র সত্য বস্তু। তাঁহারা ভগবান্কে অহভব করেন, তাঁহার কথা শোনেন, তাঁহাকে দেখেন ভালবাদেন। তাঁহারা তাঁহাদের ভগবান্ লাভ ককন। তোমরা যুক্তি-বাদীরা, ভভের চক্ষে দেইরূপ নির্বোধ—বেমন কোন ব্যক্তি একটি স্থন্দর মৃতি দেখিলে তাহাকে চুর্ণ করিয়া বুঝিতে চায় উহা কি পদার্থে নির্মিত। 'ভক্তিষোগ' তাহাদিগকে কোন গৃঢ় অভিদন্ধি ছাড়িয়া ভালবাদিতে শিক্ষা দেয়; লোকৈষণা, পুত্রৈষণা, বিভৈষণা কিংবা অন্ত কোন কামনাৰ অন্ত নয়, কিন্ধ মদলময়কে মদলময়কপে, এবং ভগবান্কে ভগবান্কপে ভালবাদিতে নিকা দেয়। প্রেমই প্রেমের শ্রেষ্ঠ প্রতিদান এবং ভগবান্ই প্রেমম্বরণ—ইহাই ভক্তিষোগের শিক্ষা। ভক্তিষোগ তাঁহাদিগকে ভগবান্ স্টেকর্তা, সর্বব্যাপী, সর্বজ্ঞ, সর্বশক্তিমান, শান্তা এবং পিতা ও মাতা বলিয়া তাঁহার প্রতি হৃদয়ের সমস্ত ভক্তিশ্রদ্ধা অর্পণ করিতে শিক্ষা দেয়। মাহ্মষ তাঁহার সম্বন্ধে যে সর্বশ্রেষ্ঠ ভাষা প্রয়োগ করিতে পারে অথবা মাহ্মষ তাঁহার সম্বন্ধে যে সর্বশ্রেষ্ঠ ভাষা প্রয়োগ করিতে পারে অথবা মাহ্মষ তাঁহার সম্বন্ধে যে পর্বারণা করিতে পারে, তাহা এই ষে, তিনি প্রেমের ঈশ্বর। 'ষেধানেই কোন প্রকার ভালবাদা রহিয়াছে, তাহাই তিনি।' যেখানে এভটুকু প্রেম, তাহা তিনিই, ঈশ্বর সেথানে বিরাদ্ধমান, স্বামী যথন স্থীকে চুম্বন করেন, সে চুম্বনে তিনিই বিভ্যমান; মাতা যথন শিশুকে চুম্বন করেন, দেখানেও তিনি বিভ্যমান; বর্ত্বগরের কর্মর্দনে সেই প্রভুই প্রেমময় ভগবান্ত্রপে বিভ্যমান।' যথন কোন মহাপুরুষ মানবজাতিকে ভালবাদিয়া তাহাদের কল্যাণ করিতে ইচ্ছা করেন, তথন প্রভুই তাঁহার প্রেমভাণ্ডার হইতে মুক্তহন্তে ভালবাদা বিভরণ করিতেছেন। যেখানেই হৃদয়ের বিকাশ হয়, দেখানেই তাঁহার প্রকাশ। 'ভক্তিযোগ' এই-সকল কথাই শিক্ষা দেয়।

সর্বশেষে আমরা 'জ্ঞানযোগীর' কথা আলোচনা করিব; তিনি দার্শনিক ও চিস্তানীল, তিনি এই দৃশু-জগতের পারে যাইতে চান। তিনি এই দংশারের তুছে জিনিদ লইয়া সম্ভই থাকিবার লোক নন। তিনি আমাদের পানাহারাদি প্রাত্যহিক কার্যাবলীর পারে যাইতে চান; সহস্র সহস্র পুস্তকও তাঁহাকে শাস্তি দিতে পারে না; এমন কি সমৃদয় জড়বিজ্ঞানও তাঁহাকে পরিত্ত করিতে পারে না, কারণ বড় জোর এই ক্ষুম্র পৃথিবীটি তাঁহার জ্ঞানগোচর করিতে পারে। এমন আর কি আছে, যাহা তাঁহার সম্ভোব বিধান করিতে পারে? কোটি কোটি সোরজগৎ তাঁহাকে সম্ভই করিতে পারে না; তাঁহার চক্ষে তাহারা অন্তিত্বের সমৃদ্রে বিন্মাত্র। তাঁহার আত্মা এই-সকলের পারে যাইয়া দকল অন্তিত্বের যাহা সার, সেই সত্যকে স্বরূপতঃ প্রত্যক্ষ করিয়া, তাঁহাকে উপলন্ধি করিয়া, তাঁহার সহিত তাদাত্ম্য লাভ করিয়া, সেই বিরাট সন্তার সহিত অভিন্ন হইয়া তাঁহাতেই ডুবিয়া যাইতে চায়। ইহাই হইল জ্ঞানীর ভাব। তাঁহার মতে ভগবান্কে জগতের পিতা, মাতা, স্প্টিকর্তা, রক্ষাকর্তা, পথপ্রদর্শক ইত্যাদি বলিয়া তাঁহার স্ক্রপ প্রকাশ করা মোটেই

সম্ভব নয়। তিনি ভাবেন, ভগবান্ তাঁহার প্রাণের প্রাণ, তাঁহার আত্মার আত্মা। ভগবান্ তাঁহার নিজেরই আত্মা। ভগবান্ ছাড়া আর কোন বস্তই নাই। তাঁহার যাবতীয় নশ্ব অংশ বিচারের প্রবল আঘাতে চুর্ণ বিচূর্ণ হইয়া উড়িয়া যায়, অবশেবে যাহা সত্যসত্যই থাকে, তাহাই পরমাত্মা স্বয়ং।

'বা স্পর্ণা সযুজা সথায়া সমানং বৃক্ষং পরিষম্বজাতে।
তয়োরক্তঃ পিপ্ললং স্বাম্বজ্ঞানশ্বরক্তোহভিচাকশীতি ॥
সমানে বৃক্ষে পুরুষো নিমগ্নোহনীশয়া শোচতি মৃহ্যমানঃ।
জুইং যদা পশ্যত্যক্তমীশমশ্য মহিমানমিতি বীতশোকঃ॥
যদা পশ্যং পশ্যতে রুক্মবর্ণং কর্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিম্।
তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধ্য় নিরঞ্জনঃ প্রমং সাম্যমুগৈতি ॥''

একই গাছে তুইটি পাখি রহিয়াছে—একটি উপরে, একটি নীচে। উপরের পাধিটি স্থির, নির্বাক, মহান্, নিজের মহিমায় নিজে বিভোর; নীচের ভালের পাখিটি কখনও স্থমিষ্ট, কখনও তিক্ত ফল ধাইতেছে, এক ডাল হইতে আর এক ডালে লাফাইয়া উঠিতেছে এবং পর্যায়ক্রমে নিজেকে স্থা ও তৃ:খা বোধ করিতেছে। কিছুক্ষণ পরে নীচের পাখিট একটি অতি মাত্রায় তিক্ত ফল খাইল এবং নিজেকে ধিকার দিয়া উপরের দিকে তাকাইল এবং অ্পর পাখিটকে দেখিতে পাইল—সেই অপূর্ব সোনালি রঙের পাথাওয়ালা পাথিটি—সে মিষ্ট বা ডিক্ত কোন ফলই খায় না এবং নিজেকে স্থী বা হু:থীও মনে করে না, পরস্ক প্রশাস্তভাবে আপনাতে আপনি থাকে— নিজের আত্মা ছাড়া জাব কিছুই দেখিতে পায় না। নীচের পাথিট ঐরপ অবস্থা লাভ ক্রিবার জন্ম ব্যগ্র হইল, কিন্তু শীঘ্রই ইহা ভূলিয়া গিয়া আবার ফল খাইতে আরম্ভ করিল। ক্ষণকাল পরে সে আবার একটা অতি তিক্ত ফল খাইল। তাহাতে তাহার মনে অতিশয় তুঃখ হইল এবং সে পুনরায় উপরের দিকে তাকাইল এবং উপরের পাখিটির কাছে যাইবার চেষ্টা করিল। আবার সে এ-কথা ভূলিয়া গেল এবং কিছুক্ষণ পরে পুনরায় উপরের দিকে াকাইল। বারবার এইরূপ করিতে করিতে সে অবশেষে হুন্দর পাখিটির

১ মুপ্তক উপ., ৩৷১৷১-৬ ; বেঃ উপ., ৪৷৬-৭

খুব নিকটে আসিয়া পৌছিল এবং দেখিল অপর পক্ষীর পক্ষ হইতে জ্যোতির ছটা আদিয়া তাহার নিব্দ দেহের চতুর্দিকে পড়িয়াছে। সে এক পরিবর্তন অহতেব করিল—বেন সে মিলাইয়া ষাইতেছে; সে আরও নিকটে আসিল, দেখিল তাহার চারিদিকে যাহা কিছু ছিল সমগুই অদুখ্য—অন্তর্হিত হইতেছে। অবশেষে সে এই অভূত পরিবর্তনের অর্থ বুঝিল। নীচের পাখিটি যেন উপরের পাথিটির স্থুলরূপে প্রতীয়মান ছায়া মাত্র—প্রতিবিম্ব মাত্র ছিল। সে নিজে বরাবর স্বরূপত: সেই উপরের পাথিই ছিল। নীচের ছোট পাখিটির এই মিষ্ট ও তিক্ত ফল থাওয়া এবং পর পর স্থগত্বং বোধ করা—এই সবই মিথ্যা—স্বপ্ন মাত্র; দেই প্রশাস্ত, নির্বাক্, মহিমময়, শোকত্ব:থাতীত উপরের পাখিটিই সর্বক্ষণ বিভয়ান ছিল। উপরের পাখিটি ঈশব, পর্মাত্মা---জগতের প্রভু; এবং নীচের পাখিটি জীবাত্মা—এই জগতের স্থধত্ব:খরূপ বিষ ও তিক্ত ফলসমূহের ভোক্তা। মধ্যে মধ্যে জীবাত্মার উপর প্রবল আঘাত আদে; দে কিছুক্ষণের জন্ত ফলভোগ বন্ধ করিয়া দেই অজ্ঞাত ঈশবের দিকে অগ্রসর হয় এবং ভাহার হৃদয়ে সহসা জ্ঞানজ্যোতির প্রকাশ হয়। সে তথন মনে করে, এই ব্দগৎ মিথ্যা দুখ্যবাল মাত্র। কিন্তু পুনরায় ইন্দ্রিয়গণ তাহাকে বহির্জগতে টানিয়া নামাইয়া আনে এবং দেও পূর্বের স্থায় এই জগতের ভালমন্দ ফল ভোগ করিতে থাকে। আবার দে এক অতি কঠোর আঘাত প্রাপ্ত হয় এবং আবার তাহার হৃদয়দার উন্মুক্ত হইয়া দিব্য জ্ঞানালোক প্রবেশ করে। এইরূপে ধীরে ধীরে সে ভগবানের দিকে অগ্রসর হয় এবং যতই সে নিকটবর্তী হইতে থাকে, ততই দেখিতে পায়, ভাহার কাঁচা আমি' বতই লীন হইয়া ষাইতেছে। যখন সে থুব নিকটে আসিয়া পড়ে, তথন দেখিতে পায়, সে নিজেই পরমাত্মা এবং বলিয়া উঠে, 'যাঁহাকে আমি তোমাদিগের নিকট জগতের জীবন এবং অণুপরমাণুতে ও চন্দ্র-সূর্যে বিভয়ান বলিয়া বর্ণনা করিয়াছি, তিনি আমাদের এই জীবনের অবলম্বন—আমাদের আত্মার আত্ম। ভুধু তাই নয়, তুমিই দেই—তত্তমদি।' 'জ্ঞানধোগ' আমাদিগকে ইহাই শিক্ষা দেয়। ইহা মাহ্র্যকে বলে, তুমি স্বরূপতঃ প্রমাত্মা। ইহা মামুষকে প্রাণিজগতের মধ্যে যথার্থ একত দেখাইয়া দেয়---আমাদের প্রত্যেকের ভিতর দিয়া স্বয়ং প্রভূই এই জগতে প্রকাশ পাইতেছেন। স্বতি সামাত্ত পদদলিত কীট হইতে যাঁহাদিগকে আমরা সবিশ্বয়ে হৃদয়ের ভক্তিশ্রদা

অর্পণ করি, সেই-সব শ্রেষ্ঠ জীব পর্যস্ত সকলেই সেই এক পরমাত্মার প্রকাশ মাত্র।

শেষ কথা এই যে, এই-সকল বিভিন্ন যোগ আমাদিগকে কার্যে পরিণত করিতেই হইবে; কেবল তাহাদের সম্বন্ধ জল্পনা কল্পনা করিলে চলিবে না। 'শ্রোতব্যো মস্তব্যো নিদিধ্যাদিতব্যঃ'—প্রথমে এগুলি সম্বন্ধ শুনিতে হইবে, পরে শ্রুত বিষয়গুলি চিম্ভা করিতে হইবে। আমাদিগকে দেগুলি বেশ বিচার করিয়া বুঝিতে হইবে—ধেন **আ**মাদের মনে তাহাদের একটা ছাপ পড়ে। অতঃপর তাহাদিগকে ধ্যান এবং উপলব্ধি করিতে হইবে—বে পর্যন্ত না আমাদের সমন্ত জীবনটাই তন্তাবভাবিত হইয়া উঠে। তথন ধর্ম জিনিসটা আর ওধু কতকগুলি ধারণা বা মতবাদের সমষ্টি অথবা বৃদ্ধির সায় মাত্র হইয়া থাকিবে না। তথন ইহা আমাদের জীবনের সহিত এক হইয়া ধাইৰে। বুদ্ধির সায় দিয়া আজ আমরা অনেক মূর্যতাকে সত্য বলিয়া গ্রহণ করিয়া কালই হয়তো আবার সম্পূর্ণ মত পরিবর্তন করিতে পারি। কিন্তু যথার্থ ধর্ম কখনই পরিবর্তিত হয় না। ধর্ম অহুভৃতির বস্তু—উহা মৃধের কথা বা মতবাদ বা যুক্তিমূলক কল্পনা মাত্র নয়— তাহা ষতই স্থন্দর হউক না কেন। ধর্ম-জীবনে পরিণত করিবার বস্ত, ভনিবার বা মানিয়া লইবার জিনিদ নয়; সমস্ত মনপ্রাণ বিখাদের বস্তর সহিত এক হইয়া ষাইবে। ইহাই ধর্ম।

বিশ্বজনীন ধর্মলাভের উপায়

১৯০০ খঃ ২৮শে জাতুআরি ক্যালিকর্নিয়ার প্যাসাডেনান্থিত ইউনিভার্সালিস্ট চার্চে প্রদন্ত।

যে-অহ্দদ্ধানের ফলে আমরা ভগবানের নিকট হইতে আলাে পাই, মহয়-হদয়ের নিকট তদপেকা প্রিয়তর অহ্দদ্ধান আর নাই। কি অতীত কালে, কি বর্তমান কালে 'আআা' 'ঈশ্বর' ও 'অদৃষ্ট' সম্বন্ধে আলােচনায় মাহ্মর যত শক্তি নিয়ােগ করিয়াছে, অন্ত কোন আলােচনায় তত করে নাই। আমরা আমাদের দৈনিক কাল্ধ-কর্ম, আমাদের উচ্চাকাক্রা, আমাদের কর্তব্য প্রভৃতি লইয়া যতই ভূবিয়া থাকি না কেন, আমাদের দর্বাপেক্ষা কঠোর জীবনসংগ্রামের মধ্যেও কথন কথন এমন একটি বিরাম-মূহূর্ত আসিয়া উপস্থিত হয়, যথন মন সহসা থামিয়া যায় এবং এই জগৎপ্রপঞ্চের পারে কি আছে, তাহা জানিতে চায়। কথন কথন দে অতীন্তিয় রাজ্যের কিছু কিছু আভাস পায় এবং ফলে তাহা পাইবার জন্ম যথাসাধ্য চেষ্টা করিতে থাকে। সর্বকালে সর্বদেশে এইরূপ ঘটিয়াছে। মাহ্মর অতীন্তিয় বস্তর দর্শনি লাভ করিতে চাহিয়াছে, নিজেকে বিস্তার করিতে চাহিয়াছে, এবং যাহা কিছু আমাদের নিকট উন্নতি বা ক্রমাভিব্যক্তি নামে পরিচিত, তাহা সর্বকালে মানবন্ধীবনেয় চরম গতি—
ঈশ্বাহ্মসন্ধানের তুলাদত্যে পরিমিত হইয়াছে।

আমাদের সামাজিক জীবনসংগ্রাম যেমন বিভিন্ন জাতির বিবিধ প্রকার সামাজিক প্রতিষ্ঠানের মধ্যে আত্মপ্রকাশ করে, তেমনি মানবের আধ্যাত্মিক জীবনসংগ্রামও বিভিন্ন ধর্ম-অবলম্বনে আত্মপ্রকাশ করে। বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান যেরূপ সর্বদাই পরম্পরের সহিত কলহ ও সংগ্রাম করিতেছে, সেইরূপ এই ধর্মসম্প্রদায়গুলিও সর্বদা পরস্পরের সহিত কলহ ও সংগ্রামে রত। কোন এক বিশেষ সমাজসংস্থার অন্তত্ত্ব লোকেরা দাবি করে যে, একমাত্র তাহাদেরই বাঁচিয়া থাকিবার অধিকার আছে, এবং তাহারা যতক্ষণ পারে তুর্বলের উপর অত্যাচার করিয়া সেই অধিকার বজায় রাখিতে চায়। আমরা জানি, এইরূপ একটি ভীষণ সংগ্রাম বর্তমান সময়ে দক্ষিণ আফ্রিকায় চলিতেছে। সেইরূপ প্রত্যেক ধর্মসম্প্রদায়ও এইপ্রকার দাবি করিয়া আদিয়াছে যে, ওধু তাহারই বাঁচিয়া থাকিবার

অধিকার আছে। তাই আমরা দেখিতে পাই, যদিও ধর্ম মানবজীবনে যভটা মঙ্গলবিধান করিয়াছে, অপর কিছুই ভাহা পারে নাই, ভথাপি ধর্ম আবার যেরপ বিভীষিকা সৃষ্টি করিয়াছে, আর কিছুই এমন করে নাই। ধর্মট সর্বাপেকা অধিক শান্তি ও প্রেম বিন্তার করিয়াছে, আবার ধর্মই সর্বাপেকা ভীষণ ঘুণা ও বিষেষ সৃষ্টি করিয়াছে। ধর্মই মাছষের মধ্যে সর্বাপেকা অধিক স্পষ্টরূপে ভ্রাতৃভাব প্রতিষ্ঠা করিয়াছে, আবার ধর্মই মাছষে মাছষে সর্বাপেক্ষা মর্মাস্তিক শক্রতা বা বিবেষ স্পষ্ট করিয়াছে। ধর্মই মাস্থবের—এমন কি পশুর জন্ম পর্যন্ত সর্বাপেক্ষা অধিকদংখ্যক দাতব্য চিকিৎসালয় প্রভৃতি স্থাপন করিয়াছে, আবার ধর্মই পৃথিবীতে দ্বাপেক্ষা অধিক বক্তবন্তা প্রবাহিত করিয়াছে। আবার আমরা ইহাও জানি ষে, দব দময়েই ফল্লধারার স্থায় আর একটা চিম্বান্তেও চলিয়াছে; স্ব সময়েই বিভিন্ন ধর্মের তুলনামূলক আলোচনায় রত এমন অনেক তত্তান্ত্রেষী বা দার্শনিক রহিয়াছেন, যাহারা এই দকল পরস্পার-বিবদমান ও বিক্লমতাবলম্বী ধর্মসম্প্রদায়ের ভিতর শাস্তি স্থাপন করিবার জন্ম সর্বদা চেষ্টা করিয়াছেন এবং এখনও করিতেছেন। কোন কোন দেশে এই চেটা সফল হইয়াছে, কিন্তু সমগ্ৰ পৃথিবীর দিক হইতে দেখিতে গেলে উহা বার্থ হইয়াছে।

অতি প্রাচীন কান হইতে কতকগুলি ধর্ম প্রচলিত আছে, বেগুলির মধ্যে এই ভাবটি ওতপ্রোতভাবে বিভ্যান যে, সকল সম্প্রদায়ই বাঁচিরা থাকুক; কারণ প্রত্যেক সম্প্রদায়ের কোন একটি নিজম্ব ভাংপর্য, কোন একটি মহান্ ভাব- আছে, কাজেই উহ। জগতের কল্যাণের জন্ম আবিশ্রুক এবং উহাকে পোষণ করা উচিত। বর্তমান কালেও এই ধারণাটি আধিপত্য লাভ করিতেছে এবং ইহাকে কার্বে পরিণত করিবার জন্ম মধ্যে মধ্যে চেষ্টাও চলিতেছে। এই-সকল চেষ্টা সকল সময়ে আশাহরূপ ফলপ্রস্থ হয় না, বা যোগ্যভা দেখাইতে পারে না। ওগু ভাই নয়, বড়ই ক্ষোভের বিষয় যে, আমরা জনেক সময় দেখিতে পাই, জামরা জারও ঝগড়া বাড়াইয়া তুলিতেছি।

একণে ধর্মান্ধ মতবাদ অবলখনে আলোচনা ছাড়িয়া বিষয়টি লখনে সাধারণ িচারবৃদ্ধি অবলখন করিলে প্রথমেই দেখিতে পাই বে, পৃথিবীর যাবতীয় গ্রান প্রধান ধর্মে একটা প্রবল জীবনীশক্তি রহিয়াছে। কেহ কেহ হয়তো বিবিশ্বে বিষ্ জানেন না, কিছু অঞ্জার কথা তুলিয়া

নিত্বতি পাওয়া ষায় না। যদি কোন লোক বলে, 'বহির্জগতে কি হইতেছে না হইতেছে, আমি কিছুই জানি না, অতএব বহির্জগতে যাহা কিছু ঘটতেছে, দকলই মিথ্যা', তাহা হইলে তাহাকে মার্জনা করা চলে না। তখন আপনাদের মধ্যে যাহারা সমগ্র জগতে অধ্যাত্মচিস্তার গতিবিধি লক্ষ্য করিয়াছেন, তাঁহারা সম্পূর্ণ অবগত আছেন যে, পৃথিবীয় একটিও মুখ্য ধর্ম মরে নাই; তথু তাই নয়, এগুলির প্রত্যেকটিই উন্নতির দিকে অগ্রসর হইতেছে। খ্রীষ্টানের সংখ্যা বৃদ্ধি পাইতেছে, মুসলমানের সংখ্যা বৃদ্ধি পাইতেছে, হিন্দুরা বিভার লাভ করিতেছে এবং ইছদীগণও সংখ্যায় অধিক হইতেছে, এবং সংখ্যায় তাহারা ক্রত বর্ধিত হইয়া সারা পৃথিবীতে ছড়াইয়া পড়ায় ইছদীধর্মের গণ্ডি দিন দিন বাড়িয়া চলিয়াছে।

একটিমাত্র ধর্ম-একটি প্রধান প্রাচীন ধর্ম ক্রমশঃ ক্ষয় পাইয়াছে। ভাহা প্রাচীন পারদীকদিগের ধর্ম-জর্থ্ট্র-ধর্ম। মুদলমানদের পারশুবিজয়কালে প্রায় এক লক্ষ পারশুবাসী ভারতে আদিয়া আশ্রয় গ্রহণ করিয়াছিল এবং ভাহাদের কেহ কেহ প্রাচীন পারস্থদেশেই থাকিয়া গিয়াছিল। যাহার। পারস্তে ছিল, তাহারা ক্রমাগত মুদলমানদিগের নির্যাতনের ফলে ক্রয় পাইতে পাইতে এখন বড়জোর দশ হাজারে দাঁড়াইয়াছে। ভারতে তাহাদের সংখ্যা প্রায় আশি হাজার; কিন্তু তাহারা আর বাড়িতেছে না। অবশ্র গোড়াতেই ভাহাদিগের একটি অস্থবিধা রহিয়াছে—ভাহারা অপর কাহাকেও নিজেদের ধর্মভুক্ত করে না। আবার ভারতে এই মৃষ্টিমেম্ম সমাজেও স্বগোত্রীয় নিকট-সম্পর্কীয়দের মধ্যে বিবাহরূপ ঘোরতর অনিষ্টকর প্রথা প্রচলিত থাকায় তাহারা বৃদ্ধি পাইতেছে না। এই একটিমাত্র ধর্ম ব্যতীত অপর সকল প্রধান প্রধান ধর্মই জীবিত রহিয়াছে এবং বিস্তার ও পুষ্টি-লাভ করিতেছে। আর আমাদের মনে রাধা উচিত যে, পৃথিবীর সকল প্রধান ধর্মই অতি পুরাতন, তাহাদের একটিও বর্তমান কালে গঠিত হয় নাই এবং পৃথিবীর প্রত্যেক ুধর্মই গন্ধা ও ইউফ্রেটিদ নদীদ্বয়ের মধ্যবর্তী ভূখণ্ডে উৎপত্তি লাভ করিয়াছে, একটিও প্রধান ধর্ম ইওরোপ বা আমেরিকায় উদ্ভূত হয় নাই—একটিও নয়; প্রত্যেক ধর্মই এশিয়াদস্ত এবং তাহাও আবার পৃথিবীর ঐ অংশটুকুর মধ্যে ! 'যোগ্যতম ব্যক্তি বা বস্তুই বাঁচিয়া থাকিবে'—আধুনিক বৈজ্ঞানিকগণের এ মত যদি সত্য হয়, তাহা হইলে এই-সকল ধর্ম যে এখনও বাঁচিয়া রহিয়াছে.

ইহা হইতেই প্রমাণিত হয় যে, এখনও তাহারা কতকগুলি লোকের পক্ষে উপযোগী; তাহারা যে কেন বাঁচিয়া থাকিবে, তাহার কারণ আছে—ভাহারা বহু লোকের উপকার করিতেছে। মুসলমানদিগকে দেখ, ভাহারা দক্ষিণ-এশিয়ার কতকগুলি স্থানে কেমন বিস্তার লাভ করিভেছে, এবং আফ্রিকায় আগুনের মতো ছড়াইয়া পড়িতেছে। বৌদ্ধগণ মধ্য-এশিয়ায় বরাবর বিন্তার লাভ করিতেছে। ইহুদীদের মতো হিন্দুগণও অপরকে নিজ্ধর্মে গ্রহণ করে না, তথাপি ধীরে ধীরে অক্যাক্ত জাতি হিন্দুধর্মের ভিতর আদিয়া পড়িভেছে এবং হিন্দুদের আচার-ব্যবহার গ্রহণ করিয়া ভাহাদের সমশ্রেণীভুক্ত হইয়া বাইতেছে। এটিধর্মও যে বিস্তৃতি লাভ করিতেছে, তাহা আপনারা সকলেই জানেন; তবে আমার যেন মনে হয়, চেষ্টার অমুরূপ ফল হইতেছে না। খ্রীষ্টানদের প্রচারকার্যে একটি ভয়ানক দোষ আছে এবং পাশ্চাত্য প্রতিষ্ঠান মাত্রেই এই দোষ বিভয়ান। শতকরা নকাই ভাগ শক্তি প্রতিষ্ঠান-যম্বের পরিচালনাতেই ব্যয়িত হইয়া যায়, কারণ প্রতিষ্ঠানস্থলভ বিধিব্যবস্থা বড় বেশি। প্রচারকার্যটা প্রাচ্য লোকেরাই বরাবর করিয়া আদিয়াছে। পাশ্চাত্য লোকেরা সংঘবদ্ধভাবে কার্য, সামাজিক অহ্রান, যুদ্ধসজ্জা, রাজ্য-শাদন প্রভৃতি অতি স্থন্দররূপে করিবে, কিন্তু ধর্মপ্রচার-ক্ষেত্রে তাহারা প্রাচ্যদিগের কাছে ঘেঁষিতেও পারে না, কারণ ইহা বরাবর তাহাদেরই কাজ ছিল বলিয়া ভাহারা ইহাতে বিশেষ অভিজ্ঞ এবং ভাহারা অভিবিক্ত বিধি-ব্যবস্থার পক্ষপাতী নয়।

অতএব মহয়জাতির বর্তমান ইতিহাসে ইহা একটি প্রত্যক্ষ ঘটনা হৈ, পূর্বোক্ত সকল প্রধান প্রধান ধর্মই বিভামান রহিয়াছে এবং বিভার ও পুষ্টি-লাভ করিতেছে। এই ঘটনার নিশ্চয়ই একটা অর্থ আছে, এবং সর্বজ্ঞ পরমকারুণিক স্পষ্টিকর্তার যদি ইহাই ইচ্ছা হইত যে, ইহাদের একটিমাত্র ধর্ম থাকুক এবং অবশিষ্ট সবগুলিই বিনষ্ট হউক, তাহা হইলে উহা বহু পূর্বেই সংসাধিত হইত। আর যদি এই-সকল ধর্মের মধ্যে একটিমাত্র ধর্মই সত্য এবং অপরগুলি মিথ্যা হইত, তাহা হইলে ঐ সত্য ধর্মই এতদিনে সমগ্র পৃথিবী পরিব্যাপ্ত করিত। কিছু বস্তুত: তাহা হয় নাই; উহাদের কোনটিই সমন্ত পৃথিবী অধিকার করে নাই। সকল ধর্মই এক সময়ে উন্নতির দিকে, আবার অস্তু

ছয় কোটি লোক আছে, কিন্তু ভাহাদের মধ্যে মাত্র হুই কোটি দশ লক্ষ কোন না কোন প্রকার ধর্মভুক্ত। স্থতরাং সব সময়েই ধর্মের উন্নতি হয় না। সম্ভবতঃ সকল দেশেই—গণনা করিলে দেখিতে পাইবে, ধর্মগুলির কথনও উন্নতি আবার কখনও অবনতি হইতেছে। সম্প্রদায়ের সংখ্যাও সর্বদা वाफ़ियां हे हिनायाद । धर्ममध्यमायवित्यात्व এहे माचि यमि मछा हहे उद्य, সমৃদয় সত্য উহাতেই নিহিত এবং ঈশ্বর সেই নিখিল সত্য কোন গ্রন্থবিশেষে নিবদ্ধ করিয়া তাহাদিগকেই দিয়াছেন—তবে জগতে এত সম্প্রদায় হইল কিরূপে ? পঞ্চাশ বৎসর যাইতে না যাইতে একই পুস্তককে ভিডি করিয়া কুড়িটি নৃতন সম্প্রদায় গড়িয়া উঠে। ঈশ্বর যদি কয়েকথানি পুস্তকেই সমগ্র সত্য নিবন্ধ করিয়া থাকেন, তাহা হইলে ঝগড়া করিঁবার জন্ম তিনি কখনই আমাদিগকে দেগুলি দেন নাই, কিন্তু বস্তুতঃ দাঁড়াইতেছে তাই। কেন এরপ হয় ? যদি ঈশ্বর বাস্তবিকই ধর্মবিষয়ক সমস্ত সভ্য একখানি পুস্তকে নিবদ্ধ করিয়া আমাদিগকে দিতেন, তাহা হইলেও কোন উদ্দেশ্য সিদ্ধ হইত না, কারণ কেহ্ই দে গ্রন্থ ব্যাতে পারিত না। দৃষ্টাস্তম্বরূপ বাইবেল ও খ্রীষ্টানদিগের মধ্যে প্রচলিত যাবতীয় সম্প্রদায়ের কথা ধকন; প্রত্যেক সম্প্রদায় ঐ একই গ্রন্থ তাহার নিজের মতামুষায়ী ব্যাখ্যা করিয়া বলিতেছে যে, কেবল সেই উহা ঠিক ঠিক বুঝিয়াছে, আর অপর সকলে ভাস্ত। প্রত্যেক ধর্মসম্বন্ধেই এই কথা। মুসলমান ও বৌদ্ধদের মধ্যে অনেক সম্প্রদায় আছে, হিন্দুদের মধ্যে তো শত শত। এখন আমি যে-সকল ঘটনা আপনাদের নিকট উপস্থাপিত করিতেছি, এগুলির উদ্দেশ্য—আমি দেখাইতে চাই যে, ধর্ম-বিষয়ে ষতবারই সমুদয় মহয়জাতিকে একপ্রকার চিস্তার মধ্য দিয়া লইয়া ষাইবার চেষ্টা করা হইয়াছে, ততবারই উহা বিফল হইয়াছে এবং ভবিশ্বতেও ভাহাই হইবে। এমন কি, বর্তমান কালেও নৃতন মতপ্রবর্তক মাত্রেই দেখিতে পান যে, তিনি তাঁহার অহুবর্তিগণের নিকট হইতে কুড়ি মাইল দুরে সরিয়া ষাইতে না যাইতে তাহারা কুড়িটি দল গঠন করিয়া বদিয়াছে। আপনারা সৰ সময়েই এইরূপ ঘটিতে দেখিতে পান। ইহা ধ্রুব সভ্য যে, সকল লোককে একই প্রকার ভাব গ্রহণ করানো চলে না এবং আমি ইহার জ্ঞা ভগবান্কে ধক্তবাদ দিতেছি। আমি কোন সম্প্রদায়ের বিরোধী নই, বরং নানা সম্প্রদায় রহিয়াছে বলিয়া আমি খুশী এবং আমার বিশেষ ইচ্ছা—তাহাদের সংখ্যা

দিন দিন বাড়িয়া যাক। ইহার কারণ কি? কারণ শুধু এই যে, যদি আপনি আমি এবং এখানে উপস্থিত অস্তান্ত সকলে ঠিক একই প্রকার ভাবরাশি চিন্তা করি, তাহা হইলে আমাদের চিন্তা করিবার বিষয়ই থাকিবে না। ছুই বা তভোধিক শক্তির সভ্বর্ব ছুইলেই গতি সম্ভব, ইহা সকলেই জানেন। সেইরূপ চিস্তার ঘাতপ্রতিঘাত হইতেই—চিস্তার বৈচিত্র্য হইতেই নৃতন চিস্তার উদ্ভব হয়। এখন আমরা সকলেই যদি একই প্রকার চিস্তা করিতাম, তাহা হইলে আমরা যাত্তরের মিশরদেশীয় 'মামিতে' (mummies) পরিণত হইয়া শুধু তাহাদেরই মতো পরস্পরের মুখের দিকে চাহিয়া থাকিতাম —তাহা অপেক্ষা অধিক কিছুই হইত না। বেগবতী জীবস্ত নদীতেই ঘূর্ণাবর্ত থাকে, বন্ধ ও স্রোতহীন জলে আবর্ত হয় না। যখন ধর্মগুলি বিনষ্ট হইয়া যাইবে, তথন আর সম্প্রদায়ও থাকিবে না; তথন মাশানের পূর্ণ শাস্তি ও সাম্য বিরাজ করিবে। কিন্তু যতদিন পর্যন্ত মাহুষ চিন্তা করিবে, ততদিন সম্প্রদায়ও থাকিবে। বৈষমাই জুবনের চিহ্ন এবং বৈষম্য থাকিবেই। আমি প্রার্থনা করিতেছি যে, সম্প্রদায়ের সংখ্যা বাড়িতে বাড়িতে অবশেষে জগতে যত মাহুষ আছে, ততগুলি সম্প্রদায় গঠিত হউক, যেন ধর্মরাজ্যে প্রত্যেকে তাহার নিঞ্চের পথে—তাহার ব্যক্তিগত চিস্তাপ্রণালী অহুদারে চলিতে পারে।

কিন্তু এই ধারা চিরকালই বিভ্যান রহিয়াছে। আমাদের প্রত্যেকেই নিজ নিজ ভাবে চিন্তা করে; কিন্তু এই স্বাভাবিক ধারা বরাবরই বাধা প্রাপ্ত হইয়াছে এবং এখনও হইতেছে। এইজন্ম সাক্ষাংভাবে তরবারি ব্যবহৃত না হইলেও অন্ত উপায় গ্রহণ করা হইয়া থাকে। নিউ ইয়র্কের একজন শ্রেষ্ঠ প্রচারক কি বলিভেছেন, শুন্ন—তিনি প্রচার করিভেছেন যে. ফিলিপাইনবাসীদিগকে যুদ্ধে জয় করিতে হইবে, কারণ তাহাদিগকে এটধর্ম শিক্ষা দিবার উহাই একমাত্র উপায়! তাহারা ইতিপ্রেই ক্যাথলিক সম্প্রদায়ভূক হইয়াছে, কিন্তু তিনি তাহাদিগকে প্রেস্বিটেরিয়্লান করিতে চান এবং ইহার জন্ম তিনি এই রক্তপাতজনিত ঘোর পাপরাশি স্বজাতির স্বজ্বে চাপাইতে উত্তত। কি ভয়ানক! আবার এই ব্যক্তিই তাহার দেশের অন্তর্ম শ্রেষ্ঠ ধর্মপ্রচারক এবং বিজ্ঞায় শীর্ষন্থানীয়। যথন এইরূপ একজন লোক সর্বস্মানে দণ্ডায়মান হইয়া এই প্রকার কদর্য প্রলাপবাক্য বলিয়া যাইতে

লজ্জাবোধ করে না, তথন জগতের অবস্থাটা একবার ভাবিয়া দেখুন, বিশেষতঃ যখন আবার তাহার শ্রোতৃরুদ্দ তাহাকে উৎসাহ দিতে থাকে, তথন ভাবিয়া দেখুন জগতের স্বরূপটা কি ! ইহাই কি সভ্যতা? ইহা ব্যাঘ্ৰ, নরখাদক ও অসভ্য বক্সজাতির সেই চিরাভ্যন্ত রক্তপিপাদা বই আর কিছুই নয়, শুধু আবার নৃতন নামে ও নৃতন অবস্থার মধ্যে প্রকাশিত হইতেছে যাত। এতদ্বাতীত উহা আর কি হইতে পারে ? বর্তমান কালেই যদি ঘটনা এইরূপ হয়, তবে ভাবিয়া দেখুন, যথন প্রত্যেক সম্প্রদায় অপর সম্প্রদায়গুলিকে টুকরা টুকরা করিয়া ফেলিবার জন্ম প্রাণপণ চেষ্টা করিত, সেই প্রাচীনকালে জগৎকে কি ভয়ানক নরক-যন্ত্রণার মধ্যে দিন কাটাইতে হইত! ইতিহাস ইহার সাক্ষ্য প্রদান করিতেছে। আমাদের শাদ্লিদদৃশ মনোবৃত্তি স্থপ্ত রহিয়াছে মাত্র,—ঐ মনোবৃত্তি একেবারে মরে নাই। স্থযোগ উপস্থিত হইলেই উহা লাফাইয়া উঠে এবং পূর্বের মতো নিজ নধর ও বিষদন্ত ব্যবহার করে। তরবারি অপেকাও—জড়পদার্থ-মির্মিত অস্ত্রশস্ত্র অপেকাও ভীষণতর অস্ত্রশস্ত্র আছে; যাহারা ঠিক আমাদের মতাবলম্বী নয়, তাহাদের প্রতি এখন অবজ্ঞা, সামাজিক ঘুণা ও সমাজ হইতে বহিষরণরূপ ভীষণ মর্মভেদী অস্ত্রনকল প্রযুক্ত হইয়া থাকে। কিন্তু কেন সকলে ঠিক আমার মতো চিন্তা করিবে ?—আমি তো ইহার কোন কারণ দেখিতে পাই না। আমি ষদি বিচারশীল মানুষ হই, তাহা হইলে দকলে ষে ঠিক আমার ভাবে ভাবিত নয়, ইহাতে আমার আনন্দিতই হওয়া উচিত। আমি শ্মশানতুল্য দেশে বাস করিতে চাই না; আমি মানুষেরই মতো থাকিতে চাই—মানুষেরই মধ্যে। চিন্তাশীল ব্যক্তিমাত্রেরই মতভেদ থাকিবে; কারণ পার্থক্যই চিন্তার প্রথম লক্ষণ। আমি যদি চিন্তাশীল হই, তাহা হইলে আমার অবশুই এমন চিস্তাশীল ব্যক্তিদের মধ্যে বাস করিবার ইচ্ছা হওয়া উচিত, যেখানে মতেব পার্থক্য থাকিবে।

তারপর প্রশ্ন উঠিবে, এই-সকল বৈচিত্ত্য কি করিয়া সত্য হইতে পারে? কোন বস্তু সত্য হইলে তাহার বিপরীত বস্তুটা মিথ্যা হইবে। একই সময়ে ছুইটি বিক্লদ্ধ মত কি করিয়া সত্য হইতে পারে? আমি এই প্রশ্নেরই উত্তর দিতে চাই। কিন্তু আমি প্রথমে আপনাদিগকে জিজ্ঞাসা করি, পৃথিবীর ধর্মগুলি কি বাস্তবিকই একাস্ত বিরোধী? যে-সকল বাহ্ আচারে

বড় বড় চিস্তাগুলি আবৃত থাকে, আমি সে-সকলের কথা বলিতেছি না। নানা ধর্মে যে-সকল বিবিধ মন্দির, ভাষা, ক্রিয়াকাণ্ড, শান্ত প্রভৃতির ব্যবহার হইয়া থাকে, আমি ভাছাদের কথা বলিভেছি না; আমি প্রভ্যেক ধর্মের ভিতরকার প্রাণবম্বর কথাই বলিতেছি। প্রত্যেক ধর্মের পশ্চাতে একটি করিয়া সারবস্থ বা 'আত্মা' আছে; এবং এক ধর্মের আত্মা অন্ত ধর্মের আত্মা হইতে পৃথক হইতে পারে; কিন্তু তাই বলিয়া ভাহারা কি একান্ত বিরোধী ? তাহারা পরস্পরকে খণ্ডন করে, না একে অপরের পূর্ণভা সম্পাদন করে ?— ইহাই প্রশ্ন। আমি যথন নিতান্ত বালক ছিলাম, তথন হইতে এই প্রশ্নটির আলোচনা আরম্ভ করিয়াছি এবং সারা জীবন ধরিয়া উহারই আলোচনা করিভেছি। আমার দিদ্ধান্ত হয়তো আপনাদের কোন উপকারে আদিতে পারে, এই মনে করিয়া উহা আপনাদের নিকট ব্যক্ত করিতেছি। আমার বিখাদ, ভাহারা পরস্পরের বিরোধী নয়, পরস্পরের পরিপূরক। প্রত্যেক ধর্ম যেন মহান সার্বভৌম সভ্যের এক একটি অংশ সইয়া ভাহাকে বান্তব রূপ প্রদান করিতে এবং আদর্শে পরিণত করিতে উহার সমস্ত শক্তি নিয়োজিত করিতেছে। স্তরাং ইহা মিলনের ব্যাপার—বর্জনের নয়, ইহাই বুঝিতে হইবে। এক-একটি বড় ভাব লইয়া সম্প্রদায়ের পর সম্প্রদায় গড়িয়া উঠিতেছে, এবং আদর্শগুলিকে পরস্পর সংযুক্ত করিতে হইবে। এইরপেই মানবজাতি উন্নতির দিকে অগ্রসর হইয়া থাকে। মাহ্য কথনও অম হইতে সভ্যে উপনীত হয় না, পরস্ত সভ্য হইতেই সভ্যে গমন করিয়া থাকে, নিয়তর সত্য হইতে উচ্চতর সত্যে আর্ঢ় হইয়া থাকে--কিন্ত কখনও ভ্ৰম হইতে সত্যে নয়। পুত্ৰ হয়তো পিতা অপেকা সমধিক গুণশালী হইয়াছে, কিন্তু তাই বলিয়া পিতা যে কিছু নন, তা তো নয়। পুত্রের মধ্যে পিতা তো আছেনই, অধিকস্ক আরও কিছু আছে। আপনার বর্তমান জ্ঞান যদি আপনার বাল্যাবস্থার জ্ঞান হইতে অনেক বেশী হয়, তাহা হইলে কি আপনি এখন সেই বাল্যাবস্থাকে ঘুণার চক্ষে দেখিবেন ? আপনি কি সেই অতীত অবস্থার দিকে তাকাইয়া উহাকে অকিঞিৎকর বলিয়া উড়াইয়া দিবেন ? ৰুঝিতেছেন না, আপনার সেই বাল্যকালের জানই আরও কিছু অভিজ্ঞতা দারা পুষ্ট হইয়া বর্তমান অবস্থায় পরিণত ইউয়াছে।

আবার ইহা তো সকলেই জানেন যে, একই জিনিসকে বিভিন্ন দিক্ হইতে দেখিয়া প্রায় বিরুদ্ধ সিদ্ধান্তে উপনীত হওয়া যাইতে পারে, কিন্তু সকল সিদ্ধান্ত একই বস্তুর আভাস দিয়া থাকে। মনে করুন, এক ব্যক্তি সুর্যের দিকে গমন করিতেছে এবং দে যেমন অগ্রসর হইতেছে, অমনি বিভিন্ন স্থান হইতে সূর্যের এক-একটি ফটোগ্রাফ লইতেছে। যথন সে ব্যক্তি ফিরিয়া আদিবে, তথন স্থের অনেকগুলি ফটে। আনিয়া আমাদের সম্মুখে রাখিবে। আমরা দেখিতে পাইব তাহাদের কোন ছইখানি ঠিক এক রকমের নয়, কিছ এ-কথা কে অধীকার করিবে যে, এগুলি একই সুর্যের ফটো—শুধু ভিন্ন ভিন্ন দিক হইতে গৃহীত? বিভিন্ন কোণ হইতে এই গির্জাটির চারখানি ফটো লইয়া দেখুন, তাহারা কত পৃথক দেখাইবে; অথচ তাহারা একই গির্জার প্রতিক্বতি। এইরূপে আমরা একই সভ্যকে এমন সব দৃষ্টিকোণ হইতে দেখিতেছি, যাহা আমাদের জন্ম, শিক্ষা, পারিপার্শিক অবস্থা প্রভৃতি অমুসারে ভিন্ন ভিন্ন হইয়া থাকে। আমরা সত্যকেই দেখিতেছি, তবে এই-সমৃদয় অবস্থার মধ্য দিয়া সেই সত্যের যতটা দর্শন পাওয়া সম্ভব, ততটাই পাইতেছি— তাহাকে আমাদের নিজ নিজ হৃদয়ের রঙে রঞ্জিত করিতেছি, আমাদের নিজ নিজ বৃদ্ধি দারা বুঝিতেছি এবং নিজ নিজ মন দারা ধারণা করিতেছি। আমরা সভ্যের শুধু সেইটুকুই বুঝিতে পারি, যেটুকুর সহিত আমাদের সম্বন্ধ আছে বা ষভটুকু গ্রহণের ক্ষমতা আমাদের আছে। এই হেতুই মাহুষ মাহুষে প্রভেদ হয়; এমন কি, কখন কখন সম্পূর্ণ বিরুদ্ধ মতেরও সৃষ্টি হইয়া থাকে; অথচ আমরা সকলেই সেই এক সর্বজনীন সত্যের অস্তর্ভু ক্ত।

অতএব আমার ধারণা এই যে, ভগবানের বিধানে এই সকল ধর্ম বিবিধ শক্তিরূপে বিকশিত হইয়া মানবের কল্যাণ-সাধনে নিরত রহিয়াছে; তাহাদের একটিও মরিতে পারে না—একটিকেও বিনষ্ট করিতে পারা যায় না। যেমন কোন প্রাকৃতিক শক্তিকে বিনষ্ট করা যায় না, সেইরূপ এই আধ্যাত্মিক শক্তিনিচয়ের কোন একটিরও বিনাশ সাধন করিতে পার। যায় না। আপনারা দেখিয়াছেন, প্রত্যেক ধর্মই জীবিত রহিয়াছে। সময়ে সময়ে ইহা হয়তো উন্নতি বা অবনতির দিকে অগ্রসর হইতে পারে। কোন সময়ে হয়তো ইহার সাজসজ্জার অনেকটা হ্রাস পাইতে পারে, কথনও উহা রাশীকৃত সাজসজ্জায় মণ্ডিত হইতে পারে; কিন্তু তথাপি উহার প্রাণবস্তু সর্বদাই

অব্যাহত রহিয়াছে; উহা কখনই বিনষ্ট হইতে পারে না। প্রত্যেক ধর্মের দেটি অন্তর্নিহিত আদর্শ, তাহা কখনই নষ্ট হয় না; স্থতরাং প্রত্যেক ধর্মই সজ্ঞানে অগ্রগতির পথে চলিয়াছে।

আর সেই সার্বভৌম ধর্ম, যাহার সম্বন্ধে সকল দেশের দার্শনিকগণ ও অক্তান্ত ব্যক্তি কত কল্পনা করিয়াছেন, ভাহা পূর্ব হইতেই বিভয়ান রহিয়াছে। ইহা এখানেই রহিয়াছে। সর্জনীন ভাতৃভাব ষেমন পূর্ব হইতেই রহিয়াছে, দেইরূপ দার্বভৌম ধর্মও রহিয়াছে। আপনাদের মধ্যে যাঁহারা নানা দেশ পর্যটন করিয়াছেন, তাঁহাদের মধ্যে কে প্রত্যেক জ্বাতির মধ্যেই নিজেদের ভাই-বোনের পরিচয় পান নাই ? আমি তো পৃথিবীর দর্বত্রই তাঁহাদিগকে পাইয়াছি। ভাতৃভাব পূর্ব হইতেই বিভামান বহিয়াছে। কেবল এমন কতকগুলি লোক আছে, যাহারা ইহা দেখিতে না পাইয়া নৃতনভাবে ভ্রাতৃত্ব প্রতিষ্ঠার জন্ম চীৎকার করিয়া বিশৃঙ্খলা আনয়ন করে। সার্বভৌম ধর্মও বর্তমা<mark>ন</mark> রহিয়াছে। পুরোহিতকুল এবং অগ্রাগ্য যে-সব লোক বিভিন্ন ধর্ম প্রচার করিবার ভার স্বতঃপ্রবৃত্ত হইয়া ঘাড়ে লইয়াছেন, তাঁহারা যদি দয়া করিয়া একবার কিছুক্ষণের জন্ম প্রচারকার্য বন্ধ রাখেন, তাহা হইলে আমরা দেখিতে পাইব, ঐ সার্বভৌম ধর্ম পূর্ব হইতেই রহিয়াছে। তাঁহারা বরাবরই উহাকে প্রতিহত করিতেছেন, কারণ উহাতেই তাঁহাদের লাভ। আপনারা দেখিতে পান, সকল দেশের পুরোহিতরাই অতিশয় গোড়া। ইহার কারণ কি ? খুব কম পুরোহিতই আছেন, যাঁহারা জনসাধারণকে পরিচালিত করেন; তাঁহাদের অধিকাংশই জনসাধারণ-দারা চালিত হন এবং তাহাদের ভূত্য ও ক্রীতদাস হইয়া পড়েন। যদি কেহ বলে, 'ইহা শুক্ষ', তাঁহারাও বলিবেন, 'হা শুষ'; যদি কেহ বলে, 'ইংা কালো', তাঁহারাও বলিবেন, 'হাঁ, ইহা কালো'। যদি জনদাধারণ উন্নত হয়, তাহা হইলে পুরোহিতরাও উন্নত হইতে বাধ্য। তাঁহারা পিছাইয়া থাকিতে পারেন না। স্থতরাং পুরোহিতদিগকে গালি দিবার পূর্বে—পুরোহিতগণকে গালি দেওয়া আজকাল একটা রীতি হইয়া দাঁড়াইয়াছে—আপনাদের নিজেদেরই গালি দেওয়া উচিত। আপনারা ওধু ভেমন জ্বিনিস্ট পাইতে পারেন, যাহার জ্বন্ত আপনারা যোগ্য। যদি কোন পুরোহিত নৃতন নৃতন উন্নত ভাব শিথাইয়া আপনাদিগকে উল্ভিন্ন পথে অগ্রদর করাইতে চান, তাহা হইলে তাঁহার দশা কি হইবে ? হয়তো তাঁহার পুত্রকন্সা অনাহারে মারা ষাইবে এবং তাঁহাকে ছিন্ন বন্ধ পরিধান করিয়া থাকিতে হইবে। আপনাদিগকে খে-সকল জাগতিক বিধি মানিতে হয়, তাঁহাকেও তাই করিতে হয়। তিনি বলেন, 'আপনারা যদি চলিতে থাকেন তো চলুন, আমরা সকলে আগাইয়া যাই।' অবশ্য এমন বিরল ছই চারি জন উচ্চ ভাবের মাহ্ম আছেন, যাঁহারা লোকমতকে ভয় করেন না। তাঁহারা সত্য অন্থভব করেন এবং একমাত্র সত্যকেই সার জ্ঞান করেন। সত্য তাঁহাদিগকে পাইয়া বদিয়াছে—খেন তাঁহাদিগকে অধিকার করিয়া লইয়াছে এবং তাঁহাদের অগ্রসর হওয়া ভিন্ন আর গত্যন্তর নাই। তাঁহারা কথনও পিছনে ফিরিয়া চাহেন না এবং লোকমত গ্রাহ্ণও করেন না। তাঁহাদের নিকট একমাত্র ভগবানই সত্য; তিনিই তাঁহাদের পথ-প্রদর্শক জ্যোতি এবং তাঁহারা দেই জ্যোতিরই অন্থ্যন করেন।

এদেশে (আমেরিকায়) আমার জনৈক মর্মন (Mormon) ভদ্রলোকের দহিত দাক্ষাৎ হইয়াছিল, তিনি আমাকে তাঁহার মতে **ল**ইয়া যাইবার জ**ন্** বিশেষ পীড়াপীড়ি করিয়াছিলেন। আমি বলিয়াছিলাম, 'আপনার মতের উপর আমার বিশেষ শ্রদা আছে, কিন্তু কয়েকটি বিষয়ে আমরা একমত নই। আমি সন্ন্যাসি-সম্প্রদায়ভুক্ত এবং আপনি বছবিবাহের পক্ষপাতী। ভাল কথা, আপনি ভারতে আপনার মত প্রচার করিতে যান না কেন?' ইহাতে তিনি বিশ্বিত হইয়া বলিলেন, 'কি রকম, আপনি ৷ৰবাহের আদৌ পক্ষপাতী নন, আর আমি বছবিবাহের পক্ষপাতী; তথাপি আপনি আমাকে আপনার দেশে ষাইতে বলিতেছেন!' আমি বলিলাম, 'হাঁ, আমার দেশ-বাদীরা দকল প্রকার ধর্মতই শুনিয়া থাকেন—তাহা যে-দেশ হইতেই আহক না কেন। আমার ইচ্ছা আপনি ভারতে যান; কারণ প্রথমত: আমি সম্প্রদায়সমূহের উপকারিতায় বিশ্বাস করি। বিতীয়ত: সেধানে এমন অনেক লোক আছেন, যাঁহারা বর্তমান সম্প্রদায়গুলির উপর আদৌ সম্ভষ্ট নন, এবং এই হেতু তাঁহারা ধর্মের কোন ধারই ধারেন না; হয়ভো তাঁহাদের কেহ কেহ আপনার মৃত গ্রহণ করিতে পারেন।' সম্প্রদায়ের সংখ্যা ষ্ডই অধিক হইবে, লোকের ধর্মলাভ করিবার সম্ভাবনা ততই বেশী হইবে। বে হোটেলে সব রকম থাবার পাওয়া যায়, সেখানে সকলেরই কুষাতৃপ্তির সম্ভাবনা আছে। স্তরাং আমার ইচ্ছা, সকল দেশে সম্পাদায়ের সংখ্যা

বাড়িয়া যাক, যাহাতে আরও বেশী লোক ধর্মজীবনলাভের স্থবিধা পাইতে পারে। এইরূপ মনে করিবেন না যে, লোকে ধর্ম চায় না। আমি তাহা বিখাদ করি না। ভাহাদের যাহা প্রয়োজন, প্রচারকেরা ঠিক ভাহা দিভে পারে না। যে লোক নান্তিক, জড়বাদী বা এ রকম একটা কিছু বলিয়া ছাপমারা হইয়া গিয়াছে, তাহারও যদি এমন কোন লোকের সহিত সাক্ষাৎ হয়, যিনি তাহাকে ঠিক তাহার মনের মতো আদর্শটি দেখাইয়া দিতে পারেন. তাহা হইলে সে হয়তো সমাজের মধ্যে একজন শ্রেষ্ঠ আধ্যাত্মিক অমুভূতি-সম্পন্ন লোক হইয়া উঠিবে। আমরা বরাবর ষেভাবে থাইতে অভ্যন্ত, দেভাবেই থাইতে পারি। দেখুন না, আমরা হিন্দুরা—হাত দিয়া থাইয়া থাকি, আপনাদের অপেক্ষা আমাদের আঙ্ল বেশী তৎপর, আপনারা ঠিক ঐভাবে আঙল নাড়িতে পারেন না। 😁 ধু থাবার দিলেই হইল না, আপনাকে উহা নি**জের ভা**বে গ্রহণ করিতে হইৰে। আপনাকে ভুধু কভকগু**লি** আধ্যাত্মিক ভাব দিলেই চলিবে না, আপনার পরিচিত ধারায় দেগুলি আপনার নিকট আসা চাই। সেগুলি যদি আপনার নিজের ভাষায় আপনার প্রাণের ভাষায় ব্যক্ত করা হয়, তবেই আপনার দস্তোষ হইবে। এমন কেহ যথন আদেন, যিনি আমার ভাষায় কথা বলেন এবং আমার ভাষায় উপদেশ দেন, আমি তথনই উহা বুঝিতে পারি এবং চিরকালের মতো সীকার করিয়া লই। ইহা একটা মন্ত বড় বান্তব সত্য।

ইহা হইতে দেখা যাইতেছে, কত বিভিন্ন স্তর এবং প্রকৃতির মানব-মন বহিয়াছে এবং ধর্মগুলির উপরেও কি গুরু দায়িত্ব নাস্ত রহিয়াছে। কেহ হয়তো হুই ভিনটি মতবাদ বাহির করিয়া বলিয়া বদিবেন যে, তাঁহার ধর্ম দকল লোকের উপযোগী হওয়া উচিত। তিনি একটি ছোট থাঁচা হাতে লইয়া ভগবানের এই জগজপ চিড়িয়াখানায় প্রবেশ করিয়া বলেন, 'ঈশর, হণ্ডী এবং অপর সকলকেই ইহার মধ্যে প্রবেশ করিতে হইবে। প্রয়োজন হইলে হন্তীটিকে টুকরা টুকরা করিয়া কাটিয়াও ইহার মধ্যে চুকাইতে হইবে।' আবার, হয়তো এমন কোন সম্প্রদায় আছে, যাহাদের মধ্যে কতকগুলি ভাল ভাল ভাব আছে। তাঁহারা বলেন, 'সকলকেই আমাদের সম্প্রদায়ভূক্ত হইবে!' 'কিন্তু সকলের ভো স্থান নাই!' 'কুছ পরোয়া নেই! তাঁগাদিগকে কাটিয়া হাটিয়া যেমন করিয়া পারো ঢোকাও। কারণ ভাহারা

ষদি না আদে, তাহারা নিশ্চয়ই উৎসন্ন যাইবে।' আমি এমন কোন প্রচারকদল বা সম্প্রদায় কোথাও দেখিলাম না, যাঁহারা স্থির হইয়া ভাবিয়া দেখেন, 'আচ্ছা, লোকে ধে আমাদের কথা শোনে না, ইহার কারণ কি ?' এরণ না করিয়া তাঁহারা কেবল লোকদের অভিশাপ দেন আর বলেন, লোকগুলো ভারি পাজী।' তাঁহারা একবার জিজ্ঞাসাও করেন না, 'কেন লোকে আমার কথায় কর্ণপাত করিতেছে না? কেন আমি তাহাদিগকে সভ্য দেখাইতে পারিতেছি না? কেন আমি তাহাদের ব্ঝিবার মতো ভাষায় কথা বলিতে পারি না? কেন আমি তাহাদের জ্ঞানচক্ষ্ উন্মীলিত করিতে পারি না ?' প্রকৃতপক্ষে তাহাদের আরও স্থবিবেচক হওয়া আবশুক। এবং যখন তাঁহারা দেখেন যে, লোকে তাঁহাদের কথায় কর্ণাত করে না, তথন যদি কাহাকেও গালাগালি দিতে হয় তো তাঁহাদের নিজেদের গালগালি দেওয়া উচিত। কিন্তু সব সময়ে লোকেরই যত দোষ! তাঁহার<mark>া ক</mark>থনও নিজেদের সম্প্রদায়কে বড় করিয়া সকল লোকের উপযোগী করিবার চেষ্টা করেন না। অতএব অংশ নিজেকে পূর্ণ বলিয়া সর্বদা দাবি করা, কুন্ত সসীম বস্তু নিজেকে অসীম বলিয়া সর্বদা জাহির করা-রূপ এত সঙ্কীর্ণতা জগতে কেন চলিয়া আদিতেছে, তাহার কারণ আমরা অতি সহজেই দেখিতে পাই। একবার সেই-সব ক্ষুদ্র ক্ষুদ্র সম্প্রদায়গুলির কথা ভাবিয়া দেখুন, ষেগুলি মাত্র কয়েক শতাকী আগে ভ্ৰাস্ত মান্ত-মন্তিষ্ক হইতে জাত হইয়াছে, অথচ ভগবানের অনস্ত সত্যের সমস্ত জানিয়া ফেলিয়াছে বলিয়া উদ্ধত স্পর্ধা করে। কতদূর প্রগল্ভতা একবার দেখুন! ইহা হইতে আর কিছু না হউক, এইটুকু বোঝা যায় যে, মাহুষ কত আত্মন্তরী! আর এই প্রকার দাবি যে বরাবরই ব্যর্থ হইয়াছে, তাহ। কিছুই আশ্চর্য নয় এবং প্রভুর ক্লপায় উহা চিরকালই ব্যর্থ হইতে বাধ্য। এই বিষয়ে মুদলমানেরা দকলকে ছাড়াইয়া গিয়াছিল। তাহারা তরবারির সাহায্যে প্রত্যেক পদ **অ**গ্রস হইয়াছিল—তাহাদের এক হস্তে ছিল কোরান, অপর হস্তে তরবারি; 'হয় কোরান গ্রহণ কর, নতুবা মৃত্যু আলিখন কর। আর অন্ত উপায় নাই! ইতিহাদ-পাঠক মাত্রেই জানেন, তাহাদের অভ্তপূর্ব দাফল্য হইয়াছিল। ছয়শত বংসব ধরিয়া কেহই তাহাদের গভিবোধ করিতে পারে নাই; কিন্তু পরে এমন এক সময় আসিল, যথন তাহাদিগকে অভিযান থামাইতে হইল। অপর কোনও ধর্ম যদি ঐরপ পছা অমুসরণ করে, তবে তাহারও একই দশা হইবে। আমরা এই প্রকার শিশুই বটে! আমরা মানৰপ্রকৃতির কথা সর্বদাই ভূলিয়া ঘাই। আমাদের জীবন-প্রভাতে আমরা মনে করি বে, আমাদের অদৃষ্ট একটা কিছু অদাধারণ রকমের হইবে এবং কিছুতেই এ-বিষয়ে আমাদের অবিখাদ আদে না। কিন্তু জীবনদন্ধ্যায় আমাদের চিন্তা অগ্রব্ধণ দাঁড়ায়। ধর্ম সম্বন্ধেও ঠিক এই কথা। প্রথমাবস্থায় ষ্থন ধর্ম-সম্প্রদায়গুলি একটু বিস্তৃতি লাভ করে, তথন ঐগুলি মনে করে, কয়েক বংসরেই সমগ্র মানবজাভির মন বদলাইয়া দিবে এবং বলপূর্বক ধর্মান্তরিত করিবার জ্বন্ত শত সহস্র লোকের প্রাণ বধ করিতে থাকে। পরে যথন অক্বতকার্য হয়, তথন ঐ সম্প্রদায়ের লোকদের চক্ষ্ খুলিতে থাকে। দেখা যায়, ঐগুলি যে উদ্দেশ লইয়া কার্যক্ষেত্রে অবতীর্ণ হইয়াছিল, তাহা ব্যর্থ হইয়াছে, 🤺 আর ইহাই জগতের পক্ষে অশেষ কল্যাণজনক। একবার ভাবিয়া দেখুন, যদি এই গোঁড়া সম্প্রদায়সমূহের কোন একটি সমগ্র পৃথিবী ছড়াইয়া পড়িত, তাহা হইলে আজ মাহুষের কি দশা হইত! ভগবানকে ধন্তবাদ যে, তাহারা কৃতকার্থ হয় নাই। তথাপি প্রত্যেক সম্প্রদায়ই এক-একটি মহান্ সভ্যের প্রতিনিধি 🚅 😅 ত্যেক ধর্মই কোন একটি বিশেষ উচ্চাদর্শের প্রতিভূ— উহাই তাহার প্রাণবস্ত। একটি পুরাতন গল্প মনে পড়িতেছে: কতকগুলি রাক্ষ্মী ছিল; তাহারা মাহুষ মারিত এবং নানাপ্রকার অনিষ্ট্রদাধন করিত। কিন্তু তাহাদিগকে কেহই মারিতে পারিত না। অবশেষে একজন খুঁজিয়া বাহির করিল যে, ভাহাদের প্রাণ কতকগুলি পাথির মধ্যে রহিয়াছে এবং যতক্ষণ ঐ পাথিগুলি বাঁচিয়া থাকিবে, ততক্ষণ কেহই রাক্ষদীদের মারিতে পারিবে না। আমাদের প্রভ্যেকেরও যেন এইরূপ এক-একটি প্রাণ-পক্ষী আছে, উহার মধ্যেই আমাদের প্রাণবস্তুটি রহিয়াছে। আমাদের প্রভ্যেকের একটি আদুর্শ—একটি উদ্দেশ্য রহিয়াছে, যেটি জীবনে কার্যে পরিণত করিতে হইবে। প্রত্যেক মামুষ্ট এইরূপ এক-একটি আদর্শ, এইরূপ এক-একটি উদ্দেশ্যের প্রতিমূর্তি। আর যাহাই নষ্ট হউক না কেন, ষডক্ষণ সেই আদর্শটি ঠিক আছে, যতক্ষণ দেই উদ্দেশ্য অটুট রহিয়াছে, ডভক্ষণ কিছুভেই আপনার বিনাশ নাই। সম্পদ আসিতে বা ষাইতে পারে, বিপদ পর্বতপ্রমাণ হইয়া উঠিতে পারে, কিছ আপনি যদি সেই লক্ষ্য অটুট রাখিয়া থাকেন, কিছুই

আপনার বিনাশসাধন করিতে পারে না। আপনি বৃদ্ধ হইতে পারেন, এমনকি শতায় হইতে পারেন, কিন্তু যদি সেই উদ্দেশ্য আপনার মনে উজ্জন এবং সতেজ্ব থাকে, তাহা হইলে কে আপনাকে বধ করিতে সমর্থ ? কিন্তু যথন সেই আদর্শ হারাইয়া যাইবে এবং সেই উদ্দেশ্য বিক্বত হইবে, তথন আর কিছুতেই আপনার রক্ষা নাই, পৃথিবীর সমস্ত সম্পদ, সমস্ত শক্তি মিলিয়াও আপনাকে রক্ষা করিতে পারিবে না। এবং জাতি আর কি—ব্যাষ্টর সমষ্টি বই তো নয় ? স্কতরাং প্রত্যেক জাতির একটি নিজম্ব উদ্দেশ্য আছে, যেটি বিভিন্ন জাতি-সম্বের স্থাঞ্জল অবস্থিতির পক্ষে বিশেষ দরকার, এবং যতদিন উক্ত জাতি সেই আদর্শকে ধরিয়া থাকিবে, ততদিন কিছুতেই তাহার বিনাশ নাই। কিন্তু যদি ঐ জাতি উক্ত আদর্শ পরিত্যাগ করিয়া অপর কোন লক্ষ্যের প্রতি ধাবিত হয়, তাহা হইলে তাহার জীবন ক্ষীণ হইয়া আসে এবং ইহা অচিরেই অন্তর্হিত হয়।

ধর্মের সম্বন্ধেও ঠিক এই কথা। এই-সকল পুরাতন ধর্ম যে আজিও বাঁচিয়া রহিয়াছে, ইহা হইতেই প্রমাণিত হইতেছে যে, এগুলি নিশ্চয়ই সেই উদ্দেশ্য অটুট রাধিয়াছে। ধর্মগুলির সম্দয় ভুলভান্তি, বাধাবিম্ন, বিবাদ-বিসংবাদ সত্ত্বেও দেগুলির উপর নানাবিধ অমুষ্ঠান ও নির্দিষ্ট প্রণালীর আবর্জনান্থপ সঞ্চিত হইলেও প্রত্যেকের প্রাণকেন্দ্র ঠিক আছে, উহা জীবস্ত হংপিত্তের ত্যায় স্পন্দিত হইতেছে—ধুক্ ধুক্ করিতেছে। ঐ ধর্মগুলির মধ্যে কোন ধর্মই, যে মহান্ উদ্দেশ্য লইয়া আসিয়াছে, তাহা হারাইয়া ফেলে নাই। আর দেই উদ্দেশ্যের সম্বন্ধে আলোচনা করা চমকপ্রদ। দৃষ্টাস্তম্বরূপ মুসলমানধর্মের কথাই ধরুন। খ্রীষ্টধর্মাবলম্বিগণ মুসলমান ধর্মকে যভ বেশী ঘুণা করে, এরূপ আর কোন ধর্মকেই করে না। তাঁহারা মনে করেন, এরূপ নিক্ট ধর্ম আর কথনও হয় নাই। কিন্তু দেখুন, ষধনই একজন লোক ম্দলমান ধর্ম গ্রহণ করিল, অমনি সমগ্র ইদলামী সমাজ তাহাকে জাতিবর্ণ-নির্বিশেষে ভ্রাতা বলিয়া বক্ষে ধারণ করিল। এরপ আর কোন ধর্ম করে না। এদেশীয় একজন বেড ইণ্ডিয়ান যদি মুদলমান হয়, ভাহা হইলে তুরস্কের স্ব্যানও তাহার সহিত একত্র ভোজন করিতে কুন্তিত হইবেন না এবং শে বৃদ্ধিমান হইলে যে-কোন উচ্চপদ-লাভে বঞ্চিত হইবে না। কিছু এদেশে আমি এ পর্যস্ত এমন একটিও গির্জা দেখি নাই, যেখানে খেতকায় ব্যক্তি ^ও

নিগ্রো পাশাপাশি নতজায় হইয়া প্রার্থনা করিতে পারে। এই কথাটি একবার ভাবিয়া দেখুন! ইসলাম ধর্ম তদস্তর্গত সকলব্যক্তিকে সমান চক্ষে দেখিয়া থাকে। স্থতরাং আপনারা দেখিতেছেন এইখানেই মুসলমান ধর্মের নিজক বিশেষ মহন্ত। কোরানের অনেকস্থলে মানবজীবন সম্বন্ধে নিছক ইহলোকিক কথা দেখিতে পাইবেন; তাহাতে ক্ষতি নাই। মুসলমান ধর্ম জগতে যে বার্তা প্রচার করিতে আসিয়াছে, তাহা সকল মুসলমান-ধর্মাবলমীদের মধ্যে কার্যে পরিণত এই ভাতভাব, ইহাই মুসলমান ধর্মের অত্যাবশ্যক সারাংশ, এবং স্বর্গ, জীবন প্রভৃতি অন্যান্ত বস্তু সম্বন্ধে ব্যুক্তি ঘ্রার্থন, সেগুলি মুসলমানধর্মের সারাংশ নয়, অন্ত ধর্ম হইতে উহাতে চুকিয়াছে।

হিন্দুদিগের মধ্যে একটি জাতীয় ভাব দেখিতে পাইবেন—তাহা আধ্যাত্মিকতা। জন্ম কোন ধর্মে—পৃথিবীর অপর কোন ধর্মপৃত্তকে ঈশবের স্বরূপ নির্ণয় করিতে এত অধিক শক্তিক্ষয় করিয়াছে, দেখিতে পাইবেন না। তাঁহারা এভাবে আত্মার স্বরূপ নির্দেশ করিতে চেটা করিয়াছেন, যাহাতে কোন পার্থিব সংস্পর্শই ইহাকে কল্ষিত করিতে না পারে। অধ্যাত্ম-তত্ম ভগবৎসভারই সমতৃল; এবং আত্মাকে আত্মারূপে ব্রিতে হইলে উহাকে কথনও মানবত্মে পরিণত করা চলে না।

সেই একত্বের ধারণা এবং সর্বব্যাপী ঈশবের উপলবিই সর্বদা সর্বত্র প্রচারিত হইয়াছে। তিনি স্বর্গে বাস করেন ইত্যাদি কথা হিন্দুদের নিকট স্থার উক্তি বই আর কিছুই নহে—উহা মুম্যু কর্তৃক ভগরানে মুম্যোচিত গুণাবলীর আরোপ মাত্র। যদি স্থা বলিয়া কিছু থাকে, তবে তাহা এখনই এবং এইখানে বর্তমান। অনস্তকালের মধ্যবর্তী যে-কোন মূহুর্ত স্থার যে-কোন মূহুর্তেরই মতো ভাল। যিনি ঈশরবিশাসী, তিনি এখনই তাহার দর্শন-লাভ করিতে পারেন। আমাদের মতে একটা কিছু প্রত্যক্ষ উপলব্ধি হইতেই ধর্মের আরম্ভ হয়; কতকগুলি মতে বিশাসী হওয়া কিংবা ব্রিহারা উহা শীকার করা, স্থাবা প্রকাশ্যভাবে ঘোষণা করাকে ধর্ম বলে না। ভগরান্ যদি থাকেন, তবে আপনি তাহাকে দেখিয়াছেন কি? যদি বলেন, না', তবে আপনার তাহাতে বিশাস করিবার কি অধিকার আছে? আর যদি আপনার ঈশবের অন্তিত্ব সন্বন্ধে সন্দেহ থাকে, তবে তাঁহাকে দেখিবার জন্ম প্রাণপণ চেষ্টা করেন না কেন ? কেন আপনি সংসার ত্যাগ করিয়া এই এক উদ্দেশসিদ্ধির জন্ম সমস্ত জীবন অতিবাহিত করেন না? ত্যাগ এবং আধ্যাত্মিকতা—এই চুইটিই ভারতের মহান্ আদর্শ এবং এ চুইটি ধরিয়া আছে বলিয়াই ভারতের এত ভুললাস্তিতেও বিশেষ কিছু যায় আদে না।

থীষ্টানদিগের প্রচারিত মূল ভাবটিও এই: অবহিত হইয়া প্রার্থনা কর, কারণ ভগবানের রাজ্য অতি নিকটে।—অর্থাং চিত্তভান্ধি করিয়া প্রস্তুত হও। আর এই ভাব কথনও নষ্ট হইতে পারে না। আপনাদের বোধ হয় মনে আছে যে, থ্রীষ্টানগণ ঘোর অন্ধকার্যুগেও-অতি কুসংস্কারগ্রস্ত থ্রীষ্টান দেশসমূহেও অপরকে সাহায্য করা, হাসপাতাল নির্মাণ করা প্রভৃতি সৎকার্যের দারা সর্বদা নিজেদের পবিত্র করিবার চেষ্টা করিয়া প্রভৃত্ব আগমন প্রতীক্ষা করিতেছেন। যতদিন পর্যন্ত তাহারা এই লক্ষ্যে থাকিবেন, ততদিন তাঁহাদের ধর্ম সঞ্জীব থাকিবে।

সম্প্রতি আমার মনে একটা আদর্শের ছবি জাগিয়া উঠিয়াছে। হয়তে। ইহা স্বপ্নাত্র। জানি না ইহা কখনও জগতে কার্যে পরিণত হইবে কি না। কিন্তু কঠোর বান্তবে থাকিয়া মরা অপেক্ষা কখন কখন স্বপ্ন দেখাও ভাল। স্বপ্নের মধ্যে প্রকাশিত হইলেও মহান সত্যগুলি অতি উত্তম, নিকৃষ্ট বান্তব অপেক্ষা তাহারা শ্রেষ্ঠ। অতএব একটা স্বপ্নই দেখা যাক না কেন!

আপনারা জানেন যে, মনের নানা শুর আছে। আপনি হয়তো সহজ্ঞানে আস্থাবান্ একজন বস্তুতান্ত্রিক যুক্তিবাদী; আপনি আচার-অন্ঠানের ধার ধারেন না। আপনি চান এমন সব প্রত্যক্ষ ও অকাট্য সত্য, যাহা যুক্তিদারা সমর্থিত এবং কেবল উহাতেই আপনি সস্তোষলাত করিতে পারেন। আবার পিউরিটান ও মুসলমানগণ আছেন, যাহারা তাঁহাদের উপাসনাস্থলে কোন প্রকার ছবি বা মুর্তি রাথিতে দিবেন না। বেশ কথা! কিন্তু আর এক প্রকার লোক আছেন, যিনি একটু বেশী শিল্পকলাপ্রিয়; ঈশ্বরলাভের সহায়রূপে তাঁহার অনেকটা শিল্পকলার প্রয়োজন হয়; তিনি চান স্থান্দর ও স্থাম নানা সরল ও বক্তরেখা এবং বর্ণ ও রূপ, আর চান ধৃপ, দীপ, অক্তান্ত প্রতীক ও বাহ্যোপকরণ। আপনি যেমন ঈশ্বরকে যুক্তি-বিচারের মধ্য দিয়া বুঝিতে পারেন, তিনিও তেমনি

তাঁহাকে ঐ সকল প্রতীকের মধ্য দিয়া ব্ঝিতে পারেন। আর একপ্রকার ভক্তিপ্রবণ লোক আছেন, যাঁহাদের প্রাণ ভগবানের জন্ম ব্যাকুল। ভগবানের পূজা এবং স্তবস্থতি করা ছাড়া তাঁহাদের অন্ম কোন চিম্বানাই। তাহার পর আছেন দার্শনিক, যিনি এই-সকলের বাহিরে দাড়াইরা তাহাদিগকে বিদ্রেপ করেন; তিনি মনে করেন, কি সব ব্যর্থ প্রয়াস! ঈশর সম্বন্ধে কি সব অন্তুত ধারণা।

তাঁহারা পরস্পরকে উপহাস করিতে পারেন, কিন্তু এই জগতে প্রত্যেকেরই একটা স্থান আছে। এই-সকল বিভিন্ন মন, এই-সকল বিচিত্র ভাবাদর্শের প্রয়োজন আছে, যদি কথনও কোন আদর্শ ধর্ম প্রতিষ্ঠার সন্তাবনা থাকে, তবে তাহাকে এরপ উদার এবং প্রশন্তহ্বদয় হইতে হইবে, যাহাতে উহা এই-সকল বিভিন্ন মনের উপযোগী থাত যোগাইতে পারে। এ ধর্ম জ্ঞানীর হৃদয়ে দর্শন-স্থলভ দূঢ়তা আনিয়া দিবে, এবং ভক্তের হৃদয় ভক্তিতে আপ্লুত করিবে। আফুষ্ঠানিককে ঐ ধম উচ্চতম প্রতীকোপাসনালভা সমৃদয় ভাবরাশিলারা চরিতার্থ করিবে, এবং কবি যতথানি হৃদয়োচ্ছাস ধারণ করিতে পারে, কিংবা আর যাহা কিছু গুণরাশি আছে, তাহার ঘারা সেকবিকে পূর্ণ করিবে। এইরপ উদার ধর্মের স্কৃষ্টি করিতে হইলে আমাদিগকে ধর্মসমূহের অভ্যাদয়কালে ফিরিয়া যাইতে হইবে এবং ঐগুলি সবই গ্রহণ করিতে হইবে।

অতএব গ্রহণই আমাদের মূলমন্ত্র হওয়া উচিত—বর্জন নয়। কেবল পরমতসহিষ্ণুতা নয়—উহা অনেক সময়ে ঈশর-নিন্দারই নামান্তর মাত্র; গুতরাং আমি উহাতে বিশাস করি না। আমি 'গ্রহণে' বিশাসী। আমি কেন পরধর্মসহিষ্ণু হইতে যাইব ? পরধর্মসহিষ্ণুতার মানে এই যে, আমার মতে আপনি অভায় করিতেছেন, কিন্তু আমি আপনাকে বাচিয়া থাকিতে বাধা দিতেছি না। তোমার আমার মতো লোক কাহাকেও দয়া করিয়া বাঁচিতে দিতেছে, এইরপ মনে করা কি ভগবিষ্ধানে দোষারোপ করা নয় ? অতীতে যত ধর্মসম্প্রদায় ছিল, আমি সবগুলিই সভ্য বলিয়া মানি এবং ভাহাদের সকলের সহিতই উপাসনায় যোগদান করি। প্রত্যেক সম্প্রদায় যে ভাবে ঈশরের আরাধনা করে, আমি তাহাদের প্রত্যেকের সহিত ঠিক সেই ভাবে তাঁহার আরাধনা করি। আমি মৃশলমানদিগের

মদজিদে ষাইব, এটানদিগের গির্জায় প্রবেশ করিয়া কুশবিদ্ধ ঈশার সমুখে নতজাত্ব হইব, বৌদ্ধদিগের বিহারে প্রবেশ করিয়া বুদ্ধের ও তাঁহার ধর্মের শরণ লইব, এবং অরণ্যে গমন করিয়া সেই-সব হিন্দুর পার্যে ধ্যানে মগ্ন হইব, যাঁহারা সকলের হৃদয়-কন্দর-উদ্ভাসনকারী জ্যোতির দর্শনে সচেট।

ভাধ তাহাই নয়, ভবিশ্বতে ষে-দকল ধর্ম আদিতে পারে তাহাদের জ্ञাও আমার হৃদয় উন্মুক্ত বাধিব। ঈশরের বিধিশান্ত কি শেষ হইয়া গিয়াছে, অথবা উহা চিরকালব্যাপী অভিব্যক্তিরূপে আজও আত্মপ্রকাশ করিয়া চলিয়াছে? জগতের আধ্যাত্মিক অভিব্যক্তিরূপে আজও আত্মপ্রকাশ করিয়া চলিয়াছে? জগতের আধ্যাত্মিক অভিব্যক্তির্ম্মহের এই যে লিপি, ইহা এক অভ্তুত পুন্তক। বাইবেল, বেদ ও কোরান এবং অন্তান্ত ধর্মগ্রহসমূহ যেন ঐ পুন্তকের এক একখানি পত্র, এবং উহার অসংখ্য পত্র এখনও অপ্রকাশিত রহিয়াছে। সেই দব অভিব্যক্তির জন্ত আমি এ-পুন্তক খুলিয়াই রাখিব। আমরা বর্তমানে দাঁড়াইয়া ভবিশ্বতের অনন্ত ভাবরাশি গ্রহণের জন্ত প্রন্থিক। আতীতে যাহা কিছু ঘটিয়াছে, সে-দবই আমরা গ্রহণ করিব, বর্তমানের জ্ঞানালোক উপভোগ করিব এবং ভবিশ্বতেও যাহা উপস্থিত হইবে, ভাহা গ্রহণ করিবার জন্ত হৃদয়ের সকল বাতায়ন উন্মুক্ত রাখিব। অভীতের ঋষিকুলকে প্রণাম, বর্তমানের মহাপুক্তম্বদিগকে প্রণাম এবং যাহারা ভবিশ্বতে আদিবেন, তাঁহাদের সকলকে প্রণাম।

আত্মা, ঈশ্বর ও ধর্ম

অভাতের স্থার্থ ধারার মধ্য দিয়া শত শত যুগের একটি বাণী আমাদের নিকট ভাগিয়া আগিতেছে—দেই বাণী হিমালয় ও অরণ্যের মুনি-ঋষিদের বাণী; সেই বাণী সেমিটিক জাতিদের নিকটও আবিভূতি হইয়াছিল, বুদদেব ও অন্তান্ত ধর্মবীরগণের মধ্য দিয়া প্রকাশিত হইয়াছিল; সেই বাণী সেই-দব মানবের নিকট হইতে আসিতেছে, যাহারা এমন এক আন-জ্যোভিতে উদ্ভাসিত ছিলেন, যাহা এই পৃথিবীর আরম্ভ হইতেই মাসু:যর সহ্চরক্সপে বিভ্যমান ছিল; মাত্র্য ষেধানেই যাক, দেখানেই উহা প্রকাণ পায় এবং দর্বদা মাসুষের সঙ্গে সঙ্গে থাকে; সেই বাণী এখনও আমাদের নিকট আসিতেছে। এই বাণী সেই-সব পর্বতনিঃস্ত ক্সুক্রকায়া স্রোত্তিনীর মতো, ষেশুলি এখন অদৃশ্য, হয়তো আবার ধরতরবেগে প্রবাহিত হইয়া পরিশেষে একটি বিশাল শক্তিশালী বক্তায় পরিণত হয়। জগতের সকল জাতি ও সম্প্রদায়ের ঈশবাদি**ট ও পবিত্রাত্মা নরনারীর মৃথ হইতে যে বাণী**সমূহ আমরা পাইতেছি, দেগুলি নিজ নিজ শক্তি সমিলিত করিয়া আমাদিগকে ভেরীনিনাদে অভীভের বাণীই ভনাইভেছে। আমাদের লক্ক প্রথম বাণী: ভোমাদের এবং সকল ধর্মের শাস্তি হউক। ইহা প্রতিঘন্দিভার বাণী নয়, পরস্ক ঐক্যবদ্ধ ধর্মের কথা। আহ্ন আমরা প্রথমেই এই বাণীর তাৎপর্য আলোচনা করি।

বর্তমান যুগের প্রারম্ভে এইরূপ আশকা হইয়াছিল বে, ধর্মের ধ্বংস এবার অবশুজ্ঞাবী। বৈজ্ঞানিক সবেষণার তীব্র আঘাতে পুরাতন কুসংস্কারগুলি চীনামাটির বাসনের মতো চূর্গ-বিচূর্গ হইয়া ঘাইতেছিল। যাহারা ধর্মকে কেবল মতবাদ ও অর্থল্য অনুষ্ঠান বলিয়া মনে করিত, তাহারা কিংকর্তব্য-বিমৃত্ হইয়া গেল; ধরিয়া রাধার মতো কিছুই তাহারা খুঁ জিয়া পাইল না। এক সময়ে ইহা অনিবার্থ বলিয়া বোধ হইল বে, জড়বাদ ও অজ্জেয়বাদের উত্তাল তরক সম্মুখের সকল বস্তকে ক্রতবেগে ভাসাইয়া লইয়া যাইবে। ভাহাদের মধ্যে অনেকেই নিজেদের মনোভাব প্রকাশ করিতে সাহস করিল না। অনেকেই এ বিষয়ে নিরাশ হইল এবং ভাবিল বে, ধর্ম এবার চিরদিনের

মতো লোপ পাইল। কিন্তু স্রোভ আবার ফিরিয়াছে এবং উহার উদ্ধারের উপায় আসিয়াছে ৷—সেটি কি ? সে উপায়টি ধর্মসমূহের তুলনামূলক আলোচনা। বিভিন্ন ধর্মের অফুশীলনে আমরা দেখিতে পাই যে, দেগুলি মূলত: এক। বাল্যকালে এই নান্তিকতার প্রভাব আমার উপরও পড়িয়াছিল এবং এক সময়ে এমন বোধ হইয়াছিল যে, আমাকেও ধর্মের সকল আশা ভরদা ত্যাগ করিতে হইবে। কিন্তু ভাগ্যক্রমে আমি এটান, মুদলমান, বৌদ্ধ প্রভৃতি ধর্ম অধ্যয়ন করিলাম এবং আশ্চর্য হইলাম, আমাদের ধর্ম বেং-সকল মূলতত্ব শিক্ষা দেয়ে, অভাভ ধর্মও অবিকল সেইগুলিই শিক্ষা দেয়ে। ইহাতে আমার মনে এই প্রকার চিস্তার উদয় হইল: সত্য কী? এই জগৎ কি সত্য ? উত্তর পাইলাম—হাঁ, সত্য। কেন সত্য ?—কারণ আমি ইহা দেখিতেছি। যে-সব মনোহর স্থললিত কণ্ঠম্বর ও যহসদ্বীত আমরা এইমাত্র শুনিলাম, সে-দব কি দত্য ?—ইা, দত্য ; কারণ আমরা তাহ। শুনিয়াছি। আমরাজানি যে, মাহুষের একটি শরীর আছে, হুটি চক্ষু ও হুটি কর্ণ আছে এবং তাহার একটি আধ্যান্মিক প্রকৃতিও আছে, যাহা আমরা দেখিতে পাই না। এই আধ্যাত্মিক বৃত্তির সাহায্যেই সে বিভিন্ন ধর্মের অফুশীলনের ফলে বুঝিতে পারে যে, ভারতের অরণ্যে ও খ্রীষ্টানদের দেশে যত ধর্মমত প্রচারিত হইয়াছে, দেগুলি মূলত: এক। ইহার ফলে আমরা এই দভোই উপনীত হুই বে, ধর্ম মানব-মনের একটি স্বভাবদিদ্ধ প্রয়োজন। কোন এক ধর্মকে সভ্য বলিতে হইলে অপর ধর্মগুলিকেও সভ্য বলিয়া মানিতে হয়। দৃষ্টাত্তস্বৰূপ ধকন, আমার ছয়টি আঙুল আছে, কিন্তু অন্ত কাহারও ঐক্প নাই; তাহা হইলে আপনারা বেশ বুঝিতে পারেন যে, ইহা অস্বাভাবিক। কেবল একটি ধর্ম সত্য আর অহা ধর্মগুলি মিখ্যা—এই বিভগুর সমাধানেও ঐ একই যুক্তি প্রদর্শিত ২ইতে পারে। জগতে মাত্র একটি ধর্ম সত্য বলিলে উহা ছয় আঙুল-বিশিষ্ট হাতের মতো অসাভাবিকই হইবে। স্বতরাং দেখা গেল যে, একটি ধর্ম সভ্য হইলে অপরশুলিও অবশ্য সভ্য হইবে। গৌণ অংশগুলি সম্বন্ধে পার্থক্য থাকিলেও মূলত: সেগুলি সব এক। যদি আমার পাঁচ আঙল সভ্য হয়, তবে ভাহা দাবা প্রমাণিত হয়—তোমার পাঁচ আঙুলও সভ্য।

মাহ্র বেখানেই থাকুক, তাহার একটি ধর্মবিখাস থাকিবেই, সে ভাহার ধর্মভাবের পরিপুষ্টি করিবেই। জগতের বিভিন্ন ধর্ম আলোচনা করিয়া আর একটি সত্য দেখিতে পাওয়া যায় বে, আত্মা ও ঈশয় সহদে ধারণার তিনটি বিভিন্ন তার আছে। প্রথমতঃ সকল ধর্মই স্বীকার করে, এই নশর শরীর ছাড়া (মাছবের) আর একটি অংশ বা অন্ত কিছু আছে, যাহা শরীরের মতো পরিবর্তিত হয় না; তাহা নির্বিকার, শাখত ও অয়ত। কিন্ত পরবর্তী কয়েকটি ধর্মের মতে—যদিও ইহা সত্য বে, আমাদের একটা অংশ অমর, তথাপি কোন না কোন সময়ে ইহার আরন্ত হইয়াছে। কিন্ত যাহার আরন্ত আছে, তাহার নাশ অবশ্য আছে। আমাদের অর্থাৎ আমাদের মূল সভার কথনও আরন্ত হয় নাই, কথন অন্তও হইবে না। আমাদের সকলের উপরে—এই অনন্ত সন্তারও উপরে 'ঈথর'-পদব্টিয় আর একজন অনাদি পুরুষ আছেন, যাহার অন্ত নাই। লোকে জগতের স্প্রতি মানবের আরন্তের কথা বলিয়া থাকে, কিন্ত জগতের 'আরন্ত' কথাটির অর্থ তথু একটি কল্লের আরন্ত। ইহা দারা কোথাও সমগ্র বিশ্বজগতের আরন্ত বুঝায় না। স্প্রের যে আরন্ত থাকিতে পারে—ইহা অসন্তব। আদিকাল বলিয়া কোন কিছুর ধারণা আপনাদের মধ্যে কেহই করিতে পারেন না। যাহার আরন্ত আছে, তাহার শেষ আছেই। ভগবদলীতা বলেন:

ন ছেবাহং জাতু নাসং ন ছং নেমে জনাধিপা:। ন চৈব ন ভবিয়াম: সর্বে বয়মত:পরম্॥'

— অর্থাৎ পূর্বে যে আমি ছিলাম না, এমন নয়; তুমি যে ছিলে না, এমন
নয়; এই নূপতিগণ যে ছিলেন না, তাহাও নয় এবং আমরা সকলে যে পরে
থাকিব না, তাহাও নয়। যেখানেই স্প্রীর প্রারম্ভের কথার উল্লেখ আছে,
সেখানে কল্লারভই ব্ঝিতে হইবে। দেহের মৃত্যু আছে, কিন্তু আত্মা চির
অমর।

আত্মার এই ধারণার সহিত ইহার পূর্ণতা সম্বন্ধে আরও কতকগুলি ধারণা আমরা দেখিতে পাই। আত্মা শ্বরং পূর্ণ। ইছদীদের ধমগ্রন্থ এ-কথা শ্বীকার করে যে, মাহ্র্য প্রথমে পবিত্র ছিল। মাহ্র্য নিজের কর্মের হারা নিজেকে অশুদ্ধ করিয়াছে, ভাহাকে ভাহার সেই পুরাতন প্রকৃতি অর্থাৎ পবিত্র শ্বভাবকে আবার পাইতে হইবে। কেহু কেহু এই সকল কথা রূপকাকারে,

১ गैंजा, २। ১२

গল্পছলে ও প্রতীক অবলম্বনে বর্ণনা করিয়া থাকেন। কিন্তু আমরা এই কথাগুলিকে বিশ্লেষণ করিলে দেখিতে পাই, উহাদের সকলেরই এই এক উপদেশ—
আত্মা স্বভাবতঃ পূর্ণ এবং মাসুষকে তাহার সেই মৌলিক শুদ্ধ স্বভাব প্রায়
লাভ করিতেই হুইবে। কি উপায়ে ?— ঈশ্বামুভূতির দ্বারা; ঠিক ষেমন
ইছদীদের বাইবেল বলে, 'ঈশ্বের পুত্রের মধ্য দিয়া না হুইলে কেহই তাঁহাকে
দেখিতে পাইবে না।' ইছা হুইতে কি বুঝা যায় ? ঈশ্বনদর্শনই সকল
মানব-জীবনের উদ্দেশ্য ও লক্ষ্য। পিতার সহিত এক হুইবার পূর্বে পুত্রুছ
অবশ্য আদিবে। মনে রাখিতে হুইবে, মাসুষ তাহার নিজ কর্মদোবে তাহার
শুদ্ধ ভাব হারাইয়াছে। আমরা যে কন্তু পাই, তাহা আমাদের নিজেদের
কর্মফলে। ইহার জন্ম ভগবান্ দোষী নন। এই-সব ধারণার সহিত পুনর্জন্মবাদের
আছেল সম্বন্ধ। পাশ্চাভাগণের হন্তে অলহানি হন্তরার পূর্বে এই মত্রাদটি
সর্বজনীন ছিল।

আপনাদের মধ্যে কেহ কেহ পুনর্জন্মবাদ সম্বন্ধে শুনিয়াছেন, কিন্তু ইহাকে খীকার করেন নাই। 'মানবাত্মা অনাদি অনস্ত'—এই অপর মতবাদটির সহিত জনান্তরবাদের ধারণা অঙ্গান্ধিভাবে চলিয়া আসিতেছে। যাহা কোনধানে আসিয়া শেষ হয়, তাহা অনাদি হইতে পারে না এবং যাহা কোনস্থান হইতে আরম্ভ হয়, তাহাও অনস্ত হইতে পারে না। মানবাত্মার উৎপত্তিরূপ ভয়াবহ অসম্ভব ব্যাপার আমরা বি<mark>শাস করিতে পারি না</mark>। জ্মান্তরবাদে আত্মার স্বাধীনতার কথা বিঘোষিত হয়। মনে করুন, ইহা স্নিশি তরূপে স্বীকৃত হইল যে, আদি বলিয়া একটা জিনিদ আছে। ভাহা হইলে মাহুষের মধ্যে ৰত অপবিত্রতা আছে, তাহার দায়িত্ব ভগবানের উপব আসিয়া পড়ে। অসীম করুণাময় জগৎ-পিতা ভাহা হইলে সংসারের সমৃদ্য পাপের জন্ম দায়ী! পাপ যদি এইভাবেই আসিয়া থাকে, তাহা হইলে একজন অত্যের অপেকা অধিক পাপ ভোগ করিবে কেন ? যদি অসীম করুণাময় ঈশবের নিকট হইতেই যাহা কিছু সব আসিয়া থাকে, ভবে এত পক্ষণাত কেন? কেনই বা লক লক লোক পদদলিত হয় ? তুৰ্ভিক-স্টির জন্ম বাহারা দায়ী নয়, তাহারা কেন অনাহারে মরে 🔈 ইহার জন্ম দায়ী কে ? ইহাতে মাহুষের কোন হাত না থাকিলে ভগবান্কেই নিশ্চিতরূপে দায়ী করিতে হয়। স্কুতরাং ইহার উৎকৃষ্টতর ব্যাখ্যা এই যে, কাহারও ভাগ্যে ^{হে-}

দকল তৃ:খভোগ হয়, তাহার জন্ম দে-ই দায়ী। কোন চক্রকে যদি আমি গভিশীল করি, তাহার ফলের জন্ম আমিই দায়ী এবং আমি যখন আমার তৃ:খ উৎপন্ন করিতে পারি, তখন তাহার নিবৃত্তিও আমিই করিতে পারি। অতএব এই নিশ্চিত দিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, আমরা খাধীন। অদৃষ্ট বলিয়া কোন কিছু নাই। আমাদিগকে বাধ্য করিবার কিছুই নাই। আমরা নিজেরা যাহা করিয়াছি, আমরা ভাহার নিবৃত্তিও করিতে পারি।

এই মতবাদের সম্পর্কে একটি যুক্তি আমি দিতেছি; ইহা কিছু জটিল বলিয়া আপনাদিগকে একটু ধৈর্য অবলম্বনপূর্বক শুনিতে অহুরোধ করি। অভিজ্ঞতা হইডেই আমরা সর্ব প্রকার জ্ঞান লাভ করিয়া থাকি—ইহাই একমাত্র উপায়। যাহাকে আমরা অভিজ্ঞতা বলি, তাহা আমাদের চিত্তের জ্ঞানভূমিতে ঘটিয়া থাকে। উদাহরণস্বরূপ দেখুন—একটি লোক পিয়ানো বাজাইভেছে, সে জ্ঞাতসারে প্রভ্যেক স্থরের চাবির উপর তাহার প্রতিটি আঙুল রাখিতেছে। এই প্রক্রিয়াটি দে বার বার করিতে থাকে, ষতক্ষণ না ঐ অঙ্গুলি-সঞালন-ব্যাপারটি অভ্যাদে পরিণত হয়। পরে সে প্রত্যেক চাবির দিকে বিশেষ দৃষ্টি না দিয়াও একটি হুর বাজাইতে পারে। দেইরূপে আমাদের নিজেদের সহন্ধেও আমরা দেখিতে পাই যে, অতীতে আমরা সজ্ঞানে বে-দব কাজ করিয়াছি, তাহারই ফলে আমাদের বর্তমান সংস্থাবসমূহ রচিত হইয়াছে। প্রত্যেক শিশু কতকগুলি সংস্থার লইয়া জন্মায়। দেগুলি কোথা হইতে আদিল ? জন হইতে কোন শিশু একেবারে সংস্থার**শৃ**ক্ত মন লইয়া আদে না, অর্থাৎ ভাহার মন লেখাজোখাছীন সাদা কাগজের মতো থাকে না। পূর্ব হইভেই দে কাগজের উপর লেখা হইয়া গিয়াছে। প্রাচীন গ্রীস ও মিশরের দার্শনিকগণ বলেন, কোন শিশু শৃক্ত মন শইয়া জনায় না। শিশুমাত্রই অভীতে সজ্ঞানকৃত শত শত কর্মের সংস্থার লইয়া জগতে আদে। এগুলি সে এ-জন্মে অর্জন করে নাই এবং আমরা স্বীকার করিতে বাধ্য বে, দেগুলি সে পূর্ব পূর্ব জন্মে অর্জন করিয়াছিল। ঘোরতর জড়বাদীকেও খীকার করিতে হইরাছে বে, এই সংস্থারসমূহ পূর্ব পূর্ব জন্মের কর্মসমূহের ফলে উংপন্ন হয়। তাঁছারা কেবল এইটুকু বেশী বলেন, উহা বংশাহক্রমে ^{স্কারিত} হইয়া থাকে; আমাদের পিতা-মাতা, পিতামহ, পিতামহী, প্রণিতামহ, প্রণিতামহীগণ বংশাফ্রুমিক নিয়মাফ্র্নারে আমাদের মধ্যে বাস

করিতেছেন। কেবল বংশপরস্পরা স্থীকার করিলেই যদি এ-সকল বিষয়ের ব্যাখ্যা হইয়া যায়, ভাহা হইলে আর আত্মায় বিশাস করিবার কোনই প্রয়োজন নাই। কারণ শরীর-অবলম্বনেই আজকাল সব ব্যাখ্যা হইতে পারে। জড়বাদ ও অধ্যাত্মবাদের বিভিন্ন বিচার ও আলোচনার খুঁটিনাটির মধ্যে যাইবার এখন আমাদের প্রয়োজন নাই।—-যাহারা ব্যষ্টি-আত্মায় বিশাস করেন, তাঁহাদের জন্য এভদূর পর্যন্ত অর্থ বেশ পরিক্ষার হইয়া গিয়াছে।

আমরা দেখিয়াছি যে, কোন যুক্তিপূর্ণ সিদ্ধান্তে উপনীত হইতে হইলে আমাদিগকে অবশ্রই স্বীকার করিতে হইবে যে, আমাদের পূর্বজন্ম ছিল। পুরাতন ও আধুনিক বিখ্যাত দার্শনিক ও সাধুমহাপুরুষদের ইহাই বিশাদ। ইহুদীরাও এরপ মত বিশ্বাস করিত। ভগবান্ বীশুও ইহাতে বিশ্বাসী ছিলেন। বাইবেলে তিনি বলিতেছেন, 'আবাহামের পূর্বেও আমি বর্তমান ছিলাম।' এবং অক্তর পাওয়া যায়—'ইনিই সেই ইলিয়াস, যাহার আগমনের কথা ছিল।'

যে বিভিন্ন ধর্মসমূহ বিভিন্ন দেশে বিভিন্ন অবস্থা ও আবেষ্টনীর মধ্যে উডুত হইয়াছিল, দেগুলির আদি উৎপত্তিস্থল এশিয়া মহাদেশ এবং এশিয়াবাদীরাই সেগুলি বেশ ভালোরপে বৃঝিতে পারে। ঐ ধর্মসমূহ যথন উৎপত্তি-স্থলের বাহিরে প্রচারিত হইল, তথন সেগুলি অনেক ভ্রাস্ত মতের সহিত মিশ্রিত হইয়া পড়িল। এইটান ধর্মের অতি গভীর ও উদারভাব ইওরোপ কথনও ধরিতে পারে নাই। কারণ বাইবেল-প্রণেতাগণের ব্যবহৃত ভাব, চিস্তাধারা ও রূপক্ষমূহের সহিত তাহার। সম্পূর্ণ অপরিচিত ছিল। ম্যাডোনার প্রতিক্তিটিকে উদাহরণশ্বরূপ ধরুন। প্রত্যেক শিল্পী মাাডোনাকে খীয় হাদয়গত পূর্বধারণাস্থায়ী চিত্রিত করিয়াছেন। আমি যী**ভ**গ্রীষ্টের শেষ নৈশভোজনের শত শত ছবি দেখিয়াছি; প্রত্যেকটিতে তাঁহাকে একটি টেবিলে ধাইতে বদানো হইয়াছে, কিন্তু তিনি কখনও টেবিলে খাইতে বদিতেন না। তিনি সকলের সঙ্গে আসনপিঁড়ি হইয়া বসিতেন, আর একটি বাটিতে কটি ভুবাইয়া উহা খাইভেন। আপনারা যে কটি এখন খান, উহা ভাহার মতো নয়। এক জাতির পক্ষে অপর জাতির বহু শতাকী যাবৎ অপরিচিত প্রথাসকল বুঝিতে পারা বড় কঠিন। গ্রীক, রোমান ও অন্তান্ত জাতির দ্বারা সংসাধিত পরিবর্তন ও পরিবর্ধনের পর ইছদী প্রথাসমূহ বুঝিতে পারা ইওরোপবাসীদের

নিকট কতই না শক্ত ব্যাপার! যে-দকল অলোকিক ব্যাপার ও পোরাণিক আখ্যারিকা ঘারা যীওর ধর্ম পরিবৃত রহিয়াছে, দেগুলির মধ্য হইতে লোকে যে ঐ স্থলর ধর্মের অতি দামান্তমাত্র মর্ম হাদরঙ্গম করিতে পারিয়াছে এবং উহাকে কালে একটি দোকানদারের ধর্মে পরিণত করিয়াছে, তাহাতে আচর্য হইবার কিছুই নাই।

এখন আসল কথায় আসা যাক্। আমরা দেখিলাম-সকল ধর্মই আত্মার অমরত্বের কথা বলে, কিন্তু সঙ্গে সঙ্গে ইহাও শিক্ষা দেয় যে, আত্মার পূর্ব **জ্যোতি হ্রাদ পাই**য়াছে এবং ঈশ্ববাহুভূতি **বা**রা উহার সেই আদি বিশুদ্ধ স্বভাবের পুনক্ষার করিছে হইবে। এখন এই-সকল ভিন্ন ভিন্ন ধর্মে ঈশ্বের ধারণা কিরূপ ? সর্বপ্রথমে ঈশ্বর সম্বন্ধে ধারণা অতি অস্পষ্টই ছিল। অতি প্রাচীন জাতিরা বিভিন্ন দেবদেবীর উপাদনা করিত—সূর্য, পৃথিবী, অগ্নি, জল (বরুণ) ইত্যাদি। প্রাচীন ইত্দী ধর্মে আমরা দেখিতে পাই, এইরূপ অসংখ্য দেবতা নৃশংসভাবে প্রস্পের যুদ্ধ করিভেছেন। তারপর পাই ইলোহিম দেৰতাকে, থাহাকে ইছদী ও ব্যাবিলনবাসী উভয়েই পূজা করিত। পরে ইহাও দেখিতে পাওয়া যায় যে, একজন ভগবান্কে দর্বাপেকা শ্রেষ্ঠ বলিয়া মানা হইতেছে, কিন্তু বিভিন্ন জাতির বিভিন্ন ধারণাহ্যবায়ী ঈশবের ধারণাও বিভিন্ন ছিল। প্রত্যেকেই ভাহাদের দেবতাকে সর্বশ্রেষ্ঠ বলিয়া দাবি করিত এবং যুদ্ধ করিয়া ভাহা প্রমাণ করিতে চেষ্টা করিত। তাহাদের মধ্যে যে জাতি যুক্তে শ্রেষ্ঠ হইত, সে ঐ ভাবেই নিজ্ঞ দেবভার শ্রেষ্ঠত্ব প্রমাণ করিত। সেই-সব জাভি প্রায়শঃ অসভ্য ছিল। কিন্তু ক্রমশঃ উচ্চতর ধারণাসমূহ প্রাচীন ধারণার স্থান অধিকার করিল। এখন সেই-সব পুরাতন ধারণা আর নাই, েটুকু বা আছে, তাহা অদার বলিয়া পরিভ্যক্ত হইতেছে। পূর্বোক্ত সকল ধর্মই শত শত বর্ষের ক্রমবিকাশের ফল, কোনটিই আকাশ হইতে পড়ে নাই। প্রত্যেককে একটু একটু করিয়া অগ্রসর হইতে হইয়াছিল। তারপর একেশ্ববাদের ধারণা আসিল, ঐ মতে ঈশ্বর এক এবং ডিনি সর্বজ্ঞ ও স্ব্ৰক্তিমান্, তিনি বিখের বাহিরে অর্গে বাস করেন। তিনি প্রাচীন উদ্ভাবকগণের সুলৰুদ্ধি অহুষায়ী এইক্রপেই বণিত হইলেন, যথা: 'তাঁহার দিকিণ ও বাম পার্যন্তম আছে, তাঁহার হতে একটি পাথি আছে'—ইভ্যাদি।

কিন্তু একটি বিষয়ে আমরা স্পষ্ট দেখিতে পাই যে, গোণ্ঠা-দেবভারা চিরকালের জন্ম লুপ্ত হইয়াছেন এবং তাঁহাদের স্থানে বিশ্বস্থাণ্ডের এক অদ্বিতীয় ঈশ্বর স্থীকৃত হইয়াছেন। তিনি সর্বদেবেশ্বর। এই স্তরেও তিনি বিশাতীত, তিনি ত্রভিগম্য, কেহ তাঁহার নিকটে ষাইতে পারে না। কিন্তু ধীরে ধীরে এই ধারণাটিও পরিবর্তিত হইয়া গেল এবং ঠিক তার পরের স্তরে আমরা দেখিতে পাই এমন এক ঈশ্বর, যিনি সর্বত্ত প্রত্থোত রহিয়াছেন।

নিউ টেস্টামেণ্টে আছে, 'হে আমাদের স্বর্গবাসী পিতা'; এখানেও এক ভগবানের কথা, যিনি মহয় হইতে দূরে স্বর্গে বাস করেন। আমরা পৃথিবীতে বাস করিতেছি এবং তিনি স্বর্গে বাস করিতেছেন। আরও অগ্রসর হইয়া আমরা এব্ধণ শিক্ষা দেখিতে পাই যে, ঈশ্বর চরাচর প্রকৃতিতে ওতপ্রোতভাবে আছেন। তিনি যে কেবল স্বর্গের ঈশ্বর তাহা নয়, তিনি পৃথিবীরও ঈশ্বর। তিনি আমাদের অন্তর্ধামী ভগবান্। হিন্দু দর্শনশাম্বেরও একটি স্তরে ভগবান্কে ঠিক এইভাবেই আমাদের অতি নিকটবর্তী বলা হইয়াছে। হিন্দু দর্শন এই পর্যন্ত গিয়া শেষ হইয়া যায় নাই; ইহার পরেও অবৈতের একটি শুর আছে। এই অবস্থায় মানব উপলব্ধি করিতে পারে, যে ঈশরকে—যে ভগবান্কে সে এতদিন উপাদনা করিয়া আদিতেছে, তিনি কেবলমাত্র স্বর্গ ও পৃথিবাস্থ পিতা নন, পরস্ত 'আমি ও আমার পিতা এক'—আত্মস্থ হইয়া যে ইহা উপলব্ধি করে, দে স্বয়ং ঈশ্বর, কেবল প্রভেদ এই যে, সে তাঁহার একটি নিয়তর একাশ। আমার মধ্যে যাহা কিছু যথার্থ বস্তু, তাহাই তিনি এবং তাঁহার মধ্যে যাহা সভ্য, ভাহাই আমি। এইরূপেই ঈশর ও মানবের মধ্যবর্জী পার্থক্য দুরীভূত হয়। এই প্রকারে আমরা ৰুঝিতে পারিদাম, কিরূপে ঈশবকে জানিলে স্বর্গবাজ্য আমাদের অস্তবে আবিভূতি হয়।

প্রথম অর্থাৎ বৈতাবস্থায় মাহ্ম বোধ করে, সে জন্, জেমস্বা টম ইত্যাদি নামধেয় একটি ক্ষুদ্র ব্যক্তিজ্বসম্পন্ন আত্মা এবং সে বলে, সে অনস্তকাল ধরিয়া ঐ জন্, জেমস্ ও টমই থাকিয়া যাইবে, কখনই অভ কিছু হইবে না। কোন খুনী আদামী যদি বলে, 'আমি চিরকাল খুনীই থাকিয়া যাইব', ইহাও যেন ঠিক সেইরূপ বলা হইল। কিন্তু কালের পরিবর্তনে টম অদৃশ্য হইয়া সেই থাটি আদি মানব-আদ্মেই ফিরিয়া যায়। পবিত্রাত্মারাই থক্ত, কারণ তাঁহারাই ঈশরকে দর্শন করিবেন। আমরা কি ঈশরকে জানিতে পারি ? অবশ্রই পারি না। আমরা কি ঈশরকে জানিতে পারি ? নিশ্চয়ই নয়। ঈশর যদি জ্ঞাতই হন, তাহা হইলে তিনি আর ঈশরই থাকিবেন না। জানা মানেই সীমাবদ্ধ করা। কিন্তু 'আমি ও আমার পিতা এক'। আত্মাতেই আমি আমার বান্তব পরিচয় পাই। কোন কোন ধর্মে এই-সকল ভাব প্রকাশিত হইয়াছে। কোন কোন ধর্মে ইহার ইলিত-মাত্র আছে। আবার কোনটিতে ইহা একেবারে বর্জিত হইয়াছে। গ্রীটের ধর্ম এখন এদেশে খুব কম লোকের বোধগম্য; আমাকে ক্ষমা করিবেন—আমি বলিতে চাই, তাঁহার উপদেশ এদেশে কোনকালেই উত্তমক্রণে বোধগম্য হয় নাই।

পবিত্রতা ও পূর্ণতাপ্রাপ্তির জন্ম ক্রমোন্নতির বিভিন্ন দোপানের সবগুলিই অত্যাবশ্রক। ধর্মের বিভিন্ন পদ্ধতিগুলি মূলে একই রূপ ধারণা বা ভাবের উপর প্রতিষ্ঠিত। যীশু বলিতেছেন: 'স্বর্গরাক্ষ্য তোমাদের অশ্বরে বিশ্বমান', আবার বলিভেছেন, 'আমাদের স্বর্গন্থ পিতা।' আপনারা কিরুপে এই উপদেশ তুইটির সামঞ্জ্য করিবেন ? কেবল নিয়োক্তরূপে ইহার সামঞ্জ করিভে তিনি অশিক্ষিত জনসাধারণের নিকট অর্থাৎ ধর্মবিষয়ে অঞ লোকদের শেষোক্ত উপদেশ দিয়াছেন। তাহাদিগকে তাহাদের ভাষাতেই উপদেশ দেওয়ার প্রয়োজন ছিল। সাধারণ লোক চায় কতগুলি সহজবোধ্য ধারণা—এমন কিছু, যাহা ইন্সিয়ের দ্বারা অহভেব করা বায়। কেহ হয়তো জগতে শ্রেষ্ঠ দার্শনিক হইতে পারেন, কিন্তু তথাপি ধর্ম-বিষয়ে ডিনি হয়তো শিশুমাত্র। মানব যখন উচ্চ আধ্যাত্মিক অবস্থা লাভ করে, ত্বন বুঝিতে পারে যে, স্বর্গরাক্ষ্য তাঁহার অস্তরেই রহিয়াছে। তাহাই যথার্থ মনোরাজ্য--- স্বর্গরাজ্য। এইরূপে আমরা দেখিতে পাই যে, প্রত্যেক ধর্মে ষে-সকল আপাতবিরোধ ও জটিলতা প্রতীত হয়, তাহা ভধু তাহার জ্যোরতির বিভিন্ন ভারের স্চনা করে। সেইত্তু ধর্মবিশাস সম্বন্ধ কাহাকেও নিন্দা করিবার অধিকার আমাদের নাই। ধর্মের ক্রমবিকাশের পথে এমন ^{দ্ব} স্তর আছে, যাহাতে মূর্তি ও প্রতীক আবশ্রক হইয়া থাকে। জীব ঐ ^{ষ্বস্থায়} এ**রূপ ভাষা বুঝিতেই সম**র্থ।

আর একটি কথা আপনাদিগকে জানাইতে চাই—ধর্ম-অর্থে কোন দন-গড়া মত বা দিল্ধান্ত নয়। আপনারা কি অধ্যয়ন করেন অধবা কি

মতবাদ বিশ্বাস করেন, তাহাই প্রধান বিচার্য বিষয় নয়, বরং আপনি কি উপলব্ধি করেন, তাহাই জ্ঞাতব্য। 'পবিত্রাত্মারাই ধল্য, কারণ তাহাদের ঈশব-দর্শন হইবে।'—ঠিক কথা, এই জীবনেই দর্শন হইবে; আর ইহাই তো মৃক্তি। এমন সম্প্রদায় আছে, যাহাদের মতে শাল্তবাক্য লপ করিলেই মৃক্তি পাওয়া যাইবে। কিন্তু কোন মহাপুরুষ এক্ষপ শিক্ষা দেন নাই যে, বাহ্য আচার-অহ্যানগুলি মৃক্তিলাভের পক্ষে অত্যাবশ্যক। মৃক্ত হওয়ার শক্তি আমাদের মধ্যেই আছে। আমরা ব্রন্ধেই অবস্থিত এবং ব্রন্ধেইই মধ্যে আমাদের সব ক্রিয়াদি চলিতেছে।'

মতবাদ ও সম্প্রদায় প্রভৃতির প্রয়োজন আছে, কিন্তু সে-সৰ শিশুদের জক্ত। উহাদের প্রয়োজন সাময়িক। শাস্ত্র কথনও আধ্যাত্মিকভার জন্ম দেয় নাই, বরং আধ্যাত্মিকতাই শাস্ত্র হৃষ্টি করিয়াছে—এ-কথা যেন আমরা না ভূলি। এ-পর্যস্ত কোন ধর্মপুন্তক ঈশ্বরকে সৃষ্টি করিতে পারে নাই, কিন্তু ঈশরই সকল উচ্চতম শান্ত্রের উদ্দীপক। আরু এ-পর্যস্ত কোন ধর্মপুস্তক আত্মাকে সৃষ্টি করে নাই--এ-কথাও যেন ভুলিয়া না ষাই। সকল ধর্মের শেষ লক্ষ্য—আত্মাতেই ঈশ্বর দর্শন করা। ইহাই একমাত্র স্বজনীন ধর্ম। ধর্মমত্সমূহের মধ্যে স্বজনীন বলিয়া যদি কিছু থাকে, ভাহা হইলে এই ঈশবাহভৃতিকে আমি এখানে উহার স্থলাভিষিক করিতে চাই। আদর্শ ও রীতিনীতি ভিন্ন হইতে পারে, কিন্তু এই ঈশ্বাহভৃতিই কেন্দ্র-বিন্দ্ররূপ। সহস্র ব্যাসার্ধ থাকিতে পারে, কিন্তু উহারা এক কেন্দ্রে মিলিত হয় এবং উহাই ঈশ্বদর্শন ; ইহা এই ইন্দ্রিয়-গ্রাহ্ম জগতের অতীত বম্ব--ইহা চিরকাল পান, ভোজন, রুধা বাক্যবায় এবং এই ছায়াবং মিধ্যা ও স্বার্থপূর্ণ জগতের বাহিরে। এই সম্দন্ন গ্রন্থ, ধর্মবিখাদ ও জগতের দকল প্রকারের অদার আড়ম্বরের উর্দের ঐ এক বস্ত রহিয়াছে, আর উহাই হইল তোমার অন্তরে ঈশরাহভৃতি। একজন লোক পৃথিবীর বিভিন্ন সম্প্রদায়ের মতবাদে বিশাদী হইতে পারে, এ-পর্যন্ত যতপ্রকার ধর্মপুস্তক প্রণীত হইয়াছে, তাহা সব স্মরণ রাখিতে পারে, এবং পৃথিবীতে সকল নদীর পৃতবারিতে নিঞ্চেকে অভিষিক্ত করিতে পারে,

১ তথা দ্বাণি ভূতানি মংস্থানীত্যুপধারয়।—গীতা, ৯।৬

কিন্ত যদি তাহার ঈশবাহভৃতি না হয়, তবে তাহাকে আমি ঘোর নান্তিক বলিয়াই গণ্য করিব। অপর একজন যদি কখনও কোন গির্জা বা মসজিদে প্রবেশ না করিয়া থাকেন, কোনও ধর্মামুষ্ঠান না করিয়া থাকেন, অথচ অন্তরে ঈশবকে অহভব কৰিয়া থাকেন এবং ভদ্ধারা এই জগতের অসার আড়মবের উধের উত্থিত হইয়া ধাকেন, তবে তিনিই মহাত্মা, তিনিই সাধু—বা যে কোন নামে ইচ্ছা তাঁহাকে অভিহিত করিতে পারেন। যথন দেখিবে--কেহ বলিভেছে, 'কেবলমাত্র আমিই ঠিক, আমার সম্প্রদায়ই ষথার্থ পথ ধরিয়াছে এবং অপর সকলে ভুল করিতেছে', তখন জানিবে তাহাইই সব ভুল। সে জানে না যে, অপর মতসমূহের প্রামাণ্যের উপর ভাহার মতের সত্যতা নির্ভর করিতেছে। সমৃদয় মানবজাতির প্রতি প্রেম ও সেবাই ঠিক ঠিক ধার্মিকতার লোকে ভাবের উচ্ছাদে যে বলিয়া থাকে, 'দকল মাত্ম্যই আমার ভাই', আমি তাহা লক্ষ্য করিয়া এ-কথা বলিতেছি না; কিন্তু ইহাই বলিতে চাই ষে, সমস্ত মানবজীবনের একত্বাহুভূতি হওয়া আৰখক। সকল সম্প্রদায় ও ধর্মবিশাদই ততক্ষণ অতি স্থন্দর, এবং আমি দেগুলিকে আমার বলিয়া খীকার করিতে রাজী আছি, ষভক্ষণ ভাহারা অপরকে অখীকার না করে, ষভক্ষণ ভাহারা সকল মানবসমাজকে ষথার্থ ধর্মের দিকেই পরিচালিভ করিতেছে। আমি আরও বলিতে চাই যে, কোন সম্প্রদায়ে জন্মগ্রহণ করা ভাল, কিন্তু উহারই গণ্ডির মধ্যে মরা ভাল নয়। শিশু হইয়া জন্মগ্রহণ করা ভাল বটে, কিন্তু আমরণ শিশু থাকিয়া যাওয়া ভাল নয়। ধর্মসম্প্রদায়, আচার-অহুঠান, প্রতীকাদি শিশুদের জ্ব্য ভাল, কিন্তু শিশু যথন বয়:প্রাপ্ত ইটবে, তথনই ভাহাকে হয় ঐ গণ্ডিদমূহের বা নিজের শি**ভাবের স**ম্পূর্ণ বাহিরে চলিয়া **ষাইভে হইবে। চিরকাল শিশু থাকা আমাদের কোনক্রমেই** ভাল ইহা যেন বিভিন্ন বয়দের ও আকারের শরীরে একটি মাপের জামা পরাইবার চেষ্টার মতো। আমি জগতে সম্প্রদায় থাকার নিন্দা করিভেছি না। ঈশ্র করুন---আবও তুই-কোটি সম্প্রদায় হউক, তাহা হইলে পছন্দমত আপন আপন উপৰোগী ধৰ্মমত নিৰ্বাচনের অধিক স্থবিধা থাকিবে। কিন্তু একটি-মাত্র ধর্মকে যথন কেছ সকলের পক্ষে থাটাইতে চায়, তথনই আমার শাপত্তি। যদিও সকল ধর্ম পরমার্থতঃ এক, তথাপি বিভিন্ন জাতির বিভিন্ন ^{অব}হায় সঞ্জাত বিভিন্ন আচার-অহুষ্ঠান থাকিবেই। আমাদের প্রভ্যেকেরই একটি ব্যক্তিগত ধর্ম, অর্থাৎ বাহ্য প্রকাশের দৃষ্টিতে একটা নিজস্ব ধর্ম থাক। আবশ্যক।

্বহু বংদর পূর্বে আমি আমার জন্মভূমিতে অতীব শুদ্ধভাব এক দাধ্
মহাত্মাকে দর্শন করিতে গিয়াছিলাম। আমরা আমাদের স্বয়্সভূ বেদ,
আপনাদের ধর্মগ্রন্থ বাইবেল, কোরান এবং দকল প্রকার স্বপ্রকাশ ধর্মগ্রন্থ
সম্বন্ধে আলোচনা করিলাম। আমাদের আলোচনার শেষে দেই সাধ্টি
আমাকে টেবিল হইতে একথানি পুত্তক আনিতে আজ্ঞা করিলেন। এই
পুত্তকে অক্তাক্ত বিষয়ের মধ্যে দেই বংদরের বর্ধণ-ফলাফলের উল্লেখ ছিল।
সাধ্টি আমাকে উহা পাঠ করিতে বলিলেন এবং আমি উহা হইতে বৃষ্টিপাতের পরিমাণটি তাঁহাকে পড়িয়া শুনাইলাম। তথন তিনি বলিলেন—
'এখন তৃমি পুত্তকটি একবার নিঙড়াইয়া দেখ তো?' তাঁহার কথামত
আমি এরূপ করিলাম। তিনি বলিলেন—'কই বংদ! একফোঁটা জ্লপ
যে পড়িতেছে না! যতক্ষণ পর্যন্ত না জল বাহির হয়, ততক্ষণ পর্যন্ত উহা
পুত্তকমাত্র; সেইরূপ যতদিন পর্যন্ত তোমার ধর্ম ডোমাকে ঈশ্বর উপলব্ধি
না করায়, ততদিন উহা বৃধা। যিনি ধর্মের জন্ত কেবল গ্রন্থ পাঠ করেন,
তাঁহার অবস্থা ঠিক যেন একটি গর্দভের মতো, যাহার পিঠে চিনির বোঝা
আছে, কিন্তু সে উহার মিষ্টভের কোনও খবর রাথে না।'

মাস্থকে কি এই উপদেশ দেওয়া উচিত যে, সে হাঁটু গাড়িয়া কাঁদিতে বহুক আর বলুক, 'আমি অতি হতভাগ্য ও পাপী'? না, তাহা না করিয়া বরং তাহার দেবত্বের কথা শরণ করাইয়া দেওয়া উচিত। আমি একটি গল্প বলিতেছি। শিকার-অয়েষণে আসিয়া এক সিংহী একপাল মেষ আক্রমণ করিল। শিকার ধরিবার জন্ম লাফ দিতে গিয়া সে একটি শাবক প্রদব করিয়া সেখানেই মৃত্যুমুখে পতিত হইল। সিংহশাবকটি মেষপালের সহিত বর্ধিত হইতে লাগিল। সে ঘাস খাইত এবং মেয়ের মতো ডাকিত। সে মোটেই জানিত না ষে, সে সিংহ। একদিন এক সিংহ সবিশ্বয়ে দেখিল ষে, মেষপালের মধ্যে একটি প্রকাণ্ড সিংহ ঘাস খাইতেছে এবং মেষের মজো ডাকিতেছে। ঐ সিংহকে দেখিয়া মেষের পাল এবং সেই সঙ্গে ঐ সিংহটিও পলায়ন করিল। কিন্তু সিংহটি স্ক্যোগ শুঁজিতে লাগিল, এবং একদিন মেষ-সিংহটিকে নিন্তিত দেখিয়া ভাহাকে জাগাইয়া

বলিল—'তুমি সিংহ'। সে বলিল 'না', এই বলিয়া মেষের মতো ডাকিতে লাগিল। কিন্তু আগন্তক সিংহটি তাহাকে একটি হ্রদের ধারে লইয়া গিয়া জলের মধ্যে ভাহাদের নিজ্প প্রতিবিদ্ধ দেখাইয়া বলিল, 'দেখ তো, ভোমার আফৃতি আমার মতো কিনা ?' সে তাহার প্রতিবিদ্ধ দেখিয়া স্থীকার করিল ধে, ভাহার আফৃতি সিংহের মতো। তারপর সিংহটি গর্জন করিয়া দেখাইল এবং ভাহাকে সেইরপ করিতে বলিল। মেষ-সিংহটিও সেইরপ চেষ্টা করিতে লাগিল এবং শীঘ্রই তাহার মতো গন্তীর গর্জন করিতে পারিল। এখন সে আর মেষ নয়, সিংহ। বন্ধুগণ, আমি আপনাদের সকলকে বলিতে চাই বে, আপনারা সকলে সিংহের মতো পরাক্রমশালী। যদি আপনাদের গৃহ অন্ধকারারত থাকে, ভাহা হইলে কি আপনারা বুক চাণড়াইয়া 'অন্ধকার, অন্ধকার' বলিয়া কাঁদিতে থাকিবেন? তাহা নয়। আলো পাইবার একমাত্র উপার আলো জালা, তবেই অন্ধকার চলিয়া যাইবে। উর্ধের আলো পাইবার একমাত্র উপার অন্তরের মধ্যে আধ্যাত্মিক আলো জালা। তবেই পাপ ও অপবিত্রতারূপ অন্ধকার দ্রীভূত হইবে। তোমার উচ্চ প্রকৃতির বিষয় চিন্তা কর; হীনতার কথা ভাবিও না।

বৈদিক ধর্মাদর্শ

আমাদের সর্বাপেকা প্রয়োজন ধর্মবিষয়ক চিন্তা--আত্মা, ঈশ্বর এবং ধর্ম-সম্পর্কীয় যা কিছু কথা। আমরা বেদের সংহিতার কথা বলিব। সংহিতা-অর্থে স্থোত্ত-সংগ্রহ—এগুলিই প্রাচীনতম আর্থ-সাহিত্য; যথাযথ-ভাবে বলিতে গেলে এগুলিকে পৃথিবীর প্রাচীনতম সাহিত্য বলিতে হইবে। এগুলি অপেকা প্রাচীনতর সাহিত্যের নিদর্শন ইতস্ততঃ বিক্ষিপ্ত থাকিতে পারে, কিন্তু দেগুলিকে ঠিকঠিক গ্রন্থ বা সাহিত্য আখ্যা দেওয়া চলে না। সংগৃহীত গ্রন্থ-হিসাবে পৃথিবীতে এগুলি প্রাচীনতম এবং এগুলিভেই আর্থ-জাতির সর্বপ্রথম মনোভাব, আকাজ্জা, রীতি-নীতি সম্বন্ধে যে-সব প্রশ্ন উঠিয়াছে, দে-দব চিত্রিত আছে। একেবারে প্রথমেই আমরা একটি অম্ভুত ধারণা দেখিতে পাই। এই স্থোত্রসমূহ বিভিন্ন দেবতার উদ্দেশে রচিত স্থতিগান। হ্যাভিসম্পন্ন, তাই 'দেবতা'। তাঁহারা সংখ্যায় অনেক—ইন্দ্র, বরুণ, মিত্র, পর্জন্য ইত্যাদি। আমরা একটির পর একটি বছবিধ পৌরাণিক ও ক্লপক মূর্তি দেখিতে পাই। দৃষ্টাস্তক্ষরণ বজ্রধর ইন্দ্র—মাহুষের নিকট বারিবর্ষণে বিম্ব-উৎপাদনকারী দর্পকে আঘাত করিতেছেন। তারপর তিনি বজ্রনিক্ষেণ করিলে সর্প নিহত হইল, অঝোর ধারায় রুষ্টি পড়িতে লাগিল। ভাহাতে সম্ভুষ্ট হইয়া মানুষেরা ইন্দ্রকে যজাহুতি দারা আরাধনা করিতেছে। তাহারা যজ্ঞকুণ্ডে অগ্নি স্থাপন করিয়া দেখানে পশু বধ করিতেছে, শলাকার উপরে উহা পক করিয়া ইন্দ্রকে নিবেদন করিতেছে। তাহাদের একটি দর্বজনপ্রিয় 'দোমলতা' নামক ওষধি ছিল; উহা বে ঠিক কি, তাহা এখন আর কেহই জানে না, উহা একেবারে লোপ পাইয়াছে, কিন্তু গ্রন্থপাঠে আমরা জানিতে পারি, উহা নিম্পেষণ করিলে ছ্গ্ণবং একপ্রকার রস বাহির হইত্, রস গাঁজিয়া উঠিত; আরও জানা যায়, এই সোমরদ মাদক দ্রব্য। ইহাও দেই আর্থেরা ইন্দ্র ও অন্তান্ত দেবভাগণের উদ্দেশে নিবেদন করিত এবং নিজেরাও পান করিত। কখন কখন তাহারা এবং দেবগণ একটু বেশী মাত্রাভেই পান করিতেন। ইন্দ্র কথন কথন সোমরদ পান করিয়া মত্ত হইয়া পড়িতেন। ঐ গ্রন্থে এরপও লেখা আছে: এক সময়ে ইন্দ্র এত অধিক সোমরস পান

করিয়াছিলেন যে, তিনি অদংলগ্ন কথা বলিতে লাগিলেন। বরুণদেবভারও একই গতি। তিনি আর এক অতিশয় শক্তিশালী দেবতা এবং ইন্দ্রের মতো তাঁহার উপাসকগণকে রক্ষা করেন: উপাসকগণও সোম আছতি দিয়া তাঁহার ন্তুতি করেন। রণদেবতা (মরুৎ) ও অপর দেবগণের ব্যাপারও এইরূপ। কিন্তু অগ্রাক্ত পৌরাণিক কাহিনী হইতে ইহার বিশেষত্ব এই যে, এই-সব দেবতার প্রত্যেকের চরিত্রে অনস্তের (অনস্ত শক্তির) ভাব রহিয়াছে। এই অনস্ত কথন কথন ভাবরূপে চিত্রিত, কখন আদিত্যরূপে বর্ণিত, কখন বা অন্যান্ত দেবভাদের চরিত্রে আরোপিত। ইন্দ্রেরই কথা ধরুন। বেদের কোন কোন অংশে দেখিতে পাইবেন, ইন্দ্র মাহুষের মতো শরীরধারী, অতীব শক্তিশালী, কথন স্বৰ্ণ-নিৰ্মিত-বৰ্মপরিহিত, কখন বা উপাসকগণের নিষ্ট অবতরণ করিয়া তাহাদের সহিত আহার ও বদবাদ করিতেছেন, অস্বরগণের সহিত যুদ্ধ করিতেছেন, দর্পকুলের ধ্বংদ করিতেছেন ইত্যাদি। আবার একটি ভোত্তে দেখিতে পাই, ইন্দ্ৰকে উচ্চ আসন দেওয়া হইয়াছে; তিনি সর্বশক্তিমান্, সর্বত্র বিভাষান এবং সর্বজীবের অন্তর্দ্রন্তা। বরুণদেবতার সম্বন্ধে এই রূপ বলা হইয়াছে —ইনিও ইন্দের মতো অন্তরীকের দেবতা ও বৃষ্টির অধিপতি। তারপর সহসা দেখিতে পাই, তিনি উচ্চাদনে উন্নীত; তাঁহাকে দৰ্বব্যাপী ও দৰ্বশক্তিমান্ প্ৰভৃতি বলা হইতেছে। আমি ভোমাদৈর নিকট বক্ষণদেবের সর্বশ্রেষ্ঠ চরিত্র ধেরূপে বর্ণিভ হইয়াছে, দেই দম্বন্ধে একটি স্থোত্ত পাঠ করিব, ভাহাতে ভোমরা ৰুঝিতে পারিবে, আমি কি বলিভেছি। ইংরেজীতেও কবিতাকারে ইহা অনুদিত হইয়াছে।

আষাদের কার্যন্ত উচ্চ হ'তে দে, ধবারে পান,
বেন অতি নিকটেই প্রভুদেব সর্বশক্তিমান্।
বিদিও মানুষ রাবে কর্মচন্ন অতীব গোপন,
বুর্গ হ'তে দেবগণ হেরিছেন সব অমুক্ষণ।
বে-কেহ দাঁড়ায়, নড়ে, গোপনেতে বার স্থানাস্তর,
ক্ষনিভূত কক্ষে পশে, দেবভার দৃষ্টি ভার'পর।
উভয়ে মিলিয়া যেথা বড়যন্ত্র করে ভাবি মনে,
কেহ না হেরিছে দোঁহে, মিলিয়াছে অতি সন্দোপনে।
ভূতীয় বক্ষণদেব সেই স্থানে করি অবস্থান,
হুরভিদ্ধির কথা জ্ঞাত হন সর্বশক্তিমান্।

এই যে বয়েছে বিশ—অধিপতি তিনি গো ইহার, ওই যে হেরিছ নভঃ স্থবিশাল দীমাহীন তাঁর। বাজিছে তাঁহারই মাঝে অস্তহীন ছটি পারাবার, তবু ক্ষুদ্র জলাশয় রচেছেন আগার তাঁহার। বাঞ্ছা বার আছে মনে উঠিবারে উচ্চ গগনেতে, বক্ষণের হস্তে তার অব্যাহতি নাই কোনমতে। নভঃ হ'তে অবতরি চরগণ তাঁর নিরস্থর, করিছে ল্মণ অতিক্রত সারা পৃথিবীর 'পর। দ্র দ্রতম স্থানে লক্ষ্য তারা করিছে সতত, পরীক্ষাকৃশল নেত্র বিস্ফারিত করি শত শত।'

অকাক্ত দেবতা সম্বন্ধেও এইরূপ অসংখ্য দৃষ্টান্ত প্রদর্শিত হইতে পারে। তাঁহারা একের পর এক সেই একই অবস্থা লাভ করেন। প্রথমে তাঁহার। অগ্রভম দেবতারণে আবাধিত হন, কিন্তু তারপর দেই পরমসভারণে গৃহীত হন, যাঁহাতে সমগ্র জগৎ অবস্থিত, মিনি প্রত্যেকের অন্তর্ধামী ও বিশ্বস্নাণ্ডের শাসনকর্তা। বরুণদেব সম্বন্ধে কিন্তু আর একটি ধারণা আছে। উহার অঞ্বর মাত্র দেখা গিয়াছিল, কিন্তু আর্যগণ শীঘ্রই উহা দমন করিয়াছিলেন— উহা 'ভীতির ধারণা'। অন্য একর্ছলৈ দেখা যায়—তাঁহারা ভীত, তাঁহারা পাপ করিয়া বরুণের নিকট ক্ষমাপ্রার্থী। সেই ধারণাগুলি ভারতভূমিতে বাড়িতে দেওয়া হয় নাই, ইহার কারণ পরে বুঝিতে পারিবেন। কিন্তু উহার বীজন্তুলি নষ্ট হয় নাই, অঙ্গুরিত হইবার চেষ্টা করিতেছিল—'উহা ভয় ও পাপের ধারণা'। আপনারা সকলেই জানেন যে, এই ধারণাকে 'একেশ্ব-বাদ' বলা হয়। এই একেশ্ববাদ একেবারে প্রথম দিকে ভারতে দেখা দিয়াছিল, দেখিতে পাই সংহিতার দর্বত্রই—উহার প্রথম ও দর্বপ্রাচীন আংশে এই একেশ্বরণদের প্রভাব। কিন্তু আমরা দেখিতে পাইব, আর্থগণের পক্ষে ইহা পর্যাপ্ত হয় নাই, তাঁহারা উহাকে অতি প্রাথমিক ধারণাবোধে একপাশে ফেলিয়া দেন এবং আরও অগ্রসর হইয়া চিস্তা করিতে লাগিলেন, ষেমন হিন্দুগণ এখনও করিয়া থাকে। অবশ্য বেদ সম্বন্ধে ইওরোপীয়দের এর^প

১ অথর্ববেদ, কাগু ৪, সু: ১৬ ; এখানে ইংরেজী কবিতার বঙ্গামুবাদ প্রদন্ত হইল।

সমালোচনা পাঠ করিয়া হিন্দুগণ হাস্ত সম্বরণ করিতে পারেন না। যাহারা (পাশ্চাত্য জ্বাতিরা) মাতৃত্বপানের মতো সপ্তণ-ঈশরবাদকেই ঈশরের সর্বোচ্চ ধারণা বলিয়া গ্রহণ করিয়াছেন, তাঁহারা যথন দেখিতে পান, যে- একেশরবাদের ভাবে বেদের সংহিতাভাগ পূর্ণ, সেই একেশরবাদকে আর্থগণ অপ্রয়োজনীয় এবং দার্শনিক ও চিন্তাশীল ব্যক্তিগণের অযোগ্য বলিয়া পরিত্যাগ করিতে এবং অধিকতর দার্শনিক যুক্তিপূর্ণ ও অতীক্রিয় ভাব আয়ত্ত করিতে কঠোর আয়াস স্বীকার করিয়াছেন, তথন শ্বভাবতই তাঁহারা ভারতীয় প্রাচীন দার্শনিকগণের ভাব অ্যুযায়ী চিন্তা করিতে সাহস করেন না।

ষদিও ঈশবের বর্ণনাকালে আর্থগণ বলিয়াছেন, 'সম্দয় জগং তাঁহাতেই অম্বতিত' এবং 'তুমি সকল হাদয়ের পালনকর্তা', তথাপি একেশরবাদ তাঁহাদের নিকট অত্যন্ত মানবভাবাপন্ধ বলিয়া মনে হইয়ছিল। হিন্দুরা সর্ববিধ চিন্তা-ধারায় সাহদী—এত সাহসী ষে, তাঁহাদের চিন্তার এক একটি ক্লিঙ্গ পাশ্চাত্যের তথাকথিত সাহসী মনীধীদের ভীছি উৎপাদন করে। হিন্দুদের পক্ষে ইহাএকটি গৌরব ও কৃতিত্বের কথা। এই হিন্দু মনীধিগণের সম্বন্ধে অধ্যাপক ম্যাক্সমূলার যথার্থই বলিয়াছেন, 'তাঁহারা এত উচ্চে উঠিয়াছেন যে, সেথানে তাঁহাদেরই কৃসফুস শাস গ্রহণ করিতে পারে, কিন্তু অপর দার্শনিকগণের ফুসফুস ফাটিয়া যাইত।' এই সাহসী জাতি বরাবর মৃক্তি অনুসরণ করিয়া চলিয়াছে; মৃক্তি তাঁহাদের কোথায় লইয়া যাইবে, ইহার জন্ম কি মূল্য দিতে হইবে, সে-কথা আর্থ দার্শনিকগণ ভাবেন নাই; ইহার ফলে তাঁহাদের অতি প্রিয় কুংসম্বান্তলি চ্বি হইয়া যাক, অথবা সমাজ তাঁহাদের সম্বন্ধে কি ভাবিবে বা বলিবে, সে-বিষয়ে তাঁহারা দৃক্পাত করেন নাই, কিন্তু তাঁহারা যাহা সত্য ও যথার্থ বিলয়া ব্রিতে পারিয়াছিলেন, তাহাই প্রচার করিয়াছেন।

প্রাচীন বৈদিক ঋষিগণের বিষয়ে আলোচনা করিবার পূর্বে আমরা প্রথমত: ত্-একটি অতি আশ্চর্য বৈদিক দৃষ্টাস্তের উল্লেখ করিব। এই-সকল দেবতা একের পর এক গৃহীত হইয়া সর্বোচ্চভাবে উল্লীত হইয়াছেন, অবশেষে তাঁহারা প্রত্যেকে অনাদি অখণ্ড সগুণ ঈশ্বরূপ ধারণ করিয়াছেন; এই অভিনব ব্যাপার্টির ব্যাখ্যা প্রয়োজন। অধ্যাপক ম্যাক্সন্তার এইরূপ উপাসনাতে হিন্দ্ধর্মের বিশেষত্ব দেখিয়া উহাকে Henotheism বা 'একদেববাদ' আখ্যা দিয়াছেন। উহার ব্যাখ্যার জন্য আমাদিগকে বছদ্রে

ষাইতে হইবে না, উহা ঋথেদের মধ্যেই আছে। ঐ গ্রন্থের ষে-স্থলে প্রত্যেক দেবতাকে ঐরূপ দর্বোচ্চ মহিমায় মণ্ডিত করিয়া উপাদনা করিবার কথা আছে, দে-স্থল হইতে আর একটু অগ্রসর হইলে আমরা তাহার অর্থও জানিতে পারি। এখন প্রশ্ন আদে--ছিন্দুপুরাণসমূহ অক্সান্ত ধর্মের পৌরাণিক আখ্যায়িকাগুলি হইতে এত পৃথক্, এত বিশিষ্ট কিরুপে হইল ? ব্যাবিলনীয় বা গ্রীক পুরাণে দেখিতে পাওয়া যায়, একজন দেবতাকে উন্নীত করিবার প্রয়াদ করা হইতেছে—পরে তিনি এক উচ্চপদ লাভ করিয়া প্রতিষ্ঠিত হইলে অন্যান্ত দেবতারা হত 🖺 হইলেন। সকল মোলোকের (Molochs) মধ্যে জিহোবা (Jehovah) শ্রেষ্ঠ হইলেন, অন্তান্ত মোলোকগণ চিরতরে বিশ্বত ও বিলীন হইলেন। তিনিই সর্বদেবতা 'ঈশ্বর' হইলেন। গ্রীক দেবতাদের সম্বন্ধেও এইরূপ বলা যাইতে পারে—জিউস (Zeus) অগ্রবর্তী হইলেন, উচ্চ উচ্চ পদবী প্রাপ্ত হইলেন, সমগ্র জগতের প্রভূ হইলেন এবং অক্যাক্ত দেবগণ অতি শুদ্র দেবদ্তরূপে পরিণত হইলেন। পরবর্তী কালেও এই ঘটনার পুনরাবৃত্তি দেখা যায়। বৌদ্ধ ও জৈনগণ তাঁহাদের একজন ধর্মপ্রচারককে ঈশ্বররূপে আবাধনা করিলেন এবং অন্তান্ত দেবগণকে তাঁহার অধীন করিয়া দিলেন। ইহাই সৰ্বত্ৰ অহুস্ত পদ্ধতি, কিন্তু এ-বিষয়ে হিন্দুধৰ্মে বিশেষত্ব ও ব্যতিক্রম দেখিতে পাই। প্রথম একজন দেবতা বন্দিত হইতেছেন, কিছুক্ষণের জন্ম অন্তান্ত দেবতারা তাঁহার আজ্ঞাহুবর্তী বলা হইয়াছে।

ষিনি বরুণদেব কর্তৃক পৃঞ্জিত ও সমা্নিত হইলেন, তিনিই পরবর্তী গ্রন্থে সর্বোচ্চ গৌরব লাভ করিলেন। এই দেবগণ ষথাক্রমে প্রত্যেকেই সপ্তণ দিখররূপে বর্ণিত। ইহার ব্যাখ্যা ঐ পুস্তকেই আছে এবং ইহাই চমৎকার ব্যাখ্যা। যে মন্ত্রপ্রভাবে অভীত ভারতে একটি চিন্তাপ্রবাহ উঠিয়াছিল এবং যাহা ভবিশ্যতে সমগ্র ধর্মজগতের চিন্তার কেন্দ্রখানীয় হইয়া দাঁড়াইবে, সেই মন্ত্রটি এই: 'একং সদ্বিপ্রা বহুধা বদন্তি'—যাহা সত্য ভাহা এক, জ্ঞানিগণ তাহাকে বিভিন্ন নামে অভিহিত করিয়াছেন। এই দেবভাদের বিষয়ে যেসকল স্থোত্র রচিত হইয়াছে, সর্বত্রই অহুভূত সন্তা এক—অহুভবকর্তার জন্মই যা কিছু বিভিন্নতা। স্থোত্র-রচয়িতা, ঋষি ও কবিগণ বিভিন্ন ভাষায় এবং বিভিন্ন বাক্যে সেই একই সন্তার (ব্রন্ধের) শ্বতিগান করিয়াছেন— 'একং সদ্বিপ্রা বহুধা বদন্তি'। এই একটি মাত্র শ্রুতিবাক্য হইতে প্রভূত ফল

ফলিয়াছে। সম্ভবত: তোমাদের কেহ কেহ ভাবিয়া বিশ্বিত হইবে যে, ভারতবর্ণই একমাত্র দেশ, যেথানে ধর্মের জন্ম কথন কাহারও উপর নির্বাতন হয় নাই, ষেথানে কোন ব্যক্তি কখনও তাহার ধর্মবিশ্বাসের জন্ম উত্ত্যক্ত হয় নাই; দেখানে ঈশরবিখাদী, নান্তিক, অদৈতবাদী, দৈতবাদী এবং একেশ্ববাদী সকলেই আছেন এবং কথনও নির্যাতিত না হইয়া বদবাদ করিতেছেন। সেধানে জড়বাদীদিগকেও ব্রাহ্মণ-পরিচালিত মন্দিরের সোপান হইতে দেবতাদের বিরুদ্ধে এমন কি স্বয়ং ঈশবের বিরুদ্ধে প্রচার করিতে দেওয়া হইয়াছে। জড়বাদী চার্বাকগণ দেশময় প্রচার করিয়াছে: ঈশ্ব-বিশাস কুসংস্কার; এবং দেবতা, বেদ ও ধর্ম-পুরোহিতগণের স্বার্থসিদ্ধির জন্ম উদ্ভাবিত কুসংস্কার মাত্র। তাহারা বিনা উৎপীড়নে এই-সব প্রচার করিয়াছে। এইরূপে বুদ্ধদেব হিন্দুগণের প্রত্যেক প্রাচীন ও পবিত্র বিষয় ধূলিদাৎ করিতে চেষ্টা করিয়াও অতি বৃদ্ধবয়স পর্যস্ত জীবিত ছিলেন। জৈনগণও এইরূপ করিয়াছেন—তাঁহারা ঈশবের অন্তিত্ব শুনিয়া বিজ্ঞপ করিতেন। তাঁহারা বলিতেন: ঈশ্বর আছেন—ইহা কিরূপে সম্ভব ় ইহা ভুধু একটি কুসংস্কার। এইরূপ অসংখ্য দৃষ্টাস্ত দেওয়া ষাইতে পারে। মুসলমান আক্রমণ-তরঙ্গ ভারতে আদিবার পূর্বে এদেশে ধর্মের জন্ম নির্ঘাতন কী, ভাহা কেহ কখনও জানিত না। যখন বিদেশীরা এই নির্যাতন হিন্দের উপর আরম্ভ **ফরিল, তখনই হিন্দুদের এ বিষয়ে অভিজ্ঞতা হইল**; এবং এখনও ইহা একটি সর্বন্ধনবিদিত সত্য যে, হিন্দুরা এটানদের গির্জা-নির্মাণে কত অধিক শরিমাণে এবং তৎপরতার সহিত সাহায্য করিয়াছে—কোথাও রক্তপাত হয় নাই। এমন কি ভারতবর্ষ হইতে যে-সকল হিন্দুধর্মবিরোধী ধর্ম উত্থিত ইইয়াছিল, সেগুলিও কখন নিৰ্যাতিত হয় নাই। বৌদ্ধর্মের কথা ধক্ন--বৌদ্ধধর্ম কোন কোন বিষয়ে একটি শ্রেষ্ঠ ধর্ম; কিন্তু বৌদ্ধধর্মকে বেদাস্ত ৰলিয়া মনে করা অর্থীন। এটিধর্ম ও 'স্থালভেশন আর্মি'র প্রভেদ সকলেই মহভব করিতে পারেন। বৌদ্ধর্মে মহান্ ও স্কর ভাব আছে, কিছ উহা এমন একপ্রকার মণ্ডলীর হল্ডে পতিত হইয়াছিল, বাহারা ঐ ভাবসমূহ क्षा করিতে পারে নাই। দার্শনিকগণের হত্তের রত্নসমূহ জনদাধারণের হত্তে পড়িল এবং তাহারা দার্শনিক ভাবগুলি দখল করিয়া বসিল। তাহাদের ছিল মত্যধিক উৎসাহ, আর কয়েকটি আশ্চর্য আদর্শ, মহৎ জনহিতকর ভাব**ও**

এই স্কৃতি কোন্ সময়ে রচিত হইয়াছিল তাহা কেহই জানেন না; আট হাজার বৎদর পূর্বেও হইতে পারে এবং আধুনিক সকল প্রতিবাদ সত্তেও ইহার প্রণয়নকাল ১০০০ বংদর প্রাচীনও হইতে পারে।

ধর্মবিষয়ক এই অনুধ্যানগুলির একটিও আধুনিক কালের নয়, তথাপি রচনাকালে এগুলি ষেমন জীবস্ত ছিল, এখনও সেইরপ; এখন বরং অধিকতর সজীব হইয়া উঠিয়াছে, কারণ প্রাচানতম কালে মানবজাতি আধুনিক কালের মতো এত 'সভ্য' ছিল না; এতটুকু মতের পার্থক্যের জন্ম সে তখনও তাহার আতার গলা কাটিতে শিখে নাই বা রক্তমোতে ধরাতল প্লাবিত করে নাই অথুবা নিজ প্রতিবেশীর প্রতি পিশাচের মতো ব্যবহার করে নাই। তখন মান্ত্র মন্ত্রত্বের নামে সমৃদ্য় মানবজাতির ধ্বংস সাধন করিতে শিখে নাই।

ইন্সং মিত্রং বরুণমগ্রিমান্তরপো দিবাঃ স স্পর্ণো গরুত্মান্।
 একং সদ্বিপ্রা বহুগা বদস্তাগ্রিং যমং মাতরিবানমান্তঃ।—খারেদ্ ১।১৬৪।৪৬

সেইজগ্রই 'একং সদ্ বিপ্রা বছধা বদন্তি'—এই মহাবাণী আজও আমাদের
নিকট অভিশয় সজীব, তভোধিক মহান্, শক্তি- ও জীবন-প্রাদ এবং বেকালে
এগুলি লিখিত হইয়াছিল, সে-সময় অপেক্ষা অধিকতর নবীনরূপে প্রতিভাত
হইতেছে। এখনও আমাদের শিখিতে হইবে যে, সকল প্রকার ধর্ম—হিন্দু,
বৌদ্ধ, ম্সলমান, গ্রীষ্টান—যে কোন নামেই অভিহিত হউক না, সকলে একই
ঈশবের উপাসনা করে এবং যে এগুলির একটিকে ঘুণা করে, সে তাহার নিজের
ভগবান্কেই ঘুণা করে।

তাহারা এই সিদ্ধান্তেই উপনীত হইলেন। কিন্তু পূর্বে ষেমন বলিয়াছি— এই প্রাচীন একেশরবাদ হিন্দু চিত্তকে সস্তুষ্ট করিতে পারে নাই; কারণ আধ্যাত্মিক রাজ্যে ইহা অধিক দূর অগ্রসর হইতে অসমর্থ; ইহার দারা দৃশ্য জগতের ব্যাখ্যা হয় না—পৃথিবীর একছত্র শাসনকর্তা দারা পৃথিবীর ব্যাখ্যা হয় না।

বিশের একজন নিয়ন্তা দার। কখনই বিশের ব্যাখ্যা হয় না, বিশেষতঃ বিশের বাহিরে অবস্থিত নিয়ন্তার দারা ইহার সন্তাবনা তো আরও কম। তিনি আমাদের নৈতিক গুরু হইতে পারেন—জগতের মধ্যে শ্রেষ্ঠ-শক্তিসম্পন্ন হইতে পারেন, কিন্তু ভাহা তো বিশের ব্যাখ্যা নয়।

তাই প্রথম প্রশ্ন উঠিতেছে—বিরাট প্রশ্ন উঠিতেছে !

'এই বিশ্ব কোথা হইতে আদিল কেমন করিয়া আদিল এবং কিরূপেই বা অবস্থান করিতেছে ?' এই প্রশ্ন সমাধানের একটি বিশিষ্ট রূপ গঠনের জন্ম বহু স্থোত্র লিখিত হইয়াছে। কিন্তু এই স্থোত্রে যেরূপ অপূর্ব কাব্যের সহিত উহা প্রকাশিত হইয়াছে, এরূপ আর কোথায়ও দেখা যায় নাঃ

নাদদাদীরো দদাদীন্তদানীং নাদীক্রজো নো ব্যোমা পরো যং।
কিমাবরীবং কুহ কন্স শর্মগ্রভঃ কিমাদীদাহনং পভীরম্॥
ন মৃত্যুরাদীদমৃতং ন তহি ন রাজ্যা অহু আদীং প্রকেতঃ।
আনীদ্বাতং স্বধ্যা তদেকং তত্মাদ্ধান্ত পরঃ কিঞ্নাদ॥
১

শ্যন অসৎ ছিল না, সংও ছিল না, যথন অন্তরীক্ষ ছিল না, যথন কিছুই ছিল না, কোন্ বস্তু সকলকে আবৃত করিয়া রাথিয়াছিল, কিসে সব বিশাম

> কিং বিদাসীদধিষ্ঠানমারম্ভণং কতমংবিৎ কথাসীং।—ঋগ্বেদ, ১০ ৮১।২

२ भग्रात्म, ১०।১२৯।১-२---नामनीय शुक्र ।

করিতেছিল ? তথন মৃত্যু ছিল না, অমৃত ছিল না, দিবারাজির বিভাগ ছিল না। অহ্বাদে ম্নের কাব্যমাধুরী বছলাংশে নই হইয় যায়—'তথন মৃত্যু ছিল না, অমৃত ছিল না, দিবারাজির বিভাগ ছিল না'! সংস্কৃত ভাষার প্রত্যেক ধ্বনিটি যেন স্বরময়! তথন সেই 'ঐক' (ঈশর) অবক্দ্ধ-প্রাণে নিজেতেই অবস্থান করিতেছিলেন, তিনি ছাড়া আর কিছুই ছিল না'—এই ভাবটি উত্তমন্ধপে ধারণা করা উচিত যে, ঈশর অবক্দ্ধ-প্রাণ (গতিহীন)-রূপে অবস্থান করিতেছিলেন; কারণ অতঃপর আমরা দেখিব, কিভাবে প্রবর্তীকালে এই ভাব হইতেই স্প্ততিত্ব অফ্রেত হইয়াছে। হিন্দু দার্শনিকগণ সমগ্র বিশ্বকে একটি স্পন্দনসমিষ্টি—একপ্রকার গতি মনে করিতেন, সর্বতই শক্তি-প্রবাহ। এই গতি-সমষ্টি একটা সময়ে স্থির হইতে থাকে এবং স্ক্র্ হইতে স্ক্রতর অবস্থায় গমন করে এবং কিছুকালের জন্ত সেই অবস্থায় স্থিতি করে। এই ন্টোত্রে ঐ অবস্থার কথাই বর্ণিত হইয়াছে—এই জগৎ স্পন্দন- হীন হইয়া নিশ্চল অবস্থায় ছিল। যথন এই স্প্রির স্থচনা হইল, তথন উহা স্পন্দিত হইতে আরম্ভ করিল এবং উহা হইতে জগৎ বাহির হইয়া আদিল। সেই পুক্রেরে নিংশাস—শান্ত স্বয়ংশস্প্রি—ইহার বাহিরে আর কিছু নাই।

প্রথম একমাত্র অন্ধকারই ছিল। তোমাদের মধ্যে যাহারা ভারতবর্ষে অথবা অন্থ কোন গ্রামাণ্ডলের দেশে গিয়া মৌস্থমী-বায়্-চালিত মেঘ-বিন্তার দেখিয়াছ, তাহারাই এই বাক্যের গান্ডীর্য ব্ঝিতে পারিবে। আমাদের মনে আছে, তিনজন কবি এই দৃষ্ঠ বর্ণনা করিতে চেষ্টা করিয়াছেন। মিণ্টন বলিয়াছেন, 'দেখানে আলোক নাই, বরং অন্ধকার দৃষ্ঠমান।' কালিদাস বলেন, 'স্চিভেল্ড অন্ধকার।' কিন্তু কেহই এই বৈদিক বর্ণনার নিকটবর্তী হইতে পারেন নাই—'অন্ধকারের মধ্যে অন্ধকার লুকানো ছিল।' সর্ববন্ধ দহ্মান, মর্মরিত—শুন্ধ, সমগ্র স্কৃষ্টি যেন ভন্মীভূত হইয়া যাইতেছে, এবং এইভাবে কয়েকদিন কাটিবার পর একদিন সায়াহে দিক্চক্রবালের এক প্রান্তে একখণ্ড মেঘ দেখা দিল, এবং আধ ঘণ্টার মধ্যেই মেঘে পৃথিবী ছাইয়া গেল, মেঘের উপর মেঘ, ধরে ধরে মেঘ—তার্গর প্রবল ধারায় উহা যেন কাটিয়া পড়িল, প্রাবন শুক্ হইল।

এখানে স্টির কারণরূপে ইচ্ছাই বর্ণিত হইয়াছে। প্রথমে যাগ্র ছিল, ভাহা যেন ইচ্ছারূপে পরিণত হইল এবং ক্রমে ভাহা হইভেই বাসনার প্রকাশ। এইটি আমাদের বিশেষরূপে শারণ রাধা উচিত, কারণ এই বাসনাই আমাদের যাহা কিছু প্রত্যক্ষের কারণরূপে কথিত হইয়াছে। এই ইচ্ছার ধারণাই বৌদ্ধ ও বেদাস্ত চিস্তাপদ্ধতির ভিত্তিস্বরূপ এবং পরবর্তী কালে জার্মান দর্শনে প্রবিষ্ট হইয়া শোপেনহাওয়ারের দর্শনের ভিত্তিস্বরূপ হইয়াছে। এইখানেই আমরা প্রথম পাই:

ব্যক্ত মনেতে উপ্ত সে বীজ—সে কোন্ প্রভাতে দ্ব জাগিয়া উঠিল ইচ্ছা প্রথম—বাদনার অঙ্কুর! কবি-কল্পনা জ্ঞানের সহায়ে খুঁজিল হৃদয়-মাঝে, দেখিল দেখায় সং ও অসং—বাঁধনে জড়ায়ে রাজে।

ইহা এক নৃতন প্রকারের অভিব্যক্তি; কবি এই বলিয়া শেষ করিলেন, 'তিনিও বাধ হয় জানেন না, সেই অধ্যক্ষও স্টির কারণ জানেন না।'' আমরা এই স্কুতে দেখিতে পাই—ইহার কাব্যমাধুরী ছাড়া বিশ্বংচনা সম্বন্ধ প্রশ্নটি এক নির্দিষ্ট আকার ধারণ করিয়াছে। এবং এই-সব ঋষিদের মন এমন একটি অবস্থায় উপনীত হইয়াছে যে, তাঁহারা আর সাধারণ উত্তরে সম্ভুষ্ট নন। আমরা এখানে দেখিতে পাই যে, তাঁহারা 'পরম ব্যোমে অধিষ্ঠিত এই জগতের অধ্যক্ষে একজন শাসনকর্তায়' সম্ভুষ্ট নন। এই বিশ্ব কিরূপে আবিভূতি হইল—এ সম্বন্ধে পূর্বে আমরা ধেরূপ দেখিয়াছি, সেই একই ধারণা নানা স্বক্তে দেখিতে পাই।

তাঁহারা একজন ব্যক্তিবিশেষকে এই বিশের অধ্যক্ষরপে খুঁজিয়া বাহির করিবার চেষ্টা করিতেছিলেন, এবং ইহার নিমিত্ত এক একটি দেবতাকে গ্রহণ করিয়া তাঁহাদিগকে সেই ঈশরের আগনে বসাইতেছিলেন। সেইজ্ব্য বিভিন্ন ভোত্তে আমরা দেখিতে পাই, এক একটি বিভিন্ন আদর্শকে গ্রহণপূর্বক অনস্ক-রূপে বর্ধিত করিয়া বিশের সমস্ভ ভার তাঁহার উপর অর্পণ করিতেছেন।

কামন্তদর্গ্রে সমবর্ততাধি মনসো রেতঃ প্রথমং যদাসীং।
 সতো বন্ধুমসতি নিরবিংদন্ হাদি প্রতীয়া কবয়ো মনীয়া। ঐ, ৪র্থ ময়্র

২ ইয়ং বিস্টের্যত আবভূব যদি বা দধে যদি বা ন।
যো অস্তাধ্যক্ষঃ পরমে ব্যোমন্ সো অংগ বেদ যদি বা ন বেদ। ঐ, ৭ম মস্ত্র

কোন একটি বিশিষ্ট আদর্শ এই জগতের আধার-রূপে গৃহীত হইতেছে— যাহাতে এই বিশ্বের স্থিতি এবং যে আধার এই বিশ্বরূপে পরিণত হইয়াছে।

এইরূপে নান। আদর্শ গ্রহণ করিয়া তাঁহারা বিশ্বরহস্য সমাধানে চেষ্টা করিয়াছেন।

প্রাণই জীবনীশক্তি, তাঁহারা এই প্রাণতত্ত্ব গ্রহণ করিয়া এমন ভাবে বর্ষিত করিতে লাগিলেন খে, ঐ প্রাণশক্তি এক অনস্ত তত্ত্বে পরিণত হইল। এই প্রাণশক্তি সকলকে ধারণ করিতেছে—কেবল মহুয়া-শরীরকে নয়, এই প্রাণশক্তি স্থ ও চল্লেরও আলো—ইহাই সব কিছুকে স্পন্তি করিতেছে। ইহাই বিশ্বের প্রেরণাশক্তি।

সমস্থার সমাধানে এই-সকল চেটা অতীব স্থন্দর—অতিশয় কাব্যমধুর।
তাহাদের মধ্যে কতকগুলি, যেমন 'তিনিই স্থন্ধী উষার আগমনবার্তা ঘোষণা
করেন' প্রভৃতি তাঁহারা যেভাবে চিত্রিত করিয়াছেন, তাহা বাস্তবিকই
অপূর্ব গীতিময়।

এই যে 'ইচ্ছা', যাহা আমরা এই মাত্র পড়িলাম, যাহা স্থাইর আদি-বীজ্বপে উথিত হইয়াছিল, উহাকে তাঁহারা এমন ভাবে বিস্তৃত করিতে লাগিলেন যে, উহাই শেষ পর্যন্ত এক বিশ্বজনীন ঈশ্বরভাবে পরিণত হইল। কিন্তু এই ভাবগুলির কোনটিই তাঁহাদের সম্ভুষ্ট করিতে পারিল না।

এই আদর্শ ক্রমে মহিমায়িত হইয়া শেষে এক বিরাট ব্যক্তিত্বে ঘনীভূত হইল।
'তিনি স্প্তির অগ্রে ছিলেন, তিনি সব কিছুর অধীশ্বর, তিনি বিশ্বকে ধরিয়া
আছেন, তিনি জীবের স্রপ্তা, তিনি বলবিধাতা, সকল দেবতা গাঁহাকে উপাসনা
করেন, জীবন ও মৃত্যু গাঁহার ছায়া—তাঁহাকে ছাড়া আর কোন্ দেবতাকে
আমরা উপাসনা করিব ? তুষারমৌলি হিমালয় গাঁহার মহিমা ঘোষণা
করিতেছে, সম্স্র তাহার সমগ্র জলরাশির সহিত গাঁহার মহিমা ঘোষণা
করিতেছে'—এইভাবে তাঁহার বর্ণনা করিতেছেন। কিন্তু এই মাত্র আমি
বলিয়াছি যে, এই সমস্ত ধারণাও তাঁহাদিগকে সম্ভি করিতে পারে নাই।'

অবশেষে (বেদে) আমরা এক অভুত ধারণা দেখিতে পাই। (ঐ যুগে)
আর্থিমানবের মন বহিঃপ্রকৃতি হইতে এতদিন ঐ প্রশ্নের (কে সেই সর্বজ্ঞ

> ঋগ্বেদ, ১০।১২১।১-৪ মন্ত্র—ছিরণাগর্ভস্কুম্।

একমাত্র স্রষ্টা ?) উত্তর অনুসন্ধান করিতেছিল। তাঁহারা সূর্য, চন্দ্র, নক্ষত্ররাশি প্রভৃতি সর্বস্থার কারণ জিজ্ঞাসা করিয়া এবং সাধ্যাহ্যায়ী তাহার সমাধানও করিয়াছিলেন। সমগ্র বিশ্ব তাঁহাদের ভুধু এইটুকু শিথাইল--বিখের নিয়ন্তা এক সগুণ ঈশ্বর আছেন। বহি:প্রকৃতি ইহা অপেকা আর কিছু অধিক শিখাইতে পারে না। সংক্ষেপে বহিঃপ্রকৃতি হইতে আমরা মাত্র একজন বিশ্ব-স্থপতির অন্তিত্ব ধারণা করিতে পারি। এই ধারণা রচনাকৌশলবাদ (Design Theory) বলিয়া অভিহিত হইয়াছে। আমরা সকলেই জানি, এইরূপ মীমাংদা খুব বেশী যুক্তিসঙ্গত নয়; এই মতবাদ কতকটা ছেলেমাসুষী, তথাপি বহির্জগতের কারণাস্পন্ধান দারা এইটুকু মাত্র আমরা জানিতে পারি যে, এই জগতের একজন নির্মাতা প্রয়োজন। কিন্তু ইহা দারা আদৌ জগতের ব্যাখ্যা হইল না। এই জগতের উপাদান তো ঈশবের আগেও ছিল এবং তাঁহার এই-সব উপাদানের প্রয়োজন ছিল। কিন্তু ইহাতে এক ভীষণ আপত্তি উঠিবে যে, তিনি তাহা হইলে এই উপাদানের দারা শীমাবদ। গৃহনির্মাতা উপাদান ব্যতিরেকে গৃহ নির্মাণ করিতে পারেন না। অতএব তিনি উপাদান দারা সীমাবদ্ধ হইলেন; উপাদানের দারা যতটুকু সম্ভব, ততটুকু মাত্রই তিনি স্পষ্ট করিতে পারেন। সেইজ্ঞা রচনা-কৌশলবাদের ঈশ্বর একজন স্থপতি মাত্র এবং দেই বিশ্বস্থপতি সদীম; উপাদানের দারা তিনি সীমাবদ্ধ-একেবারেই স্বাধীন নন। এই পর্যস্ত তাঁহারা ইতিপূর্বেই আবিষ্কার করিয়াছিলেন এবং বছ মানবচিত্ত এইখানেই বিশ্রাম করিতে পারে। অন্তান্ত দেশের চিন্তাক্ষেত্রে এইরূপই ঘটিয়াছিল, কিন্তু মহয়ুমন উহাতে তৃপ্ত হইতে পারে নাই; চিস্তাশীল, অবধারণশীল চিত্ত আরও অধিক দূর অগ্রসর হইতে চাহিল, কিন্তু যাহারা পশ্চাদ্বতী ভাহারা উহাই ধরিয়া রহিল এবং অগ্রবর্তীদের আর অগ্রসর হইতে দিল না। কিন্তু দোভাগ্যক্রমে এই হিন্দু ঋষিরা আঘাত খাইয়া দমিবার পাত্র ছিলেন না; তাঁহারা ইহার সমাধান চাহিলেন এবং এখন আমরা দেখিতেছি যে, তাঁহারা বাহ্নকে ত্যাগ করিয়া অন্তরে প্রবিষ্ট হইতেছেন।

প্রথমেই তাঁহাদের মনে এই দত্য ধরা পড়িয়াছিল যে, চক্ষ্রাদি ইন্দ্রিয়ের দারা আমরা বহির্জগৎ প্রত্যক্ষ করি না বা আধ্যাত্মিক তত্ত সম্বন্ধেও কিছু জানিতে পারি না; তাঁহাদের প্রথম চেষ্টা দেইজ্ব আমাদের শারীরিক

এবং মানসিক অক্ষমতা নির্দেশ করা, ইহা আমরা ক্রমে দেখিতে পাইব।
একজন ঋষি বলিলেন, 'তুমি এই বিশ্বের কারণ জান না; ভোমার ও আমার
মধ্যে এক বিরাট ব্যবধান সৃষ্টি হইয়াছে—কেন? তুমি ইন্দ্রিয়পর বিষয় সম্বন্ধে
কথা বলিতেছ, এবং বিষয় ও ধর্মের আহ্মন্তানিক ব্যাপারে সম্ভন্ত রহিয়াছ,
পক্ষাস্তরে আমি ইন্দ্রিয়াতীত পুরুষকে জানিয়াছি।'

আমি যে আধ্যাত্মিক প্রগতির অমুদরণ করিবার চেষ্টা করিতেছি, তাহার সঙ্গে সঙ্গে ধর্মের অপর দিক—যাহার সহিত আমার প্রতিপা**ত বিষয়ের কো**ন সম্বন্ধ নাই এবং যেজ্ঞ আমি উহা বিশ্বরূপে উপস্থাপিত করিতে ইচ্ছুক নই — সেই আফুষ্ঠানিক ধর্মের বৃদ্ধির সম্বন্ধে এথানে কিছু বলিব। যদি আধ্যাত্মিক ধারণার প্রগতি সমান্তরে (Arithmetical Progression) বর্ধিত হয়, তাহা হইলে আফুঠানিক ধর্মের প্রগতি সমগুণিতান্তর (Geometrical Progression) বেগে বর্ধিত হইয়াছে—প্রাচীন কুদংস্কার এক বিরাট আফুঠানিক ব্যাপারে পরিণত হইয়াছে; ইহা ধীরে ধীরে বিরাট আকার ধারণ করিয়া হিন্দুর জীবনীশক্তি ইহার চাপে প্রায় ধ্বংস করিয়া দিয়াছে; ইহা এখনও দেখানে বর্তমান; ইহা আমাদিগকে কঠোরভাবে ধরিয়া রাখিয়াছে এবং আমাদের জীবনীশক্তির মজ্জায় মজ্জায় প্রবিষ্ট হইয়া জ্বন হইতে আমাদিগকে ক্রীতদাদে পরিণত করিয়াছে। তথাপি দেই প্রাচীনকাল হইতেই আমরা দেখিতে পাই, অফুষ্ঠানের বৃদ্ধির সঙ্গে তাহার বিরুদ্ধে যুদ্ধও চলিতেছে। ইহার বিরুদ্ধে যে একটি আপত্তি উঠিয়াছিল, তাহা এই— ক্রিয়াকাণ্ডে প্রীতি, নির্দিষ্ট সময়ে পরিচ্ছদ ধারণ, নির্দিষ্ট উপায়ে থাওয়া-দাওয়া —ধর্মের এই-সব বাহ্ন ঘটা ও মৃক নাট্যাভিনয়, বহিরক্ষ ধর্ম ; ইহা কেবল মামুষের ইন্দ্রিয় তৃপ্ত করে, ইন্দ্রিয়ের অতীত প্রদেশে যাইতে দেয় না— আমাদের এবং প্রত্যেক মহুয়োর পক্ষে আধ্যাত্মিক জগতে **অগ্রসর হও**য়ার এক প্রচণ্ড বাধা।

পারতপক্ষে আমরা যদি বা আধ্যাত্মিক বিষয় শ্রবণ করিতে ইচ্ছা করি, তাহাও ইন্দ্রিয়ের উপযোগী হওয়া চাই; একজন মান্ত্য কয়েকদিন ধরিয়া দর্শন, ঈশ্বর, অতীন্দ্রিয় বস্তু সম্বন্ধে শ্রবণ করার পর জিজ্ঞাদা করে, 'আচ্ছা বেশ, এতে কত টাকা পাওয়া খেতে পারে ? ইন্দ্রিয়ের সম্ভোগ এতে কতটুকু হয়?' সম্ভোগ বলিতে ইহারা মাত্র ইন্দ্রিয়ন্ত্রথই বুঝে—ইহা খুব স্বাভাবিক। কিন্তু

আমাদের ঋষিরা বলিতেছেন, 'ইন্দ্রিয়তৃপ্তিই আমাদের ও সত্যের মধ্যে এক আবরণ বিন্তার করিয়া রাখিয়াছে।' ক্রিয়াকাণ্ডে আনন্দ, ইন্দ্রিয়ে তৃপ্তি এবং বিভিন্ন মতবাদ আমাদের ও সত্যের মধ্যে এক আবরণ টানিয়া দিয়াছে। এই বিষয়টি আধ্যাত্মিক রাজ্যের আর এক বিরাট সীমা-নির্দেশ। আমরা শেষ পর্যন্ত এই আদর্শেরই অহুসরণ করিব এবং দেখিতে পাইব, ইহা কিরুপে বর্ধিত হইয়া বেদান্তের দেই অভুত মায়াবাদে পরিসমাপ্ত হইয়াছে—এই মায়ার অবগুঠনই বেদান্তের ষথার্থ ব্যাখ্যা—সভ্য চিরকালই সমভাবে বিভ্যমান, কেবল মায়া তাহার অবগুঠনের দারা তাহাকে আবরিত করিয়া রাখিয়াছে।

এইভাবে আমরা দেখিতে পাইতেছি যে, প্রাচীন চিস্তাশীল আর্থেরা এক নৃতন প্রদঙ্গ আবস্ত করিয়াছেন। তাঁহারা আবিষ্কার করিলেন, বহির্জগতের অহুসন্ধানের দারা এই প্রশ্নের উত্তর পাওয়া যাইবে না। অনস্তকাল ধরিয়া বহির্জগতে অমুসন্ধান করিলেও দেখান হইতে এ প্রশ্নের কোন উত্তর পাওয়া যাইবে না। এইজ্ঞ তাঁহারা অপর পদ্ধতি অবলম্বন করিলেন এবং তদমুদারে জানিলেন যে, এই ইন্দ্রিয়-স্থের বাদনা, ক্রিয়াকাণ্ডের প্রতি আস্ক্তি, বাহ্য বিষয়ই ব্যক্তির সহিত সভ্যের মিলনের মধ্যে এক ব্যবধান টানিয়া দিয়াছে, যাহা কোন ক্রিয়াকাণ্ডের দারা অপ্দারিত হইবার নয়। তাঁহারা তাঁহাদের মনোজগতে আশ্রয় লইলেন এবং নিজেদেরই মধ্যে সেই সত্যকে আবিষ্কার করিবার জ্বত্ত মনকে বিশ্লেষণ করিতে লাগিলেন। তাঁহার। বহির্জগতে বার্থ হইয়া যখন অন্তর্জগতে প্রবেশ করিলেন, তথনই ইহা প্রকৃত বেদাস্তদর্শনে পরিণত হইল; এখান হইতেই বেদাস্তদর্শনের আরম্ভ এবং ইহাই বেদাস্তের ভিত্তি-প্রস্তর। আমরা যতই অগ্রাসর হইব, ততই ব্ঝিতে পারিব, এই দর্শনের সকল অহুসন্ধান অন্তর্দেশে। দেখা যায়--একেবারে প্রথম হইতেই তাঁহারা ঘোষণা করিতেছেন, 'কোনও ধর্মবিশেষে সভ্যের অফুসন্ধান করিও না; সকল রহস্তের রহস্ত, সকল জ্ঞানের কেন্দ্র, সকল অন্তিত্বের থনি—এই মানবাত্মায় অনুসন্ধান কর। যাহা এখানে নাই, তাহা দেখানেও নাই।' ক্রমে তাঁহারা বুঝিতে পারিলেন, যাহা বাহ্য তাহা অস্তবের বড়জোর একটা মলিন প্রাতবিষ মাত্র। আমরা দেখিতে পাইব, তাঁহারা কেমন করিয়া জগৎ হইতে পৃথক্ এবং শাসক ঈশবের প্রাচীন ধারণাকে প্রথম বাহু হইতে অন্তরে স্থাপন করিয়াছেন। এই ভগবান্ জগতের বাহিরে নন, অন্তরে; এবং পরে দেখান হইতে তাঁহাকে লইয়া আসিয়া তাঁহারা নিজেদের হৃদয়ে প্রতিষ্ঠা করিয়াছেন। তিনি এখানে—এই মানব-হৃদয়ে আছেন—তিনি আমাদের আত্মার আত্মা, আমাদের অন্তর্যামী সত্যস্কুপ।

বেদাস্ত-দর্শনের কর্মপ্রণালী যথায়থভাবে আয়ত্ত করিতে হইলে কতকগুলি মহৎ ধারণা পূর্বে বুঝিতে হইবে। ক্যাণ্ট ও হেগেলের দর্শন আমরা যেভাবে বুঝি, বেদাস্ত দেইভাবের কোন দর্শনশাস্ত নয়। ইহা কোন গ্রন্থ-বিশেষ বা কোন একজন ব্যক্তিবিশেষের লেখা নয়। বেদাস্ত হইতেছে—বিভিন্ন কালে রচিত গ্রন্থসাষ্ট। কথন কথন দেখা যায়, ইহার একথানিতেই পঞ্চাশটি বিষয়ের সন্নিবেশ। অপর বিষয়গুলি যথাযথভাবে সজ্জিতও নয়; মাত্র চিন্তাগুলির উল্লেখ দেখিতে পাওয়া যায়। আমরা দেখিতে পাই, নানা বিজাতীয় বিষয়ের মধ্যে এক অভুত তত্ত্ব সন্নিবিষ্ট। কিন্তু একটা বিষয় খুব প্রণিধানযোগ্য যে, উপনিষদের এই আদর্শগুলি চির-প্রগতিশীল। ঋষিগণের মনের কার্যাবলী ষেমন যেমন চলিয়াছে, তাঁহারাও সেই প্রাচীন অসম্পূর্ ভাষায় উহা তেমনি তেমনি আঁকিয়াছেন। প্রথম ধারণাগুলি অতি স্থল, ক্রমে দেগুলি ফুল্ম হইতে সুক্ষতর ধারণায় পরিণত হইয়া বেদান্তের শেষ শীমায় উপস্থিত হইয়াছে এবং পরে এই শেষ **দিদ্ধান্ত এক দার্শনিক আ**খ্যা প্রাপ্ত হইয়াছে। যেমন প্রথম আমরা দেখিতে পাই—জোতন-স্বভাব দেবতার অহুসন্ধান, তারপর আদি জগৎ-কারণের অন্নেষণ এবং সেই সভ্য একই অমুসন্ধানের ফলে আর একটি অধিকতর স্পষ্ট দার্শনিক আখ্যা প্রাপ্ত হইতেছে, সকল পদার্থের একত্ব—'যাহাকে জানিলে সকলই জানা হয়'।

হিন্দুধর্ম

প্রাচীন বৈদিক ঋষিদেরই প্রেম ও পরধর্মনহিফুতাপূর্ণ মধ্র কণ্ঠস্বর দেদিন হিন্দু সন্ন্যাদী পরমহংদ স্থামী বিবেকানন্দের মধ্য দিয়া প্রকাশ পাইয়াছিল; এবং ক্রকলিন এথিক্যাল সোদাইটির নিমন্ত্রণক্রমে যাহারা ক্রিণ্টন এভেম্যুতে অবস্থিত পাউচ্ গ্যালারির প্রকাণ্ড বক্তৃতাগৃহ এবং তৎসংযুক্ত গৃহগুলিতে যত লোক ধরে, তদপেক্ষাও অধিক সংখ্যায় দমবেত হইয়াছিলেন, দেই বহু শত শোত্রন্দের প্রত্যেককে দেই কণ্ঠস্বরই মন্ত্রমৃদ্ধ করিয়ারাথিয়াছিল।—৩০শে ডিদেম্বর, ১৮৯৪ খুঃ।

এই প্রাচ্য সন্ন্যাসী 'হিন্দুধর্ম'-নামক সর্বাপেক্ষা প্রাচীন ও দর্শনসমত ধর্মোপাসনার দৃত ও প্রতিভূরণে প্রতীচ্যে আগমন করিয়াছিলেন; তাঁহার যশ পূর্ব হইতেই বিস্তৃত হইয়াছিল এবং তাহার ফলস্বরূপ চিকিৎসক, ব্যবহারজীবী, বিচারক, শিক্ষক প্রভৃতি সকল বিভাগের লোক বহু ভদ্র-মহিলার সহিত শহরের নানাস্থান হইতে ভারতীয় ধর্মের এই অপূর্ব, স্বন্দর ও বাগ্মিতাপূর্ণ সমর্থন শুনিবার জন্ম আসিয়াছিলেন। ইতিপূর্বেই তাঁহারা শুনিয়াছিলেন যে, তিনি চিকাগো বিখমেলার অন্তর্গত ধর্মহাসভায় কৃষ্ণ, ব্রহ্ম এবং বুদ্ধের উপাসকদের প্রতিনিধিয় করিয়াছিলেন এবং সেখানে অথ্রীষ্টান প্রতিনিধিমণ্ডলীর মধ্যে সর্বাপেক্ষা সম্মানিত হইয়াছিলেন। তাঁহারা পূর্বেই পড়িয়াছিলেন যে, এই দার্শনিক ধর্মের নিমিত্ত তিনি তাঁহার উজ্জ্ব দাংসারিক জীবন ত্যাগ করেন এবং বহু বর্ষের আগ্রহপূর্ণ এবং ধীর অধ্যয়নের ফলে পাশ্চাত্য বৈজ্ঞানিক কৃষ্টিকে আয়ত্ত করিয়া ঐতিহ্যপূর্ণ হিন্দুসভ্যতার অধ্যাত্ম-রহস্তপূর্ণ ভূমিতে উহা রোপণ করেন; তাঁহারা ইতিপূর্বে তাঁহার শিক্ষা ও সংস্কৃতি, জ্ঞান ও বাগিতো, পবিত্রতা সারল্য ও সাধুতা সহজে ভনিয়াছেন, তাই তাঁহারা তাঁহার নিকট হইতে অনেক কিছু আশা করিয়াছিলেন।

এ-বিষয়ে তাঁহারা হতাশও হন নাই। স্বামী (রাব্বি বা আচার্য)
বিবেকানন্দ তাঁহার যশ অপেকাও মহত্তর। তিনি যথন উজ্জ্বল লালরঙের
আলথালা পরিধান করিয়া সভাষত্তপে দ্রুয়েমান হইলেন, তথন একগুচ্ছ

চূর্ণকুন্তল তাঁহার কমলারঙের বহুভাঁজযুক্ত পাগড়ির পাশ দিয়া দেখা যাইতেছিল, মুখমগুলের খ্যামন্ত্রীতে চিস্কার ঔজ্জ্বা ফুটিয়া উঠিতেছিল, আয়ত ভাবছোতক চক্ষ্ ঈশ্বরপ্রেরিত প্রুষের উদীপনায় ভাশ্বর এবং তাঁহার দাবলীল মৃথ হইতে পভীর স্থমধুর স্বরে প্রায়-নিখুঁত 虫দ্ধ ইংরেজী ভাষায় ভুধু প্রেম, সহাহভূতি ও পরমতসহিফুতার বাণী উচ্চারিত হইতেছিল। তিনি ছিলেন হিমালয়ের প্রদিদ্ধ ঋষিদের এক অত্যাশ্চর্য প্রতিরূপ, বৌদ্ধর্মের দার্শনিকতার সহিত এটিধর্মের নৈতিকতার সমন্বয়কারী এক নবীন ধর্মের প্রবর্তক। তাঁহার শ্রোতারা ব্ঝিতে পারিয়াছিলেন, কেন ১৮৯৪ খৃঃ ৫ই দেপ্টেম্বর হিন্দুধর্মের সমর্থনকল্পে তিনি যে মহুং কার্য সম্পন্ন করিয়াছিলেন, শুধু সেইজ্ঞ তাঁহার প্রতি স্বদেশবাদীদের ক্রতজ্ঞতাপূর্ণ ধন্যবাদ প্রকাশভাবে লিপিবদ্ধ করিবার উদ্দেশ্যে কলিকাতা নগরীতে এক মহতী জনসভা আহুত হইয়াছিল। স্বামীজী লিখিত বক্তৃতানা দিয়া মৌখিক ভাষণ দিয়াছিলেন; বকৃতা সম্বন্ধে যে যাহাই সমালোচনা করুক না কেন, বাল্ডবিকই উহা অত্যন্ত হৃদয়গ্রাহী হইয়ছিল। এথিক্যাল এসোদিয়েশন-এর সভাপতি ড: লুইস্ জি. জেন্দ্. স্বামীজীর পরিচয় দিবার পর শ্রোতৃমগুলী তাঁহাকে যে আস্তরিক অভ্যর্থনা জ্ঞাপন করেন, তাহার জন্ম ধন্যবাদ জ্ঞাপন করিয়া স্বামী বিবেকানন যাহা বলিয়াছিলেন, তাহার কিয়দংশ এইরূপ:]

শিক্ষালাভ করাই আমার ধর্ম। আমি আমার ধর্মগ্রন্থ তোমাদের বাইবেলের আলোকে অধিকতর স্পষ্টরূপে পড়ি; ভোমাদের ঈশ্বপ্রেরিভ মহাপুক্ষদের বাণীর সহিত তুলনা করিলে আমার ধর্মের অস্পষ্ট সত্যসকল অধিকতর উজ্জ্বলরূপে প্রতিভাত হয়। সভ্য চিরকালই সর্বজ্বনীন। যদি তোমাদের সকলের হাতে মাত্র পাঁচটি আঙুল থাকে এবং আমার হাতে থাকে ছয়টি, তাহা হইলে ভোমরা কেহই মনে করিবে না ধে, আমার হাতথানা প্রকৃতির যথার্থ উদ্দেশ্য সাধন করিতেছে; বরং ইহা অম্বাভাবিক এবং রোগপ্রত। ধর্ম সম্বন্ধেও ঠিক একই কথা।

ষদি একটিমাত্র সম্প্রদায় সত্য হয় এবং অপরগুলি অসন্ত্য হয়, তবে তোমার বলিবার অধিকার আছে, ঐ পূর্বের ধর্মটি ভূল। ষদি একটি ধর্ম সত্য হয়, তাহা হইলে বুঝিতে হইবে—অপরগুলিও নিশ্চয়ই সত্য। এই দৃষ্টিতে হিন্দুধর্মের উপর ভোমাদের ঠিক ততথানি দাবি আছে, যতথানি আছে আমার। উনত্তিশ কোটি ভারতবাদীর মধ্যে মাত্র ২০ লক্ষ এটান, ৬ কোটি মুদলমান এবং বাকী দব হিন্দু।

প্রাচীন বেদের উপর হিন্দুরা ভাহাদের ধর্মবিশ্বাদ প্রভিষ্ঠা করিয়াছে; 'বেদ' শক্টি জ্ঞানার্থক 'বিদ্' ধাতু হইতে উৎপন্ন। বেদ কতকগুলি পৃত্তকের দমষ্টি; আমাদের মতে ইহাতেই সর্বধর্মের দার নিহিত; তবে এ-কথা আমরা বলি না যে, সত্য কেবল ইহাতেই নিহিত আছে। বেদ আমাদিগকে আত্মার অমরত্ব শিক্ষা দেয়। প্রত্যেক দেশে, প্রত্যেক ব্যক্তির অস্তরের স্বাভাবিক আকাজ্ঞা এক স্থায়ী দামা অবস্থার দন্ধান করা, যাহা কথনও পরিবর্তিত হয় না। প্রকৃতিতে আমরা ইহার দাক্ষাৎ পাই না, কারণ সমগ্র বিশ্ব এক অসীম পরিবর্তনের দমষ্টি ব্যতীত কিছুই নয়।

কিন্তু ইহা হইতে যদি এইরূপ অনুমান করা হয় যে, এই জগতে অপরিবর্তনীয় কিছুই নাই, তবে আমরা হীন্যান বৌদ্ধ এবং চার্বাকদের ভ্রমেই পতিত হইব। চার্বাকেরা বিশ্বাদ করে, সব কিছুই জড়। মন বলিয়া কিছুই নাই, ধর্মমাত্রই প্রবঞ্চনা এবং নৈতিকতা ও সভতা অপ্রয়োজনীয় কুসংস্কার। বেদাস্ত-দর্শন শিক্ষা দেয়, মাহ্যব পঞ্চেন্ত্রের মধ্যেই আবদ্ধ নয়। ইন্দ্রিয়বর্গ বর্তমানই জানিতে পারে, ভবিশুৎ বা অতীত পারে না,; কিন্তু এই বর্তমান যেহেতু অতীত ও ভবিশ্বতের সাক্ষ্য দেয় এবং ঐ তিনটিই ষেহেতু কালের বিভিন্ন নির্দেশ মাত্র, অভএব যদি ইন্দ্রিয়াতীত, কাল-নির্পেক্ষ এবং অতীত ভবিশ্বৎ ও বর্তমানের ঐক্যবিধানকারী—কোন সত্তা না থাকে, ভাহা হইলে বর্তমানও অজ্ঞাতই থাকিয়া যাইবে।

কিন্তু স্বাধীন কে? দেহ স্বাধীন নয়; কারণ ইহা বাহ্ ,বিষয়ের উপর নির্ভর করে, মনও স্বাধীন নয়, কারণ যে চিন্তারাশি দ্বারা ইহা গঠিত, তাহাও স্পর এক কারণের কার্য। আমাদের আস্থাই স্বাধীন। বেদ বলেন, সমগ্র বিষ, স্বাধীনতা ও পরাধীনতা—মৃক্তি ও দাসত্বের মিশ্রণে প্রস্তুত। কিন্তু এই-দকল দুন্দের মধ্যেও দেই মৃক্ত, নিত্য, শুদ্ধ, পূর্ণ ও পবিত্র আ্যা প্রকাশিত আছেন। যদি ইহা স্বাধীন হয়, তাহা হইলে ইহার ধ্বংস সম্ভব নয়; কারণ মৃত্যু একটা পরিবর্তন এবং একটা বিশেষ স্বস্থা-সাপেক। আ্যা যদি স্বাধীন হয়, ইহাকে পূর্ণ হইতেই হইবে। কারণ—স্বস্পূর্ণতাও একটা স্বস্থা-সাপেক,

সেইজন্ম উহা পরাধীন। আবার এই অমর পূর্ণ আত্মা নিশ্চয়ই সর্বোত্তম, ভগবান্ হইতে নিরুষ্ট মানবে পর্যস্ত—সকলের মধ্যে সমভাবে অবস্থিত, উভয়ের প্রভেদ মাত্র আত্মার বিকাশের তারতম্যে। কিন্তু আত্মা শরীর ধারণ করে কেন? যে কারণে আমি আয়না ব্যবহার করি, নিজের মৃথ দেখিবার জন্ম,—এইভাবেই দেহে আত্মা প্রতিবিধিত হন। আত্মাই ঈশর; প্রভ্যেক মান্তবের ভিতরেই পূর্ণ দেবত রহিয়াছে এবং প্রভ্যেককে ভাহার অন্তর্নিহিত দেবত্বকে শীত্র বা বিলম্বে প্রকাশ করিতেই হইবে। যদি আমি কোন অন্ধকার গৃহে থাকি, সহস্র অন্তর্যোগেও ঘর আলোকিত হইবে না; আমাকে দীপ জালিতেই হইবে। ঠিক তেমনি, শুরু অন্ত্রোগ ও আর্তনাদের ঘারা আমাদের অপূর্ণ দেহ কথনও পূর্ণতা লাভ করিবে না; কিন্তু বেদান্ত কির। ভারমার আত্মার শক্তিকে উদ্বোধিত কর—নিজ দেবতা; ধর্ম অন্তিম্লক, নান্তিমূলক বাতুলতা নয়; পীড়নের ফলে ক্রননের আশ্রেয় লওয়াকে ধর্ম বলে না,—ধর্ম বিস্তার ও প্রকাশ।

প্রত্যেক ধর্মই বলে, অতীতের দ্বারাই মান্ত্যের বর্তমান ও ভবিগ্রং রূপায়িত হয়; বর্তমান অতীতের ফলস্বরূপ। তাই যদি হইল, তবে প্রত্যেক শিশু ধর্মন এমন কতকগুলি সংস্কার লইয়া জন্মগ্রহণ করে, ধাহার ব্যাখ্যা বংশান্ত্রুমিক ভাব-সংক্রমণের সাহায্যে দেওয়া চলে না, তাহার কি মীমাংসা হইবে ? কেহ যথন ভাল পিতামাতা হইতে জন্মগ্রহণ করিয়া সং শিক্ষার দ্বারা সং লোক হয় এবং অপর কেহ নীভিজ্ঞানশ্ন্য পিতামাতা হইতে জন্মগ্রহণ করিয়া ফাদিকাঠে জীবনলীলা শেষ করে, তাহারই বা কি ব্যাখ্যা হইবে ? ঈগরকে দায়ী না করিয়া এই বৈষ্মাের সমাধান কি করিয়া সম্ভব ? করণাময় পিতা তাঁহার সন্তানকে কেন এমন অবস্থায় নিক্ষেপ করিলেন, যাহার ফল নিশ্চিত তৃংখ ? 'ভগবান্ ভবিশ্বতে সংশোধন করিবেন—প্রথমে হত্যা করিয়া পরে ক্ষতিপূরণ করিবেন'—ইহা কোন ব্যাখ্যাই নয়; স্থাবার ইহাই যদি আমার প্রথম জন্ম হয়, তবে আমার মৃক্তির কি হইবে ? প্রজনের সংস্কার-বর্জিত হইয়া সংসারে আগমন করিলে স্বাধীনতা বলিয়া স্বার কিছুই থাকে না, কারণ আমার পথ তথন অপরের অভিজ্ঞতার দ্বারা নির্দেশিত হইবে। আমি যদি আমার ভাগ্যের বিধাতা না হই, তাহা হইলে

আমি আর খাধীন কোথার? বর্তমান জীবনের ছুংখের দায়িত্ব আমি
নিজেই খীকার করি, এবং পূর্বজন্ম বে অক্সায় বা অভত ক্র্ম করিয়াছি,
এই জন্ম আমি নিজেই তাহা ধ্বংস করিয়া ফেনিব। আমাদের জনান্তরবাদের দার্শনিক ভিত্তি এইরূপ। আমরা পূর্বজন্মের অভিজ্ঞতা নইয়া বর্তমান
জীবনে প্রবেশ করিয়াছি এবং আমাদের বর্তমান জন্মের সৌভাগ্য বা ছুর্ভাগ্য
সেই পূর্বজন্মের কর্মের ফল; তবে উত্তরোত্তর আমাদের উর্ভিই হইতেছে
এবং অবশেষে একদিন আমরা পূর্বত্ব লাভ করিব।

বিশ্বজগতের পিতা, অনম্ভ দর্বশক্তিমান্ এক ঈশরে আমরা বিশাস করি ৷ আমাদের আত্মা যদি অবশেষে পূর্ণতা লাভ করে, ভবে তৃথন ভাছাকে অনম্বও হইতে হইবে। কিন্তু একই কালে ছুইটি নিরপেক অনস্ত সত্তা থাকিতে পারে না; অতএব আমরা বলি বে, তিনি ও আমরা এক। প্রত্যেক ধর্মই এই তিনটি ন্তর স্বীকার করে। প্রথমে আমরা ইশবকে কোন দ্রদেশে অবস্থান করিতে দেখি, ক্রমে আমরা তাঁহার নিকটবর্তী হই এবং তাঁহার সর্বব্যাপিত্ব স্বীকার করি, অর্থাৎ আমরা তাঁহাতেই আদ্রিত আছি, মনে করি; দর্বশেষে জানি যে, আমরা ও ডিনি অভিন্ন। ভেদদৃষ্টতে যে ভগবানের দর্শন, তাহাও মিধ্যা নয়; প্রকৃতপক্ষে তাঁহার সম্বন্ধে মত ধারণা আছে, সবই সভা, এবং ভাই প্রত্যেক ধর্মও সভা ; কারণ উহারা **আমাদের জীবন-**ষাত্রার বিভিন্ন স্তর; সকলেরই উদ্দেশ্ত বেদের সম্পূর্ণ সভ্যকে উপলব্ধি করা। কালেই আমরা হিন্দুরা কেবল পরমভদহিষ্ণু নই, আমরা প্রত্যেক ধর্মকে সভা বলিয়া মানি এবং ভাই মুসলমানদের মসজিদে প্রার্থনা করি, জরপুছীয়দের অগ্নির সমকে উপাসনা করি, খ্রীষ্টানদের ক্রেশের সমক্ষে মাথা নত করি, কারণ আমরা জানি, বৃক্ষ-প্রস্তারের উপাদনা হইতে সর্বোচ্চ নিগুলি ব্রহ্মবাদ পর্যস্ত প্রভোক মতের অর্থ এই ধে, প্রভোক মানবাত্ম। নিজ জন্ম ও আবেষ্টনীর পরি-প্রেক্ষিতে অনন্তকে ধরিবার ও বুঝিবার জন্ম এরণ বিবিধ চেষ্টায় ব্যাপৃত আছে; প্রত্যেক অবস্থাই আত্মার প্রগতির এক একটি তার মাত্র। আমরা এই বিভিন্ন পুপঞ্জি চয়ন করি এবং প্রেমস্ত্রে বন্ধন করিয়া এক অপূর্ব উপাদনা-ন্তবকে পরিণত করি।

আমি বলি এক্ষই হই, তাহা হইলে আমার অন্তরাত্মাই সেই পর্মাত্মার মন্দির এবং আমার প্রত্যেক কর্মই তাঁহার উপাসনা হওয়া উচিত। আমাকে

ধর্মের উদ্ভব

প্রথমবার আমেরিকার অবস্থানকালে জনৈক পাশ্চাত্য শিক্তের প্রশ্নোন্তরে শ্বামান্ত্রী কর্তৃ কি লিখিত। অরণ্যের বিচিত্র দল-মণ্ডিত হৃন্দর কুহুমরাজি মৃত্ পবনে নাচিডেছিল, ক্রীড়াচ্ছলে মাথা দোলাইভেছিল; অপরূপ পালকে শোভিত মনোরম পক্ষী-গুলি বন্ভূমির প্রতিটি কলর মধুর কলগুঞ্জনে প্রতিধানিত করিতৈছিল— গতকাল পর্যন্ত দেগুলি আমার সাথী ও সাত্তনা ছিল; আৰু আর দেগুলি নাই, কোথায় অন্তর্হিত হইয়াছে। কোথায় গেল তাহারা, যাহারা আমার বেলার দাধী, আমার স্থগ্ঃথের অংশীদার, আমার আনন্দ ও খেলার সহচর, তাহারাও চলিয়া গেল। কোথায় গেল ? যাঁহারা আমাকে শৈশবে লালন-পালন করিয়াছিলেন, যাঁহারা জীবনভোর শুধু আমার কথাই ভাবিভেন, যাঁহারা আমার জন্ত সব কিছু করিতে প্রস্তুত ছিলেন, তাঁহারাও আজ আর নাই। প্রতিটি ব্যক্তি, প্রতিটি বম্ব চলিয়া গিয়াছে, চলিয়া যাইতেছে এবং চলিয়া যাইৰে। কোণায় যায় দব? আদিম মাহুষের মনে এই প্রশ্নের উত্তরের জম্ম চাহিদা আদিয়াছিল। জ্ঞিজাসা করিতে পারো, কেন এই প্রশ্ন জাগে ? আদিম মাহ্য কি লক্ষ্য করে নাই, ভাহার চোধের সামনে সব কিছু বস্তু পচিয়া গলিয়া শুকাইরা ধ্লায় মিশিরা যায় ? এ-সব কোথায় গিয়াছৈ— দে সহজে আদিম মানৰ আদৌ মাথা ঘামাইবে কেন ?

আদিম মাহ্যবের নিকট প্রথমতঃ সব কিছুই জীবস্ত, এবং মৃত্যু যে বিনাশ—
ইহা তাহার কাছে একেবারেই জর্থহীন। তাহার দৃষ্টিতে মাত্রব আসে, চলিয়া
যায়, আবার ফিরিয়া আসে। কখন কখন তাহারা চলিয়া যায়, কিন্তু ফিরিয়া
আসে না। স্থতরাং পৃথিবীর প্রাচীনতম ভাষায় মৃত্যুকে বলা হয়, একপ্রকার
চলিয়া যাওয়া। ইহাই ধর্মের প্রারম্ভ। এইভাবে আদিম মাহ্য ভাহার এই প্রশ্নের
সমাধানের জন্ত সর্বত্র অধ্যেবণ করিয়া বেড়াইতেছিল—ভাহারা সব যায় কোথায় ?

স্থিমগ্ন পৃথিবাতে আলোক, উত্তাপ এবং আনন্দ ছড়াইয়া স্বাহিমাদীপ্ত প্রভাত-স্থ উদিত হয়। ধীরে ধীরে স্থ আকাশ অতিক্রম করে। হায়! স্থিও শেষে অতি নীচে অতলে অদৃষ্ঠ হইয়া বায়, কিন্তু প্রদিন আবার গৌরব- ও লাবণ্য-মণ্ডিত হইয়া আবিভূতি হয়।

সভ্যতার জন্মভূমি নীল, সিন্ধু ও টাইগ্রিস্ নদীর উপত্যকায় অপূর্ব পদ্মফুল-গুলির মৃদিত পাপড়িতে প্রাভঃকালীন স্থকিরণের স্পর্ণ লাগিবামাত ফুলগুলি প্রস্টিত হয়, এবং অন্তগামী সূর্যের সঙ্গে পুনরায় নিমীলিত হয়। আদিম মান্ন্য ভাবিত, তাহা হইলে দেখানে কেহ না কেহ ছিল, যে আসিয়াছিল, চলিয়া গিয়াছিল এবং সমাধিস্থান হইতে পুনকজ্জীবিত হইয়া আবার উঠিয়া আসিয়াছে। ইহাই হইল প্রাচীন মাহুষের প্রথম সমাধান। সেইজভা সুর্য এবং পদ্ম অতি প্রাচীন ধর্মগুলির প্রধান প্রতীক ছিল। এ-সৰু প্রতীক আবার কেন ? কারণ বিমৃত্ত চিস্তা---দে-চিস্তা যাহাই হউক না কেন---যখন প্রকাশিত হয়, তথন উহা দৃশ্য, গ্রাহ্ ও স্থুল অবলম্বনের ভিতর দিয়া মূর্ত হইতে বাধ্য হয়। ইহাই নিয়ম। ভিরোধানের অর্থ যে অন্তিত্বের বাহিরে যাওয়া নয়, অন্তিত্বের ভিতরেই থাকা—এই ভাবটি প্রকাশ করিতে হইবে ; ইহাকে পরিবর্তন, বিকল্প বা সাময়িক রূপায়ণের অর্থেই ব্যাখ্যা করিতে হইবে । স্বয়ং কর্তারূপে যে-বস্তুটি ইক্রিয়গুলিকে আঘাত করিয়া মনের উপর স্পন্দন সৃষ্টি করে এবং একটি নৃতন চিন্তা জাগাইয়া ভোলে, সেই বস্তুটিকে অবলম্বন ও কেন্দ্র-রূপে গ্রহণ করিভেই হইবে। ইহাকেই অবলম্বন করিয়া নৃতন চিন্তা অভিব্যক্তির জ্বন্ত সম্প্রদারিত হয় এবং এইজন্য সূর্য ও পদ্ম ধর্মজগতে প্রথম প্রতীক।

সর্বত্রই গভীর গহরে রহিয়াছে—এগুলি অতি অন্ধকার ও নিরানন; ভলদেশ সম্পূর্ণ তমিত্র ও ভয়াবহ। চকু খুলিয়া রাখিলেও জলের নীচে আমরা কিছুই দেখিতে পাই না। উপরে আলো, সবই আলো—রাত্রিকালেও মনোরম নক্ষত্রপুঞ্জ আলো বিকিরণ করে। তাহা হইলে যাহাদের আমি ভালবাদি, তাহারা কোথায় যায়? নিশ্চয়ই তাহারা দেই তমসাবৃত হানে যায় না; তাহারা যায় উর্ধ্বলোকে, নিত্যজ্যোতির্ময় ধামে। এই চিস্তার জন্ম একটি নৃতন প্রতীকের প্রয়োজন হইল। এইবার আদিল অয়ি—প্রজ্ঞালিত অভূত অয়ির লেলিহান শিথা, যে-অয়ি নিমেষে একটি বন গ্রাস করে, যে-অয়ি থাছা প্রস্তুত্ত করে, উত্তাপ দেয়, বস্তুজ্জদের বিতাড়িত করে। এই অয়ি প্রাণদে, জীবনরক্ষক। আর অয়িশিথার গতি উর্ধের, কথনও ইহা নিয়ম্পী হয় না। অয়ি আরও একটি প্রতীকের কাজ করে; যে-অয়ি মৃত্যুর পর মাহুষকে উর্ধের আলোকের দেশে লইয়া যায়, সেই অয়ি পরলোকবাসী ও আমাদের মধ্যে বোগস্ত্র। প্রাচীনতম ধর্মগ্রহ বেদ বলেন, 'হে অয়ি,

জ্যোতির্ময় দেবগণের নিকট তুমিই আমাদের দৃত।' এইজক্ত তাহারা খাত, পানীয় এবং এই জ্যোতির্ময় দেহধারীদের সম্ভুষ্টিবিধায়ক বলিয়া বিবেচিত সব কিছুই অগ্নিতে আন্তুতি দিত। ইহাই যজের স্চনা।

এ-পর্যন্ত প্রথম প্রশ্নের সমাধান হইল, অন্ততঃ আদিম মাহুষের চাহিদা মিটাইতে ষেটুকু প্রয়োজন, দেটুকু হইল। ইহার পর আর একটি প্রশ্ন আদিল। এই-সব আসিল কোথা ছইডে ? এই প্রশ্নটি প্রথমেই কেন জাগিল না ?— কারণ আমরা একটি আকস্মিক পরিবর্তনকে বেশী মনে রাথি। স্থপ, আনন্দ, সংযোগ, সম্ভোগ প্রভৃতি আমাদের মনে যতটা না দাগ রাখে, তাহা অপেকা অধিক রেখাপাত করে অহুখ, ছু:খ এবং বিয়োগ। আমাদের প্রকৃতিই হইডেছে আনন্দ, সম্ভোগ ও স্থা। যাহা কিছু আমাদের এই প্রকৃতিকে ভীষণভাবে নাড়া দেয়, দে-দব স্বাভাবিক গতি অপেকা গভীবতর ছাপ রাখে। মৃত্যু ভীষণভাবে সব কিছু ভছনছ করিয়া দেয় বলিয়া মৃত্যুর সমস্তা সমাধান করাই হইল প্রথম কর্তব্য। পরে অগ্রগতির সঙ্গে সঙ্গে উঠিল অপর প্রশ্নটি: ভাহারা আদে কোথা হইতে? যাহা প্রাণবান, তাহাই গতিশীল হয়। আমরা চলি, আমাদের ইচ্ছাশক্তি আমাদের অঙ্গুলিকে চালনা করে, আমাদের ইচ্ছাবশে অক্তুলি নানা আকার ধারণ করে। বর্তমান কালের শিশু-মানবের নিকট ষেমন প্রতিভাত হয়, তেমনি প্রাচীনকালের মানব-শিশুর নিকটও প্রতিভাত হইয়াছিল যে, যাহা কিছু চলে, ভাহারই পিছনে একটি ইচ্ছা আছে। বায়ুর ইচ্ছা আছে; মেঘ--এমন কি সমস্ত প্রকৃতি-স্বতম্ব ইচ্ছা, মন এবং আত্মায় পূর্ণ। আমরা ধেমন বহু বস্তু নির্মাণ করি, তাহারাও তেমনি এই-সব স্বষ্ট করিতেছে। তাহারা অর্থাৎ দেবতারা—'ইলোহিমরা' এই-সবের স্রষ্টা।

ইতিমধ্যে সমাজেরও উন্নতি হইতে লাগিল। সমাজে রাজা থাকিতেন; কাজেই দেবতাদের ভিতর, ইলোহিমদের ভিতরেও একজন রাজা থাকিবেন না কেন? স্তরাং একজন দেবাদিদেব, একজন ইলোহিম-বিহোভা, পরমেশ্বর হইলেন, যিনি স্বীয় ইচ্ছামাত্রেই ঐসব—এমন কি দেবতাদেরও স্পষ্ট করিয়াছেন। কিন্তু তিনি যেমন বিভিন্ন গ্রহ ও নক্ষত্র নিযুক্ত করিয়াছেন, তেমনি প্রকৃতির বিভিন্ন কার্যসাধনের অধিনায়করূপে বিভিন্ন দেবতা বা দেবদ্তকে নিয়োজিত করিলেন। কেহ হইলেন মৃত্যুর, কেহ বা জ্মের, কেহ বা অন্তক্রিয়াত্রী দেবতা। ধর্মের তুইটি বিরাট উৎস—জার্য ও

দেমিটিক জাতির ধর্মের ভিতরে একটি সাধারণ ধারণা আছে যে, একজন পরমপুরুষ আছেন, এবং তিনি অক্তাক্ত সকলের অপেকা বছগুণে শক্তিশালী ধলিয়াই পরমপুরুষ হইয়াছেন। কিছ ইহার পরই আর্বেরা একটি নৃতন ধারা প্রবর্তন করিলেন; উহা পুরাতন ধারার এক মহান্ ব্যতিক্রম। ভাহাদের দেবতা শুধু পরমপুরুষই নন, তিনি 'জো়ে পিতর:' অর্থাৎ স্বর্গন্থ পিতা। ইংাই প্রেমের স্চনা। সেমিটিক ভগবান্ কেবল সম্ভত্বজ কল, দলেত পরাক্রমশালী প্রভু। এই-সব ভাবের সহিত আর্বেরা একটি নৃতন ভাব— পিতৃভাৰ সংযোজন করিল। উন্নতির সঙ্গে সঙ্গে এই প্রভেদ আরও স্থুস্পষ্ট হইতে লাগিল; মানবজাতির দেমিটিক শাখার ভিতর প্রগতি বস্ততঃ এই হানে আঁসিয়াই থামিয়া গেল। সেমিটিকদিগের ঈশবকে দেখা যায় না; শুধু তাই নয়, তাঁহাকে দেখাই মৃত্যু। আর্বদের ঈশরকে ভগু যে দেখা যায়, তা নয়, তিনি সকল জীবের লক্ষা। জীবনের একমাত্র উদ্দেশ—তাহাকে দর্শন করা। শান্তির ভয়ে সেমিটিক ভাহার রাজাধিরাঞ্জকে মানে, ভাঁহার আক্তা ও অফুশাসন মানিয়া চলে। আর্বেরা পিতাকে ভালবাসে; মাতা এবং স্থাকেও ভালবাদে। ভাহারা বলে, 'আমাকে ভালবাদিলে আমার কুকুরকেও ভালবাসিতে হইবে।' হুতরাং ঈশবের স্বষ্ট প্রত্যেক জীবকে ভালবাদিতে হইবে, কারণ ভাহারা সকলেই ঈশবের সন্তান। সেমিটিকের নিকট এই জীবনটা যেন একটি দৈয়-শিবির; এখানে জামাদিগকে আমাদের আহুগত্য পরীকা করিবার জ্ঞা নিযুক্ত করা হইয়াছে। আর্থের কাছে এই জীবন আমাদের লক্ষ্যে পৌছিবার পথ। সেমিটিক বলে, যদি আমরা আমাদের কর্তব্য স্থষ্টভাবে সম্পন্ন কবি, তাহা হইলে স্বর্গে আমরা একটি নিত্য আনন্দ-নিকেতন পাইব। আর্থের নিকট স্বয়ং ভগবান্ই সেই আনন্দ-নিকেতন। নেমিটিকের মতে ঈশব-দেবা উদ্দেশ্তলাভের একটি উপায়মাত্র এবং সেই উদ্দেত্র হইল আনন্দ ও হুধ। আর্যদের কাছে ভোগহুথ **তু:**খক্ট—সবই উপায় মাত্র, উদেশ্য হইল ঈশবুলাভ। স্বৰ্গপ্ৰাপ্তির জন্ম সেমিটিক ভগবানের ভজনা করে। আর্ব ভগবান্কে পাইবার জন্ম অর্গ প্রত্যাখ্যান করে। সংক্ষেপে ইহাই হইল প্রধান প্রভেদ। আর্থকীবনের উদ্দেশ্য এবং লক্ষ্য ঈশরদর্শন, প্রেমময়ের সাক্ষাৎকার, কারণ ঈশরকে ছাড়া বাঁচা বায় না। 'তুমি না থাকিলে সূর্ব চন্দ্র ও নক্ষত্রগণের জ্যোতি থাকে না।'



লপুৰে কভুড়ায় স্থাহীকী, ১৮১৬

ধর্মের মূলতত্ত্ব

আমেরিকার প্রদন্ত একটি ভাষণের সারাংশ

ক্রাদীদেশে দীর্ঘকাল ধরে জাতির মূলমন্ত্র ছিল 'মাস্থবের অধিকার' আমেরিকার এখনও 'নারীর অধিকার' জনসাধারণের কানে আবেদন জানায়; ভারত্বর্বে কিন্তু আমাদের মাধাব্যথা ঈশরের বিভিন্নভাবে প্রকাশের অধিকার নিয়ে।

সর্বপ্রকার ধর্মতই বেছান্তের অন্তর্ভুক্ত। ভারতবর্বে আমাদের একটা বতত্র ভাব আছে। আমার বছি একটি সন্তান থাকত, তাকে মন:সংধ্যের অভ্যাস এবং সেই সঙ্গে একপত্তি প্রার্থনার মন্ত্রপাঠ ছাড়া আর কোন প্রকার ধর্মের কথা আমি শিক্ষা দিতাম না। তোমরা যে অর্থে প্রার্থনা বলো, ঠিক তা নয়, সেটি হচ্ছে এই: 'বিশের প্রষ্টা ধিনি, আমি তাঁকে ধ্যান করি: তিনি আমার ধীশক্তি উবদ্ধ ককন।' তারপর সে বড় হয়ে নানা মত এবং উপদেশ শুনতে শুনতে এমন কিছু একটা পারে, যা তার কাছে সত্য ব'লে মনে হবে। তথন সেই সভ্যের ধিনি উপদেষা, সে তাঁরই শিশ্ব হবে। প্রীষ্ট, বৃদ্ধ বা মহমদ—-গাঁকে ইচ্ছা সে উপাসনা করতে পারে; এঁদের প্রত্যেকের অধিকার আমরা মানি, আর সকলের নিজ নিজ ইট্ট বা মনোনীত পদ্ম অম্পরণ করবার অধিকারও আমরা স্থীকার করি। স্তর্গাং এটা থ্রই স্বান্থাবিক যে, একই সময়ে সম্পূর্ণ স্বাধীনভাবে এবং নির্বিরোধে আমার ছেলে বৌদ্ধ, আমার স্থী প্রীটান এবং আমি নিজে মুস্লমান হ'তে পারি।

আমবা জানি যে, সব ধর্মপথ দিয়েই ঈশবের কাছে পৌছানো বার—
কেবল আমাদের চোখ দিয়ে জগবান্কে না দেখলে যে পৃথিবীর উরতি
হবে না, তা নয়, আর পৃথিবী-মুদ্ধ লোক আমার বা আমাদের চোথে
ঈশরকে দেখনেই সব ভাল হয়ে যাবে, তাও নয়। আমাদের মূল ভাব
হচ্ছে এই যে, তোমার ধর্মিশাস আমার হ'তে পারে না, আবার আমার
মতবাদও তোমার হ'তে পারে না। আমি আমার নিজেরই একটি
সম্প্রদায়। এটা ঠিক যে, ভারতবর্ষে আমরা এমন এক ধর্মত সৃষ্টি

করেছি, যাকে আমরা একমাত্র যুক্তিপূর্ণ ধর্মপদ্ধতি ব'লে বিশাস করি, কিন্তু এর যুক্তিবভায় আমাদের বিশাস নির্ভর করছে সকল ঈশ্বরারেষীকে এর অন্তর্ভূক্ত ক'রে নেওয়ার ওপর; সর্বপ্রকার উপাসনাপদ্ধতির প্রতি সম্পূর্ণ উদারতা দেখানো এবং জগতে ভগবদভিম্থী চিন্তাপ্রণালীগুলি গ্রহণ করবার ক্ষমতার ওপর। আমাদের নিয়মপদ্ধতির মধ্যেও অপূর্ণতা আছে, তা আমরা স্বীকার করি, কেন না তত্ত্বস্ত হচ্ছে সকল নিয়মপদ্ধতির উর্ধের; আর এই স্বীকৃতির মধ্যেই আছে অনস্ত বিকাশের ইন্ধিত ও প্রতিশ্রুতি। মত, উপাসনা এবং শাস্ত্র মাহুষের স্বরূপোপলন্ধির উপায় হিসাবে ঠিকই, কিন্তু উপলব্ধির পরে সে সবই পরিহার করে। বেদাস্তদর্শনের শেষ কথা, 'আমি বেদ অতিক্রম করেছি'—আচার-উপাসনা, যাগ্যজ্ঞ এবং শাস্ত্রগ্রু, যার সাহায্যে এই মুক্তির পথে মাহুষ পরিভ্রমণ করেছে, তা সবই তার কাছে বিলীন হয়ে যায়। 'সোহহং, সোহহম্'—আমিই তিনি—এই ধ্বনি ভথন তার কণ্ঠে উদ্গীত হয়। ঈশ্বকে 'তুমি' সম্বোধন ভথন অসহনীয়, কারণ সাধক তথন তার 'পিতার সঙ্গে অভিন্ন'।

ব্যক্তিগতভাবে আমি অবশ্য বেদের ততথানিই গ্রহণ করি, যতথানি যুক্তির দক্ষে মেলে। বেদমতের অনেক অংশ বাহতঃ পরস্পরবিক্ষ। পাশ্চাত্যে যাকে 'প্রত্যাদিষ্ট বাণী' বলে এগুলি তা নয়, কিন্তু এগুলি ঈশরের সমষ্টি জ্ঞান বা সর্বজ্ঞাহ্ম, যা আমাদের ভিতরেও আছে। তা ব'লে যে-বইগুলিকে আমরা বেদ বলি, ভগুমাত্র ঐগুলির মধ্যেই এই জ্ঞানভাগ্যার নিঃশেষিত—এ-কথা বলা বাতুলতা। আমরা জানি, সব সম্প্রদায়ের শাস্তের মধ্যেই তা বিভিন্ন মাত্রায় ছড়িয়ে আছে। মহু বলেন, বেদের যে অংশটুকু বিচারের উপর প্রতিষ্ঠিত, ততটুকুই যথার্থ বেদ; আমাদের আরও অনেক মনীয়া এই মত পোষণ করেন। পৃথিবীর ধর্মগ্রন্থুলির মধ্যে একমাত্র বেদই ঘোষণা করেন, বেদের নিছক অধ্যয়ন অতি গৌণ ব্যাপার।

স্বাধ্যায় তাকেই বলে, 'যার দ্বারা আমরা শাশত-সনাতন সত্য উপলব্ধি করি', এবং তা নিছক পাঠ, বিশ্বাস বা তর্ক-যুক্তির দ্বারা সম্ভব নয়; সম্ভব একমাত্র অপরোক্ষাহ্মভৃতি ও সমাধির দ্বারা। সাধক যথন এই অবস্থা প্রাপ্ত হন, তথন তিনি সপ্তণ ঈশরের ভাব লাভ করেন। অর্থাৎ তথন 'আমি আর আমার পিতা এক।' নির্বিশেষ ব্রহ্মের সঙ্গে এক বলেই তিনি নিজেকে জানেন এবং নিজেকে সপ্তণ ঈশ্বরের মতো মনে করেন। মায়ার আবরণ— অজ্ঞানের , মধ্য দিয়ে দেখলে ত্রহ্মা সপ্তণ ঈশ্বর ব'লে বোধ হয়।

পঞ্চেরের সহায়ে যথন তাঁর কাছে সম্পশ্বিত হই, তথন আমরা তাঁকে তথু সগুণ ভগবান রূপেই ধারণা করতে পারি। ভাবটি হচ্ছে এই, আত্মা কথনও ইন্দ্রিয়গ্রাহ্থ হ'তে পারেন না। জ্ঞাতা আবার নিজেকে জানবে কেমন করে? কিন্তু তিনি যেমন, ঠিক তেমনই নিজেকে প্রতিবিম্বিত করতে পারেন, আর এই প্রতিবিম্বের সর্বোচ্চ রূপ, আত্মার এই ইন্দ্রিয়াহ্মভবগমা অভিব্যক্তিই সগুণ ঈশ্বর। পরমাত্মাই হচ্ছে সনাতন তত্ত্বস্থ এবং তাকে প্রকটিত করবার জন্মই আমরা অনস্ককাল ধরে সাধন করিছি, আর এই সাধনার মধ্য দিয়েই জগৎ-বহস্ম উদ্ঘাটিত হয়েছে; ইহাই জড়। কিন্তু এ-সব খ্র দ্বল প্রয়াস, এবং আমাদের কাছে সস্তবপর—আত্মার শ্রেষ্ঠ প্রকাশ হচ্ছে সপ্তণ ঈশ্বর।

ভোমাদেরই জনৈক পাশ্চাত্য চিস্তাশীল ৰাজ্ঞি বলেছেন, 'একটি উত্তম ভগবান্ গড়াই মাহুষের মহত্তম কীর্তি'; ষেমন মাহুষ, তেমন ভগবান্। এই রকম মানবিক প্রকাশ ছাড়া, অন্ত কোন উপায়েই মাহুষ ঈশরকে দর্শন করতে পারে না। যা ইচ্ছা বলো, যত খুলি চেষ্টা কর, তুমি ভগবান্কে মাহ্র্ষ ব্যতীত অক্স কিছুই কল্পনা করতে পার না এবং তিনি ঠিক তোমারই মতো। একজন নিৰ্বোধ লোককে বলা হয়েছিল—শিবের একটি মূর্তি নির্মাণ করতে; বেশ কিছুদিন দারুণ হান্ধামা ক'রে অবশেষে—সে একটি বানরের মৃতি তৈরী করতে পেরেছিল মাত্র! ঠিক তেমনই, যথনই আমরা ঈশবের পরিপূর্ণ সত্তা ভাষতে চেটা করি, তথনই নিদাকণ ব্যর্থভার সমুখীন হই, কারণ আমাদের মনের বর্তমান প্রকৃতি অমুষায়ী ঈশ্বরকে ব্যক্তিরূপে দেখতেই আমরা বাধ্য। যদি মহিষেরা কথনও ভগবান্কে পূজা করবার বাসনা করে, তবে তাদের নিজ-প্রকৃতি অস্থায়ী ভারা তাঁকে মন্ত একটা মহিষ বলেই ভাববে; একটা মাছ যদি ভগবান্কে উপাসনা করতে ইচ্ছা করে, তা হ'লে ঈশব সম্বন্ধ তার কল্পনা হবে বে, তিনি নিশ্চয়ই প্রকাণ্ড এক মাছ; ঠিক সেই প্রকার মাহ্ব তাঁকে মাহ্ব বলেই চিন্তা করে। মনে কর যেন এই মাহ্ব, মহিব এবং মাছ সব এক একটি ভিন্ন ভিন্ন পাত্ৰ, নিজ নিজ আকার ও সামর্থ্যা**ত্র**যায়ী তারা ঈশবরূপ সমূজজলে পূর্ণ হ'তে চলেছে। মাহুষের মাঝে দে-জল মাহুষেরই আকার নেবে, মহিষের মধ্যে মহিষের আকার এবং মাছেতে মাছের আকার; কিন্তু প্রতি পাত্রে ঈশ্বসমূজের সেই একই জল।

ত্-বক্ষ মাছ্য ভগ্রান্কে ব্যক্তিরপে উপাদনা করে না—নরপন্ত, যাদের ধর্ম ব'লে কিছু নেই; এবং পরমহংদ, যিনি মহ্যা-প্রকৃতির দকল দীমা অভিক্রম করেছেন। সমস্ত প্রকৃতিই তাঁর কাছে অ-স্বরূপ হয়ে গেছে, তিনিই শুধু ঈশ্বকে তাঁর অ-রূপে পূজা করতে পারেন। দেই নরপশু উপাদনা করে না ভার অজ্ঞতার জন্ম, আর জীবন্মক্তেরা উপাদনা করেন না, তাঁরা নিজেদের মধ্যে ভগ্রান্কে দেখছেন ব'লে। তাঁদের কোন দাধনা থাকে না, ঈশ্বকে তাঁরা স্বীয় আস্থার স্বরূপ ব'লে বোধ করেন। তাঁরা বলেন, 'দোহহং, দোহহুম্'— আমিই তিনি; তাঁরা নিজেদের উপাদনা নিজেরা আর করবেন কিভাবে ?

একটা গল্প বলছি ভোমাদের। একটি সিংহশিশু ভার মরণাপর্ম জননীর ঘারা কোনভাবে পরিত্যক্ত হয়ে একদল মেষের মধ্যে এসে জুটেছিল। মেষেরাই তাকে খাওয়াত আর আশ্রয়ও দিয়েছিল। সিংহটি ক্রমশঃ বড় হয়ে হাঁটতে শিখল এবং মেষেরা ষখন 'ব্যা ব্যা' করে, সেও 'ব্যা ব্যা' করতে লাগলো। এক দিন অপর একটি সিংহ কাছাকাছি এসে পড়ে। অবাক্ হয়ে ঘিতীয় সিংহটি জিজাসা ক'রে উঠল, 'আরে, তুমি এখানে কি ক'রছ ?' কারণ সে শুনে ফেলেছিল, সিংহশিশুটিও বাকী সকলের সঙ্গে 'ব্যা ব্যা' ক'রে ডাকছে।

ছোট সিংহটি 'ব্যা ব্যা' ক'রে বললে, 'আমি ছোট মেষশিশু, আমি নেহাং শিশু, বড় ভয় পেয়েছি আমি।' প্রথম সিংহটি গর্জন ক'রে উঠল, 'আহাম্মক! চলে এলো, ভোমাকে একটা মজা দেখাব।' ভারপর সে তাকে একটা শাস্ত জলাশয়ের ধারে নিয়ে গিয়ে, তার প্রতিবিম্বটি দেখিয়ে তাকে ব'লল, 'তুমি হচ্ছ একটি সিংহ—আমার দিকে তাকাও, ঐ মেষটিকে দেখ, আর তোমার নিজের চেহারাও এই দেখ।' সিংহশিশুটি ভখন ভাকিয়ে দেখল আর ব'লল, 'ব্যা ব্যা, আমি তো মেৰের মতো দেখতে নই—ঠিক আমি সিংহই বটে!' তারপর এমন গর্জন সে ক'রে উঠল, যেন পাহাড়ের ভিত পর্যন্ত কেঁপে উঠেছিল।

আমাদেরও ঠিক এই অবস্থা। মেন্ত্র-সংস্থারের আবরণে আমরা সকলেই নিংহ। আমাদের পরিবেশই আমাদিগকে তুর্বল ও মোহগ্রন্ত ক'রে ফেলেছে।

বেদান্তের কার্ব ছচ্ছে এই মোহ-বিমোচন। মাজ্জই আমাদের চরম লক্ষ্য। প্রাকৃতিক নিয়মের প্রতি আহুগত্য মৃক্তি—এ-কথা আমি স্বীকার করি না। এ-কথার অর্থ যে কী, তা আমি বুঝি না। মাচষের উন্নতির ইতিহাস অহ্যায়ী প্রাকৃতিক নিয়মের উর্ধে যাওয়াই উন্নতির কারণ। কেউ কেউ হয়তো বলবেন, সাধারণ নিম্নাকে জয় করা তো উচ্চতর নিয়মের সাহায্যেই হয়ে থাকে, কিন্তু বিজয়ী মন সেখানেও মৃক্তিকেই খুঁছে বেড়ায়, আর ষধনই জানতে পারে, নিশ্বযের মধ্য দিয়েই সংগ্রাম, তথনই দে ভাও জ্যু করতে চায়। হুভরাং মুক্তিই হ'ল সর্বকালের আদর্শ। বৃক্ষ কথনও নিষ্মকে অমাত্ত করে না; কোন গক্ষকে কথনও চুরি করতে দেখিনি। ঝিমুক কদাপি মিধ্যা বলে না; তথাপি তারা মাহুষের চেয়ে বড় নয়। নিয়মের প্রতি অমুরক্তি শেষ পর্যস্ত আমাদের জড় পদার্থেই পরিণত করে—তা সমাজে হোক, রাজনীতিতে হোক বা ধর্মেই হোক। এ-জীবন ভো মৃক্তিরই উদাত্ত নির্ঘোষ; আচার-নিয়মের আধিক্য মানে মৃত্যু। হিন্দুদের মতো অক্ত কোন ভাতির এত বেশী সামাজিক নিয়ম-কাহন নেই, যার ফল জাতীয় মৃত্যু। কিন্তু হিন্দুদের স্বাভন্ত্য এই যে, ধর্মের মধ্যে ভারা কোন মতবাদ বা নিয়মাদি আনেনি। তাদের ধর্মের তাই সর্বোচ্চ বিকাশ হয়েছে। এই ধর্মের মধ্যেই আমরা সৰচেয়ে বাস্তবদৃষ্টিসম্পন্ন—আর ভোমৰা দেখানেই সবচেয়ে ৰাস্তব দৃষ্টিহীন।

আমেরিকাতে জনকয়েক লোক এসে ব'লল, 'আমরা একটা যৌথ কারবার ক'বব', পাঁচ মিনিটের মধ্যেই তা হয়ে গেল। ভারতবর্ষে কুড়িন্তন লোক মিলে দীর্ঘ কয়েক সপ্তাহ ধরে যৌথ কারবার সম্পর্কে আলোচনা কয়তে পারে এবং তাতেও হয়তো তা গঠিত হবে না; কিছু কেউ বদি বিশাস করে যে, চল্লিশ বংসর উর্দ্ধবান্থ হয়ে তপতা কয়লে সে জানলাভ কয়বে—তা সেতংকণাৎ কয়বে! কাজেই আমরা আমাদের ভাবে বাস্তবন্তিসম্পন্ন, তোমরাও তেমনি তোমাদের ভাবে।

কিন্তু অনুভব-রাজ্যে প্রবেশের যত পথ, তার সেরা পথ হচ্ছে অনুরাগ। ঈশরে অনুরাগ হ'লে সমন্ত বিশ্বকেই আপন বোধ হয়, কারণ সবই তাঁর সৃষ্টি। ভক্ত বলেন, 'ঠারই ভো সব, আর তিনিই আমার প্রেমাম্পদ; আমি তাঁকেই ভালবাসি।' এমনি ক'রে ভক্তের কাছে সব কিছু পবিত্র হয়ে ওঠে, কারণ সকল বস্তুই তাঁর। তা হ'লে আমরা কি করেই বা কাউকে কট দিতে পারি? কেমন ক'রে তবে অপরকে ভাল না বেদে পারি? ঈশরকে ভালবাদবার দক্ষে সঙ্গে ভারই ফলব্ধণে অবশেষে প্রত্যেকের প্রতিই ভালবাদা এদে যাবে। যতই ঈশরের কাছাকাছি যাব, ততই দেখতে থাকব যে, তাঁতেই সব কিছু রয়েছে, আমাদের হৃদয় হবে তথন প্রেমের অনম্ভ প্রপ্রবণ। প্রেমের দিব্যালোকে মাহ্য ক্লপান্তরিত হয়ে যায়, আর শেষ পর্যন্ত দেই মধুর এবং উদ্দীপনাময় সত্যটি উপলব্ধি করে—প্রেম; প্রেমিক আর প্রেমাম্পদ—ভত্তঃ একই।

धर्मत मावि

আপনাদের অনেকেরই সারণ আছে যে আপনারা শিশুকালে উদীরমান জ্যোতির্ময় স্থাকে কত আনন্দের সহিতই না অবলোকন করিতেন; আর আপনারা সকলেই জীবনের কোন না কোন সময়ে ভাস্বর অস্তাচলগামী স্থাকে স্থির দৃষ্টিতে অবলোকন করিয়া অস্ততঃ কল্পনাসহায়ে অদৃশু লোকে অম্প্রবৈশের প্রচেষ্টাও করেন। বস্তুতঃ এই ব্যাপারটি সমগ্র বিশ্বর ভিত্তিমূলে রহিয়াছে—অদৃশুলোক হইতে উদয় এবং উহাতেই পুনরায় অস্তগমন, অজানা হইতে এই সমগ্র বিশের উত্তব, পুনরায় অজানার ক্রোড়ে অম্প্রবেশ; শিশুর মতো অন্ধকার হইতে হামাগুড়ি দিয়া আবিভূতি হওয়া এবং পুনরায় বৃদ্ধ বয়সে হামাগুড়ি দিয়া কোনপ্রকারে অন্ধকারের মধ্যে ফিরিয়া যাওয়া।

আমাদের এই বিশ্ব, এই ইন্দ্রিয়গ্রাহ্ জ্বণং, এই যুক্তি ও বৃদ্ধিগ্রাহ্ বন্ধাণ্ডটি উভয় প্রান্থেই অসীম, অজেয় ও চির অজ্ঞাতের দারা আবৃত। অফুসন্ধান—এই অজ্ঞাত সম্বন্ধেই অফুসন্ধান চলে, প্ৰশ্ন এখানেই চলে, তথ্যও এইখানেই বহিয়াছে, ইহাবই মধ্য হইতে সেই আলোক বিচ্ছুবিত হয়, যাহা জগতে 'ধর্ম' নামে প্রসিদ্ধ। কিন্তু প্রকৃতপক্ষে ধর্ম ইন্দ্রিয়গ্রাহ্য ইহুলোকের বস্তু নয়; ইহা অভীব্রিয় স্তরের বস্তু। ইহা যুক্তি-বিচারের অভীত, ইহা বৃদ্ধিগ্রাহ্ম স্তরের অস্তর্ভুক্ত নয়। ইহা এমন একটি প্রত্যক্ষ দর্শন, এমন একটি দৈব-প্রেরণা, অজ্ঞাত ও অজ্ঞেয়ের মধ্যে এম্ন এক আত্ম-নিমজ্জন যাহার ফলে অজেয়কে জাত অপেকাও নিবিড়ভাবে জানা যায়; কারণ লৌকিক অর্থে ইহার জ্ঞান সম্ভব নয়। আমার বিশাস মানব-মনের এই অহুসন্ধিৎদা স্ষ্টির আদি হইডেই চলিয়া আদিতেছে। জ্বগতের ইভিহাসে এমন কোন সময়ই ছিল না, যথন মাহযের বিচারশক্তি ও বুদ্ধিমতা ছিল অথচ এই প্রচেষ্টা—এই অতীক্রিয় বস্তব অমুসন্ধিৎসা ছিল না। আমরা হয়তো দেখিতে পাইলাম, আমাদের এই কৃত্ত বিশ্বে, এই মানব-মনে একটি ভাবনার ^{উদ্যু} হইল, কিন্তু কোথা হইতে ইহার উদ্ভব হইল, তাহা আমরা জানি না, ^{এবং} যথন ইহা বিলুপ্ত হয়, তথনই বা ইহা কোথায় যায়, তাহাও **আ**মরা

জানি না। এই কুদ্র জগং ও বিরাট ব্রহ্মাণ্ড, একই উৎস হইতে উদ্ভূত হয়, একই ধারায় চলে, একই প্রকার স্তর্সমষ্টি অতিক্রম করে এবং একই পর্দায় ঝায়ত হয়।

আমি আপনাদের সম্থে হিন্দের এই মতবাদ উপস্থিত করিতে চেটা করিব যে, ধর্ম বাহির হইতে আসে না, অন্তর হইতে উৎসারিত হয়। আমার বিশাদ—ধর্ম মাহবের এমনই মজ্জাগত যে, যতক্ষণ মাহ্ম দেহ ও মন ত্যাগ না করে, চিন্তা ও প্রাণের গতি নিক্ষ না করে, ততক্ষণ ধর্ম ত্যাগ করিতে পারিবে না। যতক্ষণ মাহ্ম চিন্তা করিতে সমর্থ থাকিবে, ততক্ষণ পর্যন্ত—এই প্রয়াদ থাকিবে, ততদিন পর্যন্ত মাহ্মবের কোন না কোন রক্ষ ধর্ম থাকিবেই, এইক্রণে আমরা দেখিতে পাই—ক্রগতে নানা ধর্মের উৎপত্তি হইয়াছে। এইগুলির অহ্শীলনে মাহ্ম দিশেহারা হইয়া যায়, কিন্তু অনেকে যদিও মনে করেন যে এ জাতীয় গবেষণা রূথা, তথাপি বস্ততঃ উহা রূথা নয়। এই বিশৃত্যকার মধ্যেও একটি সামগ্রন্ত আছে, এই-সকল বেতাল বেহ্মবের মধ্যেও একটি সন্ধীতের ছন্দ পাওয়া যায়; বিনি শুনিতে চেটা করিবেন, তিনিই দে ছন্দ শুনিতে পাইবেন।

বর্তমান সময়ে সকল প্রশ্নের বড় প্রশ্ন হইল, যদি ইহাই স্থাহয় যে, জেয়ে এবং জাত বস্তব উভয় প্রান্তে অজ্ঞেয় এবং সম্পূর্ণ অক্ষাত অনন্তের বেইন রহিয়াছে, তবে সেই অজানাকে জানিবার জন্ম এত প্রয়াস কেন ? কেন আমরা জাত বস্ত লইয়াই সম্ভুট থাকিব না, কেন আমরা পানাহার এবং সমাজের মকলসাধনকল্পে সামার্য কিছু করিয়াই পরিত্প্ত থাকিব না? এই ধারণাই সর্বত্র আকাশে বাতাসে ছড়াইয়া আছে। পণ্ডিত অধ্যাপক হইতে আরম্ভ করিয়া অফুটভাবাভাষী শিশু পর্যন্ত সকলেই বলে: জগতের উপকার কর; ধর্ম বলিতে এই টুকুই বুঝায়; ইন্দ্রিয়াতীত বস্তু সম্পর্কে মাথা ঘামাইও না। এই কথা এত বেশী ক্ষেত্রে বলা হইয়া থাকে যে, এখন ইহা একটি অবধারিত সত্যে পরিণত হইয়া গিয়াছে।

কিন্তু সৌভাগ্যের বিষয় এই ষে, আমরা স্বভাবতই ইহার ও উর্ধের অন্থসদ্ধান করিতে বাধ্য। এই ষে বর্তমান, এই ষে ব্যক্ত, ভাহা অব্যক্তের এক অংশ মাত্র। এই ইন্দ্রিয়গ্রাহ্ম বিশ্ব ষেন সেই অনস্ত অধ্যাত্মলোকের এমন এক জিংশ, এমন একটি খণ্ড, যাহা এই ইন্দ্রিয়গ্রাহ্ম চেতনন্থবের মধ্যে প্রসারিত্ব

হইয়া পড়িয়াছে। সেই অভীক্রিয় ভবকে বাদ দিয়া কেবল এই প্রসারিত ক্তু অংশটিকে কিরূপে বুঝা যায় বা ব্যাখ্যা করা সম্ভব ? সক্রেটিস সম্বন্ধে ক্থিত আছে যে, এথেন নগরীতে একদা বক্তৃতা করিবার কালে তিনি এমন একজন ব্রাহ্মণের সাক্ষাৎ পান, যিনি ভ্রমণ ব্যপদেশে গ্রাদে উপস্থিত হইয়াছিলেন। সক্রেটিস তাঁহাকে বলিলেন, মান্তবের প্রধান জ্ঞাতব্য বিষয় হইল 'মামুষ'। ব্রাহ্মণ তংক্ষণাৎ প্রতিবাদ করিয়া বলিলেন, 'ঈশ্বরকে না জানিয়া আপনি মাতুষকে জানিবেন কিরপে ?' এই যে ঈশর, এই যে সদা অজ্ঞেয় দত্তা, অথবা পরমতত্ত্ব, অথবা অনস্ত বস্তু, অথবা নামহীন দত্তা—আপনি তাঁহাকে যে নামে ইচ্ছা অভিহিত করিতে পারেন—একমাত্র তাঁহাকে অবলম্বন ক্রিয়াই জ্ঞাত ও জ্ঞেয় অর্থাৎ এই বর্তমান জীবনের যৌক্তিকতা সম্পূর্ণ ব্যাখ্যা করা বা অবস্থিতির মূল কারণ প্রদর্শন করা সম্ভব। আপনার সম্মুধস্থ যে-কোন অতি-জড়বস্তুই ধকন—বে-সৰ বিতা অতীৰ জড়-বিষয়সম্বনীয় বিজ্ঞান বলিয়া পরিচিত, ভাহার যে-কোনটি--যথা রসায়ন-বিভা, পদার্থ-বিভা, জ্যোভিবিজ্ঞান বা প্রাণী-বিজ্ঞান অধ্যয়ন করুন; ক্রমাগত তাহার অফুশীলন করিয়া চলুন— দেখিবেন স্থুল রূপগুলি ক্রমেই বিলীন হইয়া স্ক্ষে পরিণত হইতেছে, অবশেষে এমন একটি বিন্দুদৃশ কেন্দ্রে আদিয়া পৌছিভেছে, যেখানে আপনি ব্দড় হইতে অ-জড়ে উপনীত হইবার ব্দয় একটি বৃহৎ লক্ষ প্রদান করিতে বাধ্য। স্থুল বিগলিত হইয়া স্কাকার গ্রহণ করে, পদার্থ-বিজ্ঞান দর্শন-শাস্ত্রে পরিণত হয়; জ্ঞানরাজ্যের সকল কেত্রেই এই প্রক্রিয়া পরিলক্ষিত হয়।

আমাদের বাহা কিছু আছে—আমাদের সমান্ত, আমাদের পরস্পরের দহিত সম্পর্ক, আমাদের ধর্ম এবং আপনারা বাহাকে নীতিশাল্প নামে অভিহিত করেন—সর্ব ক্ষেত্রেই এই একই কথা প্রবােজ্য। কেবলমাত্র উপযােগিতার (utility) ভিত্তিতে নীতিশাল্প গড়িয়া তুলিবার বহু প্রচেষ্টা দেখা বায়। আমি প্রতিঘদ্দিরূপে যে কোন ব্যক্তিকে এইরূপ কোন স্থায়সমত নীতিশাল্প গড়িয়া তুলিতে আহ্বান করিতেছি। তিনি হয়তো অপরের উপকার সাধন করিতে উপদেশ দিবেন। কেন ক্রন্তপ করিব ? যেহেত্র্ প্রিপ করাই মানবের পক্ষে স্বাপেক্ষা অধিক উপযােগী'। এখন ধরা যাক, কোন ব্যক্তি যদি বলে, 'আমি উপযােগিতা গ্রাহ্থ করি না, আমি অপরের কণ্ঠচেছদ করিয়া নিজে ধনী হইব।' আপনি তাহাকে কি উত্তর

দিবেন ? সে তো আপনার প্রয়োজনবাদেরই আশ্রয় লইয়া ঐ প্রয়োজনবাদকেই নস্তাৎ করিয়া দিল। আমি যদি জগতের উপকার সাধন করি, তাহাতে আমার কোন প্রয়োজন সিদ্ধ হইবে ? আমি কি এতই নির্বোধ যে, অপরে যাহাতে স্থে থাকিতে পারে, তাহার জ্ঞ্য পরিশ্রম ক্রিয়া জীবনপাত ক্রিব ? যদি সমাব্দ ব্যতীত অপর কোন চেতন বস্তু না থাকে, পঞ্চেদ্রয় ব্যতীত জগতে অপর কোন শক্তি না থাকে, তাহা হইলে আমি নিজেই বা স্থী হইব না কেন? ধদি আইন-রক্ষীদের করতল হইতে নিজেকে মুক্ত বাখিতে পারি, তবে আমি কেন আমার ভাতৃবর্গের কণ্ঠচ্ছেদ করিয়া নিজে স্থী না হইব ? আপনি ইহার কি উত্তর দিবেন ? আপনাকে ইহার সমর্থনে কোন উপযোগিতা দেখাইতে হুইবে। এইরূপে যথনই আপনার যুক্তির ভিত্তি শিথিল করিয়া দেওয়া হয়, তখনই আপনি বলেন, ওহে বন্ধুবর, জগতে ভাল করাই ভাল। মানব-মনের অন্তর্নিহিত যে শক্তি বলে, ভাল হওয়াই ভাল, যে শক্তি আমাদের নিকট অতি সমুজ্জল আত্মার মহিমা প্রকাশ করে, সাধুত্বের সৌন্দর্য-পুণ্যের সর্বমনোহর আকর্ষণ প্রকটিত করে, মঙ্গলের অনস্ত শক্তির পরিচয় দেয়, দেই শক্তিটির স্বরূপ কি ? তাহাকেই তো আমরা 'ঈশ্বর' বলি। তাই নয় কি ?

বিতীয়তঃ এবার আমি এমন এক কেত্রে আদিয়া পড়িতেছি, যেখানে দাবধানে কথা বলিতে হয়। আমি আপনাদের মনোযোগ আকর্ষণ করিতেছি এবং অনুরোধ করিতেছি, যাহাতে আপনারা আমার বক্তব্য শুনিয়াই ক্রত কোন দিদ্ধান্ত না করিয়া ফেলেন। আমরা এই জগতে উপকার দাধন বিশেষ কিছুই করিতে পারি না। জগতের কল্যাণ করা ভাল কথা। কিন্তু এই জগতের কোন বিশেষ উপকার আমরা করিতে পারি কি? এই যে শত শত বংদর ধরিয়া আমরা চেষ্টা করিতেছি, ভাহাতে কি খ্ব বেশী কিছু উপকার করিতে পারিয়াছি, জগতের মোট স্থেবর পরিমাণ কি বৃদ্ধি করিতে পারিয়াছি? জগতে স্থা-স্প্রের জ্ঞা নিত্যই অসংখ্য উপায় উদ্ভাবিত হয়, এবং এই প্রক্রিয়া শত-দহস্র বংদর ধরিয়া চলিতেছে। আমি আপনাদিগকে প্রশ্ন করি, এক শতাকীকাল পূর্বের তুলনায় বর্তমানে মোট স্থেবর পরিমাণ কি বৃদ্ধি পাইয়াছে? তাহা সম্ভব নয়। মহাদাগরের বৃক্তে কোথাও না কোথাও গভীর গহুর স্প্রেই করিয়াই উত্তাল তরঙ্গ উঠিতে পারে।

যদি কোন জাতি ধনী ও শক্তিশালী হইয়া উঠে, তাহা অস্ত কোন জাতির ধনসম্পদ্ ও ক্ষমতার হ্রাস করিয়াই হইয়া থাকে। প্রতিটি নবাবিষ্ণুত ষন্ত্র বিশ জনকে ধনী করিতেছে আর বিশ সহস্রকে দরিত্র করিতেছে। সর্বত্রই দেখা যায়—প্রতিযোগিতার এই সাধারণ নিয়মের অভিব্যক্তি। মোট ফুর্ড শক্তির পরিমাণ সর্বদা একই থাকে। আরও দেখুন এই কার্যটাই নিরু দ্ধিতার পরিচায়ক; তু:থকে বাদ দিয়া আমরা স্থথের ব্যবস্থা করিতে পারি—ইহা অযৌক্তিক কথা। ভোগের এই-সকল উপকরণ স্বষ্ট করিয়া আপনারা জগতের অভাব বৃদ্ধি করিতেছেন এই মাত্র। আর অভাবের বৃদ্ধির অর্থ হইল অতৃপ্ত বাসনা, যাহা কখনও প্রশমিত হইবে না। কোন্ বস্ত এই অভাব— এই তৃষ্ণা পরিতৃপ্ত করিতে পারে ? ষতকণ এই তৃষ্ণা থাকিবে, ততকণ ত্ব: অনিবার্য। জীবনের স্বাভাবিক ধারাই এই যে, পর পর ত্বং এবং স্থ ভোগ করিতে হয়। তারপর আপনি কি মনে করেন যে, পৃথিবীর মঙ্গল-সাধনের কর্ম আপনার উপরই অর্পণ করা হইয়াছে। আর কি কোন শক্তি এই বিশ্বে কার্য করিতেছে না? যিনি সনাতন, সর্বশক্তিমান্, করুণাময়, চিরজাগ্রত—িঘিনি সমগ্র বিশ্ব নিজামগ্র হইলেও নিজে কখনও নিজিত হন না, গাহার চকু সভত নির্নিমেষ, সেই ঈশ্বর কি আমার ও আপনার হল্তে তাঁহার বিশ্বকে সমর্পণ করিয়া মৃত্যু বরণ করিয়াছেন বা বিশ্ব হইতে বিদায় লইয়াছেন ? এই অনস্ত আকাশ যাঁহার সদা উন্মীলিত চক্ষ্-সদৃশ, তিনি কি মৃত্যু-কবলিত হইয়া নিশ্চিহ্ন হইয়া গিয়াছেন ? তিনি কি আর এই বিশ্বের পালনাদি করেন না? বিশ্ব তো বেশ ভালভাবেই চলিভেছে, আপনার ব্যস্ত হইবার ভো কোন প্রয়োজন নাই; এ-সকল ভাবিয়া আপনার তঃথ ভোগ করিবার প্রয়োজন নাই।

খামীজী এথানে দেই লোকটির গল্প বলিলেন, যে ভূতের দারা আপনার কর্ম করাইতে চাহিয়াছিল, এবং ভূতকে ক্রমাগত কর্মের নির্দেশ দিয়াছিল; কিন্তু পরিশেষে আর ভাহাকে নিযুক্ত রাখিবার মতো কোন কর্ম না পাওয়ায় একটি কুকুরের বাঁকা লেজকে দোজা করিতে দিয়াছিল।

এই বিশের উপকার-সাধন করিতে গিয়া আমাদেরও সেই একই অবস্থায়
^{পড়িতে} হইয়াছে। হে ভ্রাতৃরুন, আমরাও ঠিক তেমনি এই শতসহস্র

বংসর ধরিয়া কুকুরের লেজ সোজা করিবার কাজে লাগিয়া আছি। ইহা বাতব্যাধির মতো। পাদদেশ হইতে বিতাড়িত করিলে উহা মন্তকে আশ্রয় লয়, মন্তক হইতে বিতাড়িত করিলে অপর কোন অঙ্গে আশ্রয় লয়।

আপনাদের অনেকেরই নিকট জগৎ সম্বন্ধে আমার এই মতটি ভয়াবহ-ভাবে নৈরাশ্রজনক বলিয়া মনে হইবে, কিন্তু প্রকৃতপক্ষে তাহা নয়। নৈরাভাবাদ ও আশাবাদ, তুই-ই লাস্ত মত—তুই-ই অতিমাত্রায় চরম। ষ্ভক্ষণ পর্যস্ত কোন ব্যক্তির অপর্যাপ্ত খাল্ড ও পানীয় থাকে, পরিধানে উত্তম বস্ত্র থাকে, ততক্ষণ পর্যন্ত সে অত্যন্ত আশাবাদী, কিন্তু সেই মাহুবই ষ্থন দ্বকিছু হারায়, তথন চরম নৈরাশ্রবাদী হইয়া উঠে। ষ্থন কোন ব্যক্তি সর্বপ্রকার ধনসম্পদ্ হইতে সম্পূর্ণ বঞ্চিত হয় এবং একেবারে দীন-দরিদ্র হইয়া যায়, কেবল তথনই মানবজাতির ভাতৃত্ব সংক্রান্ত ধারণারাশি তাহার নিকট সবেগে আবিভূতি হয়। সংসারের স্বরূপই এই। যতই দেশদেশান্তর ভ্রমণ করিয়া জগতের সহিত অধিক পরিচিত হইতেছি, ষতই আমার বয়দ হইতেছে, ততই আমি নিরাশাবাদ ও আশাবাদের মতো চরম মত পরিহার করিবার চেষ্টা করিভেছি। এই জগৎ ভালও নয়, মন্দও নয়; ইহা প্রভুর জগং। ইহা ভাল-মন্দ উভয়ের অভীভ, নিজের দিক হইতে ইহা স্ববিষয়ে পরিপূর্ণ। ভগবানেরই ইচ্ছায় কাজ চলিতেছে, এবং এই-সকল বিভিন্ন চিত্র আমাদের সম্মুখে আসিতেছে; অনাদি অনস্ত কাল ধরিয়া ইহা চলিতে থাকিবে। ইহা একটি স্বৃহৎ ব্যায়ামাগার তুলা; এখানে আমাকে আপনাকে ও লক্ষ লক্ষ প্রাণীকে আসিয়া ব্যায়াম অভ্যাস করিতে হুইবে এবং নিজ্ঞদিগকে সরল ও দোষশৃত্য করিয়া লইতে হুইবে। জ্বগৎ এই উদ্দেশ্যেই স্বষ্ট হইয়াছে। ভগবান্ যে ত্রুটিহীন জ্বগৎ স্বষ্টি করিতে পারিতেন না বা জগতে হু:থের ব্যবস্থা করা ভিন্ন উপায়াস্তর ছিল না, ভাহা নয়।

আপনারা দেই ধর্মাজক ও তরুণীর কাহিনী শারণ করুন; একটি দ্রবীক্ষণ যয়ের সাহায্যে উভয়েই চন্দ্র অবলোকন করিয়া কলকরেখাগুলি দেখিতে পাইলেন। ধর্মমাজক বলিলেন, 'ওইগুলি নিশ্চয়ই গির্জার চূড়া।' তরুণী বলিলেন 'বাজে কথা, ওরা নিশ্চয়ই চূম্বনরত তরুণ প্রণমীযুগল।' এই পৃথিবী সম্পর্কে আমাদের দর্শনও অমুরূপ। আমরা যখন জগতের ভিতরে থাকি, তথন মনে করি, উহার অন্তর্ভাগ দেখিতেছি। আম্রা

জীবনের যে স্তরে থাকি, তদম্যায়ী বিশ্বকে দেখি। রান্নাহরের অগ্নি ভালও নয়, মন্দও নয়। যথন এই অগ্নি আপনার আহার্য প্রস্তুত করিয়া দেয়, তখন আপনি তাহার প্রশংসা করিয়া বলেন, 'অগ্নি কত ভাল !' অগ্নি যথন আপনার আঙ্ল দথা করে, ভথন আপনি বলেন, 'ইহা কি জ্ঘক্তা' ঠিক একইভাবে এবং সমযুক্তিদহায়ে এ-কথা বলা যায়, 'এই বিশ ভালও নয়, মন্দও নয়।' এই সংসারটি সংসার ছাড়া আর কিছু নয়; এবং চিরকাল তাহাই থাকিবে। যখনই আমরা নিজদিগকে ইহার নিকট এমন-ভাবে খুলিয়া ধরিতে পারি যে, জাগতিক কার্যাবলী আমাদের অফুকৃল হয়, তখন আমরা ইহাকে ভাল বলি। আবার যদি আমরা নিজেদের এমন অবস্থায় উপস্থাপিত করি ধে, ইহা আমাদের তৃঃধদাগরে ভাদাইয়া দেয়, তাহা হইলে ইহাকে আমরা মন্দ বলি। ঠিক এইভাবে আপনারা সর্বদাই দেখিতে পাইবেন, নির্দোষ ও আনন্দময় যে শিশুদের মনে কাহারও প্রতি কোন অনিষ্টচিস্তা জাগ্রত হয় নাই, তাহারা আশাবাদী হয়, তাহারা দোনার স্বপ্ন দেখে। এদিকে ষে-সব বয়স্ক ব্যক্তির অন্তর বাসনায় পূর্ণ, অথচ উহা পূর্ণ করিবার কোন উপায় নাই, বিশেষতঃ যাহারা সংসারে প্রচুর ঘাত-প্রতিঘাতে আবর্তিত হইয়াছে? তাহারা নৈরাশ্রবাদী হয়। ধর্ম সভ্যকে জানিতে চায়; এবং প্রথম যে তত্ত্ব সে আবিষ্কার করিয়াছে, তাহা হইল এই— সভ্যের অত্মভৃতি ব্যতীত বাঁচিয়া থাকার কোন অর্থ নাই।

আমরা যদি লোকাতীতকে জানিতে না পারি, তাহা হইলে আমাদের জীবন মক্তৃমিতে পরিণত হইবে, মানব-জন্ম রুধা যাইবে। 'বর্তমানের বস্তু লইয়া সম্ভষ্ট থাকো'—ইহা বলিতে বেশ। গাজী, কুকুর এবং অন্তান্ত পশুদের ক্ষেত্রে এইরপ হওরা সম্ভব, এবং এই সম্ভোযই তাহাদের পশু করিয়া রাখিয়াছে। হতরাং মাহ্ম্য যদি বর্তমানেই সম্ভষ্ট থাকে এবং লোকাতীতের উদ্দেশ্রে সম্ভ অফ্সন্ধান পরিত্যাগ করে, তাহা হইলে মাহ্ম্যকে পুনরায় পশুত্বের শুরে ফিরিয়া যাইতে হইবে। এই ধর্ম, এই লোকাতীতের জন্ত অফ্সন্ধিৎসাই শাহ্ম্য ও পশুর মধ্যে পার্থক্য ক্ষিট্ট করিয়াছে। এ-কথাটা বেশ বলা হইয়াছে যে, মাহ্ম্যই একমাত্র জীব যে অভাবতঃ উর্দ্ধে দৃষ্টিপাত করে, অন্তান্ত প্রাণী স্থভাব-বশেই নিম্নদৃষ্টি। এই যে উর্ধ্বদৃষ্টি এবং উর্ধ্বাভিম্পে গতি, ও পূর্ণতালিতের আকৃতি—ইহাকেই মৃক্তি বলা হয়, এবং যত শীত্র মাহ্ম্য উর্ধ্বে

শুরাভিম্থে চলিতে আরম্ভ করে, তত শীঘ্রই সে এইরূপ ধারণায় উপনীত হয় যে, মৃক্তি বলিতে সত্যকেই বুঝায়। ভোমার পকেটে কত টাকা আছে, কিংবা তুমি কিরূপ পোশাক-পরিচ্ছদ পরিতেছ—কিংবা কি প্রকার গৃহে বাস করিতেছ, তাহার উপর মৃক্তি নির্ভর করে না, নির্ভর করে তোমার মন্তিছে কত্টুকু অধ্যাত্ম-চিন্তা আছে, তাহার উপর। ইহারই ফলে মাহযের উন্নতি হয়, ইহাই জড়জগতে ও বৃদ্ধিজগতে সর্বপ্রকার উন্নতির উৎস; ইহাই সেই মৌলক আকৃতি, সেই উৎসাহ যাহা মাহযকে প্রগতির পথে পরিচালিত করে।

তাহা হইলে মানব-জীবনের লক্ষ্য কি ? স্থপ ও ইন্দ্রিয়গ্রাহ্য ভোগই কি লক্ষ্য ? পুরাকালে বলা হইত, মাহুষ স্বর্গে গিয়া তুরী নিনাদ করিবে এবং রাজ-সিংহাদনের নিকটে বাদ করিবে। বর্তমান যুগে দেখিতেছে, এই ধারণাকে অতি হীন বলিয়া মনে করা হয়। বর্তমান যুগে এই ধারণাটির উৎকর্য সাধন করা হইয়াছে এবং বলা হয় যে, স্বর্গে সকলেই বিবাহ করিতে পাইবে এবং ঐ জাতীয় সবকিছুই দেখানে পাইবে। এই ছুইটি ধারণার মধ্যে যদি কোনটির অগ্রগতি হইয়া থাকে, তাহা হইলে দিভীয়টির অগ্রগতি হইয়াছে মন্দেরই দিকে। স্বর্গ সম্পর্কে এই যে-সকল ধারণা উপস্থাপিত করা হুইল, তাহা মনের হুর্বলভারই পরিচায়ক। এবং এই হুর্বলভার কারণ: প্রথমতঃ মাহুষ মনে করে, ইন্দ্রিয়হুখই জীবনের লক্ষ্য; দিতীয়তঃ পঞ্চেন্দ্রিয়ের অতীত কোন বস্তুর ধারণা সে করিতে পারে না। এই মতবাদীরা প্রয়োজন-বাদীদের মতোই যুক্তিহীন। তথাপি ইহারা অন্ততঃপক্ষে আধুনিক নান্তিক প্রয়োজন-বাদীদের তুলনায় অনেক ভাল। পরিশেষে বলিতে হয়, প্রয়োজন-বাদীদের এই মতবাদটি বালকোচিত। আপনার এ-কথা বলিবার কি অধিকার আছে যে, 'এই আমার বিচারের মাপকাঠি এবং সমগ্র বিশকে এই বিচারের মাপকাঠি অহুযায়ী চলিতে হইবে ?' যে মাপকাঠির শিক্ষা হইল—শুধু অন্ন, অর্থ ও পোশাকই ঈশ্বর, সেই মাপকাঠি দারা দকল সভ্যকেই বিচার করিতে হইবে, এইরূপ বলিবার আপনার কি অধিকার আছে ?

ধর্ম কোন খাছের মধ্যে বা বাসস্থানের মধ্যে সীমাবদ্ধ থাকে না। আপনারা প্রায়ই এবংবিধ সমালোচনা শুনিতে পান যে, 'ধর্ম আবার মাহু^{ষের} কি হিতসাধন করিতে পারে? ইহা কি দরিস্তের দারিস্ত্য দূর করিতে পা^{রে}, তাহাদিগকে পরিধানের বস্তু দিতে পারে ?' ধকন ধর্ম তাহা পারে না, ইহা ঘারাই কি ধর্মের অসত্যতা প্রমাণিত হইবে ? ধকন জ্যোতির্বিদ্যা সংক্রান্ত কোন তত্ত্ব ব্যাখ্যা করা হইতেছে, এমন সময় আপনাদের মধ্যে একটি শিশু উঠিয়া প্রশ্ন করিল, 'এই তত্ত্ব কি কোন ভাল থাবার উৎপন্ন করিছে পারিবে ?' আপনি হয়তো বলিলেন, 'না, পারে না।' শিশুটি তথন বলিল, 'তাহা হইলে ইহা নিরর্থক।' শিশুরা সমগ্র বিশ্বকে নিজেদের দৃষ্টিকোণ হইতে দেখে—অর্থাৎ থাবার প্রস্তুতের দৃষ্টি দিয়া; আর এই সংসারে যাহারা শিশুসম, তাহারাও এইরূপ করে।

উনবিংশ শতকের শেষভাগে এ-কথা বলিতে হুংখ হয় যে, পৃথিবীতে আজ পর্যন্ত গাঁহাদিগকে পণ্ডিত, সর্বাধিক যুক্তিবাদী, সর্বাপেকা ভায়কুশল এবং সর্বোজম মনীষাসম্পন্ন বলিয়া আমরা জানি, এই-সব ব্যক্তি ঐ শিশুদেরই মধ্যে পরিগণিত। উচ্চ তত্বগুলিকে আমাদের এই হীন দৃষ্টিকোণ হইতে বিচার করা সক্ষত নয়। প্রত্যেক বস্তুকে তাহার নিজস্ব মাপকাঠি দিয়া বিচার করিতে হইবে এবং অসীমকে অসীমেরই মান অভুসারে পরীক্ষা করিতে হইবে—অনস্তের দৃষ্টিকোণ হইতে দেখিতে হইবে। ধর্ম মাহ্মষের সমগ্র জীবন, শুধু বর্তমান নয়, অতীত, বর্তমান, ভবিত্যৎ—সমগ্র জীবনধারাকে ব্যাপ্ত করিয়া রাখিয়াছে। অভএব ধর্ম হইল সনাতন আত্মার সহিত সনাতন ইবরের শাশত সম্পর্ক। পাঁচ মিনিটের মানব-জীবনের উপর ইহা কি প্রকার প্রভাব করে, তাহা দেখিয়া ইহার মূল্যনির্ধারণ করা কি ভায়সক্ষত হইবে ? কথনই নয়। এগুলি সমস্তই নেতিবাচক যুক্তি।

এখন প্রশ্ন উঠিতেছে—ধর্ম কি মান্তব্যে জন্ত সভাই কিছু করিতে পারে ? পারে। ধর্ম কি সভাই মান্তবের জন্তব্যের ব্যবস্থা করিতে পারে ? অবশ্রই পারে। ধর্ম সর্বদাই তাহা করে, এবং তদপেকা অনেক বেশী কিছু করে: ইহা মান্তবকে অনস্ত মহাজীবন আনিয়া দেয়। ইহা মান্তবকে মান্তব্য করিয়াছে, এবং এই পশুমানবকে দেবত্বে উনীত করিবে। ইহাই হইল ধর্মের কল। মানব-সমাজ হইতে ধর্মকে বাদ দিন, কি থাকিবে ? বর্বরে পরিপূর্ণ একটি অরণ্যানী ব্যতীত আর কিছুই থাকে না। যেহেতু এইমাত্র আমি তোমাদের নিকট প্রমাণ করিতে চেষ্টা করিয়াছি যে, ইন্দ্রিয়ত্থকে মানব-জীবনের লক্ষ্য মনে করা অসম্ভব, সেইহেতু আমরা এই সিদ্ধান্তে পৌছিতেছি

ষ্কোনই মানবজীবনের উদ্দেশ্য। আমি আপনাদের ইহাও দেখাইতে প্রয়াস পাইয়াছি যে, এই সহত্র বৎদর ধরিয়া সভ্যাহ্মসন্ধানের জন্ম এবং মানব-কল্যাণের জন্ম কঠোর প্রচেষ্টা সত্ত্বেও আমরা উল্লেখযোগ্য উন্নতি করিতে পারিয়াছি—খুবই অল্প। কিন্তু মাহ্মস্ব জ্ঞানের অভিমুখে বছদ্র অগ্রদর হইয়াছে। জৈব-ভোগের ব্যবস্থা করাকেই ধর্মের শ্রেষ্ঠ উপযোগিতা বলা চলে না; পরস্ক পশু-মানব হইতে দেবভার স্প্তি করাই হইবে ইহার সর্বশ্রেষ্ঠ অবদান। অতঃপর জ্ঞানলাভ হইলে উহা হইতে স্বভাবতই পরমানন্দ আবিস্কৃতি হয়।

শিশুগণ মনে করে, ইন্দ্রিয়হ্থই হইল তাহাদের লভ্য হুখগুলির মধ্যে সর্বশ্রেষ্ঠ। আপনারা প্রায় সকলেই জানেন যে, মানবজীবনে ইন্দ্রিয়দভোগ অপেকা বৃদ্ধিন্দ সন্তোগ অধিকতর তৃপ্তিপ্রদ। কুকুর আহার করিয়া যে আনন্দ পায়, আপনারা কেহ তাহা পাইবেন না। আপনারা সকলেই ইহা বিশেষভাবে লক্ষ্য করিতে পারেন। মাহুষের মধ্যে কোণা হইতে ভৃপ্তিবোধ জাগ্রত হয় ? আহার হইতে শৃকর বা কুকুর যে আনন্দ পায়, আমি ভাহার কথা বলিতেছি না। লক্ষ্য করুন-শূকর কিভাবে আহার করে। সে যথন খায়, তথন সমগ্র বিশ্ব ভূল হইয়া যায় ; ভাহার গোটা মন ঐ আহারের মধ্যে ডুবিল্লা যার। আহার-গ্রহণকালে ভাহাকে হত্যা করিলেও দে গ্রাহ্ করিবে না। ভাবিয়া দেখুন, ঐ কালে শুকরটির আনন্দদস্ভোগ কভ ভীব। কোন মাহুষেরই এই তীত্র সম্ভোগাহুভূতি নাই। মাহুষের সে অহুভূতি কোথায় গেল ? মাহুষ ইহাকে বুদ্ধিজ ভোগে পরিণত করিয়াছে। শুকর ধর্মসম্বন্ধীয় বক্তৃতা উপভোগ করিতে পারে না। বুদ্ধিদাহায্যে উপভোগ অপেকাও উহাউচ্চতর ও তীব্রতর ভবে ঘটিয়া থাকে; ইহাই হইল আধ্যাত্মিক ন্তর, ইহাই ঐশী বম্বর আত্মিক সম্ভোগ, ইহা বৃদ্ধি ও যুক্তির উর্ধের অবস্থিত। ইহা লাভ করিতে হইলে আমাদের এই-সকল ইন্দ্রিয় স্থপ পরিত্যাগ করিতে হইবে। জীবনে ইহারই সর্বশ্রেষ্ঠ উপযোগিতা আছে। উপযোগিতা বলিতে তাহাই বুঝায়, যাহা আমি উপভোগ করিতে পারি, অপর সকলেও ভোগ করিতে পারে; এবং ইহারই দিকে আমরা সকলে ধাবমান। আমরা দেখিতে পাই, পশুগণের ইন্দ্রিয়স্থ অপেকা মামুষ নিজ বুদ্ধিমতা হইতে অধিকতর আনন্দ উপভোগ করিয়া থাকে এবং ইহাও দেখি যে, মাহু

তাহার বৃদ্ধিতা অপেকাও আধ্যাত্মিক স্বরূপ হইতে অধিকতর আনন্দ লাভ করিয়া থাকে। অতএব এই আধ্যাত্মিক অনুভৃতিই হইল সর্বশ্রেষ্ঠ জ্ঞান। এই অনুভৃতির সহিত আনন্দলাভও হইবে। এই অগৎ—এই বে-সকল দৃশ্যমান বস্ত—এ সকল তো সেই প্রকৃত সত্য এবং আনন্দের ছায়ামাত্র, উহার তৃতীয় অথবা চতুর্ধ স্তরের নিয়তর বিকাশমাত্র।

মানবপ্রেমের মধ্য দিয়া এই প্রমানন্দই তোমাদের নিকট আসে; মানবীয় ভালবাদা এই আধ্যাত্মিক আনন্দেরই ছায়ামাত্র, কিন্তু মানবীয় আনন্দের সহিত ইহাকে এক করিয়া ফেলিও না। এই একটি বড় রকমের ভুল দর্বদাই হইভেছে। আমরা প্রতিমৃহুর্তে আমাদের এই দৈহিক ভালবাসা, এই মানবীয় প্রেম, এই তুচ্ছ সদীমের প্রতি আকর্ষণ, সমাজের অন্তর্গত অপরাপর মাহুষের প্রতি এই বিত্যুৎসদৃশ আকর্ষণকে আমরা সর্বদাই পরমানন্দ বলিয়া ভূল করিতেছি। আমরা ইহাকেই দেই শাখত বস্তু বলিয়া অভিহিত করিতেছি, প্রকৃত পক্ষে ইহা দেই বস্তু নয়। ইহার ঠিক কোন সমার্থক শব্দ ইংকেজী ভাষায় না থাকায়, আমি ইহাকেই Bliss বা পরমানন্দ বলিব। এই পরমানন্দ শাখত জ্ঞানের সহিত অভিন্ন—এবং ইহাই আমাদের লক্ষ্য। বিশেব যেখানে যভ >ধর্ম আছে বা ভবিষ্যতে থাকিতে পারে, সকলেই বিভিন্ন দেশে বিভিন্ন নামে পরিচিত—এই একই উৎস হইতে উভূত হইয়াছে এবং হইবে। এই পাশ্চাভ্য দেশে ভোমরা যাহাকে দিব্য প্রেরণা বলো, তাহাও এই উৎস ভিন্ন আবে কিছু নয়। এই প্রেরণার স্বরূপ কি ? প্রেরণাই ধর্মামুভূতির একমাত্র উৎস। আমরা দেখিয়াছি, ধর্ম অভীন্দ্রিয় ভবের বস্ত। ধর্ম সেই বস্ত '্যেপানে চক্ষ্ বা কর্ণ গমন করিতে পারে না, মন ধেখানে পৌছাইতে পারে না, বাক্য যাহাকে প্রকাশ করিতে পারে না।' ইহাই ধর্মের কেত্র এবং লক্ষ্য; যাহাকে আমরা প্রেরণা নামে অভিহিত করিভেছি, তাহাও এখান হইতেই উলাত হয়। অভএব খভাবতই আমরা এই দিছাভে উপনীত হই যে, এই ইন্দ্রিয়াতীত লোকে পৌ:ছবার কোন না কোন পথ অবশ্রুই আছে। ইহা সম্পূর্ণ সত্যকথা যে, যুক্তি ইদ্রিয়সমূহকে অতিক্রম করিতে পারে না, সমস্ত যুক্তি ইদ্রিয়ের পরিধির মধ্যে, ইন্দ্রিয়বিষয়ের মধ্যে সীমাবদ্ধ; ইন্দ্রিয়গুলি বে-সকল তথ্যে উপস্থিত হইতে পারে, যুক্তি তাহারই ভিন্তিতে গড়িয়া উঠে। কোন মাহুষ কি ইন্দ্রিরে দীমা অতিক্রম করিতে পারে ? কোন মাছ্য কি এই অজেরকে জানিতে পারে ? এই একটি প্রশ্নের ভিত্তিতেই ধর্মসন্ধীয় সকল প্রশ্নের সমাধান করিতে হইবে, ইতিপূর্বে তাহাই করা হইরাছে। স্মরণাতীত কাল হইতে পত্ত প্রাচীর—ইন্দ্রিরের বাধা বিভ্যমান রহিয়াছে; স্মরণাতীত কাল হইতে শতত্ত্ত প্রাচীর—ইন্দ্রিরের বাধা বিভ্যমান রহিয়াছে; স্মরণাতীত কাল হইতে শতত্ত্তত্ব নরনারী এই প্রাচীর ভেদ করিবার জন্ত সংগ্রাম করিয়াছে। লক্ষ লক্ষ মান্ত্র্য অকৃতকার্য হইরাছে; অপরদিকে লক্ষ লক্ষ মান্ত্র্য কৃতকার্যও হইয়াছে। ইহাই হইল এই জগতের ইতিহাস। আবার আরও লক্ষ লক্ষ মান্ত্র্য আছে, যাহারা এত্ত্বণা বিশ্বাস করেনা বে, সত্ত্বই কেছ কথন কৃতকার্য হইয়াছে। ইহারাই পৃথিবীর আধুনিক সন্দেহবাদী (sceptics)। মান্ত্র্য চেটা করিলেই এই প্রাচীর ভেদ করিতে পারে। মান্ত্র্যের মধ্যে কেবলমাত্র যে যুক্তি আছে তাহা নয়, কেবলমাত্র ইন্দ্রিরের অভীত। আমরা এত্ত্বণা একটু ব্যাখ্যা করিতে চেটা করিব। আশা করি, তোমরাও অন্তত্ত্ব করিতে পারিবে যে, ইহা তোমাদের মধ্যেও আছে।

আমি যখন আমার হস্ত দঞ্চালন করি—তখন অনুভব করি এবং জানি যে, আমি হস্ত দঞ্চালন করিতেছি। ইহাকে আমরা চেতনা বলি। আমি এ বিষয়ে দচেতন যে, আমি হস্ত দঞ্চালন করিতেছি। আমার হৃৎপিগুও স্পান্দিত হইতেছে। দে বিষয়ে আমি দচেতন নই; তথাপি আমার হৃৎপিগুও কে দঞ্চালন করিতেছে? ইহাও অবশু দেই একই সন্তা হইবে। স্ক্তরাং আমরা দেখিতেছি যে, যে সন্তা হস্ত-দঞ্চালন ঘটাইতেছে, বাক্যফুরণ করাইতেছে, অর্থাৎ সচেতন কর্ম সম্পন্ন করিতেছে, তাহাই অচেতন কার্যও সম্পন্ন করিতেছে। অতএব আমরা দেখিতেছি যে, এই সন্তা উভয় স্তরেই কার্য করিতে পারে—একটি চেতনার স্তর, অপরটি তাহার নিম্নবর্তী স্তর। অবচেতন-স্তর হইতে যে-দকল সঞ্চালন ঘটে, দেগুলিকে আমরা দহজাত-বৃত্তি নামে অভিহিত করি; এবং যথনই দেই দঞ্চালন চেতনার স্তর হইতে ঘটে, আমরা তাহাকে যুক্তি বলি। কিন্তু আর একটি উচ্চতর স্তর আছে, তাহা মান্থবের অতি-চেতন স্তর। ইহা আপাততঃ অচেতন অবস্থার তুল্য, কারণ—ইহা চেতন স্থিরর অতীত; বস্তুতঃ ইহা চেতনার উর্ধে

অবস্থিত, নিম্নে নয়। ইহা সহজাত-বৃত্তি নয়, ইহা 'দিব্য-প্রেরণা'। ইহার দপক্ষে প্রমাণ আছে। সমগ্র জগতে বে-দকল অবতার পুরুষ ও সাধক জন্মগ্রহণ করিয়াছেন, তাঁহাদের কথা শ্বরণ করুন; ইহা সর্বজনবিদিত বে, তাহাদের জীবনে এমন দকল মৃহুর্ত আদিয়াছে, যথন আপাতদৃষ্টিতে তাঁহাদের বাহ্য জগৎ সম্পর্কে অচেতন বলিয়া মনে হয়; অত:পর তাঁহাদের ভিতর হইতে ষে জ্ঞানরাশি উৎসারিত হয়, দে সহদ্ধে তাঁহারা বলেন, উহা তাঁহারা অভিচেতন স্তর হইতে পাইয়াছেন। সক্রেটিস সম্বন্ধে কথিত আছে যে, তিনি যথন একদা সৈনিকদলের সহিত চলিতেছিলেন, তথন অতি স্থনর সুর্যোদয় হইতেছিল, ঐ দুশ্র দেখিয়া তাঁহার মনে কি এক চিস্তাপ্রবাহ শুরু হইল, যাহাতে তিনি উক্তস্থানে রোজের মধ্যে বাহুজ্ঞান হারাইয়া একাদিক্রমে ত্ইদিন দাঁড়াইয়া বহিলেন। এই সকল মুহুর্তই জগৎকে সক্রেটিদীয় জ্ঞানপ্রদান করিয়াছে। এইরপে জগতের যাবতীয় অবতার ও সাধক পুরুষদের জীবনে এমন মৃহুর্ত আদে, যখন তাঁহারা চেতন-স্তর হইতে উঠিয়া উর্ধাতন স্তরে আরোহণ করেন এবং ষধন তাঁহারা পুনবায় চেতনার স্তরে আগমন করেন, তথন তাঁহারা জ্ঞানজ্যোতিতে উজ্জ্ব হইয়া আদেন এবং সেই সর্বাতীত লোকের সংবাদ প্রদান করেন। ইহারাই জগতের দিবাভাবে আরু ৠযি।

কিন্তু এখানে একটি বড় বিপদ রহিয়াছে। আনেকেই দাবি করিতে পারেন যে, তাঁহারা দিব্যভাবে অনুপ্রাণিত; প্রায়ই এইরূপ দাবি শোনা যায়। এ বিষয়ে পরীক্ষার উপায় কি? নিজার সময় আমরা অচেতন থাকি; ধকন—একটি মূর্য নিজামগ্র হইল, তিন ঘণ্টা তাহার স্থনিত্রা হইল; যথন দে উক্ত অবস্থা হইতে ফিরিল, দে যে বোকা সে বোকাই রহিয়া গেল, যদি না তাহার আরও অবনতি হইয়া থাকে। এদিকে নাজারেথের যীও দিব্যভাবে আরুঢ় হইলেন; তিনি যথন ফিরিলেন, তথন তিনি মীওএটি পরিণত হইয়া গেলেন। এখানেই ষা কিছু প্রভেদ। একটি হইল দিব্য প্রেরণা, অপরটি হইল সহজাত প্রবৃত্তি। একজন শিশু, অপরজন প্রবীণ অভিজ্ঞ ব্যক্তি। এই দিব্য প্রেরণা আমরা যে কেহ লাভ করিতে পারি; ইহা যাবতীয় ধর্মের উৎপত্তিস্থল এবং চিরকাল ধরিয়া ইহা উচ্চতর জ্ঞানের উৎপত্তিস্থল এবং চিরকাল ধরিয়া ইহা উচ্চতর জ্ঞানের উৎশ হইয়া থাকিবে। তথাপি এ পথে বছ বিপদের সন্তাবনা। অনেক-সময়েই ভণ্ড ব্যক্তি জনসমাজকে প্রতারিত করিতে চায়। বর্তমান মূরে

ইহাদের বিশেষ প্রাতৃভাব দেখা ষাইতেছে। আমার জনৈক বন্ধুর একথানি চমৎকার চিত্রপট ছিল, অপর একজন অনেকাংশে ধর্মভাবাপর অথচ ধনী ভদ্রলোকের উহার উপর লোভ ছিল; কিছু আমার বন্ধু উহা বিক্রয় করিতে অনিচ্ছুক ছিলেন। অপর ভত্রলোকটি এক দিন আমার বন্ধুর নিকটে আসিয়া বলিলেন, 'আমি দৈব প্রেরণা লাভ করিয়াছি, এবং ঈশর কত্ ক প্রত্যাদিপ্ত হইয়া আদিয়াছি।' আমার বন্ধু প্রশ্ন করিলেন, 'ভগবানের নিকট হইতে আপনি কি আদেশ পাইয়াছেন?' 'আদেশটি এই যে, আপনাকে এই চিত্রটি আমায় অর্পণ করিতে হইবে।' আমার বন্ধুও ধৃর্ততায় তাঁহার সমান; তিনি তৎক্ষণাৎ উত্তর দিলেন, 'ঠিক কথা; কি চমৎকার! আমিও ঠিক অমুরূপ প্রত্যাদেশ লাভ করিয়াছি যে, ছবিখানি আপনাকে দিতে হইবে। আপনি কি টাকাটা আনিয়াছেন ?' 'টাকা ? কিদের টাকা ?' আমার বন্ধু বলিলেন, 'তাহা হইলে আপনার প্রত্যাদেশ ঠিক বলিয়া আমি মনে করি না। আমি যে প্রত্যাদেশ লাভ করিয়াছি, তাহাতে বলা হইয়াছে যে, ষে ব্যক্তি একলক ভলার মুল্যের চেক দিবে, তাগকেই যেন চিত্রথানি আমি দিই। আপনাকে নিশ্চয়ই চেকখানি আগে আনিতে হইবে।' অপর ব্যক্তি দেখিলেন, তিনি ধরা পড়িয়া গিয়াছেন। তথন ডিনি প্রত্যাদেশের কথা পরিহার করিলেন। এই হইল বিপদ। বোস্টন শহরে একদা এক ব্যক্তি আসিয়া আমাকে বলিল, তাহার এমন এক দৈবদর্শন হইয়াছে, যাহাতে তাহার দহিত হিন্দু-ভাষায় কথা বলা হইয়াছে। তথন আমি বলিলাম, 'যে ষে কথা ভনিয়াছেন, সেগুলি ভনিলে আমি বিশাস করিব।' কিন্তু এ ব্যক্তি কভগুলি অর্থহীন কথা লিখিল। আমি তাহা অমুধাবন করিবার অনেক চেষ্টা করিলাম, কিন্তু সফল হইলাম না। তথন আমি তাহাকে বলিম্বাম, আমার জ্ঞানমতে এইরূপ ভাষা ভারতবর্ষে কথনও ছিল না, কখনও হইবে না। তাহাবা এখনও এক্নপ ভাষা লাভ কবিবার মত ষথেষ্ট স্থ্যভা হইয়া উঠিতে পারে নাই। ইহাতে অবশ্য সে মনে করিল যে, আমি ভাল লোক নই এবং সংশয়বাদী; স্থতরাং দে প্রস্থান করিল। ইহার পর যদি আমি ভনিতে পাই যে, ঐ ব্যক্তি উন্মাদাগারে আশ্রয়লাভ করিয়াছে, ভাহা হুইলে বিশ্বিত হুইব না। সংসারে এই হুইপ্রকার বিপদের সম্ভাবনা সর্বদাই বহিয়াছে--এই বিপদ আদে হয় ভণ্ডদের নিকট হইতে, অথবা মূর্থদের

নিকট হইতে। কিন্তু এজন্ত আমাদের দমিয়া যাওয়া উচিত নয়, কারণ জগতে যে-কোন মহৎ বস্তুলাভের পথই বিপদাকীর্ণ। কিন্তু আমাদের সাবধানতা অবলম্বন করিতে হইবে। অনেক সময় দেখিতে পাই, অনেক ব্যক্তি যুক্তি-অবলম্বনে পরীকা করিয়া দেখিতে অক্ষম। কেহ হয়তো আসিয়া ৰলিল, 'আমি এই এই দেবভার নিকট হইতে এই বাণী লাভ করিয়াছি' এবং জিজ্ঞাদা কবিল, 'আপনি কি ইহা অস্বীকার করিতে পারেন ? ইহা কি সম্ভব নয় যে, এক্লপ দেবতা আছেন এবং তিনি এক্লপ আদেশ দিয়া থাকেন ?' শতকরা নকাইজন মূর্থ এ-কথা গলাধ:করণ করিয়া লইবে। তাহারা মনে করে যে, এরপ যুক্তিই যথেষ্ট। কিন্তু একটি কথা আপনাদের জানা উচিত, ষে-কোন ঘটনাই সম্ভবপর হইতে পারে; এবং ইহাও সম্ভব হইতে পারে যে, লুক্কক নক্ষত্রের সংস্পর্শে আসিয়া পৃথিবী আগামী বংসরে বিদীর্ণ হুইয়া ষাইবে। আমি যদি এইরূপ সম্ভাবনা উপস্থাপিত করি, তবে আপনাদেরও অধিকার আছে যে, আপনারা আমাকে ইহা প্রমাণ করিতে বলিবেন। আইনজ্ঞেরা যাহাকে বলেন, 'প্রমাণ করার দায়িত্ব'; সে দায়িত্ব ভাহার উপরই বর্তাইবে, যে এজাভীয় মতবাদ উপস্থিত করিবে। যদি আমি কোন দেবতার নিকট হইতে প্রত্যাদেশ লাভ করিয়া থাকি, ভাহা হুইলে ভাহা প্রমাণ করিবার দায়িত্ব আমার, আপনার নছে, কারণ আমিই আপনাদের সমুপে প্রকল্পটি উপস্থিত করিয়াছি। যদি আমি ইহা প্রমাণ করিতে না পারি, ভাচা হইলে আমার জিহ্বাকে শাসন করা উচিত ছিল। এই উভয় বিপদকে পরিহার করুন, তারপর আপনি ষদৃচ্ছা বিচরণ করিতে পারেন। আমরা জীবনে অনেক দৈববাণী শুনিয়া থাকি, অথবা মনে করি ষে, শুনিতে পাইলাম; ষ্তক্ষণ পর্যস্ত এইগুলি আপনাদের নিকেদের বিষয়ে হইবে, ততক্ষণ পর্যস্ত ষাহা ইচ্ছা করিতে পারেন ; কিন্তু সেইগুলি যদি অপরের সহিত আপনার ্ দম্বদ্ধ বা অপবের প্রতি আচরণ বিষয়ে হয়, তবে সে সম্পর্কে কিছু করিবার পূর্বে একশ-বার বিবেচনা করিয়া দেখুন; ভাহা হইলে আর বিপদের সম্ভাবনা থাকিঁবে না।

আমরা দেখিলাম যে, দিবা প্রেরণা ধর্মের উৎদ; অথচ উহা নানা বিপদাকীর্ণ। সর্বশেষ ও সর্বাপেক্ষা বৃহৎ বিপদ হইল অভিরিক্ত দাবি।

এমন লোকও আছেন, অকমাং বাঁহাদের অভ্যুদয় হয়, আর তাঁহারা বলেন: ভগবানের নিকট হইতে তাঁহারা বার্ডা লাভ করিয়াছেন, এবং তাঁহারা সর্বশক্তিমান্ ভগবানের বাণীই উচ্চারণ করিতেছেন এবং অপর কাহারও এরণ বার্তালাভের অধিকার নাই। শুনিলেই মনে হয়, ইহা অভ্যম্ভ অযৌক্তিক। এই বিশ্বে যাহা কিছু থাকুক না কেন, উহা সকলের পক্ষে সমভাবে থাকা উচিত। এই বিশ্বে এমন কোন ম্পন্দনই নাই, যাহা বিশ্বজনীন নয়, কারণ সমগ্র বিশ্বই নিয়মের অধীন। ইহা আগাগোড়া বিধিবদ্ধ এবং সামঞ্চ্রপূর্ণ। কাজেই কোথাও যদি কোন কিছু থাকে তো ভাহার সর্বত্ত থাকার সম্ভাবনা অবশুই আছে। সর্বাপেকা বৃহদাকার সূর্ব ও নক্ষত্রাদি ষেভাবে গঠিত, একটি অণুও সেইভাবে গঠিত। যদি কথনও কেহ দিব্যভাবে অমুপ্রেরিত হইয়া থাকেন, তাহা হইলে আমাদের প্রত্যেকের পক্ষেই দিব্য-প্রেরণার সন্তাবনা আছে। আর ইহাই হইল ধর্ম। এই-সকল বিপদ্-বিভ্রম, প্রহেলিকা ও ভণ্ডামি এবং অতিরিক্ত দাবি পরিহার করুন; ধর্মতথ্যগুলিকে প্রত্যক্ষ করুন, এবং ধর্মবিজ্ঞানের সাক্ষাৎ সংস্পর্শে আহ্মন। ধর্ম মানে কতগুলি মতবাদ ও বিধিনিষেধ স্বীকার করা, বিশাস করা, গির্জা বা মন্দিরে যাওয়া অথবা কোন বিশেষ গ্রন্থ অধ্যয়ন করা নয়। আপনি কি ঈশবকে দেখিয়াছেন ? আপনার কি আতাদর্শন হইয়াছে ? যদি না হইয়া থাকে, আপনি কি দেজন্য প্রয়াস করিতেছেন ? ইহা এখনই--এই বর্তমানেই লভ্য, ভবিয়তের জ্বল্য আপনাকে অপেকা করিতে হইবে না। ভবিয়ৎ ভো সীমাহীন বর্তমান ব্যতীত আর কিছু নয়। যাবতীয় সময় একটি মৃহুর্তের পুনরাবর্তন ব্যতীত আর কি ? ধর্ম এখানে এখনই আছে, এই বর্তমান জীবনেই রহিয়াছে।

আর একটি প্রশ্ন এই: মানব-জীবনের লক্ষ্য কি ? বর্তমানে প্রচার করা হইতেছে যে, মানুষ ক্রমেই উন্নত হইতেছে; জনস্ক প্রগতি-পথের সে যাত্রী; এই উন্নতিলাভের কোনও নির্দিষ্ট সীমা বা লক্ষ্য নাই। সর্বদা দে কোন কিছুর দিকে ক্রমেই অগ্রসর হইতেছে, অথচ লক্ষ্যে সে কোন কালেই পৌছিবে না—এ-কথার অর্থ যাহাই হউক, ইহা যত বিশায়করই হউক না কেন, শুনিলেই মনে হয় ইহা অত্যন্ত অসম্ভব ব্যাপার। সরলরেখা অবসম্বনে কোন প্রকার গতি কি সম্ভব হয় ? কোন সরলরেখাকে

অনস্তরূপে প্রসারিত করিলে ঐ রেখাটি এক বৃত্তে পরিণত হয়, যেখান হইতে রেখাটি প্রসারিত হইয়াছিল, আবার সেই বিন্দৃতে ফিরিয়া আসে। যেখান হইতে আবস্ত করিয়াছিলেন, সেখানেই ফিরিয়া বাইতে হইবে। এবং যেহেতু ঈশ্বর হইতেই আপনার যাত্রারম্ভ হইয়াছে, সেইহেতু তাঁহাভেই ফিরিয়া যাইতে হইবে। তাহা হইলে আর কি রহিল ? রহিল আমুষ্টিক খুঁটিনাটি। অনস্তকাল ধ্রিয়া আপনাকে এই-সকল আমুষ্টিক কর্ম ক্রিয়া যাইতে হইবে।

আরও একটি প্রশ্ন আছে। অগ্রগতির সঙ্গে সঙ্গে আমাদিগকে কি নৃতন নৃতন ধর্মতত্ত্ব আবিষ্কার করিতে হইবে ? হাঁ-ও বটে, না-ও বটে। প্রথমত: ধর্ম সম্বন্ধে আর নৃতন কিছু জানা সম্ভব নয়; তাহার স্বটুকুই জানা হইয়া গিয়াছে। পৃথিবীর সকল ধর্মেই দেখা যায়, এই দাবি করা হইয়াছে যে, আমাদেরই মধ্যে কোথাও একটি মিলন-ভূমি আছে। যেহেতু ঈশ্বরের সহিত আমবা অভিন্ন, অতএব ঐ অর্থে আর কোন অগ্রগতি সম্ভব নয়। জ্ঞানের অর্থ ই হইল বৈচিত্রোর মধ্যে ঐক্য দর্শন করা। আমি আপনাদিগকে বিভিন্ন নর-নারীরূপে দেখিতেছি—ইহাই বৈচিত্তা। যথন আপনাদের সকলকে গোণ্ডীভূক্ত করিয়া একত্র মানব বলিয়া ভাবিব, তথনই তাহা বিজ্ঞান-জাতীয় জ্ঞানে পরিণত^{*}হ্ইবে। দৃষ্টাস্ত-সরুপ রসায়নবিজ্ঞানের কথা ধক্রন ; রা<mark>দায়নিকের৷ সমগ্র জ্ঞাত বস্তুকে মূল ভৌতিক উপাদানে পরিণত</mark> করিতে সচেষ্ট আছেন এবং সম্ভব হুইলে তাঁহারা এমন একটি মাত্র পদার্থ আবিষ্ণার করিতে চান, ষাহা হইতে এই বিবিধ পদার্থের উৎপত্তি দেখানো ষাইতে পারে। হয়তো এমন সময় আসিবে, যথন তাঁহারা উহা আবিষার করিতে পারিবেন। উহাই হইবে সমস্ত পদার্থের মূল উপাদান। সেখানে উপনীত হইলে তাঁহারা আর অগ্রসর হইতে পারিবেন না; তথন রদায়ন-বিজ্ঞান পরিপূর্ণতা লাভ করিবে। ধর্মবিজ্ঞান সম্বন্ধেও এই একই কথা বলা চলে। আমরাও যদি এই পূর্ণ ঐক্য আবিদ্ধার করিতে পারি, তাহা হইলে আর অধিকতর উন্নতি সম্ভব হুইবে না।

যথন আবিষ্ণৃত হইল, 'আমি ও আমার পিতা অভিন্ন' তথনই ধর্ম সম্বন্ধে শেষকথা বলা হইনা গিয়াছে,—তারপর বাকি রহিল শুধু খুঁটিনাটি। প্রকৃত ধর্মে—অন্ধবিশাদ বশতঃ কোন কিছু বিশাদ করা বা মানিয়া

লওয়ার স্থান নাই। কোন ধর্মপ্রচারক মহাত্মা এরপ প্রচার করেন নাই। অধঃপত্নের সময়ে ইহা আসিয়া জোটে। বুদ্ধিংীন ব্যক্তিরা কোন কোন ধর্মনেতাদের অমুদরণকারী বলিয়া ভান করে, এবং তাঁহাদের কোন ক্ষমতা না থাকিলেও তাঁহারা মানব-সমাজকে অন্ধবিশ্ব'স শিক্ষা দিতে চেষ্টা করেন। কি বিশাস করিবে তাহারা ? অন্ধবিশাস করার অর্থ হইল মানবাত্মার অধ:পতন। নান্তিক হইতে চাও তো তাই হও; কিন্তু বিনা প্রশ্নে কোন কিছু গ্রহণ করিবে না। মানবের আত্মাকে পশুত্বের শুরে নামাইবে কেন? ভোমবা যে ইহাতে শুধু নিজেদেরই অনিষ্ট করিতেছ তাহা নয়, তোমবা সমাজেরও ক্ষতি করিতেছ, এবং যাহারা ভোমাদের পরে আসিবে, ভাহাদের পথ বিপৎদক্ষুল করিতেছ। উঠিয়া দাঁড়াও, বিচার কর, অন্ধবিশাদের অন্থবতী হইও না। ধর্মের অর্থ হইল—তদাকারকারিত হওয়া বা হইতে চেষ্টা করা, শুধু বিশাস করা নয়। ইহাই ধর্ম ; আর তুমি যথন সেই অবস্থা প্রাপ্ত হইবে, তথনই ধর্মলাভ করিবে। তার পূর্বে তুমি পশু অপেক্ষা উচ্চতর নও। মহাত্মা বুদ্ধ বলিয়াছেন, 'ভনিবামাত্র কিছু বিশাস করিও না; বংশাম্রক্রমে কোন মতবাদ প্রাপ্ত হইয়াছ বলিয়াই তাহাতে বিখাস করিও না; অপরে যেহেতু নিবিচারে বিখাদ করিভেছে, দেইহেতু কোন কিছুতে আহা স্থাপন করিও না; কোন এক প্রাচীন ঋষি বলিয়াছেন বলিয়া কোন কিছু মানিয়া লইও না; যে-সকল তত্ত্বের সহিত নিজেকে অভ্যাসবশে অড়াইয়া ফেলিয়াছ, ভাহাতে বিখাস করিও না; ভুগু আচার্য ও গুরুবাক্যের প্রমাণ-বলে কোন কিছু মানিয়া লইও না। বিচার ও বিশ্লেষণ কর, এবং ষধন ফলগুলি যুক্তির সহিত মিলিয়া যাইবে, এবং সকলের পক্ষে হিতকারী হইবে, তথন তাহা গ্রহণ কর এবং তদম্যায়ী জীবন যাপন কর।'

ধর্মদাধনা

আমরা বহু গ্রন্থ, বহু শাস্ত্র অধ্যয়ন করিয়া থাকি। শিশুকাল হইতেই আমরা বিবিধ ভাব আহরণ করি এবং প্রায় ভাবের পরিবর্তনও করি। তত্ত্বের দিক হইতে ধর্ম কাহাকে বলে, তাহা আমাদের জানা আছে। আমরা মনে করি, ধর্মের প্রয়োগের দিকও বুঝি। এথানে আমি আপনাদের নিকট কর্মে পরিণত ধর্ম সম্বন্ধে আমার নিজম্ব ধারণা উপস্থিত করিব।

আমরা চারিদিকে প্রয়োগমূলক ধর্মের কথা শুনিতে পাই, এবং সেগুলিকে বিশ্লেষণ করিয়া এই-কটি মূল কথায় পরিণত করা ষায়: আমাদের সমশ্রেণীর জীবদের প্রতি করুণা করিতে হইবে। উহাই কি ধর্মের স্বটুকু? এইদেশে প্রতিদিন আমরা কার্যে পরিণত খ্রীষ্টধর্মের কথা শুনিয়া থাকি, শুনিতে পাই—কোন ব্যক্তি তাহার সমশ্রেণীর জীবদের জন্ম কোন হিতকর কার্য করিয়াছে। উহাই কি সব?

জীবনের লক্ষ্য কি ? এই ঐহিক জগৎই কি জীবনের লক্ষ্য ? আর কিছুই কি নর ? আমরা বেরূপ আছি, আমাদের কি সেরূপই থাকিতে হইবে, আর বেশী কিছু নয় ? মাহ্যবকে কি শুধু এরূপ একটি যন্তে পরিণত হইতে হইবে, যাহা কোথাও বাধা না পাইয়া সাবলীল গতিতে চলিতে পারে ? এবং আজ দে যে ছংথের ভাগ ভোগ করিতেছে, ভাহাই কি শেষ প্রাণ্য, দে কি আর কিছুই চায় না ?

বহু ধর্মতের শ্রেষ্ঠ কর্মনা—এহিক জগং। বিশাল জনসমষ্ট সেই
সময়েবই স্থপ্ন দেখিতেছে, যখন কোন বোগ, অহুস্থতা, দাবিস্তা বা অপর
কোন প্রকাব হুঃশ এ জগতে আর থাকিবে না। সর্বতোভাবে ভাহারা কেবল
হথময় জীবন উপভোগ করিবে। হুতরাং কার্বে পরিণত ধর্ম বলিতে শুধ্
এইটুকু বুঝায়, 'পথঘাট পরিকার রাঝো, আরও হুন্দর পথঘাট নির্মাণ কর।'
সকলে ইহাতে কত আনন্দ পায়, তাহা দেখিতেই পাওয়া যায়। ভোগই
জীবনের লক্ষ্য কি? ভাই যদি হইত, তবে মহয়ারূপে জন্মগ্রহণ করা একটা
প্রকাপ্ত ভুল হইয়া গিয়াছে। কুকুর কিংবা বিভাল যে লোলুপভার সহিত
শাহার্য উপভোগ করে, কোন মাহ্য অধিকতর আগ্রহের সহিত ভাহা

পাবে কি? আবদ্ধ বক্তপশুদের প্রদর্শনীতে গিয়া দেখ—পশুগণ কিরূপে হাড় হইতে মাংস বিচ্ছির করিতেছে। উন্নতির বিপরীত দিকে চলিয়া পিন্ধরণে জন্মগ্রহণ কর। মাহ্য হইয়া কি ভূলই না হইয়াছে! যে বৎসরগুলি—যে শত শত বৎসর ধরিয়া আমি শুধু এই ইন্দ্রিয়ভোগে পরিত্প্ত মাহ্য হইবার জন্ম কঠোর সাধনা করিয়াছি, (এ দৃষ্টিতে) তাহা র্থাই গিয়াছে!

ভাহা হইলে বাস্তব ধর্মের অর্থটি কি দাঁড়ায় এবং উহা আমাদিগকে কোথায় লইয়া যায়, তাহা ভাবিয়া দেখ। দান করা খুৰ ভাল কথা, কিছ যে মুহুর্তে তুমি বলিবে 'উহাই সব', তথনই ভোমার জড়বাদীর দলে গিয়া পড়িবার সম্ভাবনা। ইহা ধর্ম নয়, ইহা নাম্ভিকতা অপেক্ষা কিছু ভাল নয়, বরং অপকৃষ্ট। তোমরা এটিধর্মাবলমী, তোমরা কি সমগ্র বাইবেল পড়িয়া অপরের জ্ঞা কর্ম করা, কিম্বা আরোগ্য-নিকেতন নির্মাণ করা ব্যতীত অ্য কিছুই খুঁ জিয়া পাও নাই ? কেহ হয়তো দোকানদার; দে দাঁড়াইয়া বকৃতা দিবে, যীও দোকানী হইলে কিভাবে দোকান চালাইতেন! যীও কথনও কৌরালয় বা দোকান চালাইতেন না, কিয়া সংবাদপত্রও সম্পাদনা করিতেন না। ঐ ধরনের কার্যকর ধর্ম ভাল বটে, মন্দ নয়; কিন্তু ইহা শিশুবিতালয়ের শুরের ধর্ম। ইহা আমাদের কোন লক্ষ্যে লইয়া ষাইতে পারে না। তোমরা যদি সভাই ঈশবে বিশাস কর, যদি সভাই খ্রীষ্টধর্মাবলমী হও এবং বারংবার উচ্চারণ কর 'প্রভূ, তোমার ইচ্ছা পূর্ণ হউক', তবে ভাবিয়া দেখ, ঐ কথাটার ভাৎপর্য কি ? যথনই তোমরা বলো, 'ভোমার ইচ্ছা পূর্ণ হউক', তথন সত্য কথা বলিতে গেলে তোমরা বলিতে চাও 'হে ঈশ্বর আমার ইচ্ছা তোমার দারা পূর্ণ হউক।' **দেই অনস্ত পরমাত্মা তাঁ**হার নিজ্ঞ পরিকল্পনা অহ্যায়ী কার্য করিয়া চলিয়াছেন। কিন্তু আমরা যেন বলিতে চাই—তিনিও ভূল করিয়া ফেলিয়াছেন, আমাকে ও তোমাকে তাহা সংশোধন করিতে হইবে। এই বিশের ঘিনি বিশ্বকর্মা, তাঁহাকে কিনা কতকগুলি স্ত্রধর শিক্ষা দিবে ? তিনি জগৎকে একটি আবর্জনার স্থূপরূপে স্টি করিয়াছেন, এখন তুমি তাহাকে স্থন্দর করিয়া সাজাইবে ?

এ-সকলের (কর্মের) লক্ষ্য কি ? ইন্দ্রিয়-পরিতৃথি কি কথনও লক্ষ্য হইতে পারে ? স্থ-সম্ভোগ কি কথনও লক্ষ্য হইতে পারে ? এহিক জীবন কি কথনও আত্মার লক্ষ্য হইতে পারে ? যদি তাই হয়, তাহা হইলে

বরং এই মৃহুর্তে মরিয়া যাওয়া শ্রেয়, তবু ঐহিক জীবন চাওয়া উচিত নয়। ইহাই যদি মাহুষের ভাগ্য হয় যে, দে একটি ক্রটিহীন ষল্লে পরিণভ হইবে, তাহা হইলে তাহার তাৎপর্য হইল এই: আমরা পুনরার বৃক্ষ, প্রস্তর প্রভৃতিতে পরিণত হইতে ধাইতেছি। তুমি কি কথনও গাভীকে মিথ্যা কথা বলিতে শুনিয়াছ, কিংবা বৃক্ষকে চুবি কবিতে দেখিয়াছ? ভাহারা নিখুঁত যয়। তাহারা ভুল করে না, তাহারা এমন জগতে বাদ করে, ধেখানে দব কিছুই নিয়মের পরাকাঠা লাভ করিয়া ফেলিয়াছে। এই বাস্তব ধর্মকে যদি আদর্শ ধর্ম বলা না চলে, তবে সে আদর্শটি কি ? ব্যাবহারিক ধর্ম কথনও সেই আদর্শ হইতে পারে না। আমরা কি উদ্দেশ্যে এই পৃথিবীতে আসিয়াছি ? আমরা এখানে আসিয়াছি মৃক্তি ও জ্ঞান লাভের জন্য। আমরা মৃক্তিলাভের জন্তই জ্ঞানার্জন করিতে চাই। ইহাই আমাদের বাঁচিয়া থাকার অর্থ—এই মৃক্তিলাভের জন্ম সর্বব্যাপী আকৃতি। বীজ হইতে বৃক্ষ কেন উদ্গত হয় ? কেন দে ভূমি বিদীর্ণ করিয়া উর্ধ্বাভিমুখে অভিযান করে ? পৃথিবীর কাছে স্থের দান কি? ভোমার জীবনের অর্থ কি? উহাও ভো মৃক্তির জন্ম দেই একই প্রকার সংগ্রাম। প্রকৃতি আমাদিগকে চারিদিক হইতে দমন করিতে চায়, আর আত্মা[ঁ]চায় নিজেকে প্রকাশ করিতে। প্রকৃতির সহিত সংগ্রাম সতত চলিতেছে। মৃক্তির জ্ব এই সংগ্রামের ফলে বছ জিনিস দলিত মথিত হইবে। ইহাই হইল তোমার তঃখের প্রকৃত অর্থ। যুদ্ধক্ষেত্র প্রচুর পরিমাণ ধৃলি ও জ্ঞালে পূর্ণ হইবে। প্রকৃতি বলে, 'জয় হইবে আমার', আত্মা বলে, 'বিৰয়ী হইতে হইবে আমাকেই।' প্রকৃতি বলে, 'একটু থামো। আমি তোমাকে শাস্ত বাধিবার জ্বল্য একটু ভোগ দিতেছি।' আত্মা একটু ভোগ করে, মুহুর্তের জন্ম সে বিভ্রাস্ত হয়, কিন্তু পরমূহুর্তে সে আবার মৃক্তির ष्ण কন্দন করিতে থাকে। প্রভ্যেকের বক্ষে এই যে চিরস্তন কন্দন যুগ যুগ ধ্বিয়া চলিয়াছে, তাহা কি লক্ষ্য ক্রিয়াছ ? আমরা দারিন্তা দারা প্রবঞ্চিত **एहे, তাই আমহা ধন অর্জন করি; তথন আবার ধনের দারা প্রবঞ্চিত** हरे। আমরা হয়তো মূর্য, ভাই আমরা বিভা অর্জন করিয়া পণ্ডিত হই ; ^{ডখন} আবার পাণ্ডিভ্যের দারা বঞ্চিত ছই। মাহুষ কখনই সম্পূর্ণ পরিভ্গু ^{ট্যু} না। ভাহাই ছু:থের কারণ, আবার ভাহাই আশীর্বাদের মূল। ইহাই ^{জ্গতে}র প্রকৃত লক্ষণ। তুমি কিরূপে এই জগতের মধ্যে ভৃগ্তি পাইৰে?

ষদি আগামীকাল এই পৃথিবী স্বর্গে পরিণত হয়, তখনও আমরা বলিব, 'ইহা সরাইয়া লও, অপর কিছু দাও।'

এই অদীম মানবাত্মা স্বয়ং অদীমকে না পাইলে কথনও তৃপ্ত হইতে পারে না। অনম্ভ তৃফা কেবলমাত্র অনম্ভ জ্ঞানের ছারা পরিতৃপ্ত ইয়, তাহা ব্যতীত অন্ত কিছুর দারা নয়। কত জ্বগৎ ষাইবে, আদিবে। তাহাতে কি আদে যায় ? কিন্তু আত্মা বাঁচিয়া আছে এবং চিরকাল ধরিয়া অনস্তের দিকে চলিয়াছে। সমগ্র অগৎকে আত্মার মধ্যে লীন হইতে হইবে। মহাসাগরের বুকে ষেমন জলবিন্দু মিলাইয়া যায়, সেইরূপ বিশ্ব জগৎ আত্মায় বিলীন হইবে। আর এই জগৎ কি আআর লক্ষ্য ? যদি আমাদের সাধারণ বৃদ্ধি থাকে, তবে আমরা পরিতৃপ্ত হইতে পারিব না, যদিও কবিদের বচনার বিষয় যুগ যুগ ধরিয়া ইহাই ছিল, ষদিও সর্বদাই তাঁহারা আমাদের ুপরিতৃপ্ত থাকিতে উপদেশ দিয়াছেন। অথচ আজ পর্যস্ত কেহই পরিতৃপ্ত হয় নাই। অসংখ্য ঋষিকল্প ব্যাক্ত আমাদের বলিয়াছেন, 'নিজ নিজ ভাগ্যে সম্ভষ্ট থাকো।' কবিরাও তাহাই গাহিয়াছেন। আমরা নিজেদের শাস্ত ও পরিতৃপ্ত থাকিতে বলিয়াছি, কিন্তু থাকিতে পারি নাই। ইহা সনাতন বিধান যে, এই পৃথিবীতে বা উর্ধে স্বর্গলোকে, কিংবা নিমে পাতালে এমন কিছুই নাই, যাহা দারা আমাদের আত্মা পরিতৃপ্ত হইতে পারে। আমার আত্মার ভৃষ্ণার কাছে নক্ষত্র এবং গ্রহরাজি, উর্ধ্ব এবং অধঃ, সমগ্র বিশ্ব কতকগুলি ঘুণ্য পীড়াদায়ক বস্তুমাত্র, তাহা ভিন্ন স্থার কিছুই নয়। ধর্ম ইহাই বুঝাইয়া দেয়। যাহা কিছু এই তত্ত্ব বুঝাইয়া দেয় না, ভাহার সবটাই অমদল নয়। প্রত্যেকটি বাসনাই ছঃধের কারণ, ষদি না উহা এই ভত্তটি বুঝাইয়া দেয়, যদি না তুমি উহার প্রকৃত তাৎপর্য ও লক্ষ্য ধরিতে পারো। সমগ্র প্রকৃতি তাহার প্রত্যেক পরমাণুর মধ্য দিয়া একটি মাত্র জিনিসের জন্ম আকৃতি জানাইতেছে—উহা হইল মৃক্তি।

তাহা হইলে কর্মে পরিণত ধর্মের অর্থ কি ? ইহার অর্থ মৃক্তির অবস্থায় উপনীত হওয়া বা মৃক্তি-প্রাপ্তি। এবং বদি এই পৃথিবী আমাদের ঐ লক্ষ্যে পৌছাইয়া দিতে সহায় হয়, তাহা হইলে ইহা মঞ্চলময়; কিন্তু বদি তা না হয়, বদি সহস্র বন্ধনের উপর ইহা একটি অভিরিক্ত বন্ধন সংযুক্ত করে, তাহা হইলে ইহা মন্দে পরিণত হয়। সম্পদ্ধ বিদ্যা, সৌন্ধ এবং অ্যাক্ত ধাবতীয় বস্ত বজকণ পর্যন্ত এই লক্ষ্যে উপনীত হইতে সহায়তা করে, ভতকণ পর্যন্ত তাহাদের ব্যাবহারিক মৃন্য আছে। যখন মৃক্তিরূপ লক্ষ্যের দিকে অগ্রসর হইতে আর সাহায্য করে না, তখন তাহারা নিশ্চিতরূপে ভয়াবহ। তাই যদি হয়, তাহা হইলে কার্যে পরিণত ধর্মের স্বরূপ কি ? ইহলোকিক এবং পারলোকিক লব কিছু লেই এক উদ্দেশ্যে ব্যবহার কর, যাহাতে মৃক্তিলাভ হয়। জগতে বিন্দুমাত্র ভোগ যদি পাইতে হয়, বিন্দুমাত্র হুখও যদি পাইতে হয়, তবে তাহার বিনিময়ে বায় করিতে হইবে হুদয়-মনের সন্মিলিত অসীম শক্তি।

এই জগতের ভাল ও মন্দের সমষ্টির দিকে তাকাইয়া দেখ। ইহাতে কি কোন পরিবর্তন হইয়াছে ? যুগ যুগ অতিবাহিত হইয়াছে এবং যুগ যুগ ধরিয়া ব্যাবহারিক ধর্ম আপন কাজ করিয়া চলিয়াছে। প্রতিবার পৃথিবী মনে করিয়াছে বে, এইবার সমস্থার সমাধান হইবে। কিন্তু সমস্থাটি যেমন ছিল, তেমনি থাকিয়া যায়। বড়জোর ইহার আক্রতির পরিবর্তন ঘটে। ইহা বিশ সহত্র বিপণিতে স্নায়্রোগ ও ক্ষয়রোগের ব্যবসায়ের জন্ম পণ্য সরবরাহ করে, ইহা পুরাতন বাতব্যাধির মতো। একস্থান হইতে বিতাড়িত কর, উহা পুরাতন বাতব্যাধির মতো। একস্থান হইতে বিতাড়িত কর, উহা অন্ম করিত বা ঘোড়া কিনিত। এখন সে খুব স্থবী, কারণ রেলপথে ভ্রমণ করে; কিন্তু তাহাকে অধিকতর শ্রম করিয়া অধিকতর অর্থ উপার্জন করিতে হয় বলিয়া সে অন্থবী। যে-কোন যন্ত্র শ্রম বাঁচায়, উহাই আবার শ্রমিকের উপর অধিক গুরুভার চাপায়।

এই বিশ্ব, এই প্রকৃতি কিংবা অপর যে নামেই ইহাকে অভিহিত কর না কেন, ইহা অবশ্রই সীমাবদ্ধ, ইহা কথনও অসীম হইতে পারে না। সর্বাতীত পরম সন্তাকেও জগতের উপাদানরূপে পরিণত হইতে গেলে দেশ কাল ও নিমিন্তের সীমার মধ্যে আসিতে হইবে। জগতে যতটুকু শক্তি আছে, তাহা দীমাবদ্ধ। তাহা বদি এক হানে ব্যয় কর, তাহা হইলে অপর হানে কম পড়িবে। সেই শক্তির পরিমাণ সর্বদা একই থাকিবে। কোন হানে কোথাও বদি তরক উঠে, তবে অহা কোথাও গভীর গহরর দেখা দিবে। যদি কোন জাতি ধনী হয়, তাহা হইলে অহা জাতিরা দরিত্র হইবে। ভালোর সহিত মন্দ ভারসাম্য রক্ষা করে। যে ব্যক্তি কোনকালে তরক্ষীর্বে অবহান করিতেছে, সে মনে করে, সকলই ভালো; কিছু যে তর্গের নীচে

দাঁড়াইয়া আছে, সে বলে, পৃথিবীর সব কিছুই মন্দ। কিন্তু যে ব্যক্তি পার্ষে দাঁড়াইয়া থাকে, সে দেখে ঈশবের লীলা কেমন চলিতেছে। কেহ কাঁদে, অপবে হাদে। আবার এখন যাহারা হাসিতেছে, সময়ে ভাহারা কাঁদিবে, ভখন প্রথম দল হাসিবে। আমরা কি করিতে পারি ? আমরা জানি যে, আমরা কিছুই করিতে পারি না।

আমাদের মধ্যে কয়জন আছে, যাহারা জগতের হিতসাধন করিব বলিয়াই কাজে অগ্রদর হয়? এরপ লোক মৃষ্টিমেয়। তাহাদের সংখ্যা আঙুলে গণা যায়। আমাদের মধ্যে বাকী যাহারা হিতসাধন করি, তাহারা বাধ্য হইয়াই ঐরপ করি। আমরা না করিয়া পারি না। এক স্থান হইতে অস্ত স্থানে বিতাড়িত হইতে হুইতে আমরা আগাইয়া চলি। আমাদের করার ক্ষমতা কতটুকু? জগং সেই একই জগং থাকিবে, পৃথিবী সেই একই পৃথিবী থাকিবে। বড়জোর ইহা নীল রঙ হইতে বাদামী রঙ এবং বাদামী রঙ হইতে নীল রঙ হইবে। এক ভাষার জায়গায় অপর ভাষায়, এক ধরনের কতক মন্দের জায়গায় অহ্য ধরনের কতক শুলি মন্দ—এই একই ধারা তো চলিতেছে। যাহাকে বলে ছয়, তাহাকেই বলে আধ ডজন। অরণ্যবিহারী আমেরিকান ইণ্ডিয়ানরা তোমাদের মতো দর্শনশাস্ত্র-সম্থদীয় বক্তৃতা শুনিতে পারে না, কিন্তু তাহারা খান্ত হজ্ম করিতে পারে বেশ। তুমি তাহাদের একজনকে খণ্ড থণ্ড করিয়া ফেলো, পরমূহুর্তে দেখিবে, সে ঠিক উঠিয়া দাঁড়াইয়াছে। কিন্তু আমার বা তোমার যদি সামান্ত একটু ছিঁড়েয়া যায়, তাহা হইলে ছয় মাদ কাল হাসণাতালে শুইয়া থাকিতে হইবে।

জীবদেহ যতই নিমন্তবের হইবে, তাহার ইন্দ্রিয়স্থ ততই তীব্রতর হইবে।
নিমন্তবের প্রাণীদের এবং তাহাদের স্পর্শক্তির কথা ভাবো। তাহাদের
স্পর্শন্তিরই বড়। মাস্কবের ক্ষেত্রে আসিয়া দেখিবে, লোকের সভ্যতার
ন্তর যত নিম, তাহার ইন্দ্রিয়ের শক্তিও তত প্রবল। জীবদেহ যত উচ্চশ্রেণীর
হইবে, ইন্দ্রিয়স্থবের পরিমাণও তত কম হইবে। কুকুর থাইতে জানে,
কিন্তু আধ্যাত্মিক চিন্তায় যে অসুপম আনন্দ হয়, তাহা সে অমুভব করিতে
পারে না। তুমি বৃদ্ধি হইতে যে আশ্চর্য আনন্দ পাও, তাহা হইতে শে
বঞ্চিত। ইন্দ্রিয়ন্তক্ত স্থ অতি তীব্র। কিন্তু বৃদ্ধিক স্থ তীব্রতর। তুমি
যথন প্যারিষে পঞ্চাশ ব্যঞ্জনের ভোক্তে যোগদান কর, তাহা থুবই স্থাকর,

কিছ মানমন্দিরে গিয়া নক্ষত্তপুলি পর্যবেক্ষণ করা, গ্রহসমূহের আবির্ভাব ও বিকাশ দর্শন করা—এই-সব কথা ভাবিয়া দেখ দেখি। এ আনন্দ নিশ্চয়ই বিপুলতর, কারণ আমি জানি, ভোমরা তথন আহারের কথা ভূলিয়া যাও। সেই হুখ নিশ্চয়ই পার্থিব হুখ অপেক্ষা অধিক; ভোমরা তথন স্ত্রী-পুত্র, স্বামী এবং অন্ত সব কিছু ভূলিয়া যাও; ইন্দ্রিয়প্রত্যক্ষ জগৎ তথন ভূল হইয়া যায়। ইহাকেই বলে বৃদ্ধিজ হুখ। সাধারণ বৃদ্ধিতেই বলে যে, এই হুখ ইন্দ্রিয়প্রখ অপেক্ষা নিশ্চয় তীব্রতর। তোমরা সর্বদা বড় হুথের জন্ত ছোট হুখ ত্যাগ করিয়া থাকো। এই মৃক্তি বা বৈরাগ্য-লাভই হইল কার্যে পরিণত ধর্ম। বৈরাগ্য অবলম্বন কর।

ছোটকে ত্যাগ কর, যাহাতে বড়কে পাইতে পারো। সমাজের ভিত্তি কোথায় ? ক্যায়, নীতি ও আইনে। ত্যাগ কর, প্রতিবেশীর সম্পত্তি অপহরণ করিবার সমস্ত ইচ্ছা পরিত্যাগ কর, প্রতিবেশীর উপর হস্তক্ষেপ করিবার সমস্ত প্রলোভন পরিহার কর, মিখ্যা বলিয়া অপরকে প্রবঞ্চনা করিয়া যে স্থ্ ভাহা বর্জন কর। নৈতিকভাই কি সমাজের ভিত্তি নয় ? ব্যভিচার পরিহার করা ছাড়া বিবাহের আর কি অর্থ আছে? বর্বর তো বিবাহ করে না। মাছ্য বিবাহ করে, কারণ সে ত্যাগের জন্ম প্রস্তুত। এইরপই সর্বক্ষেত্র। ত্যাগ কর, বৈরাগ্য অবলম্বন কর, পরিহার কর, পরিভ্যাগ কর—শুক্সের নিষিত্ত নয়, নান্তিভাবের জ্বন্ত নয়, কিন্তু শ্রেরালাভের জ্ব্য। কিন্তু কে তাহা পারে? শ্রেয়োলাভের পূর্বে তুমি তাহা পারিবে না। মুখে বলিতে পারো, প্রয়াদ করিতে পারো, অনেক কিছু করিবার চেষ্টাও করিতে পারো, কিন্তু শ্রেয়োলাভ হইলে বৈরাগ্য আপনিই আসিয়া উপস্থিত হয়। অশ্রেয় তথন আপনা হইতেই ঝরিয়া পড়ে। ইহাকেই বলে 'কার্যে পরিণত ধর্ম'। ইহা ছাড়া আর কিছুকে বলে কি—যেমন পথ মার্জনা করা এবং আরোগ্য-নিলয় গঠন করাকে ? ভাহাদের মূল্য শুধু ভত্টুকু, যতটুকু উহাদের মূলে বৈরাগ্য আছে। বৈরাগ্যের কোথাও সীমারেখা নাই। মুশকিল হয় দেখানেই, ষেখানে কেহ সীমা টানিয়া বলে-এই পর্যন্তই, ইহার অধিক নয়। কিন্তু এই বৈবাগ্যের তো সীমা নাই।

ষেধানে ঈশ্বর আছেন, সেধানে আর কিছু নাই। যেথানে সাংসারিকতা আছে, সেধানে ঈশ্বর নাই। এই উভয়ের কথনও মিলন ঘটিৰে না—যথা,

আলোও অন্ধকারের। ইহাই তো আমি গ্রীষ্টধর্ম ও তাহার প্রথম প্রচারকদের জীবনী হইতে বৃঝিয়াছি। বৌদ্ধর্মও কি তাহাই নয়? ইহাই কি সকল শ্বি ও আচার্যের শিক্ষা নয়? যে-সংসারকে বর্জন করিতে হইবে, তাহা কি? তাহা এখানেই রহিয়াছে। আমি আমার সঙ্গে সঙ্গে সংসার লইয়া চলিয়াছি। আমার এই শরীরই সংসার। এই দেহের জন্ত, এই দেহকে একটু ভাল ও স্থথে রাখিবার জন্ত আমি আমার প্রতিবেশীর উপর উৎপীড়ন করি। এই দেহের জন্ত আমি অপরের ক্ষতিসাধন করি, ভূলপ্রাস্তিও করি।

কত মহামানবের দেহত্যাগ হইয়াছে; কত ত্র্লচিত্ত মাহ্য মৃত্যু-ক্রলিত হইয়াছে; কত দেবতারও মৃত্যু ঘটিয়াছে। মৃত্যু, মৃত্যু, সর্বত্ত মৃত্যুই বিরাজ করিতেছে। এই পৃথিবী অনাদি অতীতের একটি শাশানক্ষেত্র; তথাপি আমরা এই দেহকেই আঁকড়াইয়া থাকি আর বলি, 'আমি কথনও মরিব না।' জানি ঠিকই যে, দেহের মৃত্যু অবশুভাবী; অথচ উহাকেই আঁকড়াইয়া থাকি। ঠিক অমর বলিতে আত্মাকে ব্ঝায়, আর আমরা ধরিয়া থাকি এই শরীরকে—ভূল হইল এথানেই।

তোমরা দকলেই জড়বাদী, কারণ তোমরা দকলেই বিশাদ কর যে, তোমরা দেহমাত্র। কেহ বদি আমার শরীরে ঘূষি মারে, আমি বলিব আমাকে ঘূষি মারিয়াছে। যদি দে আমার শরীরে প্রহার করে, আমি বলিব যে, আমি প্রহৃত হইয়াছি। আমি যদি শরীরই না হইব, তাহা হইলে এরপ কথা বলিব কেন ? আমি যদিও মুখে বলি—আমি আত্মা, তাহা হইলেও তাহাতে কিছু ভফাত হয় না, কারণ ঠিক দেই মূহুর্তের জন্ম আমি শরীর; আমি নিজেকে জড়বন্ধতে পরিণত করিয়াছি। এইজন্মই আমাকে এই শরীর পরিহার করিতে হইবে, পরিবর্তে আমি স্বরূপতঃ যাহা, তাহার চিম্বা করিতে হইবে। আমি আত্মা—দেই আত্মা, যাহাকে কোন অন্ধ ছেদন করিতে পারে না, কোন তরবারি খণ্ডিত করিতে পারে না, অগ্নি দহন করিতে পারে না, বাতাস শুক্ত করিতে পারে না। আমি জন্মরহিত, স্প্তেরহিত, অনাদি, অথণ্ড, মৃত্যুহীন, জন্মহীন এবং সর্বব্যাপী—ইহাই আমার প্রকৃত স্বরূপ। সমস্ত ঘৃংখ-উৎপত্তির কারণ এই যে, আমি মনে করি—আমি ছোট একতাল মৃত্তিকা। আমি নিজেকে জড়ের সহিত এক করিয়া ফেলিতেছি এবং তাহার ফল ভোগ করিতেছি।

কার্বে পরিণত ধর্ম হইল নিজেকে আত্মার সহিত এক করা। শ্রমাত্মক মধ্যাসচিন্তা পরিহার কর। ঐদিকে তুমি কভদ্র অগ্রদর হইয়াছ ? তুমি হই সহস্র আরোগ্য-নিকেতন নির্মাণ করিয়া থাকিবে, কিন্তু তাহাতে কি আদে যায়, যদি না তুমি আত্মান্তভূতি লাভ করিয়া থাকো? তুমি মরিবে দামাক্ত ক্র্রেরই মতো ক্র্রের অন্তভূতি লইয়া। কুন্তর মৃত্যুকালে চীৎকার করে আর কাঁদে, কারণ লে জানে যে, সে জড়বন্ধ এবং সে নিঃশেষ হইয়া গাইতেছে।

তুমি জানো যে, মৃত্যু অনিবার্ষ; মৃত্যু আছে জলে বাতাদে—প্রাসাদে দিন্দালায়—সর্বত্র। কোন্ বস্তু তোমাকে অভয় প্রদান করিবে? তুমি মভয় পাইবে তথনই, যথন তুমি তোমার স্বন্ধপ জানিতে পারিবে, জানিবে— চুমি অসীম, জন্মহীন, মৃত্যুহীন আত্মা; আত্মাকে অগ্নি দহন করিতে পারে না, কোন অগ্ন হত্যা করিতে পারে না, কোন বিষ জ্বজিত করিতে পারে না। মনে করিও না—ধর্ম শুধু একটা মতবাদ, কেবল শাস্তজ্ঞান। ধর্ম কেবল তোতাপাধির ম্থস্থ বুলি নয়। আমার জ্ঞানবৃদ্ধ গুরুদেব বলিতেন: তোতাপাধিকে যতই 'হরিবোল, হরিবোল, হরিবোল, হরিবোল' শেখাও না কেন, বেড়াল যথন গলা টিপে ধরে, তথন সব ভূল হয়ে যায়। তুমি সারাক্ষণ প্রার্থনা করিতে পারো, জগতের সব শাস্ত্র অধ্যয়ন করিতে পারো, বত দেবতা আছেন, সকলের পূজা করিতে পারো, কিন্তু যতক্ষণ না আত্মাহভূতি হইবে, ততক্ষণ পর্যন্ত মৃক্তি নাই। বাগাড়ম্বর নয়, তত্তালোচনা নয়, ছিকতের্ক নয়, চাই অহুভূতি। ইহাকেই আমি বলি, বাত্তব জীবনে পরিণত ধর্ম।

প্রথমে আত্মা সম্পর্কে এই সত্য শ্রবণ করিতে হইবে। যদি শ্রবণ করিয়া থাকো, অভঃপর মনন কর। মনন করা হইলে ধ্যান কর। র্থা ভর্কবিচার আর নিশ্রয়োজন। একবার নিশ্রয় কর, তুমি সেই অসীম আত্মা; ভাহা যদি সত্য হয়, তবে নিজেকে দেহ বলিয়া ভাবা ভো মূর্যতা। তুমি ভো আত্মা এবং এই আত্মাহভৃতিই লাভ করিতে হইবে। আত্মা নিজেকে আ্মারুরেপে দেখিবে। বর্তমানে আত্মা নিজেকে দেহরূপে দেখিভেছে। ভাহা করিতে হইবে। যে মৃহুর্তে ভাহা অহুভব করিতে আরম্ভ করিবে, সেই মুহুর্তে তুমি মৃক্ত হইবে।

তোমরা এই কাচটিকে দেখিতেছ। তোমরা জান ইহা প্রাপ্তিমাত্র। কোন বৈজ্ঞানিক হয়তো তোমাকে বলিয়া দিবেন ইহা শুধু আলোক ও স্পান্দন । আত্মদর্শন উহা অপেকা নিশ্চয়ই অধিক পরিমাণে সত্য, উহা নিশ্চয়ই একমাত্র বাস্তব অবস্থা, একমাত্র সত্য-সংবেদন, একমাত্র বাস্তব প্রত্যক্ষ। এই বাহা কিছু দেখিতে পাইতেছ—এ-সকলই স্বপ্ন। আজকালকার দিনে তৃমি তাহা জানো। আমি প্রাচীন বিজ্ঞানবাদীদের কথা বলিতেছি না, আধুনিক পদার্থবিত্যাবিদ্ও বলিবেন দৃশ্যমান বস্তুর মধ্যে আছে শুধু আলোক-স্পান্দন । আলোক-স্পান্দনের সামাত্য ইতরবিশেষের দ্বারাই সমস্ত পার্থক্য ঘটিতেছে।

ভোমাকে অবশ্রই ঈশ্বর দর্শন করিতে হইবে। আত্মাহুভূতি করিতেই হইবে, আর উহা বান্তব ধর্ম। যীওঞ্জী বলিয়া গেলেন, 'যাহাদের চিত্ত বিনয়-নম্ৰ, তাহারা ধক্ত; কারণ স্বর্গরাজ্য তাহাদেরই প্রাপ্য'। বাস্তব ধর্ম বলিতে তো তোমরা আর উহা মানিতে চাও না। তাঁহার ঐ উপদেশ কি শুধু একটা ভামাশার কথা ? তাহা হইলে বান্তব ধর্ম বলিভে তোমরা কি বোঝ ? ভোমাদের বাস্তবতা হইতে ঈশ্বর আমাদের রক্ষা করুন। 'ধাহারা শুদ্ধচিত্ত, ভাহার। ধন্ত, কারণ ভাহারা ঈশ্বর দর্শন করিবে।'—এই কথায় কি পথ পরিষার করা, আরোগ্য-ভবন নির্মাণ করা প্রভৃতি বুঝায় ? যখন ভদ্ধচিত্তে এ-সকল অহ্ঠান করিবে, তথনই ইহা সৎকর্। বিশ ডলার দান করিয়া নিজের নাম প্রকাশিত দেখিবার জন্ম স্থান্ ফ্রান্সিস্কোর সমস্ত সংবাদপত্র ক্রেয় করিতে ষাইও না। নিজেদের ধর্মগ্রন্থে কি পাঠ কর নাই ষে, কেহই তোমাকে সাহাষ্য করিবে না ? ঈশবের উপাসনার মনোভাব লইয়া ঈশরকেই দরিদ্র, তু:খী ও তুর্বলের মধ্যে সেবা কর। তাহা সম্পন্ন করিতে পারিলে ফলপ্রাপ্তি গৌণ কথা। লাভের বাসনা না রাখিয়া ঐ ধরনের কর্ম অহুষ্ঠান করি^{লে} আত্মার মদল সাধিত হয় এবং এরপ ব্যক্তিদের**ই স্বর্গরাজ্য লাভ** হ^{য় ৷} এই স্বর্গরাজ্য রহিয়াছে আমাদেরই মধ্যে। সকল আত্মার আ**ত্মা** যিনি তিনি দেখানেই বিরাজ করেন। তাঁহাকে নিজের অন্তরে উপলব্ধি কর ভাহাই কার্যে পরিণত ধর্ম, তাহাই মুক্তি। পরস্পরকে প্রশ্ন করিয়া দে^গ যাক, আমরা কে কভদুর এই পথে অগ্রসর হইয়াছি, কভদুর আমরা ^{এই} দেহের উপাদক, কতদ্রই বা পরমাত্মস্বরূপ ভগবানে ঠিক বিশাদ করি, ^{এব}

কতদ্রই বা আমাদিগকে আত্মা বলিয়া বিখাদ করি ? তথন দত্যদত্যই আথিশৃন্ত হইব; ইহাই মৃক্তি। ইহাই প্রকৃত ঈশরোপাদনা। আত্মোপলিকি কর। তাহাই একমাত্র কর্তব্য। নিজে স্বরূপত: যাহা, অর্থাৎ নিজেকে অদীম আত্মারূপে জানো, তাহাই বাস্তব ধর্ম। আর যাহা কিছু, দকলই অবাস্তব। কারণ আর যাহা কিছু আছে, দকলই বিলুপ্ত হইবে। একমাত্র আত্মাই কথনও বিলুপ্ত হইবে না; আত্মাই শাশত। আরোগ্য-নিকেতন একদিন ধদিয়া পড়িবে। যাহারা রেলপথ-নির্মাতা, তাহারাও একদিন মৃত্যুমুথে পতিত হইবে। এই পৃথিবী থণ্ড থণ্ড হইয়া উড়িয়া যাইবে, ক্র্য নিশ্চিক্ হইবে। কিছু আত্মা চিরকাল ধবিয়া বিরাজ করিবেন।

কোন্টি শ্রেয়—এই-সকল ধ্বংসশীল বস্তুর পশ্চাদ্ধাবন, না চিক্ল অপরিবর্তনীয়ের উপাসনা? কোন্টি অধিক বাস্তব? তোমার জীবনের সমস্ত শক্তি প্রয়োগ করিয়া যে-সকল বস্তু আয়ত্ত করিলে, সেগুলি আয়ত্তাধীন হইবার পূর্বে পরিত্যাগ করিয়া যাওয়াই কি শ্রেয়? ঠিক বেমন সেই বিখ্যাত দিগ্বিজ্ঞীর ভাগ্যে ঘটিয়াছিল? তিনি সব দেশ জয় করিলেন, পরে মৃত্যুকাল উপস্থিত হইলে অহ্চরদিগকে আদেশ দিলেন, 'আমার সম্থে কলসীভরতি দ্রব্যসন্তার সাজিয়ে রাখো।' তারপর বলিলেন, 'বড় হীরকথগুটি নিয়ে এস।' তথন ঐটি আপন বক্ষমধ্যে স্থাপন করিয়া তিনি ক্রন্দন করিতে লাগিলেন। এইক্লপে ক্রন্দন করিতে করিতে তিনি দেহত্যাগ করিলেন—ঠিক যেমন একটি কুকুর করিয়া থাকে।

মাহ্য সদর্পে বলে, 'আমি বাঁচিয়া আছি;' সে জানে না যে, মৃত্যুভয়ে ভীত হইয়াই সে এই জীবনকে ক্রীভদাসের মতো আঁকড়াইয়া ধরিয়া আছে। সে বলে, 'আমি সজোগ করিভেছি।' সে কখনও ব্ঝিতে পারে না যে, প্রকৃতি তাহাকে দাস করিয়া রাখিয়াছে।

প্রকৃতি আমাদের সকলকে পেবণ করিতেছে। যে স্থ-কণিকা পাইরাছ, তাহার হিসাব করিয়া দেখ, শেব পর্যন্ত দেখিবে প্রকৃতি তোমাকে দিয়া নিজের কাজ করাইয়া লইয়াছে; এবং যখন তোমার মৃত্যু হইবে, তখন তোমার শরীর দ্বারা অপর বৃক্ষলতাদির পরিপৃষ্টি হইবে। তথাপি আমরা শর্বদা মনে করি, আমরা স্বাধীনভাবেই স্থ পাইতেছি। এইরপেই সংসারচক্র আবর্তিত হইতেছে।

স্তরাং আত্মাকে আত্মারূপে অন্তব করাই হইল বান্তব ধর্ম। অপর সব কিছু ঠিক তত্টুকু ভাল, যতটুকু এগুলি আমাদিগকে এই এক অতি উত্তম ধারণায় উপনীত করিতে পারে। সেই অন্তভৃতি বৈরাগ্য ও ধ্যানের ঘারা লভ্য। বৈরাগ্যের অর্থ সমস্ত ইন্দ্রিয় হইতে বিরতি এবং যত কিছু গ্রন্থি, যত কিছু গৃঙ্খল আমাদিগকে জড়বস্তার সহিত আবদ্ধ রাথে, সেগুলি ছিল্ল করা। 'আমি এই জড়জীবন লাভ করিতে চাই না, এই ইন্দ্রিয়ভোগের জীবন কামনা করি না, আমি কামনা করি উচ্চতর বস্তকে'—ইহাই হইল বৈরাগ্য। অতঃপর যে ক্ষতি আমাদের হইয়া গিয়াছে, ধ্যানের ঘারা তাহার প্রতিকার করিতে হইবে।

আমরা প্রকৃতির আজ্ঞানুত্রপ কার্য করিতে বাধ্য। বদি বাহিবে কোথাও শব্দ হয়, আমাকে তাহা শুনিতেই হইবে। বদি কিছু ঘটিতে থাকে, আমাকে তাহা দেখিতেই হইবে। ঠিক খেন বানরের মতো আমরা। আমরা প্রত্যেকে খেন ত্ই সহস্র বানরের এক-একটি ঝাঁক। বানর এক অভুত প্রাণী! ফলতঃ আমরা অসহায়; আর বলি কিনা, 'ইহাই আমাদের উপভোগ!' অপূর্ব এই ভাষা! পৃথিবীকে আমরা উপভোগই করিতেছি বটে! আমাদের ভোগ না করিয়া গতান্তর নাই। প্রকৃতি চায় যে, আমরা ভোগ করি। একটি স্থলনিত শব্দ হইতেছে, আর আমি শুনিতেছি। 'খেন উহা শোনা না শোনা আমার হাতে! প্রকৃতি বলে, 'খাও, তুংখের গভীরে ভ্রিয়া থাও,' মূহুর্তের মধ্যে আমি তুংখে নিমজ্জিত হই। আমরা ইন্দ্রিয়া ও সম্পদ্ সম্ভোগ করিবার কথা বলিয়া থাকি। কেহ হয়তো আমাকে খ্ব পণ্ডিত মনে করে, আবার অপর কেহ হয়তো মনে করে 'এ মূর্থ।' জীবনে এই অধংপতন, এই দাসত্ব চলিয়াছে, অথচ আমাদের কোন বোধই নাই। আমরা একটি অক্কশার কক্ষে পরস্পর মাথা ঠুকিয়া মরিতেছি।

ধ্যান কাহাকে বলে? ধ্যান হইল সেই শক্তি, যাহা আমাদের এই-সব কিছু প্রতিরোধ করিবার ক্ষমতা দেয়। প্রকৃতি আমাদের প্রলোভন দেখাইতে পারে, 'দেখ—কি স্থলর বস্তু!' আমরা ফিরিয়াও দেখিব না। এইবার সে বলিবে, 'এই যে কি স্থান্ধ, আদ্রাণ কর।' আমি আমার নাসিকাকে বলিব, 'আদ্রাণ করিও না।' নাসিকা আর তাহা করিবে না। চক্ষ্কে বলিব, 'দেখিও না।' প্রকৃতি একটি মর্মস্কাদ কাণ্ড করিয়া বসিল; সে আমার একটি শস্তান হত্যা করিয়া বলিল, 'হতভাগা, এইবার তুই বদিয়া ক্রন্দন কর্। শোকের সাগরে তুবিয়া যা।' আমি বলিলাম, 'আমাকে তাহাও করিতে হইবে না।' আমি উঠিয়া দাঁড়াইলাম; আমাকে স্বাধীন হইতে হইবে। ইহা মাঝে মাঝে পরীকা করিয়া দেখ না। এক মূহর্তের ধ্যানের ফলে এই প্রকৃতিতে পরিবর্তন আনিতে পারিবে। মনে কর, তোমার নিজের মধ্যে যদি দে ক্ষমতা থাকিত, তাহা হইলে উহাই কি স্থাগিদ্দ হইত না, উহাই কি মৃক্তি হইত না? ইহাই হইল ধ্যানের দক্তি।

কি করিয়া উহা আয়ত্ত করা বাইবে ? নানা উপায়ে তাহা পারা যায়। প্রত্যেকের প্রকৃতির নিজ্ঞস্ব গতি আছে। কিন্তু সাধারণ নিয়ম হইল এই ষে, মনকে আয়ত্তে আনিতে হইবে। মন একটি জ্লাশয়ের মতো; বে-কোন প্রস্তরথণ্ড উহাতে নিক্ষিপ্ত হয়, তাহাই তরক স্বষ্টি করে। এই তরঙ্গুলি আমাদের স্বরূপ-দর্শনে অস্তরায় সৃষ্টি করে। জলাশরে পূর্ণচন্দ্র প্রতিবিধিত হইয়াছে; কিন্তু জলাশয়ের বক্ষ এত আলোড়িত যে, প্রতিবিধটি পরিষ্কারত্রপে দেখিতে পাইভেছি না। ইহাকে শাস্ত হইতে দাও। প্রকৃতি ষেন উহাতে তরক সৃষ্টি করিছে না পারে। শাস্ত হইয়া থাকো; তাহা হইলে কিছু পরে প্রকৃতি তোমাকে ছাড়িয়া দিবে। তখন আমরা জানিতে পারিব, আমরা স্বরূপত: কি। ঈশ্ব সর্বদা কাছেই বহিয়াছেন; কিছু মন বড়ুই চঞ্চল, সে সর্বদা ইন্দ্রিয়াদির পশ্চাতে ছুটিয়া বেড়াইতেছে। ইন্দ্রিয়ের দার কল করিলেও ভোমার ঘৃণিপাকের অবদান হইবে না। এই মুহুর্তে মনে করিভেছি, আমি ঠিক আছি, ঈশরের ধ্যান করিব; অমনি মুহুর্তের মধ্যে আমার মন চলিল লগুনে। যদি বা তাহাকে সেখান হইতে কোর করিয়া টানিয়া আনিলাম, তা অতীতে আমি নিউইয়কে কি করিয়াছি, তাহাই দেখিবার জন্তু মন ছুটিল নিউইয়র্কে। এই-সকল ভরক্ষকে ধ্যানের বারা নিবারণ করিতে হইবে।

ধীরে ধীরে এবং ক্রমে ক্রমে নিজেদের প্রস্তুত করিতে হইবে। ইহা তামাশার কথা নয়, একদিনের বা কয়েক বংসরের অথবা হয়তো কয়েক জনমেরও কথা নয়। কিন্তু সেজেক দমিয়া বাইও না। সংগ্রাম চালাইতে হইবে। জ্ঞানত:—স্বেচ্ছায় এই সংগ্রাম চালাইতে হইবে। তিল তিল করিয়া আমরা নৃত্তন ভূমি জয় করিয়া লইব। তথন আমরা এমন প্রকৃত সম্পদের

অধিকারী হইব, যাহা কেহ কথনও আমাদের নিকট হইতে হরণ করিয়া লইতে পারিবে না; এমন সম্পদ, যাহা কেহ নট করিতে পারিবে না; এমন আনন্দ, যাহার উপর আর কোন বিপদের ছায়া পড়িবে না।

এতকাল ধরিয়া আমরা অন্তের উপর নির্ভর করিয়া আসিতেছি। যথন আমি সামাত হথ পাইতেছিলাম, তথন হথের কারণ যে ব্যক্তি, সে প্রস্থান করিলে অমনি আমি হথ হারাইতাম। মাহ্যের নির্ক্তিতা দেখ! আপনার হথের জন্ত সে অত্যের উপর নির্ভর করে! সকল বিয়োগই হংখময়। ইহা স্বাভাবিক। হথের জন্ত ধনের উপর নির্ভর করিবে? ধনের হ্রাসর্কি আছে। হথের জন্ত স্বাস্থ্য অথবা অন্ত কোন কিছুর উপর নির্ভর করিলে আজ অথবা কাল হংশ অবশ্রভাবী।

অনম্ভ আত্মা ব্যতীত আর সব কিছু পরিবর্তনশীল। পরিবর্তনের চক্র আবর্তিত হইতেছে! স্থায়িত্ব তোমার নিজের অস্তবে ব্যতীত অক্স কোথাও নাই। দেখানেই অপরিবর্তনীয় অদীম আনন্দ রহিয়াছে। ধ্যানই দেখানে ষাইবার খার। প্রার্থনা, ক্রিয়াকাণ্ড এবং অন্তান্ত নানাপ্রকার উপাসনা ধ্যানের প্রাথমিক শিক্ষা মাত্র। তুমি প্রার্থনা করিতেছ, অর্ঘ্যদান করিয়া থাকো; একটি মত ছিল যাহাতে বলা হইত, এ-সকলই আত্মিক শক্তির বৃদ্ধিসাধন করে; জ্বপ, পুষ্পাঞ্চলি, প্রতিমা, মন্দির, দীপারতি প্রভৃতি ক্রিয়াকাণ্ডের ফলে মনে তদমুরূপ ভাবের সঞ্চয় হয়; কিন্তু ঐ ভাবটি সর্বদা মানবের নিচ্ছের মধ্যেই রহিয়াছে, অন্তত্ত নয়। সকলেই এক্রণ করিতেছে; তবে লোকে যাহা না জানিয়া করে, তাহা জানিয়া করিতে হইবে। ইহাই হইল ধ্যানের শক্তি। তোমারই মধ্যে যাবতীয় জ্ঞান আছে। তাহা কিরূপে সম্ভব হইল ? ধ্যানের শক্তির দারা। আত্মা নিজের অন্ত:প্রদেশ মন্থন করিয়া উহা উদ্ধার করিয়াছে। আত্মার বাহিরে কথন কোন জ্ঞান ছিল কি? পরিশেষে এই ধ্যানের শক্তিতে আমরা আমাদের নিজ শরীর হইতে বিচ্ছিন্ন হই; তথন আত্মা আপনার সেই জন্মহীন মৃত্যুহীন স্বরূপকে জানিতে পারে। তথন আর কোন হু:খ থাকে না, এই পৃথিবীতে আর জন্ম হয় না, ক্রমবিকাশও হয় না। আত্মা তথন জানে যে, সে দর্বদা পূর্ণ ও মুক্ত।

धर्मत माधन-व्यनाली ও উদ্দেশ্য

পৃথিবীর ধর্মগুলি পর্যালোচনা করিলে আমরা সাধারণতঃ তুইটি সাধন-পথ দেখিতে পাই। একটি ঈশর হইতে মাহুষের দিকে বিসর্পিত। অর্থাৎ সেমিটিক ধর্মগোষ্ঠাতে দেখিতে পাই—ঈশরীয় ধারণা প্রায় প্রথম হইতেই ফুর্তিলাভ করিয়াছিল, অথচ অত্যন্ত আশ্চর্য ধে, আত্মা সহদ্ধে তাহাদের কোন ধারণা ছিল না। ইহা অতি উল্লেখযোগ্য যে, অতি-আধুনিক কালের কথা ছাড়িয়া দিলে প্রাচীন ইহুদীদের মধ্যে জীবাত্মা-সম্পর্কে কোন চিন্তার ফুরণ হয় নাই। মন ও কতিপয় জড় উপাদানের সংমিশ্রণে মাহুষের স্বাষ্ট, তাহার অতিরিক্ত আর কিছু নয়। মৃত্যুতেই সব কিছুর পরিসমাপ্তি। অথচ এই জাতির মধ্যেই ঈশর সহদ্ধে অতি বিশায়কর চিন্তাধারার বিকাশ হইয়াছিল। ইহাও অক্সতম সাধন-পথ। অক্স সাধনপথ—মাহুষের ভিতর দিয়া ঈশরাভিম্থে। এই দিত্তীয় প্রণালীটি বিশেষদ্ধপে আর্যজাতির, আর প্রথমটি সেমিটিক জাতির।

আর্থিণ প্রথমে আত্মন্ত লইয়া শুক করিয়াছিলেন; তথন তাঁহাদের দিখনবিষয়ক ধারণাগুলি অস্পষ্ট, পার্থক্য-নির্ণয়ে অসমর্থ ও অপরিচ্ছন্ন ছিল। কিন্তু কালক্রমে আত্মা সম্বন্ধে তাঁহাদের ধারণা যতই স্পষ্টতর হইতে লাগিল, দিখন সম্বন্ধে ধারণা সম অহুপাতে স্পষ্টতর হইতে লাগিল। সেইজ্জ দেখা যায়, বেদসমূহে যাবতীয় জিজ্ঞাসাই সর্বদা আত্মার মাধ্যমে উথাপিত হইয়াছিল এবং ঈশ্বন সম্বন্ধে আর্থদিগের যত কিছু জ্ঞান সবই জীবাত্মার মধ্য দিয়াই স্ফুর্তি পাইয়াছে। সেইহেতু তাঁহাদের সমগ্র দর্শন-সাহিত্যে অন্তম্থী ঈশ্বরাহ্মদ্ধানের বা ব্রদ্ধজ্ঞাসার একটি বিচিত্র ছাপ অনিত্র বহিয়াছে।

আর্থগণ নিজেদের অন্তরেই চিরদিন ভগবানের অন্থসদ্ধান করিয়াছেন। কালক্রমে ঐ সাধনপ্রণালী তাঁহাদের নিকট স্বাভাবিক ও নিজস্ব হইয়া উঠিয়াছিল। তাঁহাদের শিল্পচর্চা ও প্রাত্যহিক আচরণের মধ্যেও ঐ বৈশিষ্ট্য লক্ষণীয়। বর্তমানকালেও ইওরোপে উপাসনারত কোন ব্যক্তির প্রতিক্তি আঁকিতে গিয়া শিল্পী তাঁহার দৃষ্টি উর্ধ্বে স্থাপন করাইয়া থাকেন। উপাদক প্রকৃতির বাহিরে ভগবান্কে অম্সন্ধান করেন, দ্র মহাকাশের দিকে তাঁহার দৃষ্টি প্রদারিত রহিয়াছে—এইভাবে দেই প্রতিমৃতি অন্ধিত হয়। পক্ষান্তরে ভারতবর্ষে উপাদকের মৃতি অক্তর্ম। এথানে উপাদনায় চক্ষ্য় মৃদ্রিত থাকে, উপাদকের দৃষ্টি বেন অস্তম্থী।

এই হুইটিই মাহুষের শিক্ষণীয় বস্তু-একটি বহি:প্রকৃতি, অপরটি অস্ত:প্রকৃতি। আপাতদৃষ্টিতে পরস্পর-বিরোধী হইলেও সাধারণ মাহুষের নিকট বাহ্যপ্রকৃতি—অন্ত:প্রকৃতি বা চিন্তা-জগৎ দ্বারা সম্পূর্ণরূপে গঠিত। অধিকাংশ দর্শনশান্তে, বিশেষতঃ পাশ্চাত্য দর্শনশান্তে, প্রথমেই অহুমিত হইয়াছে যে, জড়বম্ব এবং চেতন মন--- চুইটি বিপরীতধর্মী। কিন্তু পরিণামে আমরা দেখি, উহারা বিপরীতধর্মী নয়; বরং ধীরে ধীরে উহারা পরস্পরের সান্নিধ্যে আসিবে এবং চরমে একত্র মিলিত হইয়া এক অস্ত্রহীন অথও বস্তু সৃষ্টি করিবে। স্থতরাং এই বিশ্লেষণ দারা কোন একটি মতকে অপর মত হইতে উচ্চাবচ প্রতিপন্ন করা আমার অভিপ্রায় নয়। বহিঃপ্রকৃতির সাহায্যে সভ্যামুসন্ধানে যাঁহারা ব্যাপত, তাঁহারা যেমন ভ্রাস্ত নন, অস্তঃপ্রকৃতির মধ্য দিয়া সভ্যলাভের যাঁহারা প্রয়াসী, তাঁহাদিগকেও তেমনি উচ্চ বলিয়া মনে করিবার কোন হেতু নাই। এই তুইটি পৃথক্ প্রণালী মাত্র। তুইটিই জগতে টিকিয়া থাকিবে; তুইটিবই অমুশীলন প্রয়োজন; পরিণামে দেখা যাইবে যে, তুইটি মতেরই পরস্বর মিলন হইতেছে। আমরা দেখি যে, মন ষেমন দেহের পরিপন্থী নয়, দেহও তেমনি মনের পরিপন্থী নয়, বদিও অনেকে মনে করে, এই দেহটি একান্তই তুচ্ছ ও নগণ্য। প্রাচীনকালে প্রতিদেশেই এমন বহু লোক ছিল, যাহারা দেহকে শুধু আধি, ব্যাধি, শাপ ও ঐ জাতীয় বস্তর আধাররপেই গণ্য ক্রিত। বাহা হউক, উত্তরকালে আমরা দেখিতে পাই, বেদের শিকা অহুসারে এই দেহ মনে মিশিয়া গিয়াছে এবং মন দেহে মিশিয়া গিয়াছে।

একটি বিষয় স্মরণ রাখিতে হইবে, যাহা সমগ্র বেদে 'ধ্বনিত হইরাছে: যথা, যেমন একটি মাটির ডেলা সম্বন্ধে জ্ঞান থাকিলে আমরা বিশের সমস্ত মাটির বিষয় জানিতে পারি, তেমনি সেই বস্তু কি, যাহা জানিলে আমরা অন্ত স্বই

> বেনাশ্রতং শ্রুতং ভবতামতং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতমিতি কথং ন ভগব: স আদেশো ভবতীতি ? যথা সৌমৈকেন সৃংগিণ্ডেন সর্ব মুন্ময়ং বিজ্ঞাতং স্থাদ্ বাচারন্তণং বিকারো নামধ্যে মুদ্ধিকেতোব সতাম্।—ছান্দোগা উপ., ৬৷১৷০-৪

জানিতে পারি? কমবেশি স্পষ্টতঃ বলিতে গেলে এই তত্ত্বই সমগ্র মানব-জ্ঞানের বিষয়বস্থ। এই একত উপলব্ধির দিকেই আমরা সকলে অগ্রসর হইতেছি। আমাদের জীবনের প্রতি কর্ম—তাহা অতি বৈষয়িক, অতি সুল, অতি সুন্ধ, অতি উচ্চ, অতি আধ্যাত্মিক কর্মই হউক না কেন-সমভাবে সেই একই আদর্শ একত্বাহুভূতির দিকে আমাদিগকে লইয়া যাইতেছে। এক ব্যক্তি অবিবাহিত। দে বিবাহ কবিল। বাহত: ইহা একটি স্বার্থপূর্ণ কাঞ্জ হইতে পারে, কিন্তু ইহার পশ্চাতে যে প্রেরণা—বে উদ্দেশ্য বহিয়াছে, তাহাও ঐ একত্ব উপলব্ধির চেষ্টা। তাহার পুত্র-কন্সা আছে, বন্ধু-বান্ধব আছে; সে ভাহার দেশকে ভালবাদে, এই পৃথিবীকে ভালবাদে এবং পরিণামে সমগ্র বিখে তাহার প্রেম পরিব্যাপ্ত হয়। তুর্নিবার গতিতে আমরা সেই পূর্ণতার দিকে চলিতেছি—এই ক্ত আমিত নাশ করিয়া এবং উদার হইতে উদারতর হইয়া অবৈতামূভূতির পথে। উহাই চরম লক্ষ্য; ঐ লক্ষ্যের দিকেই সমগ্র বিশ ক্রত-ধাবমান, প্রতি অণু-পরমাণু পরস্পরের সহিত মিলিত হইবার জ্ঞ প্রধাবিত। অণুর সহিত অণুর, পরমাণুর সহিত পরমাণুর মৃহ্মুছ মিলন হইতেছে, আর বিশালাক্বতি গোলক, ভূলোক, চন্দ্র, সুর্য, নক্ষত্র, গ্রহ, উপগ্রহের উৎপত্তি হইতেছে। আবার উহারাও যথানিয়মে পরস্পরের দিকে বেগে ছুটিতেছে এবং এ-কথা আমরা জানি যে, চরমে সমগ্র জড়-জগৎ ও চেতন-জগৎ এক অথগু সন্তায় মিশিয়া একীভূত হইবে।

নিখিল বিশের বিপুলভাবে যে ক্রিয়া চলিতেছে, ব্যক্তি-মাহ্যেও স্বরায়তনে সেই ক্রিয়াই চলিতেছে। বিশ্ব-ব্রহ্মাণ্ডের যেমন একটি নিজম্ব ও স্বতন্ত্র সন্তা আছে, অথচ একত্বের—অথগুত্বের দিকে নিয়তই উহা ধাবমান, আমাদের ক্রুত্ব ব্রহ্মাণ্ডেও সেইরূপ প্রতি জীব যেন জগতের অবশিষ্টাংশ হইতে বিচ্ছিন্ন হইয়া নিত্য নবজন্ম পরিগ্রহ করিতেছে। যে যত বেশী মূর্য ও অজ্ঞান, সে নিজেকে বিশ্ব হইতে তত বেশী বিচ্ছিন্ন মনে করে। যে যত বেশী অজ্ঞান, সে তত বেশী মনে করে যে, সে মরিবে অথবা জন্মগ্রহণ করিবে ইত্যাদি—এ-সকল ভাব এই অনৈক্য বা ভিন্নতাই প্রকাশ করে অথবা বিচ্ছিন্ন ভাবেরই অভিব্যক্তি। কিন্তু দেখা যায়, জ্ঞানোৎকর্বের শঙ্গে সন্ধ্যের বিকাশ হয়, নীতিজ্ঞান অভিব্যক্ত হয় এবং মাহ্যমের মধ্যে অথও চেতনার উর্যেষ হয়। জ্ঞাতগারেই হউক বা অজ্ঞাতগারেই

ছউক, ঐ শক্তিই পিছনে থাকিয়া মাম্যকে নিংহার্থ হইতে প্রেবণা দেয়। উহাই দকল নীভিজ্ঞানের ভিত্তি; পৃথিবীর ষে-কোন ভাষায় বা যে-কোন ধর্মে বা ষে-কোন অবতারপুরুষ কর্তৃক প্রচারিত ধর্মনীভির ইহাই দর্বাপেক্ষা অপরিহার্য অংশ। 'নিংহার্থ ছও,' নাহং, নাহং—তুঁহ, তুঁহ'—এই ভাবটিই দকল নীভি ও অহশাদনের পটভূমি। তুমি আমার অংশ, এবং আমিও ভোমার অংশ। তোমাকে আঘাত করিলে আমি নিজেই আঘাতপ্রাপ্ত হই, ভোমাকে দাহায্য করিলে আমার নিজেরই দাহায্য হইয়া থাকে, তুমি জীবিত থাকিলে দম্ভবতঃ আমারও মৃত্যু হইতে পারে না—ইহার অর্থ এই ব্যক্তিভাবশৃত্যভার স্বীকৃতি। যতক্ষণ এই বিপুল বিশ্বে একটি কটিও জীবিত থাকে, ততক্ষণ কিরূপে আমি মরিতে পারি ? কারণ আমার জীবন তো ঐ কীটের জীবনের মধ্যেও অহুস্যুত রহিয়াছে। দক্ষে সাহায্য এই শিক্ষাও পাই যে, কোন মাহ্যুক্ত সাহায্য না করিয়া আমরা পারি না, তাহার কল্যাণে আমারই কল্যাণ।

এই বিষয়ই সমগ্র বেদান্ত এবং অন্তাক্ত ধর্মের মধ্য দিয়া অহুস্থাত। এ-কথা স্মরণ রাথিতে হইবে ধে, সাধারণভাবে ধর্মমাত্রই তিন ভাগে বিভক্ত।

প্রাণাখ্যায়িকা—মহাপুক্ষ বা বীরগণের জীবন, দেবতা উপদেবতা বা দেবমানবদের কাহিনীর মধ্য দিয়া রূপ পরিগ্রহ করে। বস্ততঃ শক্তির প্রাণাখ্যায়িকা—মহাপুক্ষ বা বীরগণের জীবন, দেবতা উপদেবতা বা দেবমানবদের কাহিনীর মধ্য দিয়া রূপ পরিগ্রহ করে। বস্ততঃ শক্তির প্রাণশুলিতে প্রাণনাই দকল প্রাণ দাহিত্যের মৃল ভাব। নিয়্তরের প্রাণশুলিতে —আদিম্বুগের রচনায়—এই শক্তির অভিব্যক্তি দেখা যায় দেহের পেশীতে। প্রাণগুলিতে বর্ণিত নায়কগণ আরুতিতেও যেমন বিশাল, বিক্রমেও তেমনি বিপুল। একজন বীরই যেন বিশ্বজয়ে সমর্থ। মাছ্যের অগ্রগতির দকে বঙ্গের শক্তি দেহ অপেকা ব্যাপকতর ক্ষেত্রে আত্মপ্রকাশ করে। ফলে মহাপুক্ষণণ উচ্চতর নীতিজ্ঞানের নিদর্শনক্ষণে প্রাণাদিতে চিত্রিত হইয়াছেন। পবিত্রতা এবং উচ্চনীভিবোধের মধ্য দিয়াই তাঁহাদের শক্তি প্রকাশিত হইয়াছে। তাঁহারা স্বতন্ত্র ব্যক্তিস্বদ্পাল মহাপুক্ষ— স্বার্থপরতা ও নীতিহীনতার ছ্বার স্রোত প্রতিরোধ করিবার সামর্থ্য তাঁহাদের আছে। দকল ধর্মের তৃতীয় অংশ—প্রতীকোপাসনা; ইহাকে তোমরা যাগ্যজ, আহুগানিক ক্রিয়াকর্ম বলো। কিন্তু পৌরাণিক উপাধ্যান এবং

মহাপুক্ষগণের চরিত্রও সর্বন্ধরের নরনারীর প্রয়োজন মিটাইতে পারে না।
এমন নিমপর্যাধ্যর মাত্র্যও সংসারে আছে, যাহাদের জন্ত শিশুদের মতো
ধর্মের 'কিন্ডারগার্টেন' প্রয়োজন। এভাবেই প্রতীকোপাসনা ও ব্যাবহারিক
দৃষ্টান্তের হাতে-নাতে প্রয়োজনীয়তা উপস্থিত হইয়াছে; এগুলি ধরা যায়,
বোঝা যায়—ইক্রিয়ের সাহায্যে জড়বল্পর মতো দেখা যায় এবং অফুভব
করা যায়।

অতএব প্রত্যেক ধর্মেই তিনটি স্তর বা পর্যায় দেখা যায়; যথা—দর্শন, পুরাণ ও পূজা-অফুষ্ঠান। বেদান্তের পক্ষে একটি স্থবিধার কথা বলা যায় যে, সৌভাগ্যক্রমে ভারত্বর্ষে ধর্মের এই তিনটি পর্বায়ের সংজ্ঞাই স্বস্পষ্টভাবে নির্দিষ্ট হইয়াছে। অক্সান্ত ধর্মে মূলভত্বগুলি উপাখ্যান অংশের সহিত এমনভাবে জড়িত বে, একটিকে অপরটি হইতে স্বভন্ত করা বড় কঠিন। উপাখ্যান-ভাগ ধেন তত্ত্বাংশকে গ্রাস করিয়া প্রাধান্ত লাভ করিয়াছে এবং কয়েক শতাকীর মধ্যে সাধারণ মাহুষ ভত্বগুলি একরূপ ভুলিয়া যায়, ভত্বাংশের তাৎপর্য আর ধরিতে পারে না। তত্ত্বে টীকা, ব্যাখ্যা প্রভৃতি মূলতত্ত্বকে গ্রাদ করে এবং দকলে এগুলি লইয়াই দস্কট থাকে ও অবভার, প্রচারক, আচার্থদের কথাই কেবল চিন্তা করে। মূলতত্ত প্রায় বিলুপ্ত হয়-এতদ্র লুপ্ত হয় যে, বর্তমানকালেও যদি কেহ যীওকে বাদ দিয়া এটিধর্মের ত্বদমূহ প্রচার করিতে প্রয়াদী হয়, তবে লোকে তাহাকে আক্রমণ করিতে চেষ্টা করিবে এবং ভাবিবে সে অক্সায় করিয়াছে এবং খ্রীষ্টধর্মের বিরুদ্ধাচরণ করিতেছে। অহুরূপভাবে যদি কেহ হজরত মহমদকে বাদ দিয়া ইসলামধর্মের তত্বগুলি প্রচার করিতে অগ্রসর হয়, তবে মুসলমানগণও তাহাকে সহ্য করিবে না। কারণ বান্তব উদাহরণ—মহাপুর্কষ ও পয়গম্বরের জীবনকাহিনীই ত্বাংশকে দৰ্বতোভাবে আবৃত কবিয়া রাখিয়াছে।

বেদান্তের প্রধান স্থবিধা এই যে, ইহা কোন ব্যক্তিবিশেষের স্থাষ্ট নয়। স্থবাং স্থভাবতঃ বৌদ্ধর্ম, খ্রীষ্টধর্ম বা ইসলামের জায় কোন প্রত্যাদিষ্ট বা প্রেরিতপুরুষের প্রভাব উহার তত্ত্বাংশগুলিকে সর্বভোভাবে গ্রাস অথবা আরুত করে নাই।…

তত্ত্বমাত্রই শাখত ও চিরস্তন, এবং প্রত্যাদিষ্ট পুরুষগণ যেন গৌণপর্যায়ছক্ত—তাঁহাদের কথা বেদান্তশাল্রে উল্লিখিত হয় নাই। উপনিষদসমূহে

কোন বিশেষ প্রত্যাদিষ্ট পুরুষের বিষয় বলা হয় নাই, তবে বহু মন্ত্রপ্র পুরুষ ও নারীর কথা বলা হইয়াছে। প্রাচীন ইছদীদের এই ধরনের কিছু ভাব ছিল; তথাপি দেখিতে পাই মোজেদ হিক্র সাহিত্যের অধিকাংশ স্থান জুড়িয়া আছেন। অবশ্ৰ আমি বলিতে চাই না যে, এই দিন্ধ মহাপুৰুষগণ কৰ্তৃক একটা জাতির ধর্মজীবন নিয়ন্ত্রিত হওয়া খারাপ। কিন্তু যদি কোন কারণে ধর্মের সমগ্র ভত্বাংশকে উপেক্ষা করা হয়, তবে তাহা জ্বাতির পকে নিশ্চয়ই ক্ষতিকর হইবে। তত্ত্বে দিক দিয়া বিভিন্ন জাতির মধ্যে অনেকটা এক্যস্ত্র ু খুঁজিয়া পাইতে পারি, কিন্তু ব্যক্তিত্বের দিক দিয়া তাহা সন্তব নয়। ব্যক্তি আমাদের হৃদয়াবেগ স্পর্শ করে; তত্ত্বের আবেদন উচ্চতর ক্ষেত্র অর্থাৎ আমাদের শান্ত বিচারবৃদ্ধিকে স্পর্শ করে। তত্ত্ই চরমে জয়লাভ করিবে, কারণ উহাই মান্থ্যের মহয়ত্ত। ভাবাবেগ অনেক সময়ই আমাদিগকে পভন্তরে নামাইয়া আনে। বিচারবৃদ্ধি অপেকা ইন্দ্রিয়গুলির সহিতই ভাবাবেগের সম্বন্ধ বেশি; স্থত্রাং যথন তত্ত্বসমূহ সর্বতোভাবে উপেক্ষিত হয়, এবং ভাবাবেগ প্রবল হইয়া উঠে, তখনই ধর্ম গোঁড়ামি ও সাম্প্রদায়িকভায় পর্যবিদিত হয় এবং ঐ অবস্থায় ধর্ম এবং দলীয়া রাজনীতি ও অহুরূপ বিষয়ে বিশেষ কোন পার্থক্য থাকে না। তথন ধর্মদম্বেদ্ধ মাহুষের মনে অতি উৎকট ও অন্ধ ধারণার সৃষ্টি হয় এবং হাজার হাজার মাহুষ পরস্পরের গলায় ছুরি দিভেও দিধা করে না। যদিও এ-সকল প্রত্যাদিষ্ট মহাপুরুষের জীবন-সংকর্মের মহতী প্রেরণাস্বরূপ, নীভিচ্যুত হইলে ইহাই আবার মহা অনর্থের হেতু হইয়া থাকে ৷ এই প্রক্রিয়া সর্বযুগেই মাতুষকে সাম্প্রদায়িকভার পথে ঠেলিয়া দিয়াছে এবং ধরিত্রীকে বক্তস্নাত করিয়াছে। বেদাস্ত এই বিপদ এড়াইয়া যাইতে সমর্থ, কারণ ইহাতে কোন প্রত্যাদিষ্ট পুরুষের স্থান নাই। বেদাস্তে অনেক মন্ত্রন্তার কথা আছে—'ঝ্যি' বা 'মুনি' শব্দে তাঁহারা অভিহিত। 'ক্রষ্টা' শক্টিও আক্ষরিক অর্থেই ব্যবহৃত। যাঁহারা সভ্য দর্শন করির্নাছেন, মন্ত্রার্থ উপল্জি করিয়াছেন—তাঁহারাই ড্রন্টা।

'মন্ত্র' শব্দের অর্থ ধাহা মনন করা হইয়াছে, যাহা মনে ধ্যানের দারা লক।
এবং ঋষি এই-সব মন্ত্রের দ্রষ্টা। এই মন্ত্রগুলি কোন মানবগোষ্ঠীর অংবা
কোন বিশেষ নর বা নারীর নিজম্ব সম্পত্তি নয়, তা তিনি যত বড়ই হউন।
এমন কি, বৃদ্ধ বা যীশুগ্রীষ্টের মতো শ্রেষ্ঠ মহাপুরুষদেরও নিজম্ব সম্পত্তি নয়।

এই মতগুলি কুলাদপি কুলেরও যেমন সম্পত্তি, বুদ্ধদেবের মতো মহামানবেরও তেমনি সম্পত্তি; অতি নগণ্য কীটেরও যেমন সম্পত্তি, এটেরও তেমনি সম্পত্তি, কারণ এগুলি সার্বভৌম তত্ত। এই মন্তপ্তলি কথনও স্বষ্ট হয় নাই---চিরস্কন, শাখত; এগুলি অজ--আধুনিক বিজ্ঞানের কোন বিধি বা নিয়মের ৰারা স্ট হয় নাই, এই মন্ত্রগুলি আবৃত থাকে এবং আবিষ্ণুত হয়, কিন্তু অনস্তকাল প্রকৃতিতে আছে। নিউটন জন্মগ্রহণ না করিলেও জগতে মাধ্যাকর্ষণ শক্তি বিরা**জ করিত এবং ক্রিয়াশীল থাকিত।** নিউটনের প্রতিভা ঐ শক্তি উদ্ভাবন ও আবিফার করিয়াছিল, সজীব করিয়াছিল এবং মান্বীয় জ্ঞানের বিষয়বস্তুতে রূপায়িত করিয়াছিল মাত্র। ধর্মতত্ত এবং স্থুমহান্ আধ্যাত্মিক সভাসমূহ সম্পর্কেও ঐকথ। প্রধোজ্য। এগুলি নিভাক্রিয়াশীল। যদি বেদ, বাইবেদ, কোরান প্রভৃতি ধর্মগ্রন্থ মোটেই না থাকিত, যদি ঋষি এবং অবতারপ্রথিত পুরুষগণ জন্মগ্রহণ না করিতেন, তথাপি এই ধর্মতত্ত-গুলির অন্তিত্ব থাকিত। এগুলি শুধু দাময়িকভাবে স্থাসিত আছে, এবং মহয়জাতি ও মহয়প্রকৃতির উন্নতি সাধন করিবার উদ্দেশ্যে ধীর-স্থিরভাবে ক্রিয়াশীল থাকিবে। কিন্তু তাঁহারাই অবতারপুরুষ, গাঁহারা এই তত্ত্বগুলি দর্শন ও আবিষ্কার করেন,—তাঁহারাই আধ্যাত্মিক রাজ্যের আবিষ্কারক। নিউটন ও গ্যালিলিও যেমন পদার্থবিজ্ঞানের ঋষি ছিলেন, অবভারপুরুষগণও তেমনি অধ্যাত্মবিজ্ঞানের ঋষি। ঐ-সকল তত্ত্বের উপর কোন বিশেষ অধিকার তাঁহারা দাবি করিতে পারেন না, এগুলি বিশ্বপ্রকৃতির সাধারণ সম্পদ্।

হিন্দুদের মতে বেদ অনস্ত। বেদের অনস্তত্বের তাৎপর্য এখন আমরা বৃথিতে পারি। ইহার অর্থ—প্রকৃতির ষেমন আদি বা অন্ত বলিয়া কিছু নাই, এ-সকল তত্ত্বেপ্ত তেমনি আরম্ভ বা শেষ বলিয়া কিছু নাই। পৃথিবীর পর পৃথিবী, মতবাদের পর মতবাদ উত্ত হইবে, কিছুকাল চলিতে থাকিবে এবং পরে আবার ধ্বংসপ্রাপ্ত হইবে; কিছু বিশ্বপ্রকৃতি একরূপই থাকিবে। লক্ষ্ণ লক্ষ্ণ মতবাদের উত্তব হইতেছে, আবার বিলয় হইতেছে। কিছু বিশ্বপ্রকৃতি থাকে। কোন একটি গ্রহ সম্পর্কে সময়ের আদি-অন্ত হয়তো বলা মাইতে পারে, কিছু বিশ্বস্থাণ্ড সম্পর্কে এরপ সীমানির্দেশ একেবারে অর্থহীন। নৈস্বর্গিক নিয়ম, জড়বিজ্ঞান, মনোবিজ্ঞান ও অধ্যাত্মবিজ্ঞানের তথাদি সম্পর্কেও কথা সত্য। আদি-অন্তহীন কালের মধ্যে তাহারা বিরাজ্মান, এবং মাহ্যু

অতি-সম্প্রতি, তুলনামূলকভাবে বলিতে গেলে বঢ় জোর কয়েক হাজার বংসর যাবং মানুষ এগুলির স্বরূপ-নির্ধারণে সচেষ্ট হইয়াছে। অজ্ঞ উপাদান আমাদের সন্মুখে রিংয়াছে। অভএব বেদ হইতে একটি মহান্ সভ্য আমরা প্রথমে শিক্ষা করি যে, ধর্ম সবেমাত্র শুক্ত হইয়াছে। আধ্যাত্মিক সভ্যের অসীম সমুদ্র আমাদের সন্মুখে প্রসারিত। ইহা আমাদিগকে আবিদার করিতে হইবে, কার্যকর করিতে হইবে এবং জীবনে রূপায়িত করিতে হইবে। সহস্র প্রত্যাদিষ্ট পুক্ষের আবির্ভাব জ্বাং প্রত্যক্ষ করিয়াছে, আরগ্ড লক্ষের আবির্ভাব ভবিয়তে প্রত্যক্ষ করিবে।

প্রাচীন যুগে প্রতি সমাজেই অনেক প্রত্যাদিষ্ট মহাপুরুষ ছিলেন। এমন সময় আসিবে, যখন পৃথিবীতে প্রতি নগবের পথে পথে প্রত্যাদিষ্ট পুরুষের সাক্ষাং পাওয়া যাইবে। বস্ততঃ প্রাচীনযুগের সমাজব্যবন্থায় অসাধারণ ব্যক্তিগণই—বলিতে গেলে অবতার্ব্ধপে চিহ্নিত হইত। সময় আসিতেছে, যথন আমরা উপলব্ধি করিতে পারিব ধে, ধর্মজীবন লাভ করার অর্থ ই ঈশ্বরকর্তৃক প্রত্যাদেশ লাভ করা এবং নর বা নারী সত্যন্ত্রী না হইয়া কেহই ধার্মিক হইতে পাবে না। আমরা ব্ঝিতে পারিব যে, ধর্মতত্ব শুধু মানসিক চিন্তা বা ফাঁকা কথার মধ্যে নিহিত নয়; পরস্ক বেদের শিক্ষা এই তত্বের প্রত্যক্ষ উপলব্ধি, উচ্চ হইতে উচ্চতর তত্ত্বের উদ্ভাবন ও আবিদ্বার এবং সমাজে উহার প্রচারের মধ্যেই ধর্মের মূল রহস্তা নিহিত। প্রত্যাদিষ্ট পুরুষ বা ঋষি গড়িয়া তোলাই ধর্মচর্চার উদ্দেশ্য এবং বিছায়তনগুলিও সেই উদ্দেশ্য-সাধনের জন্মই গড়িয়া উঠিবে। সমগ্র বিশ্ব প্রত্যাদিষ্ট পুরুষগণে পূর্ণ হইবে। ষে পর্যন্ত মাহ্য প্রত্যাদিষ্ট পুরুষ না হয়, ধর্ম তাহার নিকটে উপহাসের বস্ত এবং শুধু কথার কথা হইয়া দাঁড়ায়। দেয়ালকে ধেমন দেখি, ভাহা অপেকাও সহস্রগুণ গভীরভাবে ধর্মকে আমরা প্রত্যক্ষ করিব, উপ্লব্ধি করিব—অহভব করিব।

ধর্মের এ-সকল বিবিধ বহি:প্রকাশের অন্তরালে একটি মৃলতত্ত বিভাষান এবং আমাদের জন্য তাহা পূর্বেই বিশদরূপে বর্ণিত ইইয়াছে। প্রত্যেক জন্তবিজ্ঞান ঐক্যের সদ্ধান পাইয়া শেষ হইবে, কারণ ইহার বেণি আর আমরা যাইতে অক্ষম। পূর্ণ ঐক্যে পৌছিলে তত্ত্বের দিক দিয়া বিজ্ঞানের আর বেশি বলিবার কিছুই থাকে না। ব্যাবহারিক ধর্মের কাজ শুধু

প্রােজনীয় খুটিনাটিগুলির বাবস্থা করা। উদাহরণম্বরূপ, বে-কোন একটি বিজ্ঞানশার্থা— যথ। রসায়নশাত্ত্বের কথা ধরা যাইতে পারে। মনে করুন, এমন একটি মূল উপাদানের সন্ধান পাওয়া গেল, যাহা হই:ভ অন্যান্ত উপাদান গুলি প্রস্তুত করা ষাইতে পারে। তথ্যই বিজ্ঞান-হিদাবে রদায়নশাস্ত্র চরম উংকর্ষ লাভ করিবে। তারপর বাকী থাকিবে প্রতিদিন ঐ মূল উপাদানটির নব নব সংযোগ আবিষার করা এবং জীবনের প্রয়োজনে ঐ যৌগিক পদার্থ জিল প্রয়োগ করা। ধর্ম সম্বন্ধেও সেই কথা। ধর্মের মহান্ তত্ত্বসমূহ, উহার কার্যক্ষেত্র ও পরিকল্পনা সেই স্মরণাডীত যুগেই আবিস্কৃত হইয়াছিল, বে-যুগে জ্ঞানের চরম এবং পরম বাণী বলিয়া কথিত—েবেদের দেই 'দোহহম্' তত্তি মাহ্ব লাভ করিতে দক্ষ হইয়াছিল। দেই 'একমেবাদিভীয়ম্'-এর মধ্যে এই সমগ্র জড়জগং ও মনোজগৎ সমন্বিত, ইহাকে কেহ ঈশ্বর, কেহ ব্রহ্ম, কেহ আলা, কেহ জিহোবা অথবা অন্ত কোন নামে অভিহিত করিয়া থাকে। এই মহান্ তত্ত আমাদের জন্ম পূর্বেই বিশদরূপে বর্ণিত হইয়াছে; ইহার वाहित्व याख्या व्यायात्मव माथा नाहे। व्यायात्मव कर्रा, व्यायात्मव कीवत्नव প্রত্যেক ব্যাপারে উহাকে সার্থক করিতে হইবে, পূর্ণ করি:ত হইবে। আমাদিগকে কাজ করিতে হইবে—ধেন আমরা প্রত্যেকে প্রত্যাদিষ্ট পুরুষ হইতে পারি। আমাদের সমুখে বিরাট কাজ।

প্রাচীনকালে প্রত্যাদিষ্ট পুরুষের তাৎপর্য জনেকে উপলব্ধি করিতে পারিত না। সে-কালে প্রত্যাদিষ্ট পুরুষকে একটি আকম্মিক ব্যাপার বলিয়া মনে করা হইত। তাহারা মনে করিত, প্রবল ইচ্ছাশক্তি বা তীক্ষুবৃদ্ধির প্রভাবে কোন ব্যক্তি উচ্চতর জ্ঞানের অধিকারী হইতেন। আধুনিক কালে আমরা প্রমাণ করিতে প্রস্তুত যে, এই জ্ঞান প্রত্যেক জীবের—সে যে-ই হউক বা যেখানেই বাস করুক—জ্মগত অধিকার এই জগতে আকম্মিক ব্যাপার বলিয়া কিছু নাই। যে-ব্যক্তি আক্মিকভাবে কিছু লাভ করিয়াছে বনিয়া আমরা মনে করি, সেও ইহা পাইবার জন্ম যুগধুগব্যাপী ধীর ও অব্যাহত তপস্মা করিয়াছে। সমগ্র প্রশ্বটি আমাদের উপর নির্ভর করে; আমরা কি সত্যই ঋষি বা প্রত্যাদিষ্ট পুরুষ হইতে চাই ? যদি চাই, তবে অবশ্বই আমরা তাহা হইব।

প্রত্যাদিষ্ট পুরুষ গড়িবার এই বিরাট কান্ধ আমাদের সম্মুখে বর্তমান।
ভাতসারেই হউক আর অক্ষাতসারেই হউক, অগতের প্রধান ধর্মগুলি এই

মহৎ উদ্দেশ্যে কাজ করিয়া ষাইভেছে। পার্থক্য শুধু এই যে, দেখিবে বছ ধর্মত ঘোষণা করে: আধ্যাত্মিক সত্যের এই প্রত্যক্ষ অহত্তি এ-জীবনে হইবার নয়, মৃত্যুর পর অন্ত জগতে এক সময় আদিবে, যথন সে সত্য দর্শন করিবে, এখন তাহাকে বিশ্বাস করিতে হইবে। কিন্তু যাহারা এ-সব কথা বলে, তাহাদিগকে বেদাস্ত জিজ্ঞাসা করে: অবস্থা যদি বাত্তবিক এইরূপই হয়, তবে আধ্যাত্মিক সত্যের প্রমাণ কোথায়? উত্তরে তাহাদের বলিতে হইবে সর্বকালেই কতগুলি বিশিষ্ট মাহ্য থাকিবেন, বাহারা এ জীবনেই সেই অজ্ঞেয় ও অজ্ঞাত বস্তুসমূহের আভাস পাইশ্বাছেন।

অবশ্য ইহাতেও সমস্থার সমাধান হইবে না। যদি ঐ-সকল ব্যক্তি অসাধারণই হইয়া থাকেন, যদি অকস্মাৎই তাঁহাদের মধ্যে ঐ শক্তির উন্মেষ হইয়া থাকে, তবে তাঁহাদিগকে বিখাস করিবার অধিকার আমাদের নাই। খাহা দৈবাৎ-লব্ধ তাহা বিখাস করাও আমাদের পক্ষে পাপ, কারণ আমরা তাহা জানিতে পারি না। জ্ঞান কাহাকে বলে? জ্ঞানের অর্থ—বিশেষত বা অভুতত্তের বিনাশ। মনে করুন, একটি বালক রান্তায় বা কোন পশু-প্রদর্শনীতে গিয়া অভূত আকৃতির একটি জম্ভ দেখিতে পাইল। সেই জন্তুটি কি—সে চিনিতে পারিল না। তারপর সে এমন এক দেশে গেল, ষেখানে ঐ-জাতীয় জন্ত অসংখ্য রহিয়াছে। তথন সে উহাদিগকে একটি বিশেষ শ্রেণীর জন্তু বলিয়া বুঝিল এবং সন্তুষ্ট হুইল। তথন মূল তত্তি জানার নামই হইল জ্ঞান। তত্ত্-বর্জিত কোন একটি বস্তুবিশেষের ষে জ্ঞান, ভাহা জ্ঞান নয়। মূল সভ্যটি হইতে বিচ্ছিন্ন কোন একটি বিষয়, অথবা অল্প কয়েকটি বিষয় শঙ্গার্কে আমরা যথন জ্ঞান লাভ করি, তথন আমাদের জ্ঞান হয় না, আমরা অজ্ঞানই থাকি। অতএব যদি এই প্রত্যাদিষ্ট পুরুষগণ বিশেষ ধরনের ব্যক্তিই হইয়া থাকেন, যদি সাধারণের আয়ত্তের বাহিরে যে-জ্ঞান, তাহা লাভ করিবার অধিকার শুধু তাঁহাদেরই হইয়া থাকে এবং অগ্র কাহারও না থাকে, তবে তাঁহা-দিগের উপর বিখাস স্থাপন করা উচিত নয়। কারণ তাঁহারা বিশেষ ধরনের দৃষ্টান্ত মাত্র, মূলতত্ত্বে সহিত তাঁহাদের সম্পর্ক নাই। আমরা নিজেরা যদি প্রত্যাদিষ্ট পুরুষ হই, তবেই আমরা তাঁহাদের কথা বিখাস করিতে পারিব।

সংবাদপত্তে প্রকাশিত সমুদ্র-নাগিনী সম্পর্কে নানা কৌতুকাবহ ঘটনার কথা তোমরা শুনিয়াছ। এরপ কেন হইবে ? কারণ দীর্ঘকাল অস্তর কয়েক- জন মাহ্য আসিয়া লোকসমাজে ঐ সম্জ-নাগিনীদের কাহিনী. প্রচার করেন, অথচ জন্য কেহ কথনও উহাদিগকে দেখে নাই। তাহাদের উল্লেখযোগ্য কোন বিশেষ তত্ত্ব নাই; কাজেই জগৎ উহা বিখাস করে না। বস্তুতঃ ঐ-সকল কাহিনীর পশ্চাতে কোন শাখত সত্য নাই বলিয়াই জগৎ উহা বিখাস করে না। যদি কেহ আমার সম্মুখে আসিয়া বলে যে, একজন প্রত্যাদিষ্ট পুরুষ তাহার স্থলগরীর সহ অকস্মাৎ ব্যোমপথে অদৃশ্য হইয়া গেলেন, তাহা হইলে সেই অসাধারণ ব্যাপারটি দর্শন করিবার অধিকার আমার আছে। আমি তাহাকে জিজ্ঞাসা করি—'তোমার পিতা কিংবা পিতামহ কি দৃশ্যটি দেখিয়া-ছিলেন?' সে উত্তরে বলে, 'না, তাঁহারা কেহই দেখেন নাই, কিন্তু পাঁচ হাজার বৎসর পূর্বে ঐরপ ঘটনা ঘটিয়াছিল।'—এবং ঐরপ ঘটনা যদি আমি বিখাস না করি, তবে অনস্ককালের জন্য আমাকে নরকে দগ্ধ হইতে হইবে।

এ কী কুদংস্কার! আর ইহারই ফলে মাহুষ ভাহার দেব-স্বভাব হইতে পশু-স্বভাবে অবনত হইতেছে। যদি আমাদিগকে সব কিছু অন্ধভাবেই বিখাস করিতে হয়, ভবে বিচাম্বৃদ্ধি আমরা লাভ করিয়াছি কেন ? যুক্তি-বিরোধী কোন কিছু বিখাস করা কি মহাপাপ নয় ? ঈশ্বর যে উৎকৃষ্ট সম্পদটি আমাদিগকে দান করিয়াছেন, তাহা যথাযথভাবে ব্যবহার না করিবার কী অধিকার আমাদের আছে ? আমার নিশ্চিত বিগাস এই যে, ঈশ্বদত্ত শক্তির ব্যবহারে অক্ষম অন্ধবিশাসী অপেকা যুক্তিবাদী অবিশাসীকে ভগবান্ সহজে ক্ষমা করিবেন। অন্ধবিশাসী শুধু নিজের প্রকৃতিকে অবনমিত করে এবং পশুস্তরে অধঃপতিত হয়---বুদ্ধিনাশের ফলে ধ্বংসপ্রাপ্ত হয়। যুক্তিবিচারের আশ্রয় আমরা অবশ্য গ্রহণ করিব এবং সকল দেশের প্রাচীন শাল্পে বর্ণিত এই-সকল ঈশবের দৃত বা মহাপুরুষের কাহিনীকে যখন যুক্তিসমত বলিয়া প্রমাণ করিতে পারিব, তথন আমরা তাঁহাদিগকে বিশাস করিব। যথন আমাদের মধ্যেও তাঁহাদের মতো প্রত্যাদিষ্ট মহাপুরুষকে দেখিতে পাইব, তথনই তাঁহাদিগকে বিখাস করিব। তখন আমরা দেখিব যে, তাঁহারা বিচিত্র ধরনের কোন জীব নন, পরস্ক কতকগুলি তত্ত্বে জীবস্ক উদাহরণ মাত্র। জীবনে তাঁহারা তপস্থা ক্রিয়াছেন, কর্ম ক্রিয়াছেন, ফলে ঐ নীতি বা তত্ত্ব স্বতই তাঁহাদের মধ্যে রূপ পরিগ্রহ করিয়াছে। আমাদিগকেও ঐ অবস্থা লাভ করিতে হইলে অবশ্র কর্ম ^{ক্}রিতে হ**ইবে। যথন আ**মরা প্রত্যাদিষ্ট মহাপুরুষ হইব, তথনই আমবা তাঁহাকে

চিনিতে পারিব.। তাঁহারা মন্ত্রন্তা ছিলেন, ইন্ত্রিরের পরিধি অতিক্রম করিয়া অতীন্ত্রিয় সত্য দর্শন করিতেন—এ-সকল কথা আমরা তথনই বিখাস করিব, যথন এরিপ অবস্থা নিজেরা লাভ করিতে সমর্থ হইব, তৎপূর্বে নয়।

বেদাস্তের ইহাই একমাত্র মূলনীতি। বেদাস্ত ঘোষণা করেন যে, প্রত্যক এবং জাগ্রত উপলব্ধিই ধর্মের প্রাণ; কারণ ইহকাল ও পরকাল, জন্ম ও মৃত্যু, ইহলোক ও পরলোকের প্রশ্ন, সবই সংস্থার ও বিখাদের প্রশ্ন মাত্র। কাল অনম্ভ, মাহুষ ভাহাকে খণ্ডিভ করিতে চেষ্টা করে, কিন্তু সামায় প্রাকৃতিক পরিবর্তন ভিন্ন দশ ঘটকা এবং বার ঘটকা সময়ের মধ্যে কোন পার্থক্য নাই। কালপ্রবাহ অন্তহীন গতিতে চলিয়াছে। স্থতরাং এই জীবন বা জীবনান্তরের মধ্যে পার্থক্য কোথায় ? উহা সময়ের প্রশ্ন মাত্র এবং সময়ের হিসাবে ষেটুকু ক্ষতি হয়, কর্মের গতিবৃদ্ধিতে ভাহার পূরণ হইয়া থাকে। অতএব বেদান্ত ঘোষণা করিতেছেন—ধর্ম বর্তমানেই উপলব্ধি করিতে হুইবে এবং ভোষাকে ধার্মিক হইতে হইলে সংস্থাবমুক্ত ও পরিচ্ছন্ন মন লইয়া কঠোর শ্রমের সহিত অগ্রসর হইতে হইবে, তত্ত উপলব্ধি করিতে হইবে। প্রত্যেকটি বিষয় স্বয়ং দর্শন করিতে হইবে; ভাহা হইলেই যথার্থ ধর্মগাভ করি:ব। ইহার পূর্বে তুমি নান্তিক ছাড়া আর কিছু নও, অথবা নান্তিক অপেকাও নিরুষ্ট, কারণ নান্তিক তবু ভাল, কারণ দে অকপট। অকপট ভাবেই সে বলে, 'আমি এ-দকল জানি না।' আর অপর দকলে সম্পূর্ণ অঞ্জতা সত্তেও নিজেদের জাহির করিয়া বলে, 'আমরা অতি ধার্মিক।' কেহ জানে না, ভাহার ধর্ম কি, কারণ প্রত্যেকে 'ঠাকুরমার ঝুলি'র কতকগুলি আজগবি কাহিনী প্লাধ:করণ করিয়াছে, পুরোহিতরা দেইগুলি বিখাদ করিতে তাহা-দিগকে বলিয়াছে; না করিলে তাহাদের উদ্ধার নাই। যুগে যুগে এই ধারাই চলিয়া আদিতেছে।

ধর্মের প্রত্যক্ষাকৃত্তিই একমাত্র পথ। আমাদের প্রত্যেককেই সেই-পথটি আবিদ্ধার করিতে হইবে। প্রশ্ন উঠিবে, বাইবেল-প্রমুখ শাল্তদম্হের তবে মৃল্য কি? শাল্তলির মূল্য অবশ্য যথেষ্টই আছে, যেমন কোন দেশকে জানিতে হইলে তাহার মানচিত্রের প্রয়োজন। ইংলণ্ডে আদিবার পূর্বে আমি ইংলণ্ডের মানচিত্র অসংখ্যবার দেখিয়াছি। ইংলণ্ড সম্বন্ধে মোটা-মৃটি একটি ধারণা পাইতে মানচিত্র আমাকে যথেষ্ট সাহাধ্য করিয়াছে। তথাণি

যথন এদেশে আদিলাম, তখন ৰুঝিলাম মানচিত্রে ও বাস্তব দেশে কত প্রভেদ ! উপলব্ধি এবং শাস্ত্রের মধ্যেও তেমনি পার্থক্য। শাস্ত্রগুলি মানচিত্র মাত্র—এগুলি অতীত মহাপুরুষগণের অফুভৃতি বা অভিজ্ঞতা। এগুলি আমাদিগকে একই ভাবে একই অভিজ্ঞতা বা অফুভৃতিলাভে সাহস দেয় ও অফুপ্রাণিত করে।

বেদান্তের প্রথম তত্ত্ব এই—অমুভূতিই ধর্ম ; অমুভূতিদম্পন্ন ব্যক্তিই ধার্মিক, অহুভৃতিহীন ব্যক্তিতে ও নান্তিকে কোন পাৰ্থক্য নাই। বরং নান্তিক ভাল, কারণ দে নিজের অজ্ঞ ভা অকপটে স্বীকার করে। আবার ধর্মণাল্রসমূহ ধর্মাহ্ছতিশাভে প্রভূত সাহায্য করে। এগুলি শুধু আমাদের পথ-প্রদর্শক নয়, পরস্ক আমাদিগকে দাধনপ্রণালীর উপদেশ দেয়। প্রত্যেক বিজ্ঞানেরই নিজম্ব অহুসন্ধান-প্রণালী আছে। এ-জগতে এমন বহুলোক আছেন, যাঁহারা বলেন, 'আমি ধার্মিক হইতে চাহিয়াছিলাম, সত্য উপলব্ধি করিতে চাহিয়াছিলাম, কিন্তু পারি নাই; স্থতরাং আমি কিছু বিশ্বাস করি না i' শিক্ষিত ব্যক্তিদের মধ্যেও এইরূপ লোক দেখিতে পাইবে। বহু লোক ভোমাকে বলিবে, 'আমি ধার্মিক হইবার জন্ত চেষ্টা করিয়াছি, কিন্তু আজীবন দেখিয়াছি, উহার মধ্যে কিছু নাই।' আবার দঙ্গে দঙ্গে এই ব্যাপার দেখিবে: মনে কর, একজন রাসায়নিক—বড় বৈজ্ঞানিক ভোমার নিকট আসিয়া রসায়নশাল্পের কথা বলিলেন। যদি তুমি তাঁহাকে বলো, 'আমি রদায়নবিভার কিছুই বিখাদ করি না, কারণ আজীবন রাসায়নিক হইতে চেষ্টা করিয়াছি, কিছু উহার মধ্যে কিছুই পাই নাই।' তখন বৈজ্ঞানিক তোমাকে প্রশ্ন করিবেন, 'কখন তুমি এরূপ চেষ্টা করিয়াছিলে ?' তুমি বলিবে, 'হখন ঘুমাইতে ষাইতাম, তখন পুনঃ পুনঃ এই কথা উচ্চারণ করিতাম—হে রদায়নশান্ত, আমার নিকট এদো। কিন্তু দে কথনও আদে নাই।' উহাও ঠিক তেমনি। উত্তরে বৈজ্ঞানিক হাস্ত[্]করিবেন এবং বলিবেন, 'না, উহা যথার্থ প্রণালী নয়। কেন তুমি পরীক্ষাগারে গিয়া ক্ষাবরদ, অমুরদ প্রভৃতি মিশাইয়া দিনের পর দিন গবেষণায় ভোমার হাত পোড়াও নাই ? ঐ প্রণালীতেই তুমি ধীরে ধীরে রসায়নশাল্রে জ্ঞান লাভ করিতে পারিতে।' ধর্ম সম্বন্ধে এরণ শ্রম স্বীকার করিতে কি প্রস্তুত আছ ? প্রত্যেক বিজ্ঞানশাধারই ষেমন শিক্ষার একটি বিশিষ্ট প্রণালী আছে, ধর্মাসুশীলনেরও সেরপ আছে। ধংর্মরও নিজম্ব পদ্ধতি আছে। এই বিষয়ে পৃথিবীর প্রাচীন প্রত্যাদিষ্ট মহাপুরুষগণের, বাহারা ধর্ম উপলক্ষি

করিয়াছেন এবং কিছু লাভ করিয়াছেন, তাঁহাদের নিকট হইতে অবশ্ব আমরা ধর্মগাভের কোন-না কোন শিক্ষা পাইতে পারি এবং পাইব। তাঁহারা আমাদিগকে ধর্মের বিবিধ প্রণালী, বিশেষ পদ্ধতি শিধাইবেন, এবং এগুলির সাহায্যেই আমরা ধর্মের নিগৃত সত্যসমূহ উপলব্ধি করিতে সমর্থ হইব। তাঁহারা আজীবন সাধনা করিয়াছেন, মনকে স্ক্ষতম অমুভূতির উপযোগী করিয়া মানসিক উৎকর্ষের বিশেষ পদ্ধতি আবিষ্কার করিয়াছেন এবং এই স্ক্রাম্ভূতির সহায়তায় ধর্মতত্ব উপলব্ধি করিয়াছেন। ধার্মিক হইতে হইলে, ধর্মকে উপলব্ধি ও অমুভব করিতে হইলে, প্রত্যাদিষ্ট মহাপুরুষ হইতে হইলে তাঁহাদের প্রদর্শিত পদ্ধতি গ্রহণ করিতে হইবে এবং তদম্বায়ী সাধন করিতে হইবে। তারপরও যদি কিছু না পাওয়া ষায়, তথন অবশ্ব এ-কথা বলিবার অধিকার আমাদের হইবে, 'ধর্মের মধ্যে কিছুই নাই, কারণ আমি পরীক্ষা করিয়াছি এবং বিফল হইয়াছি।'

ইহাই দকল ধর্মের ব্যাবহারিক দিক। জগতের দকল ধর্মগ্রন্থেই ইহা
পাইবে। কতকগুলি মত ও নীতিকথাই ধর্ম শিক্ষা দেয় না, পরস্ত মহাপুক্ষদের
জীবনে ধর্মের আচরণ বা তপস্তা দেখিতে পাও। বে-সকল আচার-আচরণের
বিষয় হয়তো শাস্ত্রে পরিকারভাবে লিখিত নাই, দেগুলিও এই-দকল মহাপুক্ষ্যের
প্রাত্যহিক জীবনে—আহারে ও বিহারে প্রতিপালিত এবং অহুস্ত হয়
দেখিতে পাইবে। মহাপুক্ষদের দমগ্র জীবন, আচরণ, কর্ম-পদ্ধতি প্রভৃতি
দব কিছুই জনসাধারণের জীবনধারা হইতে দম্পূর্ণ স্বতন্ত্র এবং দেইজ্মুই
তাঁহারা উচ্চতর জ্ঞান ও ভগবদ্দন্দির অধিকার লাভ করিয়াছেন। আর
আমরাও যদি এরণ দর্শন লাভ করিতে চাই, তবে আমাদিগকেও অহুরূপ
পদ্ধতি গ্রহণ করিবার জন্ম প্রস্তুত হইতে হইবে। তপস্থা ও অভ্যাসযোগের দারাই আমরা এরপ অবস্থায় উন্নীত হইতে পারিব। স্থতরাং
বেদান্তের পদ্ধতি এই: প্রথমে ধর্মের মূলনীতিগুলি নির্ধান্ধিত করিতে হয়.
লক্ষ্যবস্তুটি চিহ্নিত করিতে হয়, তারপর বে-প্রণালী দহায়ে এ লক্ষ্যে পৌছানো
যায়, দেই নীতি শিথিতে হয়, ব্রিতে হয় এবং উপলন্ধি করিতে হয়।

আবার এ-দকল প্রণাদীও বহুমূথী হওয়া প্রয়োজন। আমাদের প্রকৃতি পরস্পর হইতে এত স্বতম্ব যে, একই প্রণাদী আমাদের একাধিক ব্যক্তির প্রফে ক্ষিতি সমভাবে প্রযোজ্য হইতে পারে। আমাদের প্রত্যেকের ক্ষিতি প্রপ্রকৃতি পৃথক্, স্তরাং প্রণালীও ভিন্ন হওয়া উচিত। দেখিবে কেছ কেছ অভ্যস্থ ভাবপ্রবণ, কেছ কেছ দার্শনিক ও যুক্তিবাদী; কেছ কেছ আয়ুষ্ঠানিক পূজাঅর্চনার পক্ষণাতী—সুলবস্তর সহায়তা পাইতে চান। আবার দেখিকে, কেছ কেছ কোনপ্রকার রূপ, মৃতি বা পূজা-অন্থ্যান পছল করে না, প্রার্ব ভাহাদের পক্ষে মৃত্যুত্ল্য। আবার আর একজন একবোঝা ভাবিজ, কবচ নারা শরীরে ধারণ করে; সে এই-সকল প্রতীকের প্রতি এত অন্থ্রাগী! আর একজন ভাবপ্রবণ ব্যক্তি দানধ্যানের পক্ষণাতী; সে কাঁদে, ভালবাদে, আরও কত প্রকারে অন্তরের ভাব ব্যক্ত করে। অতএব এই-সকল ব্যক্তির জন্ম ক্ষণাত্ত একই প্রণালী উপযোগী হইতে পারে না। যদি ধর্মজগতে সভ্যলাভের জন্ম একটি মাত্র পথ নির্দিষ্ট থাকিত, তবে ঐ পথ যাহাদের উপযোগী নয়, তাহাদের পক্ষে মহা অনিষ্টের কারণ হইত, মৃত্যুত্ল্য হইত। স্বতরাং সাধনপ্রণালী বিভিন্ন হইবে। বেদান্ত সেইজন্ম ক্ষতির বৈচিত্র্য অন্থ্যারে ভিন্ন ভিন্ন পথের প্রয়োজনীয়তা উপলব্ধি করেন এবং ভদন্ত্যায়ী নির্দেশ দিয়া থাকেন। ভোমার ক্ষতি অন্থ্যায়ী যে-কোন একটি পথ গ্রহণ করে। একটি ভোমার উপযোগী না হইলে অন্য একটি হয়তো উপযোগী হইবে।

এই দৃষ্টিভঙ্গী হইতে বিচার করিলে আমরা দেখি যে, জগতে প্রচলিত একাধিক ধর্ম আমাদের পক্ষে কত গৌরবের বিষয়! বহুলোকের ইচ্ছাম্থায়ী মাত্র একজন আচার্য ও প্রত্যাদিষ্ট মহাপুরুষ না হইয়া বহু ধর্মগুরুর আবির্ভাব কত কল্যাণকর! মুদলমানগণ সমস্ত পৃথিবীকে ইদলামধর্মে, খ্রীষ্টানগণ খ্রীষ্টধর্মে এবং বৌদ্ধগণ বৌদ্ধর্মে দীক্ষিত করিতে চান; কিছু বেদান্তের ঘোষণা এই: জগতের প্রত্যেকটি নরনারী নিজ নিজ পৃথক্ মতে বিশাদী হউক। মতগুলির পশ্চাতে একই তত্ত, একই একত্ব বিভ্যমান। যত অধিক সংখ্যায় প্রত্যাদিষ্ট মহাপুরুষের আবির্ভাব হইবে, যত বেশী শাস্ত্র থাকিবে, যত বেশী মন্ত্রদ্রী থাকিবেন, যত মত ও পথ থাকিবে, জগতের পক্ষে তত্তই মন্ত্রণ।

ষেমন সামাজিক কেত্রে সমাজে যত বেশী বৃত্তির সংস্থান থাকে, জনসাধারণের পক্ষে তত অধিক পরিমাণে কর্মলাভের হুযোগ হয়, ভাবজগতে এবং কর্মজগতেও সেরূপ হইয়া থাকে। বর্তমানকালে বিজ্ঞানের বহুম্থী বিকাশ হওয়াতে মানসিক উৎকর্ষের কী বছবিধ সুযোগ মাহুষের সমুধ্ধে উপস্থিত হইয়াছে! জাগতিক ক্ষেত্রেও প্রয়োজন এবং ক্ষচি অনুসারে নানা সামগ্রী আয়ত্তের মধ্যে পাইলে মানুষের পক্ষে কভ বেশী স্থবিধা হয়! ধর্ম-জগতেও দেইরূপ। ইহা ভগবানেরই এক মহিমময় বিধান যে, জগতে বহু ধর্মতের উদ্ভব হইয়াছে। প্রার্থনা করি, এই ধর্মতের সংখ্যা উত্তরোত্তর বর্ধিত হউক এবং কালক্রমে প্রত্যেক ব্যক্তি তাহার সংস্থার অনুষায়ী স্বতম্ব ধর্মতের অনুবর্তী হইবার স্থাগে লাভ করক।

বেদান্ত এই নিগৃত প্রয়োজন উপলব্ধি করিয়া এক সত্য প্রচার করেন এবং একাধিক সাধনপ্রণালী সীকার করেন। তুমি প্রীষ্টান বৌদ্ধ ইছদী বা হিন্দু হও না কেন, যে-কোন পুরাণশান্তে বিশ্বাদী হওনা কেন, ছাজারেথের ঈশদ্ভ, মকার প্রেরিতপুরুষ মহম্মদ, ভারতের বা অন্ত কোন স্থানের অবতার ও প্রত্যাদিষ্ট মহাপুরুষের প্রতি আহুগত্য স্থীকার কর না কেন, তুমি নিজেই একজন সভ্যন্তটা হও না কেন, বেদান্ত এ সম্বন্ধে কিছুই বলিবে না। বেদান্ত শুর্ সেই শাশত নীতি প্রচার করেন, যাহা সকল ধর্মের ভিত্তি এবং যাহার জীবন্ত উদাহরণ ও প্রকাশরূপে অবতারপুরুষ ও মুনি-প্রিরণ যুগে স্থাবা আহির্ভ হন। তাঁহাদের সংখ্যা যতই বর্ধিত হউক, ভাহাতে বেদান্ত কোন আপত্তি উত্থাপন করিবে না। বেদান্ত শুরু ভত্তি প্রচার করে এবং সাধনপ্রণালী তোমার উপর ছাড়িয়া দেয়। যে-কোন পথ অনুসরণ কর, যে-কোন প্রত্যাদিষ্ট মহাপুরুষের অনুগামী হও—ভাহাতে কিছু আসে যায় না। শুরু লক্ষ্য রাখিও সাধনপথটি যেন ভোমার সংস্কার অনুযায়ী হয়, ভাহা হইলেই ভোমার উন্ধতি নিশ্চিত।

ভারতীয় ধর্মচিন্তা

আমেরিকার ক্রকলীন শহরে ক্লিন্টন অ্যাভেম্যু-এর উপর অবস্থিত পাউচ ম্যানসনে আর্ট-গ্যালারী কক্ষে ক্রকলীন এথিক্যাল সোসাইটির ব্যবস্থাপনায় প্রদন্ত বক্তৃতা।

ভারতবর্ব আকারে আমেরিকা যুক্তরাষ্ট্রের অর্ধেক হইলেও ভাহার बननः था उनजिन कारि; जवर व्यक्षितानी एव मर्था मूननमान, तोक जवर হিন্দু এই তিনটি ধর্মতের আধিপত্য পরিলক্ষিত হয়। প্রথমোক্ত ধর্মাবলমীর সংখ্যা ছয় কোটি, বিভীয়টির সংখ্যা নকাই লক্ষ এবং প্রায় বিশ কোটি ষাট লক্ষ নরনারী শেষোক্ত ধর্মতের অস্তর্ভুক্ত। হিন্দুধর্মের মৌলিক বৈশিষ্ট্য হইল এই যে, ইহা ধ্যানাশ্রমী ও তত্তচিস্তাশ্রমী দার্শনিক মতের উপর প্রতিষ্ঠিত এবং বেদের নানাখণ্ডে বিধৃত নৈতিক শিক্ষার উপর স্থাপিত। এই বেদ দাবি করেন যে, দেশের দিক হইতে এই ব্রহ্মাণ্ড অসীম এবং কালের দিক হইতে উহা অনস্ত। ইহার আদিও নাই, অস্তও নাই। জড়জগতে আত্মার শক্তির, মান্তের উপর অনন্ত শক্তির অসংখ্য বিকাশ ও প্রভাব ঘটিয়াছে: তথাপি অনম্ভ অপরিমেয় আত্মা স্বয়স্থ্, শাখত ও চির-অপরিবর্তনীয়। অনস্তের বক্ষে কালের গভি কোনরূপ চিহ্নই অন্ধিত করিতে পারে না। মানবীয় বুদ্ধির অগম্য ইহার অতীক্রিয় স্তরে অতীত বলিয়া কিছু নাই, ভবিস্তং বলিয়াও কিছু নাই। বেদ প্রচার করেন, মানবাত্মা অবিনখর। শরীর ক্ষ্য-বৃদ্ধির নিয়মের অধীন---যাহারই বৃদ্ধি আছে, তাহারই বিনাশ অবশ্বস্থাবী। কিন্তু প্রত্যগাত্মার সম্পর্ক অন্তহীন শাখত জীবনের সহিত ; ইহার কোনদিন আদি ছিল না, আবার কোনদিন অস্তও হইবে না। হিন্দু ও এীটান ধর্মের মাধ্য অভ্যতম প্রধান পার্থক্য এই ষে, এটিধর্মের মতে এই পৃথিবীতে জনগ্রহণের মুহূর্তকেই প্রত্যেক মানবাত্মার আরম্ভকাল ধরা হয়; কিন্তু হিন্ধৰ্ম দাবি কৰে যে, মানবের আত্মা সনাতন এশী সভারই বহিঃপ্রকাশ এবং প্রারের যেমন আদি নাই, আত্মারও তেমনি আদি নাই। এক ব্যক্তিত ইইতে অপর ব্যক্তিত্বে নিবস্তর গমনাগমনের পথে আধ্যাত্মিক ক্রমবিকাশের মহান্ নিয়মান্থসারে অগণিত রূপ পাইয়াছে এবং পূর্ণতা লাভ না হওয়া পর্যন্ত এই প্রকার রূপ পাইতে থাকিবে; ভারপর আর পরিবর্তন ঘটিবে না।

এ-সম্পর্কে এই প্রশ্ন প্রায়ই করা হয় যে, তাই যদি সভ্য হয়, তবে অভীত জীবনসমূহের কিছুই কেন আমরা শ্বরণ করিতে পারি না? আমাদের উত্তর এই যে, আমরা মানদ মহাদমূদ্রের শুধু উপরিভাগের নাম দিয়াছি 'চেতনা', কিন্ত তাহার অতল গভীরে দক্ষিত আছে আমাদের দর্বপ্রকার স্থা-তৃঃখময় অভিজ্ঞতা। মানবাত্মা এমন কিছু পাইবার জ্ফুই লালায়িত, যাহা চিরস্থায়ী। কিন্ত আমাদের মন ও শরীর—বন্ধতঃ এই দৃশ্যমান বিশ্ব-প্রেপঞ্চের স্বকিছুই নিরস্তর পরিবর্তনশীল। অথচ আমাদের আত্মার তীব্রতম আকাজ্জা এমন কিছুর জ্ফু, যাহার পরিবর্তন নাই, যাহা চিরকালের জ্ফু পরিপূর্ণতায় স্থিতি লাভ করিয়াছে। অসীম ভূমারই জ্ফু মানবাত্মার এই তৃষ্ণা। আমাদের নৈতিক উন্নতি যত গভীর হইবে, বৃদ্ধিবৃত্তির বিকাশ যত স্ক্ষাভিস্ক্ষ হইবে, এই কৃটস্থ নিত্যের জ্ফু আকাজ্জাও ততই তীব্র হইবে।

আধুনিক বৌদ্ধেরা এই শিক্ষা দেন, যাহা পঞ্চেন্দ্রির দ্বারা জানা যায় না, তাহার অন্তিই সম্ভব নয় এবং মানবাত্মার কোন স্বভন্ত সন্তা আছে—এ-বিশ্বাস ভ্রম মাত্র। অন্তদিকে বিজ্ঞানবাদীরা (Idealist) দাবি করেন, প্রত্যেক ব্যক্তিরই স্বভন্ত সন্তা আছে, এবং তাহার মনোজগতের ধারণার বাহিরে বহিবিশের বান্তবিক অন্তিম্ব নাই। এই দ্বন্থের নিশ্চিত সমাধান এই যে, বস্ততঃ বিশ্ব-প্রপঞ্চ ঘাতস্তা ও পরভন্ততার—বস্তু ও ধারণার সংমিশ্রণ। আমাদের দেহ-মন বহির্জগতের উপর নির্ভরশীল এবং বহির্জগতের সহিত দেহমনের সম্বন্ধের অবস্থামুখায়ী এই নির্ভরশীলতার তারতম্য ঘটিয়া থাকে। কিন্তু ঈশ্বর যেমন স্থাধীন, প্রত্যগাত্মাও তেমনি মৃক্তা, এবং শ্রীর ও মনের বিকাশ অন্থায়ী তাহাদের গতিকেও অল্লাধিক নিয়ন্ত্রণ করিতে সমর্থ।

মৃত্যু বলিতে অবস্থার পরিবর্তন মাত্রই বুঝায়। আমরা সেই একই বিখের মধ্যে থাকিয়া যাই এবং পূর্বের মতে। সেই একই নিয়মশৃদ্ধলে আবদ্ধ থাকি। এই বিশ্বকে যাহারা অতিক্রম করিয়াছেন, জ্ঞান ও সৌন্দর্য বিকাশের উচ্চত্র লোকে যাহারা উপনীত, তাঁহারা তাঁহাদেরই অন্থ্যামী বিশ্বব্যাপী দৈল্বগ্রি অগ্রামী দল ভিন্ন আর কিছুই নন। এইরূপে সর্বোত্তম বিকাশপ্রাপ্ত আগ্রা

দর্ধনিম অক্সমত আত্মার সহিত সম্বন্ধ এবং অসীম পূর্ণভার বীক্ষ সকলের মধ্যেই নিহিত আছে। অতএব আমাদের আশাবাদী দৃষ্টিভন্ধি অসুশীদন করিতে হইবে এবং সকলের মধ্যেই বাহা কিছু উত্তম নিহিত আছে, তাহাই দেখিবার জন্ম সচেই থাকিতে হইবে। বসিয়া বসিয়া ভগু আমাদের শরীর-মনের অপূর্ণতা লইয়া বিলাপ করিলে কোন লাভ হইবে না। সমন্ত প্রতিকৃত্ব অবস্থাকে দমন করিবার জন্ম যে বীরোচিত প্রচেষ্টা, তাহাই আমাদের আত্মাকে উন্নতির পথে চালিত করে। মানব-জীবনের উদ্দেশ্য—আধ্যাত্মিক উন্নতির নিয়মগুলিকে উত্তমন্ধণে আয়ত্ত করা। গ্রীষ্টানরা এ-বিষয়ে হিন্দুদের নিকট হইতে শিখিতে পারে। ইংগ্রের প্রত্যেকেরই বিশের জ্ঞান-ভাগ্যারে মূল্যবান্ অবদান রহিয়াছে।

আপনারা সন্তান-সন্ততিদের এই শিক্ষাই দিন যে, প্রকৃত ধর্ম ইতিমৃলক সৎ বস্তু, নেতিমূলক নয় ; এই শিকা দিন যে, শুধু পাপ হইতে বিৱত **থাকাই** ধর্ম নয়, নিরস্কর মহৎ কর্মের অমুষ্ঠানই ধর্ম। প্রকৃত ধর্ম কোন মামুষের নিকট হইতে শিক্ষাদারা প্রাণ্য নয়, পুত্তকপাঠের দারাও লভ্য নয়; প্রকৃত ধর্ম হইল অস্তরাত্মার জাগরণ এবং এই জাগরণ বীরোচিত পুণ্যকর্মের অফুষ্ঠানের দারা সংঘটিত হয়। এই পৃথিবীতে জাত প্রত্যেক শিশুই পূর্ব পূর্ব অতীত জীবন হইতে সঞ্চিত অভিজ্ঞতা লইয়া জ্মগ্রহণ করে; এই-সকল সঞ্চিত অভিজ্ঞতার স্থম্পট চিহ্ন তাহাদের দেহ-মনের গঠনে লক্ষিত হয়। কিন্তু আমাদের সকলের মধ্যেই যে একপ্রকার স্বাতন্ত্রাবোধ আছে, তাহা ফম্পট্রন্পে প্রমাণ করে যে, শরীর ও মন ব্যতীত আরও কিছু আমাদের মধ্যে বিরাজমান। আমাদের সকলের অন্তরে ঘে-আআ আধিপত্য করে, তাহা স্বাধীন এবং ভাহাই আমাদের মনে মুক্তির আকাজক। জাগাইয়া দেয়। আমরা নিজেরা যদি মুক্ত না হই, তাহা হইলে এই পৃথিবীর উন্নতিসাধনের আশা কিন্ধপে করি? আমরা বিখাস করি যে, মানবের প্রগতি আত্মার কার্যকলাপের ফলেই সম্ভব হয়। এই পৃথিবী যাহা এবং আমরা যাহা, ভাগ আত্মার মুক্তবভাবেরই ফল।

আমাদের বিশ্বাস—ঈশ্বর এক। তিনি আমাদের সকলের পিতা, তিনি
শব্র বিরাজমান, সর্বশক্তিমান্ এবং তিনি তাঁহার সম্ভানদের অসীম ভালবাসার
শহিত পরিচালন ও পরিপালন করেন। আমরা গ্রীষ্টধর্মাবলম্বীদের ভাায় সম্ভণ

ঈশবে বিশাস করি; কিন্তু সেখানেই ক্ষান্ত নই, আমরা আরও অগ্রসর হইয়া বলি যে, আমিই সেই ঈশব; আমরা বলি যে, তাঁহারই ব্যক্তিত আমাদের মধ্যে বিকশিত, আমাদের অন্তরে তিনিই বাদ করেন এবং আমরা তাঁহাতেই অবস্থিত। আমরা বিখাদ করি, দকল ধর্মেই কিছু না কিছু দত্যের বীজ নিহিত আছে, এবং হিন্দুগণ সকল ধর্মের নিকটই শ্রহ্মাভরে মন্তক অবনত করেন; কারণ এই বিশ-প্রপঞ্চে ক্রমবৃদ্ধির নিয়মেই সভ্য লাভ হয়, অবিরাম বাদ দেওয়ার নিয়মে নয়। আমরা ভগবানের চরণে সকল ধর্মের সর্বোৎকৃষ্ট পুষ্পরাশি দারা সজ্জিত একটি স্তবক নিবেদন করিব। আমরা তাঁহাকে ভালবাসিবার জন্মই ভালবাসিব, কোন কিছু লাভের আশায় নয়। আমরা কর্তব্যের জন্মই কর্ত্ব্য করিব, কোন পুরস্কারের প্রভ্যাশায় নয়। আমরা সৌন্দর্যের জন্মই সৌন্দর্যের উপাদনা করিব, লাভের আকাজ্জায় নয়। এইরূপে চিত্তের পবিত্রতা লইয়াই আমরা ভগবানের দর্শন পাইব। যাগ-যজ্ঞ, মুদ্রা ও গ্রাদ, মন্ত্রোচ্চারণ বা মন্ত্রন্ধ প্রভৃতিকে ধর্ম বলা চলে না। এ-সকল তথনই প্রশংসনীয়, যথন দেগুলি আমাদের মনে সাহসের সহিত স্থার ও বীরোচিত কর্ম সম্পাদনের জন্ম উৎসাহ সঞ্চার করে এবং আমাদের চিত্তকে ভগবানের পূর্ণতা উপলব্ধি করিবার স্তরে উন্নীত করে।

ষদি প্রতিদিন শুধু প্রার্থনাকালে স্বীকার করি যে, ঈশর আমাদের সকলের পিতা, কিন্তু দৈনন্দিন জীবনে প্রত্যেক মাছ্যের সহিত প্রাতার আর ব্যবহার না করি, তাহা ইইলে কি লাভ ? পুন্তক-রচনার উদ্দেশ্য শুধু আমাদের জন্ম উচ্চতর জীবনের পথ নির্দেশ করা। কিন্তু কোন শুভ ফলই আগিবে না, ষদি না অবিচলিত পদে সেই পথে আমরা চলিতে পারি। প্রত্যেক মাছ্যেরই ব্যক্তিত্বকে একট কাঁচের গোলকের সঙ্গে তুলনা করিতে পারা যায়। প্রত্যেকটির কেন্দ্র একই শুল্ল জ্যোতি, এশী সন্তার একইরূপ বিচ্ছুরণ; কিন্তু কাঁচের আবরণের বর্ণ ও ঘনজের পার্থক্যে রশ্মিনিংসরণে বৈচিত্র্য ও বিভিন্নতা ঘটতেছে। কেন্দ্রে অবন্থিত শিখাটির দীপ্তি ও সৌন্দর্য সমান, কিন্তু যে জাগতিক ষল্লের মাধ্যমে তাহার প্রকাশ হয়, কেবল তাহারই অপূর্ণতাবশতঃ তারভম্যের প্রভীতি ঘটে। বিকাশের মানদণ্ড অন্থ্যারে আমরা যতই উচ্চে আরোহণ করিতে থাকিব, ততই প্রকাশয়ন্ত্ব স্থাছ ইত্যে সক্তের ইত্যে থাকিবে।

কল্লকালীন স্থিতি ও পরিবর্তন

প্রথমবার আমেরিকায় অবস্থানকালে জনৈক পাশ্চাত্য শিষ্কের প্রশ্নের উত্তরে লিখিত।

জগতের সমতা নই হইয়াছে; বিনই সাম্যাবস্থার দৃইাস্ক এই সমগ্র বিশ্ব।
জগতের সব গতিকেই এই সাম্যাবস্থা ফিরিয়া পাইবার প্রয়াদ বলা যায়;
সেজস্ত ইহাকে 'গতি' আখ্যা দেওয়া চলে না। অন্তর্জগতের সাম্যাবস্থা এমন
একটি জিনিদ, যাহা আমাদের চিন্তার অতীত; কারণ চিন্তা নিজেই গতিবিশেষ। প্রসার মানে পূর্ণ সমতার দিকে অগ্রসর হওয়া; আর সমগ্র জগৎ
সেইদিকেই ধাবমান। কাজেই পূর্ণসাম্যাবস্থা কখনই লাভ করা যায় না—
এ-কথা বলিবার অধিকার আমাদের নাই। সাম্যাবস্থায় কোনরূপ কৈচিত্র্য
থাকা অসম্ভব, উহাকে বৈচিত্রাহীন হইতেই হইবে। কারণ যতক্ষণ মাত্র
ছটি পরমান্ত্র থাকিবে, ততক্ষণ উহারা পরস্পারকে আকর্ষণ-বিকর্ষণ করিয়া
সাম্যাভাব নই করিবে। সাম্যাবস্থা—একজ, স্থিতি ও সাদৃশ্রের অবস্থা।
অন্তর্জগতের দিক হইতে এই সাম্যাবস্থা চিন্তাও নয়, শরীরও নয়, এমন কি
যাহাকে আমরা গুণ বলি, তাহাও নয়। নিজের স্বরূপ বলিতে যাহা বুঝায়,
এ অবস্থায় একমাত্র তাহাই থাকে; ইহাই সং-, চিৎ- ও আনন্দ-স্বরূপ।

একই কারণে এই অবস্থা কথনও ছই প্রকার হইতে পারে না। ইছা অনিতীয়। এখানে তৃমি-আমি প্রভৃতি সর্ববিধ ক্বজিম বৈচিত্র্য অন্তর্হিত গইবেই; কারণ বৈচিত্র্য পরিবর্তন বা অভিব্যক্তির অবস্থা, উহা মায়ার অন্তর্গত। অবশ্য বলিতে পারো, আত্মার এই অভিব্যক্ত অবস্থা দেখিয়া আত্মা পূর্বে হির ও মৃক্ত ছিল, এ-কথা মনে হইলেও বর্তমান ভেদপূর্ণ অবস্থাই উহার প্রকৃত স্বরূপ; যাহা হইতে আত্মা এই পরিবর্তনশীল অবস্থার আলিয়াছে, ভাহা আত্মার আদিম অপরিণত অবস্থা; দে অবস্থার আবার ফিরিয়া যাওয়া মানে অধঃপতন। এ-কথা বলিতে পারো বটে, তবে এ-কথার কোন মূল্য বা ওক্ষত্ব নাই; থাকিত, যদি প্রমাণিত হইত যে, আত্মার একক্ষপতা ও নানাধর্মিতা নামক অবস্থাপ্তিয় মাত্র একবারই ঘটে। কিন্তু তাহা তো নয়, যাহা একবার ঘটে, বাববার তাহার প্রবার্ত্তি হইবেই। স্থিতিকে অনুসরণ করে পরিবর্তন—ক্ষপৎ। স্থিতির পূর্বে পরিবর্তন নিশ্চয়্যই ছিল, এবং পরিবর্তনের

পর স্থিতি আবার আদিবেই; বারবার এরপ ঘটিবে। এ-কথা চিস্তা করা হাস্থকর যে, একদা নিরবচ্ছির স্থিতি ছিল এবং তার পর নিরবচ্ছির পরিবর্তন আদিয়াছে। প্রকৃতির প্রতিটি কণা দেখাইতেছে যে, ক্রমান্বয়ে স্থিতি ও পরিবর্তনের ভিতর দিয়া উহা নিয়মিতভাবে চলিতেছে।

তৃইটি স্থিতিকালের মধ্যবর্তী ব্যবধানের নাম কল্প। কাল্লিক স্থিতি একটি পূর্ণ সমজাতীয় অবস্থা হইতে পারে না; হইলে ভাবী বিকাশের পরিসমাপ্তি ঘটে। এ-কথা বলা অযৌজিক যে, বর্তমান পরিবর্তনের অবস্থা পূর্বের স্থিতি অবস্থার তুলনায় উন্নততর; কারণ তাহা হইলে ভাবী স্থিতি-অবস্থার কাল পূর্ববর্তী পরিবর্তন-অবস্থার কাল অপেক্ষা অধুনাতন হওয়ার জ্বল্য সে অবস্থা পূর্ণতর হইবে! প্রকৃতি একই রূপ বারেবারে দেখাইতেছে; নিয়ম বলিতে বস্তুত: ইহাই ব্যায়। জীবাত্মাদের বেলা কিন্তু (বিভিন্ন কল্লে ক্রমশঃ) উন্নততর অবস্থাপ্রতি ঘটে; অর্থাৎ জীবাত্মারা কল্ল হইতে কল্লান্তরে নিজ সক্রপের অধিকতর নিক্টবর্তী হয়; এভাবে ক্রমোন্নত হইতে হইতে প্রতি কল্লেই অনেক জীবাত্মা মৃক্ত হইয়া যায়, জার তাহাদের সংসার-চক্রে আবতিত হইতে হয় না।

বলিতে পারো, জীবাত্মা তো জগং ও প্রকৃতির অংশ, জগং ও প্রকৃতির মতো দেও তো বারবার পুনরাবর্তন করিবে, তাহার মৃক্তি হইতে পারে না; জগতের ধ্বংস না হইলে তাহার মৃক্তি হইবে কিরপে ? উত্তরে বলা যায়, জীবাত্মা মায়ার কল্পনা মাত্র, প্রকৃতির মতো স্বরূপতঃ দে বাস্তব সত্তা, ব্রহ্ম।

জীবাত্মাই নির্বিশেষ ব্রহ্ম। প্রকৃতির ভিতর যাহা সং বস্তু, তাহাই ব্রহ্ম মায়ার অধ্যাসের জন্স তিনিই এই নানাত্ম বা প্রকৃতি বলিয়া প্রতীত হইতেছেন। মায়া দৃষ্টি-বিভ্রম মাত্র; সেজন্স মায়াকে সং বলা যাইতে পারে না। তথাপি মায়া এই দৃশ্স-জগৎ স্পষ্ট করিতেছে। যদি বলো, মায়া নিজে অসং হইয়া স্পষ্ট করে কির্মণে ? তাহার উত্তরে বলা যায়—যাহা স্পষ্ট হয় তাহাও বে অজ্ঞান (অসং), কাজেই প্রষ্টা তো অজ্ঞানী (অসং) হইবেই। জ্ঞানের হারা অজ্ঞান স্পষ্ট হইতে পারে কিভাবে ? কাজেই বিল্যাও অবিল্যা—এই ছইরপে মায়া কার্য করিতেছে। অবিল্যা বা অজ্ঞানকে নাশ করিয়া বিল্যা নিজেও বিনষ্ট হয়। এভাবে মায়া নিজেকে নিজেই বিনাশ করে; যায়া বাকি থাকে, তাহাই সচিদানন্দ, ব্রহ্ম। প্রকৃতির ভিতর যাহা সংবন্ধ, তাহাই

ব্রন্ধ। প্রকৃতি তিনটি রূপে আমাদের কাছে আবিভূতি হয়—ঈশর, চিং বা জীব, এবং অচিং বা জড়বস্ত। এ-সবেরই প্রকৃত স্বরূপ ব্রন্ধ। মায়ার ভিতর দিয়া দেখি বলিয়া তিনি নানারূপে প্রতিভাত হন। তবে ঈশর-দর্শন করাই—চরম সত্তাকে ঈশররূপে দর্শন করাই চরম স্তার সবচেয়ে নিকটবর্তী হওয়া, এবং ইহাই সর্বোত্তম দর্শন। সগুণ ঈশরের ভাবই মাহ্যবের ভাবের সর্বোচ্চ অবস্থা; প্রকৃতির গুণগুলি যে অর্থে সত্যা, ঈশরে আরোপিত গুণগুলিও সেই অর্থে সত্যা। তথাপি এ-কথা যেন আমরা কখনও ভূলিয়া না ষাই যে, নিগুণ ব্লহ্মকে মায়ার ভিতর দিয়া দেখিলে যেরূপ দেখায়, ভাহাই সগুণ ঈশর।

বিস্তারের জন্ম সংগ্রাম

প্রথমবার আমেরিকায় অবস্থানকালে জনৈক পাশ্চাত্য শিষ্টের প্রশ্নে লিখিত।

আমাদের দর্ববিধ জ্ঞানের ভিতর অহস্যত রহিয়াছে সেই প্রাচীন সমস্যা —বীজ বৃক্ষের পূর্বে, না বৃক্ষ বীজের পূর্বে, সম্ভার অভিব্যক্তির ক্রমে চৈতন্য প্রথম, না জড় প্রথম; ভাব প্রথম, না বাহ্য প্রকাশ প্রথম; মৃক্তি আমাদের প্রকৃত স্বরূপ না নিয়মের বন্ধন; চিন্তা জড়ের স্রষ্টা, না জড় চিন্তার স্রষ্টা; প্রকৃতিতে নিরবচ্ছিন্ন পরিবর্তন স্থিতির পূর্বের অবস্থা, না স্থিতির ভাবটি পরিবর্তনের পূর্বের অবস্থা—এই·সব প্রশ্নের সমাধান সমভাবেই ত্রুহ। তর্ত্মালার প্রায়ক্রমে উখান ও প্তনের মতো উপরি-উক্ত প্রশ্নগুলিও অনিবার্য পরস্পরায় একটি আর একটিকে অহুসরণ করে এবং মাহুষ ভাহার ফচি, শিক্ষা বা মানসিক গঠনের বৈশিষ্ট্য অনুষায়ী কোন না কোন একটি পক সমর্থন করে। উদাহরণস্বরূপ যদি বলা যায় যে, প্রকৃতির বিভিন্ন **অংশগুলি**র ভিতর যে-সঙ্গতি রহিয়াছে, তাহা দেখিয়া স্পষ্ট মনে হয়—উহা চেতানাত্মক কার্বেরই ফল; পক্ষাস্তবে তর্ক করা ষাইতে পারে, চৈতন্তের অন্তিত্ব জগৎ-স্ষ্টের পূর্বে থাকা সম্ভব নয়, কারণ বিবর্তনের ফলে উহা জড় এবং শক্তিব ছারা স্ট হইয়াছে। যদি বলা যায়, প্রতিটি রূপের পশ্চাতে মনে একটি ভাবাদর্শ অবশ্রই থাকিবে, তাহা হইলে সমান জোর দিয়া বলিতে পারা ষায়, ভাবাদর্শের স্প্রেই হইয়া।ছল বহুবিধ বাহু অভিজ্ঞতার ধারা। একদিকে মৃক্তি সম্বন্ধে আমাদের চিরস্তন ধারণার প্রতি আবেদন, অপরদিকে এ ধারণাও রহিয়াছে যে, জগতে কোন কিছুই কারণহীন নয় বলিয়া কি সুল, কি মানদিক—সব কিছুই কার্য-কারণ-নিয়মের বন্ধনে দুঢ়ভাবে আবিছ ৷ শক্তির ছারা উৎপন্ন শরীরের পরিবর্তন লক্ষ্য করিবার পর যদি স্বীকার করা যায়, চিস্তাই স্পষ্টত: এই শরীরের প্রষ্টা, তাহা হইলে ইহাও স্পাষ্ট যে, শরীরের পরিবর্তনে চিস্তার পরিবর্তন হয় বলিয়া শরীর নিশ্চয়ই মনের অষ্টা। যদি যুক্তি প্রদর্শন করা যায়, সর্বজনীন পরিবর্তন · নিশ্চয়ই একটি পূৰ্ববতী স্থিতির ফ**লম্বরূপ,** তাহা হইলে সমান যুক্তি^র ৰারা প্রমাণ করা ষাইবে ষে, অপরিবর্তনীয়তার ভাব একটি বিভ্রম^{ভ্রক}

আপেক্ষিক ধারণা মাত্র, গতির তুলনামূলক প্রভেদের ছারা ইহার উত্তব হইয়াছে।

এইরপে চূড়ান্ত বিশ্লেষণে দেখা যায় যে, সমন্ত জ্ঞানই এই বিষচক্রে পর্ববসিত হয়; কার্য ও কারণের অনির্দিষ্ট পরস্পার নির্তর্গীলভাই এই চক্র—ইহার ভিতর কোন্টি আগে, কোন্টি পরে নির্ণয় করা ছংসাধ্য। যুক্তির নিয়মে বিচার করিলে এই জ্ঞান ভূল; এবং সর্বাপেকা অভূত কথা এই যে, এই জ্ঞান ভূল প্রমাণিত হয়, যথার্থ জ্ঞানের সহিত তূলনা করিয়া নয়, পরস্ক সেই একই বিষচক্রের উপর নির্ভরশীল নিয়মগুলিরই ঘারা। স্ক্তরাং স্পষ্ট বোঝা যায়, আমাদের সমস্ত জ্ঞানের বৈশিষ্ট্য এই যে, ইহা নিজেই নিজের অপরিপূর্ণতা প্রমাণ করে। আবার আমরা ইহাও বলিতে পারি না যে, এই জ্ঞান মিথাা, কারণ যে-সব স্ত্যু আমরা জানি বা চিন্তা করি, সেগুলি এই জ্ঞানের ভিতর রহিয়াছে। আবার ব্যাবহারিক ক্ষেত্রে সব কিছুর জন্মই এই জ্ঞান যে যথেই, এ-কথা অস্বীকার করিতেও পারা যায় না। অস্কর্জগৎ ও বহির্জ্বগৎ মানবিক জ্ঞানের এই অবস্থার অস্তর্গত এবং ইহাকেই বলা হয় 'মায়া'। ইহা মিথাা, কারণ ইহা নিজেই নিজের অশুদ্ধতা প্রমাণ করে। আর এই অর্থে ইহা সত্য যে, ইহা শিশু-মানবের সকল প্রয়োজনের পক্ষে যথেই।

বহির্জগতে ক্রিয়াকালে মায়া নিজেকে প্রকাশ করে আকর্ষণী ও বিকর্ষণী শক্তিরূপে এবং অন্তর্জগতে—প্রবৃত্তি- ও নির্ভিরূপে। সমগ্র জগৎ বাহিরের দিকে ধাবিত হইবার জন্ত চেষ্টা করিতেছে। প্রতিটি পরমাণ্ উহার কেন্দ্র হইতে দ্রে সরিয়া ঘাইবার জন্ত সচেষ্ট। অন্তর্জগতে প্রতিটি চিন্ধা নিয়ন্ত্রণের বাহিরে ঘাইবার জন্ত চেষ্টা করিতেছে। আবার বহির্জগতে প্রতিটি কণা আর একটি শক্তি—কেন্দ্রাভিগ শক্তি ধারা নিরুদ্ধ হইতেছে; এই শক্তি কণাটিকে কেন্দ্রের দিকে টানিয়া লইয়া ঘাইতেছে। সেইরূপ চিন্তাজগতে সংবম-শক্তি এই-সব বহির্ম্থা প্রবৃত্তিগুলিকে সংযত করিতেছে। জড়ের দিকে অগ্রসর হইবার প্রবৃত্তি অর্থাৎ যন্ত্রবং চালিত হইবার দিকে ক্রমশঃ নামিয়া ঘাইবার প্রবৃত্তি পশুমানবের ধর্ম। যখন ইন্দ্রিয়ের বন্ধন রোধ করিবার ইচ্ছা মান্নবের হর, শুরু তথনই তাহার মনে ধর্মের উদয় হয়। এইরূপে আমরা দেখি যে, ধর্মের কার্যক্রের হইতেছে মান্নযকে ইন্দ্রিয়ের বন্ধনে পড়িতে না দেওয়া এবং মৃক্তিলাভের জন্ত তাহাকে সাহায্য করা। সেই উদ্ধেশ্তে নিবৃত্তি-

শক্তির প্রথম প্রয়াসকে বলা হয় নীতি। সকল নীতির উদ্দেশ হইতেছে এই অধংপতনকে রোধ করা ও এই বন্ধনকে ভাঙিয়া ফেলা। সকল চরিত্র-নীতিকে 'বিধি' ও 'নিষেধ'—এই ছই ভাগে ভাগ করা ষায়। এই নীতি বলে, হয় 'ইহা কর,' না হয় বলে, 'ইহা করিও না।' যথন ইহা বলে, 'করিও না', তথন স্পষ্টই বৃঝিয়া হইতে হইবে যে, একটি বাসনাকে সংঘত করিতে বলা হইতেছে, যে-বাসনা মাহ্যকে ক্রীতদাস করিয়া ফেলিবে। আর যথন ইহা বলে, 'কর,' তথন ইহার উদ্দেশ হইতেছে মাহ্যকে মুক্তির পথ দেখানো এবং যে-কোন অধংপতন মাহ্যের হৃদয়কে পূর্বেই অধিকার করিয়া রাথিয়াছিল, তাহা নই করিয়া দেওয়।।

মামুষের সম্মুখে একটি মৃক্তির আদর্শ থাকিলে তবেই চরিত্র-নীতির সার্থকতা। পূর্ণ মৃক্তিলাভের সম্ভাবনার প্রশ্ন ছাড়িয়া দিলেও ইহা স্পষ্ট যে, সমগ্র জগংটাই হইতেছে বিন্তারের জন্ম সংগ্রামের বা অন্ম ভাষার বলিতে গেলে মৃক্তিলাভের দৃষ্টাস্তম্বল; একটি পরমাণুর জন্মও এই অনস্ত বিশ্ব যথেষ্ট হান নয়। বিস্তারের জন্ম এই সংগ্রাম অনস্তকাল ধরিয়া চলিবেই, যতদিন না মৃক্তিলাভ হয়। ইহা বলা যাইতে পারে না যে, সন্তাপ এড়ানো বা আনন্দলাভই এই মৃক্তি-সংগ্রামের উদ্দেশ্য। যাহাদের ভিতর এইরূপ বোধশক্তি নাই, সেই নিম্নতম পর্যায়ের প্রাণীরাও বিস্তারের জন্ম প্রয়াদ করিতেছে এবং অনেকের মতে মানুষ নিজেই এই-সকল প্রাণীর বিস্তার।

ঈশ্বর ও ত্রহ্ম

ইওরোপে অবস্থানকালে—'বেদাস্কদর্শনে ঈখরের যথার্থ স্থান কোথায়'---এই প্রশ্নের উত্তরে স্বামীজী বলেন :

ঈশ্বর সকল ব্যষ্টির সমষ্টিশ্বরূপ। তথাপি তিনি 'ব্যক্তি'-বিশেষ, যেমন মহুন্তদেহ একটি বস্তু, ইহার প্রত্যেক কোষ একটি বাষ্টি। সমষ্টি— ঈশ্ব, বাষ্টি— জীব। স্থতরাং দেহ যেমন কোষের উপর নির্ভর করে, ঈশবের অভিত তেমনি জীবের অন্তিত্বের উপর নির্ভর করে। ইহার বিপরীতটিও ঠিক ভেমনি। এইরূপে জীব ও ঈশ্বর সহাবন্থিত তুইটি সত্তা-একটি থাকিলে অপরটি থাকিবেই। অধিকম্ভ আমাদের এই ভূলোক ব্যতীত অগ্রান্ত উচ্চতর লোকে ভভের পরিমাণ অভভের পরিমাণ অপেকা বহুগুণ বেশী থাকায় সমষ্টি (ঈশর)-কে সর্বমঙ্গলম্বরূপ বলা যাইতে পারে। সর্বশক্তিমতা ও সর্বজ্ঞত্ব ঈশ্বরের প্রত্যক্ষ গুণ, এবং সমষ্টির দিক হইতেই ইহা প্রমাণ করিবার জ্ঞ্য কোন যুক্তির প্রয়োজন হয় না। ত্রহ্ম এই উভয়ের উর্দের এবং একটি সপ্রতিবন্ধ বা সাপেক অবস্থা নয়। ত্রন্ধই একমাত্র স্বয়ংপূর্ণ, ষাহা বহু এককের দারা গঠিত হয় নাই। জীবকোষ হইতে ঈশ্বর পর্যন্ত যে-তত্ত্ব অহুস্থাত, যাহা ব্যতীত কোন কিছুরই অন্তিত্ব থাকে না, এবং ষাহা কিছু সভ্য, তাহাই সেই তত্ব বা ব্রহ্ম। যথন চিন্তা করি—জামি ব্রহ্ম, তথন মাত্র আমিই থাকি; **দকলের পক্ষেই এ-কথা** প্রযোজ্য ; স্বতরাং প্রত্যেকেই দেই ভত্তের দামগ্রিক বিকাশ।

যোগের চারিটি পথ

আমেরিকায় প্রথমবার অবস্থানকালে জনৈক পাশ্চাত্য শিষ্কের প্রশ্নের উত্তরে লিখিত।

মুক্ত হওয়াই আমাদের জীবনের প্রধান সমস্থা। আমরাই পরব্রহ্ম---ষতক্ষণ না আমাদের এই উপলব্ধি হইতেছে, ততক্ষণ আমরা যে মৃ**ক্তিলাভ** করিতে সমর্থ হই না, এ-কথা অতি স্পষ্ট। এই **অমুভৃতি-লাভের ব**ছ পথ; এই পথগুলির একটি সাধারণ নাম আছে। উহাকে বলা হয়, 'যোগ' (যুক্ত করা, আমাদের সন্তার সহিত নিজেদের যুক্ত করা)। নান; শ্রেণীতে বিভক্ত হইলেও এই যোগগুলিকে মূলতঃ চারিটি পর্যায়ভূক্ত করা যাইতে পারে। প্রত্যেক যোগই গৌণত: দেই পরমকে উপলব্ধি করিবার পথ, সেইজন্ম এগুলি বিভিন্ন ক্ষচির পক্ষে উপধোগী। এখন আমাদিগকে অবশ্যই মনে রাথিতে হইবে, কল্লিড মানবই প্রকৃত মানব বা 'পরম' হয় না। পরমে রূপাস্তরিত হওয়া যায় না। পরম নিত্যমৃক্ত, নিত্যপূর্ণ, কিন্তু সাময়িকভাবে অবিছা ইহার স্বরূপ আবৃত করিয়া রাধিয়াছে। অবিছার এই আবরণ সরাইয়া ফেলিতে হইবে। প্রত্যেক ধর্মই এক-একটি ষোগের প্রতিনিধি। ষোগগুলি শুধু অবিভার আবরণ উন্মোচন করে এবং আত্মাকে নিজের স্বরূপে পুনঃপ্রতিষ্ঠিত করে। অভ্যাদ ও বৈরাগ্য মৃক্তির প্রধান সহায়। আসক্তিশৃত্যতাকে বলা হয় 'বৈরাগ্য', কারণ ভোগৈষণঃ বন্ধন স্বাস্ট করে। বে-কোন একটি খোগের নিয়ত অ**সুশীলনকে 'অভ্যা**স বলা হয়।

কর্মধাগ : কর্মধাগ হইল কর্মের দারা চিত্তশুদ্ধি করা। ভাল অথবা মন্দ কর্ম করিলে ঐ কর্মের ফল অবগ্রই ভাল বা মন্দ হইবে। ধনি অক্স কেনি কারণ না থাকে, কোন শক্তিই উহার কার্য রোধ করিতে পারে না। সং কর্মের ফল সং এবং অসং কর্মের ফল অসং হইবে এবং মুক্তির কোন সম্ভাবনা না রাথিয়া আত্মা চিরবন্ধনের ভিতর আবদ্ধ থাকিবে। কর্মের ভোকা কিন্তু দেহ অথবা মন, আত্মা কখনই নয়। কর্ম কেবল আত্মার সম্মুখে একটি আবরণ নিক্ষেপ করিতে পারে। অবিদ্যা—অশুভ কর্মের দারা নিজিপ্র আবরণ। সং কর্ম নৈতিক শক্তিকে দৃঢ় করিতে পারে এবং এইরূপে নৈতিক শক্তি দারা অনাসক্তির অভ্যাদ হয়। নৈতিক শক্তি অসং কর্মের প্রবণতা উৎদাদন করে এবং চিত্ত শুদ্ধ করে। কিন্তু যদি ভোগের উদ্দেশ্যে কর্ম করা হয়, তাহা হইলে ঐ কর্ম দেই বিশেষ ভোগিট উৎপাদন করে এবং চিত্ত শুদ্ধ করে না। স্ক্তরাং ফলাস্তিশ্য় হইয়া সকল কর্ম করিতে হইবে। কর্মযোগীকে সকল ভয় ও ইহামুত্রফলভোগ চিরকালের অয় ভ্যাগ করিতে হইবে। উপরন্ধ এবণাবিহীন কর্মদকল বন্ধনের মূল—খার্থপরভা বিনষ্ট করিবে। কর্মযোগীর মূলমন্ত্র নাহং নাহং, তুঁত তুঁত' এবং কোন আত্মতাগাই তাহার পক্ষে যথেট নয়। কিন্তু অর্গপ্রাপ্তি, নাম, যল বা কোন আত্মতাগাই তাহার পক্ষে যথেট নয়। কিন্তু অর্গপ্রাপ্তি, নাম, যল বা কোন আত্মতাগাই তাহার জ্য়া তিনি কর্ম করেন না। এই নিংসার্থ কর্মের ব্যাখ্যা ও উপপত্তি কেবল জ্যানযোগেই আছে, তথাপি দব সম্প্রদায়ভূক্ত দব মতাবলহী মাফ্রযের অন্তনিহিত্ত দেবত্ব তাহাদের ভিতর লোককল্যাণের জন্ম আত্মতাগের অন্তনাগ বাড়াইয়া ভোলে। আবার অনেকের নিকট বিত্তের বন্ধন অত্যন্ত কঠিন। বে-বিত্তলালদা দানা বাধিয়া উঠে, তাহা ভাঙিবার জন্ম বিত্তকামীদের পক্ষে কর্মযোগ একান্ত প্রয়োগ্ধনীয়।

ভজিষোগ: ভজি বা পূজা বা কোন-না-কোন প্রকার অহুরক্তি মান্নযের সর্বাপেক্ষা সহজ, স্থাকর এবং স্বাভাবিক পথ। এই বিশ্বের স্বাভাবিক অবস্থা হইতেছে আকর্ষণ, উহা কিন্ত নিশ্চিতভাবে একটি চূড়াস্ক বিচ্ছেদে পরিণত হয়। তাহা সত্তেও প্রেম মানব-হৃদয়ে মিলনের একটি সহজাত প্রবৃত্তি। প্রেম নিজে হৃঃথের একটি মহা কারণ হইলেও, যোগ্য বিষয়ের প্রতি নিয়োজিত হইলে মৃক্তি আনয়ন করে। ভক্তির লক্ষ্য হইল ঈশ্বর। প্রেমিক ও প্রেমাম্পদ বিনা প্রেম থাকিতে পারে না। প্রথমে এমন একজন প্রেমাম্পদ থাকা চাই, যিনি আমাদের প্রেমের প্রতিদান দিতে পারেন। স্তরাং ভক্তের ভগবান্কে এক অর্থে মানবীয় ভগবান্ হইতেই হইবে। তিনি অবশ্রই প্রেমময় হইবেন। এইরূপ ভগবান্ আছেন বা নাই—এই প্রশ্ন ছাড়িয়া দিলেও ইহা সত্য যে, যাহাদের হৃদয়ে প্রেম আছে, তাহাদের নিকট এই নিগুণ বৃদ্ধই প্রেমময় ঈশ্ব বা সগুণ বৃদ্ধর আবিভূত হন।

ভগবান্ বিচারক, শান্তিদাতা বা এমন একজন, বাঁহাকে ভয়ে মানিতে ইইবে—এই-সব ভাব নিম পর্বায়ের পূজা। এই প্রকার পূজাকে প্রেমের পূজা

বলা যায় না; এই-সব পূজা অবশ্য ধীরে ধীরে উচ্চাক্ষের পূজায় রূপায়িত হয়।
আমরা এখন নিরূপণ করিব, প্রেম কি বস্ত। আমরা প্রেমকে একটি ত্রিভূজের
ভারা ব্যাপ্যা করিব, যে ত্রিভূজের পাদদেশের প্রথম কোণ ভয়শূলতা।
যতক্ষণ ভয় থাকিবে, ততক্ষণ উহা প্রেম নয়। প্রেম সব ভয় দূর করে।
শিশুকে রক্ষা করিবার জল্ম মাতা ব্যাদ্রের সন্মুখীন হন। দ্বিতীয় কোণ হইল—প্রেম কখনও কিছু চায় না, ভিক্ষা করে না। তৃতীয় বা শীর্ষকোণ হইতেছে—প্রেমের জল্মই প্রেম। এই প্রেম বিষয়-বিষয়ি-সম্পর্কশূল। ইহাই হইল
প্রেমের সর্বোচ্চ বিকাশ এবং প্রমের সহিত সমার্থক।

রাজ্যোগ: এই যোগ আর সব যোগের সহিত থাপ থাইরা যায়। বিশাস
যুক্ত বা বিশাসহীন সর্ব-শ্রেণীর জিজ্ঞান্তর পক্ষে রাজ্যোগ উপযুক্ত। রাজ্যোগ
আধ্যাত্মিক জিজ্ঞাসার যথার্থ যন্ত্র। যেমন প্রত্যেক বিজ্ঞানের অন্তর্গজানের

জন্ত এক-একটি স্বকীয় ধারা থাকে, তেমনি ধর্মের ক্ষেত্রে রাজ্যোগ। বিভিন্ন
প্রকৃতি অন্যায়ী এই রাজ্যোগ-বিজ্ঞানের প্রয়োগ বিভিন্নভাবে হয়। ইহার
প্রধান অক হইল প্রাণায়াম, ধারণা ও ধ্যান। ঈশ্বর-বিশাসীর পক্ষে গুরু-লব্দ প্রণব বা ওঁকার বা অন্য কোন মন্ত্র খ্ব সহায়ক হইবে। প্রণব-মন্ত্রই সর্বশ্রেষ্ঠ,
উহা নিগুণ ব্রক্ষের বাচক। জপের সহিত এই-সব মন্ত্রের অর্থভাবনাই
এখানে প্রধান সাধনা।

জ্ঞানযোগ: জ্ঞানযোগ ভিন ভাগে বিভক্ত। (১) শ্রবণ, অর্থাৎ আত্মা একমাত্র সং পদার্থ এবং অন্যান্ত সবকিছু মায়া—এই তত্ত শোনা। (২) মনন, অর্থাৎ সর্বদিক হইতে এই তত্তকে বিচার করা। (৩) নিদিধ্যাসন, অর্থাৎ সমস্ত বিচার ত্যাগ করিয়া তত্তকে উপলব্ধি করা। এই উপলব্ধির চারিটি সাধন, যথা (১) 'ব্রহ্ম সত্যা, জগং মিথ্যা'রূপ দৃঢ় ধারণা; (২) সর্ব এষণা ত্যাগ; (৩) শমদমাদি ও (৪) মুমুক্ত্র। তত্তের নিরন্তর ধ্যান এবং আত্মাকে উহার প্রকৃত স্বরূপ স্বরণ করাইয়া দেওয়া এই যোগের একমাত্র পথ। এই যোগ সর্বশ্রেষ্ঠ, কিন্তু কঠিনতম। এই যোগ অনেকের বৃদ্ধিগ্রাহ্ণ হইতে পারে, কিন্তু অতি অল্ল লোকই এই যোগে সিদ্ধিলাভ করিতে সমর্থ হয়।

লক্ষ্য ও উহার উপলব্ধির উপায়

যদি সমগ্র মানবজাতি কেবল একটি ধর্ম—একটিমাত্র দর্বজ্বনীন পূজাপদাতিকে এবং একটিমাত্র নৈতিক মানদণ্ডকে স্বীকার ও গ্রহণ করিতে বাধ্য হয়, তবে পৃথিবীর উপর কঠিন তুর্ভাগ্য নামিয়া আদিবে। সমন্ত ধর্মীয় এবং আধ্যাত্মিক উন্নতির পক্ষে উহা মৃত্যু-সদৃশ আঘাত হইবে। নিজেদের মতাহ্যায়ী দর্বোচ্চ সত্যের আদর্শটিকে সং বা অসৎ উপায়ে সকলকে গ্রহণ করাইবার জন্ম উৎসাহ দিয়া এই ধ্বংসকারী ঘটনাটিকে বান্তর রূপ দিবার চেটা না করিয়া আমাদের উচিত চলার পথের সমন্ত অন্তরায়গুলি অপদারণ করার জন্ম সচেট হওয়া, যাহাতে মানুষ তাহার শ্রেষ্ঠ আদর্শ অনুষায়ী অগ্রসর হইতে পারে।

সমগ্র মানবজাতির শেষ পরিণতি, সর্বধর্মের লক্ষ্য ও পরিসমাপ্তি একই — ঈশবের সহিত পুন্মিলন, বা অহা ভাষায় দেবছে পুন্প্রেভিটা, এই দেবছে মাহুষের প্রকৃত স্বরূপ। কিন্তু লক্ষ্য এক হইলেও উপল্পির পদা মাহুষের ক্ষৃতি অহুষায়ী ভিন্ন হইতে পারে।

দেবত্বে পুন:প্রতিষ্ঠিত হওয়ার লক্ষ্য ও পদ্ধতি উভয়কেই 'যোগ' বলা হয়। ইংরেজী 'Yoke' অর্থাৎ যুক্ত হওয়া—এই অর্থেই সংস্কৃতেও যোগ-শব্দের উদ্ভব হইয়াছে। যোগ আমাদের স্বরূপের সহিত ঈশ্বের যোগ করিয়া দেয়। এইরূপ যোগ বা মিলনের পদ্ধতি অনেক আছে; সেগুলির মধ্যে প্রধান হইতেছে কর্মধোগ, ভক্তিযোগ, রাজ্যোগ এবং জ্ঞানযোগ।

প্রত্যেক ব্যক্তি তাহার স্থভাব অমুষায়ী নিজেকে বিকশিত করিতে বাধ্য। যেমন প্রত্যেক বিজ্ঞানের একটি স্থকীয় পদ্ধতি আছে, তেমনি প্রত্যেক ধর্মেরও আছে। ধর্মে সিদ্ধিপ্রাপ্তির উপায়কে যোগ বলা হয়। মাম্বের বিভিন্ন স্থভাব ও প্রকৃতি অমুষায়ী যোগগুলি আমরা শিক্ষা দিই। উক্ত যোগগুলিকে আমরা নিম্লাণিত উপায়ে চারিটি শ্রেণীতে ভাগ করি:

(১) কর্মােগ—বে-পদ্ধতি অবলম্বন করিয়া মাহ্র কর্ম ও কর্তব্যের মাধ্যমে স্বীয় দেবত উপলব্ধি করে।

- (২) ভক্তিষোগ—সগুণ ভগবানে ভক্তি ও প্রেমের দারা দেবত্বের অনুভূতি।

 - (8) ब्हानरथान-ब्हारनत दात्रा एक्टएवर উপनिति।

এই বিভিন্ন পথগুলি একই কেন্দ্রে অর্থাৎ ঈশ্বর সমীপে লইয়া ধায়।
প্রকৃতপক্ষে ধর্ম-বিশ্বাসের বছলতায় স্থ্ বিধাই আছে; মাস্ককে ধর্মজীবন
যাপন করিতে যতক্ষণ উৎসাহ দেয়, ততক্ষণ সব বিশ্বাসই ভভ। ধর্মত
যত অধিক হয়, ততই মাসুষের ভিতর যে দেবত্বের সংস্কার আছে, তাহার
নিকট আবেদন করিবার বেশী সুযোগ পাওয়া যায়।

Oak Beach Christian Unity-র সমক্ষে বিশ্বজ্ঞনীন মিলন-প্রসঙ্গে সামী বিবেকানন্দ বলেন:

শেষ পর্যন্ত দকল ধর্মই এক—ইহা অতি দত্য কথা, যদিও প্রীষ্টান চার্চ বাইবেলের উপাধ্যানের ফ্যারিদিদের মতো ভগবান্কে ধল্লবাদ দেয়, এবং ভাবে যে, প্রীষ্টর্ধনিই একমাত্র দত্যা, অপর ধর্মগুলি দব ভূল এবং দেগুলির প্রীষ্টর্ধর্মের আলোকে আলোকিত হইবার প্রয়োজন আছে; তথাপি এ-কথা দত্য যে, পরিণামে দব ধর্মই এক। উদার ভাবের জল্প পৃথিবী প্রীষ্টান চার্চের দহিত সংযুক্ত হইতে ইচ্ছুক, এজন্প প্রীষ্টর্ধর্মকে পরমতদহিষ্ণু অবশ্রুই হইতে ইচ্ছুক, এজন্প প্রীষ্টর্ধর্মকে পরমতদহিষ্ণু অবশ্রুই হইতে হবৈ। ঈশ্বর দকলের হৃদয়েই আছেন; যাহারা যীশুপ্রীষ্টের অনুসরণকারী, তাহাদের এই তত্তিকৈ স্বীকার করিতে সংকোচ বোধ করা উচিত নয়। প্রকৃতপক্ষে যীশুপ্রীষ্ট প্রত্যেক দৎ মানবকে ঈশ্বরের পরিবারের অস্তর্ভুক্ত করিতে চাহিয়াছিলেন। যে-মান্থ্য স্বর্গন্থ পিতার ইচ্ছা পালন করে, দে-ই দৎ, আর যে কেবল বাহ্য অনুষ্ঠানে বিশ্বাদ করে, দে সং নয়। দং হওয়া এবং দংকর্ম করা—এই ভিত্তির উপরেই সমগ্র জগৎ মিলিতে পারে।

ধর্মের মূলসূত্র

[একটি অসমাপ্ত প্রবন্ধ, মিস ওয়ান্ডোর কাগজপত্তের মধ্যে প্রপ্তে]

পৃথিবীর প্রাচীন বা আধুনিক, লুপ্ত বা জীবস্ত ধর্মগুলি এই চারপ্রকার বিভাগের মধ্য দিয়া ভালরূপে ধারণা করিতে পারি:

- প্রতীক—মাহবের ধর্মভাব বৃদ্ধি ও সংরক্ষণের জন্ত বিবিধ বাহ্ সহায়

 অবলম্বন।
- ইতিহাদ—প্রত্যেক ধর্মের দার্শনিক তত্ত্ব, ষাহা দিব্য বা মানবীয়
 আচার্যগণের জীবনে রূপায়িত। পুরাণাদি ইহার অন্তর্গত, কারণ এক
 জাতি বা এক যুগের পক্ষে যাহা পুরাণ, অন্ত জাতি বা যুগের
 নিকট তাহাই ইতিহাদ। আচার্যগণের দহদ্ধেও বলা যায়, তাঁহাদের
 জীবনের অনেকটাই পরবর্তীকালের মাহ্রেরা পৌরাণিক কাহিনী
 বলিয়া গ্রহণ করে।
- ৩. দর্শন--প্রত্যেক ধর্মের যুক্তিসিদ্ধ ভিত্তিসমূহ।
- 8. অতীক্রিরবাদ—ইন্দ্রিয়জ্ঞান ও যুক্তি অপেক্ষা মহত্তর এমন কিছু, যাহা কোন কোন বিশেষ অবস্থায় কোন কোন বিশেষ ব্যক্তি বা সকল ব্যক্তি লাভ করেন। ধর্মের অক্যান্ত বিভাগেও এই অভীক্রিরবাদের কথা আছে।

পৃথিবীর প্রাচীন বা আধুনিক সকল ধর্মেই এই মূলনীতিগুলির একটি, গৃইটি বা তিনটি বর্তমান দেখা বায়; অতি উন্নত ধর্মগুলিতে চারিটি তত্তই আছে। অতি উন্নত ধর্মগুলির মধ্যে কডকগুলির আবার কোন ধর্মগ্রন্থ বা পৃত্তক ছিল না, বা সেগুলি লুপু হইয়াছে; কিছু যে-সকল ধর্ম পবিত্র গ্রন্থের উপর প্রতিষ্ঠিত, দেগুলি আজও টিকিয়া আছে। স্বতরাং পৃথিবীর আধুনিক সব ধর্মই পবিত্র গ্রন্থের উপর প্রতিষ্ঠিত:

বৈদিক ধর্ম প্রতিষ্ঠিত বেদের উপর

—(ভুল করিয়া বলা হয়, হিন্দু বা আহ্মণ্যধর্ম) ;

পারসীক ধর্ম আবেন্ডার উপর;

মৃশার ধর্ম ওল্ড টেস্টামেন্টের উপর; বৌদ্ধর্ম ত্রিপিটকের উপর; খ্রীষ্টধর্ম নিউ টেস্টামেন্টের উপর; ইসলাম কোরানের উপর প্রতিষ্ঠিত।

চীনের তাও এবং কনফুনিয়াদ মতাবলমীদেরও ধর্মগ্রন্থ আছে, কিন্তু এগুলি বৌদ্ধর্মের সহিত এমন নিবিড়ভাবে মিশিয়া গিয়াছে যে, ঐগুলিকে বৌদ্ধ-ধর্মের অন্তর্গত বলিয়া গণনা করা যায়।

আবার যদিও ঠিক ঠিক বলিতে গেলে সম্পূর্ণ জাতিগত কোন ধর্ম নাই, তবু বলা যায় —ধর্মগোষ্ঠার মধ্যে বৈদিক, ইছদী ও পারসীক ধর্মগুলি ষে-সকল জাতির মধ্যে পূর্ব হইতে ছিল, সেই-সকল জাতির মধ্যেই সীমাবদ্ধ হইয়া রহিয়াছে; আর বৌদ্ধ, এইন ও ইনলাম ধর্ম প্রথমাবধি প্রচারশীল।

বৌদ্ধ, খ্রীষ্টান ও মুদলমানদের মধ্যে জগৎজ্বের সংগ্রাম চলিবে, এবং জাতিগত ধর্মগুলিকেও অনিবার্যভাবে এই সংগ্রামে যোগ দিতে হইবে। এই জাতিগত বা প্রচারশীল ধর্মগুলির প্রত্যেকটি ইতিমধ্যেই নানা শাধার বিভক্ত হইয়ছে এবং নিজেকে পরিবর্তনশীল অবস্থার সহিত থাপ থাওয়াইবার জন্ম জাতদারে বা অজ্ঞাতদারে ব্যাপকভাবে পরিবর্তিত হইয়ছে। ইহা ছারাই প্রমাণিত হয় যে, ধর্মগুলির মধ্যে একটিও এককভাবে সমগ্র মানবঙ্গাতির ধর্ম হইবার উপযোগী নয়। যে-জাতি হইতে যে-ধর্ম উছ্ত হইয়াছে, সেই জাতির কতকগুলি বৈশিষ্ট্য লইয়াই ঐ ধর্ম গঠিত; ঐ বৈশিষ্ট্যগুলির সংরক্ষণ ও বৃদ্ধির দিকে দৃষ্টি থাকায় ঐ-সকলের কোনটিই সমগ্র মানবঙ্গাতির উপযোগী হইতে পারে না। গুরু তাই নয়, উহাদের প্রত্যেক ধর্মে একটি নেতিবাচক ভাব আছে। প্রত্যেক ধর্ম মানব-প্রকৃতির একটি আংশের অবশ্য শ্রীবৃদ্ধিদাধনে সাহাষ্য করে, কিন্ত ইহা ছাড়া যাহা কিছু তাহার ধর্মেনাই, তাহাই দমন করিবার চেষ্টা করে। এইরূপ একটি ধর্ম যদি বিশ্বজনীন হয়, তাহা হইলে তাহা মানবজাতির বিপদ্ ও অবনতির কারণ।

পৃথিবীর ইতিহাস পড়িলে দেখা যায়, সার্বভৌম রাষ্ট্র ও বিশ্ববাপী ধর্মরাজ্যবিষয়ক অপ্ন-সূইটি মানবজাতির মনে বহুকাল যাবং ক্রিয়া করিতেছে, কিন্তু
পৃথিবীর সামাক্ত একটি অংশ বিজিত হুইবার পূর্বেই অধিকৃত রাজ্যগুলি
শতধা ছিন্নভিন্ন হুইয়া মহান্ দিথিজ্যীদের পরিক্রনাঞ্জলি বার্থ করিয়া দেয়,

সেরূপ প্রত্যেক ধর্মই ভাহার শৈশব অবহা উত্তীর্ণ হইবার পূর্বেই ভিন্ন ভিন্ন সম্প্রদায়ে বিভক্ত হইয়া পড়ে।

তথাপি ইহা সত্য বলিয়া মনে হয় বে, অনস্ক বৈচিত্র্য-স্ভাবনাময় মানবজাতির সামাজিক ও ধর্মীয় সংহতিই প্রকৃতির পরিকল্পনা। সর্বাপেকা জল্প
বাধার মধ্য দিয়া অগ্রসর হওয়া যদি যথার্থ কর্মপন্থা হয়, তবে আমার মনে হয়,
প্রত্যেক ধর্ম বিভিন্ন সম্প্রদায়ে বিভক্ত হইলে উহা দারা ধর্মরকাই হয়, ইহাতে
কঠোর একঘেরেমির প্রবণতা ব্যর্থ হয় এবং স্পষ্ট কর্মপন্থা নিধারিত হয়।

অতএব মনে হয়, উদ্দেশ্য—সম্প্রদায়গুলির ধ্বংস নয়, বরং উহাদের সংখ্যাবৃদ্ধি, যে পর্যন্ত না প্রত্যেক ব্যক্তি নিজেই একটি সম্প্রদায় হইয়া দাঁড়ায়। অন্তপক্ষে আবার সব ধর্ম মিলিত হইয়া একটি বিরাট দর্শনে পরিণত হইলেই এক্যের পর্টভূমিকা হাই হয়। পৌরাণিক কাহিনী বা ধর্মামুগ্রানগুলি দারা কখনও ঐক্য সাধিত হয় না, কারণ কল্ম ব্যাপার অপেক্ষা স্থুল বিষয়েই আমাদের মতবৈধ হয়। একই মূলতত্ত স্বীকার করিলেও মাহ্য তাহার আদর্শস্থানীয় ধর্মগুরুর মহত্ত সম্ব্রে ভিন্ন ভিন্ন মত পোষণ করে।

স্তরাং এই মিলন বারা এক্যের ভিত্তি হিসাবে দর্শনের সমন্বয় পাওরা বাইবে, সঙ্গে সঙ্গে প্রত্যেকেই নিজ নিজ আচার্য বা সাধন-পদ্ধতি নির্বাচন করিবার স্বাধীনতা পাইবে। সহস্র সহস্র বৎসর ধরিয়া এইরূপ মিলন স্বাভাবিকভাবে চলিয়া আসিতেছে; শুধু পারস্পরিক বিরুদ্ধাচরণ বারা এই মিলন মাঝে মাঝে শোচনীয়ভাবে প্রতিহত হইয়াছে।

অতএব পরস্পর বিশ্বজাচরণ না করিয়া প্রত্যেক জাতির আচার্ধগণকে অন্ত জাতির নিকট পাঠাইয়া সমগ্র মানবসমাজকে পৃথিবীর বিভিন্ন ধর্ম শিক্ষা দেওয়া উচিত; ইহা হারা বিভিন্ন জাতির মধ্যে পরস্পর ভাবের আদান-প্রদানের সহায়তা হইবে। কিন্তু খৃঃ পৃঃ বিতীয় শতকে ভারতের মহামতি বৌদ্ধ-সম্রাট্ অশোক ষেরপ করিয়াছিলেন, আমরাও যেন সেইরপ অন্তের নিন্দা হইতে বিরত হই ও অপরের দোষাস্থদদান না করিয়া তাহাকে সাহায় করি ও তাহার প্রতি সহাস্কৃতিসম্পন্ন হইয়া তাহার জ্ঞানলাভের সহায় হই।

জড়বিজ্ঞানের বিপরীত আধ্যাত্মিক বিজ্ঞানের বিক্ষম আজ সারা বিখে এক মহা সোরগোল পড়িয়া গিয়াছে। আমাদের ঐহিক জীবন ও এই পরিদৃশ্যমান জগৎকে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করিবার জন্য আমাদের ইন্দ্রিয়জ্ঞানের দীমার বহিভূ ত সকল ভাবের বিরুদ্ধে সংগ্রাম করা অতি ক্রত একটি ফ্যাশনের পরিণত হইতেছে, এমন কি ধর্মপ্রচারকেরাও একের পর এক এই ফ্যাশনের নিকট আত্মসমর্পণ কারতেছেন। অবশ্র চিস্তাহীন জনসাধারণ সর্বদা স্থাবহ ভাবরাশিই অহুসরণ করে, কিন্তু যাঁহাদের নিকট অধিকতর জ্ঞান আশা করা বার, তাঁহারা যথন নিজেদের দার্শনিক বলিয়া প্রচার করেন এবং এই অর্থহীন ফ্যাশন অহুসরণ করেন, তথন উহা সত্যই তৃ:ধজনক।

আমাদের ইন্দ্রিয়গুলি বতক্ষণ স্বাভাবিক-শক্তিসম্পন্ন, ততক্ষণ আমাদের সর্বাপেকা বিশাসবোগ্য পথপ্রদর্শক এবং দেগুলি ষে-সব তথ্য সংগ্রহ করিয়া দেয়, দে-সব যে মানবীয় জ্ঞানসৌধের ভিত্তি—এ-কথা কেই অস্থীকার করে না। কিন্তু বদি কেই মনে করে, মাহুষের সমগ্র জ্ঞান শুধু ইন্দ্রিয়ের অমুভৃতি—আর কিছু নয়, তবে আমরা উহা অস্থীকার করিব। যদি প্রাকৃতিক বিজ্ঞান বলিতে ইন্দ্রিয়লন জ্ঞানই বুঝায়—তার বেশী আর কিছু নয়, তবে আমরা বলিব, এরণ বিজ্ঞান কোন দিন ছিল না, কোন দিন হইবেও না। উপরন্ধ শুধু ইন্দ্রিয়জ্ঞানের উপর প্রতিষ্ঠিত কোন জ্ঞান কথনও বিজ্ঞান বলিয়া গৃহীত হইতে পারিবে না।

অবশ্র ইন্দ্রিয়গুলি জ্ঞানের উপাদান সংগ্রহ করে, এবং উহাদের সাদৃশ্য ও বৈষম্য অসুসন্ধান করে, কিন্তু এখানেই উহাদের থামিতে হয়।

প্রথমতঃ বাহিরের তথ্যসংগ্রহ ব্যাপারও অন্তরের কতকগুলি ভাব এবং ধারণা—যথা দেশ ও কালের উপর নির্ভর করে। বিতীয়তঃ মানস পটভূনিকায় কিছুটা বিমূর্ত ভাব ব্যতীত তথ্যগুলির ব্যাকরণ বা দামাতীকরণ অসম্ভব। দামাতীকরণ যত উচ্চধরনের হইবে, বিমূর্ত পটভূমিকাও তত ইদ্রিয়ামভূতির বাহিরে থাকিবে। দেইখানেই অসংলয় তথ্যগুলি সাজানো হয়। এখন জড়বম্ব, শক্তি, মন, নিয়ম, কারণ, দেশ, কাল প্রভৃতি ভাবগুলি অতি উচ্চ বিমূর্তনের ফল; কেহই কোনদিন এগুলি ইন্তিয় বারা অহতের করে নাই; অথবা বলা যায়, এগুলি একেবারে অভিপ্রাকৃতিক বা অতীক্রিয় অহত্তি। অথচ এগুলি হাড়া কোন প্রাকৃতিক তথ্য বোঝা বায় না। একটি গতিকে বোঝা যায়—একটি শক্তির সাহায্যে। কোন প্রবর্তনগুলি বাঝা বায়—প্রাকৃতিক নিয়মের ভিতর দিয়া, মানসিক পরিবর্তনগুলি ধরা

পড়ে চিন্তায় বা মনে, বিচ্ছিন্ন ঘটনাগুলি শুধু কার্য-কারণের শৃদ্ধল থারাই বোঝা যায়। অথচ কেহই কথন জড় বা শক্তি, নিয়ম বা কারণ, দেশ বা কাল—কিছুই দেখে নাই, এমন কি কল্পনাও করে নাই।

তর্কছলে বলা ষাইতে পারে—বিমূর্তভাবরূপে এগুলির অন্তিত্ব নাই, এগুলি বর্গ বা শ্রেণী হইতে পৃথক্ কিছু নয়, উহা হইতে এগুলি পৃথক্ করা যায় না। ইহাদিগকে কেবল গুণ বলা যাইতে পারে।

এই বিম্র্তন (abstraction) সম্ভব কিনা বা সামান্তীকৃত বর্গ ব্যতীত উহাদের আর কিছু অন্তির আছে কিনা—এই প্রশ্ন চাড়াও ইহা লাই বে, জড় বা শক্তির ধারণা, কাল বা দেশের ধারণা, নিমিত্ত নিয়ম বা মনের ধারণা —এগুলি বিভিন্ন বর্গের নিরপেক স্বন্ধংসম্পূর্ণ একক, এগুলিকে ধর্থন শুধু এই ভাবে —বিম্র্ত নিরপেকভাবে চিন্তা করা ধার, তথনই ইহারা ইন্দ্রিয়ামভূতিলক তথ্য-শুলির ব্যাখ্যাক্রপে প্রতিভাত হয়। অর্থাৎ এই ভাব বা ধারণাগুলি শুধু যে সভ্য তাহা নয়, উহা ব্যতীত ইহাদের বিষয়ে ত্ইটি তথ্য পাওয়া যায়: প্রথম এগুলি অতিপ্রাকৃতিক, বিতীয় অতিপ্রাকৃতিকরূপেই এগুলি প্রাকৃতিক ঘটনা ব্যাখ্যা করে, অক্সক্রপে নয়।

বাহুজগৎ অন্তর্জগতের অনুরূপ বা অন্তর্জগৎ বাহুজগতের অনুরূপ, অড়বন্ত মনেরই প্রতিকৃতি বা মন জড়জগতের প্রতিকৃতি, পারিপার্থিক অবস্থা মনকে নিয়ন্ত্রিত করে অথবা মনই পারিপার্থিক অবস্থা নিয়ন্ত্রপ করে, ইহা অতি প্রাতন প্রাচীন প্রশ্ন, তব্ও ইহা এখনও পূর্বব্ৎ নৃতন ও সভেন্ত, ইহাদের কোন্টি পূর্বে বা কোন্টি পরে, কোন্টি কারণ ও কোন্টি কার্য, মনই জড়বন্তর কারণ বা জড়বন্তই মনের কারণ—এ-সমস্তা সমাধানের চেষ্টা না করিলেও ইহা মতঃশিদ্ধ বে, বাহুজগং অন্তর্জগতের লারা নিয়ন্ত্রিত না হইলেও উহা অন্তর্জগতের অনুরূপ হইতে বাধ্য, না হইলে উহাকে জানিবার আমাদের অন্ত উপায় নাই। বদি ধরিয়াও লওয়া ধায়, বাহুজগৎই আমাদের অন্তর্জগতের কারণ, তব্ও বলিতে হইবে, এই বাহুজগৎ বাহাকে আমরা আমাদের মনের কারণ বলিতেছি, উহা আমাদের নিকট অজ্ঞাত ও অজ্ঞেয়, কেন-না আমাদের মন উহার তভটুকু বা সেই ভাবটুকুই জানিতে পারে, যাহা উহার সহিত উহার প্রতিবিদ্দ্ধশে মেলে। প্রতিবিদ্ধ কথনও বন্ধটির কারণ হইতে পারে না।

স্তরাং বাহ্জগতের যে অংশটুকু—আমরা উহার সমগ্র হইতে ষেন কাটিয়া লইয়া আমাদের মনের দারা জানিতে পারিতেছি, তাহা কখনও আমাদের মনের কারণ হইতে পারে না, কারণ উহার অভিত্ব আমাদের মনের দারাই সীমাবদ্ধ (—মনের দারাই উহাকে জানা বায়)।

এজগুই মনকে জড়বস্ত হইতে উৎপন্ন বলা যাইতে পারে না। উহা বলাও অবঙ্গত, কেন-না আমরা জানি যে, এই বিশ্ব-অন্তিত্বের যে অংশটুকুতে চিন্তা বা জীবনীশক্তি নাই ও যাহাতে বাহু অন্তিত্ব আছে, তাহাকেই আমরা জড়বন্ত বলি, এবং যেখানে এই বাহু অন্তিত্ব নাই এবং যাহাতে চিন্তা বা জীবনী শক্তি রহিয়াছে, তাহাকেই আমরা মন বলি। স্থতরাং এখন যদি আমরা জড়হতে মন বা মন হইতে জড় প্রমাণ করিতে যাই, তাহা হইলে যে-সকল গুণ হারা উহাদিগকে পৃথক্ করা হইয়াছিল, তাহাই অসীকার করিতে হইবে। অতএব মন হইতে জড় বা জড় হইতে মন উৎপন্ন হইয়াছে, বলা ভুগু কথার কথা মাত্র।

আমরা আরও দেখিতে পাই ষে, এই বিতর্কটি মন ও জড়ের ভ্রাস্ত সংজ্ঞার উপর অনেকটা নির্ভর করিতেছে, আমরা মনকে কথন বা জড়ের বিপরীত ও জড় হইতে পৃথক্ বলিয়া বর্ণনা করিতেছি, আবার কথন বা উহাকে মন ও জড়—জড়ের বাহ্য ও আম্বর অংশ মন ব্যতীত কিছুই নয়—উভয়রূপেই বর্ণনা করিতেছি। জড়কেও সেরপ কখন বা আমাদের ইন্দ্রিয়গ্রাহ্থ বাহ্য জগৎ-রূপে আবার কখন বা বাহ্য ও আন্তর উভয় জগতের কারণরূপে বর্ণনা করা হইতেছে। জড়বাদিগণ ভাববাদিগণকে আত্তিকত করিয়া ষ্থন বলেন, তাঁহারা তাঁহাদের পরীক্ষাগারের মূলতত্ত্তলি হইতে মন প্রস্তুত করিবেন, তথন তাঁহারা কিছু এমন এক বছকে প্রকাশ করিতে চাহিতেছেন, যাহা তাঁহাদের সকল মূলতত্ত্বের উধ্বে — বাহা ও অন্তর্জগৎ যাহা হইতে উৎপন্ন, যাহাকে তিনি জড় প্রকৃতিরূপে আখ্যা দিতেছেন, ভাববাদীও সেইরূপ যথন জড়বাদীর মূলতত্ত-গুলি তাঁহারই চিন্তাতত্ত হইতে উৎপন্ন বলিয়া মনে করেন, তথন কিছ ভিনি এমন এক বস্তুর ইন্দিত পাইতেছেন, যাহা হইতে জড় ও চেতন উভয় বস্তুই উৎপন্ন হইতেছে, তাঁহাকেই তিনি বহু সময়ে ঈশব **আখ্যাও দিতেছেন। ই**হার 'অর্থ এই যে, একদল বিশ্ববন্ধাণ্ডের এক অংশ মাত্র জানিয়া উহাকে 'বাহ্ন' বলিয়া বর্ণনা করিতেছেন এবং অক্সদল উহার অপর অংশ জানিয়া উহাকেই ' 'আছর' আখ্যা দিতেছেন। এই উভর প্রেরাসই নিক্ষল। মন বা জড় কোনটিই অপরটিকে ব্যাখ্যা করিতে পারে না। এমন আর একটি বন্তর আবশ্রক, যাহা ইহাদের উভয়কেই ব্যাখ্যা করিতে পারে।

এইরপ যুক্তি দেওয়া বাইতে পারে যে, চিস্তাও কখন মন ব্যতীত থাকিতে পারে না। বদি এমন এক সময় কল্পনা করা বায়, বখন চিস্তার অন্তিত ছিল না, তখন জড়—বেরপে উহাকে আমরা জানি—কি করিয়া থাকিবে? অপর পক্ষে ইহা বলা বাইতে পারে বে, ইন্দ্রিয়ায়ভৃতি ব্যতীত জ্ঞান সম্ভব নয় এবং বখন ঐ অয়ভৃতি বাহাজগতের উপর নির্ভর করে, তখন আমাদের মনের অন্তিত্বও বাহাজগতের অন্তিত্বের উপর নির্ভর করিতেছে।

ইহাও বলা ষাইতে পারে না ষে, ইহাদের (জড় ও মনের) একটি আরম্ভকাল (beginning) রহিয়াছে। সামাগ্রীকরণ ব্যতীত জ্ঞান সম্ভব নয়। সামাগ্রীকরণও আবার কৃতকগুলি সদৃশ বস্তব পূর্বান্তিত্বের উপর নির্ভর করে। পূর্ব অহভৃতি ব্যতীত একটির সহিত আর একটির তৃলনাও সম্ভব নয়। জ্ঞান সেইজ্গু পূর্বজ্ঞানের অপেক্ষা করে, সেজ্গুই উহা চিস্তা ও জড়ের পূর্বান্তিত্বের উপর নির্ভর করিতেছে, উহাদের আরম্ভকাল সেইজ্গু সম্ভব নয়।

ইন্দ্রিয়্ঞান যাহার উপর নির্ভর করে, সেই সামাগ্রীকরণের পশ্চাতেও আবার এমন একটি বন্ধ থাকা আবশ্রক, যাহার উপর ক্ষুত্র ক্ষুত্র অসংলগ্ন ইন্দ্রিয়াস্ভৃতিগুলি একত্র হইতে পারে, চিত্রান্ধনের জন্ম যেমন চিত্রের পশ্চাতে একটি পটের একান্ধ আবশ্রক, আমাদের বাহায়ভূতির জন্মও সেইরূপ একটি কিছুর একান্ধ প্রয়োজন, যাহার উপর ইন্দ্রিয়াস্ভৃতিগুলি একত্র হইতে পারে, যদি চিন্তা বা মনকে ঐ বন্ধ বলা যায়, তবে উহার একত্রীকরণের জন্ম আবার আর একটি বন্ধর প্রয়োজন হইবে। মন একটি অম্ভৃতির প্রবাহ ব্যতীত অন্ধ কিছু নয়, স্ক্তরাং উহাদের একত্রীকরণের জন্ম ঐরূপ একটি পটভূমিকার একান্ধ প্রয়োজন হইবে। এই পটভূমিকা পাইলেই আমাদের সকল বিশ্লেষণ থামিয়া যায়। এই অবিভাজ্য একত্বে না পৌছানো পর্যন্ত আমারা থামিতে পারি না। ঐ একত্বই আমাদের জড় ও চিন্তার একান্ধ-পটভূমি।

বেদান্তের আলোকে

বেদান্তদর্শন-প্রসঙ্গে

বেদান্তবাদী বলেন ষে, মাহ্য জনায় না বা মরে না বা স্থর্গপ্ত ধায় না এবং আত্মার পক্ষে পুনর্জন্ম একটা নিছক কাহিনী মাত্র। দৃষ্টান্ত দিয়া বলা বায় ষে, ষেন একটি পুশুকের পাতা উলটানো হইতেছে; ফলে পুশুকটির পাতার পর পাতা শেষ হইতেছে, কিছু পাঠকের উহাতে কিছুই হইতেছে না। প্রত্যেক আত্মা সর্বব্যাপী; স্থতরাং উহা কোথায় বাইবে বা কোথা হইতে আসিবে? এই-সব জন্ম-মৃত্যুতে প্রকৃতির পরিবর্তন হয় এবং আমরা ভূলক্রমে উহাকে আমাদের পরিবর্তন বলিয়া মনে করি। পুনর্জন্ম প্রকৃতির অভিব্যক্তি এবং অস্কর্তের স্থিত ভগবানের বিকাশ।

বেদান্ত-মতে প্রত্যেক জীবন অতীতের উপর গঠিত এবং ষধুন আমরা আমাদের সমগ্র অতীতটাকে দেখিতে পাইব, তথনই আমরা মৃক্ত হইব। মৃক্ত হইবার ইচ্ছা শৈশবেই ধর্মপ্রবণতার রূপ লয়। সমগ্র সত্যটি মৃমৃক্ষুর নিকট পরিক্ট হইতে কয়েক বংসর যেন লাগে। এই জন্ম পরিত্যাগ করিবার পর পরবর্তী জন্মের জন্ম অপেকা করিতে হয়; তথনও মাহ্য মায়ার ভিতর থাকে।

আমরা আত্মাকে এইভাবে বর্ণনা করি: শস্ত্র উহাকে ছেদন করিতে পারে না, বর্ণা বা কোন তীক্ষধার অস্ত্র উহাকে ভেদ করিতে পারে না, অগ্নি উহাকে দহন করিতে পারে না, জল উহাকে দ্রুব করিতে পারে না; উহা অবিনাশী, সর্বব্যাপী। স্থতরাং ইহার জন্ম শোক করা উচিত নয়।

বিশাস করি বে, অনাগত ভবিয়তে উহা ভাল হইবেই। সকলের জন্ম শাখত মৃক্তি—ইহাই হইল আমাদের মৃল নীতি। প্রত্যেককেই ইহা লাভ করিতে হইবে। মৃক্তি ছাড়া অন্য সমন্ত বাসনাই ভ্রমপ্রস্ত। বেদান্তী, বলেন, প্রত্যেক সৎ কর্ম সেই মৃক্তিরই প্রকাশ।

আমি বিশাস করি না যে, এমন এক সময় আসিবে, যখন জগৎ হইতে সমন্ত অভাত অভাহিত হইবে। ইহা কি করিয়া হইতে পারে ? এই প্রবাহ চলিতেছে। এক প্রান্ত দিয়া জল বাহির হইয়া যাইতেছে, আবার অন্য প্রান্ত

দিয়া উহা পুনরায় প্রবেশ করিতেছে। বেদাস্ত বলেন, তুমি শুদ্ধ ও পূর্ণ;
এবং এমন একটি অবস্থা আছে, যাহা শুভ ও অশুভের উর্ধে। উহাই হইল
তোমার স্বরূপ। আমরা যাহাকে শুভ বলি, তাহা অপেক্ষাও উহা উচ্চতর।
অশুভ হইতে কিঞ্চিৎ ভিন্ন মাত্র। অশুভ (পাপ) বলিয়া আমাদের কোন
তত্ব নাই। আমরা ইহাকে অজ্ঞান বলি।

আমাদের নীতিশাল্প, আমাদের লোক-ব্যবহার—উহা যতদ্র পর্যন্ত বাক না কেন, সবই মায়ার জগতের ভিতরে। সত্যের পরিপূর্ণ বিবৃতি হিসাবে অজ্ঞানাদি বিশেষণ ঈশরে প্রয়োগ করিবার চিন্তাও আমরা করিতে পারি না। তাঁহার সম্বন্ধে আমরা শুধু বলি, তিনি সংস্করণ জ্ঞানস্বরূপ ও আনন্দস্বরূপ। চিন্তা ও বাক্যের প্রত্যেক প্রয়াস স্তষ্টাকে দৃশ্যে পরিণত করিবে এবং উহার স্বরূপের হানি ঘটাইবে।

একটি, কথা এই প্রসঙ্গে স্বরণ রাখিতে হইবে: আমিই ব্রহ্ম—এই কথা ইন্দ্রিয় সম্বন্ধে বলা ঘাইতে পারে না। ইন্দ্রিয়-বিষয়ে যদি তৃমি বলো—আমিই ব্রহ্ম, তাহা হইলে অক্সায় কর্ম করিতে কে তোমাকে বাধা দিবে? স্ক্তরাং তোমার ঈশবত্ব শুধু মায়ার জগতের উর্ধেই প্রযুক্ত হইতে পারে। বদি আমি যথার্থই ব্রহ্ম হই, তাহা হইলে ইন্দ্রিয়ের আক্রমণের উর্ধে আমি অবশ্রই থাকিব এবং কোন অসৎ কর্ম করিতে পারিব না। নৈতিকতা অবশ্র মাহ্মবের লক্ষ্য নয়, কিন্তু মুক্তিপ্রাপ্তির ইহা একটি উপায়। বেদান্ত বলেন, যোগও একটি পথ, বে-পথে মাহ্ম এই ব্রহ্ম উপলব্ধি করিতে পারে। বেদান্ত বলেন, অন্তরে যে মুক্তি আছে, তাহা উপলব্ধি করিতে পারিলেই ব্রহ্মাহ্মভৃতি হয়। নৈতিকতা ও নীতিশান্ধ ঐ লক্ষ্যে পৌছিবার বিভিন্ন পথ মাত্র, ঐসবকে ব্রথারথ স্থানে বলাইতে হয়।

অবৈত দর্শনের বিরুদ্ধে যত সমালোচনা হয়, তাহার সারমর্ম হইল এই যে,
অবৈত বেদাস্ত ইন্দ্রিয়ভোগে উৎসাহ দেয় না। আমরা আনন্দের সহিতই
উহা স্থাকার করি। বেদান্তের আরম্ভ নিতান্ত তঃখবাদে এবং শেষ হয় যথার্থ
আশাবাদে। ইন্দ্রিয়জ আশাবাদ আমরা অস্বীকার করি, কিন্তু অতীন্দ্রিয়
আশাবাদ আমরা জোরের সহিত ঘোষণা করি। প্রকৃত স্থ ইন্দ্রিয়ভোগে
নাই—উহা ইন্দ্রিয়ের উর্দ্ধে এবং উহা প্রতি মান্থ্রের ভিতরেই রহিয়াছে।
জগতে আমরা যে আশাবাদের নির্দর্শন দেখি, উহা ইন্দ্রিয়ের মাধ্যমে ধাংসের

অভিমুখে লইয়া যাইটেছে। আমাদের দর্শনে ত্যাগকে সর্বাপেকা গুরুত্ব দেওয়া হয়। কিন্তু ঐ ত্যাগ বা নেতিভাব আত্মার যথার্থ অন্তিত্বই স্থাচিত করে। বেদান্ত ইন্দ্রিয়ন্তগংকে অস্বীকার করেন—এই অর্থে বেদান্ত নৈরাশ্রবাদী, কিন্তু প্রকৃত জগতের কথা ঘোষণা করে বলিয়া আশাবাদী।

বেদান্ত মাহবের বিচারশক্তিকে যথেষ্ট স্বীকৃতি দেয়, যদিও ইহাতে বৃদ্ধির অতীত আর একটি সভা রহিয়াছে, কিন্তু উহারও উপলব্ধির পথ বৃদ্ধির ভিতর দিয়া। সমস্ত পুরাতন কুদংস্কার দ্ব করিবার জন্ম যুক্তি একান্ত প্রয়োজন। তারপর বাহা থাকিবে, তাহাই বেদান্ত। একটি হৃদ্দর সংস্কৃত কবিতা আছে, যেখানে ঋবি নিজেকে সম্বোধন করিয়া বলিতেছেন, 'হে স্থা, কেন তৃমি কৃদ্দন করিছেছ? তোমার জন্ম-মরণ-ভীতি নাই। তৃমি কেন কাঁদিতেছ? তোমার কেন ক্রম আই, কারণ তৃমি অসীম নীল আকাশ-সদৃশ, অবিকারী তোমান্ন সভাব। আকাশের উপর নানা বর্ণের মেঘ আদে, মূহুর্তের জন্ম থেলা করিয়া চলিয়া বায়, কিন্তু সাকাশ সেই একই থাকে। তোমাকে কেবল মেঘগুলি সরাইয়া দিতে হইবে।''

আমাদের কেবল দার খুলিয়া দিতে হইবে এবং পথ পরিষ্কার করিয়া ফেলিতে হইবে। জল আপন বেগে ধাবিত হইবে এবং নিজের স্বভাবেই ক্ষেত্রটিকে আপুত করিয়া ফেলিবে, কেন-না জল তো পূর্বেই সেধানে ছিল।

মাহ্য অনেকটা চেতন, কিছুটা অচেতন আবার চেতনের উর্ধে বাইবারও সম্ভাবনা তাহার আছে। কেবল আমরা যখন যথার্থ মাহ্য হইতে পারিব, তথনই আমরা বিচারের উপরে উঠিতে পারিব। 'উচ্চতর' বা 'নিয়তর' শব্দগুলি কেবল মায়ার জগতে ব্যবহৃত হইতে পারে। কিছু সভ্যের জগতে উহাদের সম্বন্ধে কিছু বলা নিতান্ত অসকত; কাবণ সেখানে কোন ভেদ নাই। মায়ার জগতে মহয়াই সর্বশ্রেষ্ঠ। বেদান্তী বলেন, মাহ্য দেবতা অপেকা বড়। দেবতাদেরও মরিতে হইবে এবং প্নরায় মানবদেহ ধারণ করিতে হইবে। কেবলমাত্র নরদেহে তাহারা পূর্বি লাভ করিতে পারে।

ইহা সত্য যে, আমরা একটা মতবাদ সৃষ্টি করিতেছি। আমরা স্বীকার করি যে, ইহা ক্রটিহীন নয়, কারণ সত্য অবশ্রই সমস্ত মতবাদের উর্ধে।

১ দ্রষ্টব্য : অবধৃতগীতা, ৩।৩৪-৩৭

কিন্তু অন্ত মতবাদগুলির সহিত তুলনা করিলে আমরা দেখিব যে, বেদান্তই একমাত্র যুক্তিসকত মতবাদ। তবুও ইহা সম্পূর্ণ নয়, কারণ যুক্তি ও বিচার সম্পূর্ণ নয়। ইহাই একমাত্র সন্ভাব্য যুক্তিসকত মতবাদ, যাহা মানব-মন ধারণা করিতে পারে।

ইহা অবশ্য সত্য ষে, একটি মতবাদকে শক্তিশালী হইতে হইলে তাহাকে প্রচারশীল হইতে হইবে। বেদান্তের আয় কোন মতবাদ এত প্রচারশীল হয় নাই। আজও পর্যন্ত ব্যক্তিগত সংস্পর্শ ছারাই ষথার্থ শিক্ষা দেওয়া হইয়া থাকে। বহু অধ্যয়নের ছারা প্রকৃত মহয়ত্ব লাভ করা যায় না। যাহারা যথার্থ মাহ্ব ছিলেন, ব্যক্তিগত সংস্পর্শ ছারাই তাঁহারা ঐক্প হইতে পারিয়াছিলেন। ইহা সত্য যে, প্রকৃত মাহ্বের সংখ্যা খ্বই অল্প, কিন্তু কালে তাঁহাদের সংখ্যা বাড়িবে। তথাপি তোমরা বিশাস করিতে পার না যে, এমন একদিন আসিবে, যথন আমরা সকলেই দার্শনিক হইয়া ছাইব। আমরা বিশাস করি না যে, এমন এক সময় আসিবে, যথন একমাত্র হুখই থাকিবে এবং কোন তুঃথই থাকিবে না।

মধ্যে মধ্যে আমাদের জীবনে পরম আনন্দের মূহুর্ত আদে, যথন আনন্দ ছাড়া আমরা আর কিছুই চাই না, আর কিছুই দিই না বা জানি না। তারপর সেই ক্ষণটি চলিয়া যায় এবং আমাদের সমূখে জগৎপ্রপঞ্চ অবস্থিত দেখি। আমরা জানি, ঈশবের উপর একটি পর্দা চাপানো হইয়াছে মাত্র এবং ঈশরই সমস্ত বস্তুর পটভূমিকার্মপে অবস্থান করিতেছেন।

বেদান্ত শিক্ষা দেয় যে, নির্বাণ এই জীবনেই পাওয়া ষাইতে পারে, উহা পাওয়ার জন্ম মৃত্যু পর্যন্ত অপেক্ষা করিতে হয় না। আত্মামুভূতিই নির্বাণ এবং এক মৃহুর্তের জন্মও উহা একবার সাক্ষাৎ করিলে আর কথনও কেহ ব্যক্তিত্বের মরীচিকায় মোহগ্রন্ত হয় না। আমাদের চক্ষ্ আছে, স্কৃতরাং এই পরিদৃশুমান জগৎ আমরা অবশুই দেখিব, কিন্তু সর্বদা আমরা জানিব, উহা কি। আমরা ইহার প্রকৃত স্বভাব জানিয়া ফেলিয়াছি। আবরণই আত্মাকে আচ্ছাদিত করে, আত্মা কিন্তু অপরিবর্তনীয়। আবরণ খুলিয়া যায় এবং আত্মাকে ইহার পশ্চাতে দেখিতে পাই। সব পরিবর্তনই এই আবরণে। মহাপুরুষে আবরণটি ক্ষম এবং আত্মা তাহার ভিতর দিয়া প্রায়ই প্রকাশিত হয়। পাপীতে আবরণটি ঘন, সেজন্ম তাহার আবরণের

পশ্চাতে যে আত্মা রহিয়াছেন এবং মহাপুরুষের আবরণের পশ্চাতেও যে সেই একই আত্মা বিরাজ করিতেছেন—এই সত্যটি আমরা ভূলিয়া যাই। যথন আবরণটি নিঃশেষে অপসারিত হইবে, তখন আমরা দেখিব, উহা কখনই ছিল না এবং আমরা আত্মা ছাড়া আর কিছুই নই। আবরণের অন্তিত্বও আর আমাদের স্মরণে থাকিবে না।

জীবনে এই বৈশিষ্ট্যের হুইটি দিক আছে। প্রথমত: জাগতিক কোন বস্তু দ্বারা আত্মন্ত মহাপুরুষ প্রভাবিত হন না। দ্বিতীয়ত: একমাত্র তিনিই জগতের কল্যাণ করিতে সমর্থ হন। পরোপকার করার পশ্চাতে যে যথার্থ প্রেরণা, তাহা তিনিই উপলব্ধি করিয়াছেন, কারণ তাঁহার কাছে এক ছাড়া আর দিতীয় নাই। ইহাকে অহমার বলা যায় না, কারণ উহা ভেদাত্মক। ইহাই একমাত্র নিঃস্বার্থপরতা। তাঁহার দৃষ্টি বিশক্তনীন, ব্যক্তি-সর্বস্থ নয়। প্রেম ও সহাত্ত্তির প্রত্যেক ব্যাপার এই বিশ্বজনীনতার প্রকাশ—'নাহং, তুঁহু' তাঁহার এই ভাবটিকে দার্শনিক পরিভাষায় বলা যাইতে পারে, 'তুমি অপরকে সাহাষ্য কর, কারণ তুমি যে তাহাতে আছ এবং সেও যে তোমাতে আছে।' একমাত্র প্রকৃত বেদান্তীই তাঁহার ন্যায় মামুষকে সাহায্য করিতে পারিবেন ও বিনা দ্বিধায় তাঁহার জীবনদান করিবেন, কারণ তিনি জানেন যে, তাঁহার মৃত্যু নাই। জগতে ষতক্ষণ একটিমাত্র পোকাও জীবিত থাকিবে, ততক্ষণ তিনিও জীবিত থাকিবেন, যতক্ষণ একটিমাত্র জীবও ভক্ষণ করিবে, ততক্ষণ তিনিও ভক্ষণ করিবেন। স্থতরাং তিনি পরোপকার করিয়া যান, দেহকে সর্বাগ্রে বক্ষা করিতে হুইবে—এই আধুনিক ধারণা তাঁহাকে কথনও বাধা দিতে পারিবে না। যখন মাহুষ ত্যাগের এই শীর্ষে উপনীত হন, তখন তিনি নৈতিক দ্বন্দ প্রভৃতি সব কিছুর উপরে প্রতিষ্ঠিত হন, তথন তিনি পণ্ডিত বান্ধণ, গরু, কুকুর ও অতিশয় দৃষিত স্থানকৈ আর বান্ধণ, গরু, কুকুর ও দ্বিত স্থানক্লপে দেখেন না, কিন্তু দেখেন সেই একই ব্ৰহ্ম স্বয়ং সৰ্বত বিরাজ করিতেছেন।³

এইরূপ সমদর্শী পুরুষই স্থা এবং তিনিই ইংজীবনে সংসার জয় করিয়াছেন অর্থাৎ জন্ম-মৃত্যুর পারে পিয়াছেন। ই ইশব দ্বাদি-বর্জিত;

১ গীতা, ৭১৮

স্তরাং বলা হয় যে, সমদৃষ্টিদম্পন্ন ব্যক্তির ঈশ্বরলাভ হইয়াছে, তিনি ব্রাক্ষীহিতি লাভ করিয়াছেন।

ষীও বলেন, 'আবাহামের পূর্বেও আমি ছিলাম।' ইহার অর্থ এই বে,
বীও এবং তাঁহার মতো অবতার-পুরুষেরা মৃক্ত আআ। নাজারেথের বীও
তাঁহার প্রারন্ধের বশবতী হইয়া মানবন্ধপ ধারণ করেন নাই, করিয়াছিলেন
মানব-কল্যাণের জ্ঞাই। ইহা ভাবা উচিত নয় যে, মাহ্রষ যথন মৃক্ত
হয়, তখন সে কর্ম করিতে পারে নাও একটা জড় মৃংপিণ্ডে পরিণত হয়।
পরস্ক সেই মাহ্রষ অপরের অপেকা অধিকতর উভামী হন, কারণ অপরে বাধ্য
হইয়া কর্ম করে, আর তিনি স্বাধীনভাবে কর্ম করেন।

ষদি আমরা ঈশর হইতে অভিন্ন হই, তাহা হইলে কি আমাদের কোন শাতস্ত্র্য থাকিবে না ? হাঁা, নিশ্চয়ই থাকিবে। ঈশরই আমাদের স্বকীয়তা। এখন যে তোমার স্বাতয়্য আছে, উহা অবশ্য সেরপ নয়। তুমি উহার দিকে অগ্রদর হইতেছ। স্বকীয়তার অর্থ এই যে, উহা এক অবিভাজ্য বস্তু। বর্তমান স্বাতয়্রকে কি করিয়া তুমি স্বকীয়তা বলো ? এখন তুমি এক রকম চিন্তা করিতেছ, এক ঘণ্টা পরে আবার আর এক রকম এবং তুই ঘণ্টা পরে আবার অন্ত রকম চিন্তা করিতেছ, এক ঘণ্টা পরে আবার আর এক রকম এবং তুই ঘণ্টা পরে আবার অন্ত রকম চিন্তা করিবে। স্বকীয়তার পরিবর্তন নাই। উহা সর্ব বস্তর উপরে—অপরিবর্তনীয়। আমরা বর্তমানে যে অবস্থায় আছি, ঐ অবস্থায় চিরকাল থাকা অত্যন্ত বিপজ্জনক। কারণ তাহা হইলে তস্কর তস্করই থাকিয়া যাইবে, বদমাশ বদমাশই থাকিবে, অন্ত কিছু হইতে পারিবে না। প্রকৃত স্বকীয়তার কোনই পরিবর্তন হয় না এবং কোন কালে হইবেও না এবং উহাই ঈশ্বর, যিনি আমাদের ভিতর নিত্য বিরাজমান।

বেদান্ত এক বিশাল পারাবার-বিশেষ, যাহার উপরে একটি যুদ্ধজাহাক্ত ও একটি ভেলার পাশাপালি স্থান হটতে পারে। এই বেদান্ত-মহাদাপরে একজন প্রকৃত যোগী—একজন পৌত্তলিক বা এমন কি একজন নান্তিকের সহিত্ত সহ-অবস্থান করিতে পারেন। তথু তাই নয়, বেদান্ত-মহাদাপরে হিন্দু, মুসলমান, এটান, পাশী সব এক—সকলেই সর্বশক্তিমান্ ঈশরের সন্তান।

সভ্যতার অন্যতম শক্তি বেদাস্ত

ইংলঙের অন্তর্গত রিজ্ঞওয়ে গার্ডেনস-এ অবস্থিত এয়ালি লজে প্রদন্ত বক্তৃতার অংশবিশেষ।

বাঁহাদের দৃষ্টি শুধু বস্তুর সূল বহিরকে আবন্ধ, তাঁহারা ভারতীয় জাতির মধ্যে দেখিতে পান—কেবল একটি বিজিত ও নিৰ্ধাতিত জনসমাজ, কেবল এক দার্শনিক ও স্বপ্রবিলাসী মানব-গোষ্ঠা। ভারতবর্ষ যে আখ্যাত্মিকতার কেত্রে জগজ্ঞয়ী, মনে হয়—তাঁহারা ইহা অহুভব করিতে অকম। অবশ্র এ-কথা সভ্য বে, যেমন অভিমাত্র কর্মচঞ্চল পাশ্চাত্য জাতি প্রাচ্যের অন্তর্মুখীনতা ও ধ্যানময়তার শাহায্যে লাভবান্ হইতে পারে, সেইরূপ প্রাচ্যজাতিও অধিকতর কর্মোত্তম ও শক্তি-অর্জনের দারা লাভবান্ হইতে পারে। তাহা সত্ত্বেও এ প্রশ্ন অনিবার্য হে, পৃথিবীর অক্সান্ত জাতি একে একে অবক্ষয়ের সমুখীন হইলেও কোন্ শক্তিবলে নিপীড়িত এবং নিৰ্যাতিত হিন্<u>দু</u> ও ইহুদী জ্বাভিই (যে তুইটি জ্বাভি হইতে পৃথিবীর সব ধর্মযভের স্বষ্ট হইয়াছে) আৰও বাঁচিয়া আছে? একমাত্ৰ তাহাদের অধ্যাত্ম-শক্তিই ইহার কারণ হইতে পারে। নীরব হইলেও হিন্দুজাতি আজও বাঁচিয়া আছে, আর প্যালেফীইনে বাদকালে ইহুদীদের যে সংখ্যা ছিল, বর্তমানে তাহা বাডিয়াছে। বস্তুতঃ ভারতের দর্শনচিন্তা সমগ্র সভাব্বগতের মধ্যে অহপ্রবেশ করিয়া ভাহার রূপাস্তর সাধন করিয়া চলিয়াছে এবং তাহাতে অহুস্যত হইয়া আছে। পুরাকালে যথন ইওরোপখণ্ডের অন্তিত্ব অজ্ঞাত ছিল, তথনও ভারতের বাণিক্য স্থদ্র আফ্রিকার উপকৃলে উপনীত হইয়া পৃথিবীর অ্যান্ত অংশের সহিত ভারতের যোগাযোগ স্থাপন করিয়াছিল; ফলে ইহাই প্রমাণিত হয় যে, ভারতীয়েরা ক্থনও ভাহাদের দেশের বাহিরে পদার্পণ করেন নাই—এ বিশ্বাদের কোনও ভিত্তি নাই।

ইহাও লক্ষণীয় যে, ভারতে কোনও বৈদেশিক শক্তির আধিণত্য-বিন্তার যেন সেই বিজয়ী শক্তির ইতিহাসে এক মাহেক্রকণ; কারণ সেই দদ্ধিকণেই তাহার লাভ হইয়াছে—এশর্ষ, অভ্যুদয়, রাজ্যবিন্তার এবং অধ্যাত্ম-সম্পদ। পাশ্চাত্য দেশের লোক সর্বদা ইহাই নির্ণয় করিতে সচেষ্ট যে, এ জগতে কত বেশি বস্তু দে আয়ত্ত করিয়া ভোগ করিতে পারিবে। প্রাচ্যদেশের লোক তাহার বিপরীত পথ অবলম্বন করিয়া চলে ও পরিমাণ করিতে চায় যে, কত অল্ল ঐহিক সম্পদের ঘারা তাহার দিন চলিতে পারে। বেদে আমরা এই স্প্রাচীন জাতির ঈশর-অন্থলদানের প্রয়াস দেখিতে পাই। ঈশরের অন্থলদানে বতী হইয়া তাঁহারা ধর্মের বিভিন্ন ভবের উপনীত হইয়াছিলেন। তাঁহারা পূর্বপুরুষদের উপাসনা হইতে আরম্ভ করিয়া ক্রমে অগ্লি অর্থাৎ অগ্লির অধিষ্ঠাতা দেবতা, ইল্ল অর্থাৎ বজের অধিষ্ঠাতা দেবতা, এবং বরুণ অর্থাৎ দেবগণের দেবতার উপাসনায় উপনীত হইয়াছিলেন। ঈশর সম্বন্ধে এই ধারণার ক্রমবিকাশ—এই বহু দেবভা হইতে এক পরম দেবতার ধারণায় উপনীত হওয়া আমরা সকল ধর্মতেই দেখিতে পাই। ইহার প্রকৃত ভাৎপর্য এই যে, যিনি বিশ্বের স্পষ্টি ও পরিপালন করিতেছেন, এবং যিনি সকলের অন্তর্যামী, তিনিই সকল উপজাতীয় দেবতার অধিনায়ক। ঈশর সম্বন্ধে ধারণা ক্রমবিকাশের পথে চলিয়া বহুদেবতাবাদ হইতে একেশ্বরবাদে পরিণত হইয়াছে। কিন্তু ঈশরকে এই প্রকার মানবীয় রূপগুণে বিভূষিত ভাবিয়া হিন্দুমন পরিত্ত হয় নাই, কারণ বাহারা ঈশরান্থসদ্ধানে ব্যাপৃত, তাঁহাদের নিকট এই মত অত্যন্ত মানবীয় ভাবে পূর্ণ।

স্তরাং অবশেষে তাঁহারা এই ইক্রিয়গ্রাহ্ন বহির্জগৎ ও জড়বন্ধর মধ্যে ঈশ্বরাহ্সদানের প্রয়াস পরিত্যাগ করিয়া অন্তর্জগতে তাহাদের দৃষ্টিকে নিবদ্ধ করিলেন। অন্তর্জগৎ বলিয়া কিছু আছে কি ? যদি থাকে, তাহা হইলে তাহার শ্বরূপ কি ? ইহা শ্বরূপতঃ আত্মা, ইহা তাঁহাদের নিজ্ঞ সত্তার সহিত অভিন্ন এবং একমাত্র এই বন্ধ সম্বন্ধেই মাহ্য নিশ্চিত হইতে পারে। আগে নিজেকে জানিতে পারিলেই মাহ্য বিশকে জানিতে পারে, অক্তথা নয়। এই একই প্রশ্ন স্প্রির আদিকালে ঋথেদে ভিন্নভাবে করা হইয়াছিল—'স্প্রের আদি হইতে কে বা কোন্ তন্ধ বর্তমান?' এই প্রশ্নের সমাধান ক্রমে বেদান্তন্দর্শন বলেন, আত্মা আছেন অর্থাৎ বাহাকে আমরা পর্যতন্ধ, স্বাত্মা বা শ্ব-শ্বরূপ বলিয়া অভিহিত করি, তাহা হইল সেই শক্তি, যাহা দ্বারা আদিকাল হইতে স্ব কিছু প্রকাশ্যান হইয়াছে, এখনও হইতেছে এবং ভবিন্যতেও হইবে।

বৈদান্তিক একদিকে ধেমন প্রশ্নের সমাধান ঐ করিলেন, তেমনি আবার নীতিশাল্কের ভিত্তিও আবিষ্কার করিয়া দিলেন। যদিও সকল ধর্মসম্প্রদায়ই

'হত্যা করিও না, অনিষ্ট করিও না, প্রতিবেশীকে আপনার গ্রায় ভালবাদো' ইত্যাদি নীতিবাক্য শিক্ষা দিয়াছেন, তথাপি কেহই তাহাদের কারণ নির্দেশ করেন নাই। 'কেন আমি আমার প্রতিবেশীর ক্ষতিসাধন করিব না ?'--এই প্রশ্নের সস্তোষজনক বা সংশয়াতীত কোন উত্তরই ততক্ষণ পর্যন্ত পাওয়া যায় নাই, ষতকণ পর্যন্ত হিন্দুরা ওধু মতবাদ লইয়া তৃপ্ত না থাকিয়া আধ্যাত্মিক গবেষণা-সহায়ে ইহার মীমাংদা করিয়া দিলেন। হিন্দু বলেন, আত্মা নির্বিশেষ ও সর্বব্যাপী, এবং সেইজ্ঞ অনস্ত। অনস্ত বস্তু কথনও তুইটি হইতে পারে না, কারণ তাহা হইলে এক অনস্তের দারা অপর অনন্ত সীমাবদ্ধ হইবে। জীবাত্মা সেই অনন্ত সর্বব্যাপী পরমাত্মার অংশবিশেষ, অতএব প্রতিবেশীকে আঘাত করিলে প্রকৃতপক্ষে নিজেকেই আঘাত করা হইবে। এই স্থুল আধ্যাত্মিক তত্তটিই সর্বপ্রকার নীতিবাক্যের মৃলে নিহিত আছে। অনেক সময়ই বিখাস করা হয় যে, পূর্ণ পরিণতির পথে অগ্রগতির কালে মাহুষ ভ্রম হইতে সত্যে উপনীত হয় এবং এক ধারণা হইতে অপর ধারণায় উপনীত হইতে হইলে পূর্বেরটি বর্জন করিতে হয়। কিন্তু ভ্রাম্ভি কথনও সত্যে লইয়া যাইতে পারে না। আত্মা যথন বিভিন্ন স্তরের মধ্য দিয়া অগ্রদর হইতে থাকে, তথন সে এক সত্য হইতে অপর সত্যে উপনীত হয়, এবং তাহার পক্ষে প্রত্যেক শুরই সত্য। আত্মা ক্রমে নিয়তর সত্য হইতে উর্ধ্বতর সত্যে উপনীত হয়। বিষয়টি এইভাবে দৃষ্টাস্ত দারা বুঝাইতে পারা যায়। এক ব্যক্তি সুর্যের অভিমুখে যাত্রা করিল এবং প্রতি পদে সে আলোক-চিত্র গ্রহণ করিতে লাগিল। প্রথম চিত্রটি দ্বিতীয় চিত্র হইতে কতই না পৃথক্ হ**ইবে**, এবং তৃতীয়টি হইতে কিংবা সূর্যে উপনীত হইলে সর্বশেষটি হইতে উহা আরও কত পৃথক্ হইবে! এই চিত্রগুলি পরস্পর অত্যস্ত ভিন্ন হইলেও প্রত্যেকটিই সভ্য ; বিশেষ 😘 এইটুকু যে, দেশকালের পরিবেশ পরিবর্তিভ হওয়ায় ভাহারা বিভিন্নরূপে প্রতীত হইতেছে। এই সভ্যের স্বীকৃতির ফলেই হিন্দুগণ সর্বনিম্ন হইতে সর্বোচ্চ ধর্মের মধ্যেই নিহিত সর্বদাধারণ সভ্যকে উপলব্ধি করিতে সমর্থ হইয়াছেন এবং এইজ্ঞাই সকল জাতির মধ্যে একমাত্র হিন্দুগণই ধর্মের নামে কাহারও উপর অত্যাচার করে নাই। কোন মুদ্লমান সাধকের শ্বতিদৌধের কথা মুসলমানরা বিশ্বত হইলেও হিন্দুদের ঘারা তাহা প্জিত হয়। হিন্দুগণের এইরূপ পরধর্ম-দহিষ্ণুতার বহু দৃষ্টাস্ত উল্লেখ করা ঘাইতে পারে।

প্রাচ্য মন ষতক্ষণ পর্যন্ত সমগ্র মানবন্ধাতির বাঞ্চিত লক্ষ্য---ঐক্য না পায়, ততক্ষণ পর্যন্ত কোনমতেই সম্ভষ্ট থাকিতে পারে না। পাশ্চাত্য বৈজ্ঞানিক একমাত্র ঋণু বা পরমাণুর মধ্যে এক্যের সন্ধান করেন। যথন তিনি উহা প্রাপ্ত হন, তখন তাঁহার আর কোন কিছু আবিষ্কার করিবার থাকে না। আর আমরা যথন আত্মার বা স্ব-স্বরূপের ঐক্য দর্শন করি, তথন আর অধিক অগ্রসর হইতে পারি না। আমাদের নিকট তখন ইহা স্পষ্টই প্রতিভাত হয় যে, সেই একমাত্র সন্তাই ইন্দ্রিয়গ্রাহ্ন জগতের যাবতীয় বম্বরূপে প্রতীত হইতেছে। অণুর নিজম্ব দৈর্ঘ্য বা বিস্তৃতি না থাকিলেও অণুগুলির মিশ্রণের ফলে দৈর্ঘ্য, প্রস্থ ও বিস্তৃতির উদ্ভব হয়--এইরূপ কথা স্বীকার করার সঙ্গে সঙ্গে বৈজ্ঞানিক-দিগকে বাধ্য হইয়া অধ্যাত্মশাস্ত্রের সভ্যতাও স্বীকার করিতে হয়। যখনই এক অণু অপর অণুর উপর ক্রিয়া করে, তখনই একটি যোগস্তের প্রয়োজন হয়। এই যোগস্ত্রটি কিরূপ ? যদি ইহা একটি তৃতীয় অণু হয়, তাহা হইলে সেই পূর্বের প্রশ্নটি অমীমাংসিতই থাকিয়া যায়, কারণ প্রথম ও দ্বিতীয় অণু কিরুপে তৃতীয় অণুর উপর কার্য করিবে? এইরূপ যুক্তি যে অনবস্থাদোষতৃষ্ট, তাহা অতি সুস্পষ্ট। সকল প্রকার পদার্থবিদ্যা এই এক আপাতসত্য মভবাদের উপর নির্ভর করিতেছে যে, বিন্দুর নিজের কোন পরিমাণ নাই, আর বিন্দুর মিলনে গঠিত রেখার দৈর্ঘ্য আছে অথচ প্রস্থ নাই---এই স্বীকৃতিতেও পরম্পর-বিরোধ থাকিয়া যায়। এইগুলি দেখা যায় না, ধারণাও করা যায় না। কেন? কারণ এগুলি ইন্দ্রিয়গ্রাহ্ বম্ব নয়, অধাত্মি বা তাত্তিক ধারণা মাত্র। স্তরাং পরিশেষে দেখা যায়, মনই সকল অহুভবের আকার দান করে। আমি যথন কোন চেয়ার দেখি, তখন আমি আমার চক্রিন্দ্রিরের বাহিবে অবস্থিত বাস্তব চেয়ারটি দেখি না, বহিঃস্থ বস্থ এবং তাহার মানস প্রতিচ্ছায়া—এই উভয়ই দেখি; অভএব শেষ পর্যন্ত জডবাদীও ইন্দ্রিয়াতীত অধ্যাত্ম-তত্ত্বে উপনীত হন।

বেদান্ত-দর্শনের তাৎপর্য ও প্রভাব

বস্টনের টোরেন্ট ীয়েথ সেঞ্রী ক্লাবে প্রদন্ত ভাষণ।

আৰু যথন হুযোগ পাইয়াছি, তখন এই অপরাহের আলোচ্য বিষয় আরম্ভ করার পূর্বে একটু ধস্তবাদ প্রকাশের অন্থমতি নিশ্চয় পাইব। আমি আপনাদের মধ্যে তিন বৎদর বাদ করিয়াছি এবং আমেরিকার প্রায় সর্বত্রই ভ্রমণ করিয়াছি। এখন স্বদেশে প্রত্যাবর্তনের পূর্বে এই স্থােগে এথেন্স নগরী-সদৃশ আমেরিকার এই শহরে আমার ক্বতঞ্জতা জ্ঞাপন করিয়া যাওয়া খুবই সক্ষত। এদেশে প্রথম পদার্পণের অল্ল কয়েক দিন পরেই মনে করিয়াছিলাম, এই জাতি-সম্পর্কে একথানি গ্রন্থ রচনা করিতে পারিব। কিন্তু আৰু তিন বংসর অতিবাহিত করিবার পরও দেখিতেছি যে, এ সম্বন্ধে একখানি পৃষ্ঠা পূর্ণ করাও আমার পক্ষে সম্ভব নয়। পৃথিবীর বহু বিভিন্ন দেশ ভ্রমণ করিয়া আমি দেখিতেছি, বেশভূষা, আহার-বিহার বা আচার-ব্যবহারের খুঁটিনাটি সম্পর্কে ষত পার্থক্যই থাকুক না কেন, মাহুধ---পৃথিবীর দর্বত্রই মাহুষ; সেই একই আশ্চর্য মানব-প্রকৃতি দর্বত্র বিরাজিত। তথাপি প্রত্যেকেরই নিজম্ব বৈশিষ্ট্য কিছু আছে এবং এদেশীয়গণ সম্বন্ধে আমার অভিজ্ঞতার সার আমি এধানে সংক্ষেপে বিবৃত করিতেছি। এই আমেরিকা মহাদেশে কেহ কোন ব্যক্তিগত বিচিত্র ব্যবহারাদি সম্বন্ধে সমালোচনা কৰে না। মাহুষকে ভাহাবা নিছক মাহুষরপেই দেখে এবং মাহুষরপেই হৃদয় দিয়া বরণ করে। এই গুণটি আমি পৃথিবীর অন্ত কোথাও দেখি নাই।

আমি এদেশে একটি ভারতীয় দর্শনমতের প্রতিনিধিরপে আদিয়াছিলাম; ভাহা বেদান্ত-দর্শন নামে পরিচিত। এই দর্শন অতি প্রাচীন। ইহা বেদনামে থ্যাত প্রাচীন স্থবিশাল আর্থ-সাহিত্য হইতে উদ্ভূত। বহু শতাব্দী ধরিয়া সংগৃহীত এবং সঙ্কলিত সেই বিশাল সাহিত্যে যে-সব উপলবি, তহালোচনা, বিশ্লেষণ এবং অন্থ্যান সন্নিবিষ্ট রহিয়াছে, ইহা যেন তাহা হইতেই প্রফৃটিত একটি স্থকোমল পুলা। এই বেদান্ত-দর্শনের কয়েকটি বিশেষত্ব আছে। প্রথমতঃ ইহা সম্পূর্ণরূপে নৈর্ব্যক্তিক, ইহার উদ্ভবের জন্ম ইহা কোনও ব্যক্তিব। ধর্মগুরুর নিকট ঋণী নয়; ইহা কোন ব্যক্তিবিশেষকে

কেন্দ্র করিয়া গড়িয়া ওঠে নাই। অথচ ষে-সব ধর্মমত ব্যক্তিবিশেষকে কেন্দ্র করিয়া গড়িয়া ওঠে, তাহাদের বিরুদ্ধে ইহার কোন বিদ্বেষ নাই। পরবর্তী কালে ভারতবর্ষে ব্যক্তিবিশেষকে কেন্দ্র করিয়া বহু দর্শনমত ও ধর্মতন্ত্র গড়িয়া উঠিয়াছে—যথা বৌদ্ধর্ম কিন্তা আধুনিককালের কয়েকটি ধর্মমত। খ্রীষ্ট ও ম্সলমান ধর্মাবলম্বীদেরই মতো এই-সকল ধর্মসম্প্রদায়েরও প্রত্যেকটির একজন ধর্মনেতা আছেন এবং তাহারা তাঁহার সম্পূর্ণ অহুগত। কিন্তু বেদান্ত-দর্শনের স্থান যাবতীয় ধর্মমতের পটভূমিকায়। বেদান্তের সহিত পৃথিবীর কোন ধর্ম বা দর্শনের বিবাদ-বিসংবাদ নাই।

বেদাস্ত একটি মৌলিক তত্ত্ব উপস্থাপিত করিয়াছে এবং বেদাস্ত দাবি করে যে, উহা পৃথিবীর সব ধর্মমতের মধ্যেই নিহিত রহিয়াছে। এই তত্তটি হইল এই যে, মাহ্র ব্রন্ধের দহিত অভিন্ন; আমরা আমাদের চতুস্পার্থে যাহা কিছু দেখিতেছি, সকলই দেই ঐশী চেতনা হইতে প্রস্ত। মানব-প্রকৃতির মধ্যে যাহা কিছু বীৰ্যবান্, যাহা কিছু মঙ্গলময় এবং যাহা কিছু এখৰ্যবান্, দে-সবই ঐ ব্রহ্মসতা হইতে উড়ুত; এবং যদিও তাহা আনেকের মধ্যেই স্থভাবে বিরাজমান, তথাপি প্রকৃতপক্ষে মাহুষে মাহুষে কোনও প্রভেদ নাই, কারণ সকলেই সমভাবে ব্রন্ধের দহিত অভিন্ন। যেন এক অনন্ত মহাসমুক্ত পশ্চাতে বিভয়ান রহিয়াছে এবং আমি ও আপনারা সকলে সেই অনস্ত মহাসমূদ্র হইতে একটি তরঙ্গরূপে উথিত [']হইয়াছি। **আ**মরা প্রত্যেকেই দেই অনন্তকে বাহিরে প্রকাশ করিবার আপ্রাণ চেষ্টা করিতেছি। স্থতরাং স্থপ্ত সন্তাবনার দিক হইতে দেখিতে গেলে যে সৎ- চিৎ- ও আনন্দময় মহাদাগরের দহিত আমরা স্বভাবতঃ অভিন্ন, সেই মহাদাগরে আমাদের প্রত্যেকের জন্মগত অধিকার বহিয়াছে। আমাদের পরস্পরের মধ্যে যে পার্থক্য, তাহা দেই ঐশী সন্তাবনাকে প্রকাশ করিবার ভারতম্যের দক্ষন ঘটিয়াছে। অতএব বেদান্তের অভিমত এই যে, প্রত্যেক মাহুষ যতটুকু ব্রহ্মশক্তি প্রকাশ করিতে সমর্থ হইয়াছে, সেই দিক হইতে বিচার না করিয়া তাহার স্বব্ধপের দিক হইতেই তাহাকে বিচার করিতে হইবে। সকল মামূষ্ট স্বরূপত: ব্রন্ধ ; স্বত্তএব কোন স্বাচার্য যথন কাহাকেও সাহায্য করিতে অগ্রসর হইবেন, তথন নিন্দাবাদ ছাড়িয়া দিয়া ঐ ব্যক্তির অন্তর্নিহিত ব্রহ্ম-শক্তিকে জাগাইবার জ্ঞাই তাঁহাকে সচেষ্ট হইতে হইবে।

বেদান্ত ইহাও প্রচার করে যে, সমাজ-জীবনে ও প্রতি কর্মক্ষেত্রে আমরা যে বিশাল শক্তিপুঞ্জের অভিব্যক্তি দেখিতে পাই, তাহা প্রকৃতপক্ষে অন্তর্ম হইতে বাহিরে উৎসারিত হয়। অতএব অন্ত ধর্মসম্প্রদায় বাহাকে অন্তপ্রেরণা বা ঐশী শক্তির অন্ত:প্রবেশ বলিয়া মনে করিয়া থাকেন, বেদান্তবাদী তাহাকেই মানবের ঐশী শক্তির বহির্বিকাশ নামে অভিহিত করিতে চান; অথচ তিনি অপর ধর্মসম্প্রদায়ের সহিত বিবাদ করিতে চান না। বাহারা মান্ত্রের এই ব্রহ্মত্ব উপলব্ধি করিতে পারেন না, তাঁহাদের সহিত বেদান্তবাদীর কোন বিরোধ নাই। কারণ জ্ঞাতসারেই হউক আর অজ্ঞাতসারেই হউক, প্রত্যেক ব্যক্তি সেই ব্রহ্মণক্তিরই উন্মেষে বৃত্বপর।

মাহ্য যেন ক্স্প্র আধারে আবদ্ধ, অথচ সতত প্রসারশীল একটি অনস্ত শক্তিমান্ স্থাং-এর মতো; পরিদৃশ্যমান সমগ্র সামাজিক ঘটনা-পরস্পরা এই মৃক্তি-প্রয়াসেরই ফল। আমাদের আশেপাশে যত কিছু প্রতিযোগিতা, হানাহানি এবং অশুভ দেখিতে পাই, তাহার কোনটাই এই মৃক্তি-প্রয়াসের কারণ বা পরিণাম নয়। আমাদের একজন প্রথাত দার্শনিকের দৃষ্টান্ত অন্থারে ধরা যাক, কৃষিক্ষেত্রে জলসেচনের নিমিত্ত উচ্চস্থানে কোথাও পরিপূর্ণ জ্লাশয় অবস্থান করিতেছে; জলপ্রবাহ কৃষিক্ষেত্র অভিমূথে ছুটতে চায়, কিন্তু একটি কদ্ধ ঘারের ঘারা প্রতিহত। ঘারটি যেই উদ্যাটিত, হইবে, অমনি জলরাশি নিজবেগে প্রবাহিত হইবে। পথে আবর্জনা বা মলিনতা থাকিলে প্রবহমান জলধারা তাহার উপর দিয়া চলিয়া যাইবে। কিন্তু এই-সকল আবর্জনা ও মলিনতা মানবের এই দেবন্থ-বিকাশের পরিণাম্প্ত নয়, কারণপ্ত নয়। ঐশুলি আহ্যকিক অবস্থা মাত্র। অতএব ঐশুলির প্রতিকার সন্তব।

বেদান্তের দাবি এই ধ্যে, এই চিন্তাধারা ভারতের ও বাহিরের সকল ধর্মমতের মধ্যেই পরিলক্ষিত হয়; তবে কোথাও উহা পুরাণের রূপক-কাহিনীর আকারে প্রকাশিত, আবার কোথাও প্রতীকের মাধ্যমে উপস্থাপিত। বেদান্তের দৃঢ় অভিমত এই ধ্যে, এমন কোন ধর্ম-প্রেরণা এযাবৎ প্রকটিত হয় নাই, কিংবা এমন কোন মহান্ দেবমানবের অভ্যুত্থান হয় নাই, যাহাকে মানবপ্রকৃতির এই স্বতঃসিদ্ধ অসীম একত্বের অভিব্যক্তিব বিলয়া গ্রহণ করা না চলে। নৈতিকতা, সততা, পরোপকার বলিয়া যাহা কিছু আমাদের নিকট পরিচিত, তাহাও ঐ একত্বেরই প্রকাশ ব্যতীত

আর কিছুই নয়। জীবনে এরপ অনেক মূহুর্ত আদে, যথন প্রত্যেক মাহুষই অহুভব করে যে, দে বিখের সহিত এক ও অভিন্ন, এবং দে জ্ঞানে হউক বা অজ্ঞানে হউক এই অহুভৃতিই জীবনে প্রকাশ করিতে ব্যস্ত হইয়া পড়ে। এই ঐক্যের প্রকাশকেই আমরা প্রেম ও করণা নামে অভিহিত করিয়া থাকি এবং ইহাই আমাদের সমস্ত নীতিশাল্প ও সততার মূলভিতি। বেদাস্ত-দর্শনে ইহাকেই 'তত্ত্মিন'—'তুমিই সেই'—এই মহাবাক্যে স্ব্রোকারে ব্যক্ত করা হইয়াছে।

প্রত্যেক মাত্ব্যকে বেদান্ত এই শিক্ষাই দেয়—দে এই বিশ্ব-সন্তার সহিত
প্রক ও অভিন্ন; তাই যত আত্মা আছে, সব তোমারই আত্মা; যত জীবদেহ
আছে, সব তোমারই দেহ; কাহাকেও আঘাত করার অর্থ নিজেকেই আঘাত
করা এবং কাহাকেও ভালবাসার অর্থ নিজেকেই ভালবাসা। তোমার অন্তর্ব
হইতে ঘুণারাশি বাহিরে নিক্ষিপ্ত হইবামাত্র অপর কাহাকেও তাহা আঘাত
কক্ষক না কেন, তোমাকেই আঘাত করিবে নিশ্চয়। আবার তোমার অন্তর্ব
হইতে প্রেম নির্গত হইলে প্রতিদানে তুমি প্রেমই পাইবে, কারণ আমিই
বিশ্ব—সমগ্র বিশ্ব আমারই দেহ। আমি অসাম, তবে সম্প্রতি আমার দে
অহত্তি নাই। কিন্তু আমি সেই অসীমতার অহত্তির জন্য সাধনাম প্রবৃত্ত
হইয়াছি এবং যথন আমাতে সেই অসীমতার পূর্ণ চেতনা জাগরিত হইবে,
তথন আমার পূর্ণতা-প্রাপ্তিও ঘটবে।

বেদান্তের অপর একটি বিশিষ্ট ভাব এই ষে, ধর্মচিন্তার ক্ষেত্রে এই অসীম বৈচিত্র্যকে স্বীকার করিয়া চলিতে হইবে এবং সকলেরই লক্ষ্য এক বলিয়া সকলকেই একই মতে আনমনের চেষ্টা ছাড়িয়া দিতে হইবে। বেদান্তবাদীক কবিত্বমন্ন ভাষায় বলা যায়, 'যেমন বিভিন্ন শ্রোভস্বতী বিভিন্ন পর্বত-শিথর হইতে উদগত হইয়া নিম্ভূমিতে অবতরণ করে এবং সরল বা বক্রগতিতে যথেচ্ছ প্রবাহিত হইয়া পরিশেষে সাগরে আসিয়া উপনীত হয়, তেমনি হে ভগবান, এই-সকল বিভিন্ন বিচিত্র ধর্মবিশাস ও পথ বিভিন্ন দৃষ্টিভঙ্গী হইতে জন্মলাভ করিয়া সরল বা কুটল পথে ধাবিত হইয়া অবশেষে তোমাতেই আসিয়া উপনীত হয়।'

বাস্তব রূপায়ণের ক্ষেত্রে আমরা দেখিতে পাই, এই অভিনব ভাবরাশির আধারভূত এই প্রাচীন দার্শনিক মতটি সর্বত্র নিজ প্রভাব বিস্তাব

করিয়া প্রত্যক্ষভাবে পৃথিবীর প্রথম প্রচারশীল ধর্মমত বৌদ্ধর্মকে অহুপ্রাণিত করিয়াছে এবং আলেকজান্দ্রিয়াবাদী, অজ্ঞেয়বাদী ও মধ্যযুগের ইওরোপীয় দার্শনিকদের মাধ্যমে এটিধর্মকেও প্রভাবিত করিয়াছে। পরবর্তী কালে ইহা জার্মান-দেশীয় চিম্ভাধারাকে প্রভাবিত করিয়া দর্শন ও মনোবিজ্ঞানের ক্ষেত্রে এক বিপ্লব ঘটাইয়াছে। অথচ এই অদীম প্রভাব প্রায় অলক্ষিতভাবেই পৃথিবীতে প্রদারিত হইয়াছে। রাত্রির মৃত্ব শিশিরসম্পাতে যেমন শস্তক্ষেত্রে প্রাণ সঞ্চারিত হয়, ঠিক তেমনি অতি ধীর গতিতে এবং অলক্ষ্যে এই অধ্যাত্ম-দর্শন মানবের কল্যাণার্থ সর্বত্র প্রসারিত হইয়াছে। এই ধর্ম-প্রচারের জন্ত সৈক্তগণের রণযাত্রার প্রয়োজন হয় নাই। পৃথিবীর অক্ততম প্রধান প্রচারশীল ধর্ম বৌদ্ধর্মে আমরা দেখি, প্রথিত্যশা সমাট্ আশোকের শিলালিপিসমূহ সাক্ষ্য দিতেছে, কিব্নপে একদা বৌদ্ধর্মপ্রচারকেরা আলেকজান্তিয়া, আণ্টিওক, পারস্তা, চীন প্রভৃতি তদানীস্তন সভ্য জগতের বহু দেশে প্রেরিত হইয়াছিলেন। ঐ শিলালিপিতে খ্রীষ্টের আবির্ভাবের তিনশত বৎসর পূর্বে তাঁহাদিগকে সাবধান করিয়া দেওয়া হইয়াছিল, তাঁহারা যেন অপর ধর্মকে নিন্দা না বলা হইয়াছিল, 'যেখানকারই হউক, সকল ধর্মেরই ভিত্তি এক ; সকলকে যথাসাধ্য সাহায্য করিতে চেষ্টা কর, ভোমার ঘাহা বলিবার আছে, সে-সকলই শিক্ষা দাও, কিন্তু এমন কিছু করিও না বাহাতে কাহারও কতি হয়।'

এইরূপে দেখা ষায়, ভারতবর্ষে হিন্দুদের ঘারা অপর ধর্মাবলমীরা কখনও
নির্যাতিত হয় নাই; প্রত্যুত এখানে দেখা যায় এক অত্যাশ্চর্য শ্রেদা, যাহা
তাহারা পৃথিবীর যাবতীয় ধর্মমত সম্বন্ধে পোষণ করিয়াছে। নিজেদের
দেশ হইতে বিতাড়িত ইছদীদের একাংশকে তাহারা আশ্রয় দিয়াছিল;
তাহারই ফলে মালাবারে আজও ইছদীরা বর্তমান। অপর এক সময়ে তাহারা
ধ্বংসপ্রায় পারসীক জাতির যে একাংশকে সাদরে গ্রহণ করিয়াছিল, আজও
তাহারা আমাদের জাতির অংশরূপে, আমাদের একাস্ক প্রিয়জনক্পে
আধুনিক বোঘাই-প্রদেশবাসী পারসীকগণের মধ্যে রহিয়াছেন। বীতশিশ্র সেও টমাসের সহিত এদেশে আগ্রমন করিয়াছেন বলিয়া দাবি
করেন, এইরূপ প্রীপ্রধর্মাবলমীরাও এদেশে আছেন; তাঁহারা ভারতে বসবাস
করিতে এবং নিজেদের ধর্মমত স্বাধীনভাবে পোষণ করিতে অন্ত্মতি

পাইয়াছিলেন; তাঁহাদের একটি পল্লী আজও এদেশে বর্তমান। পরধর্মে বিষেষহীনতার এই মনোভাব আজও ভারতে বিনষ্ট হয় নাই, কোন দিনই হইবে না এবং হইতেও পারে না।

বেদান্ত ষে-দব মহতী বাণী প্রচার করে, দেগুলির মধ্যে ইহা অক্সতম।
ইহাই যথন স্থির হইল যে, আমরা জানিয়া হউক বা না জানিয়াই হউক
একই লক্ষ্যের দিকে অগ্রদর হইতেছি, তথন অপরের অক্ষমতায় ধৈর্যহারা
হইব কেন? কেহ অপরের তুলনায় প্রথগতি হইলেও আমাদের তো ধৈর্য
হারাইয়া কোন লাভ হইবে না, তাহাকে আমাদের অভিশাপ দিবার
অথবা নিন্দা করিবারও প্রয়োজন নাই। আমাদের জ্ঞানচক্ষ্ উন্মীলিভ
হইলে, চিত্ত শুদ্ধ হইলে দেখিতে পাইব—সর্বকার্যে সেই একই ব্রহ্মশক্তির
প্রভাব বিভ্যমান, সর্বমানব-হদয়ে সেই একই ব্রহ্মসত্তার বিকাশ ঘটিতেছে।
শুধু সেই অবস্থাতেই আমরা বিশ্বভাত্ত্বের দাবি করিতে পারিব।

মাহ্য যথন তাহার বিকাশের উচ্চতম স্তরে উপনীত হয়, যথন নর-নারীর ভেদ, লিক্ষভেদ, মতভেদ, বর্ণভেদ, জাতিভেদ প্রভৃতি কোন ভেদ তাহার নিকট প্রতিভাত হয় না, যথন দে এই-সকল ভেদবৈষম্যের উর্ধের উঠিয়া সর্বমানবের মিলনভূমি মহামানবতা বা একমাত্র ব্রহ্মসন্তার সাক্ষাৎকার লাভ করে, কেবল তথনই দে বিশ্বভাত্ত্বে প্রতিষ্ঠিত হয়। একমাত্র ঐক্বপ ব্যক্তিকেই প্রকৃত বৈদান্তিক বলা যাইতে পারে।

ইতিহাসে বেদান্তদর্শনের বান্তবিক কার্যকারিতার যে-সকল সাক্ষ্য পাওয়া যায়, সেগুলির মধ্যে কয়েকটি মাত্র এখানে উল্লিখিত হইল।

বেদান্ত ও অধিকার

লওনে প্রদত্ত

আমরা অহৈত বেদান্তের তত্তাংশ প্রায় শেষ করিয়াছি। একটা বিষয় এখনও বাকি আছে; বোধ হয় উহা সর্বাপেকা ত্রহ। এ পর্যন্ত আমর। দেখিয়াছি, অবৈত বেদাস্ত অহুসারে আমাদের চারিদিকে দৃশ্যমান বস্তুনিচয় —সমগ্র জগৎই দেই এক দুত্তা-স্বরূপের বিবর্তন। সংস্কৃতে এই সন্তাকে 'ব্রহ্ম' বলা হয়। ত্রন্ধ প্রপঞ্চে পরিবর্ভিড হইয়াছেন। কিন্তু এখানে একটি অস্থবিধাও আছে। ব্রন্ধের পক্ষে বিশ্বপ্রকৃতিতে রূপায়িত হওয়া কি করিয়া সম্ভব ? কেনই বা ত্রন্ধ বিপরিণত হইলেন ? সংজ্ঞা হইতেই বোঝা যায় ত্রন্ধ অপরিণামী। অপরিবর্তনীয় বস্তুর পরিবর্তন একটি স্ববিরোধী উক্তি। যাঁহারা সগুণ ঈশবে বিশাদী, তাঁহাদেরও ঐ একই অহ্বিধা। দৃষ্টাস্তস্বরূপ তাঁহাদিগকেও জিজ্ঞাদা করা যায়—এই স্প্রটির কি প্রকারে উদ্ভব হইল ? ইহা নিশ্চয়ই কোন সন্তাশৃত্য পদার্থ হইতে উৎপন্ন হয় নাই; হইলে উহা স্ববিরোধী হইবে। স্তাশৃত্য কোন কিছু হইতে কোন বস্তু উৎপন্ন হওয়া কখনই সম্ভব নয়। কার্য কারণেরই অন্ত রূপমাত্র। বীজ হইতে মহা মহীরুহ উৎপন্ন হয়। বৃক্ষটি বায়ু-ও জ্ঞল-সংযুক্ত বীজা ব্যতীত অন্ত কিছু নয়। বৃক্ষ-শ্রীর গঠনের নিমিত্ত যে পরিমাণ বায়ুও জলের প্রয়োজন, তাহা নির্ধারণ করিবার যদি কোন উপায় থাকিত, তাহা হইলে আমরা দেখিতাম—কার্যক্রপ বৃক্ষে যে পরিমাণ জল ও বায়ু আছে, উহার কারণরূপ জল ও বায়ুর পরিমাণও ঠিক ভদ্রপ। আধুনিক বিজ্ঞানও নিঃসন্দেহে প্রমাণ করিয়াছে যে, কারণই অন্ত: আকারে কার্যে পরিণত হইতেছে। কারণের বিভিন্ন সময়িত অংশ পরিবর্তনের ভিতর দিয়া কার্যে পরিণত হয়। জগৎ কারণহীন— এইরূপ কষ্টকল্পনা আমাদের বর্জন করিতেই হইবে। স্থতরাং আমাদিগকে স্বীকার করিতেই হইবে, ঈশ্বরই জগৎরূপে পরিণত হইয়াছেন।

কিন্তু আমরা একটি সঙ্কট হইতে নিস্কৃতি পাইরা অপর একটি সঙ্কটে পতিত হইলাম। প্রত্যেক মতবাদেই ঈশবের ধারণার সহিত তাঁহার অপরিণামিত্বের ধারণা ওতপ্রোতভাবে জড়িত—একটির ভিতর দিয়াই

অপরটি আসিয়া পড়ে। অত্যন্ত আদিম অস্পষ্ট ঈশ্বরামুসন্ধান-ব্যাপারেও একটিমাত্র ধারণা দেখিতে পাওয়া যায়—ইহা হইল মৃক্তি। এই ধারণা কিভাবে আসিল, তাহার ঐতিহাসিক ক্রম-পরিণতি আমরা দেখাইয়াছি। মৃক্তি ও অপরিণামিত্ব একই কথা। যাহা মৃক্ত, তাহাই অপরিণামী। যাহা অপরিণামী, তাহাই মৃক্ত। কোন কিছুর ভিতরে কোনরূপ পরিবর্তন সম্ভবপর হইলে তাহার ভিতরে বা বাহিরে এমন কিছু থাকা চাই, যাহা ঐ বস্তুর পারিপার্থিক অবস্থা বা ঐ বস্তু অপেকা অধিকতর শক্তিশালী। যাহা কিছু পরিবর্তনশীল, তাহা এইরূপ এক বা একাধিক কারণ ঘারা বন্ধ, যেগুলি নিজেরাও এরপ পরিবর্তনশীল। যদি মনে করা যায়—ঈশরই জগং হইয়াছেন, ভাহা হইলে ঈশর এথানে তাঁহার স্বরূপ পরিবর্তন করিয়াছেন। আবার যদি মনে করি, অনস্ত ব্রহ্ম এই সাস্ত জগৎ হইয়াছেন, তাহা হইলে ব্রন্ধের অদীমত্বও তদমুপাতে হ্রাদ পাইল, স্বভরাং তাঁহার অসীমত্ব হইতে এই জগৎ বাদ পড়িতেছে—এইরূপ বুঝিতে হইবে। পরিণামী ঈশ্বর ঈশ্বরই হইতে পাবেন না। ঈশ্বরই জগৎ-রূপে পরিণত হন-এই মতবাদের দার্শনিক অহ্ববিধা পরিহার করিবার জন্য বেদাজ্ঞের একটি নির্ভীক মতবাদ আছে। তাহা এই ষে, জগৎকে ষেভাবে আমর। জানি বা উহার সহয়ে বেভাবে আমরা চিস্তা করি, সেইভাবে উহার কোন অন্তিত্ব নাই। বেদান্ত বলেন, সেই অপরিণামীর কথনও পরিবর্তন হয় নাই, আর এই সমগ্র জগৎ একটি প্রাতিভাসিক সন্তা মাত্র, ইহার বাস্তব কোন সভা নাই। বেদান্ত বলেন, আমাদের এই যে অংশের ধারণা, কুদ্র কুদ্র বম্ভর ধারণা এবং উহাদের পারস্পরিক পৃথক্ত্বের ধারণা, সে-সকলই বাহ্— ঐগুলির কোন পারমার্থিক সতা নাই। ঈশবের কোনই পরিবর্তন হয় নাই; তিনি জগৎ-রূপে কখনও পরিণত হন নাই। আমরা ঈশ্বরকে যে জগৎ-রূপে দেখিয়া থাকি, ভাহার কারণ আমরা দেশ, কাল ও নিমিত্তের মধ্য দিয়া তাঁহাকে দেখি। এই দেশ, কাল ও নিমিত্তই এই আপাত-প্রতীয়মান পার্থক্য স্বষ্ট করে, কিন্তু উহা পারমার্থিক নয়। ইহা সভ্যসভ্যই একটি দ্বার্থহীন নির্ভীক মতবাদ। এখন এই মতবাদটি আমাদের আরও একটু পরিষারভাবে বুঝিতে হইবে। ভাববাদ (Idealism) সাধারণতঃ বে অর্থে গৃহীত হয়, ইহা দেইরূপ ভাববাদ নয়। ইহা বলে না ষে, এই জগতের কোন অন্তিত্ব নাই ; ইহা বলে যে, ইহার অন্তিত্ব আছে বটে, কিন্তু ইহাকে আমরা যে-ভাবে দেখিভেছি, ইহা তাহা নয়। এই ভত্তটি বুঝাইবার জন্ম অবৈত বেদান্ত একটি স্থবিদিত উদাহরণ দেন। রাত্রির অশ্বকারে একটি গাছের গুঁড়িকে কুসংস্থারাচ্ছন ব্যক্তি ভূত বলিয়া মনে করে; দস্যু মনে করে, উহা পুলিদ; বন্ধুর জন্ম অপেক্ষমাণ ব্যক্তি মনে করে, উহা তাহারই বন্ধু। এই-সকল ব্যাপারে গাছের গুঁড়িটির কিন্তু কোনই পরিবর্তন হয় নাই, কতকগুলি আপাত-প্রতীয়মান পরিবর্তন অবশ্রই ঘটিয়াছিল এবং উহা ঘটিয়াছিল ভাহাদেরই মনে, যাহারা ইহা দেথিয়াছিল। মনোবিজ্ঞানের দাহায়ে নিজের অহভ্তির (Subjective) দিক হইতে ইহা আমরা আরও বেশী ৰুঝিতে পারি। আমাদের বাহিরে এমন একটা কিছু আছে, যাহার যথার্থ স্বরূপ আমাদের নিকট অজ্ঞাত ও অজ্ঞেয়; ইহাকে বলা যাক 'ক'। আমাদের ভিতরেও আরও এমন একটা কিছু আছে, যাহা আমাদের নিকট অজ্ঞাত ও অজ্ঞেয়; ইহাকে বলা যাক 'থ'। জেয় বস্ত মাত্রই এই 'ক' এবং 'থ'-এর সমষ্টি ; স্কুতরাং আমরা যে-সকল বস্তু জানি, সেগুলির প্রত্যেকটিরই হুইটি অংশ অবশ্রই থাকিবে—'ক' বহির্ভাগ এবং 'খ' অন্তর্ভাগ এবং 'ক' এবং 'খ'-এর সমষ্টিলব্ধ বস্তুকেই আমরা জানিতে সমর্থ হই। অভএৰ জগতের প্রত্যেক দৃশ্যমান বস্তু আংশিকভাবে আমাদের সৃষ্টি এবং উহার অপর অংশটি বাহা। এখন বেদাস্ত বলেন, এই 'ক' এবং 'থ' এক অথগু সন্তা।

হার্বার্ট স্পেন্সার প্রম্থ কোন কোন পাশ্চাত্য দার্শনিক ও অক্স কয়েকজন আধুনিক দার্শনিক ঠিক এইরূপ সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। যথন বলা হয়—য়ে-শক্তি পুল্পের ভিতর আত্মপ্রকাশ করিতেছে, দেই শক্তিই আমার চেতনার মধ্যে স্পন্দিত হইয়া উঠিতেছে, তখন বুঝিতে হইবে—বৈদান্তিকও এই একই ভাব প্রচার করিতে ইচ্ছুক। তাঁহারা বলেন, বহির্জগতের সভ্যতা এবং অন্তর্জগতের সভ্যতা একই। এমন কি বহির্জগৎ ও অন্তর্জগৎ সম্বন্ধে আমাদের যে ধারণা, উহা আমাদেরই স্কৃষ্টি। আমরাই উহাদিগকে পরস্পর হইতে পৃথক্ করিয়াছি। যত্তঃ বাহুজগৎ বা অন্তর্জগতের কোন অভ্যত্ত অন্তর্থ নাই। উদাহরণত্বরূপ বলা যাইতে পারে, আমাদের যদি আর একটি ইক্রিয় উত্তে হয়, সমগ্র জগৎ আমাদিগের নিকট পরিবর্ভিত হইয়া

যাইবে। ইহা দারা প্রমাণিত হয়, আমাদের মনই আমাদের অমুভূত বিষয়কে পরিবর্তিত করে। আমি যদি পরিবর্তিত হই, তবে বাহ্জগৎও পরিবর্তিত হইবে। স্থতরাং বেদাস্তের দিদ্ধান্ত এই বে—তুমি, আমি এবং বিখের দর্বস্থই দেই নিরতিশয় ত্রহ্ম, আমরা ত্রহ্মের অংশবিশেষ নই, সমগ্রভাবেই আমরা ব্রন্ধ। তুমি সেই ব্রন্ধ, সেই ব্রন্ধের স্বটুকুই; অক্তান্ত সকলেও ঠিক তাই। কারণ এই অথও সত্তার অংশবিশেষের ধারণা হইতে পারে না। এই-সকল জাগতিক বিভাগ, এই-সকল সদীমত্ব প্রতীতি মাত্র, স্বরূপতঃ অসম্ভব। আমি স্বয়ংসম্পূর্ণ, সর্বাঙ্গস্থন্দর; আমি কখনও বন্ধ হই নাই। বেদাস্ত নিভীকভাবে প্রচার করেন: তুমি যদি মনে কর--তুমি বদ্ধ, তাহা হইলে তুমি বদ্ধই থাকিয়া যাইবে; তুমি যদি ব্ঝিয়া থাকো তুমি মুক্ত, তবে তুমি মুক্তই থাকিবে। স্থতরাং এই দর্শনের একমাত্র লক্ষ্য হইল আমাদিগকে ব্ঝাইয়া দেওয়া যে, আমরা সর্বদাই মৃক্ত ছিলাম এবং চিরদিনই মুক্ত থাকিব। আমাদের কথনও কোন পরিবর্তন হয় না, আমাদের মৃত্যু নাই, আমরা কথনই জন্মগ্রহণ করি না। তাহা হইলে এই পরিবর্তনসমূহ কি ? এই বাহজগতের অবস্থা কি দাঁড়াইবে ? এই জগং একটি প্রাতিভাসিক জগৎ মাত্র—ইহা দেশ, কাল ও নিমিত্ত ঘারা বদ্ধ। বেদাস্তদর্শনে ইহাকে বিবর্তবাদ বলা হয়, প্রকৃতির এই ক্রমবিকাশের ভিতর দিয়াই বন্ধ প্রকাশিত হইভেছেন। ত্রন্ধের কোন পরিবর্তন নাই; তাঁহার কোন পরিণামও নাই। অতি ক্ষ্ত্র জীবকোষেও দেই অনস্ত পূর্ণব্রক্ষই অন্তর্নিহিত। বাহ্য আবরণের জন্মই ইহাকে জীবকোষ বলা হয়; কিন্তু জীবকোষ হুইতে মহামানব পর্যন্ত সকলের আভ্যন্তর সত্তার কোন পরিবর্তন নাই—ইহা এক ও অপরিবর্তনীয়; কেবল বাহিরের আবরণেরই পরিবর্তন ঘটিয়া থাকে।

ধরা যাক এখানে একটি পর্দা রহিয়াছে এবং ইহার বাহিরে রহিয়াছে স্থানর দৃষ্ঠ। পর্দার মধ্যে একটি ক্ষুদ্র ছিদ্র আছে; ইহার ভিতর দিয়াই আমরা বাহিরের দৃষ্ঠটির থানিকটা দেখিতে পাইতেছি। মনে করুন—এই ছিদ্রটি বাড়িতে লাগিল; ইহা যতই বড় হইতে লাগিল, ততই দৃষ্ঠটি অধিকতরভাবে আমাদের দৃষ্টিপথে আদিতে লাগিল। পর্দাটি যথন তিরোহিত হইল, তথন আমরা সমগ্র দৃষ্ঠটির সম্মুখীন হইলাম। বাহিরের দৃষ্ঠটি হইল আত্মা; আমাদের ও দৃষ্ঠটির মধ্যে যে পর্দা, তাহা হইল মায়া—অর্থাৎ দেশ, কাল ও

নিমিত্ত। উহার কোথাও একটি কৃত্র ছিত্র আছে, যাহার মধ্য দিয়া আমি আত্মাকে এক ঝলক মাত্র দেখিতে পাইতেছি। ছিদ্রটি বড় হইলে আমি আত্মাকে আরও পরিষারভাবে দেখিতে পাইব; আর যথন পর্দাটি একেবারে তিরোহিত হইয়া যাইবে, তথন অহুভব করিব—আমিই আত্মশ্বরূপ। স্বতরাং বাগতিক পরিবর্তন নিরতিশয় ত্রন্ধে সাধিত হয় না---হয় প্রকৃতিতে। যতক্ষণ পর্যন্ত ব্রহ্ম স্বপ্রকাশিত না হন, ততক্ষণ পর্যন্ত প্রকৃতিতে ক্রমবিবর্তন চলিতে থাকে। প্রত্যেকের মধ্যেই ব্রহ্ম রহিয়াছেন, কেবল কাহারও মধ্যে অন্তের তুলনায় তিনি অধিকতর প্রকাশিত। সমগ্র জগৎ পরমার্থত: এক। আত্মা-সম্বন্ধে ৰলিতে গিয়া এক আত্মা অহা আত্মা অপেকা বড়—এরপ বলার কোন অর্থ হয় না। মাহুষ ইতর প্রাণী হইতে বা উদ্ভিদ অপেকা বড়, এ-কথা বলাও সেজতা নিরর্থক। সমগ্র জগৎ এক। উদ্ভিদের মধ্যে তাহার আত্মপ্রকাশের বাধা খুব বেশী, ইতর প্রাণীর মধ্যে একটু কম; মাস্থবের মধ্যে আরও কম; সংস্কৃতিসম্পন্ন আধ্যাত্মিক ব্যক্তিতে তদপেকাও কম; কিন্তু পূৰ্ণতম ব্যক্তিতে আত্মপ্রকাশের বাধা একেবারে তিরোহিত হইয়াছে। আমাদের সমস্ত দংগ্রাম, প্রচেষ্টা, হুখ-তু:খ, হাদিকালা, যাহা কিছু আমরা ভাবি বা করি— সবই সেই একই লক্ষ্যের দিকে—পর্দাটিকে ছিন্ন করা, ছিদ্রটিকে বৃহত্তর করা, অভিব্যক্তি ও অন্তরালে অবস্থিত সত্যের মধ্যবর্তী আবরণকে ক্ষীণ হইতে কীণতর করিয়া তোলা। স্তরাং আমাদের কাব্দ আত্মার মৃক্তিদাধন নয়, আমাদের নিজেদের বন্ধনমুক্ত করা। সূর্য মেঘন্তরের দারা আবৃত, কিল্ক মেঘল্ডর স্বর্ধের কোন পরিবর্তন সংঘটন করিতে পারে না। বায়ুর কাব্দ মেঘগুলিকে সরাইয়া দেওয়া; আর মেঘগুলি যত সরিয়া যাইবে, সুর্যালোক তত প্রকাশ পাইবে। আত্মাতে কোন পরিবর্তন নাই—ইহা অনস্ক, নিত্য, নিরতিশয় সচিচদান-দ-স্বরূপ। আত্মার কোন জন্ম বা মৃত্যু হইতে পারে না। জন্ম, মৃত্যু, পুনর্জন্ম, স্বর্গগমন—এই-সব আত্মার ধর্ম নয়। এইগুলি বিভিন্ন আপাতপ্রতীয়মান অভিব্যক্তি মাত্র—মন্ত্রীচিকা বা নানাবিধ স্বপ্ন। ষাক, একজন ব্যক্তি জগৎসম্বন্ধে স্বপ্ন দেখিতেছে—দে এখন হুৰ্ভাবনা এবং হ্মর্মের স্বপ্রে মশগুল, কিছু সময় পরে সেই স্বপ্রেরই ভাবনা তাহার পরবতী স্বপ্ন হৃষ্টি করিবে। সে স্বপ্নে দেখিতে পাইবে যে, সে একটি ভয়ন্ধর স্থানে বহিয়াছে এবং নিৰ্যাতিত হইতেছে। যে ব্যক্তি শুভ ভাবনা ও শুভকর্মের স্থা দেখিতেছে, সে এই স্থানে অবদানে আবার স্থা দেখিবে বে, দে আরও ভাল জায়ণায় রহিয়াছে। এইভাবে স্থানের পর স্থা আদিতে থাকে। কিন্তু এমন এক সময় আদিবে, যখন এই সমত স্থা বিলীন হইয়া যাইবে। আমাদের প্রত্যেকের এমন এক সময় অবশুই আদিবে, যখন মনে হইবে সমগ্র জগৎ স্থামাত্র ছিল; তখন আমরা দেখিতে পাইব—আত্মা তাহার এই পরিবেশ হইতে অনস্ত গুণে বড়। এই পরিবেশের ভিতর দিয়া সংগ্রাম করিতে করিতে এমন এক সময় আদিবে, যখন আমরা দেখিতে পাইব—অনন্তশক্তিসম্পার আত্মার ত্লনায় এই পরিবেশগুলির কোনই অর্থ নাই। অবশ্ব এই প্রকার অম্ভৃতি কালসাপেক; আর অনন্তের ত্লনায় এই কাল কিছুই নহে, ইহা সম্দ্রের মধ্যে বিন্তুল্য। স্থতরাং শাস্তভাবে আমরা অপেক্ষা করিতে পারি।

এইরূপে দেখিতে পাই,জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে সমগ্র জগৎ সেই লক্ষ্যের দিকে অগ্রদর হইতেছে। চন্দ্র অন্থান্ত গ্রহের মাধ্যাকর্ষণ-ক্ষেত্র হইতে বাহির হইবার চেষ্টা করিতেছে; একদিন না একদিন ইহা নিশ্চয়ই বাহির হইয়া আদিবে। কিন্তু গাঁহারা সজ্ঞানে মুক্তিলাভের চেষ্টা করিতেছেন, তাঁহারা শীঘ্রই ক্বতকার্য হইবেন। কার্যতঃ এই বৈদান্তিক মতবাদের একটি স্থবিধা এই যে, যথার্থ বিশ্বপ্রেমের ধারণা কেবল এই দৃষ্টিকোণ হইতেই সম্ভব। সকলেই আমাদের সহযাত্রী, সকলেই এক পথের পথিক—সকল জীবন, সকল তরু-গুলা, সকল প্রাণী—সকলেই সেই দিকে যাইতেছে; ভুধু আমার মাহুষ-ভ্রাতা নয়, **জন্ত**-জানোয়ার, তরু-গুলা, আমার সকল ভাই-ই দেই দিকে চলিয়াছে ; কেবল আমার ভাল ভাইটি নয়, আমার থারাপ ভাইটিও, শুধু আমার ধার্মিক ভাইটি নয়, আমার তুর্ভ ভাইটিও—সকলেই একই লক্ষ্যে যাইতেছে। প্রত্যেকেই একই প্রবাহে ভাসমান, প্রত্যেকেই অনস্ত মৃক্তির দিকে ছুটিতেছে। আমরা এই গতি বন্ধ করিতে পারি না; কেহই পারে না; হাজার চেষ্টা করিলেও কেহই ইহা হইতে ফিরিয়া যাইতে পারিবে না, মানুষ সমুখে চালিত হইবেই এবং পরিণামে মৃক্তিলাভ করিবেই। স্বষ্টর অর্থ মৃক্তির অবস্থায় পুনর্বার ফিরিয়া যাইবার জন্ম নংগ্রাম। মুক্তিই আমাদের সন্তার কেন্দ্রন্ত, ইহা হইতে আমরা যেন উৎক্ষিপ্ত হইয়া পড়িয়াছি। আমরা যে এখানে রহিয়াছি, ইহাতেই প্রমাণিত হয় যে, আমরা কেন্দ্রাভিমুখে অগ্রসর হইতেছি এবং এই কেন্দ্রাভি-মুখী আকর্ষণের অভিব্যক্তিকেই আমরা বলি 'প্রেম'।

এইরূপ প্রশ্ন করা হয়—এই জগৎ কোথা হইতে আসিল? কোথায় ইহার স্থিতি ? কোথারই বা ইহা ফিরিয়া যায় ? উত্তর হইল—প্রেম হইতে ইহার উৎপত্তি, প্রেমেই ইহার স্থিতি, প্রেমেই ইহার প্রত্যাবর্তন। এখন আমরা ব্ঝিতে পারি যে, কেহ পছন্দ করুক বা না করুক, কাহারও পক্ষে भ्रमाम्भिनव मक्कर नहि । युक्त भ्रमाम्भिनवर्गद (हो। कवा योक ना (कन. প্রত্যেককেই কেন্দ্রন্থলে উপনীত হইতে হইবে। তবুও আমরা যদি জ্ঞাতসারে —সম্ভানে চেটা করি, তাহা হইলে আমাদের গতিপথ মহণ হইবে, ঘাত-প্রতিঘাতের কর্কশন্ত অনেকটা মন্দীভূত হইবে এবং আমাদের লক্ষ্যপ্রাপ্তি দ্বান্থিত হইবে। ইহা হইতে আমরা স্বভাবত: আর একটা সিদ্ধান্তে উপনীত হই—সমস্ত জ্ঞান ও সমস্ত শক্তি আমাদের ভিতরে, বাহিরে নয়। ষাহাকে আমরা প্রকৃতি বলি, ভাহা একটি প্রতিবিম্বক কাঁচ মাত্র। আমাদের সমস্ত জ্ঞান আমাদের ভিতর হইতে আসিয়া প্রকৃতিরূপ এই কাঁচের উপরে প্রতিফলিত হয়। প্রকৃতির এইটুকু মাত্রই প্রয়োজন ; বাহাকে আমরা শক্তি বলি, প্রাকৃতিক রহস্ত বলি, বেগ বলি, দে-সবই আমাদের ভিতরে। বাহুজগতে রহিয়াছে কেবল এক পরিবর্তনের পরস্পরা। প্রকৃতিতে কোন জ্ঞান নাই; আত্মা হইতেই সমস্ত জ্ঞান আদে। মামুষই আপনার মধ্যে জ্ঞানকে আবিষ্কার করে, উহাকে প্রকাশ করে। এই জ্ঞান অনস্তকাল ধরিয়া দেখানে রহিয়াছে। প্রত্যেকেই জ্ঞানস্বরূপ, অনম্ভ আনন্দস্বরূপ এবং অনম্ভ সভাষরণ। অন্তত্ত আমরা ধেমন দেখিয়াছি, সাম্যের নৈতিক ফল ধেরূপ, এই প্রকার বোধেরও ফল সেইরুপ।

বিশেষ স্থবিধা ভোগ করিবার ধারণা মহয়জীবনের কলক্ষরণ। তৃইটি শক্তি বেন নিয়ত ক্রিয়া করিতেছে; একটি বর্ণ ও জাভিভেদ স্থষ্ট করিতেছে এবং জালিতেছে। জালা ভাবে বলিতে গোলে একটি স্থবিধার স্থাষ্ট করিতেছে এবং জালাটি উহা ভাঙিতেছে। আর ষতই ব্যক্তিগত স্থবিধা ভাঙিয়া যায়, ততই সে সমাজে জ্ঞানের দীপ্তি ও প্রগতি আসিতে থাকে। এইরূপ সংগ্রাম জামরা আমাদের চতুর্দিকে দেখিতে পাই। জ্বাহ্ম প্রথমে আসে পাশব স্থবিধার ধারণা—ত্র্বলের উপর সবলের অধিকারের চেটা। এই জালাভ ধনের অধিকারও এরূপ। একটি লোকের জ্পরের

তুলনায় যদি বেশী অর্থ হয়, ভাহা হইলে যাহারা কম অর্থশালী সে ভাহাদের উপর একটু অধিকার স্থাপন বা স্থবিধা ভোগ করিতে চায়। বৃদ্ধিমান্ ব্যক্তিদের অধিকার-লিপ্সা স্ক্ষতর এবং অধিকতর প্রভাবশালী। যেহেতু একটি লোক অন্তদের তুলনায় বেশী জানে শোনে, সেইজন্ত সে অধিকতর স্থবিধার দাবি করে। সর্বশেষ এবং সর্বনিক্নষ্ট অধিকার হইল আধ্যাত্মিক স্থবিধার অধিকার। ইহা নিক্টউতম, কেন-না ইহা সর্বাধিক পরপীড়ক। যাহারা মনে করে যে, আধ্যাত্মিকতা বা ঈশ্বর সম্বন্ধে ভাহারা বেশী জানে, তাহারা অন্তের উপর অধিকতর অধিকার দাবি করে। তাহারা বলে, 'হে সাধারণ ব্যক্তিগণ, এসো, আমাদের পূজা কর। আমরা ঈশবের দৃড; ভোমাদের আমাদিগকে পূজা করিভেই হইবে।' কিন্তু বৈদান্তিক কাহাকেও শারীরিক, মানদিক বা আধ্যাত্মিক কোনরূপ অধিকার দিতে পারেন না, একেবারেই নয়। একই শক্তি তো সকলের মধ্যেই বর্তমান ; কোথাও সেই শক্তির অধিক প্রকাশ, কোথাও বা কিছু অল্ল প্রকাশ। একই শক্তি স্থাকারে প্রত্যেকের মধ্যেই রহিয়াছে। অধিকারের দাবি ভবে কোথায়? প্রত্যেক জীবেই পূর্ণজ্ঞান বিভ্যমান; মুর্যভমের মধ্যেও উহা বহিয়াছে, দে এখনও তাহা প্রকাশ করিতে পারে নাই; সম্ভবতঃ প্রকাশের স্থযোগ পায় নাই; চতুর্দিকের পরিবেশ হয়তে। তাহার অমুকৃল হয় নাই। ধধন সে হুযোগ পাইবে, তথন তাহা প্রকাশ করিবে। একজন লোক অন্ত লোক হইতে বড় হইয়া জন্মিয়াছে—বেদাস্ত কথনই এই ধারণা পোষণ করে না। তুইটি জাতির মধ্যে একটি অপরটি অপেক্ষা স্বভাবতই উন্নততর—বৈদান্তিকের নিকট এই ধারণাও একেবারে নিরর্থক। তাহাদিগকে একই পরিবেশে ফেলিয়া দিয়া দেখ তো-একই রূপ বৃদ্ধিবৃত্তি উহাদের ভিতরে প্রকাশ পায় কি না। তৎপূর্বে এক জাতি অপর জাতি হইতে বড়---এ-কথা বলিবার তোমার কোনই অধিকার নাই। আধ্যাত্মিকতা সম্বন্ধে বলিতে গেলে বলিতে হয়, এই বিষয়ে কাছারও কোন বিশেষ অধিকার দাবি করা উচিত নয়। মহয়জাতির সেবা করাই একটি অধিকার; ইহাই তো ঈশবের আবাধনা। ঈশব এখানেই আছেন, এই সমস্ত মাহ্মবের মধ্যেই আছেন। তিনিই মাহুষের অন্তরাত্মা। মাহুষ আর কি অধিকার চাহিতে পারে ? ঈশবের বিশেষ দৃত কেহ নাই, কখনও ছিল না এবং কখনও হইতে

পারে না। ছোট বা বড় সমস্ত প্রাণীই সমভাবে ঈশরের রূপ; পার্বক্য কেবল উহার প্রকাশের মধ্যে। চিরপ্রচারিত সেই এক শাখত বাণী ভাহাদের নিকট ক্রমে ক্রমে আসিভেছে। সেই শাখত বাণী প্রভ্যেক প্রাণীর হাদয়ে লিখিত হইয়াছে। উহা দেখানেই বিরাজমান, এবং সকলেই উহা প্রকাশ করিবার জন্ম সচেষ্ট। অহুকুল পরিবেশে কেহ কেহ অন্মের তুলনায় ইংা কিছুটা ভালভাবে প্রকাশ করিতে পারিতেছে, কিন্তু বাণীর বাহক হিসাবে ভাহারা একই। এই বিষয়ে শ্রেষ্ঠত্বের কী দাবি হইতে পারে ? অভীতের সকল ঈশরপ্রেমিতের মতো মূর্যতম মানব, অজ্ঞানতম শিশুও ঈশরপ্রেরিত, এবং ভবিশ্বতে বাঁহারা মহামান্ব হইবেন, তাঁহারা ভাহাদেরই মতো; মৃধ তম ও অজ্ঞানতম মানবগণও সমভাবে মহান্। প্রত্যেক জীবের অন্তন্তলে চিরকালের জন্ম দেই অনস্ত শাখত বাণী রক্ষিত আছে। কীৰ্মাত্ৰেৱই মধ্যে সেই 'মহতো মহীয়ান্' ব্ৰহ্মের অনস্ত বাণী নিহিত বহিয়াছে। ইহা ভো দদা বর্তমান। হতবাং অবৈতের কাজ হইল এই-সকৃল অধিকার ভাঙিয়া দেওয়া। ইহা কঠিনতম কাঞ্চ এবং আশ্চর্যের বিষয়---ইহা অন্ত দেশের তুলনায় স্বীয় জন্মভূমিতেই কম সক্রিয়। অধিকারবাদের यि कान (मन थाक, ভাহা হইলে ইহা সেই দেশই, याहा এই অবৈতদর্শনের জন্মভূমি—এই দেশেই অধ্যাত্মনিষ্ঠ ব্যক্তির এবং উচ্চবংশদাত ব্যক্তির বিশেষ অধিকার রহিয়াছে। সেধানে অবশ্র আর্থিক অধিকারবাদ ততটা নাই (আমার মনে হয়, ইহাই উহার ভাল দিক্), কিন্তু জন্মগত ও ধর্মগত অধিকার দেখানে সর্বত্র বিভাষান।

একবার এই বৈদান্তিক নীতিপ্রচারের প্রচণ্ড চেটা হইয়াছিল; উহা বেশ কয়েক শত বংসর ধরিয়া সফলও হইয়াছিল। আমরা জানি ইতিহাসে ঐ কালটি ঐ জাতির সর্বশ্রেষ্ঠ সময়। আমি বৌদ্ধগণের অবিকারবাদ-ধণ্ডনের কথা বলিভেছি। বুলের প্রতি প্রযুক্ত কয়েকটি অতি স্থলর বিশেষণ আমার মনে আছে। ঐগুলি হইভেছে—'হে তথাগত, তুমি বর্ণাশ্রম-ধণ্ডন কারী, তুমি সর্ব-অধিকার-বিধ্বংশী, তুমি সর্বপ্রাণীর ঐক্য-বিঘোষক।' তাহা হইলে দেখা যাইভেচে, তিনি একমাত্র ঐক্যের ভাবই প্রচার করিয়াছিলেন। এই ঐক্যভাবের অন্তর্নিহিত শক্তি বুদ্ধক শ্রমণসংঘ অনেকটা ধরিতে পারে নাই। আমরা দেখিতে পাই, ঐ সংঘকে একটি উচ্চ ও নীচ পার্থক্য-যুক্ত যাজক-সম্প্রদায়ে পরিণত করিবার শত শত চেটা হইয়াছে। মামুষমাত্রকে যখন বলা হয়, 'ভোমরা সকলেই দেবভা' তখন এই ধরনের সংঘ গঠন সম্ভব নয়—সংঘের উপর বিশেষ গুরুত্ব দেওয়া যায় না। বেদাস্থের অগ্যতম শুভফল হইল ধর্মচিস্তা-বিষয়ে সকলকে স্বাধীনতা দেওয়া; ভারতবর্ষ তাহার ইতিহাসে সকল যুগেই এই স্বাধীনতা ভোগ করিয়াছে। ইহা যথার্থ গৌরবের বিষয় যে, ভারতবর্ষ এমন একটি দেশ, যেখানে কখনও ধর্মের জন্ম উৎপীড়ন হয় নাই, যেখানে ধর্মবিষয়ে মামুষকে পূর্ণ স্বাধীনতা দেওয়া হয়।

বৈদান্তিক নীতির এই বহিরাবরণ দিকটির পূর্বে যেরূপ প্রয়োজনীয়তা ছিল, এখনও দেইরূপই বহিয়াছে। বরং অতীতের তুলনায় ইহা বোধ হয় অধিকতর প্রয়োজনীয় হইয়া পড়িয়াছে, কারণ জ্ঞানের বিভৃতির সঙ্গে সঙ্কে সর্বপ্রকার অধিকার দাবি করাও অত্যন্ত বাড়িয়া গিয়াছে। ঈশর ও শয়তানের ধারণা অথবা অহুরা মাজ্লা ও অহিমানের ধারণার মধ্যে যথেষ্ট কবিকল্পনা আছে। ঈশর ও শয়তানের মধ্যে পার্থক্য অহা কিছুতে নয়, কেবল আর্থশৃহাতা ও সার্থপরতায়। ঈশর যতটুকু জ্ঞানেন, শয়তানও ততটুকুই জ্ঞানে; দে ঈশরের মতোই শক্তিশালী, কেবল ভাহার পবিত্রতা নাই—এই পবিত্রতার অভাবই ভাহাকে শয়তান করিয়াছে। এই একই মাপকাঠি বর্তমান জগতের প্রতি প্রয়োগ করঃ পবিত্রতা না থাকিলে জ্ঞান ও শক্তির আধিক্য মাহ্মকে শয়তানে পরিণত করে। বর্তমানে যয় ও অহাহা সরশ্লম নির্মাণ দাবা অদাধারণ শক্তি দঞ্চিত হইতেছে এবং এমন সব অধিকার দাবি করা হইতেছে, যাহা পৃথিবীর ইতিহাসে পূর্বে কথনও করা হয় নাই। এই কারণেই বেদান্ত এই অধিকারবাদের বিক্লমে প্রচার করিতে চায়, মানবাত্মার উপর এই উৎপীড়ন চূর্ণবিচূর্ণ করিতে চায়।

তোমাদের মধ্যে যাহারা গীতা অধ্যয়ন করিয়াছ, এই স্মরণীয় উক্তিগুলি
নিশ্চয়ই তাহাদের মনে আছে: 'যিনি বিভাবিনয়সম্পন্ন ব্রাহ্মণ, গো, হন্তী,
কুকুর অথবা চণ্ডালে সমদর্শী, তিনিই যথার্থ জানী, তিনিই যথার্থ পণ্ডিত
ব্যক্তি', 'যাহাদের মন সর্বত্র সমভাবে অবস্থান করে, তাঁহারা ইহজীবনেই
জন্মান্তর জয় করেন; যেহেতু ব্রহ্ম সর্বত্র এক ও গুণদোষাদি ঘন্দহীন,
সেইহেতু তাঁহারাও ব্রহ্মে অবস্থিত হন অর্থাৎ তাঁহারা জীবনুক্ত হন।'

সকলের প্রতি এই সমভাব--ইহাই বৈদান্তিক নীতির সারমর্ম। আমরা দেখিয়াছি, আমাদেরই মন বাহুজগতের উপর প্রভুত্ব করে। বিষয়ীকে (subject) পরিবর্তন কর, বিষয়ও (object) পরিবর্তিত হইরা ধাইবে। নিজেকে পবিত্র কর; তাহা হইলে জগৎ পরিবর্তিত হইতে বাধ্য। এই বিষয়ই বর্তমানে সর্বাপেকা অধিক শিকা দেওয়া প্রয়োজন ৷ আমরা উত্তরোত্তর আমাদের প্রতিবেশীদের লইয়া ব্যস্ত হইয়া পড়িতেছি; কিন্তু নিজেদের লইয়া আমাদের ব্যস্ততা ক্রমশই কমিতেছে। আমরা যদি वमनारेग्ना यारे, क्र १५७ वमनारेग्ना यारेरव। आंभन्ना यमि পवित रहे, क्र १५७ পবিত্র হইবে। কথা হইতেছে এই যে, অন্তের মধ্যে আমি মন্দ দেখিব কেন ? আমি নিজে মন্দ না হইলে কখনও মন্দ দেখিতে পারি না। আমি নিজে তুর্বল না হইলে কথনও কষ্ট পাইতে পারি না। আমার শৈশবে যে-সকল বস্তু আমাকে কষ্ট দিত, এখন তাহারা আর কষ্ট দেয় না। বেদান্ত বলেন—বিষয়ীর পরিবর্তন হওয়াতে বিষয়ও পরিবর্তিত হইতে বাধ্য। যথন আমরা ঐ প্রকার অত্যাশ্চর্য ঐক্য ও সাম্যের অবস্থায় উপনীত হইব, তথন যে-সকল বস্তুকে আমরা তৃঃখ ও মন্দের কারণ বলিভেছি, সেইগুলিকে উপেশা করিব, দেগুলির দিকে আমরা উপহাদের দৃষ্টি নিক্ষেপ করিব। বেদান্তে ইহাকেই মুক্তিলাভ বলে। মুক্তি যে ক্রমশঃ আদিতেছে, এই সমভাব ও ঐক্যবোধের উত্তরোত্তর বৃদ্ধিই তাহার স্থচনা। হথ ও ছংখে সমভাব, জয় ও পরাজয়ে তুল্যভাব—এই প্রকার মনই মৃক্তির দিকে অগ্রসর হইতেছে বুঝিতে হইবে।

মনকে সহজে জয় করা যায় না। প্রত্যেক ক্ষুদ্র ব্যাপারে, স্বয়্লতম উত্তেজনায় বা বিপদে যে-সকল মন তরঙ্গায়িত হয়, তাহাদের কিরুপ অভ্তে অবস্থা ভাবিয়া দেখুন! মনের উপর যখন এই পরিবর্তনগুলি আসে, তখন মহত্ব বা আধ্যাত্মিকতা সম্বন্ধে কিছু বলা অবাস্তর মাত্র। মনের এই অস্থির অবস্থার পরিবর্তন সাধন করিতেই হইবে। আমাদিগকে জিজ্ঞাসা করিতে হইবে বাহিরের বিরুদ্ধ শক্তি আসিলে আমরা কতটুকুই বা তাহা ছারা প্রভাবিত হই, আর উহা সত্তেও কতটুকুই বা আমরা নিজেদের পায়ে দাঁড়াইতে পারি। আমাদিগকে দাম্য হইতে বিচ্যুত করিতে উত্তত সকল শক্তিকে হখন আমরা বাধা দিতে পারিব, তখনই আমরা মৃক্তিকাভ

করিব, ইহার পূর্বে নয়। এই অব্যাহত সাম্যই মুক্তি। ইহাই মুক্তি; এই অবস্থা ব্যতীত অন্ত কিছুকে মৃক্তি বলা যাইতে পারে না৷ এই ধারণা হইতেই—এই উৎস হইতেই সর্বপ্রকার স্থার ভাবধারা এই জগতের উপর প্রবাহিত হইয়াছে; প্রকাশভঙ্গীতে আপাততঃ পরস্পরবিরোধী হওয়ায় সাধারণতঃ এগুলি সম্বন্ধে ভ্রান্ত ধারণা বিগুমান। প্রত্যেক জাভির মধ্যে আমরা দেখিতে পাই—বহু নিভীক ও অডুত অধ্যান্মভাবাপন্ন ব্যক্তি বাহ্-জগতের সম্পর্ক ছিল্ল করিয়া ধ্যান-ধারণার জন্ত গিরিগুহা বা অরণ্যে বাস করিতেছেন। মৃক্তিলাভই তাঁহাদের একমাত্র লক্ষ্য। পকাস্তরে আর এক শ্রেণীর প্রতিভাবান্ বরণীয় ব্যক্তি দেবিতে পাওয়া ষায়, হাহারা তুর্গত ও হুৰ্দশাগ্ৰন্থ মানবজাতিকে উদ্ধার করিতে সচেষ্ট। আপাতত: এই হুই পন্থা পরস্পর বিপরীত বলিয়া বোধ হয়। যে-ব্যক্তি মানবসমাজ হইতে দূরে সবিয়া গিয়া গিবিগুহায় বাস করেন, তিনি মানবজাতির অভ্যুত্থানের জন্ত ব্যাপৃত ব্যক্তিদের নিতান্ত করুণা ও উপহাদের পাত্র বলিয়া মনে করেন। তিনি বলেন, 'কি মূর্থ! জগতে করণীয় কি আছে? মায়ার জগৎ দর্বদা ঐক্লপই থাকিবে। ইহার পরিবর্তন হইতে পারে না।' ভারতবর্ষে আমি যদি আমাদের কোন পুরোহিতকে জিজ্ঞাদা করি, 'আপনি কি বেদাস্তে বিখাদী ?' তিনি বলিবেন, 'তাই তো আমার ধর্ম; আমি নিশ্চয়ই বিশাস করি; বেদান্তই আমার প্রাণ।' 'আচ্ছা, তবে কি আপনি সর্ববস্তর সাম্যে, সর্বপ্রাণীর ঐক্যে বিশ্বাদী ?' তিনি বলিবেন, 'নিশ্চয়ই আমি বিশ্বাদ করি।' পরমূহুর্তে যথন একটি নীচজাতির লোক এই পুরোহিতের নিকটে আদিবে, তথন দেই লোকটির স্পর্শ এড়াইবার জন্ম তিনি লাফ দিয়া রাতার একধারে চলিয়া যাইবেন। যদি প্রশ্ন করেন, 'আপনি লাফ দিতেছেন কেন ?' তিনি বলিবেন, 'কারণ তাহার স্পর্শমাত্রই যে আমাকে অপবিত্র করিয়া ফেলিত।' 'কিন্তু আপনি এই মাত্র তো বলিতেছিলেন, আমরা সকলেই সমান ; আপনি তো স্বীকার করেন, আত্মাতে আত্মাতে কোন পার্থক্য নাই।' উত্তরে তিনি বলিবেন, 'ঠিকই, তবে গৃহস্থদের পক্ষে ইহা একটি তত্বাত্র। যথন বনে ঘাইব, তথন আমি সকলকে সমান জ্ঞান করিব।' তুমি তোমাদের ইংলণ্ডের বংশমর্ঘাদায় এবং ধনকোলীন্মে শ্রেষ্ঠ কোন ব্যক্তিকে যদি জিজ্ঞাদা কর, একজন ঞ্জীন হিদ্যাবে তিনি মানবল্রাতৃত্বে বিশ্বাদী কি না;

সকলেই তো ঈশ্বর হুইতে আদিয়াছে। তিনি বলিবেন, 'নিশ্বাই'; কিন্তু পাঁচ মিনিটের মধ্যেই তিনি সাধারণ লোক সম্বন্ধে একটা কিছু অশোভন মন্তব্য করিয়া চীৎকার করিয়া উঠিবেন। তাহা হুইলে দেখা ষাইতেছে— হাজার হাজার বংসর ধরিয়া মানবভাতৃত্ব একটি কথার কথা-রূপে রহিয়া গিয়াছে; কখনই ইহা কার্যে পরিণত হয় নাই। সকলেই ইহা ব্ঝে, সত্য বলিয়া ঘোষণা করে, কিন্তু যখনই তুমি তাহাদিগকে ইহা কার্যে পরিণত করিতে বলিবে, তখনই তাহারা বলিবে, ইহা কার্যে পরিণত করিতে লক্ষ লক্ষ বংসর লাগিবে।

একজন রাজার বহুদংখ্যক সভাদদ ছিলেন। তাঁহাদের প্রত্যেকেই বলিতেন, 'আমি আমার প্রভুর জন্ম আমার জীবন বিদর্জন করিতে প্রস্তুত ; আমার মতো অকপট ব্যক্তি কথনও জন্মগ্রহণ করে নাই।' কালক্রমে একজন সন্ন্যাসী সেই রাজার নিকট আসিলেন। রাজা তাঁহাকে বলিলেন, 'কোন দিনই কোন রাজার আমার মতো এতজন অকপট বিশ্বস্ত সভাসদ हिन ना।' मझामी हानिया विनातन, 'आिया हैहा विश्वाम कवि ना।' वाका वनितन, 'आंश्रेनि इच्हा कवितन हेश श्रीका कवित्रा तिथिएं शास्त्रन।' हेश छनिया मन्नामी धार्यका कवित्नन, 'आमि এकটি विवार सक कवित, যাহা ছারা এই রাজার রাজত্ব দীর্ঘকাল থাকিবে। অবশ্য একটা শর্ত আছে—যজ্ঞের জন্য একটি কুদ্র ছগ্ধ-পুষ্করিণী করিতে হইবে, উহাতে রাজার প্রত্যেক সভাসদ্কে অন্ধকার রাত্রিতে এক কলসী তথ ঢালিতে হইবে।' রাজা হাসিয়া বলিলেন, 'ইহাই কি পরীকা ?' তিনি তাঁহার সভাসদ্গণকে তাঁহার নিকট আসিতে বলিলেন এবং কি করিতে হইবে নির্দেশ দিলেন। তাঁহারা সকলে সেই প্রস্তাবে সানন্দ সম্মতি জ্ঞাপন করিয়া গুহে ফিরিলেন। নিশীপ রাত্রিতে তাঁহার৷ আদিয়া পু্ষ্রিণীতে স্ব কল্দী শূন্ত করিলেন, কিন্তু প্রভাতে দেখা গেল পুছবিণীটি কেবল জলে পূর্ণ। সভাসদ্গণকে একতা করাইয়া এই ব্যাপার সম্বন্ধে জিজাদা করা হইল। তাঁহাদের প্রত্যেকেই ভাবিয়াছিলেন, যখন এত কলদী হুধ ঢালা হুইভেছে, তখন তিনি যে জল ঢালিভেছেন, তাহা কেহ ধরিতে পারিবে না। ছুর্ভাগ্যক্রমে আমাদের মধ্যে অধিকাংশেরই এইক্সপ ধারণা। গল্পের সভাসদ্গণের তায়ে আমরাও স্ব স্ব ভাগের কাব্র এক্সপে ক্রিয়া শাইতেছি।

পুরোহিত বলেন, জগতে এত বেশী এক্যের বোধ রহিয়াছে বে, আমি যদি আমার ক্ষুল্র অধিকার টুকু লইয়া থাকি, তাহা হইলে তাহা কেহ ধরিতে পারিকেনা। আমাদের ধনীবাও অহরপ বলিয়া থাকেন, প্রত্যেক দেশের উৎপীড়করাও এইরপ বলে। উৎপীড়কদের তুলনায় উৎপীড়িতদের জীবনে বেশী আশা আছে। উৎপীড়কদের পক্ষে মৃক্তিলাভ করিতে অনেক বেশী সময় লাগিবে, অত্যের পক্ষে সময় লাগিবে কম। থেকশিয়ালের নিষ্ঠ্রতা সিংহের নিষ্ঠ্রতা হইতে ভীষণতর। সিংহ একবার আঘাত করিয়া কিছুকালের জন্ত শাস্ত থাকে, কিন্তু থেকশিয়াল বারবার তাহার শিক্ষারের পশ্চাতে ছুটিবার চেষ্টাকরে, একবারও স্থযোগ হারায় না। পুরোহিত-তম্ব স্থভাবতই নিষ্ঠ্র ও নিজ্রণ। সেই জন্তই যেখানে পুরোহিত-তম্বের উদ্ভব হয়, সেখানে ধর্মের পতন বা মানি হয়। বেদাস্ত বলেন, আমাদিগকে অধিকারের ভাব ছাড়িয়া দিতে হইবে; ইহা ছাড়িলেই ধর্ম আসিবে। তৎপূর্বে কোন ধর্ম আসে না।

তুমি কি প্রীষ্টের এই কথা বিশাস কর—'তোমার যাহা কিছু আছে, বিক্রয় শান্ত্রবাক্যকে এথানে আপন ইচ্ছামত ব্যাখ্যা করিবার চেষ্টা নাই, এখানে সত্যকে ষথাষথভাবে গ্রহণ করা হইতেছে। শান্তবাক্যকে ইচ্ছামুক্সপ ঘুরাইয়া ব্যাখ্যা করিতে চেষ্টা করিও না। আমি শুনিয়াছি, এইরূপ বলা হয় যে, মৃষ্টিমেয় ইহুদী—যাঁহারা যীশুর উপদেশ শুনিতেন, তাঁহাদিগকেই কেবল এই উপদেশ দেওয়া হইয়াছিল। তাহা হইলে অন্তান্ত ব্যাপারেও একই যুক্তি প্রয়োগ করা যাইতে পারে। তবে তাঁহার অন্তান্ত উপদেশও শুধু ইহুদীদের জ্ব বলা হইয়াছিল, বলা ষাইতে পারে। ইচ্ছাত্রূপ শাস্ত্রের ব্যাখ্যা করিও না; যথার্থ সভ্যের সম্থীন হইবার সাহস অবলম্বন কর। যদি বা আমরা সভ্যে উপনীত হইতে না পারি, আমরা ধেন আমাদের তুর্বলভা, অক্ষমতা স্বীকার করি, কিন্তু আমরা ধেন আদর্শকে কুপ্ল না করি। আমরা যেন অস্তরে এই আশা পোষণ করি—কোন দিন আমরা সত্যে উপনীত হইবই ; আমরা ইহার জন্ম যেন সচেষ্ট থাকি। আদর্শটি এই— 'তোমার যাহা কিছু আছে, বিক্রয় করিয়া দরিত্রগণকৈ ঐ অর্থ দান কর এবং আমাকে অমুসরণ কর।' এইরপে সকল অধিকারকে এবং আমাদের মধ্যে অধিকারের পরিপোষক সবকিছুকে নিষ্পিষ্ট করিয়া আমরা যেন সেই জ্ঞান-

লাভের চেষ্টা করি, যাহা সকল মানবন্ধাতির প্রতি সাম্যবাধ আনয়ন করিবে। তুমি মনে কর যে, তুমি একটু বেশী মার্জিত ভাষায় কথা কও বলিয়া পথচারী লোকটি অপেক্ষা তুমি উয়তত্তর। স্মরণ রাথিও, তুমি যথন এইরপ ভাবিতে থাকো, তথন তুমি মুক্তির দিকে অগ্রসর না হইয়া বরং নিজের পায়ের জয়্ম ন্তন শৃত্তন শৃত্তন নির্মাণ করিতেছ। সর্বোপরি আধ্যাত্মিকভার অহঙ্কার যদি তোমাতে প্রবেশ করে, তবে তোমার সর্বনাশ অনিবার্য। ইহাই সর্বাপেক্ষানিদারণ বন্ধন। ঐর্যর্থ বা অয় কোন বন্ধন মানবাত্মাকে এরপ শৃত্তলিত করিতে পারে না। 'আমি অল্রের অপেক্ষা পবিত্রতর'—ইহা অপেক্ষা সর্বনাশকর অয় কোন চন্তা মায়য় করিতে পারে না। তুমি কি অর্থে পবিত্র ? তোমার অন্তঃস্থিত ঈশ্বর সকলেরই অস্তরে অবস্থিত। তুমি বদ্দি এই তত্ত্ব না জানিয়া থাকো, তাহা হইলে তুমি কিছুই জান নাই। পার্থক্য কি করিয়া থাকিবে প্রবিত্তা, তাহা হইলে তুমি কিছুই জান নাই। পার্থক্য কি করিয়া থাকিবে প্রবিত্তা, তাহা হইলে তুমি কিছুই জান নাই। পার্থক্য কি করিয়া থাকিবে প্রবিত্তা, তাহা হইলে তুমি কিছুই জান নাই। পার্থক্য কি করিয়া থাকিবে প্রবিত্তা এই এক। প্রত্যেক জীবই সেই সর্বরহৎ 'মহতো মহীয়ান্' ঈশ্বরের মন্দির। তুমি যদি ইহা দেখিতে পারো, তবে ভাল; যদি না পারো, তবে আধ্যাত্মিকতা লাভ করিজে তোমার এখনও যথেষ্ট বিলম্ব আছে।

অধিকার

লওনের সিসেম ক্লাবে প্রথম্ভ বক্ততা।

সমগ্র প্রকৃতিতে তৃইটি শক্তি ক্রিয়া করিতেছে বলিয়া মনে হয়। একটি সর্বদাই এক বস্তু হইতে অপর বস্তুকে পৃথকু করিভেছে এবং অপরটি প্রতি মৃহুর্তে বম্বগুলিকে সর্বদা এক হুত্রে বাধিবার চেষ্টা করিছেছে। প্রথমটি উত্তরোত্তর পৃথক্ পৃথক্ সত্তা সৃষ্টি করিতেছে ; অস্তুটি ষেন সভাগুলিকে একটি গোষ্ঠীতে পরিণত করিতেছে এবং এই-সব পরিদৃশ্যমান পৃথক্ত্বের মধ্যে এক্য ও দাম্য আনে। মনে হয়, এই চুইটি শক্তির কিয়া প্রকৃতি ও মহয় শীংনের প্রত্যেক বিভাগে বিভাগন। বাহাদগতে বা ভৌতিক বুগতে এই হুইটি শক্তি অতি স্পষ্টভাবে দক্রিয়, আমিরা দর্বদাই দেখিতে পাই। ইহারা ব্যক্তি-ভাবগুলিকে পরস্পর পৃথক্ করিভেছে, অগ্নগুলি হইতে স্পষ্টতর করিয়া তুনিতেছে; আবার এগুলিকে বিভিন্ন বিভাগে ও শ্রেণীতে বিভক্ত করিয়া অভিব্যক্তি ও আকৃতির সাদৃশ্য প্রকাশ করিতেছে। মান্নবের সামাজিক জীবনেও এই একই নিয়ম দেখিতে পাওয়া যায়। সমাজ-জীবন গড়িয়া ওঠার সময় হইতেই এই ছুইটি শক্তি কান্ধ করিয়া আসিতে:ছ—একটি ভেদ সৃষ্টি করিতেছে, অপরটি এক্য স্থাপন করিতেছে। ইহাদের ক্রিয়া বিভিন্ন আকারে দেখা দেয় এবং ইহা বিভিন্ন দেশে ও বিভিন্ন কালে বিভিন্ন নামে অভিহিত হয়। কিন্তু মূল উপাদান সকলের মধ্যেই বর্তমান। একটির কান্ধ বস্তপ্তলিকে পরস্পর পৃথক্ করা এবং অপরটির কান্ধ ঐগুলিকে ঐক্যবদ্ধ করা। একটি বর্ণ বৈষম্য সৃষ্টি করিতেছে, অপরটি উহা ভাঙিতেছে; একটি শ্রেণী ও অবিকার সৃষ্টি করিতেছে, অপরটি সেগুলি ধ্বংদ করিতেছে। সমগ্র বিশ্ব এই তুইটি শক্তির হলকেত বলিয়া মনে হয়। এক পক বলে, যদিও এই একীকরণ-শক্তি বিভয়ান, তথাপি সর্বশক্তি দ্বারা আমাদিগকে ইহার প্রতিবোধ করিতে হইবে, কারণ ইংা মৃত্যুর দিকে লইয়া খার। পূর্ণ ঐক্য ও পূর্ণ বিলয় একই কৰা; জগতে এই নিত্যক্ৰিয়াশীল বৈষ্মা-উৎপাদিকা শক্তি বৰ্ষন বন্ধ হইয়া ষাইবে, ভথন জগং লোপ পাইবে। বৈষ্ম্য বা বৈচিত্ত্যই দৃশ্ভষান ভগতের কারণ ; একীকরণ বা ঐক্য দৃষ্ণমান জগৎকে সমন্ধণ প্রাণহীন জড়পিতে পরিণত

কৰে। স্থানৰ গাতি অবশ্যই এইরূপ অবস্থা পরিহার করিন্তে ভার। আমরা चार्यात्रव चारन-भाःम दर-मकन वश्व ७ वाभित द्विष, दमक्रीव द्विष्ठ अहे একই যুক্তি প্রয়োগ কবা হয়। জোবের সহিত এরপও বলা হয় যে, ঋড়দেহে এবং ' সামাজিক শ্রেণী-বিভাগে সম্পূর্ণ সমতা স্বাভাবিক মৃত্যু আনে এবং সমাজের বিলোপ সাধন কৰে। চিন্তা এবং অহুভৃতির ক্ষেত্রেও সম্পূর্ণ সমতা মননশক্তির অপচয় ও অবনতি ঘটার। স্তরাং সম্পূর্ণ সমতা পবিহার করা বাজনীয়। ইহা এক প:ক্ষণ যুক্তি, প্রত্যেক দেশে বিভিন্ন সময়ে শুধু ভাষার পরিবর্জনের ঘার। ইহা প্রদর্শিত হইয়াছে; ভারতবর্ষের ত্রাহ্মণগণ যখন জাতিবিভাগ সমর্থন করি:ত চান, বখন স্থাজের প্রভাবের বিরুদ্ধে একটি বিশেষ শ্রেণীর অধিকার বক্ষা করি:ত চান, তথন কার্যতঃ তাঁহারাও এই যুক্তির উপর**ই জোর দিয়া** থাকেন। আহ্মণগণ ব:লন, জাতিবিভাগ বিলুপ্ত হইলে সমাজ ধ্বংস হইবে এবং দগর্বে এই ঐতিহ।দিক সত্য উপস্থাপিত করেন বে, ভারতীয় ব্রাহ্মৰ-শানিত সমাজই স্বাধিক দীর্ঘায়। স্থ্যাং বেশ কিছু জোরের সহিতই তাঁহারা তাঁহাদের এই খুক্তি প্রদর্শন করেন। কিছুটা দৃঢ় প্রত্যয়ের সহিতই তাঁংবি। বলেন, যে সমাজ-২্যবন্থা মাতুষকে অপেকাকৃত অল্লায়ু করে, ভাহা অংশক। ষে-ব্যবস্থায় দে দার্যতম জীবন লাভ করি:ত পারে, তাহা অবস্থই ८इ: ।

পকাহরে দকল সময়েই ঐক্যের সমর্থক একদল লোক দেখিতে পাওয়া যায়। উপনিষদ, বৃদ্ধ, প্রীষ্ট এবং অন্তান্ত মহান্ধ্যপ্রচারকদের যুগ হইতে আরম্ভ করিয়া আমাদের বর্তমান কাল পর্যন্ত নৃতন রাজনৈতিক উচ্চাকাজ্যায়, এবং নিপীড়িত পদদলিত ও অধিকার-বঞ্চিতদের দাবিতে এই ঐক্য ও সমতার বাণীই বিঘোষিত হইতেছে। কিন্তু মানবপ্রকৃতি আত্মপ্রকাশ করিবেই। বাহাদের ব্যক্তিগত স্থবিধা আচে, তাহারা উহা রাখিতে চান, এবং ইহার বাহাদের বৃদ্ধি পাইলে ঐ যুক্ত বতই অন্তুত ও একদেশদশী হউক না কেন, ভাহা আকড়াইয়া ধরিয়া থাকেন। এই মহবা উভয় পদেই প্রযোজ্য।

দর্শনের ক্ষেত্রে এই প্রশ্ন আর একটি রূপ ধারণ করে। বৌদগণ বলেন, পরিদৃষ্ঠমান ঘটনা-বৈচিত্যের মধ্যে ঐক্য-স্থাপনকারী কোন-কিছুর সন্ধান ক্ষার প্রয়োজন নাই; এই জগৎপ্রণক সইয়াই আমাদের সম্ভই থাকা উচিত। বৈচিত্র্যে বছাই তুঃখলনক ও তুর্বল বলিয়া মনে হউক না কেন, ইংহি জীবনের

সারবন্ধ, ইহার চেয়ে বেশী আমরা কিছু পাইতে পারি না। বৈদান্তিক বলেন, একমাত্র একত্বই বর্তমান রহিয়াছে। বৈচিত্র্য শুধু বহিবিষয়ক, ক্ষণস্থায়ী ু এবং আপাতপ্রতীয়মান। বৈদান্তিক বলেন, 'বৈচিত্র্যের দিকে ভাকাইও না। একত্বের নিকট ফিরিয়া যাও।' বৌদ্ধ বলেন, 'ঐক্য পরিহার কর, ইহা একটি ভ্রম। বৈচিত্ত্যের দিকে যাও।' ধর্ম ও দর্শনের ক্ষেত্রে মতের এই পার্থক্য আমাদের বর্তমান কাল পর্যস্ত চলিয়া আসিতেছে, কারণ প্রক্কতপক্ষে দার্শনিক তত্তের সংখ্যা খুবই অল্প। দর্শন ওদার্শনিক ভাবধারা, ধর্ম ও ধর্মবিষয়ক জ্ঞান পাঁচ হাজার বৎসর পূর্বে চূড়াস্ত পরিণতি লাভ করিয়াছিল; আমরা বিভিন্ন ভাষায় একই প্রকার সত্যসমূহের পুনরাবৃত্তি করিতেছি মাত্র; কখন অভিনব উদাহরণ প্রদর্শন করিয়া তাহাদিগকে সমৃদ্ধ করিতেছি। স্থতরাং দেখা যাইতেছে, আজ পর্যস্ত একই সংগ্রাম চলিতেছে। এক পক্ষ চান— আমরা জগৎপ্রপঞ্চ ও উহার এই-সব বিভিন্ন বৈচিত্র্যকে আঁকড়াইয়া থাকি; প্রভৃত যুক্তি দারা তাঁহারা দেখাইয়া থাকেন, বৈচিত্র্য থাকিবেই, উহা বন্ধ হইয়া গেলে দব কিছুই লুপ্ত হইবে। জীবন বলিতে আমরা **ষাহা** ব্ঝি, তাহা পরিবর্তন বা বৈচিত্র্য দারাই সংঘটিত হয়। অপর পক্ষ আবার নিঃসক্ষোচে একত্বের দিকে আমাদের দৃষ্টি আকর্ষণ করেন।

নীতিশান্ত্রে ও আচরণের ক্ষেত্রে কিন্তু আমরা এক প্রচণ্ড পার্থক্য লক্ষ্য করিয়া থাকি। সম্ভবতঃ নীতিশাত্র একমাত্র বিজ্ঞান, যাহা এই হন্দ্র হইতে দৃঢ়তার সহিত দূরে রহিয়াছে; কেন-না ঐক্যাই হথার্থ নীতি, প্রেমই ইহার ভিত্তি। ইহা তো বৈচিত্র্যের দিকে, পরিবর্তনের দিকে তাকাইবে না। নৈতিক চর্যার একমাত্র লক্ষ্য এই ঐক্যা, এই সমতা। বর্তমান কাল পর্যন্ত মানবজাতি যে মহন্তম নৈতিক নিয়মাবলী আবিদ্ধার করিয়াছে, ঐগুলির কোন পরিবর্তন নাই; একটু অপেক্ষা করিয়া পরিবর্তনের দিকে তাকাইবার তাহাদের সময় নাই। এই নৈতিক নিয়মগুলির একটি উদ্দেশ্য—ঐ একত্ব বা সাম্যের বোধ হুগম করা। ভারতীয় মন—বৈদান্তিক মনকেই আমি ভারতীয় মন মনে করি—অধিকত্বর বিশ্লেষণপ্রবণ বলিয়া ইহার সকল বিশ্লেষণের ফল্মন্ত্রণ এই ঐক্য আবিদ্ধার করিয়াছে এবং সব কিছুকেই এই একমাত্র ঐক্যের ধারণার উপর স্থাপন করিতে চাহিয়াছে। কিন্তু আমরা দেখিয়াছি, এই একই দেশে অন্ত মত্বাদীয়া—বেমন বৌদ্ধগণ

কোথাও ঐ ঐক্য দেখিতে পান নাই। তাঁহাদের নিকট সকল সভ্য কভকগুলি বৈচিত্র্যের সমষ্টিমাত্র; একটি বম্বর সঙ্গে অন্য বম্বর কোনই সম্পর্ক নাই।

অধ্যাপক ম্যাক্স্মূলারের কোন এক পুস্তকে বর্ণিত একটি গল্পের কথা আমার মনে পড়িতেছে। ইহা একটি গ্রীক গল্প—কিভাবে একজন ব্রাহ্মণ এথেন্সে সক্রেটিদের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। ব্রাহ্মণ জিজ্ঞাসা করিলেন, 'শ্রেষ্ঠ জ্ঞান কি ?' সক্রেটিস উত্তর দিলেন, 'মামুষকে জানাই সকল জ্ঞানের লক্য ও উদ্দেশ্য।' ব্রাহ্মণ বলিলেন, 'কিন্তু ঈশ্বকে না জানিয়া আপনি মাহুষকে কিভাবে জানিতে পারেন ?' এক পক্ষ—অর্থাৎ বর্তমান ইওরোপের প্রতিনিধি গ্রীক পক্ষ মাহুষকে জানার উপর জোর দিল। পৃথিবীর প্রাচীন ধর্মসমূহের প্রতিনিধি, প্রধানতঃ ভারতীয় পক্ষ ঈশ্বরকে জানার উপর জোর দিয়াছে। এক পক্ষ প্রকৃতির মধ্যে ঈশ্বরকে দর্শন করে, অপর পক্ষ ঈশ্বরের মধ্যে প্রকৃতিকে দর্শন করে। বর্তমানে হয়তো এই উভয় দৃষ্টিভদী হইডে দূরে থাকিয়া সমগ্র সমস্থার প্রতি নিরপেক্ষ দৃষ্টি অবলম্বন করিবার অধিকার আমাদিগকে দেওয়া হইয়াছে। ইহা সত্য ষে, বৈচিত্র্য আছে; এবং জীবনের পক্ষে ইহা অপরিহার্য। ইহাও সত্য যে, এই বৈচিত্ত্যের ভিতর দিয়া এক্য অহভব করিতে হইবে। ইহা সভ্য যে, প্রকৃতির মধ্যে ঈশ্বকে উপলব্ধি করা যায়। আবার ইহাও সত্য যে, ঈশবের মধ্যে প্রকৃতি উপলব্ধি করা যায়। মাহুষ সম্বন্ধে জ্ঞান শ্রেষ্ঠ জ্ঞান, এবং মাহুষকে জ্ঞানিয়াই আমরা ঈশরকে জানিতে পারি। আবার ইহাও সত্য যে, ঈশরের জ্ঞানই শ্রেষ্ঠ জ্ঞান, এবং ঈশ্বরকে জানিয়াই আমরা মাহুষকে জানিতে পারি। এই হুইটি উক্তি আপাতবিরোধী বলিয়া প্রতীয়মান হইলেও মহয়-প্রকৃতির পক্ষে আবশুক। সমগ্র বিখ--বৈচিত্ত্যের মধ্যে ঐক্যের এবং ঐক্যের মধ্যে বৈচিত্ত্যের ক্রীড়াক্ষেত্র; সমগ্র জগৎ—সাম্য ও বৈষম্যের খেলা; সমগ্র বিশ্ব—অসীমের মধ্যে সঙ্গীমের ক্রীড়াভূমি। একটিকে গ্রহণ না করিয়া আমরা অপরটিকে গ্রহণ করিতে পারি না, কিছ আমরা ইহাদের ছইটিকে একই অহভৃতির— একই প্রত্যক্ষের বিষয় বলিয়া গ্রহণ করিতে পারি না। তথাপি ব্যাপার সর্বদা এইভাবেই চলিবে।

আমাদের আরও বিশেষ উদ্দেশ্য—ধর্মের বিষয় (নীতির নয়) বলিতে গেলে বলিতে হয়, যতদিন পর্যন্ত স্কটিতে প্রাণের ক্রিয়া চলিবে, ততদিন সর্বপ্রকার

ভেদ্ভি পার্থক্যের বিলয় এবং ফলস্বরূপ এক নিব্দ্রিয় সমাবস্থা অসম্ভব। এইরূপ অবস্থা বাঞ্নীয়ও নয়। আবার এই সত্যের আর একটি দিক্ও আছে, অর্থাৎ এই ঐক্য তো পূর্ব হইতেই বর্তমান রহিয়াছে। অভূত দাবি এই—এই ঐক্য স্থাপন করিতে হইবে না, ইহা তো পূর্ব হইতেই রহিয়াছে। এই এক্য ছাড়া বৈচিত্র্য তোমরা মোটেই উপলব্ধি করিতে পারিতে না। ঈশ্বর সৃষ্টি করিতে হইবে না, ঈশ্ব ভো পূর্ব হইতেই আছেন। সকল ধর্মই এই দাবি করিয়া আসিতেছেন। যথনই কেহ সান্তকৈ উপলব্ধি করিয়াছেন, তথনই তিনি অনম্বকেও উপলব্ধি করিয়াছেন। কেহ কেহ সাম্বের উপর জোর দিয়া ঘোষণা করিলেন, 'আমহা বহিজগতে সাহকেই উপলব্ধি করিয়াছি।' কেহ কেহ অনস্তের উপর ভোর দিয়া বলিলেন, 'আমরা কেবল অনস্ত:কই উপলব্ধি করিয়াছি।' কিন্তু আমরা জানি একটি ছাড়া অন্তটি উপলব্ধি করিতে পারি না-- ইহ। যুক্তির দিক্ দিয়া অপরিহার্য। স্থতরাং দাবি করা হইতেছে---এই সমতা, এই ঐক্য, এই পূর্ণতা—ধে-কোন নামেই ইহ:কে অভিহিত করি না কেন—স্ট হইতে পারে না, ইংা তো পূর্ব হইতেই বর্তমান এবং এখনও রহিয়াছে। আমাদের কেবল ইহা বুকিতে হইবে এবং উপলব্ধি করিতে হইবে। আমরা ইহা জানি বা না জানি, পরিষ্কার ভাষায় প্রকাশ করিতে পারি বা না পারি, এই উপলব্ধি ইন্দ্রিয়ামুভূতির শক্তি ও অচ্ছত। লাভ করুক বা না করুক, ইহা বর্তমান রহিয়াছেই। আমাদের মনের যুক্তিদক্ষত প্রয়োজনের তাগিদেই আমরা স্বীকার করিতে বাধ্য যে, এই ঐক্য বর্তমান রহিয়াছে, তাহা না হইলে সমীমের উপলব্ধি সম্ভব হইত না। আনি 'দ্রব্য' ও 'গুণে'র পুরাতন ধারণার কথা বলিতেছি না, আমি একত্বের কথাই বলিতেছি। এই-সব জাগতিক বৈচিত্র্যের মধ্যে যথনই আমরা 'তুমি' ও 'আমি' পৃথক্—এই উপলব্ধি করিতেছি, তথনই 'তোমার' ও 'আমার' অভিয়তার উপলব্ভি স্বত্ই আমাদের মনে আদিতেছে। এই এক্যবোধ ছাড়া জ্ঞান কথনও সম্ভব হইত না। সমতার ধারণা ব্যতীত অমুভূতি বা জ্ঞান কিছুই সম্ভব হইত না। স্থতরাং উভয় ধারণাই পাশাপাশি চৰিতেছে।

স্তরাং অবস্থার পূর্ণ সমতা নৈতিক আচরণের লক্ষ্য হইলেও তাহা অসম্ভব বলিয়া মনে হয়। আমরা যতই চেটা করি না কেন, সকল মাসুষ একরপ হউক—ইহা কখনই সন্তব হইবে না। মাহ্য পরস্পার পৃথক হইরাই জন্মগ্রহণ করে। কেহ কেহ অন্ত লোকের তুলনায় অধিকতর শক্তিশালী, কেহ কেহ অভাবতই ক্ষমতাদন্পন্ন হইবে, আবার কেহ কেহ এইরপ হইবে না। কেহ কেহ স্বাদ্ধন্দ্র হইবে, কেহ কেহ ইইবে না। আমরা কখনও এই পার্থক্য বন্ধ করিতে পারি না। আবার বিভিন্ন আচার্ধ-ঘোষিত এই-সকল আশ্চর্ধ নীতিবাক্য আমাদের কর্ণে ধ্বনিত হয়: এইরপে ম্নি স্বত্ধ ক্ষমতাবে অবস্থিত পরমাত্মাকে দর্শন করিয়া আত্মা ঘারা আত্মাকে হিংসা করেন না এবং সেইহেতু তিনি পরম গতি প্রাপ্ত হন। গাহাদের মন স্বভূতত্ব ব্রেল্ড নিশ্চল, ইহজীবনেই তাহার। জন্ম-মৃত্যু জন্ম করিয়াছেন; কারণ বন্ধ নির্দেষ ও সমদ্শী। অতএব তাহারা ব্রেল্ড অবস্থিত। ইহাই যে ষ্থার্থ ভাব, তাহা আমরা অস্থীকার করিতে পারি না; তথাপি আবার মৃশ্কিল এই বে, বিভিন্ন বন্ধর আকৃতি ও অবহানগত সমতা কথনও লাভ করা যায় না।

িছ অবিকার-বিলোপ আমরা নিশ্চয়ই ঘটাইতে পারি। সমগ্র জগতের সমুখে ইহাই যথার্থ কাজ। প্রত্যেক জাতি ও প্রত্যেক দেশের সামাজিক জীবনে ইহাই একমাত্র সংগ্রাম। এক শ্রেণীর লোক অপর শ্রেণীর লোক অপেকা সভাবতই বেণী বৃদ্ধিমান্—ইহা আমাদের সমস্তা নয়; আমাদের সমতা হইল এই ষে, বৃদ্ধির আধিক্যের স্থোগ লইয়া এই শ্রেণীর লোক অল্লবৃদ্ধি লোকদের নিকট হইতে তাহাদের দৈহিক স্থপাচ্ছল্যও কাড়িয়া লইবে কিনা। এই বৈষম্যকে ধ্বংদ করিশার জন্তই সংগ্রাম। কেহ কেহ অস্তান্ত অপেকা অধিকতর দৈহিক বলশালী হইবে এবং এরপে স্বভাবতই চুর্বল লোক-দিগকে দমন বা পরাভয় করিতে সমর্থ ঃইবে—ইহা তে। স্বতঃসিদ্ধ ব্যাপার, কিছ এই শারীরিক শক্তির জন্ম তাহারা দ্রীবনের যাহা কিছু হুপথাচ্ছন্য লাভ করা যায়, তাহাই নিজেদের জন্ম কাড়িয়া লইবে—এই প্রকার অধিকার-বোধ ভো নীভিদমত নয় এবং ইহার বিরুদ্ধেই সংগ্রাম চলিয়া আদিতেছে। একদল লোক স্থভাবদিদ্ধ প্রবণতাবশতঃ স্থান্তর অপেকা বেশী ধনসঞ্য করিতে শানিবে—ইহা তো স্বাভাবিক। কিন্তু ধনসঞ্জের এই সামর্থ্য-হেতু ডাহারা অসমর্থ ব্যক্তিদের উৎপীড়ন এবং নিষ্ঠুরভাবে পদদলিত করিবে—ইহা তো নীতিসমত নয়; এই অধিকারের বিরুদ্ধেই সংগ্রাম চলিয়া আদিতেছে। অক্তকে বঞ্চিত করিয়া নিজে স্থবিধা ভোগ করার নামই অধিকারবাদ এবং

যুগযুগান্ত ধরিয়া নীতিধর্মের লক্ষ্য এই অধিকারবাদকে ধ্বংস করা। বৈচিত্যকে নষ্ট না করিয়া সাম্য ও একোর দিকে অগ্রসর হওয়াই একমাত্র কাব্দ।

এই-সকল বৈচিত্র্য, পার্থক্য অনস্তকাল বিরাজ করুক। এই বৈচিত্র্য জীবনের অপরিহার্য সারবস্থ। এভাবেই আমরা অনস্তকাল থেলা করিব। তুমি হইবে ধনী এবং আমি হইব দরিদ্র; তুমি হইবে বলবান্ এবং আমি হইব তুর্বল; তুমি হইবে বিলান্ এবং আমি হইব মূর্য; তুমি হইবে অত্যস্ত আধ্যাত্মিক-ভাবাপন্ন, আমি হইব অল্ল অধ্যাত্মপ্রবন। তাহাতে কি আসে যায়? আমাদিগকে এরপই থাকিতে দাও, কিন্তু তুমি আমা অপেক্ষা শারীরিক ও মানসিক শক্তিতে অধিকতর বলবান্ বলিয়া আমা অপেক্ষা বেশী অধিকার ভোগ করিবে, ইহা হইতে পারে না; আমা অপেক্ষা তোমার ধনৈশ্বর্য বেশী আছে বলিয়া তুমি আমা অপেক্ষা বড় বিবেচিত হইবে, ইহাও হইতে পারে না, কারণ অবস্থার পার্থক্য সত্তেও আমাদের ভিতরে সেই একই সমতা বর্তমান।

বাহজগতে পার্থক্যের বিনাশ এবং সমতার প্রতিষ্ঠা—কথনই নৈতিক আচরণের আদর্শ নয়, এবং কথনও হইবে না। ইহা অসম্ভব, ইহা য়ৃত্যু ও প্রংসের কারণ হইবে। যথার্থ নৈতিক আদর্শ—এই-সকল বৈচিত্র্য সত্তেও অন্তর্নিহিত ঐক্যকে সীকার করা, সর্বপ্রকার বিভীষিকা সত্ত্বেও অন্তর্গামী ঈশ্বরকে স্বীকার করা, সর্বপ্রকার আপাত-তর্বলতা সত্তেও সেই অনম্ভ শক্তিকে প্রত্যেকের নিজস্ব সম্পত্তি বলিয়া স্বীকার করা এবং সর্বপ্রকার বিকল্ধ বাহ্য প্রতিভাস সত্ত্বেও আত্মার অনম্ভ অসীম শুদ্ধস্বরূপতা স্বীকার করা। এই তত্ত্ব আমাদিগকে স্বীকার করিতেই হইবে। কেবল একটা দিক গ্রহণ করিলে, সমগ্র তত্ত্বের একাংশমাত্র স্বীকার করিলে উহা বিপজ্জনকই হইবে এবং কলহের পথ প্রশন্ত করিবে। সমগ্র তত্ত্বি আমাদিগকে যথাযথ গ্রহণ করিতে হইবে এবং ইহাকে ভিত্তিস্বরূপ গ্রহণ করিয়া ব্যষ্টিগত ও সমষ্টিগত-ভাবে আমাদের জ্বীবনের সর্বক্ষেত্রে ইহাকে প্রয়োগ করিতে হইবে।

হিন্দু দার্শনিক চিন্তার বিভিন্ন স্তর

ষে-শ্রেণীর ধর্মচিস্তার উল্মেষ সর্বপ্রথম আমাদের দৃষ্টি আকর্ষণ করে—আমি অবশু স্বীকৃতির যোগ্য ধর্মচিস্তার কথাই বলিতেছি, যে-সকল নিম্নন্তরের চিস্তা 'ধর্ম' সংজ্ঞা লাভের অযোগ্য, আমি সেগুলির কথা বলিতেছি না—ঐ উচ্চতর চিস্তারাশির মধ্যে ভগবৎ-প্রেরণা, শাস্ত্রের অলৌকিকতা ইত্যাদি ভাব স্বীকৃত হয়। ঈশ্ববিশ্বাস হইতেই আদিম ধর্মচিস্তাসমূহ আরম্ভ হয়। এই বিশ্বকে আমরা দেখিতেছি; ইহার স্রষ্টা নিশ্চয়ই কেহ আছেন। জগতে যাহা কিছু আছে, সবই তাঁহার স্ঞাট। এই ধারণার সহিত পরবর্তী স্তরের । চিস্তাধারায় আত্মার ধারণা সন্মিলিত হইয়াছে। আমাদের এই দেহ চক্ষের সমূপে বিভয়ান; ইহার অভ্যস্তরে এমন কিছু আছে, যাহা দেহ নয়। ধর্মের আদিম অবস্থা সহন্ধে আমরা যতটুকু জানি, তাহার মধ্যে এইটুকুই প্রাচীনতম। ভারতেও এমন অনেকে ছিলেন, গাঁহারা এই চিস্তাধারার অনুসরণ করিয়াছিলেন; কিন্তু ইহা অভ্যন্নকালের মধ্যেই পরিত্যক্ত হইয়াছিল। বস্তুতঃ ভারতীয় ধর্ম-চিস্তাসমূহ এক অনশ্রসাধারণ স্থান হইতে যাত্রা আরম্ভ করিয়াছিল। তাই বর্তমান কালে একমাত্র অতি স্কল্প বিশ্লেষণ বিচার ও অফুমান-সহায়ে আমরা কথন কথন বুঝিতে সমর্থ হই যে, এইরূপ এক শুর ভারতীয় চিস্তাধারার ক্ষেত্রেও বিভামান ছিল। সহজ্বোধ্য যে ভারে আমরা ভারতীয় ধর্মচিস্তার পরিচয় লাভ করি, উহা কিন্তু পরবর্তী শুর, প্রথম শুর নয়। অতি আদিম স্তরে স্টির ধারণা বড়ই অভিনব। তখন এই ধারণা ছিল যে, সমগ্র বিশ্ব শৃক্তাবস্থা হইতে ঈশ্বরেচ্ছায় স্ট হইয়াছে; একসময় এই বিশ্বের কিছুই ছিল না এবং সেই সম্পূর্ণ অভাব হইতে ইহার আবির্ভাব ঘটিয়াছে। পরবর্তী ন্তরে অ:মরা দেখি, এই দিদ্ধান্ত সম্পর্কে সংশয় উঠিয়াছে—'অভাব হইতে কিরূপে ভাবের উৎপত্তি হইতে পারে ?' বেদাস্থের প্রথম পদক্ষেপেই এই প্রশ্ন উঠিয়াছে। এই বিশ্বের মধ্যে যদি কোন সভ্য নিহিত থাকে, তাহা হইলে ইহা নিশ্চয়ই কোন ভাববম্ব হইতে উদাত হইয়াছে, কারণ ইহা অতি সহজেই অহুভূত হয় যে, অভাব হইতে কোথাও কোন ভাববস্থর উৎপত্তি হয় মাহ্ব হাতে-নাতে যাহা কিছু গড়ে, তাহাই উপাদান-সাপেক্ষ। কোন

গৃহ নির্মিত থাকিলে তাহার উপাদান পূর্ব হইতেই ছিল; কোন নৌকা থাকিলে তাহারও উপাদান পূর্ব হইতে ছিল; যদি কোন যা প্রস্তুত হইয়া থাকে, তাহারও উপাদান পূর্ব হইতে ছিল। যাহা কিছু কার্যস্তু, তাহা এইভাবেই উৎপন্ন হয়। অতএব অভাব হইতে জগৎ উৎপন্ন হইয়াছে—এই প্রথম ধারণাটি বভাবতই বজিত হইল এবং এই বিশ্ব যে মূল উপাদান হইতে স্বস্তু হইয়াছে, তাহার অনুসন্ধান আবশ্যক হইল। বস্তুত: সমগ্র ধর্মচিন্তার ইতিহাদ এই উপাদানের অনুসন্ধানেই প্রবৃদিত।

কোন্ বস্ত ২ইতে এই-সকল উৎপন্ন হইয়াছে? এই স্টের নিমিত কারণ বা ঈশব সম্বন্ধে প্রশ্ন ছাড়াও, ভগবানের বিশ্বস্ঞাই-বিষয়ক প্রশ্ন ছাড়াও স্বাপেকা বড় প্রশ্ন হইল—'কি দেই উপাদান, যাহা হইতে তিনি স্ষ্টি করিলেন ?' সকল দর্শনমত ধেন এই একটি প্রশ্নের সমাধানেই ব্যাপৃত। ইংার একটি সমাধান হইল এই ষে—প্রকৃতি, ঈশর এবং আত্মা এই তিনটিই শাখত সনাতন সতা, যেন তিনটি সমান্তরাল রেখা অনস্তকাল ধরিয়া পাশাপাশি চলিতেছে; এই-সকল দার্শনিকের মতে এই তিনটির মধ্যে প্রকৃতি ও আত্মার অন্তিত্ব পরতম্ভ, কিন্তু ভগবানের সত্তা স্বতন্ত্র। প্রত্যেক দ্রব্যক্ষিকা ষেমন ঈশরের ইচ্ছাধীন, তেমনি প্রত্যেক আত্মাও ঠাহার ইচ্ছাধীন। ধর্মচিম্ভা সম্পর্কে অন্তান্ত শুরের আলোচনার পূর্বে আমরা আত্মার ধারণা সম্পর্কে আলোচনা করিব এবং দেখিব যে, সকল পাশ্চান্তা দর্শনমতের সহিত বৈদান্তিক দর্শনের এক বিরাট পার্থক্য রহিয়াছে। বেদাস্তবাদীরা সকলেই একটি সাধারণ মনোবিজ্ঞান মানিয়া চলেন। দার্শনিক মতবাদ যাহার যাহাই হউক না কেন, ভারতের যাবতীয় মনোবিজ্ঞান একই প্রকার, উহা প্রাচীন সাংখ্য মনন্তব্বের অহরণ। এই মনন্তব্ অহ্যায়ী প্রত্যক্ষাহভূতির ধারা এই: বাহ্ ইক্রিয়গোলকের উপর বিষয়গুলি হইতে যে কম্পন প্রথমে সংক্রামিত হয়, তাহা বাহিরের ইন্দ্রিয়গোলক হইতে ভিতরের ইন্দ্রিসমূহে সঞ্চারিত হয়; অস্তবিদ্রিয় হইতে উহা মনে এবং মন হইতে বুদ্ধিতে প্রেরিত হয়; বুদ্ধি হইতে উহা এমন এক সভার নিকট উপন্থিত হয়, যাহা এক এবং যাহাকে তাঁহারা 'আহা।' নামে অভিহিত করিয়া থাকেন। আধুনিক শারীরবিজ্ঞানের ক্ষেত্রে আসিলে আমরা দেখিতে পাই ষে, উক্ত বিজ্ঞান বিভিন্ন সংবৈদনের কেন্দ্রবাঞ্চলি আবিষ্ণার করিয়াছে। প্রথমতঃ ইহা নিয়ন্ত:রর কেন্দ্রগুলির

সন্ধান পাইয়াছে, তত্পরি উচ্চন্তরের কেন্দ্রগুলির অবহান আবিষার করিয়াছে ; এই উভয় জাভীয় কেন্দ্রকে ভারতীয় দর্শনের অন্তরিদ্রিয় এবং মনের অন্তর্মণ বলা যাইভে পারে; কিন্তু এই-সকল বিভিন্ন কেন্দ্রগুলিকে নিয়ন্ত্রণ করিভে পারে, এইরপ কোন একটি বিশেষ কেন্দ্র শারীরবিজ্ঞানে আবিহৃত হয় নাই। স্তরাং ঐ-সকল বিভিন্ন কেন্দ্রের ঐক্য কোথায়, তাহা শারীরবিজ্ঞান আমাদের বলিতে পারে না। এই-সকল কেন্দ্রের ঐক্য কোথায় সংস্থাপিত ? মন্তিষ্কন্ত কেন্দ্রগুলি পরস্পর-বিচ্ছিন্ন, এবং সকল কেন্দ্রকে নিয়ন্ত্রণ করিতে পারে—একপ কোন কেন্দ্র সেধানে নাই। স্থতরাং ভারতীয় মনন্তব্ ষভটু হু তথ্য আবিদ্ধার ক্রিয়াছে, ভাহার বিরুদ্ধে আপত্তি করা চলে না। আমাদের এমন একটি একাস্থান চাই, যাহার উপর সংবেদনগুলি প্রতিফলিত হইবে, এবং যাহা একটি পূর্ণ অন্থতন গড়িয়া তুলিবে। ষতক্ষণ না সেই বস্থটিকে স্বীকার করি, ততক্ষণ পর্যস্ত নিচ্ছের সম্পর্কে বা কোন চিত্র বা অন্ত কোন কিছু সম্পর্কে আমরা কোন ঐক্যবন্ধ ধারণা করিতে পারি না। যদি এই ঐক্যহলটি না থাকে, তাহা হইলে আমরা হয়তে। কেবল দেখিব, ভাহার কিছুক্ষণ পরে হয়তো নিঃখাস গ্রহণ করিব, তারপর শুনিব, ইত্যাদি। ফলে যখন কাহারও কথা শুনিব, তথন তাহাকে আদৌ দেখিতে পাইব না, কারণ সংবেদনের কেন্দ্রগুলি পরস্পর-বিচ্ছিন্ন।

আমাদের এই শরীর জড়বস্ত নামে পরিচিত কতকগুলি কণিকার সমষ্টি
মাত্র। ইহা অফুড়তিহীন ও অচেতন। বৈদান্তিকগণ বাহাকে স্ক্রংরীর
বলেন, উহাও ঐরপ। তাঁহাদের মতে এই স্ক্রদেহটি অচ্ছ হইলেও জড়;
ইহা অতি কৃত্র কণিকাঘারা গঠিত; এই কণিকাগুলি এত স্ক্র যে, অণ্বীক্ষণ
বরসহারেও সেগুলি দেখা বার না। এই দেহ কোন্ প্রয়োজনে লাগে?
ইহা অতি স্ক্রশক্তির আধার। এই স্কুলদেহ বেমন স্কুলশক্তির আধার,
স্ক্রদেহও তেমনি সেই-সকল স্ক্রশক্তির আধার, বাহাকে আমরা বিভিন্ন
রন্তির আকারে উদিত চিন্তা নামে অভিহিত করি। প্রথমে পাই স্কুলশক্তিসহ
সুল জড়ের সমষ্টি মানবদেহ। আধার ব্যতীত শক্তি থাকিতে পারে না।
শক্তি নিজের অবহানের জল্প জড়বন্ধর ম্থাপেকী। কাজেই স্কুলতর শক্তি
আমাদের এই দেহ-অবলম্বনে কার্ব করে এবং এই শক্তিগুলিই আবার
স্ক্রাকার ধারণ করে। যে শক্তি স্কুলাকারে কার্ব করিতেছে, তাহাই আবার

স্কাকার কার্যের আকর হয় এবং চিম্ভার আকারে পরিণত হয়। তাহাদের উভয়ের মধ্যে কোন বান্তব ভেদ নাই; তাহারা একই শক্তির শুধু সুল ও স্ক্ষ বিকাশ। স্থূলশরীর এবং স্ক্ষ্শরীরের মধ্যেও কোন বাস্তব ভেদ নাই। স্মাদেহও জড়বস্ত দারা গঠিত, যদিও এই জড়পদার্থগুলি অতি স্কা। আর এই স্থলদেহ যেমন স্থলশক্তির ক্রিয়ার ষন্ত্র, তেমনি এই স্কাদেহও স্ক্রণক্তির ক্রিয়ার যন্ত্র। কোথা হইতে এই-সকল শক্তি আদে? বেদাস্ত-দর্শনের মতে প্রকৃতিতে হুইটি বস্তু আছে, একটিকে তাঁহারা 'আকাশ' বলেন . উহাই উপাদান পদার্থ এবং উহা অতি সৃক্ষ। অপরটিকে তাঁহারা বলেন 'প্রাণ', উহাই হইল শক্তি। যাহা কিছু আপনারা বায়ু মাটি বা অন্ত কোন পদার্থরূপে দেখেন, স্পর্শ করেন অথবা শুনেন, সে-সবই জড়বস্থ; সবই আকাশ হইতে উৎপন্ন। এগুলি প্রাণের ক্রিয়ার ফলে পরিবর্তিত হইয়া ক্রমশই সুক্ষ হইতে সুক্ষতর অথবা স্থুল হইতে স্থুলতর হইয়া থাকে আকাশের ত্যায় প্রাণও সর্বব্যাপী এবং সর্বাহ্নস্থাত। আকাশকে যদি জলের সহিত তুলনা করা যায়, তবে বিশ্বের অন্তান্ত পদার্থদকলকে জল হইতে উৎপন্ন এবং জলের উপর ভাসমান তুষারখণ্ড বলা চলে। যে শক্তি আকাশকে এই বিবিধ আকারে পরিবর্তিত করে, তাহাই হইল প্রাণ। পেনী চালনা, হাঁটা, বসা, কথা বলা ইত্যাদিরূপে স্থূলন্তরে প্রাণের বিকাশের জন্ম আকাশ হইতে এই স্থুলদেহরূপ ষন্ত্রটি গঠিত হইয়াছে। ঐ একই প্রাণের স্ক্রন্থতার স্থাকারে চিস্তারূপে বিকাশের জন্ম পূর্বোক্ত স্ক্রদেহটিও আকাশ অর্থাৎ আকাশের অতি স্ক অবস্থা হইতে গঠিত হইয়াছে। স্তরাং সর্ধাগ্রে আছে এই স্থল-'. দহ, তাহার উর্ধেব আছে এই স্ক্রেদেহ। তাহারও উর্ধেব আছে জীব বা প্রকৃত মামুষ। নথগুলি ষেমন আমাদের দেহের অংশ হইলেও ঐগুলিকে বার বার কাটিয়া ফেলা চলে, স্থুলদেহ এবং স্ক্রাদেহের সম্বন্ধত 'ভদমূরপ। ইহা ঠিক নয় যে, মানবের তুইটি দেহ আছে—একটি স্কা এব' অপরটি স্থূল। প্রকৃতপক্ষে একটি মাত্র দেহই আছে, তবে যে অংশ দীর্ঘস্থায়ী. তাহাকে স্ক্রশরীর, এবং যাহা ক্রভবিনাশী, তাহাকে স্থুল বলে। ষেমন আমি এই নথগুলি যতবার ইচ্ছা কাটিয়া ফেলিতে পারি, দেইরূপ লক্ষ কাব আমি এই স্থলশরীর ত্যাপ করিতে পারি, কিছু তবু স্ক্রশরীরটি থাকিয় 'যায়। - ছৈতবাদীদের মতে এই জীব বা প্রকৃত মানব অত্যস্ত স্ক্ষ। 🦠 🕛

এ পর্যন্ত আমরা দেখিয়াছি, মাহুষ বলিতে এমন একটি ব্যক্তিকে বুঝায়, ষাহার প্রথমতঃ আছে একটি অনস্ত ধ্বংসশীল স্থলদৈহ, তারপর আছে একটি বছ্যুগস্থায়ী স্ক্ষদেহ, সর্বোপবি আছে একটি জীবাত্মা। বেদান্তের মতে এই জীবাত্মা ঈশবের হ্যায় নিভা। প্রকৃতিও নিভা, কিন্তু পরিণামী নিভা। প্রকৃতির যাহা উপাদান-অর্থাৎ প্রাণ এবং আকাশ-তাহাও নিভ্য; কিন্তু তাহার। অনম্ভকাল ধরিয়া বিভিন্ন রূপে পরিবর্তিত হইতেছে। জীব আকাশ কিম্বা প্রাণের দ্বারা নির্মিত নয়; ইহা জ্ড়সভূত নয় বলিয়া নিত্য। ইহা প্রাণ ও আকাশের কোন প্রকার মিলনের ফলে উৎপন্ন হয় নাই। যাহা যৌগিক পদার্থ নয়, ভাহা কোন দিনই ধ্বংদ হইবে না। কারণ ধ্বংসের অর্থ হইল কারণে প্রত্যাবর্তন। সুলদেহ আকাশ এবং প্রাণের মিলনে গঠিত; অতএব ইহার ধ্বংদ অনিবার্য। কিন্তু জীব অংথী গিক পদার্থ; কাজেই তাহার কখনও ধাংস নাই। এই একই কারণে ইহা কখনও জন্মে নাই। কোন অযৌগিক পদার্থেরই জন্ম হইতে পারে না। এই একই যুক্তি একেত্রে প্রধোক্ষা। একমাত্র যৌগিক পদার্থেরই জন্ম সম্ভব। লক্ষ লক্ষ আত্মাদহ এই প্রকৃতি সম্পূর্ণরূপে ঈশবের নিয়ন্ত্রণাধীন। ঈশব দর্ব্যাপী, সর্বজ্ঞ, নিরাকার এবং তিনি প্রকৃতির সহায়ে দিবারাত্রি সকল সময় কার্য করিতেছেন। ইহার সবটুকুই তাঁহার নিয়ন্ত্রণাধীন। তিনি বিখের চিরস্তন অধিপতি। ইহাই হইল দৈতবাদীদের মত। এখন প্রশ্ন এই—ঈশবই যদি বিশ্বের নিয়ন্তা হন, ভবে কেন তিনি এই পাপময় বিশ স্ঞ্টি করিলেন, কেন আমরা এভ তুঃধক্ট পাইব ? দৈতবাদীদের মতে: ইহাতে ঈশবের কোন দোব নাই। নিজেদের দোষেই আমরা কট পাই। যেমন কর্ম, তেমনি ফল। তিনি <mark>মাহ্যকে সাজা</mark> দিবার জন্ম কোন কিছুই করেন নাই। মাহ্য দরিদ্র বা আন্ধ হইয়া বা অন্য কোন ত্রবস্থায় জন্মগ্রহণ করে। তাহার কারণ কি ? একপে জন্মগ্রহণ করিবার পুর্বের সে নিশ্চয়ই কিছু করিয়াছে। জীব অনস্তকাল ধরিয়া বর্ডমান রহিয়াছে এবং কখনও স্বষ্ট হয় নাই। সার এই দীর্ঘকাল ধরিয়া সে কত কিছু করিয়াছে। যাহা কিছু স্থামর। করি না কেন, তাহার ফল আমাদিগকে ভোগ করিতে হয়। ভাল কাজ ুরিলে আমরা হুখী হই, আর মন্দ কাজ করিলে তুঃখ পাই। ঐরপেই জীব ংখকষ্ট ভোগ ক্ররিতে থাকে এবং নানারূপ কার্যও করিতে থাকে।

মৃত্যুর পর কি হয়? এই-সকল বেদাস্ক-সম্প্রদায়গুলির অন্তর্গত সকলেই স্থীকার করেন, জীব স্বরূপতঃ পবিত্র। বিদ্ধ তাঁহারা বলেন যে, অজ্ঞান জীবের স্বরূপ আবৃত করিয়া রাখে। পাপকর্ম করিলে বেমন সে অজ্ঞানের দারা আবৃত হয়, পুণ্যকর্মের ফলে তেমনই আবার ভাহার স্বরূপ-চেভনা জাগরিত হয়। জীব একদিকে বেমন নিভা, অপরদিকে ভেমনি বিশুদ্ধ। প্রত্যেক ব্যক্তিই স্বরূপতঃ বিশুদ্ধ।

ষ্থন পুণ্যকর্মের দ্বারা তাহার সমস্ত পাপকর্মের বিলোপ হয়, তথন জীব পুনবার বিশুদ্ধ হয় এবং বিশুদ্ধ হইয়া সে 'দেবধান' নামে কথিত পথে উর্জে গমন করে। তথন ইহার বাগি ঞিয় মনে প্রবেশ করে। শব্দের সহায়তা ব্যতীত কেহ চিম্ভা করিতে পারে না! চিম্ভা থাকিলে শব্দও অবশ্যই থাকিবে। শব্দ যেমন মনে প্রবেশ করে, মনও তেমনি প্রাণে এবং প্রাণ জীবে বিলীন হয়। তখন জীব এই শরীর হইতে জ্রুত বহির্গত হয়, এবং সুর্যলোকে গমন করে। এই বিশ্বজ্ঞাৎ মণ্ডলাকারে সজ্জিত। এই পৃথিবীকে বলে ভূমণ্ডল, ষেখানে চন্দ্র, সূর্য, তারকারাজি দেখা যায়। তাহার উর্ধে সূর্যলোক অবস্থিত; তাহার পরে আছে আর একটি লোক, ষাহাকে চন্দ্রলোক বলে। তাহারও পরে আছে বিহ্যল্লোক নামে আর একটি লোক। জীব ঐ বিহ্যল্লোকে উপস্থিত হইলে পূর্ব হইতে দিকিপ্রাপ্ত অপর এক ব্যক্তি তাহার অভ্যর্থনার জন্ম সেখানে উপস্থিত হন এবং তিনি তাহাকে অপর একটি লোকে অর্থাৎ ব্রহ্মলোক নামক সর্বোত্তম স্বর্গে লইয়া যান। দেখানে জীব জনম্ভকাল ধরিয়া বাস করে; তাহার আর জন্ম-মৃত্যু কিছুই হয় না। এই ভাবে জীব অনস্তকাল ধরিয়া আনন্দ ভোগ করে, এবং একমাত্র স্ঠাই-শক্তি ছাড়া ঈশবের আর সর্ববিধ ঐশর্বে ভৃষিত হয়। বিশ্বের একমাত্র নিয়স্তা আছেন এবং তিনি ঈশর। অপর কেহই তাঁহার স্থান গ্রহণ করিতে পারে না। কেহ যদি ঈশরজের দাবি করেন, তাহা হইলে দ্বৈতবাদীদের মতে তিনি ঘোর নান্তিক। স্ঞাট-শক্তি ছাড়া ঈশবের অপর শক্তিসমূহ জীবে সঞ্চারিত হয়। উক্ত জীবাত্মা যদি শরীর গ্রহণ করিতে চান এবং পৃথিবীর বিভিন্ন অংশে কর্ম করিতে চান, ভাহা হইলে তাহাও করিতে পারেন। তিনি যদি সকল দেব-দেবীকে নিজের সম্মুখে আসিতে নির্দেশ দেন, কিংবা যদি পিতৃপুরুষদের আনয়ন করিতে ইচ্ছা করেন, তাংগ ২ইলে তাঁহারা তাঁহার ইচ্ছামুদারে তথায় উপস্থিত হন। তাঁহার

তথন এমনই শক্তি লাভ হয় যে, তাঁহার আর দু:থভোগ হয় না, এবং ইচ্ছা করিলে তিনি অনস্তকাল ধরিয়া ব্রহ্মলোকে অবস্থান করিতে পারেন। তাঁহাকেই বলি শ্রেষ্ঠ মানব, যিনি ঈশবের ভালবাসা অর্জন করিয়াছেন, যিনি সম্পূর্ণক্রপে নি:স্বার্থ হইয়াছেন, সম্পূর্ণ পবিত্রতা অর্জন করিয়াছেন, সকল বাসনা ত্যাগ করিয়াছেন, যিনি ঈশবকে ভালবাসেন এবং উপাসনা ছাড়া অন্ত কোন কর্ম করিতে চাহেন না।

অপর একখেণীর জীব আছেন, যাঁহারা এত উন্নত নন; তাঁহারা সৎকর্ম করেন অথচ পুরস্কার প্রত্যাশা করেন। তাঁহার। বলেন যে দরিভ্রকে তাঁহার। কিছু দান করিবেন, কিন্তু বিনিময়ে তাঁহারা বর্গলাভ কামনা করেন। মৃত্যুর পর তাঁহাদের কিরূপ গতি হয় ? তাঁহাদের বাক্য মনে লীন হয়, মন প্রাণে লয় পায়, প্রাণ জীবাত্মায় লীন হয়, জীবাত্মা দেহত্যাগ করিয়া বহির্গত হয় এবং চক্রলোকে যায়। ঐ জীব দেখানে দীর্ঘকালের জন্ম অত্যন্ত স্থাে সময় অভিবাহিত করেন। তাঁহার সৎকর্মের ফল যতকাল থাকে, ততদিন ধরিয়া ভিনি স্থভোগ করেন। যথন দেই সকল নি:শেষিত হইয়া যায়, তথন তিনি প্নরায় ধরাতলে অবতীর্ণ হন, এবং নিজ বাসনাম্যায়ী ধরাধামে নৃতন জীবন আরম্ভ করেন। চম্রলোকে জীবগণ দেবজন্ম প্রাপ্ত হয়, কিম্বা এটিধর্মে এবং ম্ণলমান ধংম উল্লিখিত দেবদ্ভরূপে জন্মগ্রহণ করে। দেবতা অর্থে কতকগুলি উক্তপদমাত্রই বৃঝিতে হইবে। যথা দেবগণের অধিপতিত্ব বা ইক্রত্ব একটি উচ্চপদের নাম। বহু সংশ্র মাহুষ সেই পদ লাভ করিয়া থাকে। সর্বোত্তম বৈদিক ক্রিয়াকর্মের অহ্ঠানকারী কোন পুণ্যবান্ ব্যক্তির মৃত্যু হইলে তিনি দেবতাদের মধ্যে ইক্সম্বাদ প্রাপ্ত হন; এদিকে ততদিনে পূর্ববর্তী ইব্রের পতন হয় এবং তাঁহার পুনর্বার মর্ত্তালোকে জন্মলাভের কাল আদিয়া ^{পড়ে।} ইহলোকে ধেমন রাজার পরিবর্তন হয়, তেমনই দেবতাদেরও পরিবর্তন হয়, তাঁহাদেরও মৃত্যু হয়। স্বর্গবাদী সকলেরই মৃত্যু আছে। একমাত্র মৃত্যুহীন স্থান হইল ব্রহ্মলোক; সেধানে জন্মও নাই, মৃত্যুও निष्टि।

এইরপে জীবগণ স্বর্গে গমন করেন এবং মাঝে মাঝে দৈত্যদের উৎপাতের কথা ছাড়িয়া দিলে স্বর্গফল তাঁহাদের পক্ষে অত্যম্ভ স্থকরই হইরা থাকে। প্রাণের মতে দৈত্য আছে, তাহার। মাঝে মাঝে দেবতাদের নানারূপে

তাড়না করে। পৃথিবীর যাবতীয় পুরাণে এই দেবদানবের সংগ্রামের বিবরণ দেখিতে পাওয়া যায়, আরও দেখা যায় যে, অনেক সময় দৈত্যগণ দেবগণকে জয় করিত। অবশ্য অনেক সময়ই মনে হয়, দেবগণ অপেক্ষা দৈত্যগণের তৃষ্কর্ম বরং কিছু কম। দৃষ্টাস্তস্থরণ বলা যায়, সকল পুরাণেই দেবগণ কামপরায়ণ বলিয়া মনে হয়। এইরপে পুণ্যকর্মের ফলভোগ শেষ হইলে দেবগণের পতন হয়। তথন তাহারা মেঘ এবং বারিবিন্দু অবলম্বন করিয়া কোন শশ্য বা উদ্ভেদে সঞ্চারিত হয় এবং ঐরপে মানবের ঘারা ভক্ষিত থাছের মধ্য দিয়া মানবশরীরে প্রবেশ করে। পিতার নিকট হইতে তাহারা উপযুক্ত দেহ-গঠনের উপাদান পায়। যথন সেই উপাদানের উপযোগিতা শেষ হইয়া যায়, তথন তাহাদের নৃতন দেহ সৃষ্টি করিতে হয়। এখন—এরপ অনেক শয়তান প্রকৃতির লোক আছে, যাহারা নানাপ্রকার দানবীয় কার্য সাধন করে। তাহারা পুনরায় ইতর্যোনিতে জন্মগ্রহণ করে, এবং তাহারা অত্যন্ত হীনকর্মা হইলে অতি নিমন্তরের প্রাণিরূপে জন্মগ্রহণ করে অথবা বৃক্ষলতা কিংবা প্রস্তরাদিতে পরিণত হয়।

দেবজনো কোন কর্মলল অভিত হয় না; একমাত্র মান্থই কর্মলল অজন করে। কর্ম বলিতে এমন কাজ ব্ঝায়, ষাহার ফল আছে। যখন মান্থয় মরিয়া দেবতা হয়, তখন তাহাদের কেবল স্থুখ ও আরামের সময়, সেই সময় তাহারা নৃতন কর্ম করে না; স্বর্গ তাহাদের অতীত সংকর্মের প্রস্কার মাত্র। যখন সংকর্মের ফল নিঃশেষিত হয়, তখন অবশিষ্ট কর্ম তাহার ফল প্রস্বার করিতে উন্তত হয়, এবং সেই জীব প্রায় পৃথিবীতে আগমন করে। তখন যদি সে অতিশয় শুভ কর্মের অন্থান রাখিয়া আবার নিজেকে শুদ্ধ পবিত্র করিতে পারে, তাহা হইলে সে ব্রহ্মলোকে গমন করে এবং আর পৃথিবীতে ফিরিয়া আবার না।

নিয়তর শুরগুলি হইতে উচ্চ শুরের দিকে ক্রমবিকাশের পথে পশুত্ব একটি সাময়িক অবস্থা মাত্র। সময়ে পশুত্র মাহ্র্য হয়। ইহা অত্যস্ত গুরুত্বপূর্ণ লক্ষণীয় বিষয় যে, মাহুষের সংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গের সংখ্যা হ্রাস পাইতেছে। পশুদের আত্মা মানবে রূপায়িত হইতেছে, বহু বিভিন্ন শ্রেণীর পশু ইতিপূর্বেই মানবে পরিণত হইয়া গিয়াছে। এই-সকল বিলুগু পশুপক্ষী আর কোথায় বা ষাইতে পারে ? বেদে নরকের কোনও উল্লেখ নাই। কিছু আমাদের শাস্ত্রের পরবর্তী কালের গ্রন্থ প্রাণের বচয়িতাদের মনে হইল যে, নরকের কল্পনাকে বাদ দিয়া কোনও ধর্ম প্রাণের বচয়তাদের মনে হইল যে, নরকের কল্পনাকে বাদ দিয়া কোনও ধর্ম প্রাণ্ড ইতে পারে না, তাই তাঁহারা নানা রকম নরক কল্পনা করিয়াছেন। এই সব নরকের কতগুলিতে মাহ্যুয়কে করাত দিয়া চিরিয়া বিখণ্ডিত করা হইতেছে এবং তাহাদের উপর অবিরাম বাতনা চলিতেছে, কিছু তবু তাহাদের মৃত্যু নাই। তাহারা প্রতি মৃহুর্তে তীত্র বেদনায় জর্জরিত হইতেছে। তবে দয়া করিয়া এই সকল গ্রন্থে বলা হইয়াছে যে, এই সব বন্ত্রণা চিরয়ায়ী নহে। এই অবস্থায় তাহাদের অসংকর্মের কয় হয়; অনস্তর তাহারা মর্ত্যে প্নরাগমন করে এবং আবার ন্তন স্বযোগ পায়। স্তরাং এই মানবদেহে একটি মহা স্বযোগ লাভ হয়। তাই ইহাকে কর্ম-শরীর বলে। ইহার সাহায্যে আমরা আমাদের নিজেদের ভাগ্য নির্ধারণ করি। আমরা একটি বিরাট চক্রে ঘূরিতেছি এবং এই চক্রে এইটিই হইল আমাদের ভবিয়্ত-নির্ধারক বিন্তৃ। স্বতরাং এই দেহটিকে জীবের স্বাণেক্ষা গুরুত্বপূর্ণ ক্লপ্র বিলিয়া বিবেচনা করা হয়। মাহ্যুয় দেবতার অপেক্ষাও শ্রেষ্ঠ।

এই পর্যন্ত থাঁটি এবং জটিলতাহীন বৈত্বাদ ব্যাখ্যা করা হইল।
এইবারে আমরা উচ্চতর বেদান্তদর্শনে আসিতেছি, যাহা পূর্বোক্ত মতবাদকে
অযৌক্তিক মনে করে। এই মতে ঈশ্বর এই বিশ্বের উপাদান এবং নিমিন্ত
কারণ উভয়ই। ঈশ্বরকে যদি আপনারা এক অসীম পুরুষ বলিয়া মানেন,
এবং জীবাত্মা ও প্রকৃতিকে অসীম বলেন, তবে আপনারা এই অসীম
বন্ধগুলির সংখ্যা যথেচ্ছ বাড়াইয়া যাইতে পারেন; কিন্তু তাহা অত্যন্ত অসম্ভব
কথা; এভাবে চলিলে আপনারা সমগ্র ক্যায়শাস্ত্রকে ধূলিসাং করিয়া ফেলিবেন।
স্তরাং ঈশ্বর এই বিশ্বের অভিন্ন-নিমিন্ত-উপাদান কারণ; তিনি নিজের
মধ্য হইতেই এই বিশ্বেক বাহিরে বিকশিত করিয়াছেন। তাহা হইলে কি
ঈশ্বর এই দেওয়াল, এই টেবিল হইয়াছেন, তিনি কি শ্কর এবং হত্যাকারী
ইত্যাদি জগতের যাবতীয় হীন বস্ত হইয়াছেন? আমরা বলিয়া থাকি, ঈশ্বর
ত্তম-স্কাব। তিনি কির্পে এই সকল হীন বস্তুতে পরিণত হইতে পারেন?
আমাদের উত্তর এই—ইহা ঠিক যেন আমাদেরই মতো। এই ধকন আমি
একটি দেহধারী আত্মা। এক অর্থে এই দেহ আমা হইতে পৃথক্ নয়।
তথাপি আমি—প্রকৃত আমি—এই দেহ নই; দৃষ্টাক্তম্বপ্রকা বলা যাইতে পারে,

আমি নিজেকে শিশু, তরুণ যুক্ত বা বৃদ্ধ বলিয়া পরিচয় দিই; অথচ ইহাতে আমার আত্মার কোনও পরিবর্তন হয় না। উহা সর্বদা একই আত্মারূপে অবস্থান করে। ঠিক সেইরূপ প্রাকৃতি-দমন্বিত সমগ্র বিশ্ব এবং অগণিত আত্মাগুলি যেন ঈশবের অসীম দেহ। তিনি এই সকলের মধ্যে ওতপ্রোত হইয়া আছেন। একমাত্র তিনিই অপরিবর্তনীয় কিন্তু প্রকৃতি পরিবর্তিত হয়, আস্থাও পরিবর্তিত হয়। প্রকৃতি এবং আত্মার পরিবর্তনের দারা তিনি প্রভাবিত হন না। প্রকৃতির পরিবর্তন কিরূপে হয় ? প্রকৃতির পরিবর্তন বলিতে রূপের (আফুভির) পরিবর্তন বুঝায়। ইহা নৃতন রূপ গ্রহণ করে। কিন্তু আত্মার অহরূপ পরিবর্তন হয় না। আত্মার জ্ঞানের সকোচন এবং সম্প্রদারণ হয়। অসৎ কর্মের ছারা ইহার সঙ্কোচন ঘটে। যে কর্মের ছারা আত্মার স্বাভাবিক পবিত্রতা ও জানের সঙ্কোচন ঘটে, তাহাকে অশুভ কর্ম বলে। অবার ষে-সকল কর্মের ফলে আত্মার মহিমা প্রকাশিত হয়, তাহাকে ভুভ কর্ম বলে। সকল আত্মাই পবিত্র ছিল, কিন্তু তাহাদের সকোচন হইয়াছে। ঈশ্বর ক্বপায় এবং সংকর্মাস্থানের দারা আবার তাহারা সম্প্রসারিত হইবে এবং স্বাভাবিক পবিত্রতা লাভ করিবে। প্রত্যেকেরই সমান স্থযোগ স্বাছে এবং প্রত্যেকেই অবশেষে অবশ্রুই মৃক্তির অধিকারী হইবে। কিন্তু এই জগৎ-সংসারের কথনও অবদান হইবে না, কারণ ইহা শাশত। ইহাই হইল দিতীয় মতবাদ। প্রথমটিকে বলা হয় 'ছৈতবাদ'। দ্বিতীয় মতে ঈশ্বর, আত্মা এবং প্রকৃতি—এই তিনটিরই অন্তিত্ব আছে, এবং আত্মাও প্রকৃতি ঈশরের দেহ; এই তিন মিলিয়া একটি অভিন্ন সন্তা গঠন করিয়াছে। ইহা ধর্মবিকাশের একটি উচ্চতর স্তরের নিদর্শন এবং ইহাকে 'বিশিষ্টাদৈতবাদ' বলা হয়। বৈভবাদে এই বিগকে ঈশর-কর্তৃক চালিত একটি স্থবৃহৎ যন্ত্রমণে কল্পনা করা হয়; বিশিষ্টাবৈত্বাদে ইহাকে জীবদেহের মতো একটি জীবস্ত ও পরমাত্মার ঘারা অহুস্তাত অথও সত্তারূপে কল্পনা করা হয়।

সর্বশেষে আদিতেছেন অবৈত্বাদীরা। তাহারাও দেই একই সমস্থার সম্পীন হইয়াছেন বে, ঈশরকে ব্রহ্মাণ্ডের উপাদান ও নিমিত্ত-কারণ এই উভয়ই হইতে হইবে। এই মতে ঈশরই এই সমগ্র বিশ্ব হইয়াছেন এবং এই কথা মোটেই অস্বীকার করা চলে না। অপরেরা যখন বলেন, ঈশর এই বিশের আ্মা, বিশ্ব তাঁহার দেহ এবং সেই দেহ পরিবর্তনশীল হইলেও

ঈশব কৃটস্থ নিভ্য, তথন অহৈভবাদীবা বলেন, ইহা অর্থহীন কথা। তাই যদি হয়, তবে ঈশবকে উপাদান-কাবণ বলিয়া লাভ কি ? উপাদান কাবণ আমর। তাহাকেই বলি, ষাহ। কার্যে পরিণত হয়; কার্য বলিতে কারণের ক্লণান্তর ব্যতীত আর কিছুই নয়। কার্য দেখিলেই বুঝিতে হইবে, উহা কারণেরই অন্তর্নপে আবির্ভাব ঘটিয়াছে। এই বিশ্ব ধদি কার্ব হয় এবং ঈশ্ব যদি কারণ হন, তবে এই বিশ্ব ঈশবেরই অন্তরূপে আবির্ভাব ব্যতীত আর কিছুই নহে। কেহ যদি বলেন, এই বিশ্ব ঈশরের শরীর; ঐ শরীর সঙ্কৃতিত ও সুদ্ধংকার হইয়া কারণাবস্থা প্রাপ্ত হয় এবং ঐ কারণ হইতে এই বিশের উদ্ভব ঘটে, তবে অবৈতবাদী বলিবেন, ফলতঃ ভগবানু নিজেই এই বিশব্ধপ ধারণ করেন। এধানে এক ছাতি স্ক্র প্রশ্নের সন্মুখীন হইতে হইবে। ভগবানই যদি নিখিলবিখ হইয়া থাকেন, তাহা হইলে ইহা অবশু স্বীকাৰ্য হইয়া পড়ে—আপনাবা সকলে এবং সব কিছুই ঈশব। এই গ্রন্থানি ঈশব এবং প্রভ্যেক বস্তুই ঈশর। আমার শরীর ঈশর, মনও ঈশর, আত্মাও ঈশর। তাই যদি হয়, তবে এত জীবাত্মা অ'সিল কোথা হইতে? ঈশর কি ভবে লক্ষ জীবরূপে বিভক্ত হইয়া পড়িয়াছেন ? সেই এক ঈশ্বই কি এই লক লক জীবে পরিণত হইয়াছেন ? ইহাই বা কিরুপে সম্ভব হইবে ? কেমন করিয়া সেই অনম্ভ শক্তি ও অসীম বছ--বিখের সেই অথও সন্তা।করণে বিধণ্ডিত হইতে পারেন ? অনস্ত বস্তুর বিভাজন সম্ভব নহে। দেই অথও **অ**বিমি**ল্ল** সত্তা কিরূপে এই বিশ হইতে পারেন ? যদি তিনিই এই বিশ হইয়া থাকেন, তাহা হইলে তিনি পরিবর্তনশীল এবং যদি তিনি পরিবর্তনশীল হন, ভাহা হইলে ভিনি প্রকৃতির অংশ এবং যাহাই প্রকৃতির অংশ তাহারই পরিবর্তন আছে, জন্ম আছে, মৃত্যু আছে। যদি আমাদের ঈশার পরিবর্তনশীল হন, ভাহা হইলে তাঁহারও কোন না কোন দিন মৃত্যু হইবে। এই তথ্যটি সর্বদা মনে রাখা আবশুক। আবার প্রশ্ন এই, ঈশ্বের কি পরিমাণ অংশ এই বিশ্বরূপে পরিণত হইয়াছে ? যদি এই অংশ (বীজ-গণিভের অজ্ঞাত পরিমাণ) হয়, তাহা হইলে পরবর্তী সময়ে সেই অংশ বাদ দিয়া অৰশিষ্ট পরিমাণ ঈশ্বর বর্তমান রহিলেন। কাভেই স্থাষ্টর পূর্বে ঈশ্বর যেরপ ছিলেন, এখন আর তিনি ঠিক সেইরূপ রহিলেন না, কারণ তাঁহার ঐ পরিমাণ অংশ এখন বিখে পরিণত হইরাছে।

অভএব অধৈতবাদিগণ বলেন, 'এই বিখের প্রস্কৃতপক্ষে অন্তিম্ব নাই, এ সকলই মায়া। এই সমগ্র ব্রহ্মাণ্ড, এই দেবগণ, দেবদৃতগণ, জন্মমৃত্যুর অধীন অক্তান্ত প্রাণী, এবং চক্রবৎ ভ্রাম্যমাণ এই অনস্তকোটি আত্মা এই সমন্তই স্বপ্নমাত্র।' জীব বলিয়া মোটেই কিছু নাই; অতএব তাহাদের অগণিত সংখ্যাই বা কিরূপে হইবে ? একমাত্র সেই অনস্ত সত্তা আছেন। যেমন একই সুর্য বিভিন্ন জলবিন্দুর উপর প্রতিবিদ্বিত হইয়া বছরূপে প্রতিভাত হয়, কোটি কোটি জলকণিকা যেমন কোটি কোটি সূৰ্যকে প্ৰতিফলিত করে এবং প্রত্যেকটি জলকণিকাই সুর্যের পরিপূর্ণ প্রতিমৃতি ধারণ করে, অথচ সূর্য একটিমাত্রই থাকে, ঠিক সেইরূপে এই-সকল জীব বিভিন্ন ভিন্ন অস্তঃকরণে প্রভিফলিত প্রতিবিদ্ধ মাত্র। এই-দকল বিভিন্ন অন্তঃকরণ ধেন বিভিন্ন জলবিন্দুর মতো দেই এক সন্তাকে প্রতিফলিত করিতেছে। ঈশ্বর এই-সকল বিভিন্নজীবে প্রতিবিশ্বিত হইয়াছেন। কিন্তু সত্যকে বাদ দিয়া কোন নিছক স্বপ্ন থাকিতে পারে না; সেই অনস্ত সত্তাই সেই সত্য। এই শরীর-মন, আত্মা রূপে আপনি একটি স্বপ্নমাত্র; কিন্তু স্বরূপতঃ আপনি সেই সচিদানন, আপনিই এই বিখের ঈশর; আপনিই সমগ্র বিশকে স্ষ্টি করিতেছেন, আবার আপনাতে টানিয়া লইতেছেন। ইহাই হইল অবৈভবাদীর মত। স্থৃতরাং এই-সকল জন্ম এবং পুনর্জন্ম, এই-সকল আসা যাওয়া মায়াস্ট অলীক কল্পনা মাত্র। আপনি তো অসীম। আপনি আবার কোথায় ষাইবেন ? এই সূর্য, এই চন্দ্র, এই নিখিল বিশ্বন্ধাণ্ড আপনার সর্বাতীত স্বরূপের মধ্যে যেন কয়েকটি কণিকামাত্র। অতএব আপনার কিরূপে জন্ম মৃত্যু হইবে ? আমি কখনও জন্মগ্রহণ করি নাই এবং কখনও করিব না আমার কোন দিন পিতা-মাতা, বন্ধু, শত্রু ছিল না, কারণ আমি সেই শুদ্ধ সচ্চিদানন। আমিই তিনি, আমিই তিনি। তাহা হইলে এই দর্শন-মতাহ্যায়ী মানবজীবনের লক্ষ্য কি ? যাহারা উক্ত জ্ঞান লাভ করেন, তাঁহারা বিশের সহিত অভিন্ন হইয়া যান; তাঁহাদের পকে দকল স্বর্গ, এমন কি ব্রন্ধলোকও লয় পায়, সমগ্র স্বপ্ন বিলীন হইয়া যায় এবং তাঁহারা নিজেদের এই বিশের সনাতন ঈশবরতে দেখিতে পান। তাঁহারাই অনস্ত জ্ঞান ও শাস্তি মণ্ডিত প্রকৃত নিজম্ব ব্যক্তির খুঁজিয়া পান এবং মৃক্তি লাভ করেন। তাঁহাদের তথন তুচ্ছবস্তুতে আনন্দের অবসান ঘটে। আমরা এই কৃদ্র দেহে এবং কৃদ্র ব্যক্তিষ্ণেও আনন্দ পাই। যখন এই সমগ্র বিশ্ব আমার দেহ হইবে, তখন আনন্দ আরও কতগুণ বৃদ্ধি পাইবে! শরীরও যখন স্থের আকর, তখন নিখিল শরীর আমার হইয়া গেলে স্থেও যে অপরিমিত হইবে, তাহা বলাই নিপ্রয়োজন; তখনই মৃক্তিলাভ হইবে। ইহাকেই অবৈতবাদ বা বৈতাতীত বেদান্তদর্শন বলা হয়।

বেদাস্কদর্শন এই তিনটি স্তরের মধ্য দিয়া অগ্রসর হইয়াছে: আমরা ইহার অধিক আর অগ্রসর হইতে পারি না, কারণ একত্বের উর্ধে গমন করা সাধ্যাতীত। কোন বিজ্ঞান একবার এই একত্বের ধারণায় উপনীত হইলে আর কোন উপায়েই এই একত্বেক অতিক্রম করিয়া অগ্রসর হইতে পারে না। মানুষ এই পরম অথগু বস্তুর অতীত আর কিছুই ধারণা করিতে পারে না।

সকল মাহুষের পক্ষে এই অভিতবাদ স্বীকার করা সম্ভব নয়; ইহা অভি ত্রহ। প্রথমতঃ ইহা বুদ্ধি দারা অহুধাবন করাই কঠিন, ইহা বুঝিতে হইলে স্মাতম বুদ্ধি এবং ভয়শূতা অমূত্ব-শক্তির প্রয়োজন। দিতীয়তঃ ইহা অধিকাংশ মানবের পক্ষে উপযোগী নহে। কাজেই এই তিনটি পৃথক্ ন্তরের আবির্ভাব হইয়াছে। প্রথম শুর হইতে আরম্ভ করিলে মনন এবং নিদিধ্যাসনের ফলে দিতীয়টি আপনিই উদ্যাটিত হইবে। ব্যক্তিকেও জাভিরই ভাষ স্তবে স্তবে অগ্রসর হইতে হইবে। যে-সকল স্তবের মাধ্যমে মানবন্ধাতি উচ্চতম ধর্মচিস্তায় উপনীত হইয়াছে, প্রত্যেক ব্যক্তিকে তাহার অহুসরণ করিতে হইবে। তবে একটি স্তর হইতে অপর স্তরে উঠিতে যেথানে মানবজাতিকে হাজার হাজার বৎসর কাটাইতে হইয়াছে, প্রতি ব্যক্তি নানবজাতির সেই জীবনেতিহাস তদপেক্ষা অতি অল্প সময় মধ্যে উদ্ধাপিত করিতে পারে। তবু আমাদের প্রত্যেককেই এই প্রত্যেকটি স্তরের মধ্য দিয়া ষাইতে হইবে। আপনারা যাহারা অদৈতবাদী, তাঁহারা নিজেদের জীবনের ্দেই সময় স্মরণ করুন, ধ্র্যন আপনারা দোর দৈতবাদী ছিলেন। যে মূহুর্তে আপনি নিজেকে দেহ ও মন রূপে চিস্তা করিবেন, সেই মৃহুর্তে এই সমগ্র ষপ্ন আপনাকে স্বীকার করিয়া লইতে হইবে। ইহার অংশ মাত্রকেও স্বীকার করিলে সমগ্রটিকেও স্বীকার করা অত্যাবশ্রক হইয়া পড়িবে। যে বলে ্ষ, এই বিশ্ব আছে অথচ তাহার নিয়ামক ঈশ্বর নাই, সে নির্বোধ; কারণ দগৎ থাকিলে তাহার কারণও থাকা আবশুক এবং সেই কারণকেই **আ**মরা দশর বলিয়া মানি। কারণের অন্তিত্ব মানিয়া কোনও কার্যকে স্থীকার করা অসম্ভব। ভগবানের অন্তিত্ব শুধু তখনই লোপ পাইতে পারে, যথন জগতের কোন অন্তিত্ব থাকে না। তথন আপনি অথগু ব্রন্ধের সহিত অভিন্ন হইবেন এবং জগৎ আপনার নিকট মিথ্যা হইয়া ষাইবে। যতক্ষণ এই মিথ্যা বোধ থাকিবে, আপনি একটি দেহের সহিত অভিন্ন, ততক্ষণ আপনাকে নিজের জন্মসূত্য মানিতেই হইবে। কিন্তু যথন এই স্থপ্ন দূর হইবে, তথনই জন্ম-মৃত্যুর স্থপ্ত বিলীন হইবে এবং বিশের অন্তিত্বের স্থপ্নও ভক্ষ হইবে। যে বস্তুকে আমরা বর্তমানে বিশ্বরূপে দেখিতেছি, তাহাই তথন পরমাত্মা-ক্লপে প্রতিভাত হইবে, এবং যে ঈশ্বরকে এতক্ষণ বাহিরে দেখিতেছিলাম, তাঁহাকেই এইবার নিজ হদয়ে স্থীয় আত্মা-ক্লপে দেখিতে পাইবে।

বৌদ্ধধৰ্ম ও বেদান্ত

বৌদ্ধর্মের ও ভারতের অন্তান্ত সকল ধর্মমতের ভিত্তি বেদান্ত। কিছু
বাহাকে আমরা আধুনিক কালের অবৈত দর্শন বলি, উহার অনেকগুলি
সিদ্ধান্ত বৌদ্ধদের নিকট হইতে গৃহীত হইয়াছে। হিন্দুরা অর্থাৎ সনাতন-পন্থী
হিন্দুরা অবশ্ত ইহা স্বীকার করিবে না। তাহাদের নিকট বৌদ্ধেরা বিক্ষবাদী
পাষ্ত্ত। কিছু বিক্ষবাদী বৌদ্ধগণকেও অন্তর্ভুক্ত করিবার জন্ত সমগ্র
মতবাদ্টি প্রসারিত করার একটি সজ্ঞান প্রয়াস রহিয়াছে।

বৌদ্ধর্মের সহিত বেদান্তের কোন বিবাদ নাই। বেদান্তের উদ্দেশ্ত সকল মতের সমন্বর করা। মহাধানী বৌদ্ধদের সহিত আমাদের কোন কলহ নাই, কিন্তু বর্মা, শ্রামদেশীয় ও সমন্ত হীনধানীরা বলে ধে, পরিদৃশ্যমান জগৎ একটি আছে, এবং জিজ্ঞাসা করে: এই দৃশ্রজগতের পশ্চাতে একটি অতীন্ত্রিয় জগৎ স্বষ্টি করিবার কি অধিকার আমাদের আছে ? বেদান্তের উত্তর: এই উক্তি মিধ্যা। বেদান্ত কথনও স্বীকার করে না যে, একটি দৃশ্র জগৎ ও একটি অতীন্ত্রিয় জগৎ আছে; একটি মাত্র জগৎ আছে। ইন্ত্রিয়ের মাধ্যমে দেখিলে উহাকে ইন্ত্রিয়গ্রাহ্ বর্দিয়া মনে হয়, কিন্তু প্রকৃতপক্ষে উহা সব সময়েই ইন্ত্রিয়াতীত। যে রজ্জ্ দেখে, সে সর্প দেখে না। উহা হয় রজ্জ্, না হয় সর্প ; কিন্তু একসঙ্গে কথনও হইটি নয়। স্কুত্রাং বৌদ্ধেরা যে বলে, আমরা হিন্দুরা তুইটি জগতের অন্তিছে বিশ্বাস করি, উহা সর্বৈর ভূল। ইচ্ছা করিলে জগৎকে ইন্ত্রিয়গ্রাহ্থ বলিবার অধিকার তাহাদের আছে, কিন্তু ইহাকে ইন্ত্রিয়াতীত বলিবার কোন অধিকার অধ্বের নাই—এ-কথা বলিয়া বিবাদ করিবার কোন অধিকার তাহাদের নাই।

বৌদ্ধর্ম দৃশ্য জগং ব্যতীত অন্ত কিছু স্বীকার করিতে চায় না। একমাত্র দৃশ্যজগতেই তৃষ্ণা আছে। তৃষ্ণাই এই সব কিছু স্বষ্ট করিতেছে। আধুনিক বৈদান্তিকেরা কিছু এই মত আদৌ গ্রহণ করে না। আমরা বলি, একটা কিছু আছে, বাহা ইচ্ছায় পরিণত হইয়াছে। ইচ্ছা একটি উৎপন্ন বস্তু—বৌগিক পদার্থ, 'মৌলিক'নয়। একটি বাহ্যবস্তু না থাকিলে কোন ইচ্ছা হইতে পারে না। ইচ্ছা হইতে জগতের স্বষ্ট এই সিদ্ধান্তের অসম্ভাব্যতা আমরা সহজেই দেখিতে পাই। ইহা কি করিয়া হইতে পারে ? বাহিরের প্রেরণা ছাড়া ইচ্ছার উৎপত্তি

হইতে কখনও দেখিয়াছ কি ? উত্তেজনা ব্যতীত, অথব। আধুনিক দর্শনের পরিভাষায় স্নায়বিক উত্তেদ্ধনা ব্যতীত বাসনা উঠিতে পারে না। ইচ্ছা মন্তিক্ষের একপ্রকার প্রতিক্রিয়া-বিশেষ, সাংখ্যবাদীরা ইহাকে বলে 'বৃদ্ধি'। এই প্রতি-ক্রিয়ার পূর্বে ক্রিয়া থাকিবেই, এবং ক্রিয়া থাকিলেই একটি বাহু জগতের অস্তিত্ব স্বীকার করিতে হয়। যথন স্থল জগৎ থাকে না, তথন স্বভাবতই ইচ্ছাও <mark>থাকি</mark>বে না; তথাপি. তোমাদের মতে ইচ্ছাই জগৎ সৃষ্টি করিয়াছে। ইচ্ছা সৃষ্টি করে কে ? ইচ্ছা জগতের সহিত সহাবস্থিত। যে উত্তেজনা জগৎ স্ঠাই করিয়াছে, উহাই ইচ্ছা নামক পদার্থও স্বষ্টি করিয়াছে। কিন্তু দর্শন নিশ্চয়ই এখানে থামিবে না। ইচ্ছা সম্পূর্ণ ব্যক্তিগত ; স্থতরাং জার্মান দার্শনিক শোপেনহারের সহিত আমরা সম্পূর্ণ একমত হইতে পারি না। ইচ্ছা একটি যৌগিক পদার্থ— বাহিরের ও ভিতরের মিশ্রণ। মনে কর, একটি মান্থ্য কোন ইন্দ্রিয় ছাড়াই জন্মগ্রহণ করিয়াছে, দে লোকটির আদে ইচ্ছা থাকিবে না। ইচ্ছার জ্ঞ প্রয়োজন কোন বাহ্য বিষয়ের এবং মন্তিষ্ক ভিতর হইতে কিছু শক্তি লাভ করে। কাজেই দেয়াল বা অন্ত যে-কোন বস্ত যতথানি যৌগিক পদার্থ, ইচ্চাও ঠিক ততথানি যৌগিক পদার্থ। জার্মান দার্শনিকদের ইচ্ছাশক্তি-বিষয়ক মতবাদের সহিত আমরা মোটেই একমত হইতে পারি না। ইচ্ছা নিজেই দৃশ্য পদার্থ, কাজেই উহা পরম সতা হইতে পারে না। ইহা বহু অভিকেপের অগ্রতম। এমন কিছু আছে, যাহা ইচ্ছা নয়, কিন্তু ইচ্ছারূপে প্রকাশিত হইতেছে— এ-কথা আমি বুঝিতে পারি; কিন্তু ইচ্ছা নিজেই প্রত্যেক বম্বরূপে প্রকাশিত হইতেছে—এ-কথা বুঝিতে পারি না; কারণ আমরা দেখিতেছি যে, জগং হইতে স্বতন্ত্ররূপে ইচ্ছার কোন ধারণাই আমাদের থাকিতে পারে না। যথন সেই মুক্তিস্বরূপ সত্তা ইচ্চায় রূপাস্তরিত হয়, তথন দেশ কাল ও নিমিত্ত দারা সেই রূপান্তর ঘটে। ক্যান্টের বিশ্লেষণ ধর। ইচ্ছা—দেশ, কাল ও নিমিত্তের মধ্যে আবদ্ধ। তাহা হইলে ইহা কি করিয়া পরম সত্তা হইবে ? কালের মধ্যে থাকিয়া ইচ্ছা না করিলে কেহ ইচ্ছা করিতে পারে না।

সমস্ত চিস্তা ক্ষ করিতে পারিলে বুঝিতে পারা যায় যে, আমরা চিস্তার অতীত। নেতি নেতি বিচার করিয়া যথন সব দৃশুক্তগৎকে অসীকার করা হয়, তথন যাহা কিছু থাকে, তাহাই এই পরম সত্তা। ইহাকে প্রকাশ করা যায় না, ইহা অভিব্যক্ত হয় না; কারণ অভিব্যক্তি পুনরায় ইচ্ছায় পরিণত হইবে।

বেদান্তদর্শন এবং খ্রীফ্টধর্ম

v v v v

১৯০০ খঃ ২৮শে ফেব্রুমারি ক্যালিফোর্নিয়ার অন্তর্গত ওকল্যাণ্ডের ইউনিটেরিয়ান চার্চে প্রদন্ত বক্তৃতার সারাংশ।

পৃথিবীর সব বড় বড় ধর্মের মধ্যে অনেক বিষয়ে সাদৃশ্য আছে। এই সাদৃশ্যগুলি এতই চমকপ্রদ বে, সময়ে সময়ে মনে হয় বিভিন্ন ধর্মগুলি অনেক খুঁটিনাটি বিষয়ে বুঝি বা একে অন্তকে অনুকরণ করিয়াছে।

এই অন্তক্ষণের কার্যটি বিভিন্ন ধর্মের ক্ষেত্রেই বর্তমান। কিন্তু এইরূপ একটি দোষারোপ যে ভাসাভাসা ও বাত্তবাহুগ নয়, তাহা নিম্লিখিত বিষয়গুলি হইতে পরিক্ষুট হইবে:

ধর্ম মান্থবের অন্তরের অপরিহার্য অঙ্গ এবং যেহেতু জীবন-মাত্রই অন্তর্জীবনেরই বিবর্তন। ধর্ম প্রয়োজনবশতই বিভিন্ন ব্যক্তি এবং জাতিকে অবলম্বন করিয়া প্রকাশ পায়।

আত্মার ভাষা এক, কিন্তু বিভিন্ন জাতির ভাষা বিভিন্ন; তাহাদের রীতিনীতি এবং জীবন্যাত্মার পদ্ধতির মধ্যেও প্রভেদ অনেক। ধর্ম অন্তরের অভিব্যক্তি এবং ইহা বিভিন্ন জাতি, ভাষা এবং রীতিনীতির মধ্য দিয়া প্রকাশমান। স্বতরাং ইহার দারা প্রতীত হয় বে, জগতে বিভিন্ন ধর্মের মধ্যে বেপ্রভেদ, তাহা কেবল প্রকাশগত, ভাবগত নয়। যেমন আত্মার ভাষা ব্যক্তিগত এবং পারিপার্শিক বিভেদ সত্ত্বেও একই হইয়া থাকে, তেমনি বিভিন্ন ধর্মের মধ্যে সাদৃশ্য এবং একত্ব আত্মারই অন্তর্গত এবং সহজাত। বিভিন্ন যন্ত্রে বেমন একভান আছে, তেমনই ধর্মগুলির মধ্যেও সেই একই মিলনের স্বর্ম্বানিত।

সব বড় রড় ধর্মের মধ্যেই একটি প্রথম সাদৃশ্য দেখা যায় যে, তাহাদের প্রত্যেকেরই একথানা করিয়া প্রামাণিক শাস্ত্রগ্রহ আছে।

ষে-সব ধর্মের এইরূপ কোন গ্রন্থ নাই, তাহারা কালে লোপ পায়। মিশর-দেশীয় ধর্মসতগুলির পরিণাম এইরূপই হইরাছিল। প্রত্যেক বড় ধর্মমতেরই প্রামাণিক শান্তগ্রন্থ যেন উহার ভিত্তিপ্রভার, যাহাকে কেন্দ্র করিয়া সেই মতাবদ্দিগণ সমবেত হয় এবং যাহা হইতে ঐ ধর্মের শক্তি এবং জীবন বিকীণ হয়।

আবার প্রতিটি ধর্মই দাবি করে ষে, তাংগর নিজম্ব শান্তগ্রহই ভগবানের একমাত্র বাণী এবং অক্সান্ত শান্ত মিধ্যা ও মাহুষের সহজ বিশাসপ্রবণতার উপর বোঝা চাপানো এবং অন্ত ধর্ম অহুদরণ করা মূর্যতা ও ধর্মান্ধতা।

দকল ধর্মের রক্ষণনীল অংশের বৈণিষ্টাই হইল এইপ্রকার গোঁড়ামি।
উদাহরণক্ষপ —বেদের যাহারা গোঁড়া সমর্থক, তাহারা দাবি করে ধে,
পৃথিবীতে বেদই একমাত্র প্রামাণ্য দিয়াই
ক্রগতে তাঁহার বাণী ব্যক্ত করিয়াছেন; শুধু তাই নয়, বেদের জ্মাই এই জ্মান্তের
অন্তিত্ব। ক্রগৎ স্ট হইবার পূর্ব হইতেই বেদ ছিল, জ্মান্তের স্বকিছুর অন্তিত্ব
বেদে উল্লিখিত হইয়াছে। বেদে গরুর নাম উল্লিখিত হইয়াছে বলিয়াই গরুর
অন্তিত্ব সম্ভব হইয়াছে। বেদে গরুর নাম উল্লিখিত হইয়াছে বলিয়াই গরুর
অন্তিত্ব সম্ভব হইয়াছে। বেদের জ্বতে আমরা গরু বলিয়া জানি, তাহা বেদে
উল্লিখিত হইয়াছে। বেদের ভাষাই ঈশ্বরের আদিম ভাষা; অ্যান্ত স্ব ভাষা
আঞ্চলিক বাচন মাত্র, দিশুরের নয়। বেদের প্রতি শব্দ ও বাক্যাংশ শুল্বপ্রশে
উচ্চারণ করিতে হইবে। প্রতি উচ্চারণ ধ্বনি ষ্ণাষ্থ স্পন্দিত হইবে, এবং এই
স্কঠোর যাথার্থ্য ইতে এতটুকু বিচ্যুতিও ঘোরতর পাশ ও ক্ষমার জ্বোগ্য।

ঠিক এই প্রকার গোঁড়ামি সব ধর্মের রক্ষণশীল অংশেই বর্তমান। কিছ আক্ষরিক অর্থ লইয়া এই ধরনের মারামারি যাহারা প্রশ্রেয় দেয়, ভাহারা মূর্থ এবং ধর্মান্ধ। যাহারা যথার্থ ধর্মভাব লাভ করিয়াছেন, তাঁহারা বিভিন্ন ধর্মের বহিঃপ্রকাশ লইয়া কথনও বিবাদ করেন না। তাঁহারা জানেন, সব ধর্মের তাৎপর্য এক, স্কুত্রাং কেহ একই ভাষায় কথা না বলিলেও তাঁহারা পরস্পর কোন প্রকার বিবাদ করেন না।

বেদসমূহ বস্তুতই পৃথিবীর সর্বাপেক্ষা পুরাতন পবিত্র ধর্মগ্রন্থ। কেহই জানে না, কোন্ কালে কাহার বারা এগুলি লিখিত হইয়াছে। বেদসমূহ বিভিন্ন খণ্ডে সংরক্ষিত এবং আমার সন্দেহ হয়, কেহ কথনও এইগুলি সম্পূর্ণক্রপে পাঠ করিয়াছে কি-না।

বেদের ধর্মই হিন্দুদিগের ধর্ম এবং সব প্রাচ্যদেশীয় ধর্মের ভিজিভূমি; অর্থাং অক্সান্ত প্রাচ্যধর্ম ওলি বেদেরই শাখা-প্রশাখা। প্রাচ্যদেশের সব ধর্মমড বেদকে প্রামাণ্য বলিয়া গ্রহণ করে।

যী ভগ্নীষ্টের বাণীতে বিশাস স্থাপন করা এবং সঙ্গে সঙ্গে তাঁহার বাণীওলির অধিকাংশেরই কোন প্রয়োগ বর্তমানকালে নাই—এক্সপ মত পোষণ করা অযৌক্তিক। এই বলিয়াছিলেন, বিশাসীদের শক্তিলাভ হইবে—এটের বাণীতে বাহার। বিশাসবান, তাহাদের কেন শক্তিলাভ হয় না? তাহার কারণস্বরূপ যদি বলো যে, বিশাস এবং পবিত্রতা যথেষ্ট পরিমাণে নাই, তবে তাহা ঠিকই। কিন্তু বর্তমানকালে এগুলির কোন প্রয়োগ নাই—এইরূপ বলা হাস্যোদ্দীপক।

আমি কথনও এইরূপ কোন ব্যক্তি দেখি নাই, যে অন্ততঃ আমার সমান নয়। আমি সমগ্র জগৎ পরিভ্রমণ করিয়াছি, নিরুষ্ট লোকের—নরমাংস-ভোজীদের মধ্যেও বাস করিয়াছি এবং আমি কথনও এমন একজনকেও দেখি নাই, যে অন্ততঃ আমার সমান নয়। তাহারা যাহা করে, আমি যখন নির্বোধ ছিলাম, আমিও তাহা করিয়াছি। তথন আমি ইহাদের অপেকা উর্রভ কিছুই জানিভাম না, এখন আমি বুঝিতেছি। এখন তাহারা ইহা অপেকা ভাল কিছু জানে না, কিছুকাল পরে তাহারাও জানিতে পারিবে। প্রত্যেকেই নিজ প্রকৃতি অন্তথায়ী কাজ করে। আমরা সকলেই উন্নতির পথেই চলিয়াছি। এই দৃষ্টিভিন্নর পরিপ্রেক্ষিতে বিচার করিলে দেখা যাইবে, একজন অপর ব্যক্তি অপেকা উন্নততর নয়।

বেদান্তই কি ভবিষ্যতের ধর্ম ?

১৯০০, ৮ই এপ্রিল স্থান ফ্রান্সিম্বো শহরে প্রদন্ত।

আপনাদিগের মধ্যে যাঁহারা গত এক মাদ যাবৎ আমার প্রদত্ত বক্তাবলী শুনিয়াছেন, তাঁহারা অবশুই বেদাস্ত দর্শনে নিহিত ভাবগুলির সহিত পরিচিত ইইয়াছেন।

বেদান্তই পৃথিবীর প্রাচীনতম ধর্ম, তবে ইহা কখনও লোকপ্রিয় হইয়াছে— এমন কথা বলা যায় না। অভএব 'বেদান্ত কি ভবিশ্বতের ধর্ম হইতে চলিয়াছে ?'—এ প্রশ্নের উত্তর দেওয়া কঠিন।

প্রারম্ভেই আমি বলিতে চাই ষে, বেদান্ত জনগণের অধিকাংশের ধর্ম কখনও হইয়া উঠিবে কিনা, তাহা আমি বলিতে পারিব না। আমেরিকা যুক্তরাষ্ট্রবাসীদের ন্থায় কোন একটি জাতির সকলকে এই ধর্ম আপন কুক্ষিতে আনিতে কখনও কি সক্ষম হইবে ? সম্ভবতঃ ইহা হইতে পারে। ষাহাই হউক, আজ বিকালে আমরা এই প্রশ্ন লইয়াই আলোচনা করিতে চাই।

প্রথমেই বলি, বেদাস্ত কি নয়; পরে বলিব, বেদাস্ত কি। নৈর্ব্যক্তিক ভাবের উপর জাের দিলেও বেদাস্ত কােন কিছুর বিরোধী নয়—যদিও বেদাস্ত কাহারও সহিত কােন আপস করে না, বা নিজস্ব মৌলিক সভ্য ভ্যাগ করে না।

প্রত্যেক ধর্মেই কতকগুলি জিনিস একান্ত প্রয়োজনীয়। প্রথম একখানি গ্রন্থ। অভূত তাহার শক্তি! গ্রন্থখানি যাহাই হউক না কেন, তাহাকে কেন্দ্র করিয়া মাহুষের সংহতি। গ্রন্থ নাই—এমন কোন ধর্ম আজ টিকিয়া নাই। যুক্তিবাদের বড় বড় কথা সত্তেও মাহুষ গ্রন্থ আঁকড়াইয়া রহিয়াছে।

আপনাদের দেশে গ্রন্থবিহীন ধর্ম-স্থাপনের প্রতিটি চেটাই অক্বতকার্থ হইয়াছে। ভারতবর্ষে সম্প্রদায়দকল প্রবল সাফল্যের সহিত গড়িয়া উঠে —কিন্তু কয়েক বৎদরের মধ্যে সেগুলি লোপ পায়, কারণ ভাহাদের কোন গ্রন্থ নাই। অক্যান্ত দেশেও এইরূপই হয়।

ইউনিটেরিয়ান ধর্মান্দোলনের উত্থান ও পতন আলোচনা করুন। এই ধর্ম আপনাদের জাতির শ্রেষ্ঠ চিস্তাগুলি উপহাপিত করিয়াছে। মেণ্ডিন্ট,

ব্যাণ্টিস্ট এবং অহ্যান্ত জীষ্টীয় ধর্মসম্প্রদায়ের মতো এই সম্প্রদায় কেন এত প্রচারিত হয় নাই ? কারণ উহার কোন গ্রন্থ ছিল না। অপরপক্ষে ইছদীদিগের কথা ভাবুন। মৃষ্টিমেয় লোকসংখ্যা—এক দেশ হইতে অন্তদেশে বিভাড়িত হইয়াছে—তথাপি নিজেদের গ্রাথিত করিয়া রাথিয়াছে, কারণ ভাহাদের গ্রন্থ আছে। পাশীদিগের কথা ভাবুন—পৃথিবীতে সংখ্যায় মাত্র একলক। ভারতে জৈনদিগের দশ লক্ষ অবশিষ্ট আছে। আর আপনারা কি জানেন যে, এই মৃষ্টিমেয় পাশী ও জৈনগণ এখনও টিকিয়া আছে, কেবল ভাহাদের গ্রন্থের জৌরে। বর্তমান সময়ের জীবস্ত ধর্মগুলির প্রভ্যেকেরই একটি গ্রন্থ আছে।

ধর্মের দ্বিভীয় প্রয়োজন—একটি ব্যক্তির প্রতি গভীর শ্রদ্ধা। সেই ব্যক্তি
হয় জগতের ঈশ্বরূপে বা মহান্ আচার্যরূপে উপাদিত হইয়া থাকেন।
মাহ্য একজন মাহ্যকে পূজা করিবেই। তাহার চাই—একজন অবভার,
প্রেরিত পুরুষ বা মহান্ নেতা। সকল ধর্মেই ইহা লক্ষণীয়।

হিন্দু ও এটানদের অবতার আছেন; বৌদ্ধ, মুদলমান ও ইহুদীদের প্রেরিত পুরুষ আছেন। কিন্তু সব ধর্মেই এক ব্যাপার—তাহাদের শ্রদ্ধা ব্যক্তিবাব্যক্তিবর্গকে কেন্দ্র করিয়া নিবিষ্ট।

ধর্মের তৃতীয় প্রয়োজন—নিজেকে শক্ত ও নিরাপদ করিবার জক্ত এমন এক বিশাদ যে, দেই ধর্মই একমাত্র সত্য; নতুবা ইহা জনদমাজে প্রভাব বিস্তার করিতে পারে না।

উদারতা শুদ্ধ বলিয়া মরিয়া যায়; ইহা মাহুষের মনে ধর্মোয়ততা জাগাইতে পারে না—সকলের প্রতি বিষেষ ছড়াইতে পারে না। তাই উদার ধর্মের বারংবার পতন ঘটয়াছে; মাত্র কয়েকজনের উপরই ইহার প্রভাব। কারণ নির্ণয় করা খুব কঠিন নয়। উদারতা আমাদের নিঃসার্থ হইতে বলে, আমরা তাহা চাই না—কারণ তাহাতে সাক্ষাংভাবে কোন লাভ নাই; স্বার্থনারাই আমাদের বেশী লাভ। যতক্ষণ আমাদের কিছু নাই, ততক্ষণই আমরা উদার। অর্থ ও শক্তি সঞ্চিত হইলেই আমরা বক্ষণশীল। দরিত্রই গণতান্ত্রিক, সেই আবার ধনী হইলে অভিজাত হয়। ধর্ম-জগতেও মহুস্থ-স্থভাব একইভাবে কাজ করে।

নবী আদিলেন—ষাহারা তাঁহাকে অনুসরণ করিল, তাহাদিগকে তিনি কোন প্রকারের ফললাভের প্রতিশ্রতি দিলেন—আর যাহারা অনুসরণ

করিল না, তাহাদের জন্ম রহিল অনস্ক তুর্গতি। এইভাবে তিনি তাঁহার ভাব প্রচার করেন। প্রচারশীল আধুনিক ধর্মগুলি ভয়ক্বভাবে গোঁড়া। যে সম্প্রদায় যত বেশি অন্ম সম্প্রদায়কে হ্বণা করে, তাহার তত বেশি সাফল্য এবং ততই অধিকসংখ্যক মাহ্ম তাহার অস্তর্ভুক্ত হয়। পৃথিবীর অধিকাংশ স্থান পরিভ্রমণ করিবার পর এবং বহুজাতির সহিত বসবাস করিয়া এবং বর্তমান পৃথিবীর পরিস্থিতি পর্যালোচনা করিবার পর আমার সিদ্ধান্ত—বিশ্বভাত্ত্বের বহু বাগ্বিস্থার সত্ত্বেও বর্তমান পরিস্থিতিই চলিতে থাকিবে।

বেদান্ত এই-সকল শিক্ষার একটিতেও বিশ্বাস করে না। প্রথমতঃ ইহা কেনিও পুস্তকে বিশ্বাস করে না। প্রবর্তকের পক্ষে ইহা খুবই কঠিন অন্তান্ত পুস্তকের উপর একখানি পুস্তকের প্রামাণ্য বা কর্তৃত্ব বেদান্ত মানেনা। বেদান্ত জোরের সহিত অস্বীকার করে যে, একখানি পুস্তকেই ঈশ্বর, আত্মা ও পরমতত্ব সম্বন্ধে সকল সত্য আবদ্ধ থাকিবে। যাঁহারা উপনিষদ্পাঠ করিয়াছেন, তাঁহারা জানেন যে উপনিষদ্ই বারংবার বলিতেছে, 'গুলু পড়িয়া শুনিয়া কেহ আত্মজান লাভ করিতে পারে না'। দ্বিতীয়তঃ একজন বিশেষ ব্যক্তিকে (শ্রেষ্ঠ) ভক্তি-শ্রদ্ধা নিবেদন করা—বেদান্ত-মতে আরও কঠিন। বেদান্ত বলিতে উপনিষদ্ই ব্যায়; একমাত্র উপনিষদ্ই কোন ব্যক্তিবিশেষে আগক্ত নয়।

কোন একজন পুরুষ বা নারী কখনই বেদাস্তবাদীর কাছে পৃজার্হ হইয়া উঠেন নাই, তাহা হইতে পারে না। একজন মাহ্ব একটি পাথি বা কীট অপেক্ষা বেদী পূজার যোগ্য নয়। আমরা সকলেই ভাই, পার্থক্য কেবল মাত্রায়। আমি যা, নিয়তম কীটও তো তাই। বুঝিয়া দেখুন, কোন মাহ্ব আমাদিগের অনেক উর্ধে উঠিবেন, আর আমরা গিয়া তাঁহাকে পূজা করিব—তিনি আমাদিগকে টানিয়া লইয়া ষাইবেন—আর আমরা তাঁহার রূপায় উদ্ধার পাইব—এই-সকল ভাবের স্থান বেদান্ত খুবই কম। বেদান্ত একপ শিথায় না—না গ্রন্থ, না কোন মাহ্বকে পূজা করিতে; না, এই-সকল কিছুই শিথায়না।

আপনারা এই দেশে সাধারণতন্ত্র চান। বেদাস্ত সাধারণতন্ত্রী ঈশ্বরকেই প্রচার করে। দেশে সরকার আছে—সরকার একটি নৈর্যক্তিক সন্তা। আপনাদের সরকার বৈরাচারতন্ত্রী নয়, তথাপি পৃথিবীর যে কোন রাজতন্ত্র অপেক্ষা অধিক শক্তিশালী। মনে হয়, কেহই এই কথাটি বৃঝিতে পারে না যে, সন্ত্যিকারের শক্তি, সন্ত্যিকারের জীবন, সন্ত্যিকারের ক্ষমতা অদৃশ্য, নিরাকার, নৈর্যক্তিক সন্তায় নিহিত। ব্যক্তি হিসাবে—অন্ত সবকিছু হইতে বিচ্ছিন্ন করিয়া লইলে মাহ্য নগণ্যমাত্র, কিছু আতির নৈর্ব্যক্তিক সন্তার একক হিসাবে যাহা নিজেকে শাসিত করে—তাহা মাহ্যকে করে অপ্রতিরোধ্য। সে সরকারের সহিত এক—সে এক ভীষণ শক্তি। কিছু বছত: শক্তিটি কোথায় নিহিত ? প্রত্যেক মানবই শক্তি। রাজা নাই। আমি সকল মাহ্যকে সমভাবে একই দেখি। আমাকে টুপি খুলিতে বা নত হইতে হইবে না। তথাপি প্রতি মাহ্যবের মধ্যেই এই ভীষণ শক্তি। বেদান্ত ঠিক এইরপ।

আরও কঠিন ব্যাপার ঈশ্বরকে লইয়া। বেদাস্তের ঈশ্বর সম্পূর্ণ পৃথক্ এক জগতে সিংহাসনে সমাদীন সমাটু নন! অনেকে আছে, তাহাদের ঐরপ একজন ঈশ্ব চাই, যাহাকে ভাহারা ভয় করিবে, যাহাকে ভাহারা সম্ভষ্ট করিবে। **তাহারা প্রদীপ জালাইবে** এবং তাহার সমুথে ধূলায় গড়াগড়ি যাইবে। তাহাদিগের উপর প্রভুত্ব কবিবার জ্বন্ত তাহাদের একজন রাজা চাই, স্বর্গেও তাহাদের সকলের উপর শাসন করিবার জন্ম রাজা চাই। অবশেষে এই দেশ হইতে রাজা বিদায় হইয়াছেন। স্বৰ্গস্থ রাজা আজ কোথায় ? মর্ত্যের রাজারা যেখানে, সেইখানে। গণতান্ত্রিক দেশে রাজা প্রত্যেক প্রজার অন্তরে। এই দেশে আপনারা সকলেই রাজা। বেদাস্ত ধর্মেও তাই ঈশ্বর প্রত্যেকের ভিতরে। বেদাস্ত বলে, জীব ব্রহ্মই। এইজগ্র বেদান্ত খুব কঠিন। বেদান্ত ঈশ্বর সম্বন্ধে পুরাতন ধারণা আদে শিক্ষা ^{দেয়} না। মেঘের ওপারে অবস্থিত স্বেচ্ছাচারী, শৃক্ত হইতে খুশিমত ^{স্}ষ্টিকারী, মাহুষের তুঃখ-ষত্রণাদায়ক এক ঈশ্বরের পরিবর্তে বেদান্ত শিক্ষা ^{দেয়}—স্বাদ্ধর প্রত্যেকের অস্তরে অন্তর্যামী, ঈশ্বর সর্বরূপে—সর্বভূতে। এই ^{দেশ} হ**ইতে মহিমান্বিত রাজা** বিদায় লইয়াছেন, স্বৰ্গস্থ রাজ্যপাট বেদাস্ত হইতে ণত শত বংসর পূর্বেই লোপ পাইয়াছে।

ভারত মহিমায়িত একজন রাজাকে চায়, ঐভার ত্যাগ করিতে পারিতেছে । না—এই কারণেই বেদাস্থ ভারতের ধর্ম হইতে পারে না। বেদাস্ত আপনাদের দেশের ধর্ম হইতে পাবে—দে সম্ভাবনা আছে, কারণ ইহা সাধারণতন্ত্র। কিন্তু তাহা হইতে পারে কেবলমাত্র তথনই, যদি আপনারা পরিষ্কারভাবে বেদাস্ত বৃঝিয়া লইতে পারেন; যদি আপনারা সভিত্রকারের নর-নারী হইতে পারেন, অর্ধন্তীর্ণ ভাবধারা-সম্পন্ন ও কুদংস্কারপূর্ণ বৃদ্ধিবিশিষ্ট মাহ্য না হন, যদি আপনারা সভিত্রকারের ধার্মিক হইতে চান—ভবেই সম্ভব, কারণ বেদাস্ত কেবল আধ্যাত্মিকভাবের সহিতই সংশ্লিষ্ট।

স্বৰ্গস্থ ঈশবের ধারণা কি রকম ? নিছক জড়বাদ! বেদাস্থের ধারণা—
ঈশবের অনস্তভাব আমাদের প্রভ্যেকের মধ্যে রূপায়িত। ... মেঘের উপরে
ঈশব বদিয়া আছেন! কি অধর্মের কথা! ইহাই জড়বাদ, জঘ্য জড়বাদ!
শিশুরা যথন এই প্রকার ভাবে, তথন ইহা ঠিক হইতে পাবে; কিছ বয়ন্ন
ব্যক্তিরা যথন এই প্রকার শিক্ষা দেয়, তথন ইহা দারুণ বিরক্তিকর। এই
ধারণা—জড় হইতে, দেহভাব হইতে, ইন্দ্রিয়ভাব হইতে উড়ত। ইহা কি ধর্ম ?
ইহা আফ্রিকার 'মান্যো ফাস্বো' ধর্ম অপেক্ষা উন্নত নয়! ঈশর আত্মা; তিনি
সত্যস্বরূপে উপাশ্র। আত্মা কি শুরু স্বর্গেই থাকে ? আত্মা কি ? আমরাই
আত্মা, আমরা তাহা অন্তব করি না কেন ? দেহ-বোধ হইতেই বিভেদ
ভাব; দেহভাব ভূগিলেই স্ব্রে আত্মভাব অন্থত হয়।

বেদান্ত এই-সব মতবাদ প্রচার করে নাই। কোন পুস্তক নয়; বেদান্ত মহয়দমান্ত হইতে কোন ব্যক্তিকে বিশেষ করিয়া বাছিয়া লয় নাই;—'ভোমলা কীট, আর আমরা ঈশর—প্রভূ!'—না, ইহাদের কোনটিই বেদান্ত নয়। যদি তুমি ঈশর, তবে আমিও ঈশর। স্তরাং বেদান্ত পাপকে স্বীকার করে না। ত্রম আছে, পাপ নাই; কালক্রমে সকলেই সত্যে উপনীত হইবে। শরতান নাই—এই ধরনের কল্পনামূলক গল্পের কোনটির অন্তিম্ব নাই। বেদান্ত কেবল একটি পাপকে—জগতের মধ্যে কেবল একটিকেই স্বীকার করে, তাহা এই: 'অপরকে বা নিজেকে পাপী ভাবাই পাপ'। এই ধারণা হইতে অপরাপর ত্রম-প্রমাদ যাহাকে সাধারণতঃ পাপ বলা হয়, তাহা ঘটিয়া থাকে। আমাদের জীবনে অনেক ক্রটি ঘটিয়াছে, কিছু আমরা অগ্রসর হইতেছি। আমাদিগের মঙ্গল হউক, যেহেতু আমরা অনেক ভূল করিয়াছি। দ্রদ্ধিতে অতীতের দিকে চাহিয়া দেখুন। যদি বর্তমান অবস্থা মঙ্গলক্রক হইয়া থাকে,

তবে তাহা অতীতের সকল বিফলতা ও সাফল্যের বারাই সংঘটিত হইরাছে। সাফল্যের জন্ন হউক। ব্যর্থতারও জন্ন হউক! বাহা ঘটিরা গিয়াছে, তাহার দিকে পিছন ফিরিয়া তাক।ইও না। অগ্রসর হও!

দেখা ষাইভেছে, বেদান্ত পাপ বা পাপী কল্পনা করে না। ভয় করিতে হইবে—এমন ঈশর এখানে নাই। ঈশরকে আমরা কথনও ভয় করিতে পারি না, কারণ তিনি আমাদের আত্মান্তরপ। তাহা হইলে যাহার ঈশ:র ভয় আছে, তিনিই কি সর্বাপেকা কুসংস্থারাচ্ছন্ন ব্যক্তি নন? এমন লোকও থাকিতে পারেন, যিনি আপনার ছান্না দেখিয়া ভয় পান, কিন্তু নিজেকে ভয় পান না। মাহ্যযের নিজের আত্মাই ভগবান্। তিনিই একমাত্র সন্তা, যাহাকে সম্ভবতঃ কথনই ভয় করা যায় না। কি বাজে কথা যে, 'ঈশরের ভয় ভাহার ভিতর প্রবেশ করিয়া তাহাকে ভীত করিল', ইত্যাদি, ইত্যাদি—কি পাগলামি? ভগবান্ আমাদিগকে আশীর্বাদ করুন যেন আমাদের সকলকেই পাগলা-গারদে বাস করিতে না হয়। কিন্তু যদি আমাদিগের অধিকাংশই পাগল না হই, তবে 'ভগবানে ভয়' সম্পর্কে মিথ্যা রচনাগুলি কেন করি? ভগবান বুজদেব বলিয়াছিলেন যে, কম-বেশি সমগ্র মহয়জাতিই পাগল। মনে হইতেছে, কথাটি সম্পূর্ণ সত্য।

কোন গ্রন্থ নয়, ব্যক্তি নয়, ব্যক্তি-ঈশর নয়। এইগুলি দ্র করিতে হইবে, ইক্রিয়চেতনাও দ্র হইবে। আমরা ইক্রিয়ে আবদ্ধ থাকিতে পারি না। হিমবাহে তুহিন-স্পর্শে মৃম্রু ব্যক্তির মতো এখন আমরা আবদ্ধ হইয়া আছি। শীতে অবসয় পথিক নিদ্রাভিত্ত হইবার একপ্রকার প্রবল আকাজ্জা বোধ করে এবং তাহাদের বয়ুগণ যখন তাহাকে জাগাইয়া রাখিতে চেষ্টা কয়ে, তাহাকে য়ৢত্য সম্পর্কে সাবধান কয়ে, তখন সে যেমন বলিয়া থাকে, 'আমাকে ময়তে দাও, আমি মুম্তে চাই'—তেমনি আমরা সকলেই ক্র ইল্রিয়ের বিষয় আকড়াইয়া আছি, এমন কি বদি আমরা ইহার্তে বিনষ্ট হইয়া গেলেও আকড়াইয়া থাকি—আমরা ভূলিয়া বাই যে, ইহা অপেকাও মহত্তর ভাব আছে।

হিনুদিগের পৌরাণিক কাহিনীতে বর্ণিত আছে যে, ভগবান একবার মর্ভ্যে শ্কররপে অবতীর্ণ হইয়াছিলেন। শ্করীর গর্ভে কালক্রমে তাঁহার অনেকগুলি ভোট ছোট শাবক হইয়াছিল। তিনি তাঁহার এই পরিবারটিতেই থ্ব স্থা; তাঁহার স্থাঁয় মহিমা ও ঈশ্বত্ব ভূলিয়া গিয়া এই পরিবারের সহিত কালায় মহানন্দে ঘোঁৎ ঘোঁৎ করিয়া বিচরণ করিতে লাগিলেন। দেবগণ মহাচিন্তিত হইয়া পড়িলেন এবং মর্ত্যে তাঁহার নিকট আসিয়া প্রার্থনা করিলেন, যাহাতে তিনি শুকর-শরীর ছাড়িয়া স্বর্গে গমন করেন। কিছ ভগবান্ এদকল কিছুই করিলেন না—তিনি দেবগণকে তাড়াইয়া দিলেন। তিনি বলিলেন, তিনি খ্ব স্থা আছেন এবং ইহাতে বাধাপ্রাপ্ত হইতে চাহেন না। অন্ত কোন উপায় না দেখিয়া দেবগণ ঈশ্বের শ্কর-শরীরটি ধ্বংস করিয়া দিতেই তিনি তাঁহার স্থাঁয় মহিমা ফিরিয়া পাইলেন এবং শ্কর-ধেমিতিও যে তিনি এত আনন্দ পাইতে পারেন—ইহা ভাবিয়া পরমাশ্র্য হইলেন।

ইহাই মান্নবের স্বভাব। যথনই তাহারা নৈর্ব্যক্তিক ঈশরের কথা শোনে, তাহারা ভাবে, 'আমার ব্যক্তিছের কী হইবে ?—আমার ব্যক্তিছ কি নই হইবে !' পরমূহুর্তেই ঐ চিন্তা আনে—শ্করটিকে মনে করুন—আর তখন যে কী অদীম স্থের থনিই না আপনাদের প্রত্যেকের জন্ম রহিয়াছে। বর্তমান অবস্থাতে আপনি কতই না স্থা! কিন্তু যথন মান্ত্য সত্তাস্বন্ধপ জানিতে পারে, তথন দে এই ভাবিয়া অবাক্ হয় যে, দে এই ইন্দ্রিয়পর জীবন ত্যাগ করিতে অনিচ্ছুক ছিল। ব্যক্তিছে কী আছে ? ইহা কি শ্কর-জীবন হইতে ভাল কিছু ? আর তাহাই ছাড়িতে চায় না! ভগবান্ আপনাদের সকলকে আশীর্বাদ করুন।

বেদান্ত আমাদিগকে কি শিক্ষা দেয় ? প্রথমতঃ বেদান্ত শেথায় যে, সত্য জানিতে হইলে মাহ্যকে নিজের বাহিরে কোথাও যাইবার প্রয়োজন নাই। ভূত, ভবিশ্বৎ সব বর্তমানেই নিহিত। কোন মাহ্যই কথনও অভীতকে দেখে নাই। আপনাদের কেহ কি অভীতকে দেখিয়াছেন? যথন কেহ অভীতকে বোধ করিতেছি বলিয়া চিন্তা করে, তথন সে বর্তমান মৃহুর্তমধ্যে অভীতের কল্পনা করে মাত্র। ভবিশ্বৎ দেখিতে গেলে বর্তমানের মধ্যেই তাহাকে আনিতে হইবে, বর্তমানই একমাত্র সত্য—বাকী সব কল্পনা। এই বর্তমান, ইহাই সব। কেবল একই বর্তমান। যাহা কিছু বর্তমানে অবন্থিত, তাহাই সত্য। অনস্তকালের মধ্যে একটি কণ—অন্তান্ত প্রত্যেক ক্ষণের মতোই সম্পূর্ণ ও সর্বগ্রাহী। যাহা কিছু আছে, ছিল ও থাকিবে তাহা

সবই বর্তমানে অবস্থিত। যদি কেছ ইছার বাহিরে কোন কিছুর কল্পনা করিছে চান, কল্পন—কিছু কখনই সফলকাম হইবেন না।

এই পৃথিবীর সাদৃশ্য বাদ দিয়া স্বর্গ-চিত্রের বর্ধনা কোন্ ধর্ম দিজে পারিয়াছে? আর সবই তো চিত্র—কেবল এই জগং-চিত্রটি আমাদিগের নিকট ধীরে ধীরে পরিচিত হইয়া পড়িয়াছে। আমরা পঞ্চেন্দ্রিয় দারা জগংকে স্থল, এবং বর্গ, আরুতি, শব্দ ইত্যাদি -সম্পন্ন আছে বলিয়া দেখিতেছি। মনে করুন, আমার একটি বৈত্যতিক ইন্দ্রিয় হইল—সব পরিবর্তিত হইয়া ঘাইবে। মনে করুন, আমার ইন্দ্রিয়গুলি ক্ষাত্র হইয়া গেল—আপনারা সকলেই অক্তরূপে প্রতিভাত হইবেন। যদি আমি পরিবর্তিত হই, তবে আপনারা পরিবর্তিত হইয়া যান। যদি আমি ইন্দ্রিয়ামুভূতির বাহিরে চলিয়া যাই, আপনারা আত্মারূপে—ঈশ্বরূপে প্রতিভাত হইবেন। বস্তগুলিকে যেমন দেখা যাইতেছে, তাহারা ঠিক তেমনটি নয়।

ক্রমে ক্রমে বখন এইগুলি আমরা ব্ঝিব, তখন ধারণা হইবে: এই-সব

স্বর্গাদি লোক—সবকিছু—সব এইখানে, এইক্ষণেই অবস্থিত; আর এইগুলি
সত্য সত্য ঈশরান্তিত্বের উপর আরোপিত বা অধ্যন্ত সতা ব্যতীত কিছুই
নয়। এই অন্তিত্ব স্বর্গ-মর্ত্যাদি অপেক্ষা মহন্তর। মাহ্রম ভাবে, মর্ত্যালাক
পাপময় এবং স্বর্গ অন্ত কোথাও অবস্থিত। মর্ত্যালাক খারাপ নয়।
দানিতে পারিলে দেখা যায় যে, ইহাও ভগবান্ স্বয়ং। বিশাস করা অপেক্ষা
এই তত্তকে বোঝা অনেক বেশি ত্রহ। আততায়ী, যে আগামীকাল
কাসিতে ঝুলিবে সে-ও ভগবান্, সাক্ষাৎ ভগবান্। নিশ্চিতভাবে এই তত্তকে
ধারণা করা খুবই কঠিন—কিন্ত ইহাকে উপলব্ধি করা যায়।

এইজন্ত বেদান্তের সিদ্ধান্ত—বিশ-ভ্রাত্ত নয়, বিশ্বাব্যৈক্য। আমি অপরাপর মাক্ষ্ম, জল্প—ভাল, মন্দ—যে-কোন জিনিসের মতই একজন। সর্বত্র এক শরীর, এক মন ও একটি আত্মা বিরাজিত। আত্মা কখনও মরে না। মৃত্যু বলিয়া কোথাও কিছু নাই—দেহের ক্ষেত্রেও মরণ নাই, মনও মরে না। কিভাবে শরীরের মৃত্যু ঘটিতে পারে? একটি পাতা ধসিয়া পড়িল—ইহাতে কি গাছের মৃত্যু ঘটে? এই বিশ্ব আমার শরীর। দেখুন, কিভাবে এই চেতনা অগ্রসর হইতেছে। সকল মনই আমার। সকল পায়ে আমি পরিভ্রমণ করি—সকল মুখে আমিই কথা বলি—সর্বশরীরে আমিই অধিষ্ঠিত।

কেন আমি ইহাকে অহুভব করিতে পারি না ? কারণ আমার ব্যক্তিত্ব --- এ শুকরত। মাচ্য নিজেকে এই মনের সহিত বাঁধিয়া ফেলিয়াছে, এইজ্ঞ কেবল এইখানেই থাকিতে পারে—দূরে নয়। অমরত কি? সামান্ত কয়েকজন মাত্র জ্বাবটি এইভাবে দেয়, 'ইহা যে আমাদেরই অন্তিত্ব!' বেশির ভাগ লোকই ভাবে, এই-সবই মরণশীল বা মৃত—ভগবান্ এইথানে নাই, তাহারা মৃহ্যুর পর স্বর্গে গিয়া অমর হইবে। তাহারা কল্পনা করে যে, মৃত্যুর পর তাহারা ভগবানের দর্শন পাইবে। কিন্তু যদি তাহারা তাঁহাকে এই লোকে এইক্ষণে দেখিতে না পায়—তবে মৃত্যুর পরও তাঁহাকে দেখিতে পাইবে না। যদিও তাহারা সকলেই অমরতে বিশ্বাদী, তথাপি তাহারা জানে না—মরিবার পর স্বর্গে গিয়া অমরত্ব লাভ করা যায় না, পরস্ক আমাদের শূকরস্থলভ ব্যক্তিত্ব ত্যাগ করিয়া—একটি ক্ষুদ্র শরীরের সহিত নিজেকে আবদ্ধ না রাথিয়াই আমরা অমরত্ব লাভ করিতে পারি। নিজেকে সকলের সহিত এক বলিয়া জানা--সকল দেহের মধ্যেই আপনার অধিষ্ঠান উপলব্ধি করা—সকল মনের মধ্য দিয়া অহুভব করাই অমরত। এই শরীর ছাড়া অপর শরীরের মধ্য দিয়া আমরা অহুভূতি লাভ করিতে পারি। আমরা নিশ্চঃই অপর শরীরের মধ্য দিয়া অমুভৃতি লাভ করিব। সমবেদনার অর্থ কি ? সমবেদনার—আমাদের শরীরের অমুভূতির—কি কোন সীমা আছে ? ইহাও সম্পূর্ণরূপে সম্ভব যে, এমন এক সময় আদিবে, ষ্থন সমগ্র বিশ্বের মধ্য দিয়া আমি অস্কুভব করিব।

ইহাতে লাভ কি? এই শৃক্র-শরীর ত্যাগ করা কঠিন; আমরা আমাদের ক্ষুদ্র শৃকর-শরীরের আনন্দ ত্যাগ করিতে তৃঃথবাধ করিয়া থাকি। বেদান্ত ইহ। ত্যাগ করিতে বলে না, বলে, 'ইহার পারে যাও'। কুছুদাধনের প্রয়োজন নাই—তুইটি শরীরে অনুভূত স্থলাভ অধিকতর ভাল—তিনটিতে আরও বেশী ভাল। একটির বদলে বহুশরীরে বাস! যথন আমি বিধের মাধ্যমে স্থলাভ করিতে পারিব, তথন সমগ্র বিশ্বই আমার শরীর হইবে।

অনেকে আছেন, বাঁহার। এই-সকল তত্ত শুনিয়া ভীত হন। তাঁহার। যে পক্ষপাতী অত্যাচারী কোন ঈশর, ক্সু শ্কররূপ শরীরধারী নন— এই কথা শুনিতে তাঁহারা রাজী নন। আমি তাঁহাদিগকে বলি, 'অগ্রসর হউন!' তাঁহারা বলেন—তাঁহারা পাপের পদ্ধে জনগ্রহণ কিরাছেন এবং কাহারও রূপা ব্যতীত তাঁহারা অগ্রাণর হইতে পারেন না। আমি বলি, 'তোমরাই ঈশর!' তাঁহারা জ্বাবে বলেন, 'ওছে ঈশরছেমী! তুমি কোন্ দাহদে এই কথা বলো? কিভাবে একটি দীন প্রাণী (জীব) ঈশর হয়? আমরা পাপী!' আপনারা জানেন, সময়ে সময়ে আমি বড় হতোভাম হইয়া পড়ি। শত শত পুরুষ ও মহিলা আমাকে বলিয়াছেন, 'ষদি নরকই নাই, তবে ধর্ম কিভাবে থাকে?' ষদি এই-দব মাহ্ম্য সেছোয় নরকে ষায়, তবে কে তাহাদিগকে নিব্রত্ত করিতে পারে?

মামুষ যাহা কিছুর স্বপ্ন দেখে বা ভাবে—সবই তাহার স্প্রট । যদি নরকের চিস্তা করিয়া মরে, তবে নরকই দেখিবে। যদি মন্দ এবং শয়তানের চিস্তা করে, তবে শয়তানকেই পাইবে—ভূত ভাবিলে ভূত পাইবে। ষাহা কিছু ভাবনা করিবেন, তাহাই হইবেন, এইজ্ঞ সৎ ও মহৎ ভাবনা অবশ্রই ভাবিতে হইবে। ইহার খারাই নিরূপিত হয় যে, মাহুষ একটি ক্ষীণ কুক্র কীটমাতা। আমরা তুর্বল-এই কথা উচ্চারণ করিয়াই আমরা তুর্বল হইয়া পড়ি, ইহা অপেকা বেশী ভাল কিছু হইতে পারি না। মনে কর, আমরা নিজেরাই আলো নিভাইয়া, জানালা বন্ধ করিয়া চীৎকার করি—ঘরটি অন্ধকার। এদকল বাজে গল্পকথাগুলি একবার ভাবুন! 'আমি পাপী'—এই কথা বলিলে আমার কী উপকার হইবে? যদি আমি অন্ধকারেই থাকি, তবে আমাকে একটি প্রদীপ জালিতে দাও; ভাহা হইলে সকল অন্ধকার চলিয়া ষাইবে। আর মাহুষের স্বভাব কি আশ্চর্যন্ধন । যদিও তাহারা স্বদাই সচেতন যে, তাহাদের জীবনের পিছনে বিশাস্থা বিরাজিত, তথাপি ভাহারা বেশী করিয়া শয়তানের কথা—অন্ধকার ও মিথ্যার কথা ভাবিয়া থাকে। তাহাদের সভ্যস্তরশের কথা বল্ন—ভাহারা ব্ঝিতে পারিবে না; ভাহারা অস্কবারকে বেশী ভালবাসে।

ইহা হইতেই বেদান্তে একটি মহৎ প্রশ্নের সৃষ্টি হইয়াছে: জীব এত ভীত কেন? ইহার উত্তর এই বে, জীবগণ নিজেদের অসহায় ও অপরের উপর নির্ভরশীল করিয়াছে বলিয়া। আমরা এত অলস যে, নিজেরা কিছুই করিতে চাই না। আমরা একটি ইট, একজন পরিত্রাতা, অথবা একজন প্রেরিত পুরুষ চাই, ষিনি আমাদের জক্ত স্বকিছু করিয়া দিবেন। অভিরিক্ত ধনী কখনও হাটেন না—সর্বদাই গাড়িতে চলেন; বহু বৎসর বাদে ভিনি হঠাৎ একদিন জাগিলেন, কিন্তু তথন তিনি অথব হইয়া গিয়াছেন। তখন তিনি বোধ করিতে আরম্ভ করেন, ষেভাবে তিনি সারা জীবন কাটাইয়াছেন, তাহা মোটের উপর ভাল নয়, কোন মাহ্মই আমার হইয়া হাঁটিতে পারে না। আমার হইয়া য়দি কেহ প্রতিটি কাজ করে, তবে প্রতিবারেই সে আমাকে পঙ্গুকরিবে। যদি সব কাজই অপরে করিয়া দিতে থাকে, তবে সে অঙ্গচালনার ক্ষমতা হারাইয়া ফেলিবে। যাহা কিছু আমরা স্বয়ংকরি, তাহাই একমাত্র কাজ যাহা আমাদিগের নিজম্ব। যাহা কিছু আমাদের জন্তু অপরের দারা কৃত হয়, তাহা কথনই আমাদের হয় না। তোমরা আমার বক্তৃতা শুনিয়া আধ্যাত্মিক সত্য লাভ করিতে পার না। যদি তোমরা কিছুমাত্র শিধিয়া থাকো, তবে আমি সেই ফুলিঙ্গ-মাত্র, যাহা তোমাদের ভিতরকার অগ্লিকে প্রজালিত করিতে সাহায্য করিয়াছে। অবতার প্রুষ বা শুক্ত কেবল ইহাই করিতে পারেন। সাহায্যের জন্তু ছুটাছুটি মূর্থতা।

ভারতে বলদ-বাহিত শকটের কথা আপনারা জানেন। সাধারণতঃ ছইটি বলদকে গাড়ির সহিত জড়িয়া দেওয়া হয়, আর কখনও কখন এক আঁটি থড় একটি বাঁশের মাথায় বাঁধিয়া পশুছইটির সামনে কিঞ্চিৎ দূরে—কিন্তু উহাদের নাগালের বাহিরে ঝুলাইয়া দেওয়া হয়। বলদ ছইটি ক্রমাগত খড় থাইতে চেষ্টা করে, কিন্তু কখনও কৃতকার্য হইতে পারে না। ঠিক এইভাবেই আমরা সাহায্য লাভ করি। আমরা মনে করি—আমরা নিরাপতা, শক্তি, জ্ঞান, শান্তি বাহির হইতে পাইব। আমরা সর্বদাই এইরূপ আশা করি, কিন্তু কখনও আশা পূর্ণ করিতে পারি না। বাহির হইতে কোন সাহায্য কখনও আশে না।

মান্থবের কোন সহায়ক নাই। কেহ কোন কালে ছিল না, নাই এবং থাকিবেও না। কেনই বা থাকিবে? আপনারা কি মানব ও মানবী নন? এই পৃথিবীর প্রভূগণ কি অপরের ক্বত সাহায্যের উপর নির্ভরশীল হইবে? ইহাতে কি আপনারা লজ্জিত নন? যথন আপনারা ধূলায় মিলিয়া যাইবেন, তথনই অপরের সহায়তা লাভ করিবেন। কিন্তু মাহ্য আত্মন্ত্রপ। নিজেদের বিপদ হইতে টানিয়া তোল! 'উদ্ধরেদাত্মনাত্মানম্'। ইহা ছাড়া অস্ত কোন সাহায় নাই—কোনকালে ছিলও না। সাহায়ক আছে, এরূপ ভাবনা

স্বন্ধুর প্রান্তিমাতা। ইহার ঘারা কোন মঙ্গল হইবে না। একদিন একজন থাইন আমার কাছে আসিয়া বলে, 'আপনি একজন ভয়ন্বর পাপী।' উত্তরে বলিলাম—'হাঁ৷ তাই, তারপর।' সে একজন ধর্ম-প্রচারক। লোকটি আমাকে ছাড়িতে চাহিত না। তাহাকে আসিতে দেখিলেই আমি পলায়ন করিতাম। সে বলিত, 'তোমার জন্ম আমার অনেক ভাল ভাল জিনিস আছে। তুমি একটি পাপী, আর তুমি নরকে যাবে।' আমি জবাবে বলিতাম, 'খুব ভাল—আর কিছু?' আমি প্রশ্ন করিলাম, 'আপনি যাবেন কোথায়?'—'আমি স্বর্গে যাব'। আমি বলিলাম, 'আমি তাহলে নিশ্চয় নরকেই যাব।' সেই দিন হইতে সে আমাকে নিজ্তি দেয়।

এইখানে এক খ্রীষ্টান আদিলে বলিবে, 'তোমরা সকলেই মরিতে বিদিয়াছ। কিন্তু যদি তোমরা আমাদের মতবাদে বিশ্বাদ কর, তবে খ্রীষ্ট তোমাদের মৃক্ত করিবেন।' যদি ইহা সত্য হইত—কিন্তু ইহা নিশ্চয়ই কুসংস্কার ভিন্ন অন্ত কিছুই নম্ন—তাহা হইলে খ্রীষ্টান দেশগুলিতে কোন অন্তায় থাকিত না। 'এস, আমরা ইহাতে বিশ্বাদ স্থাপন করি, বিশ্বাদ করিতে কোনও খরচলাগে না।' কিন্তু কেন ? ইহাতে কোন লাভও হয় না! যদি আমি জিজ্ঞাদা করি, 'এখানে এত অধিক লোক ছষ্ট কেন ?' তাঁহারা বলেন, 'আমাদিগকে আরও অধিক কাজ করিতে হইবে।' ভগবানে বিশ্বাদ রাখো, কিন্তু বাক্ষণ ভঙ্ক রাখিও! ভগবানের নিকট প্রার্থনা কর এবং ভগবান্ আদিয়া সাহায্য করিবেন। কিন্তু আমিই তো সংগ্রাম, প্রার্থনা এবং পূজা করিতেছি; আমিই তো আমার সমস্তাদকল মিটাইয়া লইতেছি—আর ভগবান্ তাহার কৃতিছটুকু লইবেন। ইহা তো ভাল নয়। আমি কথনও তাহা করি না।

একবার আমি এক ভোজসভায় আমন্ত্রিত হইয়াছিলাম। গৃহকর্ত্রী আমাকে প্রার্থনা করিতে বলিলেন। আমি বলিলাম, 'আমি অবশুই আপনার কল্যাণ কামনা ক'রব, মহাশয়া।— আপনি আমার শুভেচ্ছা ও ধন্তবাদ জামন।' আমি যখন কাজ করি, আমি আমার প্রতিই কর্তব্য করি, যেহেতু আমি কঠোর পরিশ্রম করিয়াছি, এবং বর্তমানে যাহা আমার আছে, তাহা সবই উপার্জন করিয়াছি—সেহেতু আমি ধন্ত।

সর্বদা কঠোর পরিশ্রম করিবে এবং অপরকেও ধন্তবাদ জানাইবে, কারণ তুমি কুসংস্কারাচ্ছন, তুমি ভীত। এই-সকল কুসংস্কার সহস্র বৎসর ধরিয়া কোন ফল প্রসব করে নাই! ধার্মিক হওয়া একটু কঠোর সাধনা-সাপেক্ষ। সকল কুদংস্কারই বস্থতান্ত্রিকতা, কারণ সেইগুলি কেবল দেহজ্ঞানের উপরই প্রতিষ্ঠিত। আত্মার কোনও সংস্কার নাই—ইহা শরীরের রুখা বাসনা হইতে বহু উর্ধ্বে।

কিন্তু এই-সকল বুথা বাসনাগুলি এখানে দেখানে—এমন কি অধ্যাত্ম-রাদ্বোও প্রতিভাত। আমি কতকগুলি প্রেততত্ত্বের সভায় যোগদান করি-য়াছি। একটিতে নাম্নিকা ছিলেন একজন মহিলা। তিনি আমাকে বলিলেন, 'আপনার মা ও ঠাকুরদা আমার কাছে আদেন।' তিনি বলিয়াছিলেন ষে, তাঁহারা মহিলাটিকে নমন্ধার জানাইয়াছেন ও তাঁহার সহিত কথা কহিয়াছেন। কিন্তু আমার মা এখনও জীবিত! মাহুষ এই কথা ভাবিতে ভালবাদে যে, মৃত্যুর পরেও তাহাদের আত্মীয়পরিজন এই দেহের আকারেই বর্তমান থাকে, আর প্রেততাত্তিকগণ তাহাদের কুস স্কারগুলিকে লইয়া খেলায়। এই কথা জানিলে আমি হৃ:খিতই হুইব ষে, আমার মৃত পিতা এখনও তাঁহার নোংরা দেহটি পরিধান করিয়া আছেন। পিতৃপুরুষগণ এখনও জড়বম্বতে আবদ্ধ আছেন, এই কথা জানিতে পারিলে সাধারণ মাহুষ সাস্থনা পায়। অপর একস্থলে যীশুকে আমার সামনে আনা হইয়াছিল। আমি বলিলাম, 'ভগবান, আপনি কিরূপ আছেন ?' এই-সবে আমি হতাশ বোধ করি। যদি সেই মহান্ ঋষিপু∻ষ অভাপি ঐ শরীর ধারণ করিয়া থাকেন, তবে আমাদের—দীন প্রাণীদের ভাগ্যে না জানি কী আছে? প্রেত-তাত্ত্বিকগণ আমাকে এসকল পুরুষদের কাহাকেও স্পর্শ করিবার অহুমতি দেন নাই। যদি এই-দব সতাও হয়—তবু আমি ঐ-দকল চাহি না। আমি ভাবি: সাধারণ মাহুষ সত্যি নান্তিক !—কেবল পঞ্চ-ইক্রিয়ের ভোগস্পৃহা! বর্তমানে যাহা আছে, তাহাতে তৃপ্ত না হইয়া মৃত্যুর পরও তাহারা এই জিনিসই বেশী করিয়া চায় !'

বেদান্তের ঈশর কি ? তিনি একটি ভাবস্বরূপ, ব্যক্তি নন। তুমি, আমি
সকলেই ব্যক্তি-ঈশর। এই বিশের স্ঠে, স্থিতি ও প্রলয়ের কর্তা যে পরমঈশর, তিনি একটি নৈর্ব্যক্তিক সন্তা। তুমি এবং আমি, বেড়াল, ইর্ব্বর,
শয়তান, ভূত—এই-সবই তাঁহার ব্যস্তি-সন্তা—সকলেই ব্যক্তি-ঈশর। তুমি
ব্যক্তি-ঈশরকে পূজা করিতে চাও এবং তা তোমার স্করণকেই পূজা

কর। ষদি তোমরা আমার উপদেশ গ্রহণ কর, তবে কথনও কোন গির্জায় যাইও না। বাহিরে এস, ষাও নিজেকে ধৌত কর। যুগ যুগ ধরিয়া যে কুসংস্কার তোমাকে আঁকড়াইয়া ধরিয়াছে, ষতক্ষণ না তাহা পরিষ্কৃত হইতেছে, ততক্ষণ বারে বারে নিজেকে ধৌত কর। অথবা সম্ভবতঃ তোমরা তাহা করিতে চাও না—কারণ এদেশে তোমরা ঘন ঘন স্নান কর না—ঘন ঘন স্নান করা ভারতীয় প্রথা, ইহা তোমাদের সমাজে প্রচলিত নয়।

আমি বহুবার জিজ্ঞাদিত হইয়াছি: 'তুমি এত হাসো কেন, ও এত ঠাটা বিদ্রেপ কর কেন?' মাঝে মধ্যে আমি খুব গন্ধীর হই—ষথন আমার খুব পেট-বেদনা হয়! ভগবান্ আনন্দময়। তিনি সকল অন্তিত্বের পিছনে। তিনিই সকল বস্তুর মঙ্গলময় সন্তালক্ষণ। তোমরা তাহার অবতার। ইহাই তো গৌরবময়। যত তুমি তাহার সমীপবর্তা হয়েব, তোমার শোক বা হঃখজনক অবস্থা তত কম আদিবে। তাহার কাছ হইতে যতদ্রে যাইবে ততই হঃখে তোমার মুখ বিশুষ্ক হইবে। তাহাকে আমরা যত অধিক জানিতে, পারি, তত ক্লেণ অন্তর্হিত হয়। যদি ঈশ্বরময় হইয়াও কেহ শোক্রান্ত হয়, তবে সেইক্লপ পরিহিতির প্রয়োজন কি? এইক্লপ ঈশবেরই বা প্রয়োজন কি? তাহাকে প্রশাস্ত মহাসাগবের বুকে ছুঁড়িয়া ফেলিয়া দাও! আমরা তাহাকে চাই না।

কিন্তু ভগবান্ অনাদি নিরাকার সত্তা— ত্রিকালে অবাধিত সত্য, অব্যয়, পাখত, অভয়; আর তোমরা তাঁহার অবতার, তাঁহার রূপায়ণ। ইহাই বেদান্তের ঈশর, আর তাঁহার স্বর্গ সর্বত্র অবস্থিত। এই স্বর্গে যে-সকল ব্যক্তি দেবগণ বাস করেন, ভাহা তুমি নিজেই স্বয়ং। এই-সব মন্দিরে পুপাঞ্জলি দাও। প্রার্থনা করিয়া বাহিরে এদ!

কিসের জন্ম প্রার্থনা কর ? স্বর্গে বাইবার জন্ম, কোন বস্তু লাভের আশার আর অপর কেহ বঞ্চিত থাকে।—এইজন্ম। প্রভু, আমি আরো থাল চাই! অপরে ক্ষার্ড থাক! ঈশর— যিনি সভাস্বরূপ, অনাদি, অনস্ত, সদা আনন্দময় সন্তা, বাহাতে কোন খণ্ড নাই, চ্যুতি নাই, থিনি সদামুক্ত, সদাপুত, সদাপুর্ণ—তাহার সম্বন্ধে কি ধারণা! আমরা আমাদের যত মানবীয় বৈশিষ্ট্য বৃত্তি ও সমীর্ণতা তাহাতে আরোণিত করিয়াছি। তিনি অবশ্রই আম:দের খাল্ড ও বসন জোগাইবেন। বন্ধতঃ এই-সব আমাদের নিজেদের করিয়া লইতে হইবে আর

কেহ কখনও এইগুলি আমাদের জন্ম করিয়া দেয় নাই। এই তো সাদা সভা কথা।

কিন্তু তোমরা এই-বিষয়ে খুব কমই ভাব। তোমরা ভাবো, ভগৰান আছেন হাঁহার নিকট তোমরা বিশেষ প্রিয়পাত্র, বিনি তোমাদের প্রার্থনান্মাত্রই তোমার জন্ম কাজ করিয়া দেন; আর তোমরা তাঁহার নিকট সকল মান্ন্য সকল প্রাণীর জন্ম করণা প্রার্থনা কর না—কর কেবল নিজের জন্ম, তোমার নিজ্ব পরিবারের জন্ম, তোমাদের জাতির জন্ম। যখন হিন্দুগণ খাইতে পায় না—তোমরা তখন গ্রাহ্থই কর না; দে-সময় তোমরা কয়নাও কর না যে, প্রীষ্টানদের হিনি ঈশ্বর, তিনি হিন্দুদিগেরও ঈশ্বর। আমাদের ঈশ্বর সহজে ধারণা, আমাদের প্রার্থনা, আমাদের প্রজা সবই অবিচ্যা-প্রভাবে আমাদের নিজেদের 'দেহ' ভাবনা করা রূপ মুর্থতার হারা বিষাক্ত করিয়া তুলিয়াছি। আমি যাহা বলিতেছি, তাহা তোমাদের ভাল না-ও লাগিতে পারে। আজ তোমরা আমাকে অভিশাপ দিতে পার, কিন্তু কাল ভোমরা আমাকে অভিনন্দিত করিবে।

আমরা অবশ্রই চিন্তাশীল হইব। প্রত্যেক জন্মই বেদনাদায়ক।
আমাদিগকে অবশ্রই জড়বাদ হইতে বাহিরে আসিতে হইবে। জগন্মাত।
হয়তো আমাদের তাঁহার গণ্ডির বাহিরে আসিতে দিবেন না; তাহা হউক
আমরা নিশ্চিত চেটা করিব। এই সংগ্রামই তো সকল প্রকারের পূজা,
আর বাকী যাহা কিছু সব ছায়ামাত্র। তৃমিই তো ব্যষ্টিদেবতা। এথনই
আমি তোমার পূজা করিতেছি। এই তো সর্বোৎক্রই প্রার্থনা। সমগ্র
জগতের পূজা করা অর্থাৎ এইভাবে জগতের সেবা করা। আমি জানি, ইহা
একটি উচ্চ ভাবভূমিতে দাঁড়ানো—ইহাকে ঠিক উপাদনার মতো মনে হয় না;
কিন্তু ইহাই দেবা, ইহাই পূজা।

অদীম জ্ঞান কর্মসাধ্য নয়। জ্ঞান সর্বকালে এইখানেই, অজর ও অজাত। তিনি, জগদীশর জগতের প্রভূ—সকলের মধ্যে বিরাজিত। এই শরীরই তাঁহার একমাত্র মন্দির। এই একটি মন্দিরই চিরকাল ছিল। এই আয়তনে শরীরে তিনি অধিষ্ঠিত,—তিনি আত্মারও আত্মা—রাজারও রাজা। আমরা এই কথা ব্ঝিতে পারি না, আমরা তাঁহার প্রভর-মূর্তি বা প্রতিমাগতি এবং তাহার উপর মন্দির নির্মাণ করি। ভারতে এই বেদাস্কত্র

দর্বকালে আছে, কিন্তু ভারত এই-দ্ব মন্দিরে পরিপূর্ণ। আবার কেবল মন্দিরই নয়—অনেক গুহা আছে, বাহার মধ্যে বহু খোদিত মূর্তি রহিরাছে। 'মূর্য গলার তীরে বাদ করিয়া জলের নিমিত্ত কুপ খনন করে!' আমরা তো এইরপই! ঈশরের মধ্যে বাদ করিয়াও আমরা প্রতিমা গড়ি। আমরা তাহাকে মূর্তিতে প্রতিফলিত দেখিতে চাই—যদিও সর্বদা তিনি আমাদের শরীরের মন্দিরেই অবস্থান করিতেছেন। আমরা সকলেই উন্মাদ—আর ইহাই বিরাট অম।

সব জিনিসকে ভগবান্ বলিয়া পূজা কর—প্রত্যেকটি আরুতিই তাঁহার মন্দির। বাদ-বাকী সব প্রতারণা—ল্রম। সর্বদা অন্তর্ম্থী হও, কখন বহির্ম্থী হইও না। এইরূপ ঈশবের কথাই বেদান্ত প্রচার করে— আর এই তাঁহার পূজা। স্বভাবতই বেদান্তে কোন সম্প্রদায়, ধর্ম বা জাতিবিচার নাই। কিভাবে এই ধর্ম ভারতের জাতীয় ধর্ম হইতে পারে?

শত শত জাতিবিভাগ! যদি কেহ অপরের থাত স্পর্শ করে, তবে চীৎকার করিয়া উঠিবে—'প্রভু, আমাকে রক্ষা কর—আমি অপবিত্র হইলাম!' পাশ্চাত্য পরিদর্শন করিয়া আমি যথন ভারতে ফিরিয়া গেলাম, তখন পাশ্চাত্যদের সহিত আমার মেলামেশা ও আমি বে গোঁড়ামির নিয়মাবলী ভঙ্গ করিয়াছি, ইহা লইয়া কয়েকজন প্রাচীনপন্থী খুব আন্দোলন করিয়াছিলেন। তাহারা আমার—বেদের তত্ত্বকল পাশ্চাত্যে প্রচারকেরা সমর্থন করিতে পারেন নাই।

আমরা যদি সকলেই আত্ময়রপ ও এক, তবে কেমন করিয়া ধনী দরিছের প্রতি, বিজ্ঞজন অজ্ঞের প্রতি মৃথ ঘুরাইয়া চলিয়া যাইতে পারে? বেদান্ডের ভাবে পরিবর্তিত না হইলে ধর্ম ও সমাজব্যবন্থা কি করিয়া টিকিয়া থাকিতে পারে? অধিকসংখ্যক বথার্থ বিজ্ঞ লোক পাইতে সহম্র সহম্র বংসর সময় লাগিবে। মাহ্যকে নৃতন পথ দেখানো—মহৎ ভাব দেওয়া খুবই কঠিন কাজ। পুরানো কুসংস্কারগুলি তাড়ানো আরও কঠিন কাজ—খুবই কঠিন কাজ, সেগুলি সহজে লোপ পায় না। এত শিক্ষা থাকা সল্পেও পণ্ডিতগণ অক্কার দেখিয়া ভর পান—শিশুকালের গল্পুলি তাহাদের মনে আদিতে থাকে এবং তাঁহারা ভূত দেখেন।

'বেদ' এই শক্টির অর্থ জ্ঞান এবং ইহা হইতে 'বেদাস্ত' শক্টি আদিয়াছে। সব জ্ঞানই বেদ, ইহা অনন্ত ঈশবের গ্রান্ন অনন্ত। জ্ঞান কেহই সৃষ্টি করিতে পারে না। তোমরা কি কখনও জ্ঞানকে স্প্র হুইতে দেখিয়াছ ? ইহাকে আবিষ্কার করা যায়-যাহা আবৃত ছিল, ভাহাকে অনাবৃত করা যায়। জ্ঞান সর্বদা এইথানেই অবস্থিত, কারণ জ্ঞানই স্বয়ং ঈশ্ব। ভূত, ভবিয়াৎ ও বর্তমানের জ্ঞান সবই আমাদের সকলের মধ্যেই রহিয়াছে। তাহাকে আমরা আবিষ্ণার করি—এই পর্যন্ত। এই-স্ব জ্ঞান্ই সাক্ষাৎ ভগ্বান্। বেদ এক মহদায়তন সংস্কৃত গ্রন্থ। আমাদের দেশে যিনি বেদপাঠ করেন, তাঁহার সমুধে আমরা নতজাহ হই। আর যে ব্যক্তি পদার্থবিভা অধ্যয়ন করিতেছে, তাহাকে আমরা গ্রাহের মধ্যে আনি না। এটা কুদংস্কার--- মোটেই বেদাস্ত-মত নয়--এও জঘন্ত জড়বাদ। ঈশবের নিকট সকল জ্ঞানই পবিতা। জ্ঞানই ঈশর। অনস্ত জ্ঞান পরিপূর্ণরূপে সকল মাহুষের মধে।ই নিহিত আছে। ষদিও ভোমাদিগকে অজ্ঞের স্থায় দেখায়, কিন্তু ভোমরা সভ্য-সভাই অজ্ঞ নও। ভোমরা ভগবানের শরীর—ভোমরা সকলেই। ভোমরা সর্বশক্তিমান্, সর্বত্রাবস্থিত, দেবসভাব অবতার। ভোমরা আমাকে উপহাস করিতে পাঝে, কিন্তু একদিন সময় আদিবে, যখন ভোমরা ইহা বুঝিতে পারিবে, অবশ্রই বুঝিবে---কেহই বাকী থাকিবে না।

লক্য কি ? বাহা আমি বলিয়াছি—বেদান্ত, ইহা কোন নৃতন ধর্ম নয়।
থ্ব পুরাতন—ভগবানের মতো পুরাতন। এই ধর্ম হান বা কালে সীমিত
নয়—ইহা সর্বত্র বিরাজিত। এই সত্য সকলেই জানে। আমরা সকলেই
এই নত্য অন্নেষণ করিতেছি। সমগ্র বিশেরও ঐ একই গতি। ইহা
এমন কি বহি:প্রকৃতির ক্ষেত্রেও প্রধোজ্য। প্রত্যেকটি পরমাণু ঐ লক্যের
দিকে প্রচণ্ডগতিতে ছুটিতেছে। আর তুমি কি মনে কর যে, অনন্ত ওদ
এই জীবগণের কেহ কি পরম সত্য লাভ না করিয়া পড়িয়া থাকিবে?
সকলেই পাইবে—সকলেই একই লক্ষ্যপানে অন্তর্নিহিত দেবজের আবিদার
করিতে চলিয়াছে। পাগল, খুনী, কুসংস্কারাছের মাহ্য—যে-মাহ্র বিচারের
প্রহসনে এ দেশে শান্তি পায়, এ সকলেই একই সত্যের দিকে অগ্রসর
হইতেছে। কেবলমাত্র যাহা আমরা অজ্ঞানে করিতেহিলাম, ভাহা স্ক্রানে
ও ভালভাবে আম দের করা কর্তব্য।

সকল সন্তার ঐক্যবোধ তোমাদের সকলের মধ্যে পূর্ব হই তেই রহিরাছে। কেহ এ-পর্যন্ত ইহা না লইরা জনায় নাই। ষতই তোমরা তাহা অধীকার করো না কেন, ইহা জনাগত নিজেকে প্রকাশ করিতেছে। মানবীয় প্রেম কি? ইহা কমবেশি এই ঐক্যবোধেরই শীক্তা। 'আমি তোমাদের সহিত এক—আমার স্ত্রী, আমার পূত্র ও কলা, আমার বন্ধু।' কেবল তোমরা না জানিয়া এই ঐক্য সম্বন্ধে দৃঢ়ভাবে বলিতেছে 'কেহ পতির জন্ত পতিকে কথনই ভালবাসে নাই, পতির অন্তর্ম্ব আত্মার জন্তই পতিকে ভালবাসিয়াছে।' পত্নী এইথানেই ঐক্যের সন্ধান পাইয়াছেন। পতি পত্নীর মধ্যে নিজেকে দেখিতে পান—শভাবতই দেখিতে পান, কিন্ধু তা তিনি জ্ঞানত:—সচেতনভাবে পান না।

সমগ্র বিশ্বই একটি অন্তিবে গ্রথিত। এ ছাড়া অন্ত আর কিছুই হইতে পারে না। বিভিন্নতা হইতে আমরা সকলে একটি বিশান্তিবের দিকে চশিয়াছি। পরিবারগুলি গোগীতে, গোগীগুলি উপজাতিতে, উপজাতিগুলি জাতিতে, জাতিগুলি মানব্বে, কত বিভিন্ন মত—একব্রের দিকে চলিয়াছে। এই একব্রের অমুভূতিই জ্ঞান—বিজ্ঞান।

ক্রিনাই জ্ঞান—নানাই অজ্ঞান । এই জ্ঞানে তোমাদের জন্মগত অধিকার। তোমাদিগকে এই তত্ত্ব শিখাইতে হইবে না। বিভিন্ন ধর্ম এই জগতে কখনই ছিল না। আমরা মৃক্তি আকাজ্ঞা করি বা না করি, মৃক্তি আমরা লাভ করিবই—এ আমাদের নিয়তি। যেহেতু তোমরা মৃক্ত হুইয়া যাইবে। আমরা মৃক্তই আছি, কেবল ইহা আমরা জানি না, আর আমরা এ পর্যন্ত কি করিতেছি, তাহাও আমরা জানি না। সকল ধর্ম সম্প্রাচিত আদর্শে একই নীতিকথা বর্তমান; কেবল একটি কথাই প্রচারিত হুইয়াছে—'নিংমার্থ হও, অপরকে ভালবাদো।' কেহ বলিতেছে, 'কারণ জিহোভা আদেশ করিয়াছেন।' 'আলাই'—মুসলিম বলিবেন। অপরে বলিবেন—'যীও।' বিদি ইংগ কেবল জিহোভাগই আদেশ, তবে যাহারা জিহোভাকে জানে না, তাহাদের নিকট ইহা কিভাবে আসিল? যদি যীওই কেবল এই আদেশ দিয়া থাকেন, তাহা হুইলে যে-ব্যক্তি যীওকে কথনও জানে না, সে কি করিয়া ইহা পাইল? যদি বিষ্ণুই কেবল এই আদেশ দিয়া থাকেন, তবে ইছদীগণ,

যাহারা দেই ভদ্রলোকের সঙ্গে কথনই পরিচিত নয়, কিভাবে তাহা পাইল ? এই-সব হইতে মহন্তর আর একটি উৎস আছে। কোথায় সেইটি ? ভাহা ভগবানের সনাতন মন্দিরে—নিয়তম হইতে উচ্চত্ম সকল প্রাণীর অম্বরাত্মায় এই তত্ত্ব নিহিত। সেই অনস্ক নিংমার্থতা, সেই অনস্ক আত্মোৎসর্গ, ঐক্যের দিকে ফিরিবার সেই অনস্ক বাধ্যবাধকতা—এ-সবই সেইখানে রহিয়াছে।

অবিভার অজ্ঞানের জন্য আমরা থণ্ডিত, দীমিত বলিয়া প্রতীয়মান হইতেছি, এবং আমরা তাই ক্র, শ্রীমতী অমৃক ও শ্রীঅমৃক হইয়া পড়িয়াছি। কিন্তু গোটা প্রকৃতি প্রতি পলকে এই ল্রম—এই মিথ্যা প্রতীতি জন্মাইতেছে। আমি কখনও অন্তদকল হইতে বিচ্ছিন্ন ক্রন্ত পুরুষ বা ক্র্যু নারী নহি, আমি এক বিশ্ব্যাপী অন্তিছ। আত্মা প্রতি মূহুর্তে আপন মহিমায় উন্নীত হইতেছে ও ইহার অন্তর্নিহিত দেবত্বকে ঘোষণা করিতেছে।

বেদান্ত সর্বত্রই বিভয়ান, কেবল তোমাদিগকে সচেতন হইতে হইবে।
পুঞীরত অন্ধবিশাস এবং কুসংস্কারগুলিই আমাদের অগ্রগতির বাধান্তরপ।
বিদি আমরা সক্ষম হই, তবে আইস, আমরা ঐ-সবগুলিকে দ্রে ছুঁড়িয়া
ফেলি এবং ধারণা করিতে শিথি যে, ঈশ্বর চেতনান্তরপ এবং তাঁহার
পূজা জ্ঞান ও সত্যের মধ্য দিয়া করিতে হয়। জড়বাদী হইতে কথনও
সচেষ্ট হইও না। সকল জড়কে ছুড়িয়া ফেলিয়া দাও। ঈশ্বরের কল্পনা
অবশ্রই যথার্থ আধ্যাত্মিক হইবে। ঈশ্বর সহন্ধে বিভিন্ন ধারণাগুলি
কমবেশি জড়বাদ-ঘেঁষা—এইগুলিকে দ্র করিতে হইবে। মাহুষ যত বেশি
আধ্যাত্মিক হইতে থাকে, তত সে এই-সকল ভাবগুলিকে পরিত্যাগ করে
ও এইগুলিকে পশ্চাতে ফেলিয়া আগাইয়া যায়। বস্ততঃ সকল দেশেই এমন
কয়েকজন লোক সর্বকালে আসিয়াছেন, যাহারা এই-সব জড়বাদ ছুঁড়িয়া
ফেলিবার শক্তি রাথেন এবং প্রথর দিবালোকে দণ্ডায়মান হইয়া জ্ঞানস্কর্পকে
জ্ঞানের হারাই উপাসনা করিয়া গিয়াছেন।

স্বই এক আত্মা—বেদান্তের এই জ্ঞান যদি প্রচারিত হয়, তাহা হইলে
সমগ্র মহয়সমাজই অধ্যাত্ম-ভাবে ভাবিত হইয়া যাইবে। কিন্তু তাহা
কি সম্ভব ? আমি জানি না। সহস্র বৎসরের মধ্যেও তাহা হইবে না।
প্রানো সংস্কারগুলি সব দ্রীভূত হইবে। তোমরা সকলেই প্রাতন
সংস্কারগুলিকে কিভাবে চিরম্ভন করা যায়, তাহাতেই উৎসাহিত। আবার

পারিবারিক প্রাভ্য, গোটাগত প্রাভ্য, জাতিগত সৌপ্রাত্ত্য—এই-সকল ভাব-গুলিও বিভ্যান। এইসকলই বেদাস্ত উপলব্ধির বাধাস্থরপ। ধর্ম জ্বতি সামাশ্য ক্ষেক্জনের নিক্টই ঠিক ঠিক ধর্ম।

গোটা পৃথিবীতে ধর্মের ক্ষেত্রে হাঁহারা কর্ম করিয়াছেন, তাঁহাদের অধিকাংশই প্রকৃতপক্ষে রাজনৈতিক কর্মী। ইহাই মাহ্রেরে ইভিহাস। তাঁহারা কদাচিৎ সত্যের সহিত মিলাইয়া জীবনধারণের চেটা করিয়াছেন। তাঁহারা সর্বদাই সমাজনামক ঈশরের পূজক ছিলেন, তাঁহারা অধিকাংশ ক্ষেত্রেই জনসাধারণের বিশাস—ভাহাদের কুসংস্কার, তাহাদের তুর্বলভাকে উর্প্নে তুলিয়া ধরিতে আগ্রহনীল ছিলেন। তাঁহারা প্রকৃতিকে জয় করিতে চেটা করেন নাই, নিজদিগকে প্রকৃতির অফুকৃল করিয়াছেন—ইহার বেশি কিছু নয়। ভারতে গিয়া নৃতন ধর্মত প্রচার কর—কেহ তোমার কথা শুনিবে না। কিন্তু বলা বে, বেদ হইতে ঐ মত প্রাপ্ত হইয়াছ, তাহারা বলিবে—'ভাল কথা'। এইখানে আমি এই মতবাদ প্রচার করিতে পারি, কিন্তু ভোমরা—তোমাদের কয়জন আমার কথা আন্তরিকভাবে গ্রহণ করিবে? কিন্তু সমগ্র শত্য এইখানেই বর্তমান এবং আমি তোমাদিগকে সত্য কথাই বলিব।

এই প্রশ্নের অপর একটি দিকও আছে। সকলেই বলেন, চরম বিশুদ্ধ সত্যের উপলব্ধি হঠাৎ আসিতে পারে না এবং পূজা প্রার্থনা ও অক্যাক্ত প্রাসন্দিক ধর্মীয় সাধনার পথে মাত্র্যকে ধীরে ধীরে আগাইয়া বাইতে হইবে। এইটি ঠিক পথ কি-না, তাহা আমি নিশ্চয় করিয়া বলিতে পারিব না। ভারতে আমি উভয় পথ ধরিয়াই কাজ করি।

কলিকাতায় আমাদের এই-সব প্রতিমা ও মন্দির রহিয়াছে—ঈশরের ও বেদের নামে—বাইবেল এবং যীও ও বুদ্ধের নামে। চেটা চলুক। কিছ হিমালয়ের উপরে আমার একটি স্থান আছে, যেখানে বিশুদ্ধ সভ্য ব্যতীত আর কিছুরই প্রবেশাধিকার থাকিবে না—এক্লপ মনংস্থ করিয়াছি। সেইখানে তোমাদিগকে আদ্ধ আমি যেভাবের কথা বলিলাম, তাহা কার্যে পরিণত করিতে চাই। একটি ইংরেজ-দম্পতী ঐ স্থানের দায়িছে রহিয়াছেন। উদ্দেশ্য—সত্যাম্পর্কিংস্থারে শিক্ষিত করা এবং বালকবালিকাদিগকে ভয়হীন ও কুসংস্থারহীনভাবে গড়িয়া তোলা। তাহারা যীও, বুদ্ধ, শিব, বিষ্ণু—ইত্যাদি কাহারও বিষয় শুনিবে না। তাহারা প্রথম হইতেই নিজের পারে দাড়াইতে শিবিবে।

ভাহারা বাল্যকাল হইতেই শিথিবে ষে, ঈশবই চেতনা এবং তাঁহার পূজা শত্য ও জ্ঞানের মধ্য দিয়া করিতে হয়। সকলকেই চেতনদ্ধণে দেখিতে হয়—ইহাই আদর্শ। আমি জানি না, ইহাতে কি ফল হইবে। আজ আমার ঘাহা মনে হইতেছে, ভাহাই প্রচার করিতেছি। আমার মনে হইতেছে—যেন হৈত সংস্কার বাদ দিয়াই আমি সম্পূর্ণ এই ভাবেই শিক্ষিত হইয়াছিলাম। বৈতবাদে যে কিছু ভাল হইতে পারে—ভাহাতে যে আমি মাঝে-মাঝে সম্বৃত্তি জানাই, ভাহার কারণ ইহা তুর্বল ব্যক্তিকে সাহায্য করে। যদি ভোমাকে কেহ প্রবভারা দেখাইয়া দিতে বলে, তবে প্রথমে তুমি ভাহাকে প্রবভারার নিকটবর্তী কোন উজ্জ্বল ভারকা দেখাও, ভারপর একটি অনতি-উজ্জ্বল ভারকা, তারপর একটি ক্ষীণপ্রস্তু ভারকা, পরিশেষে প্রবভারা দেখাও। এই পদ্ধতিতে ভাহার পক্ষে প্রবভারা দেখা সহজ্ব হয়। এই-সব বিভিন্ন উপাসনা ও সাধনা, বাইবেল জাতীয় গ্রন্থ ও দেবসকল ধর্মের প্রাথমিক সোপান ধর্মের কিণ্ডারগার্টেন মাত্র।

কিন্তু তারপর আমি ইহার অপর দিকটির কথা ভাবি। যদি এই মন্থর ও ক্রমিক পদ্ধ ত অন্থরণ কর, তবে অগতের এই সত্যে পৌছাইতে কত দিন লাগিবে? কত দিন ? আর ইহা যে প্রশংদনীয় মানে আসিয়া উপনীত হইবে, তাহাংই বা নিশ্চয়তা কি ? এই পর্যন্ত তাহা হয় নাই। তুর্বলদের পক্ষে ক্রমিক অথবা অক্রমিক, সহজ অথবা কঠিন যাহাই হউক না কেন— বৈত্বাদসম্মত সাধন কি মিথাভিত্তিক নয় ? প্রচলিত ধর্মীয় সাধনগুলি মানুষকে তুর্বল করিতেছে, স্কুতরাং সেগুলি কি ভুল নয় ? ঐগুলি ভুল ধাবণার উপর প্রতিষ্ঠিত—মানুষের ভুল দৃষ্টিভঙ্গী। তুটি ভুল কি একটি সত্য সৃষ্টি করিতে পারে ? মিথা কি সত্য হয় ? অন্ধকার কি আলোকে পরিণত হয় ?

আমি একজন মহামানবের ক্রীতদাস—তিনি দেহত্যাগ করিয়াছেন।
আমি কেবল তাঁহার বার্তাবহ; আমি পরীক্ষা করিতে চাই। বেদান্তে যে
সভাগুলি ভোমাদিগকে ধলিলাম, তাহা লইয়া ইতিপূর্বে কেহ সভ্যিকারের
গবেষণা করে নাই। যদিও বেদান্ত পৃথিবীর প্রাচীনতম দর্শন—ইহা সর্বদাই
কুদংস্কার ও অক্যান্ত জিনিসের সহিত মিশ্রিত হইয়া ছিল।

ষীত বলিয়াছিলেন, 'আমি ও আমার স্বর্গস্থ পিতা এক', এবং ভোমরা ভাহার পুনরাবৃত্তি কর। তথাপি ইহা মানবদমানকে দাহাষ্য করে নাই। উনিশ শত বংশর ধরিয়া মান্তব এই বাণী বোঝে নাই। তাহারা যীশুকে মানবের পরিত্রাতা করিয়াছে। তিনি ঈশর, আর আমরা কীট। ঠিক এই রূপ ভারতবর্বে—প্রত্যেক দেশে এই ধরনের বিবাদই সম্প্রদায়বিশেষের মেকদণ্ড।

হাজার হাজার বংসর ধরিয়া সারা পৃথিবীতে লক লক মান্ত্রকে শেখানো হইয়াছে—জগৎপ্রভু অবভার, পরিত্রাত। ও প্রেরিত পুরুষগণকে পূজা করিতে হইবে; শেখানো হইয়াছে—ভাহারা নিজেরা অসহায় হতভাগ্য জীব, মুক্তির জন্ত কোন ব্যক্তি বা ব্যক্তিগোণ্ডীর দ্যার উপর নির্ভর করিতে হইবে। এইরূপ বিশাসে নিশ্চয় অনেক অভুত ব্যাপার ঘটিতে পারে। তথাপি সর্বোৎকৃষ্ট অবহায় এই প্রকার বিধাস ধর্মের কিণ্ডারগার্টেন, এইগুলি মান্ত্রকে অভি অল্পই সাহায্য করিয়াছে বা কিছুই করে নাই। মান্ত্র এখনও অধঃপাতের গহরের মোহাবিট হইয়াই পড়িয়া রহিয়াছে। অবশ্ব কয়েরকজন শক্তিশালী মান্ত্রৰ এই মান্ত্রার প্রম অভিক্রম করিয়া উঠিতে পারেন!

সময় আসিতেছে—যথন মহান্ মানবগণ জাগিয়া উঠিবেন; এবং ধর্মের এই শিশুশিক্ষার পদ্ধতি ফেলিয়া দিয়া তাঁহারা আত্মা দারা আত্মার উপাসনারূপ সভ্যধর্মকে জীবস্ত ও শক্তিশালী করিয়া তুলিবেন।

যোগ ও মনোবিজ্ঞান

মনোবিজ্ঞানের গুরুত্ব

পাশ্চাত্যে মনোবিজ্ঞানের ধারণা অতি নিয়্ছরের। ইহা একটি শ্রেষ্ঠ বিজ্ঞান; কিন্তু পাশ্চাত্যে ইহাকে অক্সাক্ত বিজ্ঞানের সমপর্যায়ভুক্ত করা হয়াছে—অর্থাৎ অক্যাক্ত বিজ্ঞানের মতো ইহাকেও উপধোগিতার মাপকাঠিছে বিচার করা হয়। কার্যতঃ মানবদমাজের উপকার ইহার সাহায্যে কভটা সাধিত হইবে? আমাদের ক্রমবর্ধমান হুখ ইহার মাধ্যমে কভদ্র বর্ধিত হইবে? বে-সকল তৃঃখ-বেদনায় আমরা নিয়ত পীড়িত হইতেছি, সেগুলি ইহা বারা কভদ্র প্রশমিত হইবে ?—পাশ্চাত্যে সব কিছুই এই মাপকাঠিতে বিচার করা হয়।

মান্থয় সন্তবতঃ ভূলিয়া যায় যে, আমাদের জ্ঞানের শতকরা নকাই ভাগ বভাবতই মান্থ্যের পার্থিব স্থধতঃথের হ্রাসবৃদ্ধির উপর কোন কার্যকর প্রভাব বিন্তার করিতে পারে না। আমাদের বৈজ্ঞানিক জ্ঞানের অতি সামান্ত অংশই দৈনন্দিন জীবনে কার্যতঃ প্রযুক্ত হয়। ইহার কারণ এই বে, আমাদের চেতনমনের অতি সামান্ত অংশই ইন্দ্রিয়গ্রাহ্ম জগতে বিচরণ করে এবং এ সামান্ত ইন্দ্রিয়গ্রাহ্ম জগতে বিচরণ করে এবং এ সামান্ত ইন্দ্রিয়ক্ত জ্ঞানকেই জীবন ও মনের সব কিছু বলিয়া আমরা কল্পনা করি। কিছু প্রক্রিয়ক্ত পক্ষে আমাদের অবচেতন মনের বিশাল সমুদ্রে উহা একটি সামান্ত বিশ্বমাত্র। যদি আমাদের অন্তিত্ব মনের বিশাল সমুদ্রে উহা একটি সামান্ত বিশ্বমাত্র। যদি আমাদের অন্তিত্ব ওপু ইন্দ্রিয়ামভূতিগুলির মধ্যেই সীমাবদ্ধ থাকিত, তাহা হইলে আমরা যে-সব জ্ঞান অর্জন করি, সেগুলি ওপু ইন্দ্রিয়-পরিত্তির জ্ঞাই ব্যবহুত হইত। কিছু সৌভাগ্যের বিষয় বান্তব ক্ষেত্রে তাহা হয় না। পশুন্তর হইতে যতই আমরা উপরে উঠিতে থাকি, আমাদের ইন্দ্রিয়-স্থ্য-বাসনা ততই হ্রাদ পাইতে থাকে এবং বৈজ্ঞানিক ও মনস্তাত্তিক বোধের সহিত্ত আমাদের ভোগাকাজ্ঞা স্ক্রতর হইতে থাকে এবং 'জ্ঞানের জ্ঞাই জ্ঞানের অন্থনীলন'—এই ভাবটি ইন্দ্রিয়-স্থ্য-নির্থেক্ষ হইয়া মনের পরম আনন্দের বিষয় হইয়া উঠে।

পাশ্চাত্যের পার্থিব লাভের মাণকাঠি দিয়া বিচার করিলেও দেখা ষাইবে বে, মনোবিজ্ঞান সকল বিজ্ঞানের সেরা। কেন? আমবা সকলেই ইন্সিয়ের দাস, নিজেদের চেডন ও অবচেডন মনের দাস। কোন অপরাধী যে বেচ্ছায় কোন অপরাধ করে—তাহা নয়, ৩ধু নিজের মন তাহার আয়ত্তে না থাকাতেই সে ঐরপ করিয়া থাকে, এবং এইজয়্প সে তাহার চেতন ও অবচেতন মনের, এমন কি প্রত্যেকের মনেরও দাস হয়। সে নিজ-মনের প্রবলতম সংস্থারবশেই চালিত হয়। সে নিরুপায়। সে নিজমনের ইচ্ছার বিরুদ্ধে—বিবেকের কল্যাণকর নির্দেশ এবং নিজের সংস্থভাবের বিরুদ্ধে চলিতে থাকে। সে তাহার মনের প্রবল নির্দেশ মানিয়া চলিতে বাধ্য হয়। বেচারী মাহ্রম নিতান্তই অসহায়।

প্রতিনিয়ত ইহা আমাদের প্রত্যেকের জীবনে প্রত্যক্ষ করিতেছি। অন্তরের শুভনির্দেশ আমরা প্রতিনিয়ত অগ্রাহ্য করিতেছি এবং পরে ঐজ্ঞানিজেরাই নিজেদের ধিকার দিতেছি। আমরা বিশ্বিত হই—কিভাবে ঐরপ জঘতা চিস্তা করিয়াছিলাম এবং কিভাবেই বা ঐ প্রকার হীনকার্য আমাদের ঘারা সাধিত হইয়াছিল। অথচ আমরা পুন:পুন: ইহা করিয়া থাকি এবং পুন:পুন: ইহার জ্ঞা হংখ ও আত্মমানি ভোগ করি। সঙ্গে সঙ্গে হয়তো আমাদের মনে হয় বের, ঐ কর্ম করিতে আমরা ইচ্ছার ছিলাম, কিছ তাহা নয়, আমরা ইচ্ছার বিক্লের বাধ্য হইয়াইহা করিয়াছিলাম। আসলে আমরা নিক্লপায়! আমরা সকলেই নিজেদের মনের গোলাম এবং অপরের মনেরও। ভালমন্দের তারতম্য এক্ষেত্রে প্রায়্ন অর্থহীন। অসহায়ের তায় আমরা ইত্তত: চালিত হইতেছি। আমরা মুথেই বলি, আমরা নিজেরা করিতেছি ইত্যাদি; কিছ আসলে তাহা নয়।

চিন্তা করিতে এবং কাজ করিতে বাধ্য হই বলিয়া আমরা চিন্তা এবং কাজ করিয়া থাকি। আমরা নিজেদের এবং অপরের দাদ। আমাদের অবচেতন মনের অতি গভীরে অতীতের চিন্তা ও কর্মের যাবতীয় সংস্কার পূঞ্জীভূত হইয়া আছে—শুধু এ-জীবনের নয়, পূর্ব পূর্ব জীবনেরও। এই অবচেতন মনের অসীম সমূত্র অতীতের চিন্তা ও কর্মরাশিতে পরিপূর্ণ। এই-সকল চিন্তা ও কর্মের প্রত্যেকটি স্বীকৃতিলান্ডের চেন্তা করিতেছে, নিজেকে প্রকাশ করিতে চাহিতেছে, একটি অপরটিকে অভিক্রম করিয়া চেতন-মানসে রূপ পরিপ্রহা করিতে প্রশ্নাদ পাইতেছে—তরঙ্কের পর তরকের আকারে, উচ্ছাসের পর উচ্ছাসে তাহাদের প্রবাহ। এই-সকল চিন্তাও পূঞ্জীভূত শক্তিকেই আমরা স্বাভাবিক আকাক্রা, প্রতিভা প্রভৃতি শক্ষে অভিহিত করি, কারণ উহাদের স্বথার্থ উৎপত্তিস্থল আমরা উপলব্ধি করি না।

অন্ধের মতো বিনা প্রতিবাদে উহাদের নির্দেশ আমরা পালন করি।
ফলে দাসত্ব—চরম অসহায় দাসত্ব আমাদিগকে চাপিয়া ধরে, অথচ নিজেদের
'মৃক্ত' বলিয়া আমরা প্রচার করি। হায়, আমরা নিজেদের মনকে নিমেবের
জন্ত সংযত করিতে পারি না, বস্তু-বিশেষে উহাকে নিবন্ধ রাখিতে পারি না,
বিষয়ান্তর হইতে প্রত্যান্তত করিয়া মূহুর্তের জন্ত একটি,বিন্দুতে কেন্দ্রীভূত করিতে
পারি না! অথচ আমরাই নিজেদের মৃক্ত বলি। ব্যাপারটা চিন্তা করিয়া দেখ।
যেভাবে করা উচিত বলিয়া আমরা জানি, অতি অর সময়ের জন্তও আমরা
সেভাবে করিতে পারি না। মূহুর্তে কোন ইন্দ্রিয়-বাসনা মাথা তুলিয়া দাড়াইবে
এবং তৎক্ষণাৎ আমরা উহার আজ্ঞাবহ হইয়া পড়ি। এরপ ত্র্বলতার জন্ত
আমরা বিবেক-দংশন ভোগ করি, কিন্তু পুনঃপুনঃ আমরা এইরপই করিয়া থাকি
এবং সর্বদাই ইহা করিতেছি। যত চেষ্টাই করি না কেন, একটি উচ্চমানের
জীবন আমরা বাপন করিতে পারি না। অতীত জীবন এবং অতীত
চিন্তাগুলির ভূত বেন আমাদিগকে দাবাইয়া রাখে। ইন্দ্রিয়গুলির এই দাসত্ব
জগতের সকল তুংথের মূল। জড়দেহের উর্ধ্বে উঠিবার অসামর্থ্য—পার্থিব
স্থের জন্ত চেষ্টা আমাদের সকল তুর্দশা ও ভয়াবহতার হেতু।

মনের এই উচ্চুতাল নিয়গতিকে কিভাবে দমন করা যায়, কিরূপে উহাকে ইচ্ছাশক্তির আয়ত্ত করা বায়, এবং উহার দোর্দণ্ড প্রভাব হইতে মৃক্তিলাভ করা যায়, মনোবিজ্ঞান ভাহারই শিক্ষা দেয়। অতএব মনোবিজ্ঞান শ্রেষ্ঠ বিজ্ঞান; উহাকে বাদ দিলে অক্যান্ত বিজ্ঞান ও জ্ঞান মূল্যহীন।

অসংযক্ত ও উচ্চুত্থল মন আমাদিগকে নিয়ত নিয় হইতে নিয়তর তরে লইয়া যাইবে এবং চরমে আমাদিগকে বিধ্বস্ত করিবে, ধ্বংস করিবে। আর সংযক্ত ও স্থানিয়ন্ত্রিত মন আমাদিগকে রক্ষা করিবে, মৃক্তিদান করিবে। স্তরাং মনকে অবশ্য সংযক্ত করিতে হইবে। মনোবিজ্ঞান আমাদিগকে মনংসংযমের পদ্ধতি শিক্ষা দেয়।

যে-কোন জড়বিজ্ঞান অফুশীলন ও বিশ্লেষণ করিবার জক্ত প্রচুর তথ্য ও উপাদান পাওয়া যায়। ঐ-সকল তথ্য ও উপাদানের বিশ্লেষণ এবং পরীক্ষার ফলে ঐ বিজ্ঞান সম্পর্কে জ্ঞানলাভ হয়। কিন্তু মনের অফুশীলন ও বিশ্লেষণে সকলের সমভাবে আয়ত্তাধীন কোন তথ্য ও বাহির হইতে সংগৃহীত উপাদান পাওয়া যায় না—মন নিজের ছারাই বিশ্লেষিত হয়। স্কুতরাং মনোবিজ্ঞানকেই শ্রেষ্ঠ বিজ্ঞান বলিয়া ধরা যায়। পাশ্চান্ড্যে মানসিক শক্তিকে, বিশেষতঃ অসাধারণ মানসিক শক্তিকে, অনেকটা যাত্বিত্যা ও গৃঢ় থৌগিক-ক্রিয়ার দামিল বলিয়া গণ্য করা হয়। বস্তুতঃ দেই দেশে তথাক থিত অকৌকিক হটনাবলীর সহিত মিশাইয়া ফেলিবার ফলে মনোবিজ্ঞান সম্পর্কে উচ্চপর্যায়ের অফুশীলন ব্যাহত হইয়াছে, যেমন হইয়াছে দেই-সকল সাধু-ফকির সম্প্রদায়ের মধ্যে, যাহারা সিকাই-জাতীয় ব্যাপারে অসুরক্ত।

পৃথিবীর সর্বত্র পদার্থবিদ্ধাণ একই ফালাভ করিয়া থাকেন। তাঁহারা সাধারণ সহাসমূহ এবং সেগুলি হইতে প্রাপ্ত ফল সম্বন্ধে একই মত পোষণ করেন। তাহার কারণ পদার্থবিজ্ঞানের উপাত্তগুলি (Jata) সর্বজনলভা ও সর্বজনগ্রাহ্ম এবং সিদ্ধান্তগুলিও জ্ঞায়শাল্পের স্ত্রের মতোই যুক্তিসিদ্ধ বলিয়া সর্বজনগ্রাহ্ম। কিন্তু মনোজগতের ব্যাপার অক্তরূপ। এখানে এমন কোন তথ্য নাই, যাহার উপর নির্ভর করিয়া সিদ্ধান্ত করা ধায়, এবং ইন্দ্রিয়গ্রাহ্ম কোন ব্যাপার নাই, এমন কোন সর্বজনগ্রাহ্ম উপাদান এখানে নাই, বাহা হুইতে মনোবিজ্ঞানীরা একই প্রণালীতে পরীক্ষা করিয়া একটি পদ্ধতি গড়িয়া তুলিতে পারেন।

মনের অতি-গভীর প্রদেশে বিরাজ করেন আত্মা, মাহ্মবের প্রকৃত সন্তা।
মনকে অন্তর্ম্ব কর, আত্মার সহিত সংযুক্ত কর; এবং স্থিতাবস্থার সেই
দৃষ্টিকোণ হইতে মনের আবর্তনগুলি লক্ষ্য কর, সেগুলি প্রায় সব মাহ্মবের
মধ্যেই দেখা যায়। ঐ-সকল তথ্য বা উপাত্ত ও ঘটনা কেবল তাঁহাদেরই
অক্ষুত্তিগম্য, বাঁহারা ধ্যানের গভীরতম প্রদেশে প্রবেশ করিতে পারেন।
জগতের অবিকাংশ তথাকথিত আধ্যাত্মবাদীদের মধ্যেই মনের গতি, প্রকৃতি,
শক্তি প্রভৃতি লইয়া প্রভৃত মতভেদ দেখা যায়। ইহার কারণ, তাঁহারা মনোজগতের গভীরতম প্রদেশে প্রবেশ করিতে পারেন নাই। তাঁহারা নিজেদের
এবং অন্তান্তের মানসিক ক্রিয়া-প্রক্রিয়ার সামান্ত কিছু লক্ষ্য করিয়াছেন এবং
ঐগুলিকেই সর্বক্ষেত্রে প্রযোজ্য বলিয়া ঘোষণা করিয়াছেন। এবং বে ঐ-সকল
একাম্ব বাহ্ম ও ভাসা-ভাসা অভিযুক্তির যথার্থ প্রকৃতি না জানিয়া প্রত্যেক
ধর্মেই ছিটগ্রন্ত একদল লোক থাকেন, বাঁহারা ঐ-সকল উপাদান তথ্য
প্রভৃতিকে মৌলিক গবেষণার জন্ত নির্ভর্যায় বিচারের মান বলিয়া দান্যি
করেন। কিন্তু দেগুলি তাঁহাদের মন্তিছের উপ্তি থেয়াল ভিন্ন আর কিছুই নয়।

বদি মনের রহন্ত অবগত হওয়াই তোমার অভীপিত হয়, তবে ভোমাকে
নিয়মাহণ শিক্ষা গ্রহণ করিতে হইবে। বদি তৃমি এমন একটি চেতন তবে
উঠিতে চাও, ষেধান হইতে মনকে পর্যবেক্ষণ করিতে পারিবে এবং মনের
উদ্ধেশ আবর্তনে কিছুমাত্র বিচলিত হইবে না, তবে মনকে সংযত করিতে
অভ্যাস কর। নতুবা ভোমার পরিদৃষ্ট ঘটনাগুলি নির্ভরযোগ্য হইবে না,
সর্বক্ষেত্রে প্রযোজ্য হইবে না এবং মোটেই বথার্থ উপাদান ও তথ্য বলিয়া স্বীকৃত
হইবে না।

বে-সকল মাহ্য মনের প্রকৃতি লইয়া গভীরভাবে অহনীলন করিয়াছে, দেশ বা মত-নির্বিশেষে ভাহাদের উপলব্ধি চির্দিন একই দিছাস্তে উপনীত হইয়াছে। বস্তুত: মনের গভীরতম প্রদেশে যাহারা প্রবেশ করে, ভাহাদের উপশ্বি কখনও ভিন্ন হয় না।

অস্ভৃতি ও আবেগপ্রবণতা হইতেই মাস্বের মন ক্রিয়াশীল হয়।
উদাহরণস্থরণ বলা যায়, আলোর রশ্মি আমার চক্তে প্রবেশ করে, এবং
আয়্যারা মন্তিকে নীত হয়, তথাপি আমি আলো দেখিতে পাই না। তারপর
মন্তিক ঐ আবেগকে মনে বহন করিয়া লইয়া যায়, কিন্তু তথাপি আমি
আলো দেখি না; মনে তাহার প্রতিক্রিয়া জয়ে, তখনই মনে আলোর
অস্ভৃতি হয়। মনের প্রতিক্রিয়াই অস্প্রেরণা এবং তাহারই ফলে চক্
প্রত্যক্ষদর্শন করে।

মনকে বশীভূত করিতে হইলে তাহার অবচেতন শুরের গভীরে প্রবেশ করিতে হইবে, সেধানে বে-সকল চিন্তা ও সংস্থার পুঞাভূত হইয়া রহিয়াছে, সেগুলিকে স্থবিশ্বন্ত করিতে হইবে, সাজাইতে হইবে এবং সংযত করিতে হইবে। ইহাই প্রথম সোপান। অবচেতন-মনকে সংযত করিতে পারিলেই চেতন-মনও বশীভূত হইবে।

মনের শক্তি

[লস্ এঞ্জেলেস্, ক্যালিফোর্নিয়া, ৮ই জামুআরি ১৯০০ খঃ]

সর্ব যুগে পৃথিবীর সর্বঅই মাহুষ অভিপ্রাকৃতিক ব্যাপার বিশাস করিয়া আসিয়াছে। অসাধারণ ঘটনার কথা আমরা সকলেই শুনিয়াছি, এ-বিষয়ে আমাদের অনেকের নিজম্ব কিছু অভিজ্ঞতাও আছে। বিষয়টির প্রস্তাবনারূপে আমি বরং তোমাদের নিকট প্রথমে আমার নিজের অভিজ্ঞতালির কয়েকটি ঘটনারই উল্লেখ করিব। একবার এক ব্যক্তির কথা শুনিশ্লাছিলাম; মনে মনে কোন প্রশ্ন ভাবিয়া তাঁহার কাছে যাওয়ামাত্রই তিনি সেই প্রশ্নের উত্তর দিয়া দিতেন; আরও ভনিয়াছিলাম, তিনি ভবিশ্বছাণীও করেন। মনে কৌতৃহল জাগিল; তাই কয়েকজন বন্ধুদঙ্গে তাঁহাকে দেখিতে গেলাম। প্রত্যেকেই মনে মনে কোন না কোন প্রশ্ন ঠিক করিয়া রাখিলাম এবং পাছে ভুল হয়, সেজ্য প্রশ্নগুলি এক এক থণ্ড কাগজে লিখিয়া নিজ নিজ জামার পকেটে রাখিয়া দিলাম। আমাদের এক একজনের সঙ্গে ভাঁছার বেমনি দেখা হইতে লাগিল, অমনি তিনি তাহার প্রশ্নের পুনরাবৃত্তি করিয়া উত্তর বলিয়া দিতে লাগিলেন। পরে একখণ্ড কাগজে কি লিখিয়া কাগজটি ভাঁজ করিয়া আমার হাতে দিলেন, এবং ভাহার অপর ।পঠে আমাকে নাম স্বাক্ষর করিতে অমুরোধ করিয়া বলিলেন, 'এটি দেখিবেন না, পকেটে রাধিয়া দিন; যখন বলিব, তথন বাহির করিবেন।' আমাদের সকলের সঙ্গেই এই রকম করিলেন। ভারপর আমাদের ভবিশ্রৎ জীবনে ঘটিবে, এমন করেকটি ঘটনার কথা বলিলেন। অবশেষে বলিলেন, 'আপনাদের যে ভাষায় খুশি, কোন শব্দ বা বাক্য চিন্তা করুন। আমি সংস্কৃত ভাষায় একটি প্রকাণ্ড বাক্য মনে মনে আওড়াইলাম; সংস্কৃতের বিন্দু-বিসর্গও তিনি জানিতেন না। তিনি বলিলেন, 'পকেট ছইতে কাগজটি বাহির করুন তো!' দেখি, ভাহাতে সেই সংস্কৃত বাক্যটিই লেখা রহিয়াছে! একঘণ্টা আগে তিনি এটি লিখিয়াছিলেন, আর নীচে মস্তব্য দিয়াছিলেন, 'যাহা লিখিয়া রাখিলাম, ইনি পরে সেই বাক্যটিই ভাবিবেন'—ঠিক তাহাই হইল। আমাদের অগ্র একজন বন্ধুকেও অমুরু^গ একথানি কাগন্ত দিয়াছিলেন, এবং তিনিও তাহা স্বাক্ষর করিয়া পকেটে

রাখিরাছিলেন। এখন বন্ধুটিকেও একটি বাক্য চিন্তা করিতে বলিলে তিনি কোবানের একাংশ-হইতে আববী ভাষায় একটি বাক্য ভাষিকেন। ঐ ব্যক্তির সে ভাষা জানিবার সম্ভাবনা ছিল আবও কম। বন্ধুটি দেখিলেন, সেই বাক্যটিই কাগভে লেখা আছে।

সকীদের মধ্যে স্থার একজন ছিলেন ডাজার। তিনি জার্মান ভাষায় লিখিত কোন ডাজারি পুত্তক হইতে একটি বাক্য ভাবিলেন। তাঁহার কাগজে তাহাই পাওয়া গেল।

সেদিন হয়তো কোনরূপে প্রতারিত হইয়াছি ভাবিয়া কিছুদিন পরে আমি আবার সেই ব্যক্তির নিকট গেলাম। দেদিন আমার সঙ্গে নৃতন আর একদল বন্ধু ছিলেন। সেদিনও তিনি অভূত সাফল্যের পরিচয় দিয়াছিলেন।

আর একবার—ভারতে হায়দ্রাবাদ শহরে থাকার সময় গুনিলাম যে, সেখানে একজন ব্রাহ্মণ আছেন; তিনি হরেক বকমের জিনিদ বাহির করিয়া দিতে পারেন। কোথা হইতে যে আসে সেওলি, কেহই জানে না। ভিনি একজন স্থানীয় ব্যুবসায়ী এবং সম্রাম্ভ ভদ্রলোক। আমি তাঁহার কৌশল দেখিতে চাহিলাম। ঘটনাচক্রে তথন তাঁহার জর। ভারতে একটি সাধারণ বিশাস প্রচলিত আছে যে, কোন সাধু ব্যক্তি অহম্ব লোকের মাধায় হাত বুলাইয়া দিলে ভাহার অহুথ সারিয়া **বায়। ত্রাহ্মণটি সেজ**ন্ত আমার নিকট আ<u>শি</u>য়া বলিলেন, 'মংশেষ, মাথায় হাত বুলাইয়া আমার জব সারাইয়া দিন।' আমি বলিলাম, 'ভাল কথা; ভবে আমাকে আপনার কৌশল দেখাইতে হইবে।' তিনি রাদী হইলেন। তাঁহার ইচ্ছামত আমি তাঁহার মাধায় হাত বুলাইয়া দিলাম; ভিনিও তাঁহার প্রভিশ্রভি পালনের জ্ঞা বাহিরে আদিলেন। তাঁহার কটিদেশে অভানো একফালি কাপড় ছাড়া আমরা তাঁহার দেহ হইতে আর স্ব পোশাকই খুলিয়া লইলাম। বেশ শীত পড়িয়াছিল, সেজগু আমার কম্বামি তাঁহার গায়ে জড়াইয়া দিলাম; ঘরের এককোণে তাঁহাকে ব্যাইয়া দেওয়া হইল, আর পঁচিশ জোড়া চোথ চাহিয়া রহিল তাঁহার দিকে। তিনি বলিলেন, 'যে যাহা চান, কাগজে তাহা লিখিয়া ফেলুন ।' সে অঞ্লে কথন্ও জ্মে না, এমন স্ব ফলের নাম আম্বা লিখিলাম—আঙ্র, কমলালের, এই-দ্র ফল। লেখার পর কাগজগুলি তাংকি দিলাম। তারপর ক্ষলের ভিতর ছইছে আঙুরের থোলো, কমলালের ইত্যাদি সৰই বাহির হইল। এড ফল জমিয়া গেল যে, ওজন করিলে সব মিলিয়া তাঁহার দেহের ওজনের বিশুণ হইয়া ধাইত। সে-সব ফল আমাদের থাইতে বলিলেন। আমাদের ভিতর কেহ কেহ আপত্তি জানাইলেন, ভাবিলেন ইহাতে সমোহনের ব্যাপার আছে। কিন্তু ব্রাহ্মণ নিজেই থাইতে ওফ করিলেন দেখিয়া আমরাও স্বাই উহা খাইলাম। আসল ফলই ছিল সেগুলি।

সব শেষে তিনি একরাণি গোলাপফুল বাহির করিলেন। প্রত্যেকটি ফুলই নিথুঁত—শিশিরবিন্দু পর্যন্ত রহিয়াছে পাপড়ির উপর; একটিও থেঁতলানো নয়, একটিও নই হয় নাই। আর একটি ছটি তো নয়, রাণি রাণি ফুল! কি করিয়া ইহা সম্ভব হইল—জানিতে চাহিলে তিনি বলিলেন, 'সবই হাতসাফাই এর ব্যাপার।'

তা ষেভাবেই ঘটুক, এটি বেশ বোঝা গেল বে, শুণু হাত-দাফাই-এর দারা এরপ ঘটানো অসম্ভব। এত বিপুল পরিমাণ জিনিদ তিনি আনিলেন কোথা হইতে ?

ষাহাই হউক, এরপ বহু ঘটনা আমি দেখিয়াছি। ভারতে ঘুংলে বিভিন্ন স্থানে এরপ শত শত ঘটনা দেখিতে পাওয়া যায়। প্রত্যেক দেশেই এ-সব আছে। এমন কি এদেশেও এ ধরনের অভুত ঘটনা কিছু কিছু চোথে পড়ে। অবশ্ব ভঙামিও বেশ কিছু আছে, দদ্দেহ নাই; কিন্তু দেখ—ভঙামি দেখিলেই এ-কথাও তো বলিতে হইবে যে. উহা কোন কিছু সত্য ঘটনার অমকরণ। কোথাও না কোথাও সত্য নিশ্চয়ই আছে, যাহার অমকরণ করা হইতেছে। শৃত্য-পদার্থের ভো আর অমকরণ হয় না। অমকরণ করিতে হইলে অম্করণ করিবার মতো যথার্থ সত্য বন্ধ একটি থাকা চাই-ই।

অতি প্রাচীন কালে হাজার হাজার বছর আগে, ভারতে আজকালকার চেয়ে অনেক বেশী করিয়াই এই-সব ঘটনা ঘটিত। আমার মনে হয়, যথন কোন দেশে লোকবসতি থ্ব বেশী ঘন হয়, তথন যেন মাহুষের আধ্যাত্মিক শক্তি হাস পায়। আবার কোন বিভৃত দেশে যদি লোকবসতি থ্ব পাতলা হয়, তাহা হইলে সেধানে বোধ হয় আধ্যাত্মিক শক্তির অবিকতর বিকাশ ঘটে।

হিন্দের ধাত খুব বিচারপ্রবণ বলিয়া এই-সব ঘটনার প্রতি তাঁহাদের দৃষ্টি আরুষ্ট হইয়াছিল; ইহা লইয়া তাঁহারা গবেষণা ক্রিয়াছিলেন এবং কতকওলি বিশেষ দিছাতেও পৌছিয়াছিলেন, অর্থাৎ ইহা লইয়া তাঁহারা একটি বিজ্ঞানই গড়িয়া তুলিয়াছেন। তাঁহারা দেখিয়াছিলেন, এ-সর ঘটনা অসাধারণ হইলেও প্রাকৃতিক নিয়মেই সংঘটিত হয়; অতি-প্রাকৃতিক বিলয়া কিছুই নাই। অভ্জাতের অন্ত বে-কোন ঘটনার মতে:ই এওলিও নিয়মাধীন। কেহ এইরাপ শক্তি লইয়া জন্মগ্রহণ করিলে উহাকে প্রাকৃতিক নিয়মের ব্যতিক্রম বলার কোন কারণ নাই; কেন-না এই সিন্ধান্তওলি লইয়া ঘণারীতি গবেষণা ও সাধন করা যায়, এবং এগুলি অর্জন করা যায়। তাঁহারা এই বিজ্ঞার নাম দিয়াছিলেন 'রাজ্যোগ'। ভারতে হাজার হাজার লোক এই বিজ্ঞার চর্চা করে; ইহা সে জাতির নিত্য-উপাসনার একটি অক্ব হুইয়া গিয়াছে।

হিন্দুরা এই সিদ্ধান্তে আসিয়া পৌছিয়াছেন যে, মাহুষের মনের মধ্যেই এই-সব অসাধারণ শক্তি নিহিত আছে। আমাদের মন বিখব্যাপী বিরাট মনেরই অংশমাত্র। প্রভ্যেক মনের সঙ্গেই অপরাপর সর মনের সংযোগ বহিয়াছে। একটি মন ষেখানেই থাকুক না কেন, গোটা বিশের সঙ্গে তাহার সভ্যিকারের ষোগাযোগ রহিয়াছে।

দ্রদেশে চিন্তা প্রেরণ করা-রূপ যে একজাতীয় ঘটনা আছে, তাহা কথনও লক্ষ্য করিয়াছ কি? এখানে কেহ কিছু চিন্তা করিল; হয়তো ঐ চিন্তাটি অন্ত কোথাও অন্ত কাহারও মনে স্পষ্ট ভাগিয়া উঠিল। হঠাৎ যে এমন হয়, তাহা নয়। উপযুক্ত প্রস্তুতির পরে—কেহ হয়তো দ্রবর্তী কাহারও মনে কোন চিন্তা পাঠাইবার ইচ্ছা করে; আর যাহার কাছে পাঠানো হয়, দেও টের পায় হে, চিন্তাটি আসিতেছে; এবং ষেভাবে পাঠানো হইয়াছে, ঠিক সেই ভাবেই উহা প্রহণ করে,—দ্রুদ্ধে কিছু যায় আলে না। চিন্তাটি লোকটির কাছে ঠিক পৌহায়, এবং দে সেটি বুঝিতে পারে। ভোমার মন যদি একটি স্বভন্ত পদার্থরূপে এখানে থাকে, আর আমার মন অন্ত একটি স্বভন্ত পদার্থ হিসাবে ওখানে থাকে এবং এ চুই-এর মধ্যে কোন যোগাযোগ না থাকে, ভাহা হইলে আমার মনের চিন্তা ভোমার কাছে পৌহায় কিরপে? সাধারণ ক্ষেত্রে আমার হিন্তাঞ্জলি বে ভোমার কাছে পৌহায় কিরপে? সাধারণ ক্ষেত্রে আমার চিন্তাঞ্জলি বে ভোমার কাছে সোজান্থলি পৌহায়, ভাহা নয়; আমার চিন্তাঞ্জলি কে হিথাবে'র ভরতে পরিণত করিতে হয়, দে ইথার-ভরত্বজনি ভোমার মন্তিকে পৌহিলে দেগুলিকে আবার ভোমার নিক্ষের মনের চিন্তার

রুপায়িত করিতে হয়। চিস্তাকে এথানে রূপাস্থরিত করা হইতেছে, আর সেথানে আবার উহাকে স্বরূপে প্রতিষ্ঠিত করা হইতেছে। প্রক্রিয়াট এক পরোক্ষ জটিল পথে চলে। কিন্তু টেলিপ্যাথিতে (ইচ্ছাদহায়ে দ্রদেশে চিস্তা প্রেরণের ব্যাপারে) তাহা করিতে হয় না; এটি প্রভাক্ষ সোজাহুদ্ধি ব্যাপার।

ইহা হইতেই বোঝা ষায়, যোগীরা ষেরপ বলিয়া থাকেন, মনটি সেরপ নিরবচ্ছিন্নই বটে। মন বিশ্বব্যাপী। ভোমার মন, আমার মন, ছোট ছোট এই-সব মনই সেই এক বিরাট মনের ক্ষুদ্র অংশ মাত্র, একই মানস-সম্দ্রের কয়েকটি ছোট ছোট তরক; আর মনের এই নিরবচ্ছিন্নতার জন্মই আমরা একজন আর একজনের কাছে প্রত্যক্ষভাবে চিস্তা পাঠাইতে পারি।

আমাদের চারিদিকে কি ঘটিতেছে—দেখ না। জগৎ জুড়িয়া ষেন একটা প্রভাব-প্রদারের ব্যাপার চলিতেছে। নিজ শরীর-রক্ষার কাজে আমাদের শক্তির একটা অংশ ব্যয়িত হয়, বাকী শক্তির প্রতিটি বিন্দুই দিনরাত ব্যয়িত হইতেছে অপরকে প্রভাবান্বিত করার কাব্দে। আমাদের শরীর, আমাদের গুণ, আমাদের বৃদ্ধি এবং আমাদের আধ্যাত্মিকতা—এ-সবই সর্বক্ষণ অপরের উপর প্রভাব বিন্তার করিয়া চলিয়াছে। অপর দিকে আবার ঠিক এইভাবেই আমরাও অপরের দারা প্রভাবান্বিত হইডেছি। আমাদের চারিদিকেই এই কাশু ঘটিভেছে। একটি স্থুল উদাহরণ দিভেছি। কেহ হয়তো আদিলেন, যাঁহাকে তুমি স্থপণ্ডিত বলিয়া জানো এবং যাঁহার ভাষা মনোরম; ঘণ্টাথানেক ধরিয়া তিনি ভোমার সঙ্গে কথা বলিলেন। কিন্তু তিনি তোমার মনে কোন রেখাপাত করিতে পারিলেন না। আর একজন আদিয়া কয়েকটি মাত্র কথা বলিলেন, তাও স্থাংবদ ভাষায় নয়, হয়তো বা ব্যাকরণের ভুলও রহিয়াছে; কিন্তু তাহা সত্ত্বেও ভিনি তোমার মনের উপর গভীর রেখাপাত করিলেন। তোমরা **অনেকেই** ইহা লক্ষ্য করিয়াছ। কাজেই বেশ বোঝা ষাইতেছে যে, ভগু কথা সব সময় মনে দাগ কাটিতে পারে না; লোকের মনে ছাপ দিবার কালে ভাষা—এমন্কি চিম্ভা পর্যন্ত কাব্দ করে তিনভাগের একভাগ মাত্র, বাকী তুইভাগ কাব্দ ^{করে} ব্যক্তিটি। ব্যক্তিষের আকর্ষণ বলিতে বাহা বুঝার, তাহাই বাহিরে ^{গিরা} ভোমাকে প্রভাবিত করে।

ভাষাদের সব পরিবারেই একজন কর্তা আছেন; দেখা ষায়—তাঁহাদের ভিতর কয়েকজন এ-কাজে সফলকাম হন, কয়েকজন হন না। কেন? আমাদের সফলতার জন্ত আমরা দোষ চাপাই পরিবারের অন্ত লোকদের উপর। অকুজকার্ব হইলেই বলি, এই অমুকের দোষে এরপ হইল। বিফলতার সময় নিজের দোষ বা তুর্বলতা কেছ দীকার করিতে চায় না। নিজেকে নির্দোষ দেখাইতে চায় সকলেই, আর দোষ চাপায় অপর কাহারও বা অপর কিছুর ঘাড়ে, না হয়তো তুর্ভাগ্যের ঘাড়ে। গৃহকর্তারা যখন অকুতকার্য হন, তখন তাঁহাদের নিজেদের মনেই প্রশ্ন তোলা উচিত যে, কেহ কেহ তো বেশ ভালভাবেই সংসার চালায়, আবার কেহ কেহ তাহা পারে না কেন? দেখা যাইবে ষে, সব নির্ভর করিতেছে ব্যক্তিটির উপর; পার্থক্য স্কটির কারণ হয় লোকটি নিজে, তাহার উপস্থিতি বা তাহার ব্যক্তিত্ব।

মানবন্ধাতির বড় বড় নেতাদের কথা ভাবিতে গেলে আমরা সর্বদা দেখিব, নিজ নিজ ব্যক্তিখের জগুই তাঁহারা নেতা হইতে পারিয়াছিলেন। অতীতের বড় বড় সব গ্রন্থকারদের, বড় বড় সব চিস্তাশীল ব্যক্তিদের কথা ধর। থাটি কথা বলিতে গেলে কয়টি চিন্তাই বা তাঁহারা করিয়াছেন? মানবন্ধাভির পুরাতন নেতারা ষাহা কিছু নিধিয়া রাখিয়া গিয়াছেন, তাহার সবটার কথাই ভাবো; তাঁহাদের প্রত্যেকথানি পুস্তক লইয়া উহার মূল্য নির্ধারণ কর। জগতে আজ পর্যন্ত যে-সব ষ্ণার্থ চিন্তার, নৃতন ও ধাটি চিন্তার উদ্ভব হইয়াছে, সেগুলির পরিমাণ মৃষ্টিমেয়। আমাদের জন্স যে-সব চিন্তা ভাঁহারা লিপিবন্ধ করিয়া গিয়াছেন, সেগুলি পড়িয়া দেখ। গ্রন্থকারেরা যে মহামানৰ ছিলেন, তাহা তো মনে হয় না, অথচ জীৰংকালে তাঁহারা বে মহামানবই ছিলেন, ভাহা স্থবিদিত। তাঁহারা এত বড় হইয়াছিলেন কিভাবে ? তথু তাঁহাদের চিন্তা, তাঁহাদের লেখা গ্রন্থ বা তাঁহাদের বক্তার জন্ত তাঁহারা বড় হন নাই; এ-সৰ ছাড়া আরও কিছু ছিল, ৰাহা এখন আর নাই; সেট তাঁহাদের ব্যক্তিত্ব। আগেই বলিয়াছি, এ ব্যাপারে মামুষ্টির ব্যক্তিত্বের প্রভাব তিনভাগের তৃইভাগ, আর তাঁহার বৃদ্ধির, তাহার ভাষার প্রভাব তিনভাগের একভাগ। প্রফ্রোকের ভিতরই আমাদের আসল মাহ্যটি, আসল ব্যক্তিঘট প্রক্ত কাল করে; আহাদের ক্রিয়াগুলি তো ভগু উহার বহি:প্রকাশ। মাহষ্ট থাকিলে কাজ হইবেই; কার্য কারণকে অহুসরণ করিতে বাধ্য।

সর্ববিধ জ্ঞানদানের, সর্ববিধ শিক্ষার আদর্শ হওয়া উচিত মাহ্যটিকে গড়িয়া তোলা। কিন্তু তাহার বদলে আমরা সবসমর বাহিরটি মাজিয়া ঘবিয়া চাকচিক্যমর করিতেই ব্যন্ত। ভিতর বলিয়া যদি কিছু নাই রহিল, তবে শুধু বাহিরের চাকচিক্য বাড়াইয়া লাভ কি ? মাহ্যকে উন্নত করাই সর্ববিধ শিক্ষণের উদ্বেশ ও লক্ষ্য। যে ব্যক্তি অপরের উপর প্রভাব বিস্তার করিতে পারেন, তিনি সমন্ধাতীয় ব্যক্তিদের উপর যেন যাহ্মন্ত্র ছড়াইতে পারেন, তিনি যেন শক্তির একটা আধার-বিশেষ। ঐরপ মাহ্য তৈরী হইয়া গেলে তিনি যাহা ইচ্ছা তাহাই করিতে সমর্থ হন; এরপ ব্যক্তিত্ব ষে-বিষয়ে নিয়োজিত হইবে, তাহাই সফল করিয়া তুলিবে।

এখন কথা হইতেছে, ইহা সত্য হইলেও আমাদের পরিচিত কোন প্রাকৃতিক নিয়মমূহায়ে ইহার ব্যাখ্যা করা যায় না। রসায়নের বা পদার্থবিভার জ্ঞানসহায়ে ইহা বুঝানো যাইবে কিরূপে ? কতথানি 'অক্সিজেন,' কতথ।নি 'হাইড্রোছেন,' কতথানি 'কার্বন' ইংাতে আছে, কতগুলি অণু কিভাবে সাজানো আছে, কতগুলি কোষ লইয়াই বা ইহা গঠিত হইয়াছে---ইত্যাদির থোঁজ করিয়া এই রহস্তময় ব্যক্তিত্বের কি বুঝিব আমরা ? তকু দেখা বাইভেছে, ইহা বান্তব সভ্য; শুধু ভাই নয়, এই বাক্তিঘটিই আসল মাত্র ; এই মাতুরটিই বাঁচিয়া থাকে, চলাফেরা করে, কাজ করে ; এই মাহ্যটিই সমীদের উপর প্রভাব বিস্তার করে, তাহাদের পরিচালিত করে, আর শেষে চলিয়া যায়; তাহার বৃদ্ধি, তাহার গ্রন্থ, তাহার কাজ--এগুলি তাহার পশ্চাতে রাখিয়া যাওয়া নিদর্শন মাত্র। বিষয়টি ভাবিয়া দেখ। বড় বড় ধর্মাচার্যদের সঙ্গে বড় বড় দার্শনিকদের তুলনা করিয়া দেখ। দার্শনিকেরা কচিৎ কথন কাহারও ভিতরের মাহ্রটকে প্রভাবাবিত করিয়াছেন, অথচ লিথিয়া গিয়াছেন অতি অপূর্ব সব গ্রন্থ। অপরদিকে ধর্মাচার্যেরা জীবৎকালে বহু দেশের লোকের মনে সাড়া জাগাইয়া গিয়াছেন। ব্যক্তিত্বই এই পার্থক্য স্বষ্টি করিয়াছে। দার্শনিকদের ক্ষেত্রে প্রভাব বিস্তার করিবার মতো ব্যক্তিত্ব অতি ক্ষীণ। বড় বড় ঈশরপ্রেরিত ব্যক্তিদের বেলা উহা অতি প্রবল। দার্শনিকদের ব্যক্তিত বুদ্ধিবৃত্তিকে স্পূর্ণ করে, আর ,ধর্মাচার্যদের ব্যক্তিত স্পর্শ[ি]করে জীবনকে। একটি <mark>ছইতেছে বেন ত</mark> রাসায়নিক প্রতি-ক্তকগুলি রাসায়নিক উপাদান একত করিয়া রাখ্য

হইয়াছে, উপযুক্ত পরিবেশে দেগুলি ধীরে ধীরে মিশ্রিত চ্ইয়া একটি আলোর বালক স্কাষ্ট করিতে পা'র, নাও করিতে পারে। অপরটি যেন একটি আলোকবভিকা—ক্ষিপ্রবেগে চারিদিকে যুরিয়া অপর জীবন দীপগুলি অচিরে প্রেজনিত করে।

বোগ-বিজ্ঞান দাবি করে যে, এই ব্যক্তিত্বকে ক্রমবর্ধিত করিবার প্রক্রিয়া সে আবিষ্কার করিয়াছে; সে-দব রীতি ও প্রক্রিয়া বথাবথভাবে মানিয়া চলিলে প্রত্যেকেই নিব্দ ব্যক্তিত্বকে বাড়াইয়া অধিকতর শক্তিশালী করিতে পারে। ঋকত্বপূর্ণ ব্যাবহারিক বিষয়গুলির মধ্যে ইহা অক্তম, এবং সর্ববিধ শিক্ষার রহস্তও ইহাই। সকলেঃই পক্ষে ইহা প্রযোজ্য। গৃহত্বের জীবনে, ধনী দরিজ ব্যবসায়ীর জীবনে, আধ্যাত্মিক জীবনে, সকলেরই জীবনে এই ব্যক্তিত্বকে বাড়াইয়া ভোলার মূল্য অনেক। প্রাকৃতিক বে-সব নিয়ম আমাদের জানা আছে, দেওলিরও পিছ:ন অতি স্কাস্ব নিয়ম বহিয়াছে। অর্থাৎ সুলজগতের সন্তা, মনোন্ধগতের সন্তা, অধ্যাত্মজগতের সন্তা প্রভৃতি বলিয়া আলাদা আলাদা কোন সত্তা নাই। সত্তা বলিতে যাহা আছে, তাহা একটি-ই। বলা যায়, ইহা বেন একটি ক্রমঃস্ক্র অন্তিব; ইহার স্থলতম অংশটি এধানে বহিয়াছে; (একবিন্দু অভিমুখে) এটি ষতই সম্বীণ হইয়া গিয়াছে, ততই স্থা হইতে স্ক্ষতর হইয়া চলিয়াছে; আমরা বাহাকে আত্মা বলি, ভাহাই স্ক্ষভম, আমাদের দেহ সুসতম। আর মহয়রপ এই কুদ্র জগতেও যাহা আছে, বন্ধাণ্ডেও ঠিক তাহাই আছে। আমাদের এই বিশ্বটিও ঠিক এইরপই; ৰূগৎ ভাছার সুনতম বাহুপ্রকাশ, আর ক্রমশ: একবিন্দু-অভিমুথী হইয়া চলিয়া তা**হা স্ক্র, স্ক্র**তর হইতে হইতে শেষে ঈশবে পর্বদিত হইয়াছে।

ভাছাড়া আমরা তানি যে, সংশার মধ্যেই প্রচণ্ডতম শক্তি নিহিত থাকে;
ছুলের মধ্যে নয়। কোন লোককে হয়তো বিপুল ভার উরোলন করিতে
দেখা বায়; তখন তাহার মাংসপেশিগুলি ফুলিয়া উঠে, ভাহার সারা অকে
শমের চিহ্ন পরিস্কৃত হয়। এ-সব দেখিয়া আমরা ভাবি, মাংসপেশীর কি শক্তি!
কিছু মাংসপেশীতে শক্তি জোগায় স্তার মতো সরু আম্গুলিই; মাংসপেশীর
সক্ষে একটিমাত্রও আয়ুর সংযোগ ছিল হইবামাত্র মাংসপেশী কোন কাজই আয়
করিতে পারে না। এই ক্সে আয়ুগুলি আবার শক্তি আহরণ করে আরও
স্ক্র বছর হইতে, সেই স্ক্র বছটি আবার শক্তি পার চিন্তা-নামক স্ক্রেডর বছর

নিকট হইতে; ক্রমে আরও স্ক্র, আরও স্ক্র আসিয়া পড়ে। কাব্রেই স্ক্রই শক্তির ষথার্থ আধার। অবশ্র স্থুল তারের গতিগুলিই আমরা দেখিতে পাই, কিন্তু স্থা ভবে যে গতি হয়, তাহা দেখিতে পাই না। যখন কোন সুল বস্ত নড়ে, আমরা তাহা বুঝিতে পারি, সেজ্য সভাবতই গতির সঙ্গে স্থলের সংজ অবিচ্ছেত্ত মনে করি। কিন্তু সব শক্তিওই যথার্থ আধার স্কা। স্ক্ষে কোন গতি আমরা দেখি না, সে গতি অতি ভীত্র বলিয়াই বোধ হয়, তাহা আমরা অহুভব করিতে পারি না। কিন্তু কোন বিজ্ঞানের সহায়তায়, কোন গবেষণার সহায়তায় যদি বাহপ্রকাণের কারণ-রূপ শক্তিগুলি ধরিতে পারি, ভাহা হইলে শক্তির প্রকাশগুলিও আমাদের আয়ত্তে আদিবে। কোন হুদের তলদেশ হইতে একটি ব্ৰুদ উঠিতেছে; খথন হ্ৰদের উপরে উঠিয়া উহা ফাটিয়া যায়, তথনই মাত্র উহা আমাদের নজবে পড়ে, তলদেশ হইতে উপরে উঠিয়া আসিবার মুধ্যে কোন সময়ই সেটিকে. দেখিতে পাই না। চিস্তার বেলা ও চিন্তাটি অনেকথানি পরিণতি লাভ করিবার পর, বা কর্মে পরিণত হইবার পর উহা আমাদের অন্তবে আদে। আমরা ক্রমাগত অভিযোগ করি ষে, আমাদের চিন্তা-আমাদের কর্ম আমাদের বশে থাকে না। কিছ থাকিবে কি করিয়া ? যদি স্কাগতিগুলি নিয়ন্ত্রিত করিতে পারি, চিম্ভারণে কর্মরূপে পরিণত হইবার পূর্বেই যদি চিম্ভাকে আরও স্ক্রাবস্থায় তাহার মূলাবছায় ধরিতে পারি, তাহা হইলেই আমাদের পক্ষে নবটা নিয়ন্ত্রণ করা সম্ভব। এখন এমন কোন প্রক্রিয়া যদি থাকে, যাহা অবলম্বনে এই-সব স্ক্রণজ্ঞি ও স্ক্র কারণগুলিকে বিশ্লেষণ করা, অহুদদ্ধান করা, ধারণা করা এবং পুরিশেষে এগুলিকে আয়ত্ত করা সম্ভব হয়, শুধু তাহা হইলেই আমরা নিজেকে নিজের বশে আনিতে পারিব। আর নিজের মনকে যে বশে আনিতে পারে, অপরাপর ব্যক্তির মনও তাহার বণে আদিবে নিশিত। এইজয়ই সর্বকালে পবিত্রতা ও নীতিপরায়ণতা ধর্মের অক্ষণে গৃহীত হইয়াছে। পবিত্র ও নীতিপরায়ণ ব্যক্তি নিজেকে নিজের বংশ রাখিতে পারে। স্ব একই মনের বিভিন্ন অংশ মাত্র। একটি মুংখণ্ডের জ্ঞান যাহার হইয়াছে, ভাহার নিকট বিশেব সমৃদয় মৃত্তিকাই জানা হইগা গিয়াছে। নিজের মন স্থদ্ধে জ্ঞান যাহার হইয়াছে, নিজের মনকে বে আয়ত্তে আনিয়াছে, স্ব মনের রহস্তই সে জানে, সব মনের উপরই তাহার প্রভাব আছে।

এখন স্থাংশগুলি নিয়ন্ত্রিত করিতে পারিলে আমরা বছ শারীরিক ত্তোঁলের হাত হইতে রকা পাইতে পারি; সেইরূপ স্থাগতিগুলি আয়তে আনিতে পারিলে আমরা বছ ত্তাবনার হাত হইতে নিছুতি পাইতে পারি; এ-সব স্থাপজি নিয়ন্ত্রণ করিবার ক্ষমভালাভ করিলে বছ বিফলতা এড়াইরা চলা বায়। এ-পর্যন্ত বাহা বলা হইল, তাহা ইহার উপবোগিতার কথা। তারপর আরও উচু কথা আছে।

এখন এমন একটি মতের কথা তুলিতেছি, বাহা লইয়া সম্প্রতি কোন বিচার করিব না, ভধু দিকান্তটি বলিয়া যাইব। কোন জাতি যে-দব অবস্থার ভিতর দিয়া বর্তমান অবস্থায় আসিয়া পৌছিয়াছে, সেই জাতিকেই শৈশব অবস্থায় ক্রতগতিতে ঐদৰ অবস্থা অতিক্রম করিয়া আদিতে হয়; যে-সব অবস্থা পার হইয়া আদিতে একটা জাতির হাজার হাজার বছরের প্রয়োজন रहेबाह्म, **(म-मव भाव रहेटा निक्रित आयाजन रुव मील काबक** वहात्रव— এইটুকু বা প্রভেদ। শিশুটি প্রথমে আদিয় অসভ্য মাইবেরই মতো থাকে — লে পায়ের তলায় প্রকাপতি দলিয়া চলে। প্রথমাবস্থায় শিশুটি, স্বজাতির পূর্বপুরুষেরই মতো। যভ বড় হইতে থাকে, বিভিন্ন অবস্থার ভিতর দিয়া চলিতে চলিতে লেবে জাতির পরিণত অবস্থায় আসিয়া পৌছায়। তবে সে ইহা খুব ক্ষিপ্রবেগে ও অল্লদময়ে করিয়া ফেলে। এখন দব মাহ্যকে একটি জাতি বলিয়া ধর, অথবা সমগ্র প্রাণিজগৎকে-মাহুষ ও নিয়তর প্রাণি-গণকে—একটি সমগ্র সন্তা বলিয়া ভাবো। এমন একটি লক্ষ্য আছে, ষাহার দিকে এই জীব-সমষ্টি অগ্রদর হইছেছে। এই লক্ষ্যকে পূর্ণতা বলা যাক। এমন অনেক নরনারী জন্মগ্রহণ করেন, যাহাদের জীবনে মানবজাতির সম্পূর্ণ উন্নতির পূর্বাভাস স্থচিত হয়। সমগ্র মানবন্ধাতি ষ্তদিন না পূর্ণতা লাভ করে, ভতদিন পর্যন্ত অপেকা না করিয়া, যুগ যুগ ধরিয়া বারে বারে জন্ম এবং প্নৰ্জন্ম বরণ না কঁরিয়া, তাঁহারা তাঁহাদের জীবনের স্বল্ল কয়েক বছরের ^{মধ্যেই} ষেন ক্ষিপ্রগতিতে সেই যুগ-যুগাস্তর পার ছইয়া বান। আর ইহাও আমাদের ঝানা আছে যে, আন্তরিকতা থাকিলে প্রগতির এই প্রণালীগুলিকে थ्वहे चराविक कता मछव। अधू कीवनधात्रागत উপवृक्त बाह्न, वज्र ও आध्यम দিয়া করেকটি সংস্কৃতিহীন লোককে যদি কোন বীপে বাস কবিবার জন্ত হাড়িয়া কেওয়া হয়, ভাহা হইলেও তাহারা ধীরে ধীরে উচ্চ, উচ্চতর সভাতা

উদ্ভাবন করিতে থাকিবে। ইহাও আমাদের অজানা নয় যে, কিছু অভিরিক্ত সাহায্য পাইলে এই উন্নতি আরও অরাধিত হয়। আমরা গাছপালার বৃদ্ধির সহায়তা করি; করি না কি ? প্রকৃতির হাতে ছাড়িয়া দিলেও গাছঙাল ৰাড়িয়া উঠিত, তবে দেৱী হইত ; বিনা সাহাব্যে ষতদিনে বাড়িত, ভদপেকা অল্প সময়ে বাড়িবার জন্ম আমরা তাহাদিগকে সাহায্য করি। এ-কাজ আমরা সর্বদাই করিতেছি, আমরা কৃত্রিম উপায়ে বস্তুর বৃদ্ধির গভি জ্রুভতর করিয়া তুলি ছে। মাছ্যের উন্নতিই বা ক্রততর করিতে পারিব না কেন ? জাতি হিসাবে আমরা তাহা করিতে পারি। অপর দেশে প্রচারক পাঠানো হয় কেন ? কারণ এই উপায়ে অপর জাতিগুলিকে তাড়াভাড়ি উন্নত করিতে পারা যায়। তাহা হইলে ব্যক্তির উন্নতিও কি আমরা ক্রতত্ব করিতে পারি না ? পারি বইকি। এই উন্নতির জ্রুতর কোন সীমা কি নির্দেশ করা যায়? এক জীবনে মাহুষ কতদূর উন্নত ছইবে, কেহ ভাহা বলিভে পারে না। কোন মাহুষ এইটুকুমাত্র উন্নত হুইতে পারে, ভাহার বেশী নয়, এ-কথা বলার পিছনে কোনই যুক্তি নাই। পরিবেশ অভুতভাবে তাহার গতিবেগ বাড়াইয়া দিতে পারে। কাজেই পূর্ণভালাভের পূর্ব পর্যন্ত কোন সীমা টানা ৰায় কি ? ইহাতে কি বোঝা যায় ? বোঝা যায় যে, আৰু হইতে হয়তো লক্ষ লক্ষ বছর পরে গোট। জাতিটি-ই যে ধরনের মাহুষে ভরিয়া ঘাইবে, সেইরূপ পূর্ণভাপ্রাপ্ত একজন মাহ্ন আজই অবতীর্ণ হইতে পারেন। যোগীরা এই কথাই বলেন। তাঁহারা বলেন ষে, বড় বড় অবভারপুরুষ ও আচার্যেরা এই ধরনেরই মাহুব; তাঁহারা এই এক-জীবনেই পূর্ণতালাভ করিয়াছিলেন। পৃথিবীর ইতিহাসের সর্বযুগে, সর্বকালেই আমরা এরূপ মানবের দর্শন পাইয়াছি। সম্প্রতি — এই সেদিনকার কথা — এরূপ একজন মান্ব আসিয়াছিলেন, বিনি এই জন্মেই সমগ্র মানবজাতির জীবনের স্বটুকু পথ অতিক্রম করিয়া চরম সীমায় পৌছিয়াছিলেন। উন্নতিব গতি স্বরান্বিত করার এই কার্যটিকে স্মনির্দিষ্ট নিয়ম অবশহনে পরিচালিত করিতে হইবে। এই নিয়মগুলি আমরা থুঁজিয়া বাহির করিতে পারি, এগুলির রহস্ত উদ্ঘাটন করিতে পারি এবং নিব্ধ প্রয়োজনে এগুলিকে লাগাইতে পারি। এক্লপ করিতে পারা মানেই উন্নভ হওয়া। এই উন্নতির বেগ ক্রততর করিয়া, ক্সিপ্রগতিতে নিজেকে বিকশিত করিয়া এই জীবনেই আমরা পূর্ণতা লাভ করিতে পারি ৷

ইহাই আমাদের জীবনের উচ্চতর দিক; এবং যে বিজ্ঞানসহায়ে মন ও ভাগার শক্তির অফুশীলন করা হয়, তাহার যথার্থ লক্ষ্য এই পূর্ণভালাভ। অর্থ ও অক্সাপ্ত জাগতিক বন্ধ দান করিয়া অপরকে সাহায়্য করা, বা দৈনন্দিন জীবনে কি ভাবে নির্ম্মাটে চলা যায়, তাহা শিক্ষা দেওয়া—এ-স্ক্রাভান্তই ভুচ্ছ আফুষ্দিক কার্য মাত্র।

তরদের পর তরদের আঘাতে সমুদ্রকে ইতন্ততাবিকিপ্ত ভাসমান কাঠখণ্ডের স্থায় বাহ্পপ্রকৃতির ক্রীড়াপ্তলিকারণে যুগ যুগ ধরিয়া মাহ্বকে অপেকা করিতে না দিয়া তাহার পূর্ণথকে প্রকট করিয়া দেওয়াই এই বিজ্ঞানের উপবোগিতা। এই বিজ্ঞান চায় তৃমি সবল হও, প্রকৃতির হাতে ছাড়িয়া না দিয়া কাজটি তৃমি নিক্ষের হাতে তুলিয়া লও এবং এই ক্ষে ক্রীবনের উর্ধ্বে চলিয়া যাও। ইহাই ভাহার মহান্ উদ্দেশ্য।

জ্ঞানে, শক্তিতে, হুখ-সমৃদ্ধিতে মানুষ বাড়িগাই চলিয়াছে। জাজি হিদাবে আমরা ক্রমাগত উন্নত হইয়া চলিয়াছি। ইহা যে সত্যা, গ্রুষ সত্যা, তাহা আমরা প্রত্যক্ষ দেখিতেছি। ব্যক্তিগত ক্ষেত্রেও কি তাহা সত্যা পূ হা, কিছুটা তো বটেই। কিছু তবু এ প্রশ্ন আদে: ইহার সীমা-নির্ধারণ হইবে কোধার ? আমার দৃষ্টিশাক্ত কয়েক ফুট দ্রে মাত্র প্রসারিত হয়। কিছু এমন লোক আমি দেখিয়াছি—বে পাশের ঘরে কি ঘটতেছে, চোখ বদ্ধ করিয়াও তাহা দেখিতে পায়। তোমার যদি ইহা বিশাদ না হয়, সে লোকটি হয়তো তিন সপ্তাহের মধ্যে তোমাকেই এভাবে দেখিতে শিখাইয়া দিবে। বে-কোন লোককে ইহা শিখানো যায়। কেহ কেহ পাঁচ মিনিটের শিক্ষার অপবের মনে কি ঘটতেছে, ভাহা জানিবার ক্ষমতা অর্জন করিতে পারে। এই-সক হাতে-হাতে দেখাইয়া দেওয়া যায়।

ইহা যদি সত্য হয়, তবে আমরা সীমারেখা টানিব কোথায়? এই ঘরের এককোনে বিনিয়া অপরে কি চিন্তা করিতেছে, তাহা যদি কেহ জানিতে পারে, পাশের ঘরের লোকটির মনের খবরই বা সে পাইবে না কেন? বে-কোন আয়গার লোকের চিন্তাই বা টের পাইবে না কেন? না পাইবার কোন কারণ আমরা দেখাইতে পারিব না। সাহস করিয়া বলিতে পারি না, ইহা অসম্ভব। আমরা তথু বলিতে পারি, কিভাবে ইহা সম্ভব হয়—তাহা জানি না। এরপ ঘটা অসম্ভব—এ-কথা বলিবার কোন অধিকার অভ্বিক্তানীদের নাই; তাঁহারা

শুধু এইটুক্ বলিতে পারেন, 'আমরা জানি না।' বিজ্ঞানের কর্তব্য হ**ইল তথ্য** সংগ্রহ করা, সামাশ্রীকরণ করা, কতকগুলি মূলতত্ত্বে উপনীত হওয়া এবং সভ্য প্রকাশ করা—এই পর্যন্ত । কিন্তু তথ্যকে অস্বীকার করিয়া চলিতে শুক্ত করিলে বিজ্ঞান গড়িয়া উঠিবে কিরুপে ?

একজন মাহ্য কতথানি শক্তি অর্জন করিতে পারে, তাহার কোন দীমা নাই। ভারতীয় মনের একটি বৈশিষ্ট্য এই ষে, কোন কিছুতে সে অহরজ হইলে আর সব কিছু ভূলিয়া তাহাতে একেবারে তক্ময় হইয়া যায়। ভারত যে বহু বিজ্ঞানের জন্মভূমি, তাহা তোমরা জানো। গণিতের আর্মন্ত সেখানে। আরু পর্যন্ত তোমরা সংস্কৃত গণনাহ্যায়ী ১, ২, ৩ হইতে • পর্যন্ত সংখ্যা গণনা করিতেছ। সকলেই জানে বীজগণিতের উৎপত্তিও ভারতে। আর নিউটনের জন্মের হাজার বছর আগে ভারতবাসীরা মাধ্যাকর্ষণের কথা জানিত।

এই বৈশিষ্ট্য লক্ষণীয়। ভারতের ইতিহাসে এমন একটি যুগ ছিল, ৰখন শুধু মাহ্ন্য ও মাহুষের মন-এই একটি বিষয়ে ভারতের সমগ্র মনোষোগ আরুষ্ট হইয়াছিল, তাহাতেই দে তন্ময় হইয়া গিয়াছিল। লক্য-লাভের সহজ্ঞতম উপায় মনে হওয়ায় এ-বিষয়টি তাঁহাদের নিকট এত আক্রাকীয় হইয়াছিল। যথাযথ নিয়ম অহুসরণ করিলে মনের অসাধ্য কিছুই নাই—এই বিষয়ে ভারতীয় মনে এতথানি দুঢ়বিখাদ আদিয়াছিল যে, মন:শক্তির গবেষণাই তাহার মহান্ লক্ষ্য হইয়া দাঁড়াইয়াছিল। তাঁহাদের নিকট সমোহন, যাত্ব ও এইজাতীয় অভান্ত শক্তিগুলির কোনটিই অলোকিক মনে হয় নাই। ইতিপূর্বে ভারতীয়েরা ষেভাবে ষ্ণানিয়মে জড়বিজ্ঞানের শিক্ষা 'দিতেন, তখন তেমনি যথানিয়মে এই বিজ্ঞানটিও শিখাইতে লাগিলেন। এ-বিষয়ে জাতির এত বেশী 'দৃঢ়-প্রত্যয় আদিয়াছিল যে, তাহার ফলে জড়-বিজ্ঞান প্রায় লুপ্ত হইয়া গেল। তাহাদের দৃষ্টি নিবদ্ধ রহিল শুধু এই একটি লক্ষ্যে। বিভিন্ন স্প্রদায়ের যোগীরা বিবিধ পরীক্ষার কাজে লাগিয়া গেলেন। কেহ পরীকা করিতে লাগিলেন আলো লইয়া; বিভিন্ন বর্ণের আলোক কিভাবে শরীরে পরিবর্তন জানে, ভাহা আবিষ্ণার করিবার চেষ্টা করিতে লাগিলেন। তাঁহারা একটি বিশেষ বর্ণের বস্ত্র পরিধান করিতেন, একটি বিশেষ বর্ণের ভিতর বাস করিতেন, এবং বিশেষ বর্গ্রের খাছন্তব্য গ্রহণ করি<mark>ভেন</mark>।

এইরূপে কত রকষের পরীক্ষাই না চলিতে লাগিল। অপরে কান খুলিরা বাঝিরা ও বন্ধ করিয়া, শব্দ লইয়া পরীক্ষা চালাইতে লাগিলেন। ভাছাড়া আরও অনেকে গন্ধ এবং অক্তান্ত বিষয় লইয়াও পরীক্ষা চালাইতে লাগিলেন।

সব কিছুরই লক্ষ্য ছিল মূলে উপস্থিত হওয়া, বিষয়ের স্ক্রভাগগুলিতে গিয়া পৌছানো। তাঁহাদের মধ্যে অনেকে সত্যই অতি অভূত শক্তির পরিচয়ও দিয়াছেন। বাভাসের ভিতর ভাসিয়া থাকিবার জন্ম, বাতাসের মধ্য দিয়া চলিয়া ষাইবার জন্ম অনেকেই চেষ্টা করিতেছিলেন। পাশ্চাভ্যের একজন বড় পণ্ডিতের মুখে একটি গল শুনিয়াছিলাম, সেটি বলিভেছি। সিংহলের গভর্নর স্বচক্ষে ঘটনাটি দেখিয়া উহা তাঁহাকে বলিয়াছিলেন। কতক-গুলি কাঠি আড়াআড়িভাবে একটি টুলের মতো দাকাইয়া ঐ টুলের উপর একটি বালিকাকে আসন করাইয়া বসানো হইল। বালিকাটি কিছুক্রণ বসিয়া থাকিবার পর, যে-লোকটি খেলা দেখাইভেছিল সে একটি একটি করিয়া এই কাঠিগুল সরাইয়া লইতে লাগিল; সব কাঠিগুলি সরাইয়া লইবার পর বালিকাটি শৃত্যে ভাগিতে লাগিল। কিছু একটা গোপন কৌশল আছে ভাবিয়া গভর্নর তাঁহার তরবারি বাহির করিয়া বালিকাটির নীচের শৃষ্ণ স্থানে সজোরে চালাইয়া দিলেন। দেখিলেন, কিছুই মাই সেধানে। এখন ইহাকে কি বলিবে? কোনরূপ যাতু বা অলোকিকত্ব ইহাতে ছিল না। এইটিই আশ্রুৰ ব্যাপার। এ-জাতীয় ঘটনা অলীক, এমন কথা ভারতে কেহই विनिद्य ना। हिम्मूरम्त्र कार्ष्ट्र हेश श्वाष्ट्राविक घटना। भक्त मर्क म्हाहे করিবার পূর্বে হিন্দুদের প্রায়ই বলিতে শোনা যায়, 'আরে, আমাদের কোন ৰোগী আদিয়া সকলকে হটাইয়া দিবে।' এটি জাভির এক চরম বিশাস। বাহুবল বা ভূরবারির বল আর কভটুকু? শক্তি ভো সবই স্থাতার।

ইহা সভ্য হইলে ইহাতে মনের সব শক্তি নিয়োগ করিবার প্রলোভন খুবই বেশী হইবে। তবে অপরাপর বিজ্ঞানের ক্ষেত্রে একটা বড় রক্মের সাফল্য অর্জন করা বেমন খুব কঠিন, এ-ক্ষেত্রেও তাই; তাই বা বলি কেন, ইহা তাহার চেয়ে আরও বেশী কঠিন। তবু বেশীর ভাগ লোকেরই ধারণা বে, এ-সব শক্তি অভি সহজেই অর্জন করা যায়। বিপুল সম্পদ গড়িয়া তুলিভে ভোমার কড বছর লাগিয়াছে বলো দেখি ? সে-কথা ভাবিয়া দেখ একবার ! প্রথমে বৈহ্যতিক বিজ্ঞান বা ইঞ্জিনিয়রিং বিষ্ণায় পারদর্শিতা লাভ করিতেই তো বহু বছর গিয়াছে। তারপর তোমাকে বাকী জীবনটাই তো পরিশ্রম করিতে হইয়াছে।

তা ছাড়া অর্গান্ত বিজ্ঞানগুলির অধিকাংশেরই বিষয়বস্থ গতিহীন, স্থির। চেয়ারটিকে আমরা বিশ্লেষণ করিতে পারি, চেয়ারটি আমাদের সমুখ হইতে সরিয়া যাইবে না। কিছু এ-বিজ্ঞানের বিষয়বস্থ মন, যাহা সদা চঞ্চল। যখনই পর্যবেক্ত করিতে যাও, দেখিবে উহা হাতছাড়া হইয়া গিয়াছে। মন এখন একটি ভাবে রহিয়াছে, পরমূহুর্তে হয়তো সে-ভাব পান্টাইয়া গেল; একটার পর একটা ভাবের এই পরিবর্তন সব সময় লাগিয়াই আছে। এই-সব পরিবর্তনের মধ্যেই উহার অফুশীলন চালাইতে হইবে, উহাকে বুঝিতে হইবে, ধরিতে হইবে এবং আয়ত্তে আনিতে হইবে। কাজেই কভ বেনী কঠিন এ বিজ্ঞান! এই বিষয়ে কঠোর শিক্ষার প্রয়োজন হয়। লোকে আমাকে জিজাদা করে, কোন কার্যকরী প্রক্রিয়া তাহাদিগকে শিখাই না কেন ? এতো আর তামাদা নয়! এই মঞ্চের উপর দাড়াইয়া আমি তোমাদের বক্তৃতা শুনাইতেছি; বাড়ি ফিরিয়া দেখিলে—ইহাতে ফল কিছু হয় নাই; আমিও কোন ফল দেখিতে পাইলাম না! তারণর তুমি বলিলে, 'ষ্ড সব বাজে কথা!' এ-বকম যে হয়, ভাহার কারণ—তুমি এটিকে বাজে জিনিস-ক্রপেই চাহিয়াছিলে। এ বিজ্ঞানের অতি অব্লই আমি জানি; কিছ বেটুকু জানি সেটুকু শিখিতেই আমাকে জীবনের ত্রিশ বছর ধরিয়া খাটিতে হইয়াছে, আর তারপর যেটুকু শিথিয়াছি, ছয় বছর ধরিয়া লোকের কাছে তাহা বলিয়া বেড়াইভেছি। ইহা শিখিভেই আমার ত্রিশ বছর লাগিয়াছে—কঠোর শরিশ্রম সহকারে ত্রিশ বছর খাটিতে হইয়াছে। কথন কথন চব্বিশ ঘণ্টার মধ্যে কুড়িঘণ্টা থাটি:াছি, কখন রাত্রে মাত্র একঘণ্টা ঘুমাইয়াছি, কখন বা সারারাভই পরিশ্রম করিয়াছি; কখন কখন এমন সব জায়গায় বাস কবিয়াছি, যাহাকে প্রায় শব্দহীন, বায়্হীন বলা চলে; কখন বা শুহার বাদ করিতে হইরাছে। কথাগুলি ভাবিরা দেখ। আর এ-সব সত্ত্বেও ্আমি অভি অল্লই জানি বা কিছুই জানি না; আমি বেন এ-বিজ্ঞানের বহিবাদের প্রান্তটুকু মাত্র স্পর্শ করিয়াছি। কিন্তু স্থামি ধারণা করিতে পারি বে, এ-বিদ্ধানটি সত্যা, স্থবিশাল ও অত্যান্চর্ব।

× ;

এখন ভোমাদের ভিতর কেহ যদি সত্য-সত্যই এ বিজ্ঞানের অস্থীলন করিতে চাও, তাহা হইলে জীবনের বে-কোন বিষয়কার্বের জন্ত যতথানি দৃঢ়-সম্ম লইয়া উহাতে লাগিয়া পড়া প্রয়োজন হয়, ঠিক ততথানি বা তদপেকা অধিক দৃঢ়-সম্ম লইয়া এ-বিষয়েও অগ্রসর হইতে হইবে।

বিষয়কর্মের জন্ত কত মনোবোগই না দিতে হয়, আর কি কঠোর ভাবেই না উহা আমাদিগকে পরিচালিত করে! মাতা, পিতা, স্ত্রী বা সন্থান মবিয়া গেলেও বিষয়কর্ম বন্ধ থাকিতে পারে না! বৃক্ষ যদি ফাটিয়াও যার, তথাপি কর্মকেত্রে আমাদের যাইতেই হইবে, প্রতিটি ঘণ্টা দারুণ যন্ত্রণামর বলিয়া বোধ হইলেও কাজ করিতে হইবে। ইহারই নাম বিষয়কর্ম; আর আমরা ভাবি ইহা যুক্তিসক্ত, ইহা ফ্রায়সক্ত।

ষে-কোন বিষয়কর্মের চেয়ে অনেক বেশী পরিশ্রম করা প্রয়োজন হয় এই বিজ্ঞানের অন্ত । বিষয়কর্মে অনেকেই সফলতা লাভ করিতে পারেন, কিছ ইহাতে সফল হন থ্ব কম লোক। কারণ—ষিনি ইহার অস্পীলন করেন, তাঁহার চরিত্রের বৈশিষ্ট্যের উপর অনেক কিছু নির্ভর করে। বিষয়কর্মের বেলা বেমন সকলেই প্রচুর সমৃদ্ধিলাভ করিতে না পারিলেও প্রত্যেকেই কিছু না কিছু লাভ করেই, এই বিজ্ঞানের বেলাও ঠিক তাই; প্রভ্যেকেই কিছু না কিছু আভাস পায়-ই, ষাহার ফলে ইহার সভ্যভার আত্মা আবে, এবং বিখাস আবে বে, বহু লোক সভ্য-সভ্যই এ-বিজ্ঞানের স্ব্যুই প্রভ্যক্ষ করিয়াছেন।

ইহাই হইন বিজ্ঞানটির মোটাষ্টি কথা। নিজের শক্তিতে এবং নিজের আলোকের উপর নির্ভর করিয়া এই বিজ্ঞান অন্ত যে-কোন বিজ্ঞানের সঙ্গে তাহাকে তুলনা করিয়া দেখিবার জন্ত সগর্বে আফা, লক্ষেত্রে বাহা থাকে, প্রবঞ্চক, যাত্কর, শঠ—এ-সবও এক্ষেত্রে আছে, অন্তান্ত ক্ষেত্রে বাহা থাকে, তাহা অপেকা বরং বেশী-ই আছে। কি কারণে? কারণ তো একই—বে কাজে যত বেশী লাভ, ঠক-প্রবঞ্জের সংখ্যাও তাহাতে তত বেশী। কিছ তাই বলিয়া কাজটি যে ভাল হইবে না, ইহা তো আর কোন যুক্তি নয়। আর এইট কথা আছে; সমন্ত যুক্তি-বিচার মন দিয়া ভনা বুজিবৃত্তির একটি ভাল ব্যায়াম হইতে পারে, মনোযোগ সহকারে অন্ত বিষয়ের কথা ভনিলে ব্রির পরিতৃত্তিও ঘটিতে পারে। কিছ কেহ যদি তাহারও পরের কথা

খানিতে চাও, তবে শুধু বক্তা শুনিলে হইবে না। বক্তার ইহা শিথানো যায় না, কারণ ইহা জীবন-গঠনের কথা। আর জীবনই অপরের ভিতর জীবন সঞার করিতে পারে। ভোমাদের ভিতর বদি কেহ ইহা শিথিতে সত্যই ক্তনিশ্চয় হইয়া থাকো, তাহা হইলে পরম আনন্দের সহিত আমি ভাহাকে সাহায্য করিব।

আত্মানুসন্ধান বা আধ্যাত্মিক গবেষণার ভিত্তি

পাশ্চাত্যদেশে অবছানকালে স্বামী বিবেকানন্দ কদাচিৎ বিভর্কমূলক আলোচনার অংশ গ্রহণ করিতেন। লগুনে অবস্থানকালে একবার এক্ষণ এক আলোচনার তিনি অংশ গ্রহণ করিয়াছিলেন, তাহাতে বিচার্থ বিষয় ছিল—'আজ-বস্থ কি বৈজ্ঞানিক প্রমাণের যোগ্য?' বিতর্কের প্রসঙ্গে তিনি এমন একটি মন্তব্য শুনিয়াছিলেন, যাহা পাশ্চাত্যথপ্তে সেই প্রথমই তিনি প্রবণ করেন নাই; প্রথমেই তাহার উল্লেখ করিয়া তিনি বলেন:

একটি প্রসঙ্গে আমি মন্তব্য করিতে ইচ্ছা করিতেছি। মুসলমানধর্মাবলন্থিপ স্থীজাতির কোন আত্মা আছে বলিয়া বিখাদ করেন না—এইপ্রকার বে উক্তি এখানে আমাদের নিকট করা হইয়াছে, তাহা ভ্রান্ত। আমি ছংথের দহিত বলিতেছি বে, এইধর্মাবলমীদের মধ্যে এই ভ্রান্তি বহু দিনের এবং তাঁহারা এই প্রমটি ধরিয়া রাখিতে পছন্দ করেন বলিয়া মনে হয়। মামুবের প্রকৃতির ইহা একটি অভুত ধারা বে, লে বাহাদিগকে পছন্দ করে না, তাহাদের সক্ষত্তে এমন কিছু প্রচার করিতে চায়, বাহা খুবই খারাপ। কথাপ্রসঙ্গে বলিয়া রাখি বে, আমি মুসলমান নই, কিছু উক্ত ধর্ম দম্বন্ধে অমূলীলন করিবার স্থান্ধ আমার হইয়াছিল এবং আমি দেখিয়াছি, কোরানে এমন একটিও উক্তি নাই, বাহার অর্থ নারীর আত্মা নাই; বস্ততঃ কোরান বলে, নারীর আত্মা আছে।

আন্ধা সহছে বে-সকল বিষয় আৰু আলোচিত হইল, সে-সম্পর্কে আমার
এথানে বলিবার মতো বিশেষ কিছু নাই, কারণ প্রথমেই প্রশ্ন উঠে—আত্মিক
বিষয়গুলির বৈজ্ঞানিক উপায়ে প্রত্যক্ষ প্রমাণ দেওয়া চলে কি না। আপনারা
প্রত্যক্ষ প্রমাণ বলিতে কি ব্রেন? প্রথমতঃ প্রত্যেক বিষয়কে জাতা ও
জ্যের এই উভর দিক হইতে দেখা আবশ্রক। বে পদার্থবিদ্যা ও রসায়নশাল্পের
সহিত আমরা প্রই পরিচিত, এবং আমরা বেগুলি খ্বই পড়িয়াছি, ঐগুলির
কথাই ধরা বাক। ঐগুলি সম্বন্ধে কি ইহা সত্য বে, ঐ ছই বিভার অতি
সাধারণ বিষয়গুলির পরীক্ষণও জগতের বে-কোন ব্যক্তি অহুধাবন করিতে

পারে ? একটি মূর্থ চাবাকে ধরিয়া বৈজ্ঞানিক পরীক্ষণ প্রদর্শন কর্মন; সে উহার কি বৃঝিবে ? কিছুই না। কোন বৈজ্ঞানিক পরীকণ বৃঝিবার মতে। অবস্থায় উপনীত হইবার আগে অনেক শিক্ষার প্রয়োজন হয়। তাহার পূর্বে সে এই-সৰ কিছুই বুঝিতে পারিবে না। ইহা এই ব্যাপারে একটি প্রচণ্ড অহ্বিধা। বাদ বৈজ্ঞানিক পরীক্ষণ অর্থে ইহাই বুঝিতে হয় বে, কভগুলি তথ্যকে এমন সাধারণ ভবে নামাইয়া আনা হইবে বে, ঐগুলি সকল মাহুষের পকে সমভাবে গ্রহ্ণীয় হইবে, ঐগুলির অহুভব বিশক্ষনীন হইবে, ভাহা হইলে কোনও বিষয়ে এইরূপ কোন বৈজ্ঞানিক পরীক্ষণ সম্ভব,—স্মামি ইহা সম্পূর্ণ অম্বীকার করি। তাহাই যদি সম্ভব হইত, তাহা হইলে আমাদের ষত বিশ্ববিভালয় এবং ষত শিক্ষাব্যবস্থা আছে, স্বই বুথা হইত। যদি ওধু মাফ্যজন্ম গ্রহণ করিয়াছি বলিয়া বৈজ্ঞানিক সকল বিষয়ই আমরা বুঝিয়া ফেলি, ভাহা হইলে আমরা শিক্ষা গ্রহণ করি কেন ? এত অধ্যয়ন-অফুশীলনই বা কেন ? এ-সকলের তো কোন মৃল্যই নাই। স্থভরাং আমরা বর্তমানে যে ন্তবে আছি, ভটিল বিষয়সমূহ সেখানে নামাইয়া আনাকেই ষদি বিজ্ঞানসমূত প্রভাক্ষ প্রমাণ বলা হয়, ভবে এ-কথা প্রবণমাত্র নিবিচারে বলা চলে যে, তাহা এক অসম্ভব ব্যাপার। অতঃপর আমরা যে অর্থ ধরিতেছি, ভাহাই নিভূল হওয়া উচিত। তাহা হইল এই যে, কতগুলি জটিলতর তত্ত্ব প্রমাণের জন্য অপর কতগুলি জটিল তব্বের অবতারণা আবশ্রক। এ জগতে কভগুলি অধিকতর জটিল, দ্রুহ বিষয় আছে, ষেগুলি আমরা অপেকাকৃত অর জটিল বিষয়ের দারা ব্যাখ্যা করিয়া থাকি এবং হয়তো এই উপায়ে উক্ত বিষয়সমূহের নিকটভর জ্ঞান লাভ করি; এইরপে ক্রমে এগুলিকে আমাদের বর্তমান সাধারণ জানের ন্তরে নামাইয়া আনা হয়। কিছ এই পছতিও অত্যন্ত জটিল ও ষত্মাপেক এবং ইহার জন্তও বিশেষ অহুশীলন প্রয়োজন, প্রভৃত পরিমাণ শিক্ষাদীক্ষার প্রয়োজন। স্থতরাং এ-সম্পর্কে আমি এইটুকুই বলিতে চাই যে, আধ্যাগ্মিক বিষয়ের বৈজ্ঞানিক প্রমাণ পাইতে হইলে শুধু বে বিষয়ের দিক হইতেই সম্পূর্ণ তথ্য-প্রমাণাদির প্রয়োজন আছে, তাহা নয়; যাহারা এ প্রয়াণ প্রত্যক্ষ করিতে ইচ্ছুক, তাহাদের দিক হইতেও যথেষ্ট সাধনার প্রয়োজন। এই-সব শর্জ পূর্ণ হইলেই কোন ঘটনাবিশেষ সম্বন্ধে আমাদের সম্মুখে ৰখন প্রমাণ ৰা অপ্ৰমাণ উপহাপিত হইবে, তখন আমর। হা বা না বলিতে পারিব। কিন্ত

তৎপূর্বে সর্বাপেকা উল্লেখযোগ্য ঘটনাবলী অথবা বে-সকল ঘটনার বিবরণ ইতিহাসে পুন: পুন: লিশিবদ্ধ হইয়াছে, তাহাও প্রমাণ করা অতি চ্ন্নহ ব্লিয়াই মনে হয়।

অতঃপর স্থপ্ন হইতে ধর্মের উদ্ভব হইয়াছে, এই জাতীয় ষে-সকল ব্যাখ্যা অভি অৱ চিম্বার ফলে প্রস্ত হইয়াছে, দেগুলির প্রসঙ্গে আদিতেছি। যাঁহারা এই-সকল ব্যাখ্যা অভিনিবেশ সহকারে বিশ্লেষণ ও বিচার করিয়াছেন, তাঁহারা মনে করিবেন—এই ধরনের অভিমত কেবল অসার কল্পনামাত্র। ধর্ম পপ্ল হইতে উত্তৰ—এই মত যদিও অতি সহজভাবেই ব্যাখ্যা করা হইয়াছে, তথাপি এইরপ করনা করার কোন হেতু আছে বলিয়া মনে হয় না। ঐরপ হ**ইলে অভি সহজেই অজ্ঞেরবাদীর মত গ্রহণ** করা চলিত, কি**ন্ধ চু**র্ভাগ্যবশত: এ-বিষয়টির অভ সহজ ব্যাখ্যা সম্ভব নয়। এমন কি আধুনিককালেও নিভ্য নৃতন অনেক আশ্চর্য ঘটনা ঘটিতে দেখা যায়। এইগুলি সম্পর্কে **অসুসন্ধান** করিতে হইবে, কেবল হইবে কেন, এ পর্যন্ত অনেক অসুসন্ধান হইয়া আসিভেছে। আৰু বলে — সূৰ্য নাই। তাহাতে প্ৰমাণ হয় না যে, সূৰ্য সভ্যই নাই। বহু বংসর পূর্বেই এই-সৰ ঘটনা সম্পর্কে অমুসন্ধান হইয়া গিয়াছে। কত কভ জাতি সমগ্রভাবে বহু শতাকী ধরিয়া নিজেদিগকে প্রায়ুর স্ক্ষাতিস্ক্ষ কাৰ্যকলাপ আবিদারের উপযুক্ত ষম্ভ করিয়া তুলিবার সাধনায় নিযুক্ত রাখিয়াছে। ভাহাদের আবিষ্ণৃত তথ্য-প্রমাণাদি বছ যুগ পূর্বেই প্রকাশিত হইরাছে, এ-বকল বিষয়ে পঠন-পাঠনের জ্ঞা কত মহাবিভালয় স্থাপিত হইয়াছে এবং সে-সকল দেশে এমন অনেক নরনারী আত্তও বর্তমান আছেন, বাহারা এই ঘটনারাশির জীবস্ত প্রমাণ। অবশ্র আমি খীকার করি, এক্ষেত্রে প্রচুর ভণ্ডামি আছে এবং ইহার মধ্যে প্রতারণা ও মিথ্যা অনেক পরিমাণে বর্তমান। কিছ এ-সব কোন্ ক্ষেত্রে নাই ? যে-কোন একটি শাধারণ বৈঞ্জানিক বিষয়ই ধরা যাক না কেন; সন্দেহাতীত সভ্য বলিয়া বৈজ্ঞানিকেরা কিংবা সাধারণে বিশাস করিতে পারেন, এইপ্রকার তব মাত ছই-ভিনটিই আছে, অবশিষ্ট সবই শৃষ্ঠগর্ভ কল্পনা। অজ্ঞেরবাদী নিজের অবিশাস্ত বিবয়ের কেতে যে পরীকা প্রয়োগ করিতে চান, নিজের বিঞানের ক্ষেও ভাহাই প্রয়োগ কবিয়া দেখুন না। দেখিবেন—ভাহার সর্ফেক

ভিত্তিমূলসহ ধনিয়া পড়িবে। আমরা অহমান-কল্পনার উপর নির্ভর করিতে বাধ্য। আমরা বে অবহায় আছি, তাহাতে সম্ভট্ট থাকিতে পারি না, মানবাত্মার ইহাই স্বাভাবিক প্রগতি। একদিকে অজ্ঞেয়বাদী, অপরদিকে কোন বিষয়ে জিঞ্জাস্থ অহসন্ধানী—এ উভয়বৃত্তি-সম্পন্ন হওয়া আমাদের পক্ষেপত্তব নয়, এই উভয়ের মধ্যে একটিকে আমাদের নির্বাচন করিয়া লইতে হয়। এইজন্ত আমাদের নিজ দীমার 'উর্ধেষ্ব যাওয়া প্রয়োজন, বাহা অজ্ঞাত বলিয়া প্রতিভাত; তাহা জানিবার জন্ম কঠিন প্রয়াদ করিতে হইবে, এবং এ সংগ্রাম অপ্রতিহতভাবে চলা চাই।

অভএব আমি—বক্তা অপেকা এক পদ অগ্রসর হইয়া এই মত উপস্থাপিত করিতেছি যে, প্রেতাত্মাদের নিকট হইতে শব্দ অবল্যনে সাড়া পাওয়া, কিংবা টেবিলে আঘাতের শব্দ শোনা প্রভৃতি বে-সব ঘটনাকে ছেলেখেলা বলে, অথবা অপরের চিস্তা জানিতে পারা প্রভৃতি বে-সব শক্তি আমি বালকদের মধ্যেও দেখিয়াছি, কেবল এই-সকল সামাশ্য সামাশ্য ব্যাপারই নয়, পরস্ক বে-সকল ঘটনাকে পূর্ববর্তী বক্তা উচ্চতর অলোকিক অন্তদৃষ্টি বলিয়া অভিহিত করিয়াছেন—কিন্ত যাহাকে আমি মনেরই অভি-চেতন অভিজ্ঞতা বলিতে চাহিতেছি---সেই-সকলের অধিকাংশই হইতেছে প্রকৃত মনন্ডান্থিক গবেষণার প্রথম দোপান মাত্র। প্রথমেই আমাদের বিচার করিয়া দেখা উচিত—মন সত্যই সেই ভূমিতে আরোহণ করিতে পারে কিনা। আমার ব্যাখ্যা অবশ্য উক্ত বক্তার ব্যাখ্যা হইতে কিঞ্চিৎ ভিন্ন হইবে; তথাপি পরস্পরের ব্যবহৃত শব্দগুলির অর্থ ঠিক করিয়া লইলে হয়তো আমরা উভয়েই একমত হইতে পারিব। আমাদের সমূথে বে ব্রহ্মাণ্ড বিভয়ান, তাহা সম্পূর্ণ-রূপে মানবাহুভূতির অস্তভূক্তি নয়। এরূপ অবস্থায় মৃত্যুর পরেও সম্প্রতি যে প্রকার চেডনা আছে, ভাহা থাকে কিনা—এ প্রশ্নের উপর খুব বেশী কিছু নির্ভর করে না। সন্তার সহিত অহুভূতি যে সব সময় থাকিবেই--এমন কোন কথা নাই। আমার নিজের এবং আমাদের সকলেরই শরীর সম্পর্কে এ-কথা স্বীকার করিতেই হইবে ষে, তাহার খুব অল্প অংশেরই সম্বন্ধে আমরা সচেতন এবং ইহার অধিকাংশ সম্পর্কেই আমরা অচেতন। তবু শরীরের অভিড আছে। দৃষ্টাস্তস্বরূপ বলা যাইতে পারে বে, নিজ মন্তিষ্ক সম্পর্কে কেহই সচেতন নয়। আমি আমার মন্তিক কখনই দেখি নাই, এবং ইহার সম্পর্কে

আমি কোন সময়েই সচেতন নই। তথাপি আমি জানি, মন্তিক আছে।
অতএব এইরূপ বলা ঠিক নয় যে, আমরা অন্তভ্তির জন্ত লালায়িত; বন্ধতঃ
আমরা এমন কিছুরই অন্তিম্বের জন্ত আগ্রহান্তি, বাহা এই স্থুল জড়বন্ধ হইতে
ভিন্ন এবং ইহা অতি সভ্য যে, এই জ্ঞান আমরা এই জীবনেই লাভ করিতে
পারি, এই জ্ঞান ইভিপূর্বে অনেকেই লাভ করিয়াছেন এবং তাঁহারা ইহার
সভ্যতা ঠিক তেমনিভাবে প্রতিপন্ন করিয়াছেন, বেভাবে কোন বৈজ্ঞানিক
বিষয় প্রতিপাদিত হইয়া থাকে।

এ-সকল বিষয় আমাদের অন্থাবন করিতে হইবে। উপস্থিত সকলকে আমি আর একটি বিষয় শারণ করাইয়া দিতে চাই। এ-কথা মনে রাখা ভাল বে, আমরা প্রায়ই এ-সকল ব্যাপারে প্রভারিত হই। কোন ব্যক্তি হয়তো আমাদের সমূখে এমন একটি ব্যাপারের প্রমাণ উপস্থিত করিলেন, বাহা আধ্যাত্মিকতার ক্ষেত্রে অসাধারণ, কিন্তু আমরা ভাহা এই বৃক্তি অবলহনে অত্মীকার করিলাম বে, আমরা উহা সভ্য বলিয়া অন্থাবন করিতে পারিতেছি না। অনেক ক্ষেত্রেই উপস্থাপিত বিষয় সভ্য নাও হইতে পাছর, কিন্তু আবার অনেক ক্ষেত্রে আমরা নিজেরা সেই-সকল প্রমাণ অন্থাবন করিবার উপযুক্ত কি না এবং আমরা আমাদের দেহমনকে ঐ-সকল আধ্যাত্মিক সভ্য আবিকারের উপযুক্ত আধাররূপে প্রস্তৃত করিয়াছি কি না, ভাহা বিবেচনা করিতে ভূলিয়া যাই।

রাজ্যোগের লক্ষ্য

ধর্মের ধ্যান-ধারণার দিকটিই যোগের লক্ষ্য, নৈভিক দিকটি নম্ন, যদিও কার্যকালে নীতিবিষয়ক আলোচনা কিছুটা আসিয়াই পড়ে। ভগবানের বাণী বলিয়া যাহা পরিচিত, শুধু তাহাতে পরিতৃপ্ত না হ**ইয়া জগতে**র নরনারীর মন সত্য সম্বন্ধে আরও অধিক অমুসন্ধানপরায়ণ হয়। তাহারা নিজে কিছু সত্য উপলব্ধি করতে চায়। ধর্মের বাস্তবতা নির্ভর করে একমাত্র উপলব্ধির উপর। মনের অতিচেতন ভূমি হইতেই অধিকাংশ আধ্যাত্মিক সত্য আহরণ করিতে হয়। বিশেষ অহভৃতি লাভ করিয়াছেন বলিয়া থাঁহারা দাবি করেন, তাঁহারা বে ভূমিতে উঠিয়াছিলেন, সেই ভূমিতে আমাদেরও উঠিতে হইবে; সেধানে উঠিয়া আমরা যদি একই ধরনের অহভৃতি লাভ করি, তাহা হইলেই আমাদের কাছে সেওলি সভ্য হইয়া দাঁড়াইল। অপরে যাহা কিছু প্রভ্যক করিরাছে, সবই আমরা প্রত্যক্ষ করিতে পারি; যাহা একবার ঘটিয়াছে, পুনর্বার তাহা ঘটিতে পারে; ঘটিতে পারে নয়, একই পরিবেশে আবার তাহা ঘটিতে বাধ্য। এই অভিচেতন অবস্থায় কিভাবে পৌছাইতে হয়, রাজ্যোগ তাহা শিক্ষা দেয়। সৰ বড় বড় ধৰ্মই কোন না কোন ভাবে এই অভিচেতন অবস্থাকে স্বীকার করে; কিন্তু ভারতে ধর্মের এই দিকটির উপর বিশেষ মনোধোগ দেওয়া হয়। প্রথমাবস্থায় কয়েকটি বাহ্য প্রক্রিয়া এ অবস্থ:-লাভের পক্ষে সহায়ক হইতে পারে; কিন্তু শুধু এই ধরনের বাহ্য প্রক্রিয়া অবলম্বনে কথনও বেশীদ্র অগ্রসর হওয়া যায় না। নির্দিষ্ট আসন, নির্দিষ্ট প্রণালীতে খাস-ক্রিয়া ইত্যাদির সাহাষ্যে মন শাস্ত ও একাগ্র হয়; কিন্তু এগুলির অভ্যাসের সঙ্গে সঙ্গে পৰিত্রতা এবং ভগবান্-লাভের বা সভ্যোপলব্ধির জন্ম তীব্র আকাজ্জা থাকা চাই-ই। স্থির হুইয়া বদিয়া একটি ভাবের উপর মন নিবিষ্ট করিবার ও মনকে দেখানে ধরিয়া রাখিবার চেষ্টা করিতে গেলেই অধিকাংশ লোক অহভব করিবে যে, উহাতে সফল হইৰার জন্ম বাহিরের কিছু সহায়তার প্রয়োজন আছে। মনকে ধীরে ধীরে এবং বধানিয়মে বশে আনিতে হয়। ধীর, নিরবচ্ছির এবং অধ্যবসায়যুক্ত সাধনসহায়ে ইচ্ছাশক্তিকে পরিপুষ্ট করিতে হয়। ইহা ছেলেখেলা নয়, একদিন চেষ্টা করিয়া পরদিন

ছাড়িয়া দিবার মতো খেয়ালও নয়। সারা জীবনের কাল এটি; আর ষে
লক্ষ্য-লাভের জন্ত এ প্রচেষ্টা, তাহা পাইবার জন্ত ষত মূল্যই আমাদিগকে
দিতে হউক না কেন, দে মূল্য উহার সম্পূর্ণ উপযুক্ত; কারণ আমাদের লক্ষ্য
হইল তগ্রংসন্তার সঙ্গে পূর্ণ একছামভূতি। এই লক্ষ্যের দিকে দৃষ্টি থাকিলে,
এবং ঐ লক্ষ্যে আমরা পৌছিতে পারি—এ বোধ থাকিলে তাহা লাভের বিজ্ঞা কোন মূল্যকৈই আর অত্যধিক বলিয়া মনে হইতে পারে না।

একাগ্ৰতা

১৯০০ খঃ ১৬ই মার্চ স্থান ফ্রান্সিম্বো শহরে ওয়াশিটেন হলে প্রদন্ত। সাক্ষেতিক লিপিকার ও অমুলেধিকা আইডা আনসেল যেখানে স্বামীজীর কথা ধরিতে পারেন নাই, সেখানে কয়েকটি বিন্দৃতিক ··· দেওয়া হইয়াছে। প্রথম বন্ধনীর () মধ্যকার শব্দ বা বাকাগুলি স্বামীজীর নিজের নয়, ভাব-পরিক্ষ্টনের জক্ত অমুলেখিকা কর্তৃক নিবদ্ধ। মূল ইংরেজী বক্তৃতাটি হলিউড বেদান্ত কেক্সের মুখপত্র 'Vedanta and the West' পত্রিকার ১১১তম সংখ্যার মৃত্তিত হইয়াছিল।

বহির্জগতের অথবা অন্তর্জগতের যাবতীয় জ্ঞানই আমরা একটি মাত্র উপায়ে লাভ করি—উহা মন:সংযোগ। কোন বৈজ্ঞানিক তথ্যই জানা সম্ভবপর হয় না, যদি সেই বিষয়ে আমরা মন একাগ্র করিতে না পারি। জ্যোতির্বিদ্ দ্রবীক্ষণ-যন্তের সাহায্যে মন:সংযোগ করেন,…এইরূপ অস্তান্ত ক্ষেত্রেও। মনের রহস্ত জানিতে হইলেও এই একই উপায় অবলম্নীয়। মন একাগ্র করিয়া উহাকে নিজেরই উপর ঘুরাইয়া ধরিতে হইবে। এই জগতে এক মনের সঙ্গে অপর মনের পার্থক্য শুরু একাগ্রতার ভারতম্যেই। ছইজনের মধ্যে যাহার একাগ্রতা বেশী, সেই অধিক জ্ঞান লাভ করিতে সমর্থ।

শতীত ও বর্তমান সকল মহাপুরুষের জীবনেই একাগ্রতার এই বিপুল প্রভাব দেখিতে পাওয়া ষায়। ইহাদিগকেই 'প্রতিভাশালী' বলা হইয়া থাকে। যোগশাস্ত্রের মতে দৃঢ় প্রচেষ্টা থাকিলে আমরা সকলেই প্রতিভাবান্ হইতে পারি। কেহ কেহ হয়তো অধিকতর যোগ্যতাসম্পন্ন হইয়া এই পৃথিবীতে আসেন এবং হয়তো জীবনের কর্তব্যগুলি কিছু ক্রতগতিতেই সম্পন্ন করেন। ইহা আমরা সকলেই করিতে পারি। ঐ শক্তি সকলের মধ্যেই বহিয়াছে। মনকে জানিবার জন্ম উহাকে কিভাবে একাগ্র করা যায়, তাহাই বর্তমান বক্ততার বিষয়বস্তু। যোগিগণ মন:সংযমের ষে-সকল নিয়ম লিপিবন্ধ করিয়াছেন, আজ রাত্রে ঐগুলের কয়েকটির কিছু পরিচয় দিতেছি।

অবগ্য—মনের একাগ্রতা নানাভাবে আসিয়া থাকে। ইন্দ্রিরসমূহের মাধ্যমে একাগ্রতা আসিতে পারে। স্থমধুর সঙ্গীতশ্রবণে কাহারও কাহারও মন শাস্ত হইয়া যায়; কেহ কেহ আবার একাগ্র হয় কোন স্থমর দৃখ্য দেবিয়া।…এরপ লোকও আছে, যাহারা তীক্ষ লোহার কাঁটার আসনে ওইয়া বা ধারাল স্থাড়িওলির উপর বদিয়া মনের একাগ্রতা আনিয়া থাকে। এগুলি সাধারণ নিয়ম নয়, এই প্রণালী খুবই অবৈক্ষানিক। মনকে ধীরে ধীরে নিয়ম্ভিত করাই বিক্ষান-সম্মত উপায়।

क्ट डिर्धवाह हरेगा मन अकम्बी करता। भावीविक क्रमहे छाहारक ঈপ্সিত একাগ্রতা লাভ করাইতেছে। কিন্তু এ-সবই অবাভাবিক। ভিন্ন ভিন্ন দার্শনিক কর্তৃক এ-সম্বন্ধে কতকগুলি সর্বজনীন উপায় উদ্ভাবিত হইয়াছে। কেহ কেহ ৰলেন, শরীর আমাদের জক্ত যে গণ্ডি সৃষ্টি করিয়াছে, উহা অভিক্রম করিয়া মনের অভিচেতন অবস্থায় পৌছানোই আমাদের লক্ষ্য। চিত্তভদ্ধির সহায়ক বলিয়াই যোগীর নিকট নীতিশাল্লের মূল্য। মন যত পৰিত্ৰ হুইবে, উহা সংষ্ঠ করাও ভত সহজ্ব হুইবে ৷ মনে ষে-কোন চিস্তা উঠুক না কেন, মন উহা ধারণ বা গ্রহণ করিয়া বাহিরের কর্মে রূপায়িত করে। ষে-মন যত স্থুল, উহাকে বশ করা ততই কঠিন। কোন ব্যক্তির নৈতিক চরিত্র কলুবিত হইলে ভাহার পক্ষে মন হির করিয়া মনোবিজ্ঞানের অস্থীলন কছা কৰনও সম্ভব নয়। প্ৰথম প্ৰথম হয়তো সে কিছু মন:সংহম করিছে পারিল, কিছু সফলতাও আসিতে পারে, হয়তো বা একটু দূরপ্রবণশক্তি লাভ হইল --- কিন্তু এই শক্তিগুলিও তাহার নিকট হইতে চলিয়া যাইবে। মুশকিল এই বে, অনেক ক্ষেত্রে যে-সকল অসাধারণ শক্তি তাহার আয়ত্তে আসিয়াছিল, অস্থ্যদান করিলে দেখা যায়, ঐগুলি কোন নিয়মিত বিজ্ঞানসমত শিক্ষা-প্রণালীর মাধ্যমে অর্জিত হয় নাই। ষাহারা যাত্বলে দর্প বশীভূত করে, তাহাদের প্রাণ বার সর্পাঘাতেই।…কেহ যদি কোন অলোকিক শক্তি লাভ করিরা **থাকে ভো** সে পরিণামে ঐ শক্তির কবলে পড়িয়াই বিনষ্ট হ**ই**বে। ভারতবর্বে সক লক লোক নানাবিধ উপায়ে অনৌকিক শক্তি লাভ করে। ভাহাদের অধিকাংশ উন্মাদরোগগ্রস্ত হইয়। মৃত্যুমূবে পভিত হয়। অনেকে খাবার অপ্রকৃতিহ হট্যা খাত্মহত্যা করে।

ষন:সংব্যের অছ্পীলন—বিজ্ঞানদমত, ধীর, শান্তিপূর্ণ ও নিরাপদ ভাবে শিক্ষা করা উচিত। প্রথম প্ররোজন স্থনীতিপরারণ হওয়া। এইরপ ব্যক্তি দেবতাদের নামাইরা আনিতে চান, এবং দেবতারাও মর্ত্যধানে নামিয়া আদিরা তাঁহার নিকট নিজেদের স্বরূপ প্রকাশ করেন। আমাদের মনস্তব্ধ ও দর্শনের সারকথা হইল সম্পূর্ণভাবে স্থনীতিপরায়ণ হওয়া। একটু ভাবিয়া দেখ দেখি—ইহার

অর্থ কি? কাহারও কোন অনিষ্ঠ না করা, পূর্ণ পবিত্রভা, ও কঠোরভা এইগুলি একান্ত আবশ্রক। একবার ভাবিরা দেখ—কাহারও মধ্যে যদি এই-সব গুণের পূর্ণ সমাবেশ হয় তো ইহা অপেক্ষা আর অধিক কি চাই, বলো দেখি? যদি কেহ কোন জীবের প্রতি সম্পূর্ণ বৈরভাবশৃক্ত হন··· (তাহার সমকে) প্রাণিবর্গ হিংসা ত্যাগ করিবে। বোগমার্গের আচার্বগণ স্থকটিন নিয়মাবলী সম্লিবন্ধ করিয়াছেন।··· (সেগুলি পালন না করিলে কেহই ধোগী হইতে পারিবে না,) ধেমন দানশীল না হইলে কেহ দাতা আখ্যা লাভ করিতে পারে না।···

তোমরা বিশাদ করিবে কি—আমি এমন একজন যোগী পুরুষ' দেখিয়াছি, যিনি ছিলেন গুহাবাসী, এবং দেই গুহাতে বিষধর সর্প ও ভেক তাঁহার সঙ্গেই একতা বাদ করিত? তিনি কখন কখন দিনের পর দিন মাদের পর মাদ উপবাদে কাটাইবার পর গুহার বাহিরে আসিতেন। সর্বদাই চুপচাপ থাকিতেন। একদিন একটা চোর আসিল। তেল তাঁহার আশ্রমে চুরি করিতে আসিয়াছিল, সাধুকে দেখিয়াই দে ভীত হইয়া চুরি-করা জিনিদের পোটলাটি ফেলিয়া পলাইল। সাধু পোটলাটি তুলিয়া লইয়া পিছনে পিছনে অনেক দ্র ক্রত দোড়াইয়া তাহার কাছে উপস্থিত হইলেন; শেষে তাহার পদপ্রান্তে পোটলাটি ফেলিয়া দিয়া করজোড়ে অশ্রপ্র্লোচনে তাঁহার অনিছা-কৃত ব্যাঘাতের জন্ম ক্রমা প্রার্থনা করিলেন এবং অতি কাতরভাবে জিনিসগুলি লইবার জন্ম পীড়াপীড়ি করিতে লাগিলেন। তিনি বলিতে লাগিলেন, 'এগুলি আমার নয়, তোমার।'

আমার বৃদ্ধ আচার্যদেব বলিতেন, 'ফুল ফুটলে মৌমাছি আপনিই এনে জোটে।' এরপ লোক এখনও আছেন। তাঁহাদের কথা বলার প্রয়োজন হয় না। তথন মাসুষ অন্তরের অন্তন্তলে পবিত্র হইরা যায়, হৃদরে বিন্দুমাত্রও স্থার ভাব থাকে না, তখন সকল প্রাণীই (তাঁহার সম্মুখে) হিংসাছেয় পরিত্যাগ করে। পবিত্রতার ক্ষেত্রেও এই একই কথা। মাসুবের সহিত আচরণের জন্ত এগুলি আবশুক। তালকাকৈই ভালবাসিতে: হইবে। তথারের দেখিকটি দেখিয়া বেড়ানো তো আমাদের কাজ নয়। উহাতে

গান্ধীপুরের পওহারী বাবা

কোন উপকার হয় না। এমনকি, ঐগুলির সহত্বে আমরা চিস্তাও বেন না করি। সং চিস্তা করাই আমাদের উচিত। দোবের বিচার করিবার জন্ত আমরা পৃথিবীতে আসি নাই। সং হওয়াই আমাদের কর্তব্য।

হয়তো মিদ অমুক আসিয়া এখানে হাজির; বলিলেন, 'আমি বোগদাধনা ক'রব।' বিশবার তিনি নিজের অভিপ্রায়ের কথা অপরের কাছে বলিয়া বেড়াইলেন। হয়তো ৫০ দিন ধ্যান অভ্যাদ করিলেন। পরে বলিলেন, 'এই ধর্মে কিছুই নেই; আমি দেধে দেখেছি, পেলাম না তো কিছুই।'

(ধর্মজীবনের) ভিত্তিই দেখানে নাই। ধার্মিক হইতে হইলে এই পূর্ণ নৈতিকতার বনিয়াদ (একান্ত আবশুক)। ইহাই কঠিন কথা।…

আমাদের দেশে নিরামিবভোজী সম্প্রদায়সমূহ আছে। ইহারা প্রত্যুষে পিশীলিকার জন্ত সেরের পর সের চিনি মাটিতে ছড়াইয়া দেয়। একটি গল্প শোনা ধার, একবার এই সম্প্রদায়ের জনৈক ব্যক্তি পিশড়াদের চিনি দিতেছিল, এমন সময় একজন আসিয়া পিশড়াগুলি মাড়াইয়া ফেলে। 'হড়ভাগা, তুই প্রাণিহত্যা করলি!' বলিয়া প্রথম ব্যক্তি দিতীয়কে এমন এক ঘূবি মারে ধে, লোকটি পঞ্জপ্রাপ্ত হইল।

ৰাহ্য পৰিত্ৰতা অত্যন্ত সহজ্ঞসাধ্য, এবং সারা জগৎ (উহার) দিকেই ছুটিয়া চলিভেছে। কোন বিশেষ পরিচ্ছদই যদি নৈতিকতার পরিমাপক হয়, তবে বে-কোন মূর্বই তো তাহা পরিধান করিতে পারে। কিছু মন লইয়াই ষখন সংগ্রাম, তখন উহা কঠিন ব্যাপার। শুরু বাহিরের ফুত্রিম জিনিস লইয়া যাহারা থাকে, তাহারা নিজে নিজেই এত ধার্মিক বনিয়া উঠে! মনে পড়ে, ছেলেবেলায় বীশুগ্রীটের প্রতি আমার খুব ভজ্জি ছিল। (একবার বাইবেলে বিবাহভোজের বিষয়টি পড়ি।) অমনি বই বন্ধ করিয়া বলিতে থাকি, 'অহো, ভিনি মদ ও মাংস থেয়েছিলেন! তবে তিনি কখনও সামু

প্রত্যেক বিষয়ের প্রকৃত তাৎপর্য সব সময়েই যেন আমাদের নক্ষর
এড়াইরা বার। সামাল্য বেশভ্যা ও থাওয়া-দাওয়ার ব্যাপার! মূর্থেরাও
ভো উহা দেখিতে পারে। কিন্ত অশন-বসনের বাহিরে দৃষ্টি যায় কয়জনের?
ফারের শিকাই আমাদের কাম্য। ভারতে একশ্রেণীর লোককে কথন কথন
দিনে বিশ-বার আন করিতে দেখা যায়, তাহারা নিকেদের খুব পৰিত্র

ন্নান, পোশাক, থাছবিচার প্রভৃতির প্রকৃত মূল্য তথনই, বধন এগুলি আধ্যাত্মিক উন্নতির পরিপ্রক হয়। অধ্যাত্মিকতার স্থান প্রথমে, এগুলি সহায়কমাত্র। কিন্তু আধ্যাত্মিকতা যদি না থাকে, তবে বতই ঘাসপাতা খাওয়া যাক না কেন, কোনই কল্যাণ নাই। ঠিকমত ব্ঝিলে এগুলি জীবনে অগ্রগতির পথে সাহায্য করে, নচেৎ উন্নতির পরিপন্ধী হয়।

এজস্তুই এই বিষয়গুলি বুঝাইয়া বলিতেছি। প্রথমতঃ সকল ধর্মেই অজ্ঞলোকদের হাতে পড়িয়া সবকিছুরই অবনতি হয়। বোতলে কর্প্র ছিল, সমস্টটাই উবিয়া গেল—এখন শৃশু বোতলটি লইয়াই কাড়াকাড়ি।

আর একটি কথা। (আধ্যাত্মিকতার) লেশমাত্রও থাকে না, যথন লোকে বলিতে আরম্ভ করে, 'আমারটাই ভাল, ভোমার যা কিছু সবই মন্দ।' মতবাদ ও বাহিরের অমুষ্ঠানগুলি লইয়াই বিবাদ, আত্মায় বা শাখত সভ্যে কথনও বিরোধ নাই। বৌদ্ধগণ বৎসরের পর বৎসর ধরিয়া গৌরবময় ধর্মপ্রচার চালাইয়াছিলেন, কিছু ধীরে ধীরে এই আধ্যাত্মিকতা উবিয়া গেল। । (এইধর্মেও এইরূপ।) তারপর যথন কেহ স্বয়্ম ঈশরের নিকট ষাইতে এবং তাঁহার স্বর্মণ জানিতে চায় না, তথন কলহের স্ত্র্রপাত হয়—এক ঈশরে তিনটি ভাব, না থিছভাবে এক ঈশর। স্বয়্ম ভগবানের নিকটে পৌছিয়া আমাদিগকে জানিতে হইবে—তিনি 'একে তিন, না তিনে এক'।

এই প্রসঙ্গের পর এখন আসনের কথা। সনঃসংযোগের চেটায় কোন একটি আসনের প্রয়োজন। যিনি বেভাবে সহজে বসিতে পারেন, তাঁহার পক্ষে উহাই উপযুক্ত আসন। মেরুদণ্ড সরল ও সহজভাবে রাখাই নিয়ম। মেরুদণ্ড শরীরের ভার বহিবার জন্ম নয়। অাসন সম্বন্ধ এইটুকু স্মরণীয়— বে আসনে মেরুদণ্ডকে শরীরের ভারমুক্ত করিয়া সহজ ও সরলভাবে রাখা যায়, সে-আসনেই বসো।

ইহার পর (প্রাণায়ামের) ক্যাসপ্রখাসের ব্যায়াম। ইহার উপর খুব জোর দেওয়া হইয়াছে। ক্যাহা বলিভেছি, ভাহা ভারভের কোন-সম্প্রদায়- বিশেষ হইছে সংগৃহীত একটা শিক্ষা নয়। ইহা সর্বজনীন সভ্য। বেমন এই দেশে তোমরা ছেলেমেয়েদের কভকগুলি নির্দিষ্ট প্রার্থনা শিক্ষা দাও, (ভারভবর্ষে) বালকবালিকাদের সম্মুখে ভেমনি কভিপয় বান্তব তথ্য ধরা হয়…।

ত্ৰ-একটি প্ৰাৰ্থনা ব্যতীত ধৰ্মের কোন মতবাদ ভারতের শিশুদিগের উপর চাপাইয়া দেওয়া হয় না। পরে ভাহারা নিজেরাই ভত্তক্তিভাত্র হইয়া এমন কাহারও অশ্বেষণ করে, বাঁহার সহিত আধ্যাত্মিক সংযোগ স্থাপন করিতে পারা যায়। অনেকের কাছে ঘুরিতে ঘুরিতে অবশেষে একদিন উপযুক্ত পথ-প্রদর্শকের সন্ধান পাইয়া বলে, 'ইনিই আমার গুরু !' তথন তাঁহার নিকট দীকা গ্রহণ করে। আমি যদি বিবাহিত হই, আমার স্ত্রী অন্ত একজনকে গুরু গ্রহণ করিতে পারে, আমার পুত্র অন্ত কাংগকেও গুরু করিতে পারে, এবং দীক্ষার কথা কেবল আমার এবং আমার গুরুর মধ্যেই সর্বদা গুপ্ত থাকে। ন্ত্ৰীৰ সাধনপ্ৰণালী স্বামীর স্বানার প্রয়োজন নাই। স্বামী তাঁহার স্ত্রীর নাধন-সহত্তে জিজাগা করিতেও সাহস করেন না, কেন-না ইছা স্থবিদিত হে, বিজের সাধনপ্রণালী কেহ কথনও বলিবে না। ইহা বে-কোন গুরু ও শিয়ের জানা আছে, ··· জনেক সময় দেখা যায়, যাহা একজনের নিকট হাস্তাম্পদ, ডার্ছাই হয়তো অপরের অভ্যন্ত শিক্ষাপ্রদ। । এভ্যেকেই নিজের বোঝা ৰ্ছিভেছে; ৰাহান্ত মনটি ধেভাবে গঠিত, সেইভাবেই তাহাকে সাহায্য ক্রিভে হইবে। সাধক, গুরু এবং ইষ্টের সম্বন্ধটি ব্যক্তিগত। কিন্তু এমন ক্তকগুলি সাধারণ নিয়ম আছে, বেগুলি সকল আচার্ঘই উপদেশ দিয়া পাকেন। প্রাণায়াম ও ধ্যান সর্বন্দীন। ইহাই হইল ভারতীয় উপাসনা-वनानी।

গলার তীরে আমরা দেখিতে পাইব—কত নরনারী ও বালক-বালিকা প্রাণারার ও পরে ধ্যান (অভ্যাস) করিতেছে। অবশু ইহা ছাড়া তাহাদের সাংসারিক আরও অনেক কিছু করণীর আছে বলিয়া বেশী সময় তাহারা প্রাণারামাদিতে দিতে পারে না। কিছু বাহারা ইহাকেই জীবনের প্রধান অফুশীল্নদ্রপে গ্রহণ করিয়াছে, তাহারা নানা প্রণালী অভ্যাস করে। চুরাশি প্রকার পৃথক্ পৃথক্ আসন আছে। যাহারা কোন অভিজ্ঞ শুরুর নির্দেশে চলে, ভাহারা শরীরের বিভিন্ন অংশে প্রাণের স্পান্দন অফুভব করে। ইহার পরেই আদে 'ধারণা' (একাগ্রতা)। সমনকে দেহের কডকগুলি স্থানবিশেষে ধরিয়া রাধার নাম ধারণা।

হিন্দু বালক-বালিকা---দীক্ষা গ্রহণ করে। সে গুরুর নিকট হইতে একটি
মন্ত্র পায়। ইহাকে বীজমন্ত্র বলে। গুরু এই মন্ত্র লাভ করিয়াছিলেন চাঁহার
নিজের গুরুর নিকট হইতে। এইভাবে মন্ত্রগুলি গুরুপরক্ষারায় শিশ্রের মধ্যে
চলিয়া আসিতেছে। 'ওঁ' এইরূপ একটি বীজমন্ত্র। প্রত্যেক বীজেরই গভীর অর্থ
আছে। এই অর্থ গোপনে রাখা হয়, লিখিয়া কেহ কথনও প্রকাশ করেন না।
গুরুর কাছে কানে শুনিয়া মন্ত্র লওয়াই রীতি, লিখিয়া নয়। মন্ত্র লাভ করিয়া
শিশ্র উহাকে ঈশবের স্বরূপ জ্ঞান করে এবং উহার ধ্যান করিতে থাকে।

আমার জীবনের এক সময়ে আমিও ঐভাবে উপাদনা করিয়াছি। বর্ধাকালে একটানা চার মাদ ধরিয়া প্রত্যুবে গাত্রোখানের পর গঙ্গালান ও আর্দ্র বিস্তু পর্যন্ত পর্যন্ত করিতাম। পরে কিছু থাইতাম, দামান্ত ভাত বা অক্ত কিছু। বর্ধাকালে এইরূপ চাতুর্যাস্ত।

মাহুবের সামর্থ্যে জগতে জপ্রাপ্য বলিয়া কিছুই নাই—ভারতীয় মনের ইহাই বিশাস। এই দেশে যদি কাহারও ধনাকাজ্ঞা থাকে, ভবে ভাহাকে কর্ম করিয়া অর্থোপার্জন করিতে দেখা যায়। ভারতে কিছু এমন লোকও আছে, যে বিশাস করে—মন্ত্রণক্তির ছারা অর্থলাভ সম্ভব। তাই সেধানে দেখা যাইবে ধে, ধনাকাজ্ঞী হয়তো বৃক্ষভলে বসিয়া মন্ত্রের মাধ্যমে ধন কামনা করিভেছে। (চিন্তার) শক্তিতে সব কিছু ভাহার নিকট আসিতে বাধ্য। এখানে ভোমরা যে ধন উপার্জন কর, ইহারও প্রণালী একই প্রকার। ভোমরা ধনোপার্জনের জন্ম সমন্ত শক্তি নিয়োগ কর।

কতগুলি সম্প্রদায় আছে, তাঁহাদিগকে বলা হয় হঠবোগী। তাঁহারা বলেন মৃত্যুর হাত হইতে শরীরটিকে রক্ষা করাই শ্রেষ্ঠ কল্যাণ। তাঁহাদের সমস্ত সাধন শরীর-সম্বন্ধীয়। খাদশ বংসরের সাধন! সেইজ্ঞ অল্প বরুস হইতে আরম্ভ না করিলে ইহা আয়ন্ত করা কাহারপ্ত পক্ষে সম্ভব নম্ন। তেইবোগীদের মধ্যে একটি অভ্ত প্রথার প্রচলন আছে; হঠবোগী ম্বন প্রথম শিশুদ্ব গ্রহণ করে, তথন তাহাকে নির্জন অরণ্যে একাকী ঠিক চল্লিশ দিন আসিয়া গুরুনির্দেশিত ক্রিয়াগুলি একে একে ব্ধারীতি অভ্যাস করিতে হয় এবং শিক্ষণীয় সমস্ত কিছুই এই সমরের মধ্যে শিথিয়া লইতে হয়। ত বলিকাভার এক ব্যক্তি ৫০০ বংশর বাঁচিয়া আছে বলিরা দাবি করে।
সকলেই আমাকে বলিরাছে বে, ভাহাদের পিভামহেরাও এই লোকটিকে
দেখিরাছিল। তিনি আস্থ্যের জন্ত কুড়ি মাইল করিরা বেড়ান। ইহাকে
ভ্রমণ না বলিরা দোড়ানো বলাই ভাল। ভারণর কোন জলাশয়ে পিরা
আপাদমন্তক কাদা মাধেন। কিছুক্ষণ বাদে আবার জলে ড্ব দেন, আবার
কাদা মাধেন। তেই-সবের মধ্যে কোন কল্যাণ আছে বলিরা আমার মনে
হয় না। (লোকে বলে সাপও ছুইশভ বংসর জীবিভ থাকে।) সম্ভবভঃ
লোকটি খুব বৃদ্ধ, কারণ আমি ১৪ বংসর ভারত ভ্রমণ করিয়াছি এবং
বেখানেই পিয়াছি, সেধানেই প্রভ্যেকে ভাহার কথা জানে দেখিয়াছি।
লোকটি সারা জীবনই ভ্রমণ করিয়া কাটাইভেছে। তেইবোগী) ৮০ ইঞ্চি
লন্ধা রবার গিলিয়া কেলিয়া আবার মুখ দিয়া বাহির করিতে পারে।
হঠবোগীকে দৈনিক চার বার শরীরের ভিতরের ও বাহিরের প্রভিটি অক
ধৃইভে হয়।

প্রাচীরশুলিও তো সহল্র সহল্র বংসর অটুট থাকিতে পারে। তাহাতে হয়ই বা কি । এত দীর্ঘায় হওয়ার কামনা আমার নাই। 'এক দিনের বিপর্বরয়াশি মাত্রকে কতই না ব্যন্ত করিয়া তোলে।' সর্বপ্রকার প্রান্তি ও দোষক্রটিতে পূর্ণ একটি কৃত্র শরীরই যথেষ্ট।

অক্তান্ত সম্প্রদার আছে । তাহারা তোমাদিগকে সঞ্জীবনী স্থরা একফোটা দের এবং উহা খাইয়া তোমাদের যৌবন অক্র থাকে। । কত যে বিভিন্ন সম্প্রদায় আছে — সকলের বিষয় বলিতে গেলে মাসের পর মাস লাগিবে। তাহাদের ক্রিয়াকলাপ সব এই দিকে (জড়-জগতের মধ্যেই)। প্রতিদিন এক-একটি নৃতন সম্প্রদায়ের স্কৃষ্টি । ।

ঐ-সকল সম্প্রদায়ের শক্তির উৎস মন। মনকে বশীভূত করাই তাহাদের উদ্বেশ্য। মন একাগ্র করিয়া একটি নির্দিষ্ট স্থানে নিবিষ্ট রাখিতে হইবে। তাঁহারা বলেম, দেহের ভিতর মেরুদতের কতকগুলি স্থানে বা সায়কেন্দ্রগুলিতে মন বির রাখিতে পারিলে বোগী দেহের উপর আধিপত্য লাভ করিতে পারেন। বোগীর পক্ষে শান্তিলাভের প্রধান বিষ্ণ ও উচ্চতম আদর্শের পরিপরী হইল এই দেহ। লেইজ্যু তিনি চান দেহকে বশীভূত করিতে এবং ভূতাবৎ কালে লাগাইতে।

এইবার ধ্যানের কথা। ধ্যানই সর্বোচ্চ অবস্থা। । । ব্যানই সর্বোচ্চ অবস্থা। । । ব্যানই সর্বোচ্চ অবস্থা। । । ব্যানই সংখ্য থাকে, তথন উহার অবস্থা উন্নত নয়। গ্রানই মনের উচ্চ অবস্থা। উন্নত মন বিষয়সমূহ দেখে বটে, কিন্তু কোন কিছুর সহিত নিজেকে জড়াইয়া ফেলে না। ষতক্ষণ আমার হুঃধের অহুভূতি আছে, ততক্ষণ আমি শরীরের সঙ্গে ভাদাত্ম্যবোধ করিয়া ফেলিয়াছি। যথন স্থ্য বা আনন্দ বোধ করি, আমি দেহের সহিত মিশিয়া গিয়াছি। কিন্তু ক্থ তৃঃথ তৃই-ই ব্থন সমভাবে দেখিবার ক্ষতা হুরে, তথনই হয় উচ্চ অবহা।…ধ্যানমাত্রই সাকাৎ অভিচেতন-বোধ। পূর্ণ মন:সংষমে জীবাত্মা স্থুল শরীরের বন্ধন হইতে যথার্থই মুক্ত হইয়া নিজ স্বরূপের জ্ঞানলাভ করে। তথন জীবাত্মা বাহা চায়, তাহাই পায়। জ্ঞান ও শক্তি তো দেখানে পূর্ব হইতেই আছে। জীবাত্মা শক্তিহীন জড়ের সহিত নিজেকে মিশাইয়া ফেলিয়া কাঁদিয়া মরে, হায় হায় করে। নশ্বর বস্তুসমূহের সহিত জীবাত্মা নিজেকে মিশাইয়া ফেলে। ... কিন্তু যদি সেই মৃক্ত আত্মা কোন শক্তি প্রয়োগ করিতে চান, তবে তাহা পাইবেন। পকান্তরে যদি তিনি শক্তি প্রয়োগ করিতে না চান, তাহা হইলে উহা পাইবেন না। যিনি ঈশরকে জানিয়াছেন, তিনি ঈশরই হইয়া যান। এইরূপ মুক্ত পুরুষের পক্ষে কিছুই অসম্ভব নয়। তাঁহার আর অসমমৃত্যু নাই। তিনি চিবমুক্ত।

একাগ্ৰতা ও শ্বাদ-ক্ৰিয়া

মন একাপ্স করিবার ক্ষমতার ভারতমাই মাহ্য ও পশুর মধ্যে প্রধান পার্থকা। বে-কোন কাজে সাফল্যের মূলে আছে এই একাপ্রতা। একাপ্রতার দক্ষে অল্পবিত্তর পরিচয় আমাদের সকলেরই আছে। ইহার ফল প্রতিদিনই আমাদের চোপে পড়ে। সন্ধীত, কলাবিতা প্রভৃতিতে আমাদের বে উচ্চাদের কৃতিছ, ভাহা এই একাপ্রতা-প্রস্তা। একাপ্রতার ক্ষমতা পশুদের একরকম নাই বলিলেই চলে। বাহারা পশুদের শিক্ষা দিয়া থাকেন, তাঁথাদিগকে এই কারণে বিশেষ বেগ পাইতে হয়। পশুকে বাহা শিখানো হয়, তাহা সে ক্রমাগত ভূলিয়া বায়; কোন বিবয়ে একসঙ্গে অধিকক্ষণ মন দিবার ক্ষমতা তাহার নাই। পশুর সঙ্গে মাহ্যবের পার্থকা এথানেই—মন একাপ্র ক্রার ক্ষমতা পশুর চেয়ে মাহ্যবের আনেক বেশী। মাহ্যবে মাহ্যবের পার্থক্যের কারণও আবার এই একাপ্রতার তারতম্য। স্বনিম ভ্রের মাহ্যবের সঙ্গের কারণও আবার এই একাপ্রতার তারতম্য। স্বনিম ভ্রের মাহ্যবের সঙ্গেল হয় বিভিন্নত ই এই পার্থকা স্কৃত্তি করিয়াছে। পার্থকা শুরু এইখানেই বিভিন্নত ই এই পার্থকা স্কৃত্তি করিয়াছে। পার্থকা শুরু এইখানেই বি

সকলেরই মন সময়ে সময়ে একাগ্র হট্যা বায়। বাহা আমাদের প্রির, ভাহারই উপর আহলা সকলে মনোনিবেশ করি; আবার বে বিষয়ে মনোনিবেশ করি, ভাহাই প্রিয় হট্যা উঠে। এমন মা কি কেহ আছেন, নিজের জেলের অভিসাধারণ মৃথগানিও বিনি ভালবাদেন না ? মায়ের কাছে সেই মুগধানিই অগতের ক্লরতম মুখ। মন সেখানে নিবিষ্ট করিয়াছেন বলিয়াই মুগধানি ভাহার প্রিয় হট্যাছে। সকলেই বিলি ঠিক সেই মুগধানির উপর মন বগাংতে পারিত, ভাহা হইলে ভাহার উপর সকলেই ভালবাদা জয়িত; সকলেই ভাবিত, এমন ক্লর মুখ আর হয় না। বাহা ভালবাদি, ভাহারই উপর আমরা মনোনিবেশ করি। ক্ললিত সমীত অবণকালে আমাদের মন সেই মুগীতেই আবদ্ধ হইয়া থাকে, ছাহা ছইছে আমরা মন সরাইয়া লইছে পারি না। উচ্চাকের সকীত বলিয়া বাহা প্রিচিত, ভাহাতে বাহাদের মন একাগ্র হয়, সাধারণ পর্বায়ের সকীত ভাহাদের ভাল লাগে না। ইহায় বিপরীতিটিও সত্য। ক্তত-লরের স্থীত অবণমান্ত মন ভাহাতে আকৃট হয়ঃ

ছেলেরা হালকা স্কীত পছন্দ করে, কারণ তাহাতে লয়ের ক্রততা মনকে বিষয়াস্তরে চলিয়া যাইবার কোন অবকাশই দেয় না। উচ্চালের স্কীত জটিলতর, এবং তাহা অহধাবন করিতে হইলে অধিকতর মান্দিক একাগ্রভার প্রয়োজন; সেইজন্মই সাধারণ স্কীত যাহারা ভালবাসে, উচ্চালের স্কীত ভাহাদের ভাল লাগে না।

এই ধরনের একাগ্রতার সব চেয়ে বড় দোষ হইতেছে এই বে, মন আমাদের আয়তে থাকে না, বরং মনই আমাদের চালিত করে। যেন সম্পূর্ণ বাহিরের কোন বস্তু আমাদের মনটিকে টানিয়া লইয়া যতক্ষণ খুশি নিজের কাছে ধরিয়া রাখে। স্বস্ধ্র সদীত শ্রবণকালে অথবা মনোরম চিত্রদূর্শনকালে আমাদের মন উহাতে দৃঢ়ভাবে লগ্ন হইয়া যায়; মনকে আমরা সেখান হইতে তুলিয়া আনিতে পারি না।

আমি বথন তোমাদের মনোমত কোন বিষয়ে তাল বক্তৃতা দিই, তথন আমার কথায় তোমাদের মন একাগ্র হয়। তোমাদের নিকট হইতে তোমাদের মনকে কাড়িয়া আনিয়া আমি তোমাদের ইচ্ছার বিক্ষণ্ডেও উহাকে ঐ প্রসঙ্গের মধ্যে ধরিয়া রাখি। এতাবে আমাদ্ধের অনিচ্ছা সঁথৈও বছ বিষয়ে মন আরুষ্ট হইয়া একাগ্র হয়। আমরা তাহাতে বাধা দিতে পারিনা।

এখন প্রশ্ন হইতেছে, চেটা করিয়া এই একাগ্রতা বাড়াইরা তোলা ও ইচ্ছামত তাহাকে নিয়ন্ত্রণ করা সম্ভব কি না। যোগীরা বলেন, হাঁ, তাহা সম্ভব; তাঁহারা বলেন, আমরা মনকে সম্পূর্ণ বশে আনিতে পারি। নৈতিক দিক হইতে একাগ্রতার ক্ষমতা বাড়াইয়া তোলায় বিপদও আছে; কোন বিবরে মন একাগ্র করিবার পর ইচ্ছামাত্র সেখান হইতে সে মন তুলিয়া লইতে না পারিলেই বিপদ। এরপ পরিস্থিতি বড়ই বন্ধণাদায়ক। মন তুলিয়া লইবার অক্ষমতাই আমাদের প্রায় সকল ছংথের কারণ। কাজেই একাগ্রতার শক্তি বাড়াইবার সব্দে সব্দে মন তুলিয়া লইবার শক্তিও বাড়াইয়া তুলিতে হইবে। বছবিশেষে মনোনিবেশ করির্তে শিধিলেই চলিবে না। প্রয়োজন হইলে মৃহর্তের মধ্যে দেখান হইতে মন সরাইয়া লইয়া বিবরান্ধরে তাহাকে নিবিষ্ট করিতে পারা চাই। এই উভয় ক্ষমতা সম্ভাবে অর্জন করিয়া চলিলে বিপদের কোন সম্ভাবনা থাকে না। ইহাই মনের প্রণালীবদ্ধ ক্রমোরতি। আষার মতে মনের একাগ্রতা-লাধনই শিক্ষার প্রাণ, শুধু তথ্য সংগ্রহ করা নহে। আবার বিদি আমাকে নতুন করিয়া শিক্ষালাভ করিতে হইত, এবং নিজের ইচ্ছামত আমি যদি তাহা করিতে পারিতাম, তাহা হইলে আমি শিক্ষণীয় বিষয় লইয়া মোটেই মাথা ঘামাইতাম না। আমি আমার মনের একাগ্রতা ও নির্ণিপ্ততার ক্ষমতাকেই ক্রমে ক্রমে বাড়াইয়া তুলিতাম; তারপর এভাবে গঠিত নিখুঁত যন্ত্রসহায়ে খুশিমত তথ্য সংগ্রহ করিতে পারিতাম। মনকে একাগ্র ও নির্লিপ্ত করিবার ক্রমতাবর্ধনের শিক্ষা শিশুদের একসকেই দেওয়া উচিত।

আমার সাধনা বরাবর একম্থী ছিল। ইচ্ছামত মন তুলিয়া লইবার ক্ষতা অর্জন না করিয়াই আমি একাগ্রতার শক্তি বাড়াইয়া তুলিয়াছিলাম; ইহাই হইয়াছে আমার জীবনে গভীরতম তঃখভোগের কারণ। এখন আমি খুশিমত মন তুলিয়া লইতে পারি; তবে ইহা শিথিতে হইয়াছে অনেক পরে।

কোন বিষয়ে ইচ্ছামত আমরা নিজেরাই ষেন মনোনিবেশ করিতে পারি;
বিষর বেন আমাদের মনকে টানিয়া না লয়। সাধারণতঃ বাধ্য হইরাই
আমরা মনোনিবেশ করি; বিভিন্ন বিষয়ের আকর্ষণের প্রভাবে আমাদের মন
সেধানে সংলয় হইয়া থাকিতে বাধ্য হয়, আমরা তাহাকে বাধা দিতে পারি
না। অনকে সংঘত করিতে হইলে, বেখানে ইচ্ছা করিব ঠিক সেখানেই
ভাহাকে নিবিত্ত করিতে হইলে বিশেষ শিক্ষার প্রয়োজন; অক্ত কোন উপায়ে
ভাহা হইবার নয়। ধর্মের অফুশীলনে মনঃসংঘম একান্ত প্রয়োজন। এ
অফুশীলনে মনকে ঘুরাইয়া মনেরই উপর নিবিত্ত করিতে হয়।

মনের নিয়ন্ত আরম্ভ করিতে হয় প্রাণায়াম হইতে। নিয়মিত খাসক্রিয়ার কলে দেহে সমতা আসে; তথন মনকে ধরা সহজ হয়। প্রাণায়াম
সভ্যাস করিতে হইলে প্রথমেই আসন বা দেহসংখানের কথা ভাবিতে হয়।
বে-কোন ভলিতে অনায়াসে বিদয়া থাকা যায়, তাহাই উপয়ুক্ত আসন।
মেরুক্ত বেন ভারমুক্ত থাকে, দেহের ভার যেন বক্ষ-পঞ্জরের উপর রাখা হয়।
কোন সকপোলক্ষিত কোলল অবলহনে মন-নিয়য়ণের চেটা করিও না,
এক্রাজ সহজ, সয়ল খাস-প্রথাসক্রিয়াই এ-পথে যথেই। বিবিধ কঠোর সাধনসহয়ের মনকে একাপ্র কয়িতে প্রয়াসী হইলে ভূল কয়া হইবে। সে-সব ক্রিতে
ফাইও না।

মন শরীরের উপর কার্য করে, আবার শরীরও মনের উপর ক্রিয়াশীল।
উভয়েই পরস্পরের উপর ক্রিয়া ও প্রতিক্রিয়া করিয়া থাকে। প্রত্যেক
মানিদিক অবহার অহরপ অবহা শরীরে ফ্টিয়া উঠে, আবার শরীরের প্রতিটি
ক্রিয়ার অহরপ ফল প্রকটিত হয় মনের ক্ষেত্রে। শরীর ও মনকে তৃটি আলাদা
বস্তু বলিয়া ভাবিলেও কোন ক্ষতি নাই, আবার তৃটি মিলিয়া একটি-ই শরীর—
ত্বল দেহ তাহার তুল অংশ, আর মন তাহার ক্রে অংশ—এরপ ভাবিলেও কিছু
আদে বায় না। ইহারা পরস্পর পরস্পরের উপর ক্রিয়া-প্রতিক্রিয়াশীল। মন
প্রতিনিয়ত শরীরে রূপায়িত হইতেছে। মনকে সংবত করিতে হইলে প্রথমে
শরীরের দিক হইতে আরম্ভ করা বেশী সহজ। মন অপেক্রা শরীরের সক্রে

বে ষয় ষত বেশী স্কা, তাহার শক্তিও তত বেশী। মন শরীরের চেয়ে অনেক বেশী স্কা, এবং অধিকতর শক্তিসম্পান। এজক্ত শরীর হইতে আরম্ভ করিলে কান্ত সহজ হয়।

প্রাণায়াম হইতেছে এমন একটি বিজ্ঞান, ষাহার সাহায্যে শরীর-অবলহনে অগ্রাসর হইয়া মনের কাছে পৌছানো চলে। এভাবে চলিতে চলিতে শরীরের উপর আধিপত্য আসে, তারপর শরীরের স্ক্র ক্রিয়াগুলি আমরা অভ্রত্তব করিতে আরম্ভ করি; ক্রমে স্ক্রতর ও গভীরতর প্রদেশে প্রবেশ করি, অবশেষে মনের কাছে গিয়া পৌছাই। শরীরের স্ক্র ক্রিয়াগুলি অহন্তৃতিতে আসামাত্র সেগুলি আয়ত্তে আসে। কিছুকাল পরে শরীরের উপর মনের কার্যগুলিও অহন্তব করিতে পারিবে। মনের একাংশ যে অপরাংশের উপর কার্ম করিতেছে, তাহাও ব্ঝিতে পারিবে; এবং মন বে আয়ুকেক্রগুলিকে কার্মে লাগাইতেছে, তাহাও অহন্তব করিবে; কারণ মনই আয়ুমগুলীর নিয়ন্তাও অধীশর। বিভিন্ন আয়ুম্পন্দন অবলম্বনে মনই ক্রিয়া করিতেছে, ইংগও টের পাইবে।

নিয়মিত প্রাণায়ামের ফলে—প্রথমে স্থূল শরীরের উপর ও পরে স্ক্রেশরীরের উপর আবিপ হ্য বিস্তারের ফলে মনকে আয়তে আনা বায়।

প্রাণানামের প্রথম ক্রিয়াটি সম্পূর্ণ নিরাপদ ও খুবই স্বাহ্যকর। ইহার সভ্যাদে আর কিছু না হউক স্বাস্থ্যপাত ও শরীবের সাধারণ অবহার উন্নতি হইবেই। বাকী প্রক্রিয়াগুলি ধীরে ধীরে ও সাবধানে করিতে হয়।

প্রাণায়াম

প্রাণায়াম বলিতে কি বুঝায়, প্রথমে আমরা তাহা একটু বুঝিতে চেষ্টা করিব। বিখের যত শক্তি আছে, অধ্যাত্মবিজ্ঞানে তাহার সমষ্টিকে 'প্রাণ' বলে। দার্শনিকদের মতে এই স্বষ্ট তরকাকারে চলে; তরক উঠিল, আবার পড়িয়া মিলাইয়া গেল, যেন গলিয়া বিলীন হইল। আবার এই-সব বৈচিত্ত্য লইয়া উঠিয়া আদিল, এবং ধীরে ধীরে আবার চলিয়া গেল। এইভাবে পর পর ওঠা-নামা চলিতে থাকে। জড়পদার্থ ও শক্তির মিলনে এই বিশ্বহ্রাণ্ড রচিত হইয়াছে; সংস্কৃতশাস্ত্রাভিজ্ঞ দার্শনিকেরা বলেন: কঠিন, তরল প্রভৃতি যে-সব বস্তকে আমরা অভূপদার্থ বলিয়া থাকি, সে-সবই একটি মূল অভূপদার্থ হইতে উৎপন্ন হইয়াছে; তাঁহারা এই মূল পদার্থের নাম দিয়াছেন 'আকাশ' (ইথার); আর প্রকৃতির যে-দব শক্তি আমরা দেখিতে পাই, সেগুলিও **বে মূল শক্তির অ**ভিব্যক্তি, তাহার নাম দিয়াছেন 'প্রাণ'। আকাশের উপর এই প্রাণের কার্বের ফলেই বিশ্বস্ঞি হয়, এবং একটি স্থনির্দিষ্ট কালের অস্তে— অর্থাৎ কল্পান্তে—একটি স্পষ্টর বিরতি-সময় আদে। একটি স্পষ্টপ্রবাহের পর কিছুক্রণ বিরতি আসিয়া থাকে—সব কাজেই এই নিয়ম। খধন প্রালয়কাল আলে, তথন পৃথিবী চন্দ্র সূর্য তারকারান্ধি প্রভৃতির সহিত এই পরিদুখ্যমান বিশ্বক্ষাও বিলীন হইতে হইতে আবার আকাশে পরিণত হয়; সমস্তই খণ্ড বিখণ্ড হইয়া আকাশে লীন হয়। মাধ্যাকৰ্ষণ, আকৰ্ষণ, গডি, চিন্তা প্রভৃতি শরীরের ও মনের যাবতীয় শক্তিও বিকীর্ণ হইতে হইতে আবার মূল 'প্রাণে' লীন হইয়া যায়। ইহা হইতেই আমরা প্রাণায়ামের গুরুছ হৃদয়ক্ষম করিতে পারি। এই আকাশ ধেমন সর্বত্তই আমাদের ঘিরিয়া রহিয়াছে এবং আমুরা ভাহাতে ওতপ্রোত হইয়া আছি, সেইরূপ এই শবিদুখ্যমান সব কিছুই আকাশ হইতে স্ষ্ট ; হ্রদের ব্রুলে ভাসমান বরফের টুকরার মতো আমরাও এই ইথারে ভাসিয়া বেড়াইতেছি। বরফের টুকরাগুলি হ্রদের ৰণ দিয়াই গঠিত, আবার সেই জলেই ভাসিয়া বেড়ায়। বিখের সম্দয় পদার্থও তেমনি 'আকাশ' দিয়া গঠিত এবং 'আকাশে'র সমূত্রেই ভাসিয়া বেড়াইভেছে। প্রাণের অর্থাৎ বল ও শক্তির বিশাল সমূত্রও ঠিক এই-

ভাবেই আমাদের ঘিরিয়া বহিয়াছে। এই প্রাণসহায়েই আমাদের খাস-ক্রিয়া চলে, দেহে রক্তচলাচল হ্য়; এই প্রাণই স্নায়ুর ও মাংসপেশীর শক্তিরূপে এবং মন্তিক্ষের চিন্তারূপে প্রকাশ পায়। সব শক্তিই বেমন একই প্রাণের বিভিন্ন বিকাশ মাত্র, তেমনি সব পদার্থই একই আকাশের বিবিধ অভিব্যক্তি। স্থলের কারণ সব সময়েই সক্ষের মধ্যে শুঁজিয়া পাওয়া বায়। িকোন রসায়নবিদ্ যথন একথণ্ড স্থুল মিশ্রপদার্থ লইয়া ভাহার বিল্লেষণ করিতে থাকেন, তখন তিনি বস্তুত: এই স্থুল পদার্থটির উপাদান স্কল্ম পদার্থের অন্তুদন্ধানেই ব্যাপুত হন। আমাদের চিন্তা ও জ্ঞানের বেলাও ঠিক একই কথা; স্থুলের ব্যাখ্যা স্ক্রের মধ্যে পাওয়া যায়। স্ক্র কারণ, স্থুল ভাহার কার্য। যে স্থুল বিশ্বকে আমরা দেখি, অহুভব করি, স্পর্শ করি, তাহার কারণ ও ব্যাখ্যা পাওয়া যায় তাহার পিছনে চিস্তার মধ্যে। চিস্তার কারণ ও ব্যাখ্যা আবার পাওয়া যায় আরও পিছনে। আমাদের এই মহয়দেহেও হাত নাড়া, কথা বলা প্রভাত স্থল কার্যগুলিই আগে আমাদের নজরে পড়ে; কিন্তু এই কার্যগুলির কারণ কোথায় ? দেহ অপেকা স্ক্রতর স্নায়্গুলিই ভাহার কারণ; সে স্বায়্র ক্রিয়া মোটেই আমাদের অহভবে আসে না; তাহা এত স্ক্ষ যে, আমরা তাহা দেখিতে পাই না, স্পর্শ করিতে পারি না; তাহা ইন্দ্রিয়ের ধরা-ছোঁয়ার একেবারে বাহিরে। তবু আমরা জানি যে, দেহের এই-সব স্থুল কার্যের কারণ এই স্নায়্রই ক্রিয়া। এই স্নায়্র গতিবিধি স্বাবার দেই-সব স্ক্রতর স্পন্নের কার্য, যাহাকে আমরা চিস্তা বলিয়া থাকি। চিন্তার কারণ **আবার তদপেক্ষা স্ক্ষতর একটি বস্ত, যাহাকে আত্মা—মাহুষে**র চরম সত্তা অথবা জীবাত্মা বলে। নিজেকে ঠিকমত জানিতে হইলে আগে স্বীয় অমুভবশক্তিকে স্ক্ষ করিয়া তুলিতে হইবে। এমন কোন অহবীক্ষণযন্ত্ৰ বা এ-জাতীয় কোন যন্ত্ৰ এখনও আবিষ্কৃত হয় নাই, যাহা দারা আমাদের অন্তরের স্ক ক্রিয়াগুলিকে দেখা **বায়। এই-জাতীয় উ**পায় অবলম্বনে কথনও সেগুলি দেখা সম্ভব নয়। তাই যোগী এমন একটি বিজ্ঞান আয়ত্ত করিয়াছেন, যাহা তাঁহাকে নিজের মন পর্ববেক্ষণ ক্লরিবার উপযোগী যন্ত্র গঠন করিয়া দেয়; সে যন্ত্রটি মনের মধ্যেই রহিয়াছে। **ত্তুল জি**নি^স ধরিবার মতো এমন শক্তি মন পায়, যাহা কোন বল্লের ছারা কোনকালে পাওয়া সম্ভব নয়।

এই সন্মাতিসন্ম অহভবশক্তি লাভ করিতে হইলে আমাদিগকে স্থল হইতে শুক্ক করিতে হইবে। শক্তি যত স্থন্ন ও স্থন্নতর হইয়া আনিবে, ততই আমরা নিজ প্রকৃতির গভীরতর—গভীরতম প্রদেশে প্রবেশ করিব। প্রথমে আমরা সমস্ত ছুল ক্রিয়াগুলি ধরিতে পারিব, তারপর চিস্তার স্থার গভিবিধি-গুলি; চিন্তা উদিত হইবার পূর্বেই তাহার সন্ধান পাইব, উহার পতি কোন্ দিকে এবং কোথায় ভাহার শেষ, সব কিছুই ধরিতে পারিব। ষেমন ধর, সাধারণ মনে একটি চিস্তা উঠিল। মন জানে না—চিস্তাটি উৎপন্ন হইল কিভাবে বা কোথার। মন খেন সমুদ্রের মতো এক তরকের উৎস। কিছ তরকটি দেখিতে পাইলেও মামুষ বৃঝিতে পারে না—কি করিয়া উহা হঠাৎ সমূথে উপস্থিত হইল, কোথায় তাহার জন্ম, কোথায় বা ভাহার বিলয়। তরকটি দেখা ছাড়া বেশী আর কিছুর সন্ধান সে জানে না। কিছ অহতব-শক্তি যথন স্ক্র হইয়া আদে, তখন উপরের ভরে উঠিয়া আদার বহু পূর্বেই তরকটি সম্বন্ধে আমরা সচেতন হইতে পারি; আবার তরকটি অদুখ্য হইবার পরও বহুদুর পর্যন্ত উহার গতিপথের অহুসরণ করিতে পারি। তখনই ৰথাৰ্থ মনন্তত্ত্ব বলিতে যাহা বোঝায়, ভাহা বোধগম্য হয়। লোকে আককাল নানা বিষয়ে মাথা ঘামাইয়া ব্ৰু গ্ৰন্থ করিতেছে; কিন্তু এ-সৰ গ্ৰন্থ মাসুষকে শুধু ভুল পথে পরিচালিত করে। কারণ নিজেদের মন বিল্লেষণ করিবার মত ক্ষমতা না থাকায় গ্রন্থ-রচয়িতারা যে-সব বিষয় সম্বন্ধে কথনও স্বয়ং কোন জ্ঞানলাভ করেন নাই, অহমানমাত্র সহায়ে সেই-সব বিষয় লইয়া আলোচনায় প্রবৃত্ত হন। বিজ্ঞানমাত্রকেই ভথ্যের উপর প্রভিষ্ঠিত হইতে হইবে, এবং সে তথ্যগুলিরও পর্যবেক্ষণ ও সামান্তীকরণ অবশ্র প্রয়োজন। সামাখ্যীকরণ করিবার জন্ম কতকগুলি বিশেষ তথ্য ষতক্ষণ না পাওয়া যাইতেছে, ততক্ষণ করিবার আর থাকেই বা কি? কাজেই সাধারণ তত্তে পৌছাইৰার সব প্রচেষ্টা নির্ভর করিভেছে—বে বিষয়গুলির আমরা সামান্সীকরণ করিতে চাই, সেগুলি সম্বন্ধে জ্ঞান আহরণ করিবার উপর। একজন একটি কল্লিত ষত গড়িয়া তুলিল, তারপ্রর,সেই মতকে ভিত্তি করিয়া অহমানের পর অছ্যান চলিতে লাগিল; শেষে লমগ্র গ্রন্থটি ওধু অহুমানে ভরিয়া গেল, যাহার কোনটিরই কোন অর্থ হয় না। রাজবোগ-বিজ্ঞান বলে, সর্বপ্রথম নিজের মন সমনে কভকগুলি তথ্য তোমাকে সংগ্রহ করিতেই হইবে; নিজের

মন বিশ্লেষণ করিয়া, মনের স্ক্র অহভব-শক্তি বাড়াইয়া ভূলিয়া মনের স্ক্রিকর কি ঘটিতেছে, নিজে তাহা দেখিয়া এ-কাজ করা যায়; ভগ্যগুলি সংগৃহীত হইবার পর দেওলির সামাক্তীকরণ কর। তাহা হইলেই বথার্থ মনতত্ত্ব-বিজ্ঞান আয়ন্ত হইবে। আগেই বলিয়াছি, কোন স্বন্ধ প্রভ্যকে পৌছাইডে হইলে প্রথম তাহার স্থুল অংশের সাহাষ্য লইতে হইবে। বাহিষে যাহা কর্মপ্রবাহের আকারে প্রকাশ পায়, ভাহাই েই স্থুগতর অংশ। সেটিকে ধরিয়া ষদি আমরা ক্রমে আরও অগ্রসর হই, তাহ। হইলে ক্রমে স্ক্রতর হইতে হইতে অবশেষে উহা স্ক্ষতম হইয়া ষাইবে। এইরূপে দ্বির হয়, আমাদের এই শরীর বা তাহার ভিতরে যাহা কিছু আছে, সেওলি স্বতন্ত্র বস্তু নহে; বস্তুত: উহারা সুদ্ম হইতে স্থুল পর্যস্ত বিস্তৃত একই শৃহ্মলের পরস্পর-সংলগ্ন বিভিন্ন গ্রন্থি ব্যতীত আর কিছুই নহে। সবগুলিকে লইয়া তুমি একটি গোটা মামুষ; এই দেহটি অস্তরের একটি বাহু অভিব্যক্তি বা একটি কঠিন আবরণ ; বহির্ভাগটি স্থলতর, অন্তর্ভাগটি স্ক্রাতর ; এমনি ভাবে স্কর হইতে স্ক্ষতর দিকে চলিতে চলিতে অবশেষে আত্মার কাছে গিয়া পৌছিবে। এভাবে আত্মার সন্ধান পাইলে তথন গোঝা যায়, এই আত্মাই সববিছু অভিব্যক্ত করিতেছেন ; এই আত্মাই মন হইয়াছেন, শরীুুুর হইয়াছেন ; আত্মা ছাড়া অক্ত কোন কিছুব অন্তিত্বই নাই. বাকী যাহা কিছু দেখা যায়, তাহা বিভিন্ন স্তবে আহাবই ক্রমবর্ধমান স্থুলাকারে অভিব্যক্তি মাত্র। এই দৃষ্টান্তের অহুলরণ করিলে বৃঝিতে পারা যায়—এই বিশ জুড়িয়া একটি স্থূল অভিব্যক্তি রহিয়াছে, আর তাহার পিছনে রহিয়াছে স্কল স্পান্দন, যাহাকে ঈশরেছা বলা যার। ভাহারও পশ্চাতে আমরা এক অখণ্ড পরমাত্মার সন্ধান পাই এবং তখনই বুঝিতে শারি, মেই পরমাত্মাই ঈশব ও জগৎরূপে প্রকাশিত হইয়াছেন, এবং ইহাও অমুভূত হয় যে, জগৎ ঈশ্বর এবং পরমান্তা পরস্পর অত্যম্ভ ভিন্ন নছেন ; ফলত: তাহারা একটি মৌলিক সন্তারই বিভিন্ন অভিব্যক্ত অবহা। প্রাণায়।মের ফলেই এ সমস্ত তথ্য উন্দাটিত হয়। শ্রীরের অভ্যন্তরে এই যে-সব স্ক্র স্পন্দন চলিতেছে, তাহারা খাদক্রিয়ার দকে জড়িত। এই খাদক্রিয়াকে যদি আমরা আয়তে আনিতে পারি, এবং তাহাকে ইচ্ছামুরণ পরিচালিত ও নিয়মিত করিতে পারি, তাহা হইলে ধীরে ধীরে ফক্ষ স্ক্ষতর গতিগুলিকেও ধরিতে পারিব, এবং এইরূপে এই শাসক্রিয়াকে ধরিয়াই মনোরাজ্যের ভিতরে প্রবেশ করিব।

পূর্বপাঠে তোমাদের যে প্রাথমিক খাদক্রিয়া শিখাইয়াছিলাম, ভাহা একটি সাষ্ট্রিক অভ্যাস মাত্র। এই খাসক্রিয়া নিয়ন্ত্রণের উপায়গুলির মধ্যে কয়েকটি আৰাৰ পুৰ কঠিন; আমি অবশ্য কঠিন উপায়গুলি বাদ দিয়া বলিবার চেষ্টা করিব, কারণ কঠিনতর সাধনগুলির জন্ত আহার ও অক্সান্ত বিষয়ে অনেকখানি সংখ্যের প্রয়োজন, আর তাহা তোমাদের অধিকাংশের পক্ষেই সম্ভব নয়। কাজেই সহজ ও মন্বতর সাধনগুলি সন্ধাই আমরা আলোচনা করিব। এই খাসক্রিয়ার তিনটি অঙ্গ আছে। প্রথম অঙ্গ হইতেছে নি:খাস টানিয়া লওয়া, ষাহার সংস্কৃত নাম 'পুরক' বা পূর্ণীকরণ ; দিতীয় অঙ্গের নাম 'কুন্ডক' বা ধারণ, অর্থাৎ শাস্ধন্ত বায়ুপূর্ণ করিয়া ঐ বায়ু বাহির হইতে না দেওয়া; তৃতীয় অঙ্গের নাম 'রেচক' অর্থাৎ খাসত্যাগ। যে প্রথম সাধনটি আৰু আমি ভোমাদিগকে শিধাইতে চাই, ভাহা হইতেছে সহজভাবে খাস টানিয়া লইয়া কিছুক্ণ দম বন্ধ রাখিয়া পরে ধীরে ধীরে খাস ত্যাগ করা। তারপর প্রাণায়ামের আর একটি উচ্চতর ধাপ আছে, কিন্তু আৰু আর সে-বিষয়ে কিছু বলিৰ না; কারণ ভাহার সব কথা ভোমরা মনে রাখিতে পারিবে না; উহা বড়ই অটিল। শাদক্রিয়ার এই তিনটি অক মিলিয়া একটি 'প্রাণাগাম' হয়। এই খাদক্রিয়ার নিয়ন্ত্রণ প্রয়োজন, কারণ নিয়ন্ত্রিত না হইলে উহার অভ্যাদে বিশন্থ আছে। সেজ্জু সংখ্যার সাহাষ্যে ইহার নিঃল্লণ করিতে হয়; ভোষাদিগকে সর্বনিম্ন সংখ্যা লইয়াই আরম্ভ করিতে বলিব। চার সেকেও ধরিয়া খাদ গ্রহণ কর, ভারপর আট সেকেও কাল দম বন্ধ করিয়া রাথো; পরে আবার চার দেকেও ধরিয়া ধীরে ধীরে উহা পরিভ্যাগ কর।* আবার প্রথম হইতে শুক্ল কর; এভাবে সকালে চারবার ও সন্ধ্যায় চারবার করিয়া অভ্যাদ করিবে। আর একটি কথা আছে। এক-ছই-তিন বা এই ধরনের অর্থহীন সংখ্যা গণনা অপেকা নিজের কাছে পবিত্র বলিয়া মনে হয়, এমন কোন শব্দ অপের সহিত খাস-নিয়ন্ত্রণ করা ভাল। বেমন আমাদের দেশে 'ওঁ' নামক একটি দাঙ্কেতিক শব্দ আছে। 'ওঁ' ঈশবের প্রতীক। এক, ছই, তিন, চার —এই-সব সংখ্যার পরিবর্তে 'ওঁ' ত্রপ করিলে উদ্দেশ্য ভালভাবেই দিক হয়।

^{*} সংখ্যা বখন ছই-আট-চার হয়, তখন এই প্রক্রিয়াই কঠিনতর হইরা উঠে। শুরুর উপদেশ লইয়া এঞ্চিন অজ্যাস করিতে হয়।

আর একটি কথা। প্রথমে বাম নাক দিয়া নিশাদ টানিয়া ভান নাক দিয়া উহা ছাড়িতে হইবে, পরে ভান নাক দিয়া টানিয়া বাম নাক দিয়া ছাড়িতে হইবে। তারপর আবার পদ্ধতিটি পালটাইয়া লও; এইভাবে পরপর চল। প্রথমেই চেষ্টা করিতে হইবে, বাহাতে খুলিমত শুধু ইচ্ছালজ্ঞি সহায়ে বে-কোন নাক দিয়া খাসক্রিয়া করিবার লজ্ঞির অধিকারী হইতে পারো। কিছুদিন পর ইহা সহজ হইয়া পড়িবে। কিন্তু মৃশকিল এই বে, এখনই ভোমাদের সে লজ্ঞিনাই। কাজেই এক নাক দিয়া খাদগ্রহণ করার সময় অপর নাকটি আঙুল দিয়া বন্ধ করিয়া রাখিবে, এবং কুন্তকের সময় উভন্ন নাদারক্রই এভাবে বন্ধ করিয়া রাখিবে।

পূর্বে বে ছইটি বিষয় শিখাইয়াছি, উহাও ভূলিলে চলিবে না। প্রথম কথা, দেহ সোজা রাখিবে; দিতীয় কথা, ভাবিবে যে ভোমার শরীর দৃঢ় এবং অট্ট—স্বস্থ ও সবল। তারপর চতুর্দিকে প্রেমের প্রবাহ ছড়াইয়া দিবে, ভাবিবে সারা জগৎ আনন্দে ভরপ্র। পরে—যদি দিবরে বিশাস থাকে, তবে প্রার্থনা করিবে। তারপর প্রাণায়াম আরম্ভ করিবে। ভোমাদের আনেকেরই মধ্যে হয়তো সর্বাকে কম্পন, অবথা ভয়জনিত সায়বিক অস্থিরতা প্রভৃতি শারীরিক বিকার উপস্থিত হইবে। কাহারও বা কারা পাইবে, কখনও কখনও মানসিক আবেগোচ্ছাস হইবে। কিছু ভয় পাইও না; সাধনাবস্থায় এ-সব আসিয়াই থাকে। কারণ গোটা শরীরিট্রকে বেন নতুন করিয়া ঢালিয়া সাজিতে হইবে। চিস্ভার প্রবাহের জ্যু মন্তিকে ন্তন নৃতন প্রণালী নির্মিত হইবে, যে-সব সায়ু সারা জীবনে কখনও কাজে লাগে নাই, সেগুলিও স্কিয় হইরা উঠিবে, এবং শরীরেও সম্পূর্ণ নৃতন ধরনের বছ পরিবর্তন-পরস্পরা উপস্থিত হইবে।

धान

স্বামীজীর এই বন্ধৃতাটি ১৯০০ খঃ তরা এপ্রিল আমেরিকা বৃদ্ধরাষ্ট্রের স্যান ফ্রান্সিকো শহরে ওরাশিটেন হলে প্রদন্ত। সাক্ষেতিক লিপিকার ও অনুলেখিকা—আইডা আনুদ্রেন। বেখানে লিপিকার স্বামীজীর কিছু কথা ধরিতে পারেন নাই, সেখানে করেকটি বিন্দুচিক · · দেওরা হইরাছে। প্রথম বন্ধনীর () মধ্যেকার শব্দ বা বাক্য স্বামীজীর নিজের নয়, ভাব-পরিক্ষুটনের ক্রম্ন হইরাছে। মূল ইংরেজী বৃদ্ধতাটি হলিউড বেদান্তকেক্রের মুখপত্র Vedanta and the West পত্রিকার ১২২তম সংখ্যার (মার্চ-এপ্রিল, ১৯৫৫) মুজিত হইরাছে।

সকল ধর্মই 'ধ্যানে'র উপর বিশেষ জোর দিয়াছে। যোগীরা বলেন, ধ্যানমগ্ন অবস্থাই মনের উচ্চতম অবস্থা। মন ষ্থন বাহিরের বস্তু অমুশীলনে রভ থাকে, ভখন ইহা সেই বস্তুর সহিত একীভূত হয় এবং নিজেকে হারাইয়। ফেলে। প্রাচীন ভারতীয় দার্শনিকের উপমায় মাহুষের মন যেন একখণ্ড স্ফটিকের মতো—নিকটে ষাহাই থাকুক, উহা ভাহারই রঙ ধারণ করে। অস্তঃকরণ যাহাই স্পর্শ করে,...তাহারই রঙে উহাকে রঞ্জিত হইতে হয়। ইহাই তো সমস্থা। ইহারই নাম বন্ধন। ঐ রঙ এত তীব্র যে, ফটিক নিজেকে বিশ্বত হইয়া বাহিরের রঙের সহিত একীভূত হয়। মনে কর-একটি ফটিকের কাছে একটি লাল ফুল রহিয়াছে; ক্ষটিকটি উহার রঙ গ্রহণ করিল এবং নিব্দের স্বচ্ছ স্বরূপ ভূলিয়া নিব্দেকে লাল রঙের বলিয়াই ভাবিতে লাগিল। আমাদেরও অবস্থা এরূপ দাড়াইয়াছে। আমরাও শরীরের রঙে রঞ্জিত হইয়া আমাঞ্জে ৰথাৰ্থ স্বন্ধপ ভূলিয়া গিয়াছি। (এই প্ৰান্তির) অহগামী লব হঃ খই সেই এক অচেতন শরীর হইতে উড়্ত। আমাদের সব ভয়, হৃশ্চিস্তা, উৎকণ্ঠা, বিপদ, ভুল, ভুৰ্বলতা, পাপ সেই একমাত্র মহালান্তি—'আমরা শরীর' এই ভাব হইতেই জাত। ইহাই হইল সাধারণ মাহুষের ছবি। সন্নিহিত পুষ্পের বৰ্ণাহুরঞ্জিত স্ফটিকতুলা এই জাব! কিন্তু স্ফটিক ষেমন লাল ফুল নয়, আমরাও তেমনি শরীর নই।

ধ্যানাভ্যাদ অনুদর্গ করিতে করিতে ফটিক নিজের স্বরূপ জানিতে পারে এবং নিজ রঙে রঞ্জিত হয়। অস্তান্ত কোন প্রণাদী অপেকাধ্যানই আমাদিগকে শত্যের অধিকত্তর নিকটে লইয়া যায়।… ভারতে হুই ব্যক্তির দেখা হুইলে (আজকাল) তাঁহারা ইংরেজীতে বলেন, 'কেমন আছেন ?' কিছু ভারতীয় অভিবাদন হুইল, 'আপনি কি স্বয় ?' বে মুহুর্তে আত্মা ব্যথীত তুনি অন্ত কিছুর উপর নির্ভর কবিবে, ভোমার ছুংখ আদিবার আশহা আছে। ধ্যান বলিতে আমি ইংাই বুঝি—আত্মার উপর দাঁড়াইবার চেষ্টা। আত্মা যখন নিজের অমধ্যানে ব্যাপৃত এবং স্মহিমায় প্রতিষ্ঠিত, তাহার তগনকার অবস্থাটিই নিশ্চিতরপে স্বস্থতম অবস্থা। ভাবোন্মাদনা, প্রার্থনা প্রভৃতি অপরাপর যে-সব প্রণালী আমাদের রহিয়াছে, সেগুলিরও চরম লক্ষ্য ঐ একই। গভীর আবেগের সময়ে আত্মা স্বরূপে প্রতিষ্ঠিত হুইতে চেষ্টা করে। যদিও এ আবেগটি হুরতো কোন বহির্বস্তকে অবলম্বন করিয়া উঠিয়াচে, কিন্তু মন সেখানে ধ্যানস্থ।

ধ্যানের তিন্ট শুর। প্রথমটিকে বলা হয় (ধারণা)—একটি বস্তুর উপরে একাগ্রতা-অভ্যাদ। এই মাস্টির উপর আমার মন একাগ্র করিতে চেষ্টা করিতেছি। এই গ্লাগটি ছাড়া অপর সকল বিষয় মন হইতে ভাড়াইয়া দিয়া শুধু ইংারই উপর মন:সংযোগ করিতে চেষ্টা করিতে হইবে। কিন্তু মন চঞ্চল। - - মন যথন দৃঢ় হয় এবং তত চঞ্চল নয়, তথনই ঐ অবস্থাকে 'ধ্যান' বলা হয়। আবার ইহা অপেকাও একটি উন্নততর অবস্থা আছে, যথন গাসটি ও আমার মধ্যে পার্থক্য সম্পূর্ণরূপে বিল্পু হয় (সমাধি বা পরিপূর্ণ ভন্ময়তা) : তথন মন ও গ্লাসটি অভিন্ন হইয়া যায়। উভয়ের মধ্যে কোন পার্থক্য দেখি না। তথন সকল ইন্দ্রিয় কর্মবিরত হয় এবং বে-সকল শক্তি অভাগ্র ইন্দ্রিয়ের মধ্য দিয়া ভিন্ন ভিন্ন পথে ক্রিয়া করে, সেগুলি (মনেভেই কেন্দ্রীভূত হয়)। তথন গ্লাদটি পুরাপুরিভাবে মন:শক্তির অধীনে আদিয়াছে। ইহা উপলব্ধি করিতে হইবে। যোগিগণের অহুষ্ঠিত ইহা একটি প্রচণ্ড শক্তির খেলা।… ধরা যাক বাহিরের বস্ত বলিয়া কিছু আছে। নে ক্ষেত্রে যাহা বাস্তবিকই আমাদের বাহিরে রহিয়াছে, ভাহা—আমরা যাঁহা দেখিতেছি, ভাহা নয়: যে গাণটি আমাদের চোখে ভাসিভেছে, গেটি নিশ্চয়ই আসল বহিবস্ত নয়! গ্লাস বলিয়া অভিহিত বাহিরের আগল বস্তুটিকে আমি জানি না এবং কখনও জানিতে পারিব না।

কোন কিছু আমার উপর একটি ছাপ রাখিল; তৎক্ষণাৎ আমি আমার প্রতিক্রিয়া জিনিদটির দিকে পাঠাইলাম এবং এই উভয়ের সংযোগের ফল হইল 'গান'। বাহিরের দিক হইতে উৎপন্ন ক্রিয়া—'ক' এবং ভিডর হইতে উখিত প্রতিক্রিয়:—'খ'। গানটি হইল 'ক-খ'। যখন 'ক'-এর দিকে তাকাইতেছ, তখন উহাকে বলিতে পারো 'বহির্জগৎ', আর যখন 'খ' এর দিকে দৃষ্টি দাও, তখন উহা 'অন্তর্জগৎ'।…কোন্টি ভোমার মন আর কোন্টি বাহিরের অগৎ—এই পার্থক্য উপলব্ধি করিতে চেটা করিলে দেখিবে, এরপ কোন প্রভেদ নাই। জগৎ হইতেছে তুমি এবং আরও কিছুর সমর্বায়…।

অক্ত একটি দৃষ্টাস্থ লওয়া যাক। তুমি একটি হ্রদের শাস্ত বুকে কতকগুলি পাথর ছু ড়িলে। প্রতিটি প্রস্তর নিক্ষেপের পরেই দেখা যায় একটি প্রতিক্রিয়া। প্রস্তর্ধওটিকে বেড়িয়া সবোধরের কতকগুলি ছোট ছোট টেউ উঠে। এইরূপেই বহির্জগতের বস্তুনিচয় যেন মন-রূপ সরোধরে উপল্রাশির মতো নিক্ষিপ্ত হইতেছে। অতএব আমরা প্রকৃতপক্ষে বাহিরের ক্রিনিল দেখি না…; দেখি শুধু তরক্ষ ।

মান উথিত তরদগুলি বাহিরে অনেক কিছু স্টে করে। আমরা আদর্শবাদ (idealism) ও বাত্তবাদের (realism) গুণসকল আলোচনা করিতেছি, না। মানিয়া লইতেছি—বাহিরের জিনিস রহিয়াছে, কিছু বাহা আমরা দেশি, তাহা বাহিরে অবস্থিত বস্তু হইতে ভিন্ন, কেন-না আমরা বাহা প্রত্যক্ষ করি, তাহা বহিংছ বস্তু ও আমাদের নিজেদের সন্তার একটি সম্বায়।

মনে কর—আমার প্রদন্ত বাহা কিছু, তাহা প্লাসটি হইতে উঠাইরা লইলাম।

কি অবশিষ্ট, রহিল ? প্রায় কিছুই নয়। প্লাসটি অদৃশ্র হইবে। বদি আমি আমার প্রদন্ত বাহা কিছু, তাহা এই টেবিলটি হইতে সরাইয়া লই, টেবিলটি আফিবে না, কারণ ইহা উৎপন্ন হুইয়াছিল বহিবন্ধ ও আমার ভিতর হইতে প্রদন্ত কিছু এই চুই লইলা। (প্রস্তংখণ্ড) ব্যন্ত নিক্ষিপ্ত হউক না কেন, ত্রদ বেচারীকে তথনই উহার চারিপাশে তরক তুলিচে হইবে। যে-কোন উত্তেজনার জন্ম মনকে তরক স্থাই ক্রিভেই হইবে। মনে কর আমারা বেন মন বশীভূত করিতে পারি। ভংকণাৎ আমারা মনের প্রভূ হইব। আমারা বাহিরের ঘটনাগুলিকে আমারার হাহা কিছু দের, তাহা নিতে অবীকার ক্রিলাম…। আমি বদি আমার ভাগনা দিই, বাহিরের ঘটনা থানিতে বাধ্য।

অনবরতই তৃষি এই বন্ধন সৃষ্টি করিতেছ। কিন্ধপে? ভোষার নিজের জংশ দিয়া। আমরা সকলেই নিজেদের শৃত্যল গড়িয়া বন্ধন রচনা করিতেছি…। যথন বহিবস্ত ও আমার মধ্যে অভিন্ন বোধ করার ভাষ চলিয়া বাইবে, তথন আমি আমার (দের) ভাগটি তৃলিরা লইতে পারিব এবং বস্তুও বিল্পু হইবে। তথন আমি বলিব, 'এখানে এই গাসটি বহিরাছে,' আর আমি আমার মনটি উহা হইতে উঠাইয়া লইব, সজে সজে গাসটিও অদৃশ্র হইবে…। যদি তৃমি তোমার দেয় অংশ উঠাইয়া লইভে সমর্থ হও, তবে জলের উপর দিয়াও তৃমি হাঁটিতে পারিবে। জল আর তোমাকে তৃবাইবে কেন? বিষই বা তোমার কি করিবে? আর কোনপ্রকার কইও থাকিবে না। প্রকৃতির প্রত্যেক দৃশ্যমান বস্তুতে তোমার দান অস্ততঃ অর্ধেক এবং প্রকৃতির অর্ধাংশ। যদি তোমার অর্থভাগ সরাইয়া লওয়া যায় তো দৃশ্যমান বস্তুর বিল্পি ঘটিবে।

শেপ্রত্যেক কাজেরই সমপরিমাণ প্রতিক্রিয়া আছে । যদি কোন লোক আমাকে আঘাত করে ও কট দেয়—ইহা সেই লোকটির কার্য এবং (বেদনা) আমার শরীরের প্রতিক্রিয়া । মনে কর শাসার শরীরের উপুর আমার এতটা ক্রমতা আছে যে, আমি ঐ স্বরংচালিত প্রতিক্রিয়াট প্রতিরোধ করিতে সমর্থ। ঐক্রপ শক্তি কি অর্জন করা যার ? ধর্মশাস্ত্র (বোগশাস্ত্র) বলে, যায় । বিদি তুমি অক্তাতসারে হঠাৎ ইহা লাভ কর, তথন বলিয়া থাকো—'অলোকিক' ঘটনা। আর যদি বৈজ্ঞানিক প্রণালীতে শিক্ষা কর, তথন উহার নাম 'যোগ'।

মানসিক শক্তির ঘারা লোকের রোগ সারাইতে আমি দেখিয়াছি। উহা 'অলোকিক কর্মী'র কাজ। আমরা বলি, তিনি প্রার্থনা করিয়া লোককে নীরোগ করেন। (কিছ) কেছ বলিবেন, 'না, মোটেই না, ইহা কেবল তাহার মনের শক্তির ফল। লোকটি বৈজ্ঞানিক। তিনি আনেম, তিনি কি করিতেছেন।'

ধ্যানের শক্তি আমাদিগকে সব কিছু দিতে পারে। যদি তুমি প্রকৃতির উপর আধিপত্য চাও, (ইহা ধ্যানের অমুশীলনেই সভব হইবে)। আজকাল বিজ্ঞানের দকল আবিক্রিয়াও ধ্যানের গোরাই হইতেছে। জাহাল (বৈজ্ঞানিকগণ) বিষয়বশুটি তম্মস্থাবে অমুধ্যান করিতে থাকেল এবং সাল- কিছু ভূলিয়া বান—এমনকি নিজেদের সন্তা পর্যন্ত, আর জখন মহান্ সত্যটি বিদ্যুৎপ্রভার মতো আবিভূতি হয়। কেহ কেহ ইহাকে 'অমুপ্রেরণা' বলিয়া ভাবেন। কিছু নিঃশাসভ্যাগ বেমন আগছক নয় (নিবাস গ্রহণ করিলেই উহার ভ্যাগ সম্ভব), সেইরূপ 'অমুপ্রেরণা'ও অকারণ নয়। কোন কিছুই বৃধা পাওয়া যার নাই।

বীশুরীটের কার্বের মধ্যে আমর। তথাক্থিত শ্রেষ্ঠ 'অহ্প্রেরণা' দেখিতে পাই। তিনি পূর্ব পূর্ব জন্মে যুগ যুগ ধরিয়া কঠোর কর্ম করিয়াছিলেন। তাঁহার 'অহ্প্রেরণা' তাঁহার প্রাক্তন কর্মের—কঠিন শ্রমের ফল…। 'অহ্প্রেরণা' লইয়া ঢাক পিটানো অনর্থক বাক্যব্যয়। বদি তাহাই হইত, তবে ইহা বর্ষাধারার মতো পতিত হইত। ধে-কোন চিম্বাধারায় প্রত্যাদিট ব্যক্তিগণ সাধারণ শিক্ষিত (ও ক্লাষ্ট্রসম্পন্ন) জাতিসমূহের মধ্যেই আবিভূতি হন। প্রত্যাদেশ বলিয়া কিছু নাই। আহ্রমেরণা বলিয়া বাহা চলিতেছে, তাহা আর কিছুই নয়,—বে সংস্কারশুলি পূর্ব হইতেই মনের মধ্যে বাসা বাধিয়া আছে, সেশ্বলির কার্যপরিণত রূপ অর্থাৎ ফল। একদিন সচকিতে আসে এই ফল। তাহাদের অতীত কর্মই ইহার কারণ।

সেখানেও দেখিবে ধ্যানের শক্তি—চিন্তার গভীরতা। ইহারা নিজ নিজ আত্মান্তে মন্থন করেন। মহান্ সত্যসমূহ উপরিভাগে আদিয়া প্রতিভাত হয়। অতএব ধ্যানাভ্যাসই জানলাভের বিজ্ঞানসমত পছা। ধ্যানের শক্তিব্যতীক জ্ঞান হয় না। ধ্যানশক্তির প্রয়োগে অজ্ঞান, কুসংস্থার ইত্যাদি হইতে আহ্বা লামন্বিকভাবে মুক্ত হইতে পারি, ইহার বেশী নয়। মনে কর, এক ব্যক্তি আনাকে বলিয়াছে বে, এই বিষ পান করিলে মৃত্যু হইবে এবং আর এক ব্যক্তি লাজে আদিয়া বলিল, 'বাও, বিষ পান কর।' এবং বিষ থাইয়াও আল্লিয়া মৃত্যু হইল না (বাহা ঘটিল তাহা এই) : ধ্যানের ফলে বিষ ও আমার নিজের মধ্যে একছবোধ হইতে সামন্বিকভাবে আমার মন বিচ্ছিন্ন হইয়াছিল। স্বন্ধা শক্তে সাধারণভাবে বিষ পান করিতে গেলে মৃত্যু অবশ্রভাবী ছিল।

দি আনি কারণ জানি এবং বৈজ্ঞানিক উপারে আমাকে ধ্যানের অবহার উন্ধান করি, তবে বে-কোন লোককেই আমি বাঁচাইতে পারি। এই কথা (বোগ)-ক্রে লিপিবছ আছে, কিছ ইহা কডধানি নিভূল, ভাহার বিচার ভারনাই ক্ষিও। লোকে আমাকে জিজাদা করে: ভোমরা ভারতবাদীরা এ-সব ভার কর না কেন? অন্তান্ত জাতি অপেকা ভোমরা শ্রেষ্ঠ বলিয়া সর্বদা দাবি কর। ভোমরা বোগাতাদ কর এবং অন্ত কাহারও অপেকা ক্রুত অভ্যাদ কর। ভোমরা বোগাতর। ইহা কার্বে পরিণত কর! তোমরা বদি মহান্ জাতি হইয়া থাকো, ভোমাদের বোগপন্ধতিও মহান্ হওয়া উচিত। সব দেবতাকে ভোমাদের বিদায় দিতে হইবে। বড় বড় দার্শনিকদের চিস্তাধারা গ্রহণ করিবার সঙ্গে সঙ্গে দেবতাদের অ্যান্তবে দাও। ভোমরা বিশের অন্তান্তবের মতো কুদংস্কারাচ্ছর শিশু মাত্র। ভোমাদের দব কিছু দাবি নিফল। ভোমাদের বদি দাবি থাকে, সাহদের সহিত দাড়াও, এবং অর্গ বলিতে বাহা কিছু—সব ভোমাদের। কন্ত্রীয়ুগ ভাহার অন্তনিহিত সৌরভ লইয়া আছে, এবং শে জানে না—কোথা হইতে সৌরভ আদিভেছে। বছদিন পর দে সেই সৌরভ নিজের মধ্যেই খুজিয়া পায়। এ-সব দেবতা ও অন্তর ভাহাদের মধ্যে আছে। যুক্তি, শিকা ও সংস্কৃতির শক্তিতে জানো যে, ভোমার মধ্যেই দব আছে। দেবতা ও কুসংকারের আর প্রয়োজন নাই। ভোমরা যুক্তিবাদি), যোগী, যথার্থ আধ্যান্মিকতা সপ্তর হইতে চাও।

(আমার উত্তর এই: ভোমাদের নিকটও) সব কিছুই জড়। সিংহাসনে সমাদীন ঈশর অপেকা বেশী জড় আর কি হইতে পারে? মৃতিপুজক গরীব বেচারীকে তো ভোমরা ছাণা করিতেছ। তার চেয়ে ভোমরা বড় নও। আর ধনের পূজারী ভোমরাই বা কী! মৃতিপুজক ভাহার দৃষ্টর গোচরীভূত কোন বিশেষ কিছুকেই দেবভাজ্ঞানে পূজা করিয়া থাকে, কিছু ভোমরা জ্যো সেটুকুও কর না। আত্মার অথবা বৃদ্ধিগ্রাহ্ম কোন কিছুর উপাসনা ভোমরা কর না! ভোমাদের কেবল বাক্যাভ্যর। 'ঈশর চৈতর্থক্ষণ!' ঈশর চৈতর্থক্ষপই। প্রকৃত ভাব ও বিশাদ লইয়া ঈশরের উপাসনা করিতে হইবে। চৈত্ত্ম কোথার থাকেন গোছে? মে:ছ 'আমাদের ঈশর'—এই কথার অর্থ কি গু তুমিই ভো চৈত্ত্ম। এই মৌলিক বিশাদ্যিকে কথনই ভাগে করিও না। আমি চৈত্ত্য-সক্রণ। যোগের সমন্ত কোশল এবং ধ্যানপ্রণালী আহ্মার মধ্যে ঈশরকে উপলব্ধি করিবার জন্তা।

এখনই কেন এই সমন্ত বলিভেছি। যে পর্যন্ত না ভূমি (ঈশবের) যান নির্দেশ করিতে পারিবে, এ বিষয়ে কিছুই বলিভে পার_না। (ভাঁহার) প্রকৃত স্থান ব্যতীত স্থর্গে এবং মর্ত্যের সর্বত্র তৃমি তাঁহার অবস্থিতি নির্ণয় করিছে। আমিই চেতন প্রাণী, অতএব সমস্ত চেতনার সারভূত চেতনা আমার আত্মাতে অবশ্রই থাকিবে। ,বাহারা ভাবে ঐ চেতনা অস্ত কোথাও আছে, তাহারা মূর্য। অতএব আমার চেতনাকে এই স্থর্গেই অন্বেরণ করিতে হইবে। অনাদিকাল হইতে বেখানে বত স্থর্গ আছে, সে-সব আমার মধ্যেই। এমন অনেক বোগী ঋষি আছেন, বাঁহারা এই তত্ত্ব জানিয়া 'আবৃত্তচক্' হন এবং নিজেদের আত্মায় সমস্ত চেতনার চেতনাকে দর্শন করেন। ইহাই ধ্যানের পরিধি। ঈশ্বর ও তোমার নিজ আত্মা সম্বন্ধ প্রকৃত সত্য আবিকার কর এবং এইরূপে মৃক্ত হও।

তোমরা সকলেই জীবনের পিছু পিছু ছুটিয়া চলিয়াছ, আমরা দেখি—ইহা
মূর্যতামাত্র। জীবন অপেকা আরও মহত্তর কিছু আছে। পাঞ্চতিক
(এই জীবন) নিরুষ্টতর। কেন আমি বাঁচিবার আশায় ছুটিতে বাইব?
জীবন অপেকা আমার হান বে অনেক উচ্চে। বাঁচিয়া থাকাই সর্বদা দাসত্ব।
আমরা সর্বদাই (অজ্ঞানের সহিত নিজেদের) মিশাইয়া ফেলিতেছি…। স্বই
দাসত্বের অবিচ্ছির শৃত্বল।

তুমি যে কিছু লাভ কর, সে কেবল নিজের ঘারাই, কেহ অপরকে শিখাইতে পারে না। অভিজ্ঞতার মধ্য দিয়া (আমরা শিক্ষা করি) …এ যে ব্রকটি—উহাকে কখনও বিশাস করাইতে পারিবে না যে, জীবনে বিপদ্দাপদ আছে। আবার বৃদ্ধকে ব্রাইড়ে পারিবে না যে, জীবন বিপদ্দিহীন, মহণ। বৃদ্ধ অনেক তৃঃথকষ্টের অভিজ্ঞতা লাভ করিয়াছেন। ইহাই পার্থক্য।

ধ্যানের শক্তিষারা এ-সবই ক্রমে ক্রমে আমাদের বশে আনিতে হইবে।
আমরা দার্শনিক দৃষ্টিতে দেখিয়াছি বেঁ, আত্মা মন ভূত (জড় পদার্থ) প্রভৃতি
নানা বৈচিত্রের (বান্তব সন্তা কিছু নাই।) শ্যাহা বর্তমান, তাহা 'একমেবাবিতীয়েম্'। বহু কিছু থাকিতে পারে না। জ্ঞান এবং বিজ্ঞানের অর্থ ইহাই।
আজ্ঞানের জন্মই বহু দেখি। জ্ঞানে একছের উপলব্ধি শা বহুকে একে পরিণত '
করাই বিজ্ঞান শা সমগ্র বিশের একছ প্রমাণিত হইয়াছে। এই বিজ্ঞানের নাম
বেদান্ত-বিদ্যা। সমগ্র জগৎ এক। আপাতপ্রতীয়মান বৈচিত্রের মধ্যে সেই
'এক' অসুস্যুত হইয়া রহিয়াছে।

আমাদের পক্ষে এখন এই-সকল বৈচিত্র্য রহিয়াছে, আমরা এগুলি দেখিতেছি—অর্থাং এগুলিকে আমরা বলি পঞ্চত্ত—ক্ষিত্তি, অপ্, তেজ, মকং ও ব্যোম্ (পাঁচটি মৌলিক পদার্থ)। ইহার পরে রহিয়াছে মনোময় সন্ত্রা, আর আধ্যাত্মিক সন্ত্রা তাহারও পারে। আত্মা এক, মন অন্ত, আকাশ অন্ত একটি কিছু ইত্যাদি—এরপ কিছু নয়। এ-সকল বৈচিত্র্যের মধ্যে একই সন্ত্রা প্রতীয়মান হইতেছে। ফিরিয়া গেলে কঠিন অবশ্রুই তরলে পরিণত হইবে। যেভাবে মৌলিক পদার্থগুলির ক্রমবিকাশ হইয়াছিল, সেভাবেই আবার তাহাদের ক্রমনকোচ হইবে। কঠিন পদার্থগুলি তরলাকার ধারণ করিবে, তরল ক্রমে ক্রমে আকাশে পরিণত হইবে। নিধিল জগতের ইহাই কল্পনা—এবং ইহা সর্বজনীন । বাহিরের এই জগৎ এবং সর্বজনীন আত্মা, মন, আকাশ, মকং, তেজ, অপ্ ও ক্ষিত্তি আছে।

মন সহদ্ধেও একই কথা। ক্ষুত্ৰ জগতে বা অন্তৰ্জগতে আমি ঠিক ঐ এক।
আমিই আআা, আমিই মন। আমিই আকাশ, বায়ু, তরল ও কঠিন পদার্থ।
আমার লক্ষ্য আমার আত্মিক সন্তায় প্রত্যাবর্তন। একটি ক্ষুত্র জীবনে
'মাহ্যকে' সমগ্র বিধের জীবন যাপন করিতে হইবে। এরূপে মাহ্য এ-জন্মেই
মৃক্ত হইতে পারে। তাহার নিজের সংক্ষিপ্ত জীবংকালেই সে বিশ্বজীবন অতিবাহিত করিবার ক্ষমতা লাভ করিবে।

আমরা সকলেই সংগ্রাম করি। শেষ্দি আমরা পরম সত্যে পৌছিতে না পারি, তবে অস্ততঃ এমন স্থানেও উপনীত হইব, যেখানে এখনকার অপেকা উন্নতত্র অবস্থাতেই থাকিব।

এই অভ্যাদেরই নাম ধ্যান। (সব কিছুকে সেই চরম সত্য—আত্মাতে পর্যবিদিত করা।) কঠিন দ্রবীভূত হইয়া তরলে, তরল বাষ্পে, বাষ্প ব্যোম্ বা আকাশে আর আকাশ মনে রূপান্তরিত হয়। তারপর মনও গলিয়া বাইবে। শুধু থাকিবে আত্মা—সবই আত্মা।

বোগীদের মধ্যে কেহ কেহ দাবি করেন যে, এই শরীর তরল বাশ ইত্যাদিতে পরিণত হইবে। তুমি শরীর ধারা যাহা খুশি করিতে পারিবে— ইহাকে ছোট করিতে পারো, এমন কি বান্দেও পরিণত করিতে পারো, এই দেওয়ালের মধ্য দিয়া যাতায়াতও সম্ভব হইতে পারে—এই রকম তাঁহারা দাবি, করেন। আমার অবশ্রই জানা নাই। আমি কাহাকেও এক্লপ করিতে কখনও শেখি নাই। কিছ যোঁগণায়ে এই-সব কথা আছে। যোগণায়গুলিকে অবিশাস করিবার কোন হেতু নাই।

হয়তো আমাদের মধ্যে কেহ কেহ এই জীবনে ইহা সাধন করিতে সমর্থ হইবেন। আমাদের পূর্বকৃত কর্মের ফলে বিহাৎপ্রভার ন্থার ইহা প্রতিভাত হয়। কে জানে এথানেই হয়তো কোন প্রাচীন ধোগী রহিয়াছেন, যাহার মধ্যে সাধনা সম্পূর্ণ করিবার সামান্তই একটু বাকী। অভ্যাস!

একটি চিস্তাধারার মাধ্যমে ধ্যানে পৌছিতে হয়। ভূডপঞ্চের শুদ্ধীকরণ-প্রক্রিয়ার মধ্য দিয়া ষাইতে হয়—এক-একটিকে অপরটির মধ্যে দ্রবীভূত করিয়া স্থল হইতে পরবর্তী স্ক্রে, স্ক্রভরে, তাহাও আবার মনে, মনকে পরিশেষে আত্মায় মিশাইয়া দিতে হয়। তথন তোমরাই আত্মন্তরণ।*

জীবাত্মা সদামূক্ত, সর্বশক্তিমান্, সর্বজ্ঞ। অবশ্য জীবাত্মা ঈশ্বরাধীন। ঈশ্বর অনেক হইতে পারেন না। এই মূক্তাত্মাগণ বিপুল শক্তির আধার প্রায় সর্বশক্তিমান্, (কিন্তু) কেহই ঈশ্বরত্ল্য শক্তিমান্ হইতে পারে না। যদি কোন মুক্ত পুরুষ বলেন. 'আমি এই গ্রহটিকে কক্ষ্চাত করিয়া ইহাকে এই পথ দিয়া পরিভ্রমণ করিতে বাধ্য করিব' এবং আর একজন মূক্তাত্মা যদি বলেন, 'আমি গ্রহটিকে এই পথে নয়, ঐ পথে চালাইব' (তবে বিশৃত্যলারই সৃষ্টি হইবে)।

তোমরা যেন এই ভূল করিও না। যথন আমি ইংরেজীতে বলি, 'আমি ঈশ্বর (God)', তাহার কারণ ইহা অপেক্ষা আর কোন যোগ্যতর শব্দ নাই। সংস্কৃতে 'ঈশ্বর' মানে সচিদানন্দ, জ্ঞান—শ্বয়ংপ্রকাশ অনস্ক চৈতন্ত। ঈশ্বর অর্থে কোন পরিচ্ছিন্ন ব্যক্তিবিশেষ নয়। তিনি নৈর্ব্যক্তিক ভূমা।…

আমি কখনও রাম নই, ঈশ্বরের (ঈশ্বরের সাকার ভাবের) সহিত কখনও এক নই, কিছু আমি (ব্রহ্মের সহিত—নৈর্ব্যক্তিক সর্বত্র-বিরাজ্যান

^{*} মৌলিক পদার্থগুলির শুদ্ধীকরণ ভূতশুদ্ধি নামে পরিচিত; ইহা ক্রিয়ামূলক উপাসনার অকবিশেষ। উপাসক অকুভব করিতে চেষ্টা করেন যে, তিনি ক্ষিতি, অপ্, ভেন্স, মরং, ব্যোম্—এই
পঞ্চরাভূতকে তাহাদের তন্মাত্রাপঞ্চক এবং জ্ঞানেক্রিয়গুলির সহিত মনে মিলাইয়া দিতেছেন। মন;
বৃদ্ধি ও বাষ্টি-অহংকারকে লীন করিয়া দেওয়া হয় মহং অর্থাৎ বিরাট অহং-এ। প্রকৃতি অর্থাৎ ব্রক্ষশক্তিতে মহৎ লীন হয় এবং প্রকৃতি লীন হয় ব্রন্ধ বা চরম সত্যে। মেরসমজ্জার পাদদেশে মূলাধারে
অবস্থিত কুওলিনীশক্তি উপাসকের চিন্তাধারার মধ্য দিয়া উচ্চতম জ্ঞানকেন্দ্র মন্তিবে সহস্রারে নীত হয়।
এই উচ্চতম কেন্দ্রে উপাসক পরমান্ধার সহিত একান্ধতার ধ্যানে নিরত থাকেন—অনুলেথক।

সন্তার দহিত) এক। এখানে একতাল কালা রহিয়াছে। এই কালা দিয়া আমি একটি ছেটে ইত্র তৈরি করিলাম আর তুমি একটি ক্সুকায় হাতি প্রস্তুত করিলে। উভয়ই কালার। তুইটিকেই ভাঙিয়া ফেল। তাহারা মূলত: এক—তাই একই মৃত্তিকায় পরিণত হইল। 'আমি এবং আমার পিতা এক।' (কিন্তু মাটির ইত্র আর মাটির হাতি কখনই এক হইতে পারে না।)

কোন জায়গায় আমাকে থামিতে হয়, আমার জ্ঞান অল্প। তুমি হয়তো আমার চেয়ে কিছু বেশী জ্ঞানী, তুমিও একস্থানে থামিয়া যাও। আবার এক আত্মা আছেন, বিনি সর্বশ্রেষ্ঠ। তিনিই ঈশ্বর, যোগাধীশ (স্রষ্টারূপে সপ্তণ ঈশর)। তথন তিনি সর্বশক্তিমান্ 'ব্যক্তি'। সকল জীবের হৃদয়ে তিনি বাদ করেন। তাঁহার শরীর নাই—শরীরের প্রয়োজন হয় না। ধ্যানের অভ্যাস প্রভৃতি দারা ধাহা কিছু আয়ত্ত করিতে পারো, যোগীক্র ঈখরের ধ্যান করিয়াও তাহা লভ্য। একই বস্ত আবার কোন মহাপুরুষকে, অথবা জীবনের ঐকতানকে ধ্যান করিয়াও লাভ করা যায়। এগুলিকে বিষয়গত ধ্যান বলে। স্থতরাং এইভাবে কয়েকটি বাহ্ন বা বিষয়গত বন্ধ লইয়া ধ্যান আরম্ভ করিতে হয়। বম্বগুলি বাহিরেও হইতে পারে, ভিতরেও হইতে পারে। যদি তুমি একটি দীর্ঘ বাক্য গ্রহণ কর, তবে তাহা মোটেই ধ্যান করিতে পারিবে না। ধ্যান মানে পুন: পুন: চিস্তা করিয়া মনকে ধ্যেয় বস্তুতে নিবিষ্ট করার চেষ্টা। মন সকল চিস্তাতরক থামাইয়া দেয় এবং জগৎও থাকে না। জ্ঞানের পরিধি বিভৃত হয়। প্রতিবারেই ধ্যানের ছারা তোমার শক্তি বৃদ্ধি হইবে। - আরও একটু বেশী কঠোর পরিশ্রম কর—ধ্যান গভীরতর হইবে। তথন তোসার শরীরের বা অক্ত কিছুর বোধ থাকিবে না। এইভাবে একঘণ্টা ধ্যানমগ্ন থাকার পর বাহ্ন অবস্থায় ফিরিয়া আসিলে তোমার মনে হট্বে যে, ঐ সময়টুকুতে তুমি জীবনে সর্বাপেক্ষা স্থন্দর শাস্তি উপভোগ করিয়াছ। ধ্যানই তোমার শরীরযন্ত্রটিকে বিশ্রাম দেবার একমাত্র উপায়। গভীরতম নিম্রান্তেও ক্রন্থ ,বিশ্রাম পাইতে পার না। গভীরতম নিদ্রাতেও মন লাফাইতে থাকে। কিন্তু (ধ্যানের) ঐ কয়েকটি মিনিটে ভোমার মন্তিকের ক্রিয়া প্রায় শুরু হইয়। যায়। ওধু একটু প্রাণশক্তি মাত্র থাকে। শরীরের জ্ঞান থাকে না। ভোমাকে কাটিয়া টুকরা টুকরা করিয়া ফেলিলেও তুমি টের পাইবে না। ধ্যানে এতই

আনন্দ পাইবে যে, তুমি অভ্যন্ত হালকা বোধ করিবে। ধ্যানে আমরা এইরূপ পূর্ণ বিশ্রাম লাভ করিয়া থাকি।

তারপর বিভিন্ন বন্ধর উপরে ধ্যান। মেক্নমজ্জার বিভিন্ন কেন্দ্রে ধ্যানের প্রণালী আছে। (যোগিগণের মতে মেক্দণ্ডের মধ্যে ইড়া ও পিকলা নামক ছইটি সায়বীয় শক্তিপ্রবাহ বর্তমান। অন্তর্মুখী ও বহির্মী শক্তিপ্রবাহ এই ছই প্রধান পথে গমনাগমন করে।) শৃক্তনালী (বাহাকে বলে হুযুমা) মেক্লদণ্ডের মধ্য দিয়া চলিয়া গিয়াছে। যোগীরা বলেন, এই হুযুমা-পথ সাধারণতঃ ক্লম থাকে, কিছ ধ্যানাভ্যাসের ফলে ইহা উন্মুক্ত হয়, (সায়বীয়)প্রাণশক্তিপ্রবাহকে (মেক্দণ্ডের নীচে) চালাইয়া দিতে পারিলে কুওলিনী জাগরিত হয়। জগৎ তথন ভিন্নরেপ ধারণ করে। তাংগির উপার হুইতেছে কুওলিনীর জাগরেণ।)

সহস্র দহস্র দেবতা তোমার চারিদিকে দাঁড়াইয়া রহিয়াছেন। তুমি তাঁহাদিগকে দেখিতে পাইতেছ না, কারণ আমাদের জগৎ ইন্দ্রিয়গ্রাহ্ন। আমরা কেবল এই বাহিরটাই দেখিতে পারি; ইহাকে বলা যাক 'ক'। আমাদের মানদিক অবস্থা অহুষায়ী আমরা সেই 'ক'-কে দেখি বা উপলব্ধি করি। বাহিরে অবস্থিত ঐ গাছটিকে ধরা যাক। একটি চোর আসিল, সে ঐ মূড়া গাছটিকে কি ভাবিবে? সে দেখিবে—একজন পাহারাওয়ালা দাঁড়াইয়া আছে। শিশু উহাকে মনে করিল—একটি প্রকাশ্ত ভূত। একটি যুবক তাহার প্রেমিকার জন্ত অপেকা করিতেছিল; সে কি দেখিল? নিশ্রই তাহার প্রিয়তমাকে। কিন্তু এই মূড়া গাছটির তো কোন পরিবর্তন হয় নাই। ইহা বেরূপ ছিল, সেইরূপই রহিল। স্বয়ং ঈশ্বেই কেবল আছেন, আমরাই আমাদের নিবৃত্বিভার জন্ত তাহাকে মাহ্রষ, ধূলি, বোবা, হংবী ইত্যাদি-রূপে দেখিয়া থাকি।

ষাহারা একইভাবে গঠিত, তাহারা স্বভাবত: একই শ্রেণীভূক্ত হয় এবং একই জগতে বাস করে। অক্সভাবে বলিলে বলা যায়—তোমরা একই স্থানে বাস করে। সমস্ত স্বর্গ এবং সমস্ত নরক এখানেই। উদাহরণস্থরণ বলা যাইতে পারে—কতকগুলি বড় বৃত্তের আকারে সমতল ক্ষেত্রসমূহ যেন পরস্পার করেকটি বিন্তুতে ছেদ করিয়াছে…। এই সমতল ভূমির একটি বৃত্তে অবস্থিত আমরা আর একটি সমতলের (বৃত্তকে) কোন একটি বিন্তুতে স্পর্শ করিতে

পারি। মন ষদি কেন্দ্রে পৌছে, তবে সমস্ত শুরেরই ভোমার জ্ঞান হইতে থাকিবে। ধ্যানের সময় কখন কখন তুমি ষদি অগু ভূমি স্পর্শ করে, তখন অগু জগতের প্রাণী, অশরীরী আত্মা এবং আরও কত কিছুর সংস্পর্শে আসিতে পার।

ধ্যানের শক্তি বারাই এই-সব লোকে বাইতে পারো। এই শক্তি আমাদের ইন্দ্রিয়গুলিকে পরিবর্তিত এবং পরিমার্জিত করে। যদি তুমি পাঁচদিন ঠিক ঠিক ধ্যান অভ্যাস কর, এই (জ্ঞান-) কেন্দ্রগুলির ভিতর হইতে একপ্রকার 'বেদনা' অহুভব করিবে—ভোমার শ্রবণশক্তি স্ক্রতর হইতেছে।…(জ্ঞানেন্দ্রিয়গুলি বতই মার্জিত হইবে, অহুভৃতিও ততই স্ক্র হইবে। তখন অধ্যাত্মজগৎ খুলিয়া যাইবে।) এইজগ্র ভারতীয় দেবতাগণের তিনটি চক্ষ্ কর্ননা করা হইরাছে। তৃতীয় বা জ্ঞানচক্ষ্ উন্মীলিত হইলে বিবিধ আধ্যাত্মিক দর্শন উপস্থিত হয়।

কুণ্ডলিনী শক্তি মেলমজ্জার মধ্যন্থিত এক কেন্দ্র হৈতে কেন্দ্রান্তরে বতই উঠিতে থাকে, ততই ইন্দ্রিয়ণ্ডলির পরিবর্তন সাধিত হয় এবং জ্বাং ভিন্নরূপে প্রতীত হইতে আরম্ভ করে। পৃথিবী তথন স্বর্গে পরিণত হয়। তোমার কথা বন্ধ হইয়া যায়। তারপর কুণ্ডলিনী অধন্তন কেন্দ্রগুলিতে নামিলে তুমি আবার মানবীয় ভূমিতে আদিয়া পড়। সমস্ত কেন্দ্র অতিক্রম করিয়া কুণ্ডলিনী যথন মন্তিক্ষে সহস্রারে পৌছিবে, তথন সমগ্র দৃশ্য জ্বাং (তোমার অহ্নভূতিতে) বিলীন হয় এবং এক সন্তা ব্যতীত কিছুই অহ্নভব কর না। তথন তুমিই প্রমায়া। সম্দয় স্বর্গ তাঁহা হইতেই ক্রিভেছ। সমস্ত জ্বাংও তাঁহা হইতেই রচনা করিতেছ। তিনিই একমাত্র সন্তা। তিনি ছাড়া আরে কিছুই নাই।

সাধন সম্বন্ধে কয়েকটি কথা

ক্যালিকোনিয়ার লস্ এঞ্জেলিস্-এ 'হোম্-অন্-টুপ্'-এ প্রদন্ত বক্ততা

আজ সকালে প্রাণায়াম ও অন্তান্ত সাধনাদি সম্বন্ধে কিছু আলোচনা করিব। তত্ত্বে আলোচনা অনেক হইয়াছে, এখন তাহার সাধন সম্বন্ধে কিছু বলিলে মন্দ হইবে না। এই বিষয়টির উপর ভারতে বহু গ্রন্থ লেখা হইয়াছে। এদেশের লোক যেমন জাগতিক বিষয়ে কার্যকুশল, আমাদের দেশের লোক তেমনি ঐ বিষয়ে দক্ষ বলিয়া মনে হয়। এদেশের পাঁচজন লোক একসঙ্গে ভাবিয়া চিস্তিয়া ঠিক করে, 'আমরা একটি থৌথ কারবার খুলিব' (যৌথ প্রতিষ্ঠান ? সংস্থা ?), আর পাঁচঘণ্টার মধ্যে তাহা করিয়াও ফেলে। ভারতের লোক কিন্তু এ-সব ব্যাপারে এত অপটু ষে, তাহাদের পঞ্চাশ বছরের চেষ্টাতেও এ-কাজটি হয়তো হইয়া উঠিবে না। কিন্তু একটি জিনিস লক্ষ্য করিবার আছে; দেখানে যদি কেহ কোন দার্শনিক মত প্রচার করিতে চায়, তাহা হুইলে সে মতবাদ যত উদ্ভটই হুউক না কেন, তাহা গ্রহণ করিবার লোকের অভাব হইবে না। যেমন ধর, একটি নৃতন সম্প্রদায় গঠিত হইয়া প্রচার করিতে লাগিল যে, বার বছর দিনরাত একপায়ে ভর দিয়া দাড়াইয়া থাকিতে পারিলে মৃক্তিলাভ হয়; সঙ্গে সঙ্গে একপায়ে দাঁড়াইবার মতো শত শত লোক জুটিয়া যাইবে। সব কট নীরবে সহ্থ করিবে। বহু লোক আছে, ষাহারা ধর্মলাভের জন্ম বছরের পর বছর উর্ধ্বোহ হইয়া থাকে; আমি স্বচক্ষে এরপ শত শত লোক দেখিয়াছি। আর এ-কথাও মনে করা চলিবে না যে. তাহারা নিরেট আহাম্মক; বস্তুত: তাহাদের জ্ঞানের গভীরতা ও বিস্তার দেখিলে বিশ্বিত হইতে হয়। কাজেই দেখা ষাইতেছে যে, কর্মদক্ষতা শব্দটিরও অৰ্থ আপেকিক।

অপরের দোষ-গুণ বিচার করিবার সময় আমরা প্রায়ই এই একটি ভূল করিয়া বিদ; আমাদের মনোরাজ্যে আমরা যে বিশ্ব রচনা করিতেছি, তাহার বাহিরে আর কিছু থাকিতে পারে—এ-কথা যেন আমরা কখনও ভাবিতেই চাই না; আমরা ভাবি—আমাদের নিজের নীতিবোধ, উচিত্যবোধ, কর্তব্যবোধ ও প্রয়োজনবোধ ভিন্ন এসব কেত্রে আর সমস্ত ধারণাই মূল্যহীন। সেদিন

ইওরোপ যাত্রার পথে মার্দাই শহর হইয়া যাইতেছিলাম; তথন সেখানে যাঁড়ের লড়াই চলিভেছিল। উহা দেখিয়া জাহাজের ইংরেজ যাত্রীরা সকলেই ভীষণ উত্তেজিত হইয়া উঠিল, এবং সমগ্র ব্যাপারটাকে অতি নৃশংস বলিয়া সমালোচনা ও নিন্দা করিতে লাগিল। ইংলওে পৌছিয়া ওনিলাম, বাজী রাখিয়া লড়াই করিবার জন্ম প্যারিসে একদল লোক গিয়াছিল, কিন্তু ফরাষীরা তাহাদের সভসভ ফিরাইরা দিয়াছে। ফরাসীদের মতে ও-কাজটি পাশবিক। বিভিন্ন দেশে এই-জাতীয় মতামন্ত শুনিতে শুনিতে আমি যী ভাষী প্রের সেই অতুলনীয় বাণীর মর্ম হৃদয়ক্স করিতে ভক্ত করিয়াছি— 'অপরের বিচার করিও না, তাহা হইলেই নিজেও অপরের বিচার হইতে নিম্বৃতি পাইবে।' যতই শিখি, ততই আমাদের অঞ্জতা ধরা পড়ে, ততই আমরা বুঝি যে, মাহুষের এই মন-নামক বস্থটি কত বিচিত্র, কত বহুমুখী ! যখন ছেলেমাত্র্য ছিলাম, স্বদেশবাদীদের তপস্থিত্তলভ কুচ্ছুদাধনের স্মালোচনা করা আমার অভ্যাস ছিল; আমাদের দেশের বড় বড় আচার্যেরাও উহার সমালোচনা করিয়াছেন, বুদ্ধদেবের মতো কণজ্মা মহামান**ব**ও ঐরপ করিয়াছেন। তবু বয়দ যত বাড়িতেছে, ততই বুঝিতেছি যে, বিচার করিবার অধিকার আমার নাই। কখন কখন মনে হয়, বহু অসঙ্গতি থাকা সম্বেও এই-সব তপন্বীর সাধনশক্তি ও কষ্টসহিষ্ণুতার একাংশও বদি আমার থাকিত! প্রায়ই মনে হয়, এ-বিষয়ে আমি ষে-অভিমত দিই ও সমালোচনা করি, তাহার কারণ এই নয় যে, আমি দেহ-নির্ধাতন পছন্দ করি না; নিছক ভীক্তাই ইহার কারণ, ক্বন্ডুতা-সাধনার শক্তি ও সাহসের অভাবই ইহার কারণ।

তাহা হইলেই দেখিতেছ যে, শক্তি, বীর্ষ ও সাহস—এই-সব অতি অভূত জিনিস। 'গাহসী লোক,' 'বীর পুরুষ,' 'নির্ভীক ব্যক্তি'—প্রভৃতি কথা সাধারণতঃ আমরা ব্যবহার করিয়া থাকি। কিন্তু আমাদের এ-কথা মনে রাখা উচিত যে, ঐ সাহসিকতা বা বীরত্ব বা অক্ত কোন গুণই ঐ লোকটির চরিত্রের চিরসাথী নয়। যে-লোক কামানের মুখে ছুটিয়া যাইতে পারে, সেই-ই আবার ডাক্তারের হাতে ছুরি দেখিলে ভরে আড়েই হইয়া যায়; আবার অপর কেহ হয়তো কোন কালেই কামানের সমুখে দাঁড়াইতে সাহস্পায় না, কিন্তু প্রয়োজন হইলে হিরভাবে অস্ত্রোপচার সহু করিতে পারে।

কাজেই অপরের বিচার করিবার সময় সাহসিকতা, মহন্ত ইত্যাদি ষে-সব শব্দ ব্যবহার করা হয়, তাহার অর্থ খুলিয়া বলা প্রয়োজন। 'ভাল নয়' বলিয়া বে-লোকটির সমালোচনা আমি করিতেছি, সেই লোকটিই হয়তো আমি ষে-সব বিষয়ে ভাল নই, এমন কতকগুলি বিষয়ে আশ্চর্য রক্ষে ভাল হইতে পারে।

আর একটি উদাহরণ দেখ। প্রায়ই দেখা যায়, পুরুষ ও দ্বীলোকের কর্মদক্ষতা লইয়া- আলোচনাকালে আমরা সর্বদা ঠিক এই ভুলটিই করিয়া বসি। ধেমন—পুরুষরা লড়াই করিতে এবং প্রচণ্ড শারীরিক ক্লেশ সহু করিতে পারে বলিয়া লোকে মনে করে যে, এই বিষয় লইয়া পুরুষের শ্রেষ্ঠত্ব দেখানো যার; আর জীলোকের শারীরিক ত্র্বতা ও যুদ্ধে অপারগতার দকে পুরুষের এই গুণের তুলনা করা চলে। ইহা অক্সায়। মেয়েরাও পুরুষদের মতো সমান সাহসী। নিজ নিজ ভাবে প্রত্যেকেই ভাল। নারী যে ধৈর্য, সহিষ্ণুতা ও স্নেহ লইয়া সম্ভান পালন করে, কোন্ পুরুষ সেভাবে তাহা করিতে পারে ? একজন কর্মশক্তিকে বাড়াইয়া তুলিয়াছে, অপরজন বাড়াইয়াছে দহনশক্তি। যদি বলো, মেয়েরা ভো শারীরিক শ্রম করিতে পারে না, তবে বলিব, পুরুষরাও তো সহ্য করিতে পারে না। সমগ্র জগৎটি একটি নিখুঁত ভারসাম্যের ব্যাপার। এখন আমার জানা নাই, তবে একদিন হয়তো আমরা জানিতে পারিব যে, নগণ্য কীটের ভিতরেও এমন কিছু আছে, যাহা আমাদের মানবতার সঙ্গে প্রতিযোগিত। করিতে পারে। অতি ছুইপ্রকৃতির , লোকের ভিতরেও এমন কিছু সদ্গুণ থাকিতে পারে, যাহা আমার ভিতর মোটেই নাই। নিজ জীবনে আমি প্রতিদিন ইহা লক্ষ্য করিতেছি। অসভ্য জাতির একজন লোককে দেখ না! আমার দেহটি যদি ভাহার মতো অমন স্থঠাম হইত ৷ সে ভরপেট খায়-দায়, অহুখ কাহাকে বলে-ভাহা বোধ হয় জানেই না; আর এদিকে আমার অহুথ লাগিয়াই আছে। তাহার দেহের সঙ্গে আমার মন্তিম বদলাইয়া লইতে পারিলে আমার হুখের মাত্রা কতই না বাড়িয়া যাইত। তরদের উত্থান ও পতন লইয়াই গোটা অগৎটি গড়া; কোন স্থান নীচু না হইলে অপর একটি স্থান উচু হইয়া তরজাকার ধারণ করিতে পারে না। সর্বত্রই এই ভারসাম্য বিভ্যমান। কোন বিষয়ে তুমি মহৎ, ভোমার প্রতিবেশীর মহন্ত অন্ত বিষয়ে। স্ত্রী-পুরুষের বিচার করিবার সময় তাহাদের নিজ নিজ মহত্তের মান ধরিয়া উহা করিও। একজনের জুতা আর একজনের

পায়ে ঢুকাইতে গেলে চলিবে কেন ? একজনকে খারাপ বলিবার কোন অধিকারই অপরের নাই। এই-জাতীয় সমালোচনা দেখিলে সেই প্রাচীন, কুসংস্কারেরই কথা মনে পড়ে—'এরপ করিলে জগৎ উৎসন্নে যাইবে।' কিছ সেরূপ করা সত্তেও জগৎ এখনও ধ্বংস হইয়া যায় নাই। এদেশে বলা হইত ষে, নিগ্রোদের স্বাধীনতা দিলে দেশের সর্বনাশ হইবে; কিন্তু সর্বনাশ হইয়াছে কি ? আরও বলা হইত যে, গণশিক্ষার প্রসার হইলে জগতের সর্বনাশ হ**ইবে**। কিছ তাহাতে আদলে জগতের উন্নতিই হইয়াছে। কয়েক বছর আগে এমন একথানি গ্রন্থ প্রকাশিত হইয়াছিল, যাহাতে ইংলণ্ডের সব চেয়ে খারাপ অবস্থার সম্ভাবনার বর্ণনা ছিল। লেখক দেখাইয়াছিলেন যে, শ্রমিকদের মজুরী বাড়ার সঙ্গে সঙ্গে ব্যবসায়ের অবন্তি ঘটিতেছে। একটা রব উঠিয়াছিল যে, ইংলণ্ডের শ্রমিকদের দাবি অভ্যধিক--এদিকে জার্মানরা কত কম বেভনে কান্ধ করে! এ-বিষয়ে ভদস্তের জন্ম জার্মানিভে একটি কমিশন পাঠানো হইল। কমিশন ফিরিয়া আদিয়া খবর দিল যে, জার্মান শ্রমিকরা উচ্চতর হারে মজুরী পায়। এইরপ হইল কি করিয়া? জনশিক্ষাই ইহার কারণ। কাজেই জনশিক্ষার ফলে জগং উৎসন্নে ষাইবে, এ-কথাটির গতি কি হইবে? বিশেষ করিয়া ভারতবর্ষে প্রাচীনপন্থীদেরই সর্বত্র আধিপত্য। তাহারা জনগণের কাছে সব কিছুই লুকাইয়া রাখিতে চায়। আমরাই জগতের মাথার মণি—এই আত্ম-প্রসাদকর সিদ্ধান্ত করিয়া বসিয়া আছে তাহারা ৷ তাহাদের বিশ্বাস—এই-সব ভয়ঙ্কর পরীক্ষাগুলিতে তাহাদের কোন ক্ষতি হইতে পারে না, তাহাতে ভুগু জনগণই ক্ষতিগ্ৰন্ত হইবে।

এখন কর্মকুশলতার কথাতেই ফিরিয়া আসা যাক। ভারতে বহু প্রাচীনকাল হইতেই মনন্তবের ব্যাবহারিক প্রয়োগের কাজ আরম্ভ হইয়াছে।

ঐাইজন্মের প্রায় চৌদ্দ-শত বছর পূর্বে ভারতে একজন বড় দার্শনিক জনিয়াছিলেন। তাঁহার নাম পতঞ্জলি। মনন্তব-বিষয়ক সমস্ত তথ্য, প্রমাণ ও
গবেষণা তিনি সংগ্রহ করিয়াছিলেন, অতীতের ভাতারে সঞ্চিত সমস্ত
অভিজ্ঞতার স্বযোগটুকুও লইয়াছিলেন। মনে থাকে যেন, জগৎ অতি প্রাচীন;
মাত্র ছই বা তিন হাজার বছর পূর্বে ইহার জন্ম হয় নাই। এথানে—পাশ্চাত্যদেশে শিখানো হয় যে, 'নিউ টেস্টামেন্ট'-এর সঙ্গে আঠারো-শ বছর আগে
সমাজের জন্ম হইয়াছিল; ভাহার পূর্বে সমাজ বলিয়া কিছু ছিলনা। পাশ্চাত্য-

জগতের বেলা এ-কথা সত্য হইতে পারে, কিন্তু সমগ্র জগতের বেলা নয়।
লগনে যথন বক্তৃতা দিভাম, তথন আমার একজন স্থপণ্ডিত মেধারী বন্ধু প্রায়ই
আমার দক্ষে তর্ক করিতেন; তাঁহার তুণীরে যত শর ছিল, তাহার সবগুলি
একদিন আমার উপর নিক্ষেপ করিবার পর হঠাং তার্ম্বরে বলিয়া উঠিলেন,
'ভাহা হইলে আপনাদের ঋষিরা ইংলণ্ডে আমাদের শিক্ষা দিতে আমেন নাই
কেন?' উত্তরে আমি বলিয়াছিলাম, 'কারণ তথন ইংলণ্ড বলিয়া কিছু
ছিলই না, যে সেখানে আসিবেন। তাঁহারা কি অরণ্যে গাছপালার কাছে
প্রচার করিবেন?'

ইঙ্গারসোল আমাকে বলিয়াছিলেন, 'পঞ্চাশ বছর আগে এদেশে প্রচার করিতে আদিলে আপনাকে এথানে কাঁদি দেওয়া হইত, আপনাকে জীবস্ত দক্ষ করা হইত, অথবা ঢিল ছুঁড়িয়া গ্রাম হইতে তাড়াইয়া দেওয়া হইত।'

কাজেই এটজনের চৌদ্দ-শ বংদর পূর্বেও দভ্যতার অন্তিত্ব ছিল, ইহা মনে করা মোটেই অযৌক্তিক নয়। দভ্যতা দব দময়েই নিয়তর অবস্থা হইতে উচ্চতর অবস্থায় আদিয়াছে কি-না—এ-কথার মীমাংদা এখনও হয় নাই। এই ধারণাটিকে প্রমাণ করিবার জন্য যে-দব যুক্তি-প্রমাণ দেখানো হইয়াছে, ঠিক দেই-দব যুক্তিপ্রমাণ দিয়া ইহাও দেখানো যায় যে, দভ্য মাহ্যই ক্রমে অসভ্য বর্বরে পরিণত হইয়াছে। দৃষ্টাস্তরূপে বলা যায়, চীনারা কথনও বিশ্বাদই করিতে পারে না যে, আদিম বর্বর অবস্থা হইতে সভ্যতার উৎপত্তি হইয়াছে; কারণ তাহাদের অভিজ্ঞতা ইহার বিপরীত সত্যেরই দাক্ষ্য দেয়। কিছু ভোমরা যথন আমেরিকার সভ্যতার উল্লেখ কর, তখন তোমাদের বলিবার প্রকৃত অভিপ্রায় এই যে, তোমাদের জাতি চিরকাল থাকিবে এবং উন্নতির পথে চলিবে। যে হিন্দুরা সাত শত বৎসর ধরিয়া অবন্তির পথে চলিতেছে, তাহারা প্রাচীনকালে সভ্যতায় অতি-উন্নত ছিল, এ-কথা বিশাস করা খুবই সহজ। ইহা যে সভ্য নয়—এ-কথা প্রমাণ করা যায় না।

কোনও সভ্যতা সম্পূর্ণ স্বতন্ত্রভাবে গড়িয়া উঠিয়াছে, এরপ দৃষ্টাস্থ একটিও পাওয়া যায় না। অপর একটি স্থসভ্য জাতি আদিয়া কোন জাতির সহিত মিশিয়া যাওয়া ব্যতিরেকেই সে জাতি সভ্য হইয়া উঠিয়াছে—এরপ একটি জাতিও জগতে নাই। এক হিসাবে বলিতে পারা যায়, মূল সভ্যতার অধিকারী জাতি একটি বা ছটি ছিল, ভাহারাই বাহিরে যাইয়া নিজেদের ভাব ছড়াইরাছে এবং অক্তাক্ত জাতির সহিত মিশিয়া গিরাছে; এইভাবেই সভ্যতার বিস্তার ঘটিয়াছে।

বাস্তব জীবনে আধুনিক বিজ্ঞানের ভাষায় কথা বলাই ভাল। কিছ একটি কথা তোমাদের শ্বরণ রাখিতেই হইবে। ধর্মবিষয়ক কুসংস্কার ষেমন আছে, বিজ্ঞানের ক্ষেত্রেও সেইরূপ কুসংস্কার আছে। এমন অনেক পুরোহিত আছেন, যাঁহারা ধর্মামুষ্ঠানকে নিজ্জীবনের বৈশিষ্ট্যরূপে গ্রহণ করেন; তেমনি বৈজ্ঞানিক নামধেয় এমন অনেক আছেন, যাহারা প্রাকৃতিক নিয়মের পূজারী। ভারউইন বা হাক্স্লির মতো বড় বড় বৈজ্ঞানিকদের নাম করা মাত্র আমরা অন্ধভাবে তাঁহাদের অহুসরণ করি। এইটিই আজকালকার চলিত প্রথা। যাহাকে আমরা বিজ্ঞানসমত জ্ঞান বলি, তাহার ভিতর শতকরা নিরানকাই ভাগই হইতেছে নিছক মতবাদ। ইহাদের অনেকগুলি আবার প্রাচীনকালের বহু-মন্তক ও বহু-হন্তবিশিষ্ট ভূতে অন্ধ বিশ্বাস অপেক্ষা কোন অংশে উংকৃষ্ট নয়; তবে পর্থিক্য এইটুকু যে, কুসংস্কার হইলেও উহা মান্ত্রকে গাছপাথর প্রভৃতি অচেতন পদার্থ হইতে অস্ততঃ ধানিকটা আলাদা বলিয়া ভাবিত। যথার্থ বিজ্ঞান আমাদের সাবধানে চলিতে বলে। পুরোহিতদের সঙ্গে ব্যবহারে ষেমন সতর্ক হইয়া চলিতে হয়, বিজ্ঞানীদের বেলায়ও তেমনি সতর্কতা আবশ্রক। অবিশাস লইয়া শুরু কর। বিশ্লেষণ করিয়া পরীক্ষা করিয়া, সব প্রমাণ পাইয়া তবে বিখাস কর। আধুনিক বিজ্ঞানের কয়েকটি অতিপ্রচলিত বিশাস এখনও প্রমাণোভীর্ণ হয় নাই। অহুশান্ত্রের মতো বিজ্ঞানের ভিতরেও অনেকগুলি মতবাদই শুধু কাব্দ চালাইয়া যাইবার উপযুক্ত শামরিক সিদ্ধান্ত হিসাবে গৃহীত হইরাছে। উচ্চতর জ্ঞানের উন্মেষের সঙ্গে সঙ্গে সেগুলি বাতিল হইয়া যাইবে।

গ্রীষ্টজন্মের চৌদ্দ-শ বছর পূর্বে একজন বড় ঋষি কতকগুলি মনন্তান্তিক তথ্যের স্থবিস্থান, বিল্লেষণ এবং সামান্তীকরণের চেষ্টা করিয়াছিলেন। তাঁহাকে অসুসরণ করিয়া আরও অনেকে তাঁহার আবিষ্ণত জ্ঞানের অংশবিশেষ লইয়া তাহার বিশেষ চর্চা করিয়া গিয়াছেন। প্রাচীন জাভিগুলির মধ্যে শুধু হিন্দুরাই জ্ঞানের এই বিশেষ শাখাটির চর্চায় যথার্থ আন্তরিকতার সহিত ব্রতী হইয়া-ছিলেন। আমি এখন বিষয়টি তোমাদের শিখাইতেছি—কিন্তু তোমরা কয়জনই বা ইহা অভ্যাস করিবে ? অভ্যাস ছাড়িয়া দিতে কয়দিন বা কয়মাস আর লাগিবে

ভোমাদের ? এ-বিষয়ের উপযুক্ত উভ্তম ভোমাদের নাই। ভারতবাদীরা কিন্ধ যুগের পর যুগ ইহার অহশীলন চালাইয়া যাইবে। ভনিয়া আশ্চর্য হইবে, ভারতবাসীদের কোন সাধারণ প্রার্থনা-গৃহ কোন সাধারণ সমবেত, প্রার্থনা-মন্ত্র বা ঐ-জাতীয় কোন কিছু নাই; তাহা সত্ত্বেও তাহারা প্রতিদিন শাস-নিয়ন্ত্রণ অভ্যাস করে, মনকে একাগ্র করিতে চেটা করে; এইটিই ভাহাদের উপাদনার প্রধান অব। এইগুলিই মূল কথা। প্রত্যেক হিন্দুকে ইহা করিভেই হয়। ইহাই সে-দেশের ধর্ম। ভবে সকলে এক পদ্ধতি অবন্ধনে উহা না-ও করিতে পারে, খাস-নিয়ন্ত্রণ, মন:সংযম প্রভৃতি অভ্যাস করিবার জন্ম এক এক জনের এক একটি বিশেষ পদ্ধতি থাকিতে পারে। কিন্তু একজনের পদ্ধতি অপরের জানিবার প্রয়োজন হয় না, এমনকি ভাহার স্বীর-ও না; পিতাও হয়তো জানেন না, পুত্র কি পদ্ধতি অবলম্বনে চলিভেছে। কিন্তু সকলকেই এ-সব অভ্যাস করিতে হয়। আর এ-সবের মধ্যে কোন গোপন রহস্ত নাই; গোপন রহস্তের কোন ভাবই ইহার মধ্যে নাই। হাজার হাজার লোক নিত্য গঙ্গাতীরে বসিয়া চোখ বুজিয়া প্রাণায়াম ও মনের একাগ্রতা-সাধনের অভ্যাস করিতেছে—এ-দৃশু নিত্যই চোখে পড়ে। মানব-সাধারণের পক্ষে কতকগুলি অভ্যাদ-সাধনার পথে ব্যাবহারিক ক্ষেত্রে ছুইটি অস্তরায় থাকিতে পারে। প্রথমত: ধর্মাচার্বেরা মনে করেন ষে, সাধারণ লোক এ-সব সাধনার যোগ্য নয়। এই ধারণায় হয়তো কিছু সভ্য থাকিতে পারে, কিন্তু গর্বের ভাবই এর জন্ম বেশী দায়ী। বিভীয় অন্তরায় নির্বাভনের ভয়। ধেমন-এদেশে হাস্তাম্পদ হইবার ভয়ে প্রকাশ্ত হানে কেহ প্রাণায়াম অভ্যাস করিতে চাহিবে না; এ-সবের চলন নাই এথানে। আবার ভারতে যদি কেহ, ভগবান, আজ আমাকে দিনের অন্ন যোগাড় করিয়া দাও' বলিয়া প্রার্থনা করে, তবে লোকে ভাছাকে উপহাস করিবে। হিন্দ্দের দৃষ্টিতে 'হে আমার স্বর্গবাদী পিতা' ইত্যাদি বলার চেয়ে বড় আহামকি थाकिए भारत ना। जेभामनाकाल िक्नू देशहे ভावित्रा थाक रव, जगवीन् তাহার **অন্ত**রে**ই** রহিয়াছেন।

বোগীরা বলেন, আমাদের দেহে তিনটি প্রধান সাযুপ্রবাহ আছে; একটকে তাঁহারা ইড়া বলেন, অপরটিকে পিললা, আর এই চ্ইটির মধ্যবর্তাটিকে বলেন স্ব্যা; এগুলি সবই মেল-নালীর মধ্যে অবহিত। বামদিকের ইড়া এবং দক্ষিণের পিন্ধলা—এই তৃইটির প্রত্যেকটিই সায়-গুচ্ছ; আর মধ্যবর্তী স্থাটি একটি শৃত্য নালী, সায়গুচ্ছ নয়। এই স্থ্যাপথ ক্ষাব্যায় থাকে; সাধারণ মাহ্য শুধু ইড়া ও পিন্ধলার সাহায্যেই কাজ চালায় বলিয়া এ পথটি তাহাদের কোন প্রয়োজনেই লাগে না। বিভিন্ন অন্ধ-প্রত্যন্ত-সংগানী অন্তান্ত সায়গুলির মারফত শরীরের সর্বত্র মন্তিষ্কের আঁদেশ পৌছাইয়া দিবার জন্ত ইড়া ও পিন্ধলা নাড়ীর ভিতর দিয়া সায়প্রবাহ সব সময় চলাফেরা করে।

ইড়া ও পিঙ্গলাকে নিয়ন্ত্রিত ও ছন্দোবদ্ধ করাই প্রাণায়ামের মহান্
উদ্বেশ্য। কিন্তু শুধু খাদক্রিয়াটুকুর ভিতর কিছুই নাই—ফুসফুসের ভিতর
কিছুটা বাতাদ ঢুকাইয়া লওয়া ছাড়া উহা আর কি ? রক্তশোধন ছাড়া
উহার আর কোন প্রয়োজনই নাই; বাহির হইতে আমরা যে বায়ুকে নিখাদের
সহিত টানিয়া লই এবং উহাকে রক্তশোধনের কার্যে নিয়োগ করি, দে
বায়ুর মধ্যে কোনও গোপন রহস্থ নাই; ঐ ক্রিয়াটা তো একটা স্পন্দন
ছাড়া আর কিছুই নয়। এই গতিটিকে প্রাণ-নামক একটি মাত্র স্পন্দনে
পরিণত করা যায়; আর সব জায়গার সব গতিই এই প্রাণেরই বিভিন্ন
বিকাশ মাত্র। এই প্রাণই বিহ্যুং, এই প্রাণই চৌষক-শক্তি; মন্তিদ্ধ এই
প্রাণকেই চিন্তার্রণে বিকীর্ণ করে। সবই প্রাণ; প্রাণই চন্দ্র, সূর্য ও

আমরা বলি—বিখে বাহা কিছু আছে, তাহা সবই এই প্রাণের স্পন্ধনের ফলে বিকাশলাভ করিয়াছে। স্পন্ধনের সর্বোচ্চ ফল চিস্তা। ইহা অপেক্ষাও বড় যদি কিছু থাকে, তাহা ধারণা করিবার ক্ষমতা আমাদের নাই। ইড়া ও পিঙ্গলা নামক নাড়ীবয় প্রাণের সাহায্যে কাজ করে। প্রাণই বিভিন্ন শক্তিরূপে পরিণত হইয়া শরীরের প্রতি অঙ্গকে পরিচাগিত করে। ভগবান্ জগৎক্ষপে পরিণত হইয়া শরীরের প্রতি অঙ্গকে পরিচাগিত করে। ভগবান্ জগৎক্ষপে কার্যের প্রতি অঙ্গকে পরিচাগিত করে। ভগবান্ জগৎক্ষপে কার্যের প্রতি অঙ্গকে পরিচাগিত করে। ভগবান্ জগৎক্ষপে কার্যের প্রতি আমানের উপরেক্ষিয়া আয়বিচার করিতেছেন—ভগবান্ সম্বন্ধ এই প্রাচীন ধারণা পরিত্যাগ করে। কাজ করিতে করিতে আমরা কাস্ত হইয়া পড়ি, কারণ ঐ কার্যে আমাদের কিছুটা প্রাণ-শক্তিব্যয়িত হইয়া যায়।

নিয়মিত প্রাণায়ামের ফলে খাসক্রিয়া নিয়ন্ত্রিত হয়, প্রাণের ক্রিয়া ছন্দোবদ্ধ হইয়া উঠে। প্রাণ যথন নিয়মিত ছন্দে চলে, তথন দেহের স্বকিছুই ঠিক-মত কাব্র করে। যোগীদের য়খন নিজ্ঞ শ্রীরের উপর আধিপতা আসে, তথন শরীরের কোন অংশ অহন্থ হইলে তাঁহারা টের পান যে, প্রাণ সেখানে ঠিকমত ছন্দে চলিতেছে না, এবং যতক্ষণ না সহক্ষ ছন্দ ফ়িরিয়া আসে, ততক্ষণ তাঁহারা প্রাণকে সেদিকে সঞ্চালিত করেন।

তোমার নিজের প্রাণকে যেমন তুমি নিয়ন্ত্রিত করিতে পারো, তেমনি ষথেষ্ট শক্তিমান্ হইলে এথানে বিসরাই ভারতে অবস্থিত অপর একজনের প্রাণকেও তুমি নিয়ন্ত্রিত করিতে পারিবে। সব প্রাণই এক। কোন ছেদ নাই মাঝখানে; একছেই সর্বত্র বিভ্যমান। দৈহিক দিক দিয়া, আধ্যাক মানসিক ও নৈতিক দিক দিয়া, আধ্যাত্মিক দিক দিয়া সবই এক। জীবন একটি স্পন্দন মাত্র। ষাহা এই (বিশ্বব্যাপী জড়) 'আকাশ'-সম্প্রকে স্পন্দিত করিতেছে, তাহাই ভোমার ভিত্তরও স্পন্দন জাগাইতেছে। কোন হদে যেমন কাঠিত্যের মাত্রার তারতম্য বিশিষ্ট অনেকগুলি বরফের তার গড়িয়া উঠে, অথবা কোন বাম্পের সাগরে বাম্পন্তরের বিভিন্ন ঘনত্ব থাকে এই বিশ্বটিও যেন সেই ধরনের জড় পদার্থের একটি সমৃদ্র। ইহা একটি 'আকাশের' সমৃদ্র; ইহার ভিতর ঘনত্বের তারতম্য অন্থ্যারে আমরা চক্র, স্বর্য, তারা ও আমাদের নিজেদের অন্তিত্ব দেখিতেছি; কিন্তু সর্বক্ষেত্রেই নিরবচ্ছিন্নতা অব্যাহত রহিয়াছে, সব স্থান জুড়িয়া সেই একই পদার্থ বিত্যমান।

অধ্যাত্মবিজ্ঞানের চর্চা করিলে আমরা ব্ঝিতে পারি ষে, জগৎ বস্ততঃ এক;
অধ্যাত্মজগৎ, জড়জগৎ, মনোজগং এবং প্রাণ-জগৎ—এরপ কোন ভেদ নাই।
সবই এক জিনিস, যদিও অহুভৃতির বিভিন্ন তার হইতে দেখা হইতেছে। যথন
তুমি নিজেকে দেহ বলিয়া ভাবো, তথন তুমি ষে মন, সে-কথা ভূলিয়া যাও;
আবার নিজেকে যথন মন বলিয়া ভাবো, তথন শরীরের কথা ভূলিয়া যাও।
'তুমি'-নামধেয় একটি মাত্র সতাই আছে; সে বস্তুটিকে তুমি জড়পদার্থ বা শরীর বলিয়ামনে করিতে পারো, অথবা সেটিকে মন বা আত্মারূপেও দেখিতে পারো।
জন্ম, জীবন ও মৃত্যু—এ-সব প্রাচীন কুসংস্থার মাত্র। কেহ কথন জন্মেও নাই,
কেহ কথন মরিবেও না; আমরা তথু স্থান পরিবর্তন করি—এর বেশী কিছু
নিয়। পাশ্চাত্যের লোকেরা যে মরণকে এত বড় করিয়া ভাবে, তাহাতে
আমি দ্বংখিত; সব সময় তাহারা একটু আয়ুলাভের জন্ম লালায়িত। 'মৃত্যুর
পরেও যেন আমরা বাঁচিয়া থাকি; আমাদিগকে বাঁচিয়া থাকিতে দাও!'
যদি কেহ তাহাদের শোনায় বে, মৃত্যুর পরেও তাহারা বাঁচিয়া থাকিবে, তাহা

হইলে তাহারা কী খুশীই না হয়। এ-বিষয়ে আমাদের সন্দেহ আদে কি করিয়া। কি করিয়া আমরা কল্পনা করিতে পারি বে, আমরা মরিয়া গিরাছি! নিজেকে মৃত বলিয়া ভাবিতে চেটা কর দেখি, দেখিবে ভোমার নিজের মৃতদেহ দেখিবার জন্ত তুমি বাঁচিয়াই আছ। বাঁচিয়া থাকা এমন একটি অভ্ত সভ্য যে, মৃহুর্তের জন্তও তুমি তাহা ভূলিতে পার না। তোমার নিজের অন্তিত্ব সহকে যেমন সন্দেহ হইতে পারে না, বাঁচিয়া থাকা সহক্ষেও ঠিক তাই। চেতনার প্রথম প্রমাণই হইল—'আমি আছি'। যে অবস্থা কোন কালে ছিল না, তাহার কল্পনা করা চলে কি? সব সত্যের মধ্যে ইহা সব চেয়ে বেশী অতঃ- সিদ্ধ। কাজেই অমরত্বের ভাব মাহুবের মজ্যাগত। যাহা কল্পনা করা যায় না, তাহা লইয়া কোন আলোচনা চলে কি? যাহা অতঃসিদ্ধ, তাহার সভ্যা-সত্য লইয়া আমরা আলোচনা করিতে চাহিব কেন?

কাজেই যে দিক হইতেই দেখা যাক না কেন, গোটা বিশ্বটি একটি অথণ্ড
সন্তা। এই মৃহুর্তে বিশ্বটিকে প্রাণ ও আকাশের, শক্তি ও জড়পদার্থের একটি
অথণ্ড সন্তা বলিয়া আমরা ভাবিতেছি। মনে থাকে যেন, অক্সাগ্ত মূল তত্ত্বগুলির
মতো এ ভত্বটিও স্ব-বিরোধী। কারণ শক্তি মানে কি ?—যাহা জড়পদার্থে
গতির সঞ্চার করে, তাহাই শক্তি। আর জড়পদার্থ কি ?—যাহা শক্তির
ছারা চালিত হয়, তাহাই জড়পদার্থ। এরূপ সংজ্ঞা অক্যোগ্রাভার-দোরে ছই।
জ্ঞানবিজ্ঞান সম্বন্ধে আমাদের এত গর্ব সন্ত্বেও আমাদের যুক্তির কতকগুলি মূল
উপাদান বড়ই অভূত ধরনের। আমাদের ভাষায় যাহাকে বলে—'মাথা নাই
তার মাথা ব্যথা!' এই-জাতীয় পরিছিতিকে 'মায়া' বলে। ইহার অন্তিত্ব
নাই, নান্তিত্বও নাই। একে 'সং' বলিতে পার না, কারণ যাহা দেশ-কালের
অতীত, যাহা স্বতঃসিদ্ধ, তাহাই শুর্থ 'সং'। তব্ অন্তিত্ব সম্বন্ধে আমাদের
ধারণার সহিত এই জগতের অনেকটা মিল আছে বলিয়া ইহার ব্যাবহারিক
সন্তা স্বীকৃত হয়।

কিন্ত বেটি আসল সদ্বন্ধ, পারমার্থিক সন্তা, তাহা সব কিছুরই ভিতর-বাহির জুড়িয়া রহিয়াছে; সেই সন্তাই যেন ধরা পড়িয়াছে দেশ-কাল-নিমিত্তের জালে। এই অসীম, অনাদি, অনস্ত, চির-আনন্দময়, চিরমুক্ত সদ্বস্তটিই আমাদের স্বন্ধপ, আসল মামুষ। এই আসল মামুষটি জড়াইয়া পড়িয়াছে দেশ-কাল-নিমিত্তের জালে। জগতের সব কিছুরই এই একই অবস্থা। সব- কিছুবই সভ্যসদ্ধপ হইভেছে এই সীমাহীন অন্তিত্ব। (বস্তুস্ম্য) বিজ্ঞানবাদের কথা নয় এ-সব; এ-কথার অর্থ ইহা নয় যে, অগতের কোন অন্তিত্বই নাই। সর্বপ্রকার সাংসারিক ব্যবহারদিদ্ধির জন্ম ইহার একটি আপেক্ষিক সভা আছে। কিন্তু ইহার অন্তনিরপেক অন্তিত্ব নাই। দেশ-কাল-নিমিত্তের অতীত পারমার্থিক সভাকে অবলম্বন করিয়াই অগৎ দাঁড়াইয়া আছে।

বিষয়বস্ত ছাড়িয়া বছদ্রে চলিয়া আসিয়াছি। এখন মূল বক্তব্যে ফিরিয়া আসা যাক।

আমাদের জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে (দেহের মধ্যে) যাহা কিছু ঘটতেছে, তাহা সবই সায়্র মাধ্যমে প্রাণের ধারা সংঘটত হইতেছে। আমাদের অজ্ঞাতসারে বে-সব কাজ চলে, সেগুলিকে নিজের আয়ত্তে আনিতে পারিলে কত ভাল হয়, বলো দেখি!

ঈশ্ব কাহাকে ∙বলে, মাহ্ন কাহাকে বলে, পূর্বে ভাহা ভোমাদের বলিয়াছি। মাসুষ যেন একটি অসীম বৃত্ত, যাহার পরিধির কোন সীমা নাই, কিন্তু যাহার কেন্দ্র একটি বিশেষ স্থানে নিবদ। আর ঈশর ষেন একটি অসীম বৃত্ত, যাহার পরিধিরও কোন সীমা নাই, কিন্তু যাহার কেন্দ্র সর্বত্রই রহিন্নাছে। ঈশর সকলের হাত দিয়াই কাজ করেন, সব চোথ দিয়াই দেখেন, সব পা দিয়াই হাঁটেন, সব শরীর অবলম্বনে খাস-ক্রিয়া করেন, সব জীবন অবলম্বনেই জীবনধারণ করেন, প্রত্যেক মুখ দিয়া কথা বলেন এবং প্রত্যেক মন্তিকের ভিতর দিয়াই চিস্তা করেন। মাহুষ যদি তাহার আত্মচেতনারু কেন্দ্রকে অনস্বস্থাণে বাড়াইয়া দেয়, তাহা হইলে সে ঈশরের মতো হইতে পারে, সমগ্র বিখের উপর আধিপত্য অর্জন করিতে পারে। কাঞ্চেই আমাদের অমুধ্যানের প্রধান বিষয় হইল চেতনা। ধর, যেন অক্ককারের মধ্যে একটি আদি-অন্তহীন রেখা বহিয়াছে। রেখাটকে আমরা দেখিতে পাইতেছি না, কিছ তাহার উপর দিয়া একটি জ্যোতির্বিন্দু সঞ্চরণ করিতেছে। রেখাটির উপর দিয়া চলিবার সময় জ্যোতির্বিন্দুটি রেখার বিভিন্ন অংশগুলিকে পর পর আলোকিত করিতেছে, আর যে অংশ পিছনে পড়িতেছে, তাহা আবার অন্ধকারে মিশিয়া যাইতেছে। আমাদের চেতনাকে এই জ্যোতির্বিন্টের শহিত তুলনা করা যায়। বর্তমানের অহত্তি আসিয়া অতীতের অহত্তি-গুলিকে সরাইয়া দিতেছে, অথবা অতীত অহভূতিগুলি অবচেতন অবস্থা প্রাপ্ত

হইতেছে। আমরা টের-ই পাই না যে, সেগুলি আমাদের মধ্যে রহিয়াছে;
কিন্তু সেগুলি আছে, এবং আমাদের অজ্ঞাতদারে আমাদের দেহমনের উপর
প্রভাব বিস্তার করিতেছে। চেতনার দাহায্য ছাড়া আমাদের অভ্যন্তরে যেদব কার্য এখন চলিতেছে, দেগুলি দবই একদিন আমাদের দ্রভানে দাধিত
হইত। এখন স্বয়ংক্রিয় হইয়া চলার মতো যথেষ্ট প্রেরণাশক্তি তাহাদের
মধ্যে দঞ্চারিত হইয়াছে।

সব নীতিশাস্থেই এই একটা বড় রকমের ভূল ধরা পড়ে যে, মাহ্যব খারাপ কাজ করা হইতে বিরত থাকিবে কি উপায়ে, সে শিক্ষা তাহারা দেয় নাই। সব নীতিপদ্ধতিই শিখায়, 'চুরি করিও না।' খুব ভাল কথা। কিন্তু মাহ্যব চুরি করে কেন? ইহার কারণ এই যে, সর্বক্ষেত্রে চুরি, ভাকাতি প্রভৃতি খারাপ কাজগুলি সবই আপনা-আপনি ঘটিয়া যায়। দাগী চোর-ডাকাতেরা, মিখ্যাবাদীরা, অন্তায়কারী নর-নারী—সকলেই নিজ নিজ অনিচ্ছা সত্তেও ঐক্লপ হইয়া গিয়াছে। ইহা সত্যই মনস্তত্তের একটি বড় সমস্তা। মাহ্যবের বিচার—আমাদিগকে অতি উদার সহাদয় দৃষ্টি লইয়াই করিতে হইবে।

ভাল হওয়া অত সোজা নয়। মৃক্তিলাভের পূর্ব পর্যন্ত তুমি তো একটি যন্ত্রমাত্র, তার বেশী আর কি? নিজে ভাল বলিয়া তোমার গর্ব করা কি উচিত ? নিশ্চয়ই না। তুমি ভাল, কারণ এরপ না হইয়া তোমার উপায় নাই। আর একজন থারাপ, কারণ দেও এরপ না হইয়া পারে না। ভাহার অবস্থায় পড়িলে তুমি যে কি হইতে, কে জানে? তুশ্চরিত্রা নারী বা জেলখানার চোর তো ভোমাদেরই হিতার্থে মীন্ডপ্রীষ্টের মতো বলিপ্রদত্ত হইতেছে, যাহাতে ভোমরা ভাল হও। সামাজিক ভারসামা রক্ষার ধারাই এই। যত চোর ও খুনী আছে, যত বিচারবৃদ্ধিহীন, যত তুর্বলতম ব্যক্তি, যত পাশিষ্ঠ, যত দানবপ্রকৃতির লোক আছে, আমার দৃষ্টিতে তাহারা সকলেই এক একজন যীন্ড। দেবরূপী জীই এবং দানবরূপী গ্রীষ্ট উভয়েই আমার পূজার্হ। এই আমার মত; এছাড়া অক্ত ধারণা আমার পক্ষে অসম্ভব। সতের চরণে, সাধুর পাদপলে, তুইের চরণে, দানবের পদেও আমার নমস্থার। ভাহারা স্বাই আমার শিক্ষক, আমার ধর্মগুরু, সকলেই আমার তাণক্রা। কাহাকেও হয়তো আমি অভিশাপ দিই, কিন্তু তবু তাহার পত্রের ফলে উপকৃত

হই; আবার—অপরকে হয়তো আশীর্বাদ করি, আর তাহারও সংকর্মের ফলে উপত্বত হই। আমার এখানে উপত্বিতি যতটা দত্যা, আমি যাহা বলিলাম, ভাহাও ভভথানি দত্যা। পতিতা নারীকে দেখিয়া আমাকে নাদিকা কুঞ্চিত করিতে হয়, কারণ দমাজ তাই চায়, যদিও দে আমার জাণকর্জী, যদিও ভাহার পতিতাবৃত্তির ফলে অপর জীলোকের সতীত রক্ষা পাইতেছে। কথাটি ভাবিয়া দেখ। জী-পুরুষ সকলেই মনে মনে কথাটি ভাল করিয়া বিচার করিয়া দেখ। কথাটি দত্য—নিরাবরণ, নির্ভীক সত্য। আমি যত বেশী করিয়া জগৎকে দেখিতেছি, যত বেশী সংখ্যক নরনারীর সম্পর্কে আসিতেছি, আমার এই বিশাদ ততই দৃঢ়তর হইতেছে। কার দোষ দিব? কার প্রশংসা করিব? সব কিছুর তৃটি দিকই দেখিতে হইবে।

সমুখে যে কাজ বহিয়াছে, ভাহা বিপুল; আমাদের অবচেতন স্তরে যে-সব অসংখ্য চিস্তা ড্বিয়া বহিয়াছে, আমাদের জ্ঞান-নিরপেক হইয়াই যেগুলি নিজে নিজে কাজ করিয়া চলে, সেগুলিকে স্ববশে আনিতে চাওয়াই হইল আমাদের সর্বপ্রথম কাজ। খারাপ কাজটি অবশ্য চেতনন্তরেই ঘটে, কিন্তু যে কারণ কাজটিকে ঘটাইল, ভাহা ছিল আমাদের অগোচরে বহুদ্রে— অবচেতনার রাজ্যে; সেজ্য ভাহার শক্তিও বেশী।

ফলিত মনস্তব প্রথমেই অবচেতনকে নিয়ন্ত্রাণাধীনে আনিবার কাজে দর্বণজ্জি নিয়োগ করে; আর ইহা জানা কথা বে, আমরা উহাকে আয়তে আনিতে পারি। কেন পারি? কারণ আমরা জানি যে, চেতনই অবচেতনের কারণ; আমাদের অতীতের যে লক্ষ্ণ লক্ষ্ণ চেতন-চিন্তাগুলি মনের ভিতর ভ্রিয়া গিয়াছে, সেইগুলিই অবচেতন চিন্তা; অতীতের সজ্ঞান ক্রিয়াগুলিই নিজ্জিয় ও অবচেতনক্রণে থাকে; আমরা আর সেগুলির দিকে কিরিয়া তাকাই না, সেগুলিকে চিনি না; সেগুলির কথা আমরা ভূলিয়া গিয়াছি। কিন্তু মনে রাখিও, অবচেতন ভরে যেমন পাপের শক্তি নিহিত রহিয়াছে, তেমনি পুণ্যের শক্তিও আছে। আমাদের অন্তরে অনেক কিছু সঞ্চিত আছে, যেন একটি থলির মধ্যে সব প্রিয়া রাখা হইয়াছে। আমরা সেগুলির কথা ভ্রিয়া গিয়াছি, সেগুলির কথা ভাবি না পর্যন্ত; আর তাহার ভিতর বিদ্যান্ত আছে, বাহা প্রিয়া যাইতেছে, পচিয়া নিশ্চিত বিদ্যান্ধ কারণ হইতেছে; এই-সব অবচেতন কারণই বাহিরে আসিয়া মানব-

সমাজকে ধ্বংস করে। সেজ্বন্ত ষথার্থ মনস্তত্বের উচিত—ষাহাতে এগুলিকে চেতনার আয়ত্তে লইয়া আসা যায়, তাহার চেট্টা করা। আমাদের সমুখে রহিয়াছে গোটা মাহ্যটিকেই ধেন জাগাইয়া তুলিবার বিশাল কর্তব্য, যাহাতে সে নিজের সর্বময় কর্তা হইতে পারে। শরীরের ভিতরে ধে-সব ষম্প্রের কাজকে আমরা স্বয়ংক্রিয় বলিয়া থাকি, ধেমন ষক্ততের ক্রিয়া, সেগুলিকে পর্যন্ত নিজের ইচ্ছাধীন করা যায়।

এ-বিষয়ে চর্চার প্রথম অংশ হইল অবচেতনকে নিয়য়ণ করা। পরের অংশ—চেতনারও পারে চলিয়া যাওয়া। অবচেতনের কাজ থেমন চেতনার নিয়ন্তরে হয়, তেমনি আর এক ধরনের কাজ হয় চেতনার উর্ধে, অভিচেতন তারে। এই অতিচেতন অবস্থায় পৌছিলে মাহ্রয় মৃক্ত হয় ও দেবত লাভ করে; মৃত্যু অমরত্বে রূপায়িত হয়, তুর্বলতা অনন্তশক্তির রূপ দেয়, এবং লোহশৃঙ্খল পর্যবসিত হয় মৃক্তিতে। অতিচেতনার এই দীমাহীন রাজ্যই আমাদের লক্ষ্য।

কাজেই এখন পরিদার বোঝা যাইতেছে যে, কাজটিকে ছ-ভাগে ভাগ করিতে হইবে। প্রথমত: ইড়া ও পিল্লা নামে শরীরে যে ছটি সাধারণ (সায়বিক)প্রবাহ আছে, দেগুলিকে ঠিকমত চালাইয়া অবচেতন ক্রিয়াগুলিকে আয়ত্তে আনিতে হইবে; দিতীয়ত: চেতনারও উর্ধে উঠিয়া যাইতে হইবে।

শাস্ত্রে বলে, আত্মনমাহিত হওয়ার জন্য স্থার্থ প্রচেষ্টার ফলে বিনি এই সত্যে পৌছিয়াছেন, তিনিই যোগী। এই অবস্থায় স্থ্রাদ্বার খ্লিয়া যায়। স্থ্রার মধ্যে তথন একটি প্রবাহ প্রবেশ করে; ইতিপূর্বে এই নৃতন পথে কোন প্রবাহ প্রবেশ করে নাই। প্রবাহটি ক্রমশঃ উপরের দিকে উঠিতে থাকে, এবং বিভিন্ন পদ্মগুলি (মেরুদণ্ডের অভ্যন্তরে স্থ্রা-কেন্দ্রগুলি, যোগশাত্মের ভাষায় এগুলিকে 'পদ্ম' বলা হয়) অতিক্রম করিয়া অবশেষে মন্তিক্ষে আদিয়া পৌছায়। যোগী তথন নিজের ষ্থার্থ স্বরূপ অর্থাৎ ভাগবত সন্তা উপলন্ধি করেন।

আমরা নির্বিশেষভাবে সকলেই যোগের এই চরম অবস্থা লাভ করিতে পারি। কাজটি কিন্ত চ্রহ। যদি কেহ এই সভ্য লাভ করিতে চার, তাহা হইলে তথু বক্তা তনিলেই বা কিছুটা প্রাণায়াম অভ্যাস করিলেই চলিবে না। প্রস্তাতির উপরেই সব কিছু নির্ভর করে। একটি আলো জালিতে কভটুকু আর সময় লাগে? মাত্র এক সেকেও; কিন্তু বাভিটি প্রস্তুত করিতে কভথানি সময় যায়! দিনের প্রধান ভোজনটি করিতে আর কভটুকু সময় লাগে? বোধ হয় আধঘণ্টার বেশী দরকার হয় না। কিন্তু থাবারগুলি প্রস্তুত করিবার জন্ম কয়েক ঘণ্টা সময়ের প্রয়োজন। এক সেকেণ্ডের মধ্যে আলো জালিতে চাই আমরা, কিন্তু ভূলিয়া যাই যে, বাভিটি প্রস্তুত করাই হইল প্রধান কাজ।

লক্ষ্যলাভ এত কঠিন হইলেও তাহার জ্ঞা আমাদের ক্ষ্ত্রতম প্রচেষ্টাও কিন্তু র্থা যায় না। আমরা জানি, কিছুই লুপু হইয়া যায় না। গীতায় অন্ত্র্ন শ্রীকৃষ্ণকে জিজ্ঞাসা করিয়াছিলেন, 'এজন্মে বাহারা যোগসাধনায় দিছিলাভ করিতে পারে না, তাহারা কি ছিল্ল মেঘের মতো বিনষ্ট হইয়া যায়?' শ্রীকৃষ্ণ উত্তর দিয়াছিলেন, 'সথা, এ-জগতে কিছুই লুপ্ত হয় না। মাহ্য্য যাহা কিছু করে, তাহা তাহারই থাকিয়া যায়। এজন্মে যোগের ফললাভ করিতে না পারিলেও পর্জন্মে আবার সে সেই ভাবেই চলিতে শুক্ষ করে।' এ-কথা না মানিলে বুদ্ধ, শহর প্রভৃতির অভুত বাল্যাবস্থার ব্যাখ্যা করিবে কিন্ত্রণে?

প্রাণায়াম, আসন—এগুলি যোগের সহায়ক সন্দেহ নাই; কিন্তু এ-সবই দৈহিক। বড় প্রস্তুতি হইতেছে মনের ক্ষেত্রে। তাহার জন্ম প্রথমেই প্রয়োজন—শাস্ত সমাহিত জীবন।

ষোগী হইবার ইচ্ছা থাকিলে স্বাধীন হইতেই হইবে, এবং এমন এক পরিবেশে নিজেকে রাখিতে হইবে, যেখানে তুমি একাকী ও সর্ববিধ উদ্বেগমৃক্ত। যে আরামপ্রদ হথের জীবন চায়, আবার সেই সদে আত্মজানও লাভ করিতে চায়, তাহার্য অবস্থা দেই মূর্থেরই মতো, যে কার্চথণ্ড-ভ্রমে একটি ক্মীরকে আঁকড়াইয়া নদী পার হইতে চায়। 'আগে ঈখরের রাজ্যের থোঁজ কর, তাহা হইলে সব কিছুই তোমার নিকট আদিয়া পড়িবে।' ইহাই সর্বোত্তম কর্তব্য, ইহাই বৈরাগ্য। একটি আদর্শের জন্ম জীবন উৎদর্গ কর, আর কোন কিছু যেন মনে স্থান না পায়। যে জিনিসের কোন কালে বিনাশ নাই, তাহা, অর্থাৎ আমাদের আধ্যাত্মিক পরিপূর্ণভাকে পাইবার জন্মই যেন আমরা আমাদের স্বপ্রকার শক্তি নিয়োগ করি। অফুভ্তিলাভের আন্তরিক আকাজ্যা থাকিলে আমাদিগকে লড়িতেই হইবে; সেই চেষ্টার ভিতর দিয়াই

আমরা উন্নত হইব। অনেক কিছু ভূলভ্রান্তি হইবে; কিন্তু তাহারাই হয়তো ভূলের ছলবেশে আমাদের কল্যাণসাধনের দেবদূত।

ধ্যানই অধ্যাত্মজীবনের সর্বাপেক্ষা অধিক সহায়ক। ধ্যানকালে আমরা সর্ববিধ জাগতিক বন্ধন হইতে মুক্ত হই, এবং নিজ ভাগবত স্থান্দ উপলব্ধি করি। ধ্যানের সময় আমরা কোন বাহ্য সহায়তার উপর নির্ভর করি না। আত্মার স্পর্শে মলিনতম স্থানগুলিও উজ্জ্লতম বর্ণের আভায় উদ্থানিত হইতে পারে, জ্বয়ত্তম বন্ধও স্থরভিমণ্ডিত হইতে পারে, পিশাচও দেবতায় পরিণত হইতে পারে, তথন সব শত্রুভাব—সব স্থার্থ শৃত্যে লীন হয়। দেহবোধ যত কম আদে, ততই ভাল। কারণ দেহই আমাদের নীচে টানিয়া আনে। দেহের প্রতি আসন্ধির জ্বয়, দেহাত্মবোধের জ্ব্য আমাদের জীবন ত্র্বিষ্ট ইয়া উঠে। রহস্তটি এই: চিন্তা করিতে হয়—আমি দেহ নই, আমি আ্থা; ভাবিতে হয়—সমগ্র বিশ্ব এবং তৎসংশ্লিপ্ত ধাহা কিছু সবই, তাহার ভালমন্দ সব কিছুই হইতেছে পরপর সাজানো কতকগুলি ছবির মতো, পটে অন্ধিত দৃষ্ঠাবলীর মতো; আমি তাহার সাক্ষিত্বরূপ ত্রন্টা।

রাজযোগ-প্রসঙ্গে

যোগের প্রথম দোপান যম। যম আয়ত্ত করিতে পাঁচটি বিষয়ের প্রয়োজন:

- ১. কায়মনোবাক্যে কাহাকেও হিংদা না করা।
- ২. কায়মনোবাকো সভা কথা বলা।
- ৩. কায়মনে বাক্যে লোভ না করা।
- 8. কায়মনোবাক্যে পরম পবিত্রতা রক্ষা করা।
- কায়মনোবাক্যে অপাপবিদ্ধতা।

পবিত্রতা শেষ্ঠ শক্তি। ইহার সমুথে সব কিছু নিন্তেজ। তারপর 'আসন' বা সাধকের বদিবার ভঙ্গী। আসন দৃঢ় হওয়া চাই, এবং শির পঞ্জর এবং দেহ ঋজু ও সরলরেখায় অবস্থিত হইবে। মনে মনে চিস্তা কর—তোমার আসন দৃঢ়, কোন কিছু ভোমাকে টলাইতে পারিবে না। অতঃপর চিম্ভা কর—মাথা হইতে পা পর্যন্ত একটু একটু করিয়া তোমার সমগ্র দেহ বিশুদ্ধ হইতেছে। চিম্ভা কর—শনীর ফটিকের আয় স্বচ্ছ এবং জীবন-সমূক্ত পাড়ি দেওয়ার জন্ম একটি নিথুত শক্ত ভেলা।

ঈখরের নিকট, জগতের সকল মহাপুরুষ, ত্রাণকর্তা এবং পবিত্রাত্মাদের নিকট প্রার্থনা কর, তাঁহারা যেন তোষায় সাহায্য করেন। তারপর অর্ধঘণ্টা প্রাণায়াম অর্থাৎ পুরক, কুন্তক ও রেচক অন্ত্রাস কর ও খাসপ্রখাসের সহিত্র মনে মনে 'ওঁ' শব্দ উচ্চারণ কর। আধ্যাত্মিক শব্দের অন্তুত শক্তি আছে।

বোগের অন্যান্য ন্তর: (১) প্রত্যাহার অর্থাৎ সকল বাহ্ বিষয় হইতে ইন্দ্রিয়গুলি সংঘত করিয়া সম্পূর্ণরূপে মানসিক ধারণার দিকে পরিচালিত করা; (২) ধারণা অর্থাৎ অবিচল একাগ্রতা; (৩) ধ্যান অর্থাৎ প্রগাঢ় চিন্তা; (৪) সমাধি অর্থাৎ (শুদ্ধ ধ্যান) রূপবিবর্জিত ধ্যান। ইহা যোগের সর্বোচ্চ

এবং শৈষ শুর। প্রমাশ্মায় সকল চিস্তাভাবনার নিরোধের নাম সমাধি— যে অবস্থায় উপলব্ধি হয়, 'আমি ও আমার পিতা এক।'

একবারে একটি কাজ কর, এবং উহা করিবার সময় **অপর সকল কাজ** পরিজ্যাগ করিয়া উহাতেই সমগ্র মন অর্পণ কর।

রাজযোগ-শিক্ষা

(ইংলভে শিক্ষার্থীদের নিকট প্রদন্ত বক্তৃতা হইতে সংগৃহীত)

প্রাণ

পদার্থ (জড়প্রকৃতি) পাঁচ প্রকার অবস্থার অধীন: আকাশ, আলোক, বায়বীয়, তরল ও কঠিন—ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম্—ইহাই স্টি-তত্ত্ব। অতি স্ক্ষা বায়ুরূপ আদি পদার্থ হইতে ইহাদের উদ্ভব।

বিষের অন্তর্গত তেন্ধ 'প্রাণ' নামে অভিহিত—উহাই এই উপাদানগুলির (পঞ্চুতের) মধ্যে শক্তিরূপে বিভয়ান। প্রাণশক্তির ব্যবহারের নিমিত্ত মনই মহা যন্ত্রন্থক। মন জড়াত্মক। মনের পশ্চাতে অবস্থিত আত্মাই প্রাণের উপর আধিপত্য বিস্তার করে। প্রাণ জগতের পরিচালক-শক্তি; জীবনের প্রত্যেকটি বিকাশের মধ্যে প্রাণশক্তি দৃই হয়। দেহ নশ্বর, মনও নশ্বর; উভরই যৌগিক পদার্থ বলিয়া বিনাশপ্রাপ্ত হইবেই। এই-সকলের পশ্চাতে আছে অবিনাশী আত্মা। তার বোধবরূপ আত্মা প্রাণের নিয়ামক ও পরিচালক। কিছু যে বৃদ্ধি আমাদের চতুর্দিকে দেখি, তাহা সর্বদাই অপূর্ণ। এই বোধ পূর্ণতা লাভ করিলে যীভঞ্জীইাদি অবতারের আবির্ভাব ঘটে। বৃদ্ধি সর্বদা নিজেকে প্রকাশ করিবার চেষ্টা করিতেছে এবং এজন্য উন্নতির বিভিন্ন ভারের মন ও দেহ সৃষ্টি করিতেছে। সকল বন্ধর পশ্চাতে—যথার্থ সন্তান্থ প্রাণীই সমান।

মন অতি হক্ষ পদার্থ ; উহা প্রাণশক্তি প্রকাশের যন্ত্রহরণ। শক্তির বহিঃপ্রকাশের নিমিত্ত পদার্থের প্রয়োজন।

শরবর্তী প্রশ্ন হইল—প্রাণকে কিরপে ব্যবহার করা যায়। আমরা সকলেই প্রাণের ব্যবহার করিয়া থাকি, কিন্তু কি শোচনীয় ভাবেই না উহার অপচয় ঘটে! প্রস্তৃতির স্তরে প্রথম নীতি হইল সমৃদর জ্ঞানই অভিজ্ঞতা-প্রস্তৃ। পঞ্চেদ্রের বাহিরে যাহা কিছু বিভ্যমান, আমাদের নিকট সভ্য বলিয়া প্রতিপন্ন হইবার জন্ম উহা উপলব্ধি করিতে হইবে।

অবচেতন, চেতন ও অতিচেতন—এই তিনটি স্তরে আমাদের মন ক্রিয়া করিয়া থাকে। যোগীই কেবল অভিচেতন মনের অধিকারী। যোগের মূলতত্ত্ হইল, মনের উর্ধের গমন। আলোক অথবা শব্দের স্পন্দনমাত্রা অহ্যায়ী এই তিনটি শুরের বিষয় অবগত হওয়া যায়। আলোর কভকগুলি স্পন্দন এত মহর যে, সহজে উহা দৃষ্টি-গোচর হয় না—স্পন্দনমাত্রা ক্রত হইয়া আমাদের নিকট আলোকরণে প্রতিভাত হয়; তারপর স্পন্দনের বেগ এত ক্রত হয় যে, আর উহা আমাদের দৃষ্টিগোচর হয় না। শব্দ সহজেও অহ্রপ ঘটিয়া থাকে।

স্বাস্থ্যের কোন ক্ষতি না করিয়া কিন্ধপে ইন্দ্রিয়াতীত হইতে পারা যায়, তাহাই শিখিতে হইবে। কতকগুলি যৌগিক ক্ষমতা আয়ত্ত করিতে গিয়া পাক্ষাত্তা মন বাধাপ্রাপ্ত হইয়াছে। ফলে ঐ শক্তিগুলি তাঁহাদের মধ্যে অস্থাভাবিকর্ধপে প্রকাশ পায় এবং প্রায়ই ব্যাধির আকার ধারণ করে। হিন্দুগণ বিজ্ঞানের এই বিষয়টি অস্থীলনপূর্বক নির্দোষ করিয়াছেন। এখন সকলেই কোন ভয় বা বিপদের আশহা না করিয়া উহা চর্চা করিতে পারে।

অভিচেতন অবস্থার একটি হন্দর প্রমাণ হইল মনের আরোগ্য-বিধান; কারণ—বে চিন্তা আরোগ্য সম্পাদন করে, ভাহা প্রাণেরই একপ্রকার ম্পন্দন এবং উহাকে ঠিক চিন্তা বলা যায় না, কিন্তু চিন্তা অপেক্ষা উচ্চন্তরের এমন কিন্তু—যাহার নাম আমাদের জানা নাই।

প্রত্যেক চিন্তার তিনটি অবস্থা আছে। প্রথমতঃ চিন্তার উদয় অথবা আরম্ভ—বাহার বিষয়ে আমরা সচেতন নই; বিতীয়তঃ যথন চিন্তা মনের উপরিভাগে আসে; তৃতীয়তঃ যথন চিন্তা আমাদের নিকট হইতে সঞ্চারিত হয়। চিন্তা জলের উপরিভাগে অবস্থিত বৃদ্দের তায়। চিন্তা ইচ্ছার সহিত বৃদ্ধের কায়। চিন্তা ইচ্ছার সহিত বৃদ্ধের কায়। কায়া তৃমি পীড়িত ব্যক্তিকে নীরোগ করিতে চাও, তাহা চিন্তা নয়—শক্তি। যে মানবাজা সকলের মধ্যে অহুস্যত, সংস্কৃতে তাহাকে 'স্ত্রাত্মা' বলিয়া নির্দেশ করা হয়।

প্রাণের শেষ এবং সর্বোত্তম প্রকাশ হইল 'প্রেম'। যে মুহুর্তে প্রাণ হইতে প্রেম উৎপন্ন করিতে পারিবে, ভখনই ভূমি মৃক্ত। এই প্রেম লাভ করাই সর্বাপেকা করিন ও মহৎ কাজ। অপরের দোষ দেখিও না, নিজেরই সমালোচনা করা উচিত। মাতালকে দেখিয়া নিন্দা করিও না; মনে রাখিও, মাতাল ডোমারই আর একটি রূপ। যাহার নিজের মধ্যে মলিনতা নাই, দে অপরের মধ্যেও মলিনতা দেখে না। তোমার নিজের মধ্যে যাহা বর্তমান,

অপবের মধ্যে তুমি তাহাই দেখিয়া থাকো। সংস্কার-সাধনের ইহাই স্থনিশ্চিত পছা। যে-সকল সংস্কারক অফ্রের দোষ দর্শন করেন, তাঁহারা নিজেরাই যদি দোষাবহ কাজ বন্ধ করেন, তবে জগৎ আরও ভাল হইয়া উঠিবে। নিজের মধ্যে এই ভাব পুনঃ পুনঃ ধারণা করিবার চেষ্টা কর।

যোগ-সাধনা

শরীরের যথাযথ যত্ন লওয়া কর্তন্য। আন্তরিক-ভাবাপন্ন ব্যক্তিরাই দেহের পীড়ন করে। মনকে দর্বদা প্রফুল্ল রাখিও। বিষণ্ণভাব আদিলে পদাঘাতে ভাহা দূর করিয়া দাও। যোগী অভ্যধিক আহার করিবেন না, আবার উপবাসও করিবেন না; যোগী বেশী নিদ্রা যাইবেন না, আবার বিনিদ্রও হইবেন না। দর্ব বিষয়ে যিনি মধ্যপন্থা অবলম্বন করেন, তিনিই যোগী হইতে পারেন।

কোন্সময় যোগাভ্যাদের পক্ষে শ্রেষ্ঠ ? উষা ও দায়ংকালের দক্ষিক্ষণে যখন সমগ্র প্রকৃতি শাস্ত থাকে, তখনই যোগের সমগ্ন। প্রকৃতির দাহায্য গ্রহণ কর। স্বচ্চনভাবে আদনে বসিবে। মেরুদণ্ড ঋজু রাখিয়া, সন্মুখে বা পশ্চাতে না ঝুঁকিয়া শরীরের তিনটি অংশ—শির, গ্রীবা ও পঞ্জর দরল রাখিবে। অতঃপর দেহের এক একটি অংশ হইতে আরম্ভ করিয়া সমগ্র দেহটি সম্পূর্ণ বা নির্দোষ—এইরূপ চিন্তা কর। তারপর সমগ্র বিশ্বে একটি প্রেমের প্রবাহ প্রেরণ কর এবং জ্ঞানালোকের জ্ব্য প্রার্থনা কর। স্বশ্বেষে নিঃশাস-প্রশাদের সহিত মনকে যুক্ত করিয়া ক্রমে ক্রমে মনের গতিবিধির উপর একাগ্রতা-দাধনের ক্রমতা অর্জন কর।

ওজঃশক্তি

যাহা দারা মাহুষের সহিত মাহুষের (একজনের সহিত অপরের) পার্থক্য
নির্ধারিত হয়, তাহাই ওজ:। বাহার মধ্যে ওজ:শক্তির প্রাধান্ত, তিনিই
নেতা। ইহার প্রচণ্ড আকর্ষণী শক্তি আছে। স্নায়ুপ্রবাহ হইতে ওজ:শক্তির
স্পষ্ট। ইহার বিশেষত্ব এই ষে, সাধারণতঃ যৌনশক্তিরূপে যাহা প্রকাশ
পাইয়া থাকে, তাহাকেই অতি সহক্তে ওজ:শক্তিতে পরিণত করা যাইতে

পারে। যৌনকেন্দ্রে অবস্থিত শক্তির ক্ষয় এবং অপচয় না হইলে উহাই ওঞ্জ:-শক্তিতে পরিণত হইতে পারে। শরীরের ছুইটি প্রধান স্বায়ুপ্রবাহ মন্তিক হইতে নিৰ্গত হইয়া মেক্লণণ্ডের হুই পাৰ্য দিয়া নিয়ে চলিয়া গিয়াছে, কিছ শিরের শশ্চান্তাগে স্নায়্প্রবাহ-তৃটি ৪ সংখ্যার মতো আড়াআড়িভাবে অবস্থিত। এই রূপে শরীবের বাম অংশ মন্ডিছের দক্ষিণ অংশ ছারা নিয়ন্ত্রিত হয়। এই স্বায়ুচক্রের দর্বনিয়প্রান্তে যৌনকেন্দ্র—মূলাধারে (Sacral Plexus) অবস্থিত। এই তুই সায়ুপ্রবাহের দারা সঞ্চালিত শক্তির গতি নিমাভিম্থী এবং ইহার অধিকাংশ মূলাধারে ক্রমাগত সঞ্চিত হয়। মেরুদণ্ডের শেষ অস্থিও এই মৃলাধারে অবস্থিত এবং দাকেতিক ভাষায় উহাকে 'ত্রিকোণ' বলা হয়। সমস্ত শক্তি উহার পার্যে দঞ্চিত হয় বলিয়া ঐ শক্তি দর্পব্রপ প্রতীকের ঘারা প্রকাশিত হয়। চেতন ও অবচেতন-এই তুই সায়ুপ্রবাহের মধ্য দিয়া ক্রিয়া করে। কিন্ত অতিচেতন যথন এই চক্রের নিম্নভাগে উপনীত হয়, তখন স্নায়্প্রবাহের ক্রিয়া বন্ধ হয়, এবং উর্ধ্বগামী হইয়া চক্রাকার সম্পূর্ণ করিবার পরিবর্তে স্নায়্-কেন্দ্রের গতি রুদ্ধ হইয়া ওক্ষঃশক্তিরূপে মূলাধার হইতে মেরুদণ্ডের ভিতর দিয়া উর্বেম্থে প্রবাহিত হয়। সাধারণত: মেরুদণ্ডের ঐ ক্রিয়া (স্ব্যুমা নাড়ী) বন্ধ থাকে, কিন্তু ওদ্ব:শক্তির গমনাগমনের নিমিত্ত উহা উন্মুক্ত হইতে পারে। এই ওজঃপ্রবাহ মেরুদণ্ডের একটি চক্র হইতে অপর চক্রে ধাবিত হইবার সঙ্গে সঙ্গে ভূমি (যোগী) জীবনের এক শুর হইতে অন্ত শুরে উপনীত ইইতে পারো। মহুয়দেহধারী আত্মার পক্ষে সর্বপ্রকার স্তরে উপনীত হওয়া ও সর্বপ্রকার অভিজ্ঞতা লাভ করা সম্ভব বলিয়াই অগ্রাগ্য প্রাণী অপেক্ষা শ্রেষ্ঠ। মাহুষের পক্ষে অন্ত ধরনের দেহ আর প্রয়োজন হয় না, কারণ সে ইচ্ছা করিলে এই দেহেই ভাহার পরীক্ষা-নিরীকা সম্পূর্ণ করিয়া বিশ্বদ্ধাত্মা হইতে পারে। ওজঃশক্তি যথন এক স্তর হইতে অত্য স্তরে ধাবিত হইয়া অবশেষে সহস্রারে Pineal Gland-এ (মন্তিক্ষের বে অংশের কোন ক্রিয়া আছে কি-না শারীর-ৰিজ্ঞান বলিতে পারে না) আসিয়া উপনীত হয়, তথন মাহ্য দেহও নয়, মনও নয়; তথন সে সর্বপ্রকার বন্ধন হইতে মুক্ত।

যৌগিক শক্তির মহা বিপদ এই যে, ঐ শক্তি প্রয়োগ করিতে গিয়া মাত্র্য পড়িয়া যায়, এবং উহার যথার্থ প্রয়োগ জানে না। যে-ক্ষমতা লে লাভ করিয়াছে, সেই বিষয়ে তাহার কোন শিক্ষা এবং জ্ঞান নাই। বিপদ এই ষে, এই-সকল যৌগিক শক্তির প্রয়োগের ফলে যৌনাম্বভৃতি অস্বাভাবিকরণে জাগ্রত হয়, কারণ বাস্তবিকপক্ষে যৌনকেন্দ্র হইডেই এই-সকল শক্তির উদ্ভব। যৌগিক শক্তির বহিঃপ্রকাশ না করাই সর্বাণেক্ষা নিরাপদ ও উত্তম পশ্বা, কারণ অক্ত ও অশিক্ষিত অধিকারীর উপর ঐ শক্তি-গুলি অতি মারাত্মক রকমের ক্রিয়া করে।

প্রতীকের প্রদলে বলিতেছি। মেরুদণ্ডের উর্ধে এই ওজ্ঞ:শক্তির গতি পোঁচানো জু-র মতো অমুভূত হয় বলিয়া উহাকে 'সর্প' বলা হয়। ঐ সর্পের অবস্থান ত্রিকোণের উপরে। যথন ঐ শক্তি জাগ্রত হয়, তথন মেরুদণ্ডের ভিতর দিয়া যায় এবং এক চক্র হইতে অন্য চক্রে বিচরণকালে আমাদের অস্তবে এক নৃতন জগৎ উদ্যাটিত হয়—অর্থাৎ কুগুলিনী জাগরিতা হন।

প্রাণায়াম -

প্রাণায়াম-অভ্যাস হইতেছে অভিচেতন মনের শিক্ষা। শরীরের ধারা যে অভ্যাস করিতে হয় (শারীরিক প্রক্রিয়া), তাহা তিন অংশে বিভক্ত এবং উহার কার্য প্রাণবায় লইয়া—অর্থাৎ নিঃশাস গ্রহণ, ধারণ ও ভ্যাগ (প্রক, কুম্ভক ও রেচক)। চার সংখ্যা গণনা করিতে করিতে এক নাসারক্রের সাহায্যে বায়্গ্রহণ করিতে হইবে, যোল সংখ্যা গণনা করিতে করিতে অপর নাসারক্রের সাহায্যে বায়্ (নিঃশাস) ভ্যাগ করিতে হইবে। অভংপর নাসারক্রের সাহায্যে বায়্ (নিঃশাস) ভ্যাগ করিতে হইবে। অভংপর নিঃশাস লইবার সময় অপর নাসারক্র বন্ধ করিয়া বিপরীতভাবে উহার অভ্যাস করিতে হইবে। বৃদ্ধান্ত ধারা এক নাসারক্র বন্ধ রাখিয়া এই প্রক্রিয়া আরম্ভ করিতে হয়; কিন্ত যথাসময়ে প্রাণবায় ভোমার বশে (আয়ত্তে) আসিবে। সকাল-সন্ধ্যায় চারিবার এইরূপ প্রাণায়াম করিবে।

ইন্দ্রিয়গ্রাহ্য জ্ঞানের পারে

'অহতাপ কর, কারণ স্বর্গরাজ্য তোমার সন্নিকটে।' 'অহতাপ' শক্টি গ্রীকভাষায় 'Metanoctic' (Meta শব্দের অর্থ—উর্ধের, অতীত) এবং ইহার আক্ষরিক অর্থ 'জ্ঞানের পারে যাও'—পঞ্চেন্তরগ্রাহ্য জ্ঞানের—'এবং খীয় অন্তরে দৃষ্টি নিবদ্ধ কর, যেখানে স্বর্গরাজ্য দেখিতে পাইবে।'

শুর হ্যামিলটন কোন দার্শনিক আলোচনার শেষে বলিয়াছেন, 'এখানে দর্শনের অবসান (সমাপ্তি), এখানে ধর্মের আরম্ভ।' বুদ্ধির ক্ষেত্রে ধর্মের স্থান নাই এবং কখন থাকিতে পারে না। বুদ্ধিপ্রস্ত বিচার ইন্দ্রিয়গ্রাহ তত্ত্বের উপর প্রতিষ্ঠিত। ইন্দ্রিয়ের সহিত ধর্মের কোন সম্পর্ক নাই। অজ্যেরবাদিগণ বলেন, তাঁহারা ঈশ্বকে জানিতে সমর্থ নন, এবং তাঁহারা ইহা যথাৰ্থই বলিয়া থাকেন, কাৰণ ইন্দ্ৰিয়দাবা লব্ধ জ্ঞান তাঁহারা নিঃশেষ করিয়াছেন, তথাপি ঈশর-জান সম্বন্ধে আর অগ্রসর হইতে পারেন নাই। অতএব ধর্মকে প্রমাণ করিবার জন্য অর্থাৎ ঈশবের অন্তিত, অমরত ইত্যাদি বিষয়ে জ্ঞানলাভের নিমিত্ত আমাদিগকে ইন্দ্রিয়জ্ঞানের উর্ধে উঠিতে হইবে। শ্রেষ্ঠ মহাপুরুষগণ ও তত্ত্বদর্শিগণ 'ঈশরকে দর্শন করিয়াছেন' বলিয়া দাবি করেন, অর্থাৎ তাঁহারা ঈশ্বরের প্রত্যক্ষ অহুভূতি লাভ করিয়াছেন। অভিজ্ঞতা বা অহুভৃতি ব্যঙীত জ্ঞানলাভ হয় না, এবং স্বীয় অস্তৱেই ঈশব দৰ্শন করিতে হইবে। মাহুষ ষধন এই বিশ্বের অন্তর্গত সেই পরম সভ্য দর্শন করে, কেবল তথনই তাহার সকল সন্দেহের নির্দন হয়, এবং হৃদ্যুগ্রন্থি ভিন্ন হইয়া যায়। ইহাই 'ঈশ্ব-দর্শন'। আমাদের কাজ হইল সভ্যকে নিরূপণ করা, কেবল মভামত গলাধঃকরণ করিলে চলিবে না। অত্যাত্য বিজ্ঞানের মতো ধর্মজগতেও সাক্ষাৎভাবে জানিবার জম্ম তথ্য-সংগ্রহের প্রয়োজন এবং পঞ্চেয়ের দীমার মধ্যে যে জ্ঞান আছে, তাহার বাহিরে যাইলেই উহা সম্ভব হয়। প্রত্যেক ব্যক্তিরই ধর্মজগতের সত্যসমূহ যাচাই করিয়া লওয়া আবিশ্রক। ঈশ্বর-দর্শনই একমাত্র লক্ষ্য, শক্তিলাভ নয়। শুদ্ধ সং, চিং ও প্রেমই জীবনের লক্ষ্য; এবং প্রেমই ঈশ্বর-শ্বরূপ।

চিন্তা, কল্পনা ও ধ্যান

স্থাপ্ত চিন্তায় আমরা যে রুত্তি অর্থাৎ করনা প্রয়োগ করিয়া থাকি, তাহাই সত্যে উপনীত হইবার উপায় হইবে। কল্পনাশক্তি অধিক প্রবল হইলে বিষয়বম্ব দৃষ্ট হয়। অতএব কল্পনা-সহায়ে আমরা শ্রীরকে স্কৃষ্

অথবা পীড়িত অবস্থায় আনিতে পারি। যথন কোন বস্তু আমাদের দৃষ্টিগোচর হয়, তথন মন্ডিকের অণুপরমাণুগুলির অবস্থান নলের ভিতর দিয়া নানা রঙের কাচথণ্ডের প্রতিফলন দারা দৃষ্ট কারুকার্যের ভায় হইয়া থাকে (Kaleidoscopic)। মন্তিক্ষের অণুপরমাণুগুলির এক্লণ সংস্থাপন ও সংযোগের পুন:প্রাপ্তিই 'শ্বৃতি' বলিয়া অভিহিত হয়। ইচ্ছাশক্তি যত প্রবল হয়, মন্ডিক্ষের প্রমাণুগুলির পুন্রবিক্তাদের সফলতা তত অধিক হইয়া থাকে। দেহকে আরোগ্য করিবার একটিমাত্র শক্তিই আছে, এবং ঐ শক্তি প্রত্যেক ব্যক্তির মধ্যে বিষ্যমান। ঔষধ ঐ শক্তিকে উদ্দীপিত করে মাত্র। দেহের মধ্যে যে বিষ প্রবেশ করিয়াছে, ঐ শক্তি দারা তাহা বিভাড়িত হয়, এবং দেহের রোগ ঐ সংগ্রামের বহি:প্রকাশ। যদিও ঔষধের দারা দেহপ্রবিষ্ট বিষ দ্রীভূত করিবার শক্তি উদ্দীপিত হইয়া থাকে. চিস্তাশক্তির দারাই উহ। অধিকতর স্থায়িভাবে উদ্দীপিত হয়। পীড়ার সময় যাহাতে আদর্শ স্বাহ্যের স্মৃতি জাগরিত হয় এবং হুস্থ থাকাকালীন মন্তিকের পরমাণ্গুলি যে-অবস্থায় ছিল, পুনবিস্থাদের সময় আবার দেরূপ অবহা লাভ করিতে পারে, সেজগু স্বাস্থ্য ও শক্তি-সম্বন্ধীয় চিস্তায় কল্পনার আধিপতা প্রয়োজন। ঐ অবস্থায় শরীর মন্তিকের অনুসরণ করিবার প্রবণতা লাভ করে।

পরবর্তী ক্রম হইল আমাদের উপর অপরের মনের ক্রিয়ার দারা উক্ত প্রণালীতে উপনীত হইতে পারা। ইহার বহু দৃষ্টান্ত প্রত্যাহ দেখা যায়। বে উপায়ে এক মনের উপর অপর মন ক্রিয়া করিয়া থাকে, তাহা শক। সং ও শ্বসং চিন্তাগুলির প্রত্যেকটিই প্রভাবসম্পন্ন শক্তি এবং এই বিশ্ব ঐক্ত্রপ চিন্তা দারা পরিপূর্ণ। অমুভূত না হইলেও কম্পন বেমন চলিতে থাকে, সেইরূপ কার্যে ক্রপায়িত না হওয়া পর্যন্ত চিন্তা চিন্তার্কপেই বিভ্যমান থাকে। উদাহরণস্বরূপ বলা যাইতে পারে, ঘূঁষি না মারা পর্যন্ত হাতের মধ্যে ঐ শক্তি স্থ্য অবস্থায় থাকে, অবশেষে উহা কার্যে ক্রপান্তরিত হইয়া ঘূঁষিতে পরিণত হয়। আমরা সং ও অসং উভয়বিধ চিন্তার উত্তরাধিকারী। বিদ আমরা নিজেদের পবিত্র ও সংচিন্তার বন্ধস্বরূপ করি, তবে সং চিন্তাসকল আমাদের মধ্যে প্রবেশ করিবে। শুদ্ধাত্যা কথনও অসং চিন্তা গ্রহণ করিবে না। অসং লোকের মনই অসং চিন্তাগুলির উপযুক্ত ক্ষেত্র। এগুলি ঠিক

জীবাণুর মতো উপযুক্ত কেত্র পাইলেই ক্রমাগত বৃদ্ধি পায়। চিস্তাগুলি কুত্র ক্ত তরকের ভার; নৃতন নৃতন আবেগ ঐগুলিতে কম্পন স্ষ্টি করিয়া চিন্তারাজ্যে উদিত হয়; অবশেষে এক বৃহৎ তরক উত্থিত হইয়া অপরগুলিকে আত্মদাৎ করে। প্রতি পাঁচশত বৎসর অন্তর এই বিশ্বজনীন চিস্তাপ্রবাহের পুনক্থান ঘটে, এবং তথন ঐ বৃহৎ তরঙ্গটি অন্তান্ত কৃদ্র তরঙ্গলিকে নিংশেষে আত্মদাৎ করিয়া শীর্ষস্থান অধিকার করে। এইরূপে একজন প্রভ্যাদিষ্ট ব্যক্তির আবির্ভাব ঘটে। তিনি ষে-যুগে বাস করেন, সে-যুগের চিম্ভাসমূহ তিনি নিষ্ক মনের মধ্যে ধারণ করেন এবং ঐগুলিকে বান্তব রূপ দিয়া মানবজাতির নিকট অর্পণ করেন। কৃষ্ণ, বৃদ্ধ, যীভ্ঞীষ্ট, মহম্মদ, লুথার প্রভৃতি মহাপুরুষগণ বৃহদাকার তরক্ষের দৃষ্টাস্তম্বরূপ; তাঁহারা তাঁহাদের সমদামন্ত্রিক মাছবের উর্ধে উঠিয়াছিলেন। তাঁহাদের পারস্পরিক ব্যবধান প্রায় পাঁচশত বৎসংরয়। যে-তরক্ষের পশ্চাতে সর্বদা অত্যুজ্জল পবিত্রতা ও মহত্তম চরিত্র বিবাজ করে, ভাহাই পৃথিবীতে সমাজ-সংস্কারের আন্দোলনক্রণে আত্মপ্রকাশ আর একবার আমাদের যুগে চিস্তাতরঙ্গের স্পন্দন বিস্থার লাভ করিয়াছে এবং ঈশবের সর্বব্যাপিত্ব উহার অন্তর্নিহিত ভাব, এবং নানা আকারে ও নানা সম্প্রদায়ের উহা আবিভূতি হইতেছে। এই-সব তরকের উদ্ভব ও বিশয় পর্যায়ক্রমে হইলেও গঠনমূলক ভাব সর্বদা ধ্বংসের অবদান ঘটায়। তথন মাহুষ নিজ আধ্যাত্মিক স্বরূপ লাভের নিমিত্ত গভীরে ডুব দেয়, সে নিজেকে কখনও কুদংস্কার দারা বদ্ধ বলিয়া অনুভব করে না। অধিকাংশ সম্প্রদায়ের অন্তিত্ব ক্ষণস্থায়ী এবং উহারা বুদ্ধের ন্তায় ওঠে ও পড়ে, কারণ এদকল সম্প্রদায়ের নেতৃবর্গের সাধারণতঃ চরিত্রবল নাই। পূর্ণ প্রেম ও প্রতিক্রিয়াথীন হাদয় দারাই চরিত্র গঠিত হয়। নেতা চরিত্রহীন হইলে আহুগত্য দম্ভব নয়। পূর্ণ পবিত্রত। দারাই স্থায়ী আহুগত্য ও বিশাস নিশ্চিতরূপে লাভ করা ধায়।

একটি ভাব আশ্রয় কর, উহার জন্ম জীবন উৎসর্গ কর এবং ধৈর্যের সহিত দংগ্রাম করিয়া যাও; ভোমার জীবনে স্র্যোদয় হইবেই।

কল্পনার প্রদক্ষে পুনরায় ফিরিয়া আদা যাক।

কুগুলিনীকে এমনভাবে কল্পনা করিতে হইবে ধেন ভাহা বাস্তব। ত্রিকোণ-অস্থিপতে কুগুলী-আকারে সর্পটি অবস্থান করিতেছে, ইহাই প্রতীক। ভারপর পূর্বে বেরূপ বর্ণিত হইয়াছে, দেইভাবে প্রাণায়াম অভ্যাস কর এবং নিংশাস ধারণ করিয়া বা শাসবদ্ধ করিয়া উহাকে ৪ সংখ্যা আরুতির নিয়ে প্রবহ্মান স্রোতের মতো করনা কর। স্রোত বধন নিয়ত্তম অংশে উপনীত হয়, তখন উহা ত্রিকোণাব হত সর্পটিকে আঘাত করে এবং ফলে সর্পটি মেরুদত্তের মধ্য দিয়া উর্ধ্বে উথিত হয়—এইরূপ চিন্তা কর। চিন্তা দারা প্রাণপ্রবাহকে ত্রিকোণাভিমুখে পরিচালনা কর।

দৈহিক প্রণালী আমরা এখন শেষ করিলাম এবং এই আংশ হইতে মানদিক প্রণালীর আরম্ভ।

প্রথম প্রক্রিয়ার নাম—'প্রত্যাহার'। মনকে বাহ্য বিষয় হইতে গুটাইয়া অস্তমুথী করিতে হইবে।

দৈহিক প্রণালী শেষ হইলে মনকে ইচ্ছামত দৌড়াইতে দাও, বাধা দিও
না। কিন্তু সাক্ষীর স্থায় উহার গতিবিধির উপর দৃষ্টি রাখো। এইরূপে
এই মন তথন ছই অংশে বিভক্ত হইবে—অভিনেতা ও দ্রষ্টা। তারপর
মনের যে-অংশ দ্রষ্টা বা সাক্ষী, তাহাকে শক্তিশালী কর এবং মনের গতিবিধি
দমন করিবার চেষ্টায় সময় নই করিও না। মন অবশ্রুই চিন্তা করিবে;
কিন্তু ধীরে ধীরে এবং ক্রমশং সাক্ষী ষধন তাহার কার্য করিয়া ষাইবে,
অভিনেতা—মন অধিকতর আয়ত্ত হইবে, যে-পর্যন্ত না তোমার অভিনয় বন্ধ
হইয়া যায়।

দিতীয় প্রক্রিয়া: ধ্যান। ইহাকে তুই ভাগে বিভক্ত করা যায়। আমরা সুলদেহধারী এবং আমাদের মনও রূপ চিন্তা করিতে বাধ্য। ধর্ম এই প্রয়োজনীয়তা দীকার করে এবং বাহ্মরপও অহধ্যানের সাহায্য করে। কোন রূপ ব্যতিরেকে তুমি ঈশবের চিন্তা (ধ্যান) করিতে পার না। চিন্তা করিতে গেলে কোন না কোন রূপ আসিবেই, কারণ চিন্তা ও প্রতীক অবিচ্ছেছ। সেই রূপের উপর মন স্থির করিতে চেষ্টা কর।

তৃতীয় প্রক্রিয়া: ধ্যানাভ্যাস দারা এই অবস্থা লাভ করা ধায় এবং ইহা যথার্থ 'একাগ্রতা' (একম্খীনতা)। মন সাধারণত: বৃত্তাকারে ক্রিয়া করে। কোন একটি বিন্দুতে মন নিবদ্ধ করিতে চেষ্টা কর।

অবশেষে ফললাভ। মন এই অবস্থায় উপনীত হইলে আরোগ্যকরণ, জ্যোতিঃদর্শন ও সর্বপ্রকার যৌগিক শক্তি লাভ হয়। মুহুর্তমধ্যে তুমি এই চিন্তা-প্রবাহ কাহারও প্রতি প্রয়োগ করিতে পারো, বেমন বীশুঞীই করিয়া-ছিলেন, এবং সঙ্গে সঙ্গে কাভ কারবে।

পূর্বে যথাযথ শিক্ষা না থাকায় এই-সকল শক্তিৰারা অনেকের পতন ঘটিয়াছে, কিন্তু আমি তোমাদিগকে ধৈর্ব ধরিয়া যোগের এই স্তরগুলি থ্ব ধীরে ধীরে অভ্যাস করিতে বলি; তারপর সমস্তই তোমাদের আয়ত্তে আসিবে। প্রেম যদি উদ্দেশ্ত হয়, তবে কিছু পরিমাণে আরোগ্যকরণ অভ্যাস করিতে পারো, কারণ প্রেম কোন অনিষ্ট সাধন করে না।

মাস্বমাত্রেই অল্লদৃষ্টিসম্পন্ন ও ধৈর্যহীন। সকলেই শক্তিলাভের আকাজ্ঞা করে, কিন্তু সেই শক্তি অর্জন করিবার জ্বন্ত অতি অল্ল লোকই ধৈর্ব ধারণ করে। সে বিতরণ করিতেই উৎস্থক, কিছু সঞ্চয় করিবে না। অর্জন করিতেই দীর্ঘ সময়ের প্রয়োজন, কিন্তু খরচ করিতে অল্ল সময় লাগে। স্থতরাং শক্তি অর্জন করিবার সঙ্গে চাহা অপচয় না করিয়া সঞ্চয় কর।

বিপুর প্রত্যেকটি তরঙ্গ দমন করিলে তাহা তোমার অহুক্লে সমতা রক্ষা করে। অতএব কোধের পরিবর্তে কোধ প্রদর্শন না করাই উত্তম কৌশল। সকল নৈতিক বিষয়েই এই নিয়ম প্রযোজ্য। যীভগ্রীষ্ট বলিয়াছিলেন, 'অক্যায়ের প্রতিরোধ করিও না।' এই উপদেশ যে কেবল নীতিসকত, ভাহা নয়; সত্যই ইহা উত্তম পছা। ইহা আবিষ্কার না করা পর্যন্ত আমরা উহার মর্ম হাদয়কম করি না, কারণ যে-ব্যক্তি কোধ প্রদর্শন করে, সে শক্তির অপচয় করিয়া থাকে। মন্তিষ্কে ঐ-সকল কোধ ও হ্বণার সমাবেশ হইতে পারে, প্রক্রণ স্থযোগ মনকে দেওয়া সকত নয়।

রসায়ন-বিজ্ঞানে মৌলিক উপাদান আবিষ্ণৃত হইবার সঙ্গে সঙ্গে রাসায়নিকের কার্য সমাপ্ত হইবে। একত আবিষ্ণৃত হইবার সঙ্গে সঙ্গে ধর্ম-বিজ্ঞান পূর্ণত্ব লাভ করে, এবং বহু সহস্র বংসর পূর্বে এই একত লব্ধ হইয়াছে। মাহ্ব পূর্ণ ঐক্যে উপনীত হয় তথনই, যথন সে বোঝে, 'আমি ও আমার পিতা এক।'

নিৰ্দেশিকা

অজ্যেরাদ (-বাদী)—১৯৩, ৩২৭ **অভিচেতন শুর—২৫**০, ২৫১ অতীন্দ্রিয় জ্ঞান—১৬৬; -বাদ ৩০৩ -বেশ্ব ১৬৫, ১৬৬ অধৈত-জ্ঞানী--- ৭৭; -তত্ব ১৩০; -बांम (-वांमी) ८७, ৫२, ७७, १४, ৯৮-১০২, ১৪১, ৩৬০-৩৬৩ ইহার ভিত্তি—১১ অধিকারবাদ—৩৩৭, ৩৪৯, ইহার বিরুদ্ধে বেদাস্তের প্রচার---অধ্যাত্মজ্ঞান---১০ '**অনবস্থা-দোষ'— ২৬**, ৩২২ অমুতাপ---৪৭৬, ৪৭৭ অন্ধবিশ্বাস—২৫৬ অবচেতন স্তর—৪৬৭ অবতার---২৭৮, ৩৭১; -উপাসনা ৫৭ অবিছা---২৯৮ অব্যক্ত-->৪, ১৬ 'অভ্যাস'—২৯৮, ৩০০ অহিমান—৩৩৮ অশোক (সমাট)—৩০৫, ৩২৭ অসীম--৫০ ইহা দীমায় অপ্রকাশ্য ১২২ অহরা মাজ্দা—৩৩৮ **অহং-কার (-জান)—১৯, ২১, ২৯,** ৪০ : -তত্ব ২৭, ২৮

আকাশ—১৬-১৮, ৯৪, ৩৫৪ আফিওক—৩২৭ আত্মদৰ্শন—২৬৬

আ'আ'—২২, ৪২, ৪৩, ৪৯, ৫০-৫২, ৫৪, ৬৩, ৭১, ৭৭, ৮৭, ৯০, ৯২, ১০০, >>>, >>>, >>>, >>>, >> **₹७८, ₹७৫-₹७९, ₹९०, ₹७९, ₹৮৮,** ৩১৩, ৩২১, ৩৩৩, ৩৩৪, ৩৬০, ৩৭৪, ৩৯৮ ইহাকে জানা ৮৪, ৮৫ ইহাতেই ঈশ্বদর্শন ২০২ ইহা নিজিয় (সাংখ্য-মত) ৪৯,৫৪ -বিজ্ঞানঘন ৮৫ -অভিব্যক্তি ৮৭-৮৯, ২৬৫ -অমরত্ব ৮৬, ১৯৯, ২২৩ -পূৰ্ণতা ১৯৫; -বন্ধন 'অনাদি' ২২; -**ভে**†গ ৪৪; -স্বরূপ ৪৮,৬০; -স্বাধীনতা ৬৪; -অমুভৃতি ২৬৬, 970 অাধ্যাত্মিকতা—১৮৯, ১৯০, ২০২, ৩৩৬ ; ইহার অহন্ধার ৩৪৩ আধ্যাত্মিক দেহ—'স্ক্রশরীর' দ্রষ্টব্য আ'ফ্রিকা---৩১৯ দক্ষিণ ১৭৪ আবেন্ডা—৩০৩ আবাহাম—১৯৮, ৩১৮ আমেরিকা---১১৮, ১৫৯, ১৭৬, ২৩৩, ২৩৭, ২৮৭, ৩২৩, ৩৭০ আর্যজাতি---২৩২, ২৭১ আ্পাকেকান্তিয়া—২৯, ১৫৯, ৩২৭ আশাবাদ---২০৪ আসন---৪৫৯

ইউনিটেরিয়ান---৩৭•

ইউফেটিস (্নদী)—১৭৬ ইওরোপ—১৫৯, ১৭৬, ১৯৮, ২৭১, ७४२, ७८१ ইচ্ছ1—৩৫-৩৬, ৬৪, ৩৬৬ -শক্তি ৬৮ ইড়া----৪**৬**৮ **ইন্দ্ৰ—২০৬, ২**০৭ हेक्क्रिय—२१, २**৫**०, ७०७, ७১८; -অহভৃতি ৩০৫, ৩০৯ ; -গ্ৰাহ্য তত্ত্ব ৪৭৭; -জ্ঞান ৩০৫, ৩০৯; -সুখ २८७-२८৮, २७२, ७১৪, ७১৯ ইলোহিম (দেবতা) ১৯৯ ইসলাম ধর্ম—'মুসলমান' জন্তব্য हेल्ही—५२२, ১৫२, ১१७, ১११, ১৯৫, ১৯৮, ১৯৯, ২৭১, ২৭৬, २४-७, ७०४, ७५२, ७२१, ७४२, 695 **≷**श्व**७**—२৮२, ७8०

ঈশ্বর, ভগবান্—৮, ১১, ২২, ৩৫, ৪৪, ८०, ४२, ०२, ०१, ००, ५०२, ५१०, ১१১, ১৯¢, २००, २०**৯**, २১১, 238, 283, 282, 266, 293, २৮२, २३२, ७७०, ७৫७, ७७०, **565**, 865 ইনি অনস্ত সতা ৫৬;-অপরিণামী ৯৮, ১১০ ; -চেতনা ৩৯০ ;-শাস্তা २६:- नर्वधर्भद्र (कब्त ১७०: - वित्यद সমষ্টি ১৪১, ২৯৭ ;-মাছুষের প্রতি-বিশ্ব ৭৬ ;-স্বতঃপ্রমাণ ১১০, ১১৪; -অমুভৃতি ১৯৬, ১৯৯, ২০২, ২০৩ ; -छेेेेेेेेेे प्राप्त २०३, २७१; - हर्मे २०३, ৪৭৭; -বিশাস ৩৫১; -সম্বন্ধীয় श्रांत्रभा ७८, ७৫, ১०१, ১०৮; নিবাকার ১৪৩; তাঁহার উপাসনা ১৪৬ ; সগুণ ২৩৫, ২৯০, ২৯৩ ; সাকার ১৪২-১৪৫ ঈশ্বকে জানা ৩৪৭

উদারতা—৩৭১ উন্নতি ত্ববান্থিত করা—৪১০ উপনিষদ্—৯১, ১১১, ১১৬, ২৭৫, ৩৭২ উপাসনা-প্রণালী—১০৫, ১০৬

ঋথেদ—১১৯, ২১•, ৩২০ ঋষি—১২১, ২৫১, ২৭৬

একস্ব—১৩৯, ১৮৯, ২৭৩, ৩৪৬;
–অমুভূতে ১১৩, ১১৪, ২৭৩;
–বাদ (-বাদী) ৭২
একদেববাদ (Henotheism)—২০৯
একাগ্রভা—৪২৪
একেশ্বরবাদ—১৯৯, ২০৮, ২০৯, ২১৩, ৩২০

এথেস—৮, ২৪১, ৩২৩, ৩৪৭ এলিস (Alice in the Wonderland)—৭৪, ৭৫ এশিয়া—১৭৬, ১৭৭, ১৯৮ 'এশিয়ার আলো' (The Light of Asia)—১২২

ওজঃ—৪৭৪ ওল্ড টেস্টামেণ্ট—৩০৪

কন্ফুসিয়াস—১২৫, ৩০৪
কপিল—৫, ১২, ২১-২৩, ২৬, ২৯, ৬৮, ৩৯, ৪১, ৪২, ৪৮, ৪৯, ৯১, ৯২
কাপিলদর্শন ২৯
কর্ম-বোগ (-বোগী)—১৬৪, ১৬৭, ১৬৮, ২৯৮, ২৯৯, ৩০১

কলিকাডা—২২২, ৬৮৯
কলাড—১৫
কালিদান (মহাকৰি)—২১৪
কালী—১১১
কুগুলিনী—৪৭৯
কুফ (এ))—১৬১, ২২১, ৪৬৯
কোরান—১৩৬, ১৮৬, ১৯২, ২০৪,
২৭৭, ৩০৪, ৪১৭
কোশল-বাদ (Design Theory)—
২১, ২১৭
ক্যাণ্ডলিক (বোম্যান)—১৪৬, ১৭৯
ক্যাণ্ড—২২০, ৩৬৬

থ্রীষ্টধর্ম, থ্রীষ্টান—১২২, ১৩৩, ১৫২১৫৪,১৫৭,১৭৭,১৭৯,১৮৮,১৯০,
-১৯২, ১৯৪, ১৯৮, ২২২, ২২৩,
২২৫, ২৫৭, ২৬৪, ২৭৫, ২৮৫,
২৮৭, ২৮৯, ৩০২, ৩২৪, ৩২৭,
৩৫৭,৩৭১

গণতন্ত্র—৩৭৩ গন্ধানদী—১৭৬ গীতা, ভগবদগীতা—১৯৫, ৩৩৮, ৪৬৯ গ্যান্সিও—২৭৭ গ্রীক, গ্রীসদেশ—৮, ২৯, ১২০, ১৯৭, ১৯৮, ৩৪৭

চার্বাক (সম্প্রদায়)—২১১, ২২৩
চিন্তা (বাঙ্নির্জন)—৯৬
ইহার ভিনটি অবস্থা ৪৭৩
ইহার বৈচিত্র্য ১৭৯
দ্রদেশে প্রেরণ ৪০৩
চীন (-জাজি)—১১৮, ১১৯, ১৫৯,
২১২, ৩২৭
চেডনা—২৫০, ২৮৮
অম্ব্যানের বিষয় ৪৬৫

হৈত্তয়—২**৩** ইহাই **অনন্ত** ১১৫

জগৎ---৪, ৫, ৯৯, ২৪• ইহাকে জ্বানা ৩৩-৩৪ ইহা চিস্তা ও ভাব-গঠিত ৭৩ ইহার উপাদান-কারণ ৪০ ইহার স্ষ্টি-স্থিতি-সমু ৩৩৫ জন্মান্তর-বাদ—'পুনর্জন্ম-বাদ' ত্রন্টব্য क्वथूष्ट्रे-धर्म--->१७, २२६ ब्रफ़-वान (-वानी)—১२७, ১२१, ১७०, ১৬৮, ১৮৫, **১৯**৩, ১৯৭, ১৯৮, २৫৮, २७8, ७०৮, ७१8 জড-বিজ্ঞান—'বিজ্ঞান' দ্ৰষ্টব্য জান্তি---১৮৮ ইহার জীবন ১৮৮ -বিভাগ ৩৪৫ জাপান--১৫৯ জার্মান-দর্শন---২১৫ **জিহোবা—১**৫২, ২১০, ২৩১, ২৭৯ कीव--- २८, २० জীবনুক্ত—৫৯ **व्य**न्म्, **णः**—२२२ टेक्क---२১०, २১১, ७१১ **ভান---১**১, ৩১-৩৪, ৩৭, ৪৫, ৫৩, ৬৩, 90, 93, 306,286,260,260, ৩৮৬, ৩৮৭ ইহার স্বাসতা ১৩৮ -যোগ, (-যোগী) ৬০, ৬৭, ৬৮, ১৬৪, ১१•, ২৯৯-৬৽২ ইহার উদ্দেশ্য ৫৯; বৈশিষ্ট্য ২৯৫; शिका ३१२ -লাভের উগ্লায় ১৬৪, ১৬৫ (भीव ১७১; हवस ১७১; विवा বা প্রাতিভ ৪৭; ইহার ধ্যান

৮০; বিচারাতীত ৩১; যুক্তি ধর্ম—৭, ১, ১০, ৬৮, ৬২, ১৬১, ১৪১, বিচার-অনিত ৩১; শ্রেষ্ঠ ৩৪৭; সহস্ৰাত (Instinct) ৩., ৩১, 368-366 জ্ঞানী--- ৭ •

টমাদ, দেণ্ট—৩২৭ টাইগ্রিদ (নদী)—২৩০

'ডিভাইন কমেডি' (Divine Comedy)-->9 ডেভি, শুর হাম্ফ্রি—৭৩

ভন্নাত্রা---১৮, ১৯, ২৮-৩৽, ৪৽ ইহার কারণ ১৯ ভম: (গুণ)—১**৪** তাও ধর্ম—৩•৪ তিতিকা-৬৮ তিবত-১৫৯ তুরস্ক—১৮৮ ত্যাগ, বৈরাগ্য—৭০, ১৯০, ২৬৩, २७४, २२४ ত্রিপিটক—৩০৪

हर्मन— eb, ३२, ১७७, २८১, २१८, 909 নষ্টিক (Gnostic)—২**>** ; দৰ্ব-खनीन->१>

मारख--- २७, २१ **मिरा-८श्रद्यवा—२७**२, २**७**७, २**७**८ (मवडा- ३७, ८०१, ७०४ দেব-দৈত্যের সংগ্রাম—৯৬, ৩৫৮ 'দেব্যান'—৩€৬ দেহ—'শরীর' দ্রপ্তব্য देवख्वांम (-वामी)—১२, ३८, ७४८, ٥٤٤, ٥٤٦, ७७०, ७७७, ७३० ভ্ৰ<u>ষ্ট</u>া'—২ **૧৬**

3eb, 362, 398, 350, 350, २०**), २२२, २२8, २२৫, २७३**, 286, 289, 200, 208, 200, २३४. ७११

অমুভৃতির বস্তু ১৭৩; অবিনাশী ১৮২ ; ইহার উন্নতি ও অবনতি ১৭৭,১৭৮ ; কার্যক্ষেত্র ২৯৫ ; ডিনটি ভাগ ১৫১, ২৭৪, ২৭৫ ; -প্রমাণ ১ ১৪ ; -প্রয়োজনীয় উপকরণ ৩৭০-৩৭২ ; -প্রারম্ভ ২২৯ ; -মূল-ভিত্তি ১২২ ; -শিকা ১৯৪ ; -দার্ব-ভৌষিকতা ১৫৫, ১৮৩; -স্চনা ১১৮-১২০, ১৭৬; -অমুভৃতি २८२; - जरूनी मंत्र १२१, २৮७; -গ্ৰন্থ ৩৭০, তথ ১; -চিস্তা ২০৬, ৩২৬ ; ইহা মানবের প্রক্রতিগত ৭ ; -প্রচারকার্য ১৭৭ ; -প্রেরণা ১৫০ ; -বিজ্ঞান ১৩২, ২৫৪, ২৫৫, ৩০৫; -বিশ্বাস ১৯৪, ৩০২; -রাজ্যে চিন্তার স্বাধীনতা ১৭৯; -সমন্বয় ১৫০ ; -সমূহের পারম্পরিক সম্পর্ক ১৮০, ১৮১; আদর্শ ১৯১; প্রচারশীল ৩৭২; প্রয়োগমূলক २८१, २८३-२७७, २७८, २१४; मर्वक्नीन ১৫७, २०२; मर्व-মনের উপধোগী ১৫৯, ১৬৩

ধর্মহাসভা---২২১ थ्यांच—२७৮, **४७२, ४४७**,

> ইহার চরম লক্ষ্য >• ইহার পরিধি ৪৪৯ ইহার শক্তি ২৬৯, ২৭০ -ভাবস্থা ৪৩

নবী—৩৭১
নরক—৯৭, ৩৫৯
নিটক (Gnostic) দর্শন—২৯
নাজারেপ—১৪৭, ২৫১, ২৮৬, ৩১৮
নারদ—১৩১
নিউ ইয়র্ক—১৭৯, ২৬৯
নিউটন—১৩৫, ২৭৭
নিউ টেস্টামেন্ট ১৪০, ২০০, ৩০৪
নিয়ম—১৩৪, ১৩৫
নীতিশাল্প ১২৪, ১২৫, ২৪১, ৩১৪,
৩৪৬
ইহা ত্যাগভিত্তিক ১২৩
ইহা ধর্ম ও দর্শনের ভিত্তি ৪২৫
নীলনদ—২৩০
নৈরাশ্যবাদ—২৪৪

পতঞ্চলি—৫ পদার্থ-বিজ্ঞান—২৬, ১৩৬, ১৪১, ১৬৩, २७७, २११, ७৯৮ পরধর্ম (পরমত) সহিষ্ণুতা—১৯১ পর্মহংস---২৩৬ পরমাণু---১৯ ইহাই আদিভূত ২৫; -বাদ ২৬ 'পরিত্রাণ'—-> পর্জন্ত---২ •৬ শল, দেও --- ১১৪ পারসীক ধর্ম – ৩•৩, ৩০৪ পারস্তা-- ১৭৬, ৩২৭ পিউরিটান--১৯০ পিজ্লা--- ৪৬৮ পিতৃপুরুষ-পূজা---১১৮, ১১১ পিথাগোবাস—২৯ পুনর্জন্ম—৩১৩ -বাদ ২৩, ১৯৬ ইহার দার্শনিক ভিত্তি ২২৫

পুরাণ—৯৬, ১৫২, ১৫৩, ৩.৩, ৩৫৮, ইহার মূলভাব ২৭৪ श्मिष् २১० 'পুরুষ'— ৩৫, ৩৬, ৪১-৪৬, ৭২, ৮৯, ইনিই 'চেতনা' ৩৭-৩৮ ইহার ভেদ-প্রতীতি মিথ্যা ৫৬ পুরোহিত-১৮৩ -ভন্ন ৩৪২ পূজা---২৯৯, ৩০০ পূৰ্ণতা-লাভ—১১৪ প্যারিস—২৬২ প্যালেন্টাইন—৩১৯ প্রকৃতি—১৪, ৪⁻, ৪১, ৯২-৯৭, ৯৮, ১০৮, ১১০, ১২৬, ২৫৯**, ২৬৭,** २२२, २३७ ইহাতে 'ব্যক্তিত্ব' নাই ২২ ; ইহার উপাদান ৩৫৪, ৩৫৫, উপাদনা ১১৯; পরিণামপ্রাপ্তি ৩৫; পরি-বর্তন ৬৬০ : প্রথম বিকাশ ২৭ : বিকার ৪৩ প্রণব-মন্ত্র---৩•• প্রভীক—৩•৩ -উপাদনা ১৫৩, ২৭৪, ২৭৫ প্রত্যক্ষামুভূতি—৫৮, ২৮২ ইহার ধারা ৩৫২ প্রত্যাহার---৪৮০ প্রভাব-বিস্তার—৪০৪ প্রয়োজন-বাদ (-বাদী)—২৪২, ২৪৬ প্রাকৃতিক বিজ্ঞান—৩•৬ প্রাণ-১৬-১৮, ৪০-৪১, ৯৪,৩৫৪, ৪৭২ -কোৰ (Protoplasm) ৫৬ প্রাণান্নাম--- 88>, 8+>, 89**৬, ৪৮**• প্রার্থনা--->৪৫

প্রেম, ভালবাসা—৪৮, ২৩৮, ৩০০, ৩০৪, ৪৭৩, ৪৭৭ ইহা আত্মার জন্তুই ৮২-৮৪ প্রেসবিটেরিয়ান (চার্চ) ১৭৯

ফরাসী দেশ—২৩৩ -বিপ্লব ১৩১ ফিলিপাইন—১৭৯

বর্গণ—২০৬-২০৮, ২১০
বর্গন—২৫২
বংশাস্ক্রমিকভা—২৩
বংশাস্ক্রমিক সঞ্চারণ—৩২
বাইবেল—১৪৭, ১৭৮, ১৯২, ১৯৬, ১৯৮,
২০৪, ২২২, ২৫৮, ২৭৭, ৩০২
বিজ্ঞান—১৩, ৪৮, ৭০, ১০৮, ১৩১,
১৩২, ১৩৬, ১৩৮, ১৩৯, ১৪৮,

৩২৯
ইছার শেষ ২৭৮
-বাদী (Idealist) ২৮৮
বিবর্তন-বাদ—১৩৭, ১৩৮, ১৪০
বিশিষ্টাবৈত-বাদী—৯৮, ৯৯
বিশ্বমন—২৩, ২৪
বিশ্বমেলা (চিকাগো)—২২১
বৃদ্ধদেৰ—১২২, ১৬১, ১৯২, ১৯৩, ২১১,

১१०, २८১, २८८, २৮८, ७०७,

२२), २७७, २८७, **२१७**, २११, ७७१, ७१८

ৰুদ্ধিতত্ব—"মহত্তত্ব' দ্ৰপ্টব্য

বেদ—২৯, ৮০, ৯১, ৯৭, ১৯২, ২০৪, ২০৬, ২০৭, ২০৯, ২১১, ২১৬, ২২৩, ২২৫, ২৩১, ২৩৪, ২৭১, ২৭২, ২৭৭-২৭৯, ২৮৭, ৩০৩, ৩২০, ৩৫৯, ৩৬৮, ৬৮৬ ইহার অনস্তম্ব ২৭৭

বেদাস্ত—১২, ২২, ২৯, ৩০, ৩৮, ৪০,

88, 8>, 48, 44, >>, >0, >8, P9, 309, 330, 306, 380, 2 ১৪¢, २১¢, २১৯, २२•, *२३७*, २७७, २७४, २७१, २१४-२१७, **₹₩•, ₹₩₹, ₹₩8-₹₩** ইহাতে 'পাপে'র কল্পনা নাই ৩৭৪, ইহা প্রাচীনতম ধর্ম ৩৭ • বেদোদ্ধত ৩২৩ ইহার 'ঈশ্ব' ৩৭৩, ৩৭৪, ৩৮২, ইহার ধর্ম স্মপ্রাচীন ৩৮৬ শিক্ষা ৩১৬, ৩৭৬ ইহার সিদ্ধান্ত ৩৭৭. অধৈত ১০০, ৬১৪ বৈত ৯৭, ৯৮ বিশিষ্টাদ্বৈত ৯৮ বৈরাগ্য—'ভ্যাগ' দ্রষ্টব্য (वोक्षधर्य-->२२, ১११, ১१৮, ১৯२, **५०८, २५०-२५२, २५६, २२२,** २७४, २१४, २৮৫-२৮৮, ७०४,

৬৭১ ইহার ভিত্তি ৩৬৫ ব্যক্তিত্ব—৪০৫

ইহাই আদল মানুষ ৪০৬
ইহা বর্ধিত করার প্রণালী ৪০৭
ব্যাপ্টিস্ট (খ্রীষ্ট-সম্প্রদার)—৩৭১
ব্যাবিলন—১১৮, ১১৯, ১৯৯, ২১০
ব্যাস—৫, ২৯
ব্যাস—৫, ২৯, ৯০, ১৩৮, ১৪০,

548. 549. 559. 486. 586.

>82, 2.2, 2>., 22), 22¢, 20¢, 232, 230, 028, 002, 083

हेनि ज्ञानिनामी ७२०

-অমৃভ্তি ৩১৪
-লোক ৯৬
নিরাকার ১৪২-১৪৫
ইহার উপাসনা ১৪৭, ১৪৮
নিগু ল ২৯৩
বন্ধাণ্ড—২৩৯, ২৪•, ২৮৭
ইহা অখণ্ড সন্তা ৫১
ইহার উপকারসাধন ২৩২, ২৩৬
উপাদানকারণ ৩৬•, ৩৬১
স্পষ্ট ৩৫, ৪•, ২১৩-২১৮
বাদ্ধীস্থিতি—৩১৮
ক্রকলিন স্ট্যাণ্ডার্ড (পত্রিকা)—২২৬

ভক্তি-যোগ (-যোগী)--১৬৪, ১৬৮, ১৬৯, ২৯৯, ৩০১, ৩০২ ইহার শিক্ষা ১৭০ ভগবৎপ্রেরণা—১২১ ভগবদগীতা—'গীতা' দ্ৰষ্টব্য ভগবান্—'ঈশ্বর' দ্রষ্টব্য ভাববাদ (-বাদী)—৩০৮, ৩৩০ ভারত, ভারতবর্ষ---১২, ২৯, ৮২, ৯১. >>>, ><8, ><8, >94, >96, >>8, २०৮-२১১, २১৪, २७७, २७१, २९२, २१४, २१९, २৮७, २৮१, ७३३, ७२७, ७२८, ७२१, ७७४. 58. 58¢, 56¢, 59., 568, SPE এদেশে ধর্ম-নির্বাতন ২১১, ৩২৭ এদেশের ধর্ম বেদান্ত নয় ৩৭৩ এদেশের মহানু আদর্শ ১৯٠ বছ বিজ্ঞানের জন্মভূমি ৪১২ গণিতের উৎপত্তি এখানে ৪১২ ভারতীয় দর্শনচিস্তা---৩১৯ ধর্মচিস্তার স্থত্রপাত ৩৫১ ভালবাসা—'প্রেম' দ্রপ্রবা

লাভূত্ব (মানব)—৩৪১ সর্বন্ধনীন ১৫৪, ১৫৫

মন—১৪,৩২,৪০,২৬৯,৩০৭,৬৯৯,৪৭২
ইহাকে জয় করা ৩৩৯
ইহার উৎপত্তি ৩০৮; -একাগ্রতা
১৬৭; -সংষম ৬৭, ৪৩৫
মনস্তত্ব,মনোবিজ্ঞান—১৩,২০,৪১,৩৩১
কাপিল বা সাংখ্য ৯১-৯৩
ফলিত ৪৬৭
ভারতীয় ৩৫২, ৩৫৩
ইহা 'শ্রেষ্ঠ' বিজ্ঞান ৩৯৫, ৩৯৮
ইহার বিষয়বস্থ মন ৪১৪

মৃত্যু----২৩৪ মন্ত্র---২৸৬ ; -গুপ্তি ৪২৯ মরুৎ---২০৭ মহন্তত্ব, বৃদ্ধিতত্ব—২৭-৩১ মহমদ—২৩৩, ২৭৫ মাধ্যাকর্ষণ-১৩৫, ১৩৬, ২৭৭ মানব, মানবজাতি--- ৯, ৪৭, ৩৪৭ ইহার আধ্যাত্মিক উন্নতি ১৬০; চরম লক্ষ্য ১১, ১০০, ১০৬; শেষ পরিণতি ৩০১, সর্বোচ্চ কর্তব্য ৮; সংহতি ৩০৫ -कीवानत नका २८७, २८८. २८१, २৮२ 'মাম্বো-ফাষো ধর্ম'—৩৭৪ মালাবার---৩২৭ মান্ত্রা—৬৪, १৫, २२२, २२৫, ७७२ -বাদ ২১৯ মিত্র----২০৬ মিল্টন—২১৪ মিশর---১১৮, ১১৯, ১৯৭ এদেশের ধর্মসভ ৩৬৭

এদেশের 'মামি' ১৫৭, ১৭৯

भूक्ति—- ১०७-১०२, ১১२, २७१, २*६*३-२७১, २७७, २७१, २३८, ७১७, ७००, ७७८, ७७৯, ७८**०** ইহার আকাজ্জা ২৮৯ ; ইহার আদর্শ ২৯৬ মুশা—৩০৪ युमनयांन-->७२, ১৫৪, ১१७-১१৮, २२७, २२৫, **२१৫, २৮**৫, २৮**१**, ७ । ८ ४ ६, ७ ८ १, ७ १ ५ এ-ধর্মের মহত্ত ১৮৯ **बृ**क्रु---२२৯-२७५, २७৫, २१५, २৮৮ ইহার পর কি হয় ৩৫০ মেথডিস্ট (ঞ্জীষ্টান সম্প্রদায়)---৩৭১ रेमट्यशौ--- ৮२, ৮৫-৮१ ম্যাক্সমূলার—২০৯, ৩৪৭ ম্যাডোনা---১৯৮

ষম—৪৭১

যাজ্ঞবন্ধ্য—৮২,৮৪-৮৯

যাত্ব, সম্মোহন ৪১২

যীশু, যাশুগ্রীষ্ট—১৪৭, ১৬১, ১৯২,
১৯৮, ১৯৯, ২০১, ২০৩, ২৫১,
২৫৮, ২৬৬, ২৭৫, ২৭৬, ৩০২,
৬১৮,৩৪২,৩৬৮,৩৬৯,৩৯০,৮১৪

যোগ, যোগী—১৬৪, ১৬৬, ২৯৮,৩০১
৪৬৮,৪৭৪

ইহার চরম অবস্থা লাভ ৪৬৮
ইহার লক্ষ্য—৪২২

রচনাকৌশলবাদ—'কৌশলবাদ' দ্রষ্টব্য রজঃ (গুণ)—১৪ রদায়নশাস্ত্র—১১, ১০৬, ২৫৫, ২৭৯ রাজ্যোগ (-যোগী)—১৬৪, ১৬৬, ১৬৭, ৩০০-৩০২, ৪০৩, ৪২২ রামকৃষ্ণ (শ্রী)—৫, ৬৯ বেড ইণ্ডিয়ান—১৮৮ রোমান—১৯৮

লণ্ডন—২৬৯
লাকে, স্থার জন্—১৫৩
লিজোপাসনা—১৫৩
ল্থার—৪৭৯
লুক্ক (নক্ষত্র) ২৫৩

শক্তি—ওজ: ৪৭৪ যোগিক ৪৭৫ যৌন ৪৭৪, ৪৭৫

ও মন ৪৩৬

শাম—৬৭
শারীর, দেহ—২৭২, ৩৫৩
-বিজ্ঞান ৯২, ৯৩, ৩৫২, ৩৫৩
স্কা বা লাসি ২০, ৪২, ৯৩, ৯৪, ৩৫৩ ৩৫৫
সূলা ৯৩, ৯৪, ৩৫৩-৩৫৫

শৈলোপদেশ (Sermon on the Mount)---১৩৩, ১৬১
শোপেনহাওয়ার---৩০, ২১৫, ৩৬৬

সক্টেস—৮, ২৪১, ২৫১, ৩৪৭
সত্ব (গুণ)—১৪
সনংকুমার—১৩১
সন্দেহবাদী (Sceptics)—২৫০
সমাজ-ব্যবস্থা—১২৫
সহজাত-বৃত্তি—২৫০, ২৫১
সংস্থার—১৯৭
সংহিতা (বেদ)—২০৬, ২০৯
সঙ্গাত—৪৩৩
সাধারণভন্ত—৩৭২, ৩৭৩
সাম্যবাদ—১৫৫

দাম্যাবস্থা—২৯১ माःशामर्भन-->२, ८८ সিদ্ধনদ---২৩০ হুষুম্বা----৪৬৮ স্**ষ্ট-ভত্ব---২৩,** ২**১**৪, ৪**৭**২ প্রাচীন--- ১১ দেমিটিক (জ্বাডি)—১৯৩, ২৩২, ২৭১ সায়ুকেন্দ্ৰ---১৯ স্পেন্সার, হার্বার্ট—৩২, ৩৩১ স্বদেশহিতৈষিতা—১৫১ স্বপ্ন, স্বপ্নাবস্থা--- ১২০, ১২১ হইতে ধর্মের উদ্ভব ৪১৯ স্বৰ্গ--- ৯৬, ৩৭৭ স্বাধীনতা--৬৪ স্বাধ্যায়—২৩৪ স্থাক্রামেণ্ট (থ্রীষ্টোপাসনা)—১৫৩ স্থান ফ্রান্সিস্কো—২৬৬ স্থালভেশন আর্মি---২১১

হজরত মহমদ—'মহমদ' দ্রষ্টব্য

হঠযোগী---৪৩০ হিতবাদ (-বাদী)—১২৪, ১২৫, ১২৭, 252 हिन्नू, हिन्नुकां जि— ১२, ३२, ১১৯, **३**৫२, ১१७-১**१**৮, ১৯२, २०৯, २১১, २৪०, २৮७, २৮१, २৮৯, ७५२, ७२५, ७७५, ७१५ ইহাদের অগ্রধর্মে শ্রদ্ধা ২৯০: আধ্যাত্মিকতা ১৮৯; প্রাচীন ধর্মভাব ৯১; স্বাতস্থ্য, ২৩৭; মৌলিক বৈশিষ্ট্য ২৮৭ ইহারা প্রধর্মহিষ্ণু ২২৫, -দর্শন ২০০, ২১৪; -পরিণামবাদী ২২ : -সভ্যতা ২২১ হিক্ৰ সাহিত্য—২৭৬ ছিমালয়---১৯৩, ২২২ हीनवान (तोक)->२२, २२० **एर्गम—२२०** হামিলটন (স্তার)---৪৭৭

B6072